
শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জ

तिसवाहार्ग जीवन

শ্রীমন্মধ্বাচার্য্যের সিদ্ধান্ত ও শিক্ষা-সমস্বিত সচিত্র চরিত-গ্রন্থ

মহামহোপদেশক শ্রীমৎ সুন্দরানন্দ বিত্তাবিনোদ বিরচ্জিত



। লীলাপ্রবিধ জগদন্তক তবিষ্ণাদ লয়ে। ধুন্দাদ্রী, শাষ্ট্রিক কিমিলা ওসনস্থী গোসানী পারীনাদ

প্রকাশক—
শ্রীস্থপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল
প্রাণাপণ্টন, পোঃ রম্ণা, ঢাকা
৮ই ফেব্রুয়ারী, ১৯৩৯।

প্রাপ্তিস্থান—

১। শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
শ্রীযোগপীঠ-শ্রীমন্দির, পোঃ শ্রীমারাপুর, নদীরা।

২। মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্

৪৮।১ ভগবংশাহ শঙ্খনিধি রোড, পোঃ ওয়ারী, ঢাকা

মঞ্জুষা প্রিণিটং ওয়ার্কস্, ঢাকী। হইতে মুদ্রিত

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গ্রন্থকারের নিবেদন

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ ও তদভিন্ন-বিগ্রহ তদধন্তন শ্রীশ্রীবন্ধমাধ্বগৌড়ীয়-সম্প্রদায়েকসংরক্ষক পরমহংস ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীল অনস্তবাস্থদেব পরবিদ্যাভূষণ গোস্বামিপ্রভুর কুপানার্কাদে ভক্ত ও সজ্জনগণের চির-আকাজ্ফিত সচিত্র শ্রীশ্রীমধবচরিতগ্রন্থ এই সর্ব্দ প্রথম এরপ বিস্তৃতভাবে বঙ্গভাষায় প্রকাশিত হইল। ভগবান শ্রীশ্রীগৌরস্কুক্রর, শ্রীশ্রীকিত্যানক ও শ্রীশ্রীষ্ঠাইতপ্রভু যে শ্রীব্রহ্মমাধ্ব সম্প্রদায়কে স্থাকার করিবার লীলা প্রকাশ করিয়াছেন, শ্রীচৈতগ্রপাদ-পদ্মাশ্রিত গৌড়ীয়গণ আপনাদিগকে যে "শ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়" বা "শ্রীমাধ্ব-গোড়ীয়" বলিয়া পরিচয় প্রদান করেন, সেই পূর্ব্বাচার্য্য শ্রীশ্রীমন্মধ্বের চরিত্র ও শিক্ষা সম্বন্ধে আমরা অনেকেই অনভিজ্ঞ। এই অনভিজ্ঞতা দূরীকরণার্থ ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভূপাদ এই "বঙ্গদেশে শ্রীসনাধবাদীব্যের চরিত্র ও মৌলিক গ্রন্থাদি আলোচনা করিবার সর্ব্বপ্রথম প্রেরণ প্রদান করেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের আদেশক্রমে 'বৈঞ্চবমঞ্জুষা' ুনামক বৈঞ্চব-বিশ্বকোষ-সঙ্কলনে উদ্যোগী হইয়া শ্রীল প্রভুপাদ শ্রীমধ্বাচার্যাের মৌলিক গ্রন্থসমূহ বিশেষভাবে অন্থূশীলন, শ্রীমধ্বাচার্য্যের আবিভাবস্থলী ও লীলাক্ষেত্রসমূহে বিচরণ ও সেই সকল প্রদেশ হইতে বহু তথা আহরণ-পূর্বক সেই সকল মৌলিক হ্প্রাপ। তথ্যরাজি বঙ্গভাষায় 'শ্রীসজ্জনতোষণী', 'গৌড়ীয়', 'দৈনিক নদীয়াপ্রকাশ', 'Harmonist' প্রভৃতি সাম্য্রিকপত্রে তথা শ্রীচৈতগ্রচরিতামৃতের অমুভাষ্য, শ্রীমুদ্ভাগবত,

শ্রীচৈতমভাগবত ও প্রমেয়রত্নাবলী প্রভৃতি গ্রন্থের গৌড়ীয়-ভায়ে প্রচার শ্রীল প্রভুপাদ তাঁহার সম্পাদিত ১৮শ বর্ষ সজ্জনতোষণীর ১ম সংখ্যার 'শ্রীমধ্বমুনিচরিত' ও ২য় সংখ্যার 'শ্রীজয়তীর্থ' নামক প্রবন্ধে পূর্ব্বগুরু শ্রীমধ্বমূনি ও শ্রীজয়তীর্থের সংক্ষিপ্ত চরিত্র লিপিবদ্ধ করিয়াছেন। শ্রীল প্রভুপাদের শ্রীমৃথে শ্রবণ করিয়াছি যে, বিস্থৃতভাবে শ্রীমধ্বাচার্য্যের চরিতগ্রন্থ-প্রণয়নের জ্ঞাতিনি ঐ গ্রন্থের প্রথম মধ্যায় রূপে সজ্জনতোষণীর অষ্টাদশ বর্ষের প্রথম সংখ্যায় 'শ্রীমধ্বমূনি-চরিত' প্রবন্ধট্টি লিথিয়াছিলেন। ইহা ঐ প্রবন্ধ পাঠ করিলেও বেশ বুঝা যায়। কারণ, ঐ প্রবন্ধটিতে কেবল শীমন্মধ্বাচার্য্যের আবির্জাবের স্থান, কাল ও পাত্র-সম্বন্ধে বিচার আছে। শ্রীল প্রভুপাদ তাঁহার এই অবোগ্যতম দাসভাসকে একসময়ে শ্রীসজনতাষণীতে প্রকাশিত 'শ্রীরামামুজাচার্য্য' ও 'শ্রীমধ্বমুনিচরিত' প্রবন্ধরয় অনুসরণ ও অসমাপ্তাংশ স্মাপ্ত করিয়া তুইটি বিস্তৃত গ্রন্থ প্রণয়ন করিবার জগু মাদেশ জ্ঞাপন করিয়াছিলেন। শ্রীল প্রভূপাদের প্রকটকালে তাহার সেই মনোহভাঙির সেবা করিতে সমর্থ হই নাই। শ্রীল প্রভুপাদের সেই মাদেশের অনুসরণ ও তাহার রূপানার্বাদ মস্তকে ধারণ করিয়া তাঁহার পঞ্চমষ্টিনর্যপূর্ত্তি-আবির্ভাব-তিথিতে শ্রীব্যাসপূজাপলকে এই গ্রন্থ প্রকাশিত হইল।

এই গ্রন্থের চরিতাংশ-সঙ্কলনের উপকরণরূপে শ্রীমন্মধ্বাচার্য্যের গৃহস্থশিয় শ্রিতিবিক্রম পণ্ডিতাচার্য্যের আত্মজ শ্রীনারায়ণ পণ্ডিতাচার্য্যের রিচত 'শ্রীমধ্ববিজয়' গ্রন্থকেই প্রধান ভাবে অবলম্বন করিয়াছি। শ্রীমধ্ববিজয় ছর্নাহ সংস্কৃতভাষায় রিচিত গ্রন্থ। শ্রীমন্মধ্বাচার্য্যের সিদ্ধান্ত ও উপদেশ সংগ্রহের জন্ম শ্রীমধ্বরিচিত ব্রহ্মস্ত্রভাষ্যসমূহ (ব্রহ্মস্ত্রভাষ্য, অণুভাষ্য ও অমুভাষ্য বা অমুব্যাথ্যান , তর্বসংখ্যান, তর্ববিবেক, উপনিষদ্ভাষ্যসমূহ, গীতাতাৎপ্র্যানির্ণয়, মহাভারত-তাৎপর্য্যনির্ণয়, শ্রীমদ্ভার্বত-তাৎপর্য্য,

সদাচারশ্বতি, শ্রীক্ষণামৃতমহার্ণব ও দাদশস্তোত্র-গ্রন্থ তথা শ্রীজয়তীর্থ ও শ্রীবাদিরাজতীর্থস্বামীর কতিপয় মূল গ্রন্থ ও ভাষ্যাদির সাহায্য গ্রহণ করিতে হইয়াছে।

শ্রীশ্রীল প্রভুপাদ স্বয়ং উড়ুপীতে শুভবিজয় করিয়া যে সকল তথা সংগ্রহপূর্কক আমাকে প্রদান করিয়াছিলেন, উহারও কোনও কোনও অংশ এই গ্রন্থে সরিবিষ্ট হইরাছে। শ্রীশ্রীল আচার্য্যদেব শ্রীমধ্বসম্প্রদায়ের গ্রান্থালন করিয়া যে সকল বিশেষ-বিশেষ তথ্য সংগ্রহ করিয়াছেন, তাহাও ক্নপাপূর্বক তিনি আমাকে প্রদান করিয়াছেন। শ্রীমন্মধ্বাচার্য্যের উদাসত শ্রৌত বাক্যসমূহে অচিন্তাভেদাভেদসিদ্ধান্তের নির্দেশ ও শ্রীব্রন্মনাধ্বগৌড়ীয় সম্প্রদায়ের অন্তকূল বিচারপূর্ণ সিদ্ধান্তসমূহ শ্রীল আচার্য্যদেবের রূপায় প্রাপ্ত হইয়াছি। শ্রীল আচার্য্যদেবের সম্পাদিত 'অণুভায্যম্' গ্রন্থ হইতেও এই গ্রন্থ-সঙ্কলনকালে সাহায্য গ্রহণ করিয়াছি। উড়্পীর তত্ত্বাদি-পণ্ডিত শ্রীমদ্ অদমার বিঠ্ঠলাচার্য্য বৈতবেদান্তবিদ্বান্, পণ্ডিতপ্রবর শ্রীপাদ নন্দলাল বিদ্যাসাগর কাব্যতীর্থ বি-এ, পণ্ডিতবর শ্রীযুক্ত শচীক্রচক্র চক্রবর্ত্তী ষট্ভীর্থ স্থদর্শনবাচস্পতি, উপদেশক পণ্ডিত শ্রীপাদ রাণাগোবিন্দ ব্রহ্মচারী কাব্যপুরাণরাগতীর্গ, মহোপদেশক শ্রীপাদ প্রণবানন্দ ব্রহ্মচারী প্রত্নবিদ্যালন্ধার, মহোপদেশক শ্রীপাদ নবীনকৃষ্ণ বিদ্যালন্ধার প্রভৃতি পাত্তিত্বর্গ এই গ্রন্থসঙ্কলন-কার্য্যে ক্নপাপূর্ব্বক সহায়তা করিয়াছেন। গৌডীর ষষ্ঠবর্ষে শ্রীমধ্বাচার্য্য সম্বন্ধে মদুচিত কএকটি ধারাবাহিক প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল, তাহা হইতেও এই গ্রন্থের স্থানে স্থানে অনেক কথা হইয়াছে। কাশার উত্তরাদিমঠের শ্রীমদ্ রদুনাথতীর্থস্বামীও সঙ্গলিত . শ্রীমধ্বাচার্য্যের একটি আলেখা-সংগ্রহে আমাকে সহায়তা করিয়াছেন।

আধুনিক আধাক্ষিক-সম্প্রদায়ের কতিপয় পণ্ডিতশ্মন্ত ব্যক্তি প্রক্ষত তত্ত্ব -অবধারণ করিতে অসমর্থ হইয়া গৌড়ীয়-সম্প্রদায়কে শ্রীব্রহ্ম-মাধ্ব-আম্লায়- ধারা হইতে বিচ্ছিন্ন করিবার জন্ম যে সকল অভিসন্ধিযুক্ত প্রথাস করিয়াছেন, এই গ্রন্থের অষ্টাবিংশ অধ্যায়ে তাহা বহু শাস্ত্রযুক্তি ও প্রমাণের দ্বারা থণ্ডিত হইয়াছে।

মাদ্রাজ হইতে প্রকাশিত Mr. C. N. Krishnaswami Iyer ও Mr. S. Subba Rao এর রচিত "Sree Madhwa and Madhwaism" ও Mr. C. M. Padmanavachar এর রচিত "The Life and Teachings of Sree Madhwa" প্রভৃতি ইংরাজী ভাষার লিখিত গ্রন্থে গৌড়ীর-সম্প্রদারের বিচার-ধারা উপলব্ধিতে যে সকল ভ্রম প্রবেশ করিরাছে, তাহাও এই গ্রন্থে স্মালোচনাম্থে সংশোধিত হইরাছে।

শীযুক্ত স্থপতিরঞ্জন নাগ এম্-এ, বি এল মহাশরের সৌজন্তে স্থানীয় মঙ্গুষা প্রিণ্টিং ওয়ার্কসের সহায়তার এই গ্রন্থ ক্রত প্রকাশের স্থযোগ হইয়াছে। এজন্ত তাঁহাকে ধন্তবাদ প্রদান করিতেছি।

শ্রীমধ্ব-তিরোভাব-তিথি ১৫ই মাঘ, ১৩৪৫ ; ২৯শে জানুয়ারী, ১৯৩৯।

শ্রীগুরুবৈষ্ণব-কুপাকণা-প্রার্থী শ্রীস্কন্দরানন্দ বি্ছাবিনোদ।

বিষয়-সূচী

অধ্যার ও বিষয়			পত্ৰান্ধ
১। প্রথম অধ্যায়			
রজতপীঠপুর বা উদ্পূপী	•••	•••	>-¢
২। দ্বিতীয় অধ্যায়			
মধ্যগেহ ভট্ট .	• • •	•••	৬-৮
৩। তৃতীয় অধ্যায়			
মধ্বের আবিভাবের পূর্বাবস্থা	•••	•••	8 4-6
৪। চতুর্থ অধ্যায়			
শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার	•••	•••	ン ৫- ২ ৮
৫। পঞ্চম অধ্যায়			
আচার্য্যের অভ্যুদয়-কাল-নির্ণয়	•••	•••	২৯-৩৭
৬। ষষ্ঠ অধ্যায়			
বাস্থদেবের যাল্য-লীল।	•••	•••	৩৮-88
৭। সপ্তম অধ্যায়			
বাস্কদেবের বালোই বিষ্ণু প্রীতি		•••	80-00
৮। অফুম অধ্যায়			
বাহ্নদেবের বিভারম্ভ	•••	•••	03-60
৯ 🕈 নরম অধ্যায়			
় বাস্কদেবের উপনয়ন	•••	• • •	<i>৫৬-৬৬</i>
১০। দশম অধ্যায়		•	
প্রক-গতে বাস্তদেব	• • •	• • •	७१-१७

অধ্যায় ও বিষয়		পত্ৰাঙ্গ			
১১। একাদশ অধাণয়					
সন্নাস-গ্রহণের স্থচনা	•••	•••	98-60		
\$২। দ্বাদশ অধাায়					
অচ্যতপেক	•••	•••	৮৬-৯০		
১৩। ত্রয়োদশ অধ্যায়					
বাস্থদেবের সন্ন্যাস	•••	• • •	22-200		
১৪। চহুর্দশ অপণায়					
পূর্ণপ্রক্ষের আচার্য্যত্ব প্রকশ্	•••		707-709		
১৫। शक्षाम ञ्यास					
াদাথজয় ও প্রচার	• • •	•••	201-220		
১৬। ষোড়শ অধাায়					
বদরিকাশ্রমে	• • •	•••	>>>->>%		
39। मशुन्न अशाश					
গুরু ও শিশ্য	• • •		778-574		
১৮। অন্টাদশ অধায়					
ভাষ্য-প্রণয়ন	•••	•••	ンクーショル		
১৯। উনবিংশ অধ্যায়					
শ্রীনর্ত্তকণোপাল	•••	•	35 p-200 •		
২০। বিংশ অধাায়		•			
সাচার্য্যের ঐথব্য-প্রকাশ-লীল।	•••	•••	202-204		
২১। একবিংশ অধ্যায়			•		
শাচার্য্য-লালার ঘটনা-পরস্পার।	•••	•••	>>>-> € ≤		
২২। দাবিংশ অধায়					
নানা অভক্তি-মতবাদ-নিরাস ও এ	'ৰগ্য-প্ৰকাশ	•••	>69->6 <i>></i>		

चित्राय ଓ विषय			পতাৰ
২৩। ত্রয়োবিংশ অধায়			
বৈকুণ্ঠ-বিজয়	•••	• • •	507-508
২৪। চতুর্বিংশ অধাায়			
মধবাচাৰ্য্য-ক্লুত গুম্ভাবলী	• • •	•••	>>0->9 ©
২৫। পঞ্চবিংশ অধ্যায়			
শুদ্ধ-দৈত-আশ্লায়	4	•••	>98-> b0
२७ । यष्ट्रिःশ অधारा			
দাসকৃট ভ,বাাসকৃট		•••	242-545
২৭। সপ্তবিংশ অধাায়			
শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত	• • •	•••	526-58¢
२৮। असोविःশ अभाग्र			
শ্রীবন্ধ-মাধ্ব-গৌড়ীর-সম্প্রদাব	•••		२ ८ ३ - २ १ ८
২৯। উনত্রিংশ অধায়			
শ্রীমন্ মধ্বাচার্য্যের উপদেশ	•••		298-900
৩০। পরিশি			
শ্রীমন্দাদশস্তোত্রম	• • •	••	5-0>



শ্রীমদ্ অনন্তীর্থ বা শ্রামন্ মধনাচাগ্

শ্রীশ্রী গুরুগোরাকো জয়তঃ



রজতপীঠপুর বা উড প

ভারতবর্ধের দক্ষিণ-পশ্চিমভাগে গোকর্ণক্ষেত্র হইতে আরম্ভ করিয়া ক্যা-কুমারিকা পর্যান্ত একটা স্থানীর্ঘ গিরিভ্রেণী বিরাজিত রহিয়াছে।
এই শৈলমালা ভাষা ও দেশভেদে 'সহাদ্রি', 'কোলপর্বত', 'মলয়গিরি' প্রভৃতি নামে খ্যাত। ঐ
গিরিভ্রেণী একটী স্প্রাচীন পুণ্যময় ভূভাগের পূর্ব্বদিকে মালিকাকারে
বেষ্টিত থাকিয়া সেই পুণ্যস্থলীকে নিরম্ভর অর্য্যপ্রদানে পূজা করিভেছে;
আকাশচুন্বিত বিশাল আরব-সমূদ্র পশ্চিমে বিরাজিত থাকিয়া সেই
পর্বান্তীর্থের পাদধৌত করিয়া দিভেছে। এই
পরিত্র ভূভাগ 'পরশুরামক্ষেত্র'-রূপে পরিচিত।
শীপরশুরাম স্বয়ং কর্মালেপ-রহিত হইলেও লোকোপদেশার্থ মাতৃহত্যার প্রায়শ্চিত্ত-বিধানের জন্য গোকর্ণক্ষেত্র হইতে কন্সা-কুমারিকা-

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

ক্ষেত্র পর্যান্ত বাণপ্রয়োগে সম্দ্রকে অপসারিত করিয়া তথায় এক
ন্তন ভূভাগ নির্মাণ করেন এবং উহা বৈষ্ণব-ব্রাহ্মণগণকে দান করেন।
স্বন্দপ্রাণের সহ্যাদ্রিখণ্ডে এইরপ উপাখ্যান শ্রুত হইয়া থাকে। এই
পরশুরামক্ষেত্র উত্তরসীমা হইতে দক্ষিণসীমা পর্যান্ত আদিকেরল, মধ্যকেরল ও অন্তকেরল — এই তিনটী ভাগে বিভক্ত। আদিকেরল উত্তরকর্ণাট ও দক্ষিণ-কর্ণাট — এই দিবিধ প্রদেশে পরিগণিত। উত্তর কর্ণাটকে
কর্ণাটক বা
কর্মান্তর্মান্তর্ম, ভাষা আর দক্ষিণকর্ণাটকে 'তুল্'
ভাষারই বিশেষ প্রচার লক্ষিত হয়। এই দক্ষিণকর্ণাটক-প্রদেশই 'রক্ষতপীঠপুর' বা 'রৌপাপীঠপুর'—
এই প্রাচীন সংজ্ঞা-পরিমণ্ডিত 'উডুপী' ক্ষেত্রছারা স্থশোভিত। স্থতরাং
উডুপীর অপর প্রাচীন নাম — 'রক্ষতপীঠপুর'।

এই পবিত্র ক্ষেত্র ছয়কোশ পরিধি-বিশিষ্ট। ইহার পশ্চিমদিকে আরব সাগর ও পূর্বাদিকে বেধাচল পর্বাত বিরাজমান; দক্ষিণে পাপ-নাশিনী এবং উত্তরে স্থবণা নামী নদীষ্য প্রবাহিতা।

ত্রিসহস্রাধিক বর্ধ পূর্ব্বে পরশুরান-ভক্ত রামভোজ্ব নামক কোন
করিয়া বজ্ঞবিতানিপুণ কতিপয় ব্রান্ধণের অন্তলাষ
করিয়া বজ্ঞবিতানিপুণ কতিপয় ব্রান্ধণের অন্তলাম
করিয়া বজ্ঞবিতানিপুণ কতিপয় ব্রান্ধণের অন্তলমানে
তৎপর হইয়াছিলেন। কোথায়ও তাঁহার অভীষ্টামুযায়ী স্থনিপুণ ষাজ্ঞিক ব্রান্ধণ দেখিতে না পাইয়া পরিশেষে পাঞ্চালদেশান্তর্বার্ত্তী গঙ্গাতীরত্ব অহিছত্র দেশ হইতে কর্মকাগুনিপুণ, পরম
পণ্ডিত, অগ্নিহোত্রী একশত বিশ জন ব্রান্ধণকে তাঁহাদের কুট্নেগণের সহিত স্বদেশে আনয়ন করেন। সেই সকল কুলীন
ব্রান্ধণের বংশ অতাপি পরশুরামক্ষেত্রে বাস করিতেছেন। কালপ্রভাবে

প্রথম অধ্যায়—রজতপীঠপুর

তাঁহাদের কয়েকটা বংশ লোপপ্রাপ্ত হইলেও এখনও শতাধিক ব্রাহ্মণবংশ তথার দৃষ্ট হয়। ইহারা সকলেই শ্রীমন্মধ্বাচার্য্যের আবির্ভাবের পর মধ্বানুগত হইয়া 'মাধ্ববান্ধণ' নামে পরিচয় লাভ মাধ্বব্রাহ্মণ করিয়াছেন। রামভোজ নুপতি ব্রাহ্মণগণকে আনয়ন করিয়া যখন যজ্ঞস্থলীর শুদ্ধির নিমিত্ত স্বহস্তে লাসলাদির দারা ভূমির শোধন করিতেছিলেন, তখন একটী মহাসর্প লাঙ্গলপরিসরে পতিত হইয়া আহতের আয়া দৃষ্ট হয়। রামভোজ নূপতি তাঁহার নেই কার্য্যের প্রায়শ্চিত্তার্থ উড়্পীক্ষেত্রের চতুঃসীমায় 'তাঙ্গোড়ু', 'মাঙ্গোড়ু'' 'অরিতোড়ু', 'মুচিলকোড়ু' নামক দেবালয় চতুষ্টয় নির্মাণ করাইয়া মধ্যপ্রদেশে ক্রোশব্যাপী রজ্বতময় পীঠ সংস্থাপন করেন এবং পীঠোপরি স্থবর্ণ-'শেষ'-প্রতিমা প্রকাশ করিয়া তাঁহার পূজা বিধান করেন। কালে সেই পীঠ ভূগর্ভস্থ হইগা পড়িয়াছে বলিয়া শ্রুত হয়। যজ্ঞকালে ভগবান্ পরশুরাম রজতপীঠস্থ স্থবর্ণ-সর্প-ফণার অধোভাগে লিঙ্গাকারে প্রত্যক্ষীভূত হইরাছিলেন। সেই শেষশায়ী 'অনস্তেশ্বর', নামক 'রজতপীঠপুর' নামের বিষ্ণুর পুরাতন দেবালয় অভাপি উড়ুপীক্ষেত্রে কারণ বর্ত্তমান রহিয়াছে। রজতপীঠের সংস্থান-হেতু সেই কেত্র প্রাচীন কাল ইইতে 'রজতপীঠপুর'-আখ্যা প্রাপ্ত হইরা আসিরাছে। এই কেত্রের 'উড়ুপী'-আখ্যা বিষয়েও একটা উপাখ্যান পুরাণে শ্রুত হইয়া থাকে। অশ্বিনী, ভরণী, রোহিণী, ক্বত্তিক। প্রভৃতি সপ্ত-বিংশতি-সংখ্যক তারকা চন্দ্রের পত্নী। ই হারা 'উড়্পী' আখ্যার কারণ সকলেই দক্ষকতা। চন্দ্র দক্ষের অপর পুত্রীগণের প্রতি উদাসীন থাকিয়া কেবলমাত্র রোহিণীতে অত্যাদক্ত ছিলেন। অপর পুত্রীগণের প্রার্থনায় দক্ষ চন্দ্রের এইরূপ অসম ব্যবহারের জন্ম শাপ

বৈষ্ণবাচার্য্য মধ্ব

প্রদান করিয়া বলেন যে, চক্র তাহার ঐরপ কার্য্যের জন্ম কলাহীন হইয়া পড়িবে। চক্র শাপগ্রস্ত হইয়া স্বীয় কলাক্ষয় পরিহারার্থ দেই পরশুরামক্ষেত্রে 'অক্তারণ্য' * নামক স্থানে তপস্থারারা রুদ্রকে পরিতু করেন। রুদ্রদেব চন্দ্রের তপস্থায় প্রসন্ন হইরা রজতপীঠ-ক্ষেত্রস্থ নহা-সরোবর-মধ্যে প্রকটিত হন এবং চন্দ্রের সম্পূর্ণ কলাক্ষয়-নিবারণার্থ চলকে বিশাপ প্রদান করিয়া বলেন যে, তাঁহার একপক্ষে ক্রমে কলা ক্ষ এবং অপরপক্ষে ক্রমে কলা বুদ্ধি হইবে। সেই সময় হইতেই রুফ্ষপক্ষ ও শুক্লপক্ষের প্রচলন চইয়াছে, এইরূপ কথা শ্রুত হইয়া থাকে। চন্দ্রের অপর নাম 'উড়ুপ'। 'উড়ু'-পদে নক্ষত্র এবং 'প' – পতি। চক্রের তপঃপ্রদান রুদ্রদেবতার অধিষ্ঠিত-ক্ষেত্র বলিয়া এস্থানের নাম 'উড়্পী' হইয়াছে। যে সরোবর-মধ্যে রুদ্রদেব প্রকটিত হইয়াছিলেন, তাহার তটপ্রদেশে অধুনা জ্রীরুদ্র 'চক্রমোলীশ্বর শিব' চल्राभोषायत शिव নামে খ্যাত হটয়া স্থ্রহৎ দেবালয়াভ্যন্তরে বিরাজ করিতেছেন। উড়ূপী-ক্ষেত্রত্ বৈষ্ণবগণের দারা বিষ্ণু-নির্মাণা ও বিষ্ণুপাদসরিৎ উপকরণ-সহযোগে চক্রমোলীশ্বর শিব বিষ্ণুপ্রেয়-বিগ্রহরূপে নিত্য সম্পূজিত হইয়া থাকেন।

সহ্-গিরিরাজের পশ্চিমে সমুদ্রকুলবাদী ব্রাহ্মগুগণ তিন শ্রেণীতে বিভক্ত। কেহ 'কোন্কান্', কেহ বা 'দারস্বত' এবং অন্ত কৈহ বা 'শিবাল্লী' বলিরা নিজ ব্রাহ্মণশাধার পরিচয় প্রদান করেন। কোন্কান্ ব্রাহ্মণ ও সারস্বত ব্রাহ্মণ, দেশ হইতে শ্রেণী হির করিরাছেন। শিবাল্লীগণ তদ্ধপ নহেন।


^{*} উড়পী শ্রীকৃষ্ণ-মন্দির হইতে প্রায় অর্দ্নমাইল দুরে এই ভূগণ্ড বিরাজিত। ইহা বর্ত্তমানে পূম্পবাটিকার পরিণত। এই স্থানের পূম্প দ্বারাই শ্রীকৃষ্ণের পূজা হইরা খাকে।

প্রথম অধ্যায়—রজতপীঠপুর

ক্যানারি ভাষায় 'শিবাল্লী' বা 'শিববেল্লী' শব্দে 'শিবের রোপ্য' বুঝায়। ইহারা রজতপীঠপুরস্থ অনন্তেশবের রোপ্য সিংহাদনের উল্লেখে নিজ পরিচয় প্রদান করেন।

কাষারগড় ও বেকালের মধ্যে চন্দ্রগিরি বা পয়স্বিনী নদী প্রাচীন তুলুব রাজ্যের দক্ষিণসীমা বলিয়া নির্দিষ্ট হয়। তুলুব রাজ্যের অধিবাসি-গণের ভাষা 'টুলু।' শিবাল্লী ব্রাহ্মণগণ টুলু-ভাষায় কথোপকথন করিয়া থাকেন।

কাষারগড় জনপদের চারি ক্রোশ উত্তরে সমুদ্রক্লে 'কুম্রা' নামী নগরী; এখানে রেলওয়ে ষ্টেশন আছে। এই নগরী পূর্বকালে বিশেষ সমৃদ্ধিশালিনী ছিল। এখানে এক সামস্তরাজ্যের বাস ছিল। ইঁহাদের অধীনেই ম্যাঙ্গোলোর ও উড়ুপী তালুকগুলি ছিল বলিয়া অনেকে অমুন্মান করেন। আজও কুম্ব্লার সামস্ত রাজবংশ ব্রিটিশ গ্বর্ণমেন্টের নিকট বৃত্তিভোগ করিয়া 'রাজা' বলিয়া পরিচিত আছেন।



দ্বিতীয় অধ্যায়

মধ্যগেহভট্ট

উড়ুপীক্ষেত্র হইতে সাত মাইল পূর্ব্ব-দক্ষিণ-কোণে পাপনাশিনী নদীর তটে 'বিমানগিরি' নামক একটী উচ্চ পর্বত বিরাজিত। পুরাকালে শ্রীপরশুরাম শিলাখণ্ড ভেদ করিয়া সেই পর্বতের চতুষ্পার্শ্বে পরশুতীর্থ, ধুরুতীর্থ, বাণতীর্থ ও গদাতীর্থ নামক কুণ্ড-চতুইয় নির্মাণ করিয়াছিলেন। বিমানগিরির শিখর-প্রদেশে শ্রীপরগুরাম-স্থাপিত যোগমায়া একটা রহৎ মন্দিরাভ্যস্থরে বিরাজনানা থাকিয়া বৈষ্ণব-ব্রাহ্মণগণের দারা নিত্য সম্পূজিতা হইতেছেন। বিমান-গিরি হইতে প্রায় এক মাইল পূর্বাদিকে পরশুরাম-স্থাপিত তীর্থ চতুষ্টরের অগুতম ধুরুম্ভীর্থ বিরাজিত। সেই ধরুন্তীর্থের সরিহিত প্রদেশই 'পাজকাক্ষেত্র' নামে পাজকাকেত্র প্রসিদ্ধ। বর্ত্তমানকালে কেহ কেহ 'পাজকা' শব্দের এইরপ 'বোগ' নির্দেশ করিয়া থাকেন। পাতি ইতি 'প', ন জায়তে ইতি 'অজ', পশ্চাদৌ অজশ্চেতি পাজঃ, পাজাৎ কং (জলং) যশ্মিন্ তং পাজকম্ অর্থাৎ উৎপত্তি-রহিত পরশুরাম-বিষ্ণুদ্বারা যে ক্ষেত্রে জল অর্থাৎ ধরুস্থীর্থাদির প্রকাশ হট্য়াছে, তাঁহার্ই নাম পাজকাক্ষেত্র। এই পাজকাক্ষেত্র পাপনাশিনী নদীর তীরে অবস্থিত।

এই পাজকাক্ষেত্রে মধ্যগেহ-কুলোৎপর বেদবেদাঙ্গকুশল, সদাচাররত জনৈক নিঃস্ব ব্রান্ধণ বাস করিতেন। পুরাকালে রামভোজ নূপতি অহিছত্র প্রদেশ হইতে যে বিংশত্যুত্তরশত স্বকুটুম্ব-ব্রান্ধণকে পরশুরাম-ক্ষেত্রে আন্যান করিয়াছিশেন, সেই সকল ব্রান্ধণ তথায় আগমন করিয়া

দ্বিতীয় অধ্যায়—মধ্যগেহভ

বিভিন্ন স্থানে তাঁহাদের গৃহাদি নির্মাণ করেন। সেই বিংশত্যুত্তরশত ব্রাহ্মণগণের অন্তত্তম যে ব্রাহ্মণ গ্রামের মধ্যভাগে তাঁহার গৃহাদি নির্মাণ ্ করিয়া বাস করিতে থাকেন, তিনিই 'মধ্যগেহ' 'মধ্যগেহ'-নামের কারণ নামে পরিচিত হন। এইরূপ যে যে ব্রাহ্মণ পূগবন, লিকুচবন-মধ্যে গৃহ নির্ম্মাণ করিয়াছিলেন, তাঁহারা স্থানের নামামুদারে 'পূগবন', 'লিকুচবন' ও তাঁহাদের অধস্তনগণ 'মধ্যগেহ-বংশ', 'পূগবন-বংশ', 'লিকুচবন-বংশ' প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে পরিচিত হন। 'মধ্যগেহ'-শক্টীকে কণ্ণড় ভাষার 'নড়ডিন্তার' বলা হয়। নড় (মধ্য) + অন্ত (अ) + रेल्लाय (गृश्वान्)। यथाराश्-वः । । प्राक्षिक वार्षे । प्राप्त । प् সদাচাররত ব্রাহ্মণের নাম 'নারায়ণ ভট্ট'* ছিল। তিনি তাঁহার সহধ্যিণী বেদবতী (বা বেদবিভা) দেবীর সহিত পাঞ্চকা-নারায়ণভট্ট ও বেদবতী ক্ষেত্রে বাস করিয়। পরশুরাম-পীঠস্থ স্ব-কুলদেবতা শেষশায়ী ভগবান্ বিষ্ণুর আরাধনা করিতেছিলেন। বেদবতীর গর্ভে একে একে ছইটী পুত্র উৎপন্ন হইরা অচিরকাল-মধ্যেই মৃত্যুমুখে প্তিত হয়।

নধ্যগেহভট্ট পুলস্থথে বঞ্চিত হইয়া চিন্তা করিতে লাগিলেন,—
"যে নরক হইতে কলা করিতে পারে, সেই পুরুষই 'পুল্র' নামে
অভিহ্নিত হয়; কিন্তু অসর্বজ্ঞি ও অপূর্ণ পুরুষ হইতে সম্যক্ রক্ষণ
সম্ভবপর নহে; অতএব আমি সাধারণের স্থায় অবৈষ্ণব-পুল্লের কামনা

^{*} শ্রীমধ্বশিক্ত শ্রীক্ষীকেশতীর্থের 'অনুমধ্বচরিতে' এই নাম পাওয়া যায়। পরস্ত 'মধ্ববিজয়গ্রস্থে' এইরূপ নাম নাই, কেবলমাত্র 'মধ্যগেহ' নাম আছে। আবার কেহ কেহ বলেন, ইহার নাম মধ্যেলীভট্ট।

देवस्ववाहार्या मध्य

করিব না । কর্দম, পরাশর, পাণ্ডু প্রভৃতি প্রাচীন আর্ঘ্যগণ একমাক্র যাঁহার সেবাবলে সর্বগুণ-বিভূষিত পুল্ল লাভ করিয়াছিলেন, আমি সেই পূর্ণ সদ্গুণবিগ্রহ করণাস্থানিধি কুলপতি মধ্যগেছের বিচার নারায়ণেরই শরণাগত হইব"—এইরূপ চিপা করিয়া তলাত্তিত শুদ্ধন। ব্রাহ্মণ প্রমাগ্রহের সহিত রপত্পীঠপুরাধিপতি শেষশায়ীর ভজনা করিতে আরম্ভ করিলেন। শ্রীবিষ্ণুর পালপদ্ম-সেবায় আসক্ত দিজবর স্বভাবতঃ স্বল্প বিষয়ভোগকে আরও ব্রাহ্মণ-দম্পতির তপশ্র। শঘু করিলেন, হানর স্বতঃ দান্ত হইলেও তাহাকে আরও দমিত করিলেন এবং স্বভাবতঃ নির্মাণ দেহ সংযমাদি দার৷ আরও শুদ্ধ করিলেন। ব্রাহ্মণ-দম্পতি সকলগুণসম্পন্ন অমরপুত্রপ্রাপ্তি-কামনায অদি'ত ও কশ্যপের আর পয়োত্রত প্রভৃতি বিবিধ তাত্র ত্রতার্ম্ভানের দারা দাদশবর্ষকাল পর্য্যন্ত অতীব কঠোর তপস্তা করিতে লাগিলেন। শ্রীশেষশায়ী ভগবান ভক্তিনিষ্ঠ ব্রাহ্মণদম্পতির এই কঠোর তপস্থার সমুচিত পুরস্কার প্রদানে উন্মুখ হইলেন।

পাজকান্দেত্রেই প্রীমন্মধাচার্য্য প্রথম সূর্য্যালোক দর্শন করেন।
পাজকান্দেত্রে অভাপি তাঁহার জন্মস্থান নির্দ্দিপ্ত আছে। মধ্বের
অভ্যুদয়কালের পর্ণকুটীরাধিষ্ঠিত স্থান তাঁহার ঐ্থর্য্যমধ্বজন্মভূমি
সম্পন্ন কোন সেবক কর্তৃক পরে পাষাণ নিন্দিতগৃহে
পরিণত হইয়ছে। তবে পাথরের ঘর—কৃদ্র এবং পল্লীটী—জনহীন;
পূর্বের স্থৃতিটিক্ত মাত্র বর্ত্তমান আছে।

তৃতীয় অধ্যায়

মধ্বের আবির্ভাবের পূর্ব্বাবস্থা

এই সময়ে সনাতন-ধর্মক্ষেত্র ভারতবর্ষের সর্বত্র শুদ্ধ-ভগবছপাসনার ভীষণ ত্রার্ভিক্ষ উপস্থিত হইরাছিল। প্রচ্ছন্ন-বৌদ্ধবাদরূপ নাস্তিকতা জীবকুলকে জীবের নিত্যধর্ম বিষ্ণুভক্তি হইতে দুরে পাতিত করিয়া তমোরাজ্যের প্রতি ধাবমান করাইতেছিল। স্থনির্ম্মল ভারতীয় বেদাস্ত-গগন একদিন যে কৃষ্ণ-সূর্য্যের উপাদনার প্রভায় আবির্ভাবের পূর্ববাবম্বা ও উদ্রাদিত ছিল, বেদান্তের অক্লাত্রমভাষ্য পুরাণার্ক কারণ একদিন ভারতীয় গগনে যে প্রোজ্জন কিরণ্মালা বিতরণ করিতেছিলেন, দে স্থান হুর্ভাষ্য-মেঘের গাঢ় অন্ধকারে আরুত হইয়া পড়িয়াছিল। এরূপ অন্ধকারে জনসমূহ অন্ধ হইগা বিষ্ণুর নিতা-উপাসনা-পথ পরিত্যাগ করিতে আরম্ভ করিলে ব্রহ্মাদি-দেবগণ অত্যস্ত ছঃখিতচিত্তে শ্রীহরির শরণাগত হইলেন। স্বয়ং ভগবানের এই সময় অবতরণকাল নহে, পরবর্ত্তিকালে তিনি স্বয়ংই অবতীর্ণ হইবেন, এরূপ বিচার এবং তাঁহার কুপার জগৎপ্রাণ বায়ুরই উপস্থিত-মুখ্যবায়ুর প্রতি কার্য্যে সামর্থ্য ও সব্বজ্ঞতাশক্তি দর্শন করিয়া ঐবিষ্ণু ভগবদীদেশ মুখ্য বায়ুকে এইরূপ আদেশ করিলেন,—"হে স্থমুখ, তুমি আমার প্রতিনিধিস্বরূপে জগতে অবতার্ণ হইয়া বেদাস্ত-গগনের ছর্ভাষ্যকুজাটিকা অপসারিত কর এবং সম্ভপ্ত, নিরাশ্রয় জীবগণকে ফুপা-ভাজন ও আনন্দিত কর।"

तिकवाहाया मध्य

প্রনদের ক্তাঞ্জলিপুটে এই ভগবদাদেশ শিরোভূষণরূপে মস্তকে গ্রহণ করিলেন এবং শ্রেষ্ঠদেরগণের প্রার্থন। মুক্তামালার স্থায় হৃদঃ য় ধারণ করিয়া নিজ-জনের অনুগ্রহ-কামনায় ভূতলে অবতরণ করিতে ইচ্ছা করিলেন।

এই সময়ে পৃথিবীতেও সাধুগণ চিন্তায় আকুল হইয়া ভাবিতেছিলেন — "হায়! আমরা সৎসম্প্রদায়গত বৈদান্তিক-সিদ্ধান্তে অনভিক্ত হইয়া পড়িয়াছি, আমরা কি করিয়া বিষ্ণুর প্রম-পদ দর্শন করিব ?"

এক বিষুবসংক্রান্তির দিনে রক্ষতপীঠপুরে প্রভু অনন্তেশ্বরের মন্দিরে কোন এক বিশিপ্ত মহোৎসব দর্শনের জন্ত নানা স্থান হইতে বহু লোক স্মাগত হইয়াছেন। সকলেই কৌতৃহলাক্রান্ত হইয়া অবভার-বাণী রক্ষমঞ্চের নটের ভায় সকলের দৃষ্টি আকর্ষণ ও বিশ্বর উৎপাদন করিয়া নানারূপ অকভঙ্গীর সহিত অনন্তেশ্বরের মন্দিরের উন্নত ধ্বজ্ব-স্তন্তের উপর নৃত্য করিতে করিতে জনতাকে সম্বোধনপূর্বক উর্দ্ধবাহ হইয়া শপথ সহকারে উচ্চেঃশ্বরে বলিতে লাগিলেন,—"হে জনমণ্ডলি, অবহিত হইয়া শ্রবণ করুন, শ্রবণ করুন। এই ভূমগুলে বিশ্ব-হিতৈষী এক সর্বজ্ঞ মহাপুরুষ অচিরেই অবতীর্ণ হইবেন।" যে সকল সাধু ব্যক্তি ঐ পুরুবের বাক্য শ্রবণ করিয়াছিলেন, তাঁহারা বলিতে লাগিলেন, নিশ্চয়ই এই ব্যক্তিতে রজতপীঠপুরন্দর প্রভু অনস্তেশ্বর আবিষ্ট হইয়া এই ভবিয়্য়বাণী কীর্ত্তন করিতেছেন।

এদিকে মধ্যগেহ নারায়ণভট্ট ও তৎসহধর্মিণী বেদবতীর একান্ত ভগবদারাধনার কলে ভগবদাদিষ্ট বায়ুদেব ঐ সদ্ভক্তিসংযুক্ত ব্রাহ্মণ-দম্পতিকে আশ্রয় করিয়াই জগতে অবতীর্ণ হইতে ইচ্ছা করিলেন।

তৃতীয় অধ্যায়—মধ্বের আবির্ভাবের পূর্ববাবস্থা

বেমন পূর্ব্বে সপ্তর্গনীর ত্রেতার্গে কেশরী-পত্নী অঞ্জনাকে আশ্রর করিয়া
মহাবীর বজাঙ্গজী জগতে শ্রীরামচন্দ্রের মাহাত্ম্য প্রচারার্থ অবতীর্ণ
হইয়াছিলেন, যেমন অষ্টাবিংশ ঘাপরবৃগে পাভূপ্ত্র কুস্তীকে আশ্রয় করিয়া বৈষ্ণবশ্রেষ্ঠ ভীমদেন জগতে অবভরণ
অবভরণ
অবভাব শুরাবার্র
অবভাব হইয়াছিলেন, তদ্রপ অষ্টাবিংশ কলিবৃগে
ভগবান্ শ্রীবেদব্যাস-প্রণীত নিখিল শাস্তের প্রতি-পাত্ত যথার্থতত্ত্ব সজ্জনগণকে উপদেশ করিবার জন্ত পাজকাক্ষেত্রবাসী
মধ্যগেহকুলোৎপন্ন নারায়ণভট্টের সহধর্মিণী বেদবতীকে আশ্রয় করিয়া
মুখ্য বায়ু জগতে অবতীর্ণ হইলেন।

শ্রীরামান্ত্রজাচার্য্য মধ্বজন্মের হুই শতান্দী পূর্ব্বে অবৈষ্ণব মত নিরসন
পূর্বেক লোকসমাজে নারায়ণের সর্ব্বোত্তমতা স্থাপন করিলেও সহ্যাদ্রির
সাধ্বের পূর্বে তুলুব দেশে
ভাগবত-দ্রুদায়

কর্ণাট ও চোলদেশে রামান্ত্রজের প্রভাব অবৈত্তপত্তিগণের কঠোর গ্রন্থি অবশ্রুই ন্যুনাধিক শিথিল করিয়াছিল। শঙ্করের
অহংব্রেক্ষোপাসনার কুফল অচ্যুতপ্রেক্ষ্য স্বীয় গুরুর নিকট হুইতে অন্তিমকালে গৌণভাবে শ্রুত হুইয়াছিলেন। স্কুতরাং ভাগবত-সম্প্রদারের
কথঞ্চিৎ অন্তিত্ব মধ্বাবির্ভাব-কালের পূর্বেও তুলুব দেশে লক্ষিত হয়।

শ্রীমধ্বাবির্ভাবের পূর্ব্ব হইতে আমরা পাঞ্চরাত্রিক ও ভাগবতসম্প্রদায়ের কণা শুনিয়া থাকি। পাঞ্চরাত্রিকগণের মথ্যে শুভাকাদি
মুদ্রাধারণ-বিধি প্রবর্ত্তিত ছিল, পরস্ত ভাগবতগণ গোদীচন্দন বা গোদীমৃত্তিকা দ্বারা তিলকাদি অন্ধিত করিতেন। এখনও তুলুব দেশে
মাধ্ববৈষ্ণবগণের মধ্যে পাঞ্চরাত্রিক ব্যবহারমত মুদ্রা ধারণের ব্যবস্থা

বৈষ্ণবাচার্য্য মধ্ব

আছে, কিন্তু তুলুব দেশীয় ভাগবত-সম্প্রদার মাধ্বগণের স্থায় মুদ্রাদি ধারণ করেন না। মধ্ব জন্মের পূর্বের রামান্ত্রজীয় পাঞ্চরাত্রিক মতা সহাদ্রির পশ্চিমে প্রাবল্য লাভ না করিলেও তথায় ভাগবত-সম্প্রদায়ের অধিষ্ঠান প্রশ্নের বিষয় হইতে পারে না। শঙ্কর-মতের প্রবল বিস্তৃতি অনেকটা রামান্ত্রজীয়গণের পাঞ্চরাত্রিক ধর্ম এবং ভাগবত-সম্প্রদায়ের বৈভবক্রমে থবিত হয়। শিবাল্লীগণের মধ্যে দেই ফল মধ্বের উদয়কালের পূর্বেই কিছু কিছু ক্ষিত হয়।

কর্মফলবশে যে প্রকার অবৈষ্ণব জীবগণ ভিন্ন ভিন্ন শরীর ধারণ পূর্বক নিজযে,গ্য কর্মফল ভোগ করেন এবং ভোগান্তে বাসনাবশে পুনরায় কর্মযোগ্য শরীর পাইয়া কর্মফল লাভ বৈষ্ণবাচাৰ্য্য কৰ্ম্মফল-করেন, নিতা বিষ্ণুদাস বৈষ্ণবগণ তাদৃশ নহেন। বাধ্য নহেন জীবের সৌভাগ্যক্রমে কথনও তাঁহাদিগের শ্রীনারায়ণ নিজে অবতার হইয়া জীবের মঙ্গল বিধান করেন। কখনও বা বৈকুণ্ঠন্থ নিজ পার্ষদগণকে ধরাধামে অবতারণ পূর্ব্বক লৌকিক তমু গ্রহণ করিবার অনুজ্ঞ। প্রদান করেন। যে কালে ধর্মের গ্লানি উপস্থিত হইয়৷ অধর্মের প্রবলত৷ হয়, তৎকালে ভগবান্ মর্ত্ত্য জীবলোকে শুভাগনন পূর্বক ধর্ম স্থাপন করেন। প্রীরামান্ত্রজীয় পূর্বতন সিদ্ধ-एतिमकन ७ देवकूर्थ इट्ट काल काल व्यवजीर्ग বৈক্ষবগণ নিত্য-**ब्रह्मा अब्बान-कीव-क्षम्या ब्रिन-देकक्षर्यात श्रावन-**পার্ষদতমুর অবতার বিকাশ কার্যাছেন। সকল বৈষ্ণবেরই নিত্য স্বরূপ আছে। বৈকুণ্ঠস্থ নিত্য স্বরূপ সিদ্ধিকালে আপনা হইতেই পরিফুট হয়। সেই নিত্য-পার্ষদতমুর অবতার বলিয়াই বৈষ্ণবগণ সমাজে পরিচিত

তৃতীয় অধ্যায়—মধ্বের আবির্ভাবের পূর্ববাবস্থা

নির্বিশেষবাদী বৈকুণ্ঠের অস্তিত্ব উপলব্ধি করিতে অসমর্থ হইয়া দিদ্ধিতে 'দোহহং' প্রভৃতি ভাবমাত্রের অবস্থান বিশ্বাদ করেন। স্থতরাং নির্বিশেষবাদের অধীনে যে সকল কর্মফলবাদী জগতে হইয়াছেন, তাঁহাদের মতে ভগবানের বা ভক্তের নিতা স্থনাম, স্বরূপ, সত্তণ ও স্বক্রিয়া নাই; কেবল মায়া বা কুণ্ঠাদারা পরিমিত হইয়া তাঁহারা কর্মফল ভোগ করেন। অবৈষ্ণবগণের নিত্য পরিচয়ে 'সোহহং'-ভাব আবদ্ধ, তজ্জ্য তাঁহারা বৈকুণ্ঠ হইতে অবতীর্ণ না হইয়া ভ্রান্তিবশতঃ মায়ারাজ্যে কর্ম্মফলমাত্র ভোগের যোগ্য। আমাদের বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব-মুনি সেইরূপ বিচারের আদর্শে কর্মফল-নিগড়ে আবদ্ধ ছিলেন না বলিয়া বৈকুঠে তাঁহার নিত্য-বিগ্রহ আছে। বিশেষতঃ নির্বিশেষ-বাদিগণের মতে চিনার বিগ্রহ বা পরিচয়াদি-বিশেষ-বৈষ্ণবাচার্য্যের দেহ সমূহ কুণ্ঠাবৃত্তির ক্রিয়াবিশেষ। স্বর্গ-নিব্যাদি-মিথা নহে স্থানে দেব-কীটাদি-দেহ নশ্বর ও মায়াজাত মিথা।। করিলেও তাঁহার দেহ অনিত্য ও মিথ্যামাত্র বিচার করেন। বৈষ্ণবের

সেই জন্ম নির্বিশেষবাদিগণ শ্রীশঙ্করাচার্য্যকে 'শঙ্করাবতার'রূপে নির্দেশ শ্ৰী অঙ্গ তাদৃশ নহে।

আদিত্যপুরাঞ্ নামে এক উপপুরাণের মধ্যে চত্বারিংশ ৪০ অধ্যায়ে কোন বৈষ্ণব-বিরোধী নির্কিশেষবাদী সীয় ষড়্রিপুর চাঞ্চল্য মধবাচার্য্য সম্বন্ধে একটা ভ্রাম্ভ চিত্র প্রতিফলিত করিয়া নিজ মৎসব নির্বিশেষবাদীর ঘুণিত স্বার্থের পরিপোষণ করিয়াছেন। তাঁহার অধ্বসম্বাদ্ধ কল্পিত মত, কল্পনা শ্রীমধ্বাচার্য্যকে 'ঋতুরাজ বসন্তের অবতার' মধ্ব—বসম্ভের অবতার বলিয়া কীর্ত্তন করিয়াছে, কিন্তু প্রকৃতপক্ষে তাহা নহে। শ্রীব্রন্ধবৈর্ত্তপুরাণ শ্রীকৃষ্ণজন্মখণ্ড চতুর্থ অধ্যায়ের নিদর্শন-মত

रिवखवाठाया मध्व

আমরা দেখিতে পাই যে, বৈকুষ্ঠধাম এবং গোলোকধাম উভয় নিত্যাশ্রয়ই বায়ু কভূকি ধৃত আছে। যেমন দেবীধামে বায়ু 'মক্কতাখ্য দেব' বলিয়া পরিচিত, তজ্ঞপ বৈকুষ্ঠে বায়ুদেব বৈকুষ্ঠ-ধারণ-দেবায় সর্বদা নিযুক্ত আছেন। বলা বাহুল্য, জড়ের বায়ু বা দেবলোকের মক্লেব বৈকুষ্ঠের অপ্রাক্ত বায়ুদেবের সহ তুল্য নহে।

> বৈকুঠং প্রমং ধাম জ্রামৃত্যুহরং প্রম্। বার্না ধার্য্যাণঞ্চ ব্রহ্মা গ্রান্দ্র মৃত্যম্॥ ন বর্ণনীয়ং কবিভিবিচিত্রং রত্ননির্যাত্ম।

গোলোক বিষয়ে 'উর্দ্ধং বৈকুগতোহগম্যং' এবং 'বায়ুনা ধার্যমাণঞ্চ নির্দ্ধিতং স্বেচ্ছয়। বিভোঃ' প্রভৃতি ব্রহ্মবৈবর্ত্ত-বাক্যে বায়ুর শ্রীনারায়ণের বিকুপ্ত-ধারণ-সেবা জানা যাইতেছে। শ্রীমাধ্বগণ বায়ুর অবভার স্বতরাং শ্রীমধ্বকে 'প্রাণনাথ' সংজ্ঞা দেওয়া হয়।

তুলুব ও অন্তান্ত প্রদেশ ষে-কালে জৈন ও প্রচন্ধন মায়াবাদী
শঙ্কর-মতাবলম্বিগণ এবং শৈবসমূহ ভাগবত-সম্প্রদারের গহণে বাস্ত ছিল, তদ্দর্শনে নিরিঞ্চিপ্রমুখ দেবগণ, তাহাদের ক্রিয়া-কলাপে উপক্রত অধিবাসিবর্গের মঙ্গলের জন্ম শ্রীনারায়ণের সমীপবর্তী হইয়াছিলেন। শ্রীনারায়ণের আদেশক্রমে বৈকুষ্ঠধারক প্রাণনাথ বার্দেব তুলুব দেশে জন্ম পরিগ্রহণ করিয়াছিলেন।

চতুৰ্থ অধ্যায়

শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

আচার্য্য শ্রীমৎ পূর্ণপ্রক্রপান শ্রীবন্ধস্তরের দিতীয় অধ্যায়ের ৪র্থ পাদের ১০শ স্ত্রের—("ওঁ॥ পঞ্চবুত্তির্মনোব্ছাপদিখ্যতে॥ওঁ॥)— ভাষ্যে বায়ুরূপ বিষয়ে যে সকল প্রমাণ-বাক্য উদ্ধার বায়ুরূপ বিষয়ে শান্তীয় করিয়াছেন, তাহা হইতে জানা যায় যে, বিহালোকে প্রমাণ বা বায়ুলোকে প্রধান বায়ু বা মুখ্য প্রাণ বিরাজিত। দেই মুখ্য প্রাণের পঞ্চরপ:—(১) প্রাণ, (২) অপান. (৩) ব্যান, (৪) উদান ও (৫) সমান। তাহাদের আবার 'ভারতী' নামী দেবীগর্ভজাত পঞ্চপুত্র, এই পঞ্চপুত্রও 'প্রাণ', 'অপান', 'ব্যান', 'উদান' ও 'সমান' নামে বিখ্যাত। এই পঞ্চপুত্রের অন্ততম প্রাণই নাসিক্য বায়ু' নামে অভিহিত হন। এই নাগিক্য বায়ুই অইদিক্পালের অন্ততম দিগধিপ। এই নাসিক্য বায়ু হইতে অনন্ত বায়ুগণের উৎপত্তি হইরাছে। এই বায়ু-গণের মধ্যে একোন্পঞ্চাশৎ বায়ু প্রধান। পূর্বে যে মুখ্য প্রাণ হইতে প্রাণ, অপানাদি পঞ্চ বায়ুর কথা উক্ত হইয়াছে, তাহাই প্রধান বায়ুর নিত্য অবতার অর্থাৎ ইহারা সর্ব্যুগেই প্রধান বায়ুর অবতাররূপে প্রসিদ্ধ। এতব্যতীত যুগ-বিশেষে প্রধান শায়ুর তিনটী প্রধান অবতারের কথা

শ্রত হয়।* যথা—ত্রেতাযুগে শ্রীহতুমান, দ্বাপরে শ্রীভীমদেন

^{*} সর্বে বা এতে মুখাদাসাঃ। প্রাণোহপানো ব্যান উদানঃ সমান ইতি। অঞ্ধ্রীণো বাব সম্রাড়িতি কৌভিন্মশ্রতিঃ। প্রাণাপানাদয়ঃ সর্বে মুখাদাসা বভাছনিশম্। অতন্তদাজ্ঞয়া নিত্যং স্থানি কর্মাণি কুর্বেত ইতি যুক্তিব্বায়ুপ্রোক্তেঃ। মুখাস্থ্রেব স্বরূপাণি প্রাণাল্যাঃ পঞ্চবায়বঃ। স এব প্রাণিনাং দেহে পঞ্চয়৷ বর্ত্ততেহনিশমিতি গৌপবনশ্রতিঃ। অতে৷ বক্তি—অথ পঞ্চরুত্তৈতেৎ প্রবর্ত্ত প্রাণো বা পঞ্চরুত্তঃ প্রাণোহপানো ব্যান

বৈফ্যবাচাৰ্য্য মধ্য

কলিযুগে প্রীমধ্বাচার্য্য; স্থতরাং প্রীমধ্বাচার্য্য প্রধান বায় বা মুখ্য প্রাণের তৃতীর অবতার। এতৎসম্বন্ধে প্রীমন্মধ্বাচার্য্যপান তাঁহার স্বরচিত 'মহাভারত-তাৎপর্য্য-নির্ণয়', 'স্ত্রভাষ্য', 'তৈজ্ঞিরীরভাষ্য', 'ঐতরের-ভাষ্য', 'অহ্ব্যাখ্যান', প্রভৃতি বহুবিধ গ্রন্থে স্বয়ংই উল্লেখ করিয়াছেন। প্রভদ্ব্যতীত তত্ত্ববাদি-সম্প্রদায়ের অধন্তন আচার্য্য-মুখ্য বায়্র প্রধান গণ, বিশেষতঃ 'দ্বিতীয় মধ্বাচার্য্য' নামে খ্যাত বাদিরাজ্ব্যামী তাঁহার 'যুক্তিমল্লিকা' গ্রন্থের ফল-সেরভে ৪৯৮—৭২০ শ্লোকে প্রীমন্মধ্বাচার্য্যের বায়্র তৃতীয়াবতারত্ব সম্বন্ধে বহুবিধ বেদবাক্যের প্রমাণ, উহাদের মধ্বপর ব্যাখ্যা এবং বিচার প্রদর্শন করিরাছেন। সেই সকল বিস্তৃত বিচার পৃথক্ গ্রন্থাকারে প্রকাশিত হুইবে। এখানে সংক্ষেপে শ্রীমন্মধ্বাচার্য্যের বায়্র অবতার

ঋগ্বেদের ষষ্ঠান্টকে ৭ম অধ্যায়ের ১৬শ বর্গ হইতে আরম্ভ করিয়া
সম্পূর্ণ ষষ্ঠান্টক অর্থাৎ বষ্ঠান্টকের ৮ম অধ্যায়ের শেষ পর্যান্ত এক সঙ্গে কিঞ্চিল নুন
প্রমান-স্কু
সপ্ত অধ্যায়ে যে স্ত্র-সমূহ িছ্মান রহিরাছে, তাহা
প্রমান স্কু' নামে প্রসিদ্ধ। "স্বাদিন্ট্রামদিন্ট্রা"— এই ঋক্ হইতে
আরম্ভ করিরা 'প্রমান স্কু' কথিত হয়। 'প্রমান' শক্ষের

সম্বন্ধে কয়েকটীমাত্র বেদপ্রমাণ-বাক্য তাৎপর্য্যব্যাখ্যার দহিত প্রদত্ত

হইতে ছে।

ভিদান: সমান ইতি। তেভো বা এতেভাঃ পঞ্চ দাসাঃ প্রজায়ন্তে প্রাণাদ্বাব প্রাণাহপানাদ্রপানো বাানাদ্বান উদানাদ্রদানঃ সমানাদেব সমানো যথাহ বৈ মনঃ পঞ্চধা বাপদিশুতে
মনো বৃদ্ধিরহক্ষারশ্চিত্তং চেতনেতি তেভো বা এতেভাঃ পঞ্চ দাসাঃ প্রজারত্তে মনসো
বাব মনো বৃদ্ধেবৃদ্ধিরহক্ষারাদহক্ষারশিভভাচিত চেতনায়া এব চেতনৈবমিতি।

চতুর্থ অধ্যায়—শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

অর্থ—'বায়্', যথা অমরকোষে—''পবমানশ্চ বায়ুরিতি নভস্বদাতপবন-পবমানপ্রভঞ্জনাঃ"। সেই পবমানস্তক্তে মূল বায়ু এবং তাঁহার অবতার সম্বন্ধ স্তৃতি শ্রুত হয়। নিমে সেই সকল ঋক্ তাৎপর্য্যসূহ উদ্ধৃত হইল।

প্রমানহজোক 'প্রধারা মধ্বে। অগ্রিয়ো মহীরপো বিগাহতে। প্রমাণবেলী হবিহ্বিঃয়ু বনদাঃ।" ১॥

অগ্রিয়ঃ (দেবাগ্রনীঃ) হবিঃ (প্রলমে বিফোর্হবিভূঁতঃ) হবিঃমু
(বিফোরাছতিভূতের্ দেবের্) বন্দাঃ (স্বভাঃ গুরুজেনেতি শেষঃ)
মধ্বঃ (মধ্বাচার্যাঃ) প্রধারাঃ (উৎক্রুজ্ঞানাখ্যধারাবভীঃ) মহীঃ (মহতীঃ)
অপঃ (আপ্রিসাধনঋগাদিসপ্রবিভাঃ) বিগাহতে (অর্থবিচারায়াবগাহতে,—অভার্যস্তঃ) অগ্রিয়ঃ (বদরীগমনে অগ্রেসরঃ) হবিঃ (ব্যাসেনাহুতঃ) হবিঃমু (সেনাহুতশিশ্রেমু) বন্দাঃ (স্বভাঃ) মধ্বঃ (মধ্বাচার্যাঃ)
প্রধারাঃ (প্রক্রেজ্বনারাঃ) মহীঃ (মহতীঃ) অপঃ (গঙ্গাদিনদীজলানি)
বিগাহতে (অবগাহতে)॥ ১॥

প্রলয়কালে সন্ধর্যাথ্য বিষ্ণুর আহুতি-স্বরূপ দেবোত্তম মধ্বাচার্য্য বিষ্ণুর আহুতিভূত দেবগণের মধ্যে বন্দ্য অর্থাৎ গুরুরূপে স্তবাহ । দেই মধ্বাচার্য্য •উৎরুষ্ট জ্ঞানধারাবতী, মহতী মোক্ষাপ্তি-সাধনভূতা খাগাদি-সপ্তবিভা বিচারার্থ তাহাতে অবগাহন করেন। অপরার্থ—বদরী গমনে অগ্রণী, ব্যাদের দারা আহুত, আত্মাহুত শিশ্বগণের মধ্যে বন্দ্য অর্থাৎ সর্বশ্রেষ্ঠ গুরুরূপে পৃঞ্জিত মধ্বাচার্য্য জলপ্রবাহাবিশিষ্টা মহতা গঙ্গাদি-নদী-ধারায় অবগাহন করেন॥ >॥

> অস্মভ্যমিন্দবিদ্রয়ুম ধ্বঃ পবস্ব ধারয়া। পর্জ্জন্মো বৃষ্টিমান্ ইব॥ ২॥

देवखवाठाया मध्य

হে ইন্দো, (ইপ্টদানশীল বাষো,) ইক্রয়্র: (ইক্রং ঐশ্বাস্পূর্ণবিষ্ণু: বুনক্তাতি স্কলনের যোজয়তীতি ইক্রয়ঃ) মধ্বঃ (মধ্বাখ্যস্তং) বৃষ্টিমান্ (বৃষ্টিদাতা) পর্জান্তঃ ইব ((মেঘ ইব) অক্সভ্যং (অক্সান্থদিশ্য) ধারয়া (জ্ঞানধারয়া) সহ প্রস্থ (প্রনসঞ্চারং কুরু, যবা প্রস্থ প্রিত্তীকুরু)॥ ২॥

হে অভীপ্তপ্রদানকারি-বায়ুদেব, আপনি পরনৈশ্বর্যুপূর্ণ বিষ্ণুকে স্থলনগণের সহিত যোজনা করিয়া দেন অর্থাৎ স্থলনগণের স্থল জ্ঞান উংপাদন করেন। আপনার নাম—মধ্ব। বর্ষণকারী-মেঘের ভাষ আপনি আমাদিগের প্রতি জ্ঞানধারা বর্ষণ করিয়া সর্বত্র বিচরণ করুন্ অথবা তদ্বরো আমাদিগকে পবিত্র করুন্॥ ২॥

স পূর্ব্যঃ পবতে যং দিবস্পরি শ্যেনো মথায়দিষিত স্তিরোরজঃ। স মধ্ব আয়ুবতে বেবিজান ইৎ কুশানোরস্তর্মনসা হ বিভ্যুষা ও

পূর্ন্য: 'সর্ব্বজীবেরু পূর্ব্বতনঃ) সঃ (বায়ুঃ) পবতে (সর্ব্বেছেরু খাসরপেণ সঞ্চরতে) যং (বায়ুং) দিবঃ (ছানামকবৈকু ছাদিলোকস্থ) পরি (পরিতঃ বদস্তীতি শেষঃ।) গ্রেনঃ (শী স্থ্যরূপী বিষ্ণুঃ ইনঃপ্রভুঃ যক্ত সঃ) ইষিতঃ (সজ্জনেষ্টঃ বায়ুঃ) রঙ্গঃ (ধ্লীঃ) তিরঃ (তিরস্কৃত্য) মথারৎ (রক্ষাদিমথনং কতবান্ যদা) শোনঃ ইষিতঃ সঃ (বায়োরবতারঃ) মধ্বঃ (মধ্ব।চার্য্যঃ) রঙ্গঃ (রজোগুণনির্ম্মিতং উপলক্ষণয়। তমোগুণনির্মিতং চ ছর্ভাগ্যাদিকং) তিরঃ (তিরস্কৃত্য) বেবিজ্ঞানঃ (বিজ্ পূথগ্ভাবে, ঈর্বর-জীব-জড়ান্ পূথকুর্ব্বন্) আয়ুবতে (সজ্জনেরু মিন্সীভবতি) ইৎ (ইখমেব) বিভাষা (ভয়জ্বরেণ) মনস। (চিত্তেন) ক্লানোঃ (প্রলম্বার্যঃ) অস্তঃ (নিরসন্দীলঃ) হ (প্রাস্কিঃ)॥ ৩॥

নর্মজীবের মধ্যে পূর্বতন দেই বায়ু জীবের সর্বদেহে সঞ্চারিত আছেন। আবার সেই বায়ুই মূলম্বরূপে শুদ্ধ মুক্তভাবে বৈকুণ্ঠাদি লোকে

চতুর্থ অধ্যায়—শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

দর্বত বিরাজিত। স্থেরপী বিষ্ণুর নিয়ম্য, সজ্জনগণের প্রিয় বায়ুনেব ধুলি-পটলকে অপসারিত করিয়া রক্ষাদি মহদ্বস্তকেও তীব্র সঞ্চালন করিয়াছিলেন। অপরার্থে—আনন্দস্বরূপ বিষ্ণুর বারা পরিচাণিত, সজ্জন্গণের অভিল্যিত বায়ুর অবতার মধ্বাচার্য্য রজস্তমোগুণ-নির্মিত হর্ভায়াদিকে খণ্ডন করিয়া ঈশ্বর, জীব ও জড়ে শুদ্ধ পঞ্চভেদবাদ স্থাপন-পূর্বক সজ্জনগণের সহিত মিলিত হন। প্রীমন্মধ্বাচার্য্য যেরূপ প্রবল্প পরাক্রমে হর্ভায়াদি খণ্ডন করিয়া জগরাশকরী অবস্থার শান্তি বিধান করিয়াছিলেন, তদ্ধপ প্রশার্কালেও বায়ুদেব ভয়ঙ্কর মূর্ত্তিতে প্রশ্বাহার্য্য নির্ব্বাপণ সাধন করিয়া থাকেন॥ ৩॥

উন্মধ্ব উর্ম্মির্বননা অতিষ্ঠদপো বসানো মহিষো বিগাহতে। রাজা পবিত্ররথো বাজমারুহৎ সহস্রভৃষ্টির্জয়তি শ্রবো বৃহৎ॥৪॥

বসানঃ (ভূমো বাদং কুর্বন্) উন্মি: (উর্দ্ধা মি: মতির্যন্ত সঃ) মহিষঃ (সকলাধিকারিষু শ্রেষ্ঠঃ) মধ্বঃ (মধ্বাচার্য্যঃ) বননাঃ (ভজনীয়াঃ) অপঃ (আপরন্তি জ্ঞাপয়ন্তি পরমাত্মানমিতি বৃংপত্ত্যা অপ্পদবাচ্যাঃ ঋগাদিবিজাঃ) বিগাহতে (বিচাররতি) পবিত্ররথঃ (পবিত্রং স্থদর্শনচক্রং রথোরথ ইব যন্ত সং, চক্রেমপরিস্থিত ইতি যাবং) সহস্রভৃষ্টিঃ (সহস্রধা ব্যাপ্তাকরণঃ, "প্রদ্ধা পাকে ইতি ধাতুঃ । স্থদর্শনরূপী নারায়ণঃ) রাজা (যন্ত মধ্বন্ত নিরামকঃ) বৃহৎ (সর্বেভ্য উৎকৃষ্টম্) বাজাং (অরবং প্রিয়ং) প্রবঃ (মধ্বাচার্যারতঃ ব্যাসম্থাচ্ছান্তপ্রবণম্) আরুহৎ (আরোহণং রুত্বান্ তত্ত্ব স্থিতি ভেত্তি হাবং) জয়তি (উৎকর্ষেণ বর্ত্তে) ॥ ৪ ॥

ভূমণ্ডলে অবতীর্ণ, সর্ব্বোৎকৃষ্ট বৃদ্ধিমান্, সকল-স্থরিশ্রেষ্ঠ মধ্বাচার্য্য সর্ব্বেব্যা বিষ্ণুপ্রাপ্তি-সাধনা ঋগাদিবিভা বিচার করিয়া থাকেন। স্থদর্শনচক্রাসন সহস্রদিক্পরিব্যাপ্তকিরণমণ্ডল স্থদর্শনরূপী নারায়ণ সেই

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

মধ্বাচার্য্যের নিয়ামক। সেই বিষ্ণু অরের স্থার প্রিয়, ব্যাসমুখ হইতে মধ্বাচার্য্যের শাস্ত্র-শ্রবণরূপ উৎকৃষ্ট সেবার মধ্যে অধিষ্ঠিত থাকিয়া সর্বোৎকর্ষে বিরাজ করিতেছেন। অর্থাৎ মধ্বাচার্য্য যে ব্যাসগুরুর নিকট হইতে শ্রোতপন্থার শাস্ত্র শ্রবণ করেন, তাহা পরমোৎকৃষ্ট অরের স্থার পৃষ্টি-তৃষ্টি ও ভবক্ষ্ধানিরন্তি-কারক। মধ্বাচার্য্যের সেই শাস্ত্রশ্রবণ-কালে স্থদর্শনরূপী বিষ্ণু স্বয়ং তথার অধিষ্ঠিত থাকেন; তাৎপর্য্য এই যে, শ্রোতপন্থার মধ্যে কোনও প্রকার কৃদর্শন বা মায়ার প্রভাব নাই। সেখানে সাক্ষাৎ স্থদর্শনরূপী পরম-ব্রহ্ম স্থদর্শন-চক্রে আরের হইয়া শক্ব-ব্রহ্ম স্থানে বিরাজ্যিত থাকেন। সেই শ্রোতর্যাণী-শ্রবণে জীবের সর্ব্যাস্থল লাভ হয়॥ ৪॥

সপ্ত স্বসূররুষীর্বাবশানো বিদ্বান্ মধ্ব উজ্জ্ভারাদৃশে কম্। অন্তর্যেমে অন্তরিক্ষে পুরাজা ইচ্ছন্ বব্রিমবিদৎ পূষণস্তা॥ ৫॥

বাবশানঃ (অতিশরেন দীপ্যমানঃ) কং (আনন্দর্রপং বিষ্ণুম্) বিধান্
(সাক্ষাৎ পশুন্) মধ্বঃ (মধ্বাচার্যঃ) অরুবীঃ (রোষাদিদোষবিরুদ্ধশুণদাঃ। প্রলব্ধে ভগবদতিরিক্তর্ষিরহিতাঃ)। স্বসূঃ (স্বতন্ধভগবৎ
স্থতাঃ) সপ্ত (ঋগ্যজুঃ-সামাথর্জপঞ্চরাত্র-পুরাণ-ভারতাখ্য-সপ্তবিভাঃ)
দূশে (তৰ্জ্ঞানায়) উজ্জভার (উর্দ্ধং জহার অপ্রমাণহ-পৌরুষেয়ন্তমিথ্যান্থাত্ত্বাবেদকত্বাদিনাধঃপতিতাঃ অপৌরুষেয়-তত্বাবেদক-প্রমাণন্ধেন
সাধ্যামাসেতি যাবৎ) পূর্বভূ (পূর্ণবিজ্পুণ্ডল্ভ বিষ্ণোঃ) বব্রিং (বরণং
প্রসাদা্ম্ হিচ্ছন্ (বাঞ্ছন্ মধ্বঃ) অন্তর্গিকে (অব্যারুতাকাশে)
পুরাজ্ঞাঃ (স্টেঃ পূর্কমেব) (অভিব্যক্তাঃ) বিভাঃ অবিদৎ
(জ্ঞাতবান্) অন্তঃ (সাধূনাং হৃদয়ান্তঃ) যেমে (নিয়ময়ৎ
প্রেরয়ামাসেতি যাবৎ)॥ ৫॥

চতুর্থ অধ্যায়—শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

অতিশয়িত দীপ্তিমান্ আনন্দ-স্বরূপ প্রীবিষ্ণুর প্রত্যক্ষকারী প্রীমন্মধ্বাচার্য্য রোষাদিদোষ-বিরুদ্ধগুণ-প্রদায়িনী অথবা প্রলয়কালে ভগবদতিরিক্তঋষিরহিতা স্বপ্রকাশ-ভগবৎ-প্রীমুথ নিংস্তা ঋগ্-যজুং-সামাথর্ম-পঞ্চরাত্রপুরাণ-মহাভারতাখ্যা সপ্তবিছা জীবের তত্তজানার্থ উর্দ্ধে স্থাপন করিয়াছিলেন। স্বাচ্টির পূর্ব্বে মধ্বাচার্য্য পূর্ণ বড় গুণ-বিশিষ্ট বিষ্ণুর প্রদাদ ইচ্ছা
করিয়া অব্যাক্ষতাকাশে প্রকাশিতা বিছা জ্ঞাত হইয়াছিলেন এবং সাধুগণের অন্তঃকরণে সেই বিছা প্রদান করিয়াছিলেন ॥ ৫ ॥

বিষ্টান্তো দিবো ধরুণঃ পৃথিব্যাঃ বিশ্বা উত্ত ক্ষিত্যাে হস্তে অস্ত । অসত্ত উৎসাে গৃণতে নিযুত্বান্ মধ্বাে অংশুঃ পবতে ইন্দ্রিয়ায় ॥ ৬ ॥

(হে বায়ো,) দিবং (স্বর্গস্ত) বিষ্টন্তঃ (আধারভূতঃ) পৃথিব্যাঃ (ভূলোকস্ত)
ধরুণঃ (ধারণশীলঃ) উৎসঃ (হরিস্তাতিকরণে উৎস্কঃ) নিযুত্বান্ (নিতরাং
হরিবিষয়কযোগবান্ 'যুৎ যোগে' ইতি ধাতুঃ)। তে (তব) অংশুঃ (মূলরূপাংশঃ) মধ্বঃ (মধ্বচোর্যাঃ) অসৎ (হর্জনাগম্যং পরংব্রহ্ম) গৃণতে
(স্তৌতি) ইন্দ্রিয়ায় (ইন্দ্রিয়াণাং চলনায়) পবতে (সর্বপ্রোণিশরীরেয়ু
সঞ্চরতি যদ্ব।) ইন্দ্রিয়ায় (সজ্জনবাগিন্দিয়ায়) পবতে (দেশে দেশে সঞ্চরতি) অস্ত (মধ্বস্তা) হস্তে (করে) বিশ্বাঃ (স্মস্তাঃ) ক্ষিতয়ঃ উত
(লোকান্চ বর্ত্তির ইতি শেষঃ)॥ ৬॥

হে বায়ো, স্বর্গের আধারভূত, পৃথিবী-ধারণশীল, ভগবৎ স্তুতিকার্য্যে উৎস্ক্ক, নিয়ত শ্রীহরি-সেবায় যুক্ত মধ্ব তোমার মূলরূপের অংশ-স্বরূপ। মধ্ব হর্জনগণের বুদ্ধির অগম্য পরব্রহ্মকে স্তব করিতেছেন। তিনি সর্ব্ধপ্রাণীর ইন্দ্রিয় ভগবৎ-সেবার্থ প্রেরণ করিবার জন্ম তাহাদের শরীরে সঞ্চরণ করিয়া থাকেন অথবা সজ্জনগণের বাগিন্দির ভগবৎ-

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

কীর্ত্তনে প্রেরণ করিবার জন্ম দেশে দেশে বিচরণ করিয়া থাকেন। শ্রীমধ্বাচার্য্যের হস্তে নিথিল লোক বিরাজিত অর্থাৎ তিনি জগদ্-গুরু গোস্বামী॥৬॥

সিংহং নসন্ত মধ্বে। অরাসং হরিমক্রযং দিবো অস্ত পতিম্। পুরো যুৎস্থ প্রথমঃ পৃক্ততে গা অস্ত চক্ষসা পরিপাত্যক্ষা॥ ৭॥

যুৎস্ন (বাগ্যুদ্ধেরু) শ্রঃ (শোর্যাবান্) প্রথমঃ (জ্বীবেরু প্রথমঃ) মধ্বঃ (মধ্বাচার্যাঃ) অশু (স্থানশু) দিবঃ (জ্ঞানশু) পতিম্ (অধিপতিম্) অরুষং (ভক্তেরু কোপরহিতম্) অরামং (স্তন্তাদাগতম্) হরিং (ত্রজ্ঞান-সংহারকম্) নসন্ত (বিবৃতনামাপুটং, স্থপাং স্থলুগিতি স্ত্রেণ স্থলোপঃ) সিংহং (নরসিংহম্) গাঃ (ঝগাদিবিতাঃ) পৃচ্ছতে (শিয়ো ভূত্বা অর্থ-বিশেষং পৃচ্ছতি) অশু (নরসিংহশু) চক্ষমা (জ্ঞানচক্ষা) উক্ষা (জ্ঞান-প্রেপিত) ॥ ৭ ॥

বাগ্যুদ্ধে প্রবলবীর, নরোত্তম মধ্বাচাধ্য স্কেজনগণের জ্ঞানের অধিপতি, স্বীয় ভক্তগণের প্রতি কোপরহিত, স্তম্ভনির্গত, বিস্তারিত-নাদাপুট, ফুর্জন-সংহারক নৃসিংহদেবের নিকট শিয়ত্ব অঙ্গীকার করিয়া ঋগাদিবিদ্যা শিক্ষা করেন। এই নৃসিংহদেবের রুপা-দৃষ্টি-লব্ধ জ্ঞানের প্রচার করিয়া মধ্বাচাধ্য সজ্জনগণকে পরিপালন করেন॥ १॥

ইদং তে পাত্রং সনবিত্তমিক্র পিবাসোমমেন। শতক্রতো। পূর্ণ আহাবো মদিরস্থ মধ্বো যং বিশ্ব ইদভি হর্যন্তি দেবাঃ॥ ৮॥

চে শতক্রতে।, (অপরিমিতজ্ঞানপূর্ণ) ইন্দ্র (পরমেশ্বর্যাপূর্ণ ভগবন্) সনবিত্তং (দানযোগ্যবৈরাগ্য-জ্ঞানভক্ত্যাদিবিত্তবং) ইদং (বক্ষ্যমাণম্) তে (তব) পাত্রং (সরিধানযোগ্যং স্থানম্) এন (অনেন দত্তমিতি শেষঃ) গোমং (সোমরসম্) পিব (তক্ত পানং কুরু)। মদিরস্ত (মতঃ ঈরণং

চতুর্থ অব্যায়—শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

েথেরণং যশ্ত তম্ভ বেদোৎপরজ্ঞানশ্রেত্যর্থঃ) পূর্ণঃ (পরিপূর্ণঃ) আহাবঃ
(আ সমস্তাৎ হাবঃ জ্ঞানহবনং যশ্বাৎ সঃ) মধ্বঃ (মধ্বাচার্যঃ ইদং
তে পাত্রমিতি পূর্বেণ সম্বন্ধঃ)। যং (মধ্বং) বিশ্বে (সর্বে) দেবাঃ
(স্থর্বাঃ) ইৎ (ইখং) অভি (অভিতঃ) হর্যন্তি (জ্ঞানরসসংগ্রহায়
প্রাপ্তুবন্তি)॥৮॥

হে অপরিমিত-জানবান্ পরিমেশ্ব্যপূর্ণ-ভগবন্, দানযোগ্য-বৈরাগ্য-জান-ভক্তাদি বিত্তবান্ মধ্ব আপনার আবাসযোগ্য পাত্র। মধ্বকর্তৃক প্রদত্ত সোমরস পান করুন্। এই মধ্বাচার্য্য বেদোৎপন্ন জ্ঞানপূর্ণ। ইনি সজ্জনগণের নিকট জ্ঞানোপদেশ করিয়া থাকেন। নিখিল স্থরিগণ জ্ঞানরসলাভের জন্ম এই মধ্বাচার্য্যকে আশ্রয় করিয়া থাকেন॥ ৮॥

মধ্বো বো নাম মারুতং যজতাঃ প্রযজেষু শবদা মদন্তি। যে রেজয়ন্তি রোদসী চিতুরী পিন্বস্তাৎসং যদয়াস্থরুগ্রাঃ॥ ৯॥

(মরুৎস্তুক্ত বেদপুরুষঃ বাষুবভারান্ প্রার্থরতে)। উগ্রাঃ (কুরাঃ হে বাষুবভারাঃ,) যং (যশ্মাৎ ভবস্তঃ) উর্বী (উর্বীং ভূমিমিতি যাবৎ) অয়াস্থঃ (আজগ্মঃ তত্মাৎ) উৎসং (স্বদেবোৎস্কুকং পুরুষং) পিরন্তি (ভাগ্য-দেচনেন রক্ষন্তি) যে চিৎ (যে কেচিৎ) উর্বী (উৎরুষ্টে) রোদসী (দ্যাবাপৃথিব্যে)) তরেজয়ন্তি (রাজয়ন্তি প্রকাশয়ন্তীতি যাবৎ তেষু অবতারেষু) বঃ.(ভবৎসম্বন্ধী) মধ্বঃ নাম (মধ্বাণ্যাবভারঃ) তং মারুতং (মুখ্যবাষ্বাবভারং মধ্বাচার্য্যম্) যজ্ঞাঃ (যাজকাঃ) শবসা (ভোত্ঞেণ) প্রমদন্তি (সন্তোষয়ন্তি যবা) যজ্ঞাঃ (যজমানঋত্বিক্সভ্যাঃ) শবসা কর্মানির্বর্যাখ্যাত-ব্রাহ্মণথণ্ডার্থদর্শন-স্থেন) প্রমদন্তি (মদ্ যুক্তা ভবন্তি)॥ ১॥

সরুৎস্থকে বেদাভিমানী দেবতা বায়ুর অবতার-সমূহকে স্তব

বৈষ্ণবাচার্য্য মধ্ব

করিতেছেন,—হে উগ্রবায়-অবতারগণ, যেহেতু আপনারা প্রপঞ্চে অবতরণ করিয়াছেন, সেই হেতু রূপাপূর্ব্ধক আপনাদের সেবায় উৎসাহ-বিশিষ্ট পুরুষগণের প্রতি প্রদাদ বর্ষণ করিয়া তাঁহাদিগকে রক্ষা করুন্। যে বায়ুর অবতারগণ স্বর্গ, মর্ত্ত্য লোকদ্বয় প্রকাশ করিয়া থাকেন, সেই অবতারগণের মধ্যে ভবৎ সম্বন্ধী 'মধ্ব'-নামক অবতার অগ্রতম : সেই মুখ্য বায়ুর অবতার মধ্বাচার্য্যকে ভক্তগণ স্তোত্রের দ্বারা সম্ভন্ত করিয়া থাকেন অথবা ঋত্বিগ্গণ মধ্বাচার্য্যক্ত 'কর্মনির্ণয়' গ্রন্থে ব্যাখ্যাত 'ব্রাহ্মণথণ্ডার্থ' দর্শনে আনন্দিত হইয়া থাকেন ॥ ৯ ॥

তদস্য প্রিয়মভিপাথো অশ্যাং নরো যত্র দেবষবো মদস্তি। উক্লক্রমস্য স হি বন্ধুরিত্থা বিষ্ণোঃ পরমে মধ্ব উৎসঃ॥ ১০॥

প্রিয়ং (দর্বমুনিপ্রিয়ম্) তৎ (প্রিদিন্ধম্) অশু (নারায়ণশু) অভিপাথঃ (দর্বাঙ্গেরু অভিষিক্তং জলম্) নরঃ (মনুষ্যঃ অহম্) অশ্রাং (প্রাশনং ক্র্যাম্) যত্র (তীর্থে) দেব্যবঃ (ত্রন্ধাদিদেবাঃ) মদন্তি (হর্ষং ক্র্বিন্তি) পরমে (উত্তমে) বিক্ষোঃ (নারায়ণশু) পদে (পাদে) উৎসঃ (উৎস্ক হঃ) সঃ মধ্বঃ (দ মধ্বাচার্যাঃ) ইথা (পূর্ব্বোক্তরীত্যা) উক্তরুমশু (উৎকৃষ্টি পাদনিক্ষেপ্বতঃ ত্রিবিক্রমশ্র) বন্ধুঃ হি (পুত্রতয়া শিষ্যতয়া চ বন্ধুরেব) ॥

সর্বজ্বন-প্রিয় ত্রিবিক্রম-বিষ্ণু-পাদোদক নররূপী আমি পান করিতে ইচ্ছা করি। উরুক্রমের পদাঘাতে সেই ব্রহ্মাণ্ড-কটান্থ-ভিন্ন ঘনোদকে ব্রহ্মাদি দেবতাগণও আনন্দ অন্তব করিয়া থাকেন। বিষ্ণুর সেই পরমপদে উৎসাহবিশিষ্ট মধ্বাচার্য্য ব্রহ্মাদি দেবগণের ভায় ত্রিবিক্রম দেবের পর্ম প্রীতিভাজন॥ ১০॥

বলিত্থা তদ্বপুষে ধায়ি দর্শতং দেবস্থা ভর্গঃ সহসো যতো জনি। যদীমুপহ্বরতে সাধতে মতি ঋতস্থা ধেনা অনয়ন্ত সত্রুতঃ ॥ ১১॥

চতুর্থ অধ্যায়—শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

সহসঃ (বলপূর্ণস্ত) দেবস্ত (বায়ুদেবস্ত) বট্ (বলাত্মকং) দর্শতং (দর্শেন জ্ঞানেন ততং ব্যাপ্তম্) ভর্মঃ (ভরণগমনশীলম্) তৎ (মূলরূপম্) বতঃ (বত্মাৎ বিক্ষোঃ) অজ্ঞানি (উৎপল্লমভূৎ) ইথা (ইথমেব মূল-রূপবদেবেতি যাবৎ) বপুষে (অবতাররূপায়) ধায়ি (অধায়ি প্রথমাবতারং হত্মস্তং স্তোতি)॥ যদীং (য এব) মতিঃ (মতিমান্ হত্মশক্ষ জ্ঞান-বাচিত্মাৎ মতিমান্ হত্মান্) উপ (রামসমীপে) হ্বরতে (সঞ্চরতে 'হ্বর' ক্রীড়া কোটিল্যযোরিতি ধাতুঃ, রামসমীপে কুটিলঃ ন্ম্রীভূয় তিষ্ঠতি)। সাধতে (রামকার্যাণি সাধ্যতি) ঋতস্ত (জ্ঞানরূপস্ত অরণ্যবাদে সত্য প্রতিজ্ঞস্ত বা রামস্ত) সক্রতঃ (অমৃতপ্রাবিণীঃ) ধেনাঃ (সজ্জনপোষণকর বাচঃ) অনয়স্ত (আনীতবান্)॥ ১১॥

যেরপ বিষ্ণু হইতে উৎপর প্রধান বায়ু বা মুখ্যপ্রাণ জ্ঞানবল ও দেহবল বল-বিশিষ্ট, সেইরপ বলপূর্ণ বায়ুদেবের অবতারেও জ্ঞানবল ও দেহবল সঞ্চারিত হইয়াছে অর্থাৎ অবতারীর গুণ অবতারেও প্রবিষ্ট আছে। ইহা দারা প্রধান বায়ুর প্রথম অবতার শ্রীহমুমানকে তব করিতেছেন। সেই হমুমান রামসেনামধ্যে বিশেষ বুদ্ধিমান্; তিনি সর্বাদা রামচন্দ্রের স্মীপে বিনীতভাবে সঞ্চরণ করেন এবং রামকার্য্য-সমূহ সাধন করিয়া থাকেন। এই হমুমানই সত্য-প্রতিজ্ঞ শ্রীরামচন্দ্রের অমৃতপ্রাবিণী সজ্জন-প্রোধণকারিণী বাণী সীতা-সমীপে আনয়ন করিয়াছিলেন॥ ১১ ॥

পৃৎক্ষো বপু: পিতুমান্নিত্য আশয়ে দ্বিতীয়মাসপ্ত শিবাস্থ মাতৃষু॥ ১২॥

বারোর্বিতীয়াবতারং ভীমসেনং স্তোতি। পৃৎক্ষ ইতি)। অশু (বারোঃ)
পৃৎক্ষঃ (কোরবপূতনাক্ষরকারি) দ্বিতীয়ং (হরুমদপেক্ষয়া দ্বিতীয়ম্)
বপুঃ (ভীমসেনরূপম্) পিতুমান্ (বহুবরং ভোক্তা পিতুরিত্যর্নমিতি-

विकवानाया मध्व

শ্রুতিঃ)। নিত্যঃ (নিত্যজ্ঞানত্বাৎ নিত্যঃ) সপ্ত (সপ্তসংখ্যাস্থ) শিবাস্থ (মঙ্গলাস্থ) মাতৃষু (মীয়স্তে অর্থাঃ আভিরিতি মাতৃশব্দবাচ্যঋগাদিষু) আ (সমস্তাৎ) শয়ে (শেতে সর্ব্বিত্ত বিমর্শনং করোতি ইতি বাবৎ)॥ ১২॥

বারুর দিভীয়াবতার ভীমসেনকে স্তব করিতেছেন,—কোরব-সৈত্য-ধ্বংসকারী ভীমসেন বায়ুর দিভীয় অবতার। তিনি বহু অরের ভোক্তা। তিনি নিত্য জ্ঞানবান্। তিনি সর্ব্যক্ষণ-প্রাণারিনী সপ্ত-ঋগাদি-বিত্য। সর্বতি বিচার করিয়া থাকেন॥ ১২॥

তৃতীয়মশু ঋষভশু দোহদে দশপ্রমতিং জনয়ন্ত যোষণঃ। নির্যদীং বুধান্মহিষশু বর্পদ ঈশানাসঃ শবসাক্রন্ত সূরয়ঃ। যদীমনু প্রদিবো মধ্ব আধ্বে গুহাসন্তং মাত্রিশা মথায়তি। ১৩॥

বোষেস্থতীয়াবতারং মধবং স্তোতি)। ঋষভত্ত (শ্রেষ্ঠত্ত) অত্ত বোরোঃ)
তৃতীয়ং (বপুঃ তৃতীয়াবতারং) য়োষণঃ (বেদাভিমানি শ্রীভূহর্নাখাঃ
যোষিতঃ) দোহদে (জ্ঞানদোহার) দশপ্রমিতিং (পূর্ণপ্রজ্ঞনামকম্ 'দশেতি
পূর্ণমুদ্দিইং প্রমতিজ্ঞানমুচ্যতে' ইতি কোশঃ) জনয়ন্ত (অঙ্গনয়ন্ত)।
বৃধাৎ (জ্ঞানরূপাৎ) যৎ (যক্ষাৎ মধ্বাৎ) ঈং (ইথং) ঈশানাসঃ
(ঈশানাতাঃ) সরয়ঃ মহিষত্ত (সর্বোত্তমত্ত নারায়ণত্ত) বর্পসঃ (বরণীয়ত্বাৎ
পালকত্বাৎ নর্পোনামকান্ গুণান্) শবসা (স্তোত্রেণ) নিয়াক্রন্ত ('ক্রন্দিগতি
শোষণয়ো'রিতি ধাতোঃ নিতরামজানন্) যৎ (যক্ষাৎ) প্রদিবঃ (প্রকৃত্তীন্তাশ্বান্) মধবঃ (মধ্বাখ্যঃ) মাতরিশ্বা (বায়ঃ) অন্ত জ্লেমানস্তরমেব) গুহাসন্তং (হালয়গুহায়াং বিত্তমানং নারায়ণম্) আধবে (আ সমস্তাৎ
ধবে পতিত্বে) মথায়তি (বেদশাস্তাদিমথনং করোতি)॥ ১০॥ . "

া বায়ুর তৃতীরাবতার মধ্বাচার্য্যকে স্তব করিতেছেন,—শ্রীমন্মধ্ব শ্রেষ্ঠ বায়ুর তৃতীর অবতার। বেদাভিমানিনী শ্রী-ভূ-ত্র্গাখ্যা শক্তি পৃথিবীতে

চতুর্থ অধ্যায়—শ্রীমধ্ব বায়ুর তৃতীয় অবতার

জ্ঞান-প্রচারার্থ 'পূর্ণপ্রজ্ঞ' নামক পুরুষকে অবতীর্ণ করাইয়াছিলেন অর্থাৎ পৃথিবীতে জ্ঞান-প্রচারার্থ পূর্ণপ্রজ্ঞ-নামক বায়ুর তৃতীয়াবতারের আবির্ভাবের কথা বেদে শ্রুত হইয়া থাকে। এইরূপ জ্ঞানপূর্ণ মধ্বাচার্য্য হইতে শিবাদি দেবতাগণ স্তোত্রাদিপ্রণিপাত-পরিপ্রশ্ন সেবাসহকারে পুরুষোত্তম বিষ্ণুর শুণাবলী শ্রবণ করিয়াছিলেন। যেহেতু প্রকৃষ্ট জ্ঞান-প্রকাশবান্ বায়ুরূপ মধ্বাচার্য্য জগতে আবিভূতি হইবামাত্রই শাস্তাদিমন্থন করিয়া স্বীর হৃদয়-শুহার অবস্থিত বিষ্ণুর সর্বোত্তমত্ব প্রচার করিয়াছিলেন॥ ১৩॥

বায়ে দিব্যানি রূপাণি পদ্মত্রয়্বৃতানি চ।

ত্রিকোটি মৃর্ত্তিসংযুক্তন্ত্রেতায়াং রাক্ষসান্তকঃ ॥

হামুপ্রাণাক্ত হতুমানিতি বিখ্যাতো রামকার্য্য-ধুরন্ধরঃ ।

থমাণ স্বায়্রতীমসেনোভূদ্দাপরান্তে কুরন্ধহঃ ॥

কৃষ্ণং সংপূজয়ামাস হত্বা তুর্য্যোধনাদিকান্ ।।

দ্বিপায়নস্থ সেবার্থং বদর্য্যাং তু কলো যুগে ।

বায়ুশ্চ যতিরূপেণ কৃষা তুঃশাস্ত্রখণ্ডনম্ ।।

ততঃ কলিযুগে প্রাপ্তে তৃতীয়ো মধ্বনামকঃ ।

ভূরেখাদক্ষিণে ভাগে মণিমদ্গর্বশান্তয়ে ।

ধিকুর্বন্ তৎপ্রভাং সম্ভোহবতীর্ণোহত্র দ্বিজান্বয়ে ॥

বায়ুপুরাণে বর্ণিত আছে যে,—প্রধান বায়ুব পদ্মত্রয়পরিমিত দিব্যরূপ বিরাজিত আছে। ত্রেতাযুগে ত্রিকোটিমূর্ত্তি-সংযুক্ত অর্থাৎ ত্রিকোটি অমুচরগণের অধিনায়ক রাক্ষসকুলের বিনাশক, রাম-দেবায় স্ক্রাগ্রনী 'হমুমান' নামে বিখ্যাত বায়ুর প্রথম অবতার। সেই বায়ুদেব স্থাপরাত্তে কুরুবংশে আবিভূতি হইয়া 'ভীমদেন' নামে খ্যাত হইয়াছিলেন

এবং ত্র্যোধনাদি তৃষ্টগণকে বিনাশ করিয়া প্রীকৃষ্ণকে বিশেষরূপে পূজা করিয়াছিলেন। অনস্তর কলিকাল আগত হইলে মধ্ব-নামক বায়ুর তৃতীয় অবতার ভূরেখার দক্ষিণ ভাগে 'শিবাল্লী' ব্রাহ্মণবংশে অবতীর্ণ হইরাছিলেন এবং সন্ন্যাসীরূপে বদরিকাশ্রমে গমন করিয়াছিলেন। তিনি কলিযুগে তৃঃশান্ত্র-সমূহ খণ্ডন করিয়া কৃষ্ণ-দ্বৈপায়ন বেদব্যাসের সেবা-বিধান করিয়াছিলেন। মণিমান রাক্ষসের গর্ম্বপাত ও তাহার প্রতিভা সন্থ শ্লান করিবার জন্মই কলিযুগে মধ্ব-নামক বায়ুর তৃতীয় অবতারের আবির্ভাব।

পঞ্চম অধ্যায়

আচার্য্যের অভ্যুদয়-কাল-নির্ণয়

মধ্বাচার্য্যের আবির্ভাব-কাল সম্বন্ধে বহু মতভেদ দৃষ্ট হয়। তত্ত্ববাদিগণ বলেন যে, শ্রীমন্মধ্বাচার্য্যের সাক্ষাৎ শিষ্য শ্রীহুষীকেশতার্থ
মহাভারত-তাৎপর্যাধৃত বাক্য হইতে শ্রীমন্মধ্বাচার্য্যের আবির্ভাব-কাল
বিষয়ে যেরূপ নির্দ্দেশ করিয়াছেন, তাহাই স্থির
বর্ত্তমান ভত্ত্বাদিগণের
মত বিষয়ে যেরূপ নির্দ্দেশ করিয়াছেন, তাহাই স্থির
শিদ্ধান্ত। মহাভারতীয় শান্তিপর্বের মোক্ষধর্ম্মে
ভীন্ম পঞ্চপাগুবকে বলিয়াছিলেন যে, কলিযুগে
চতৃঃসহস্র বর্ষের পর পাগুবগণের প্রন্তায় জগতে আবির্ভাব
হইবে। এই ভীয়োক্তি অবলম্বনে ভারত-তাৎপর্য্য-নির্ণয়ে এইরূপ
দৃষ্ট হয়,—

"চতুঃদহত্রে জুিশতোত্তরে গতে সংবৎদরণান্ত কলো পৃথিব্যাম্। জাতঃ পুনঃ বিপ্রতন্ত্রঃ দ ভীমো দৈতৈয়নিগৃঢ়ং হরিতত্বমাহ॥"

—কলিযুগে ত্রিশতোত্তর চতুঃসহস্র (৪০০০) সংবৎসর অতীত হইলে পৃথিবীতে পুনরায় ভীমসেন বিপ্রভন্ধরূপে অবতীর্ণ হইয়া জগতে দৈত্য-কর্তৃক আচ্ছাদিত বিষ্ণুতর প্রচার করিয়াছেন। এই বাক্য অবলম্বন করিয়া শ্রীমন্মধ্বাচার্য্যের সাক্ষাৎ শিশ্য অষ্টমঠের অক্সভন্ম 'পলমার' নামক আদি মঠের মূল মঠাধীশ শ্রীহ্রষীকেশতীর্থ তদ্রচিত 'অমুমধ্বচরিত' গ্রম্থে এইরূপ লিথিয়াছেন,—

रेनक्षनाहार्या मधन

জ্রিকশতীর্থের মত

"ত্রিশতাকোত্রচতুঃসহস্রাক্ষেত্র উত্তরে।
একোনচত্বাবিংশাকে বিলম্বিপারবংসরে॥
আধিজ-শুক্রদশমী-দিবসে ভূবি পাবনে।
পাজকাথ্যে শুচিক্ষেত্রে হুর্গয়া চাভিবীক্ষিতে॥
জাতো মধ্যাহ্ল-বেলায়াং বুধবারে মকভুনুঃ।
ভূসুরেক্রোপনীতো যঃ ততঃ একাদশাককে॥
সৌম্যে জ্বগ্রাহ ভগবান্ তুরীয়াশ্রমমৃত্রমম্।
মধ্বনামা জিগায়ায়ং বাদিনো বাদকৌশলী॥
একোনাশীতিবর্ষাণি নীত্ব। মানুষদৃষ্টিগঃ।
পিজলাকে মাঘশুদ্ধনবম্যাং বদরীং যথো॥"

প্রীক্ষনীকেশতীর্থের বিচার গ্রহণ করিলে শ্রীসন্মধ্বাচার্য্যের আবির্ভাব-কাল ৪০০৯ কল্যন্দে নির্ণীত হয়। বর্ত্তমানে তত্ত্বাদিপঞ্জিকার মতে ১২৯ কল্যন্দ চলিতেছে। ঐ পঞ্জিকার মতে শীমসেনের গদাপ্রহারে হর্যোধনের পতনের পর যুধিষ্ঠিবের বাজ্যারম্ভকাল হইতে কলিযুগান্দ গণনা করা হয়। শ্রীমধ্বের আবির্ভাবকাল শ্রীম্বাকেশতীর্থের বিচারামুসারে ৪০০৯ কল্যন্দে স্থিরীকৃত হইলে বর্ত্তমানকাল হইতে ৬৯০ বংসর পূর্বের্থ প্রাবির্ভাব ইয়াছিল জানা যায়। অমুমধ্বচরিতে শ্রীম্বীকেশতীর্থ বলেন, নারায়ণভট্ট-তনয় বাস্থদেব পাজকাক্ষেত্রে ৪০০৯ কলিযুগান্দে বিলম্বি বংসরে আধিন মাসের শুক্লা দশ্মী তিথিতে (বিজ্ঞা দশ্মীতে) বৃধ্বারে মধ্যাহ্ণকালে আবিভূতি হন। অন্তম্মীয় বর্ত্তমান তত্ত্বাদিগণ অনেকেই শ্রীম্বীকেশতীর্থের মতকে সমীচীন বলেন।

কিন্তু এই বিচার সর্ববাদিসম্মত নহে। এই কাল বিষয়ক গবেষণায় আমরা সর্বা্ত্রে ছয়টী মূল প্রমাণ উদ্ধৃত করিতেছি:—

পঞ্চম অধ্যায়—আচার্য্যের অভ্যুদয়-কাল-নির্ণয়

- (২) শ্রীভাণ্ডারকার দৃষ্ট পূর্ব্ব মঠ তালিকা এবং বায়ুপুরাণ প্রমাণ।
 ভাণ্ডারকার বলেন,—বার্হস্পত্য বর্ষ নিরূপণ ব্যতীত অতি প্রাচীন মঠভাণ্ডারকারের মত
 তালিকার শকাদির উল্লেখ নাই। পর পর মঠ
 ভালিকার গণনা দ্বারা অনুমানক্রমে শক বর্ষাদি
 নিরূপিত হইয়াছে। অদমার মঠস্বামী মহোদয়ের সমক্ষে শ্রীপদ্মনাভাচার্য্য
 সম্প্রতি উড়ুপীস্থ পণ্ডিতকুলকে আহ্বান পূর্ব্বক বায়ুপুরাণ ও অন্তান্ত
 ভাপ্রামাণিক উদ্ধৃত শ্লোকাদি হইতে জানিয়াছেন যে, বিলম্বি বর্ষে মধ্বের
 জন্ম হয়। বায়ুপুরাণের শ্লোকার্থ মাঘী শুক্রা দপ্রমী বিলম্বি বর্ষে
 আচার্য্যের জন্ম, আবার অন্ত শ্লোকের মতে ঐ বর্ষে বিজয়া দশ্মীতে
 জন্ম হয়।
- (২) উড়ূপীস্থ অন্তমঠস্বামিগণের এবং উত্তরাঢ়ী মূলমঠের তীর্থস্বামী
 মহোদয়ের মঠ-তালিকা। সংকথা নামক কানাড়ি ভাষায় ভীমরাও
 স্বামিরাও লিখিত গ্রন্থ যাহা ধারবাড়ের প্রসাদ
 উত্তরাঢ়ী মঠের
 মঠ-তালিকার প্রমাণ
 শ্রীমধ্বের অভ্যুদয়-কাল বিলম্বি বর্ষে ১০৪০ শকাক
 বিলিয়া উল্লিখিত আছে। শ্রীমাধ্ব পণ্ডিতগণ এই মঠ-তালিকাকে
 বিশেষ সম্মান করেন। কেহই ইহাতে সন্দিহান হইতে পারেন না।
- (৩) শ্রীমন্মধ্বাচার্য্য স্বপ্রণীত মহাভারত-তাৎপর্য্য-নির্ণয় গ্রন্থে কালের বিষয় হই স্থানে উল্লেখ করিয়াছেন,—

মধ্বের মহাভারত-তাৎপর্যা নির্ণয়ের প্রমাণ প্রারশো রাক্ষসাশ্চৈব ত্বরি রুক্তত্বমাগতে।
শেষা যাশুন্তি তচ্ছেষা অষ্টাবিংশে কলো যুগে।
গতে চতুঃসহস্রাদে তমোগান্তিশতোত্তরে॥ ১০০॥
তা, নি ৯ অধ্যার।

চতু:সহস্রে ত্রিশতোত্তরে গতে সম্বংসরাণাস্ক কণৌ পৃথিব্যাম্। জাতঃ পুনব্বিপ্রতন্ত্র: স ভীমো দৈত্যৈনিগৃঢ়ং হরিতত্ত্বমাহ॥ ১৩১॥ তা, নি ৩২ অধ্যায়।

মহাভারত-তাৎপর্য্য-নির্ণয়ের স্থানদ্বরে যে কালের উল্লেখ উদ্ধৃত ভইল। তাহাতে শ্রীমধ্বমূনি ৪০০০ কলান্দ অতীত হইলে পর অর্থাৎ চতুশ্চম্বারিংশ কলি-শতাকীতে তাঁহার উদয়কাল নিরূপণ করেন। ঠিক শতাকী প্রারম্ভেই তাঁহার উদয়কাল এরূপ কথার নির্দেশ নাই। বিলম্বি বর্ষে তাঁহার জন্ম হয়,—একথা ভাগুরকার দৃষ্ট পূর্ব্বমঠ-তালিকাতে উল্লেখ আছে। আবার দেখা যায়, পর মঠ-তালিকার নিরূপিত শক এবং স্মৃত্যর্থসাগরলিথিত শক পরস্পর ভিন্ন হইলেও উভয়েই পরে বিলম্বীকে আশ্রয় পূর্ব্বক শকে পরিণত করিয়াছেন। দক্ষিণদেশে বার্হস্পত্যবর্ষের যথেষ্ট প্রচলন পূর্বেছিল। পরে ক্রমশঃ শকাদি লিখিত হয়। স্থতরাং ৪০০০ কল্যক্ষকে শকে পরিণত করিয়াই শ্রীকৃষ্ণ স্বামী আয়ার এবং দক্ষিণ কানাড়া জিলা ম্যানুরেল গ্রন্থে ১১২১ শকাকায় অর্থাৎ কল্যন্দ ৪০০০ বর্ষে শ্রীমধ্বের আবির্ভাব স্থির করেন। ডাক্তার बुकानन ১१৯৯ औष्ट्रोरक व्यर्श २१२२ मकारक महीमूत्र, कानाए। ७ ম্যালেবার রাজ্যের স্থানে স্থানে ভ্রমণ পূর্বক উদ্পীতে পণ্ডিতমণ্ডলী আহ্বান করিয়া আচার্য্যের জন্মকাল ১১২১ শকাব্দ স্থির করিয়াছেন। ৰুকাননের মূল প্রমাণ আর কিছুই নাই।

(৪) শ্রীমচ্ছলারিশ্বতি হইতে শ্রীগোপীনাথরাও "দক্ষিণাপুথে ছলারি নৃসিংহশ্বতির শ্রীবৈষ্ণবধর্ণ্যের লঘু ইতিবৃত্ত গ্রন্থের দ্বিতীয় গবেষণা প্রমাণ থতে" শ্রীমধ্বের উদয়-কাল জ্ঞাপক এই শ্লোকদ্বর উদ্ধার করিয়াছেন।

পঞ্চম অধ্যায়—আচার্য্যের অভ্যুদয়-কাল-নির্ণয়

কলো প্রবৃত্তে বৌদ্ধাদি মতং রামানুদ্ধং তথা।
শকে হোকোনপঞ্চাশদধিকান্দে সহস্রকে॥
নিরাকর্ত্ত্ব্ধাবায়ুং সন্মতস্থাপনায় চ।
একাদশ-শতে শাকে বিংশত্যপ্তযুগে গতে॥

ক্ষাতীরস্থ বাইক্ষেত্রনিবাসী বালাচার্য্যতমুক্ত উদ্ধবাচার্য্য, প্রীমদা-নন্দতীর্থ পূর্ণপ্রজ্ঞ-পাদ-প্রণীত "সর্ব্ধ-মূল" গ্রন্থের ভূমিকার এইরূপ লিখিয়াছেন:—

"উৎসরায়ায়ং পুনর্নিরূপয়িত্বং রোপ্যপীঠে হুপীঠে মধ্যগের স্থগেহে আবিরাস ভগবান্ দশশত-তম-শক-শতকে শ্রীমৎপূর্ণপ্রজ্ঞঃ স্থ্রজ্ঞঃ।" উক্তমেতচ্ছলারি-নৃসিংহাচার্য্য-ক্নত-স্বত্যর্থসাগরে। নৃসিংহাচার্য্যর মতে ১১০০ শকাকে শ্রীমধ্বের আবির্ভাব-কাল।

(৫) শ্রীনরহরি তার্থের প্রস্তরফণকত্ররের আর্কিরল্জিক্যাল বিভাগ কর্ত্ত্ক যেরপভাবে অর্থ সংগৃহীত হইয়াছে, তাহাতে জানা যায় যে, ১১৮৬ শকালা হইতে ১২১৫ শকালা পর্যান্ত উক্ত তার্থস্থামী কলিঙ্গ রাজ্যের শিশুরাজের অভিভাবক থাকিয়া নানা-ব্যুক্তর প্রমাণ শুকার মহিমা বিস্তার করিতেছেন। পুরুষোত্তম তীর্থের সন্ন্যাসী শিশ্য আনন্দতীর্থের নিকট নরহরি তীর্থ দীক্ষিত ইইয়াছেন। আনন্দতীর্থ ব্যাসের বিপথগামী অন্তচরবর্গকে দণ্ড দ্বারা স্থপথে আনরন করিয়াছেন। আনন্দতীর্থের বাক্যাবলী পালন করিলে জীব হরিপাদপদ্ম লাভ করেন। আনন্দতীর্থের বাক্য বিষ্ণুর অত্যন্ত প্রিয় এবং তৎপাদপদ্ম-দানে সমর্থ। এই শিলালিপি ১২০৩ শকান্দে থোদিত হয়। অধ্যাপক কিলহর্ণ এই প্রস্তর-ফলকের ভারিথ ২৯শে মার্চ্চ ১২৮১ খ্রীষ্টান্দে স্থির করিয়াছেন। কুর্ম্মাচল চিকা-

কোলে এবং দিংহাচল নুসিংহ-মন্দিরে ফলকদ্বপ্ত নরগরিতীর্থের তথায় অবস্থানের কাল নির্ণয় করে।

বিভারণ্য ভারতী ১২৬৮ শকাবে বিজয়নগর-রাজ হইতে তাঁহার শৃঙ্গেরিমঠের জন্ম ভূসম্পত্তি লাভ করেন। তিনি শ্রীমাধ্ব চতুর্থ শিষ্য অক্ষোভ্যের সমসাময়িক।

> অসিনা তত্ত্বমসিনা পরজীবপ্রভেদিনা। বিতারণ্যমরণ্যানীমক্ষোভ্যমুনিরচ্ছিনৎ॥

আবার বেদান্ত-দেশিক ত্রয়োদশ শক শতান্দীতে জীবিত থাকিয়া
বিজয়নগর-রাজের অমুরোধে বিভারণ্য ও অক্ষোভ্যের বিচার মীমাংসক
হইরাছিলেন। বেদান্ত-দেশিকের 'বৈভব-প্রকাশিকা' গ্রন্থে এই ঘটনার
উল্লেখ আছে। জয়তীর্থ-বিজ্ঞায়ে জয়তীর্থের সহিত
বেদান্তদেশিক, বিভারণ্য
বিভারণ্যতীর্থের সাক্ষাৎকার উল্লিখিত হইয়াছে।
বিভারণ্যতীর্থের সাক্ষাৎকার উল্লিখিত হইয়াছে।
বিভারণ্যতীর্থের সাক্ষাৎকার উল্লিখিত হইয়াছে।
বিভারণ্য নিজ গ্রন্থে জয়তীর্থের ভাষ্য উদ্ধার পূর্বক
বিচার করিয়াছেন। স্কুরাং বিভারণ্য, জয়তীর্থ,
অক্ষোভ্য ও বেদান্ত-দেশিক একই সময়ের ব্যক্তি। উপরি-উক্ত প্রমাণাবলী হইতে আমরা অল্প কথায় এই বুঝি বে, মধ্বের জন্মকাল;—

- (১) भकाका २०८०, ১১०० वा ১১५० विनशी वर्ष।
- (২) শকাকা ১০৪০।
- (৩) ১১২১ শকাব্দার পর কোন বর্ষে।
- (8) শকাব্য >> · · I
- (৫) নরহরিতীর্থ ১২০০ শকের পূর্ব্বে মধ্বের নিকট সন্ন্যাস গ্রহণ করেন ও ১২১৫ শকের পর তদীয় পীঠে অধিরোহণ করেন। প্রস্তর-ফলকত্রেয় ইহার প্রমাণ।

পঞ্চম অধ্যায়—আচার্য্যের অভ্যুদয়-কাল-নির্ণয়

(৬) ভিন্ন ভিন্ন কাল-তালিকা হইতে জ্বানা যায়, বিছারণ্য,
মধ্বশিশ্য অক্ষোভ্য ও বেদান্ত-দেশিক ত্রয়োদশ শক-শতান্দীর মধ্যভাগে বর্ত্তমান ছিলেন। এই প্রমাণগুলির মধ্যে কোন্টী গ্রহণ করা
কর্ত্তব্য, ভিন্নিয়ে একটী শুদ্ধ মীমাংসা হওয়া উচিত।
কোন প্রমাণ গ্রহণযোগ্য,
তদ্বিষয়ে বিচার ও
সিদ্ধান্ত
বিরুদ্ধ ইলেও অন্ত প্রমাণাবলীর মধ্যে পরস্পর
বিরুদ্ধ ইলেও অন্ত পাচটী প্রমাণের সকলগুলিরই পোষকতা করে। প্রথম প্রমাণের সহিত অন্ত প্রমাণগুলির
বিরোধ নাই।

দিতীয় প্রমাণ স্বীকার করিলে যদিও প্রথম প্রমাণের সহিত বিরোধ হয় না, তথাপি তৃতায়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ— এই প্রমাণ-চতুষ্টয়কে পরিত্যাগ করিতে হয়। তৃতীয় প্রমাণ শুদ্ধ বিলিয়া গ্রহণ করিলে দিতীয় ও চতুর্থ প্রমাণদ্ম ত্যাগ করিতে হয়।

চতুর্থ প্রমাণ স্বীকার করিলে যদিও প্রথম প্রমাণের সহিত বিরোধ হয় না, তথাপি দিতীয়, তৃতীয়, পঞ্চম ও ষষ্ঠ প্রমাণ-চতুষ্টয় ত্যাগ করিতে হয়।

পঞ্চম প্রাণা শুদ্ধ বিলিণে দিতীয় ও চতুর্থ প্রমাণ ব্যতীত প্রথম,
তৃতীয় ও ষষ্ঠের বিরোধ হয় না।

ষষ্ঠ প্রমাণ শুদ্ধ হইলে প্রথম, তৃতীয় ও পঞ্চম প্রমাণের সহিত বিরোধ হয় না এবং দিতীয় ও চতুর্থ প্রমাণের সত্যতা থাকে না।

এই প্রমাণগুলির প্রত্যেকটা, ভিন্ন ভিন্ন পক্ষের বিরুদ্ধ যুক্তির দারা কিরূপ আক্রমণযোগ্য, তাহার পর্যালোচনা করা সাবগুক। শ্রীমধ্বের নিজ-লিখিত গ্রন্থে, প্রস্তরফলকে বা ইতিহাসে প্রথম প্রমাণোক্ত বিলম্বী

वर्षत कथा উল্লেখ নাই। পূর্ব্বমঠ তালিকার শকের উল্লেখ না থাকার, 'শুত্যর্থসাগর' নামক প্রসিদ্ধ শুভি-লিখিত শকের সহিত পার্থক্য হওয়ায়, শ্রীমধ্বের নিজ্বলিখিত কালের সহিত পার্থক্য হওরার, প্রস্তর-ফলকের মিথ্যাত্ব প্রতিপন্ন না হওয়ায় এবং ঐতিহের বিরুদ্ধ হওয়ায় ঐ পাঁচটীর প্রতিপক্ষে শক ১০৪০ নিরূপিত হইতে পারে না। শ্রীমধ্ব-লিখিত তাৎপর্য্য-নির্ণয়-গ্রন্থে কাল-বিষয়ক স্থাননয় প্রক্রিপ্ত হওয়ার সম্ভাবনা থাকার অথবা অর্থান্তর-যোগাতা-ক্রমে ৪০০০ কল্যন্দ লোক-কথিত विनशी वर्ष ना श्ख्याय वा त्नथरकत कान-विषय स्कालात याथार्थ्याभनिक না থাকিলে উহা প্রমাণ বলিয়া গৃহীত হইবে না। স্মৃত্যর্থদাগর রচনা-कारण दगक्यूरथ विनशी वर्ष मध्यत अनाम अवग कतिया अञ्चानकरम ১১০০ শকান্দের বিলম্বী বর্ষ মধ্বজন্মকাল নিরূপিত হইয়া থাকিলে প্রস্তর্ফলকের মিথ্যাত্ব প্রতিপন্ন না হওরায়, মধ্ব-লিখিত তাৎপর্য্য-নির্ণয়ের কালের সহিত বিরোধ হওয়ায় ইতিহাসের সহিত সামঞ্জভাতাবে সত্য বলিয়া গৃহীত হইতে পারে না। পঞ্চম প্রমাণের বিরুদ্ধে প্রস্তর-ফলক পরে কোন ব্যক্তি কর্ত্তক রক্ষিত হইবার অসম্ভাবনা না থাকায়, প্রস্তর-ফলকোক্ত ভাষার প্রকৃত অর্থের বিপর্য্যয় হইবার সন্তাবনা থাকায় প্রস্তর-ফলক-প্রমাণ নির্ব্বিবাদে শ্রুব সত্য ব্রিয়া গৃহীত হইতে পারে ঐতিহ্-সমূহের নানাপ্রকার সাপেক্ষত।-নিবন্ধন নানাপ্রকার ভ্রম প্রবেশ করিবার সম্ভাবনা থাকে বলিয়া উহাকেও ধ্রুব সত্য বলা যাইতে পারে না। যাহা হউক, প্রমাণগুলি অবিশ্বাস করিবার নানাপ্রকার যুক্তি দরেও প্রমাণাবণী নিরপেক্ষভাবে আলোচনা করিলে ইহাই প্রতিপর হয় যে, শ্রীমধ্বাচার্য্য ১১৬০ শকাবে বিলম্বী বর্ষে জন্মগ্রহণ ক্রিয়াছেন। এই জন্মকাল নব্য মঠতালিকা বা 'স্বতার্থ-সাগরে'র

পঞ্চম অধ্যায়—আচার্য্যের অভ্যুদয়-কাল-নির্ণয়

বিরোধী হইলেও অন্ত চারি প্রকারের প্রমাণের বিরোধী নহে; পক্ষাস্তরে, ১০৪০ এবং ১০০০ শক পক্ষন্তর শ্রীমধ্বাচার্য্যের নিজ দেখনীর প্রতিকূল। ১১৬০ শকান্ধায় জন্মগ্রহণ করিলে চারিটী প্রমাণ পক্ষাবলম্বন করে; অথচ ১০৪০ পক্ষে বা ১১০০ পক্ষে প্রথম প্রমাণ অর্থাৎ বিলম্বী বর্ষ ব্যতীত অন্ত নিরপেক্ষ প্রমাণাভাব রহিয়াছে। ১১৬০ শক বিলম্বী বর্ষ ামধ্ব-লিখিত ১১২১ শকান্ধের পর ১১৬০ শক। ১১৬০ শকে জাতব্যক্তির ১২০০ শকের পূর্বে নরহরি তীর্থকে সন্ন্যাস দিতে বাধা নাই, ১১৬০ শকে জাতব্যক্তির নিকট গৃহীত-সন্ন্যাস অক্ষোভ্য তীর্থ, বিছারণ্য ও বেদান্ত-দেশিকের সমসামন্ত্রিক হইবার অযোগ্য নহেন। ইতিহাস ও প্রস্তর-ফনকাভাবে পূর্ব্ব পূর্ব্ব বিলম্বী বর্ষের উপর নির্ভর করাই স্বাভাবিক। তাঁহারাও এই ছইটীর সাহায্য পাইলে ১১৬০ শকান্ধাই এক বাক্যে হিরুকরিতে পারিতেন।

~·. & ··

ষষ্ঠ অধ্যায়

বাস্থদেবের বাল্য-লীলা

পাজকা একটা ক্দ্রা পল্লী;—ক্দ্রা হইলেও পরম সোভাগ্যবতী। এই পল্লী-লক্ষী নিয়ত পাপনাশিনী তটিনীর বারি-ধারায় স্থান করিতেছে, ধরুস্তীর্থ ইহার অঙ্গভূষণরূপে শোভিত থাকিয়া রামবিজয়োৎসব-বাসরে লোকলোচনানন্দ বৰ্দ্ধন করিতেছে। আজ আবার মধ্বাবির্ভাব এক মহাসৌভাগ্য-সিন্দুর-রেখা তাঁহার ললাটে রাজ-টীকার মত উজ্জ্ব হইয়া উঠিয়াছে। আৰু শ্রীরামচন্দ্রের বিজ্ঞারেংসব, বিষ্ণুভক্তগণের মহা-আনন্দের দিন। বিষ্ণুভক্তগণ এই দিনে হরিগুণ-কীর্ত্তনমুথে উর্জাব্রতারস্তের অধিবাস করিয়া থাকেন। এই দিনে ভক্তগণের মধ্যে পরস্পর আনন্দ-আলিঙ্গন হইয়া থাকে। এই মহানন্দের মধ্যে ভবিষ্যতে যিনি 'আনন্দতীর্থ' নামে বিখ্যাত হইবেন, মহাপুরুষ পাজকা-পল্লীর নারায়ণ ভট্টের পর্ণকুটীর অলম্বত করিয়া বেদবিভার অঙ্কে অবতীর্ণ হইলেন। সেই সময় এক আকাশবাণী হইল; ভূতলম্থ মানবগণ কোতৃহলের সহিত শুনিতে দৈব-বাণী পাইলেন,—"হে সাধুগণ! আপনারা সম্ভষ্ট হউন, ত্ৰজ্জনগণ সন্তাপগ্ৰস্ত হউক, পৃথিবীতে সম্প্ৰতি বায়ুদেব অৰভীৰ্ণ হইলেন।" এই দৈব-বাণীর সহিত দেবপুরে এক গম্ভীর ছন্দুভিধ্বনি হইতে লাগিল।

পণ্ডিত মধ্যগেহ প্রভু অনস্তেশ্বরের আরাধনা করিয়া গৃহে ফিরিতৈ-ছিলেন; গৃহের অনতিদ্রে আদিয়াই সেই ছন্দুভিনাদ শুনিতে পাইলেন। পরে পুত্র-রত্নের জন্মবার্ত্তা শ্রবণ করিয়া শ্রীহরির ক্লপাভিষেক উপলব্ধি

यष्ठे व्यथाय-वाञ्चलत्वत्र वाना-नीना

কারতে লাগিলেন। দ্বিজ্বর তখন নিজ-কুটীরে প্রবেশ করিয়া নবীন শিশুর চক্রবদন অভিনন্দন করিলেন এবং শ্রীহরির চরণ বন্দনা করিয়া পরম-প্রতিভা-প্রভা-বিকাশী পুত্র-রত্নের জাতকর্মাদি-ক্বত্য যথাবিধানে সম্পাদন করিলেন। বিজ্ঞবর মধাগেহ দৈব-বাণী শুনিয়াই জানিতে পারিরাছিলেন যে, এই বালক অন্থদেব অর্থাৎ প্রাণাধিপতি বায়ুর অবতার, জগতে বিশুদ্ধ জ্ঞান প্রচারের জন্ম আবিভূতি হইয়াছেন। 'বাহুদেব' নামকরণ ভক্তিযুক্ত হইবে,—এই বিচার করিয়া পণ্ডিত মধ্যগেহ বালকের নাম 'বাস্থদেব' রাখিলেন। দেবতাগণ আকাশে ত্বলুভিধ্বনি করিয়া মধ্যগেহের এই বিচার অনুমোদন করিয়াছিলেন।

'পূর্বালয়' নামক এক ব্রাহ্মণ এই শিশুর চ্য়াপানের জভা মধ্যগেহকে একটী হ্পাবতী কামধেমু দান করিলেন। এই ব্রাহ্মণ কিছুকাল পরেই প্রপঞ্চ-লীলা পরিত্যাগ করিয়া নিজ পুত্ররূপে জনৈক ব্রাহ্মণের পুনরায় জন্মগ্রহণ করিলেন এবং প্রীমন্মধ্বাচার্য্যের গাভী-দান নিকট হইতে পরম মুক্তিদায়ক পরমাত্মতত্ববিষয়ক-

জ্ঞান লাভ করিয়া ধন্ত হইলেন :

একদিন স্থুজ্মনা মধ্যগেহ শশধরনিন্দিত-কান্তি, প্রফুল্ললোচন পুত্র-রত্নটীকে লইয়া প্রভু অনস্তেশ্বরের সমুথে উপস্থিত হইলেন এবং বালককে উপহারস্বরূপে প্রদান করিয়া বলিং ন,— বাহদেককে অনন্তেশরের

প্রভো! এই বালক আপনার, আমি কেবল নিকট উপহার প্রদান আপনার গচ্ছিত ধনের রক্ষকমাত্র, আমি যেন এই ভগবৎদেবকের দেব। করিতে পারি।" মধ্যগেহ শ্রীহরিকে এইরূপ প্রার্থনা জানাইয়া পুত্র এবং পরিবার-জনের সহিত নিশীথ-সমরে নিজ

देवखवाहार्या मध्व

গৃহাভিমুথে প্রত্যাবর্ত্তন করিতে লাগিলেন। একে নিশীথ কাল, তার মধ্যে আবার চতুর্দ্ধিকেই মহারণ্য। মধ্যগেহের সহিত যে সকল যাত্রী

অনন্তেম্বর হইতে ফিরিবার পথে পিশাচগ্রস্ত জনৈক যাত্রীমুখে বাস্থদেবের মহত্ব শ্রবণ

অনস্থের দর্শন করিয়া ফিরিতেছিলেন, তাঁহাদিগের
মধ্যে একজনকে সেই অরণ্য-মধ্যস্থ একটা পিশাচ
হঠাৎ আক্রমণ করিয়া বিদিল। যাত্রীটী প্রচুর রক্ত বমন
করিতে আরম্ভ করিল। ইহা দেখিয়া একজন যাত্রীঃ
বিশিয়া উঠিল,—"কি আশ্চর্যা! এই প্রোচ় পুরুষকে

পিশাচ আক্রমণ করিতে পারিল, আর এই কমনীয় স্থলর বালকটীকে কিছুই করিল না!" যাত্রীটী যখন এইরূপ বলিতেছিল, তখনই পিশাচ সেই রক্তবমনশীল পুরুষে আবিষ্ট হইয়া বলিতে লাগিল,—"ওহে! যাহার অমিত শক্তিতে রক্ষিত থাকায় তোমাদিগকে আমি আক্রমণ করিতে পারিতেছি না, এবং বিষ্ণুবিদেষী এই ব্যক্তির উপর সেই অমিত-তেজা মহাপুরুষের শক্তি সঞ্চারিত না থাকায় আমি ইহাকে আক্রমণ করিতে পারিয়াছি, সেই অমিততেজা মহাপুরুষ শিশু হইলেও ইহাকে নিথিল জগতের অবীশ্বর বলিয়া জানিবে।"

একদিন বাস্থদেব-জননী বেদ্বতী বালককে স্বস্থানে পরিতৃপ্ত করাইয় নিজ কস্তার উপর পুর্ত্তের পর্যাবেক্ষণ-ভার প্রদান পূর্বক গৃহ হইতে কার্যাস্তরে অন্তত্ত গমন করেন। শিশু বাস্থদেব অতিশয় ক্রন্দন করিতে আরম্ভ করিলে তাঁহার সরলা ভগিনী নানাপ্রকার প্রবোধ-বাক্যে বালককে সাম্বনা করিতে চেষ্টা করিলেন, কিন্তু বালকের কিছুতেই ক্রন্দন-নিরম্ভি হইল না। বালিকা মাতার প্রত্যাবর্ত্তন-পথ চাহিয়া রহিলেন; কিন্তু এদিকে মাতাও ফিরিতেছেন না, বালকও অধিকতর অশান্ত হইয়া

यर्छ अधाय-वाञ्चरमत्वत्र वाना-नीना

উঠিতেছে দেখিয়া সরণা বালিকা কিংকর্ত্তবাবিমূঢ়া হইয়া নানাপ্রকার বিচার পূর্বক শিশুকে কতকগুলি অত্যস্ত উষ্ণ কুলথকলার (কৃর্ত্তিকলাই) ভোজন করাইলেন। বাহ্দদেবের জননী কিন্তু বালকের উষ্ণরোগ আশঙ্কা করিয়া বালককে তথ্য পর্যান্ত শীতল অবস্থায় পান করাইতেন।

শিশু বাস্থদেবকে অধিকক্ষণ সর্গা বালিকা কন্তার নিকট রাখিয়া অহাত রহিয়াছেন, ইত্যবসরে বালক নিশ্চয়ই পিপাসিত হইয়া ক্রন্দন করিতেছে,—এইরূপ চিন্তাকুল-হৃদয়ে বাস্থদেবের জননী যথন গৃহে ফিরিয়া বালককে শান্ত ও কুধা-নিবৃত্ত দেখিতে পাইলেন, তখন তিনি অতিশর বিপদ গণিলেন। বাহ্নদেব-জননী কন্তার নিকট বালকের ক্ষ্ধা-নিবৃত্তির কারণ জিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন, বালিকা শিশু বাস্থানেবকে কতকগুলি উষ্ণ কলাই ভোজন করাইয়াছে। বাস্থাদেব-জননী বালিকার এই কথা শ্রবণ করিয়া 'হায় হায়' করিতে লাগিলেন এবং বালিকাকে বহু তিরস্কার করিয়া বলিতে লাগিলেন,—"যে বস্ত যুবকগণের পক্ষেত্ত হৃষ্পাচ্য, সেই কলাই উঞ্চাবস্থায় ভোজন করাইয়া তুই আজ সর্বনাশ করিয়াছিদ্! এ বালক আর কিছুতেই পরিত্রাণ পাইবে না, ভীষণ উদরাময়-রোগে শীঘ্রই ইহার মৃত্যু ঘটবে।" মাতা শিশুকে ক্রোড়ে স্থাপন করিয়া বারংবার স্তন্ত পান করাইতে লাগিলেন, পিতা শিশুর মঙ্গলের জন্ম নানাপ্রকার রক্ষা-মন্ত্র জপ করিতে লাগিলেন, প্রতিবেশি-জন নানাপ্রকার ব্যবস্থা দিতে লাগিলেন, কি প্রকারে এই বালকের রক্ষা হয়, তদ্বিয়ে দকলেই ব্যস্তদমন্ত হইয়া পড়িলেন। কিন্তু বাণকের কোন অনিষ্টই হইল না; বালক স্কুত্ব শরীরে বর্ত্তমান থাকিয়া রমণীয় হাস্ত-রসায়নে মাতাপিতার হৃদয়ানন্দ বর্দ্ধন করিতে माशिरगन। अनिष्ठे इटेरवरे वा रकन ? पूर्व्स रय मर्खगिकियान

বায়ুদেবের জননী পুত্রের কালকুট-বিষভক্ষণ দর্শন করিয়া পুত্রের মাহমা বৃঝিতে পারিয়াছিলেন, তাঁহারই জননী একবার পুত্র কুলখ ভক্ষণ করা সম্বেও পুত্রকে স্বন্থ শরীরে বর্ত্তমান দেখিয়া পুত্রের অলোকিকত্ব হৃদয়ঙ্গম করিয়াছিলেন।

অলোকিক শিশু বাস্থদেব লোকিক-শিশুর অমুকরণে জামু-চংক্রমণ, উত্থান ও গ্যনাগ্যন শিক্ষা করিল। একদিন প্রভাতে যথন

বৃষপুচ্ছ ধারণপূর্ব্বক শিশু বাহ্নদেবের বন-ভ্রমণ গাভীকুল গোশালা হইতে নির্গত হইয়া নানা বনে বিচরণের জ্বন্থ গমন করিতেছিল, সেই সময় বালক বাস্থদেব একটা বৃষভের নিকট উপস্থিত হইল। বাস্থদেব এই বৃষভটীকে স্বতঃই কি কারণে খুব

ভালবাসিত। অনেক সময়েই এই বৃষ্টীকে লইরা নানাপ্রকার খেলা করিত, বৃষ্টীর- সঙ্গে থাকিত, বৃষ্টীকে দেখিতে চাহিত, বৃষ্টীর মুখে কত আদর করিয়া তৃণগুচ্ছ দিত। সেইদিন ঐ প্রিয় বৃষভের পুচ্ছের অগ্রভাগ ধারণ করিয়া বালক বাহ্নদেব মাতা, পিতা ও স্বন্ধনগণের অজ্ঞাতসারেই সহস। বনাভিমুখে প্রস্থান করিল। এদিকে কিছুক্ষণ পরে মাতা, পিতা ও আত্মীয়বর্গ, স্বেচ্ছাচারী বালক কোথায় খেলা করিতেছে, তাহার অগ্নসন্ধান করিতে লাগিলেন। বালককে গ্রামের কোথায়ও দেখিতে পাইলেন না; বালক খেলা করিতে করিতে কৃপমধ্যে পতিত হইয়া থাকিবে আশক্ষা করিয়া তাঁহারা গ্রামের সমস্ত কৃপ অন্নসন্ধান করিতে লাগিলেন। কোথায়ও বালকের কোন প্রকার চিহ্ন না পাইয়া পুত্রপ্রাণ মাতা-পিতা অত্যন্ত কাতর ও চিন্তাকুল হইয়া পড়িলেন। মাত্র একবৎসরের শিশু কোথায় যাইবে!।কোন তুই ব্যক্তি কি বালককে অপহরণ করিল বা বালককে বিনষ্ট করিল গু মাতা-পিতার বৃদ্ধ-হৃদ্ধ

ষষ্ঠ অধ্যায়—বাস্থদেবের বাল্য-লীলা

বালকের এইরূপ নানা অনিষ্টাশঙ্কা করিতে থাকিল। বালকের বিরহে উপবাসী থাকিয়া তাঁহারা সারাদিন কাটাইলেন। ইতঃপূর্বে একটী গো-পালক বাস্থদেব-জননীকে জানাইয়াছিল যে, সে একটা বালককে বুষভের পুচ্ছ ধারণ পূর্ব্ধক বনে বিচরণ করিতে দেখিয়া আশ্চর্য্যান্বিত হইরাছে। বাস্থদেব-জননী ঐ গো-পালক বালকের কথায় কিছুতেই বিশ্বাস স্থাপন করিতে পারেন নাই। বেদবতী মনেও স্থান দিতে পারেন নাই যে, এক বৎসরের শিশু-বালক বুষভের পুচ্ছ ধারণ করিয়া বহু দুরস্থ অরণ্যে যাইতে পারে! বেদবতী মনে করিয়াছেন, বালক-স্থলভ চাপল্যবশতঃ ঐ গো-পালক একটা কথা কল্পনা করিয়া তাঁহাকে (বাস্থদেব-জননীকে) সাম্বনা দিতে আসিয়াছে মাত্র। এইরূপ ভাবিয়াই বাস্থদেব-জননী গো-পালকের কথা কোন প্রকারে বিশ্বাস-্যোগ্য হইতে পারে—ইহা আদৌ বিচার করেন নাই। সারাদিনের পর গোধ্লির সময় পুত্রহার৷ শোকাতুরা বাস্থদেব-জননীর নিকট কতিপয় ব্যক্তি আসিয়া বলিলেন, তোমার শিশুপুত্র কি লীলা করিতেছে, একবার আসিয়া দেখ। বেদবতী পুত্রের নাম শ্রবণমাত্র যেন নবসঞ্চারিত-শক্তি হইয়া পর্ণকুটীরের বাহিরে আসিয়া দেখিলেন, মাত্র সম্বৎসরবয়ক্ষ শিশু বাস্থদেব তাহার প্রিয় রুষভটীর পুচ্ছ ধারণ করিয়া ঘরের দিকে ফিরিতেছে। মাতা-পিতা পরাণ-পুতলী বাস্থদেবের দর্শন পাইয়া যেন নষ্ট-চিন্তামণি পুনরায় লাভ করিলেন এবং ইহা প্রভু অনস্তৈশ্বরের অনুগ্রহ মনে করিয়৷ পুত্রকে অক্ষে স্থাপনপূর্বক নানাপ্রকার ক্ষেহ-পিস্তাষণ-স্থা-ধারায় অভিষিক্ত করিতে লাগিলেন।

আর একদিন বালক বাহ্নদেব স্থাগণের সঙ্গে থেলা-ধ্লা করিয়া গৃহে উপস্থিত হইয়াছেন। জননী বালককে বলিলেন,—"বাহ্নদেব,

তোমার পিতাকে বহির্দেশ হইতে আহারার্থ আহ্বান করিয়া আন, তাঁহার ভোজনের সময় উপস্থিত হইয়ছে।" মধ্যগেহ ভট্ট বাস্থদেবের অফুট বাকেয়র মধুরামৃত কর্ণাঞ্জলির দ্বারা এবং পুল-রত্নের মুথ-চক্রিকা নয়ন-চকোরের দ্বারা পান করিতে করিতে পুলকে ধীরভাবে বলিলেন,—"বৎস, বাস্থদেব, আমার এখনও ভোজনে যাইতে বহু বিলম্ব আছে, আমি এই বৃষ-বিক্রেত। বণিকের নিকট হইতে যে বৃষ্টী ক্রয় করিয়াছি, উহার মূল্য এখনও দিতে পারি নাই। বণিক্ মূল্যের জন্ম আমাকে পুনঃ পুনঃ পীড়ন করিতেছে " পিতার এই কথা শুনির। বালক

বৃষ-বিক্রয়ী বণিককে অর্থের পরিবর্ত্তে বীজ প্রদান মৃত মৃত হাদিতে হাদিতে বৃষভ-মূল্য-মুদ্রার পরিবর্ত্তে কতকগুলি বীজ আনরন করিয়া বণিকের হস্তে প্রদান করিল। বণিক্ বালকের অভূতপূর্ব্ব জ্যোতিঃ দর্শনে মুগ্ধ হইয়া বিন। আপত্তিতে, সাদরে বালকের

প্রাণ্ড বীকগুলি রৌপামুদ। হইতেও শ্রেষ্ঠজ্ঞানে গ্রহণ করিল। বালক বিণককে বিদায় দিয়া পিতাকে গৃহের অভ্যন্তরে লইয়া আদিলেন এবং ভোজন করাইলেন। কিছুদিন পরে মধ্যগেহ বণিককে ডাকাইয়া বলিলেন,—"আমার অর্থ সংগৃহীত হুইয়াছে, তুমি তোমার প্রাণ্য মূল্য গ্রহণ কর।" বণিক্ বলিগ,—"আমি আপনার পুণ্রের নিকট হইতেই আমার প্রাণ্য অর্থ পাইয়াছি, আর আমি অপর অর্থ গ্রহণ করিব না।" বণিক্! তুমিই ধন্তাতিধন্ত! কারণ, তুমি জগদ্ওক বাস্থদেবের নিকট হইতে বীজচ্ছলে পরমার্থ প্রাপ্ত হুইয়াছ। স্কুরাং অকিঞ্ছিৎকর বিনাশযোগ্য ক্ষুদ্র অর্থে আর তোমার কি প্রয়োজন ?



সপ্তম অধ্যায়

বাস্থদেবের বাল্যেই বিষ্ণুপ্রীতির পরিচয়

বালকের রমণীয় মুখচক্রচ্ছবি দর্শন করিয়া আত্মীয়-স্বজন সকলেই এত আরুষ্ট হইতেন যে, তাঁহার। নিজ নিজ গৃহে যাইয়াও বালককে ভূলিতে পারিতেন না। এমন নধর-স্থলর-কান্তি বাসুপ্র-জনক-জননীর বালককে দেখিবার জন্ম অনেকেই স্ব-স্ব-গৃহের যে পুত্রদহ স্বজনগৃহের কোন উৎস্বাদিতে বাণকের মাতা-পিতাকে নিমন্ত্রণ উৎ मटव शमन : করিতেন এবং তাঁহাদের সহিত বালককে প্রাপ্ত বাস্থদেবের বনপথে विक्भिन्दित হইয়া উৎদবের আনন্দ-প্রদর্শনীর মধ্যে দেই হাস্ত-প্রবেশ লাস্ত-শোভিত বালকের নিরূপম শোভা প্রদর্শন-পূর্বাক সকলের চিত্তের আনন্দ বর্দ্ধন করাইতেন। একদিন ব্রাহ্মণ-দম্পতি নিজ আত্মীয়গণের কোন সামাজিক উৎসবে নিমন্ত্রিত হইয়া তাঁহাদের গৃহে গমন করেন। সেই গৃহটী উৎসবের কোলাহলে পরিপূর্ণ হইয়া উঠিয়াছিল, লোকজন যথেচ্ছভাবে গমনাগমন করিতেছিল, পরস্পর মিলন-স্ভাষণের বাস্ততায় সকলেই প্রমত্ত ছিল, বাস্থদেবের জননীর সোভাগ্য বর্ণন ও তাঁহার সহিত আলাপে সকণেই অভ্যমনস্ক হইয়া পড়িরাছিল; এমন সময় বালক বাস্থদেব জননীর অভাতসারে জনতার মধ্যে প্রবিষ্ট হইয়া উৎসব-ভবন হইতে বহির্গত হইয়া পড়িল। পথিকগণ এমন একটা রমণীয় বালককে পথে দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন,— "বংস, তুমি কোথায় যাইতেছ? তুমি অল্পবয়স্ক শিশু, একাকী কোথায়ও যাইতে পারিবে না; চল, তোমার মাতার নিকট লইয়া যাই।" পথিকগণ

रिक्थवाहार्या मध्य

বালককে এইরূপ বলিলেও বালকের এমনি কমনীয়-মধুরিমা যে, তাহা সকণের প্রাণ কাড়িয়া লইল, সকলে যেন নধর স্থুন্দর বালকের স্বভাব-সুলভ স্বোকর্ষণী মোহন-বিভাগ মুগ্ধ হইয়া পড়িলেন; তাই বালকের স্বতন্ত্রতার বিরুদ্ধে হস্তক্ষেপ করিবার আর কাহারও সাহস হইল না। বালক একে একে সকল পথিককে সেই স্নেহ-সম্মোহন-বিভাগ বিমোহিত করিয়া জতপদ-সঞ্চারে বনমধ্যন্থ এক বিষ্ণু-মন্দিরে প্রবেশ করিল। সেই মন্দিরে শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী নারায়ণমূর্ত্তি বিরাজমান ছিলেন। যে বয়দে বালকগণ কেবল খেলা-ধূলাতেই প্রমত্ত থাকে—উৎসবাদি পাইলে তাহাতেই প্রমন্ত হইরা পড়ে, বাস্থদেব কিন্তু বাহ্-দর্শনে সেইরপ অল্পবয়স্ক শিশু-বালকগণের অন্ততম হইরাও জগতের দকল সঙ্গে স্বতন্ত্রত। স্থাপন করিল। সামাজিক উৎসবানন্দ, ভোজনানন্দ, আত্মীর-স্বজন-মাতা-পিতার স্বেহ-সন্তাষণ-স্থু সমস্ত পরিহার করিয়া মাতা-পিতার অজ্ঞাতসারে—আত্মীয়-স্বজনগণের বিনা অনুমতিতে পথিকগণকে মোহন করিয়া আপন মনে, গ্রামের কোথায় বিষ্ণুযন্দির আছে—কোথায় তাহার প্রাণারাম চিরারাধ্য-দেবতা আছেন, তাঁহার সন্ধানে ছুটিল!

বালক বাস্থদেবের এই লীলা ভাগবতের প্রহলাদ-চরিত্র প্রহলাদ ও বাস্থদেব স্মরণ করাইয়া দেয়। একদিন শিশু প্রহলাদ নিজ পিতা ও সহাধ্যায়িগগকে বলিয়াছিলেন,—

> "তৎ সাধু মত্যেংস্করবর্ষ্য দেহিনা। সদা সমুদিয় ধিয়ামসদ্গ্রহাৎ। হিত্তাত্মপাতং গৃহমন্ধকৃপং বনং গতে। যদ্ধরিমাশ্রব্রেত ॥"

সপ্তম অধ্যায়—বাস্থদেবের বাল্যেই বিষ্ণু-প্রীতির পরিচয়

"কৌমার আচরেৎ প্রাজ্ঞা ধর্মান্ ভাগবতানিহ। তল্ল ভিং মানুষং জন্ম তদপ্যঞ্জবমর্থদম্॥"

হে অম্রশ্রেষ্ঠ! আমি অনিত্যে নির্ভরকারী, সর্বাদাই উদ্বিংচিত্ত দেহিগণের নিজ অমঙ্গল-নিদান অন্ধক্পসদৃশ এই গৃহ পরিত্যাগপূর্বক বনবাসী হইয়া হরিপদ আশ্রম করাকেই শ্রেষ্ঠ বলিয়া মনে করি। প্রাক্তব্যক্তি কৌমার বয়সেই স্থার্থ অন্ত প্রয়াদ ত্যাগ করিয়া ভাগবত-ধর্ম্মের অমুষ্ঠান করিবেন; কারণ সংসারে মন্যু-জন্ম অতি তল্লভি, তাহা আবার অনিত্য;—অনিত্য হইলেও অর্থদ,—ক্ষণস্থায়ী হইলেও ক্ষণকাল ভক্তির অমুষ্ঠানেও সিদ্ধিলাভ হইয়া থাকে।

স্বতঃদিদ্ধ হরিমেধা বালক বাস্থদেব গৃহমেধিগণের সামাজিক উৎসব-কোলাহল পরিহার করিয়া অতি কোমারকালেই হরির অনুসন্ধানের জ্ঞা বনে গমন করিবার আদর্শ দেখাইল। নিতাদিদ্ধ আচার্যাগণের ভীহরিকে পরমভক্তিভরে প্রণাম বন্দনা করিল; চরিত্রে বাল্যকালেই

শতঃদিদ্ধ ভক্তির পরিচয়
বিল্ল উৎপাদন করেন, এই আশক্ষায় বালক দ্রুতপদ-

স্ঞারে সেই স্থান হইতে 'নারিকেলী' নামক

পাত্য এক দেবালয়ে গমন করিল এবং শ্রীমন্দিরাভ্যন্তরন্থ বিষ্ণু-বিগ্রহকে দর্শন ও প্রণাম দ্বারা পূজা করিল; শ্রীহরির পাদপদ্মে সমগ্র হৃদয়খানা প্রেমভক্তিতে বেন তরল করিয়া ঢালিয়া দিল। বালকের নয়ন-পদ্ম প্রেমামোদে বিকশিত হইয়া উঠিল। এই আশ্চর্য্য-মৃত্তি শিশু-বালকের এই ভক্তি-সৌন্দর্য্য ও অপূর্ব্ব ব্যবহার দর্শন করিয়া অন্তান্ত দর্শকগণ বিশ্বয়-বিক্ষারিত নেত্রে চিত্রাপিতের ন্তায় তাকাইয়া রহিলেন। "অহা! একি স্বর্গের কোন দেব-বালক অপ্রত্যাশিতভাবে

दिक्षवाहार्या मध्य

মর্ব্ত্ত্যে আদিয়া এই অত্যন্ত্ত-চরিত্র আবিষ্কার করিতেছে? কিয়া এ
কি কোন প্রহেলিকা, স্বপ্ন অথবা সম্মোহন-বিভা? এরূপ শিশুবালকেরও কি কথনও ভগবানে এরূপ ভক্তির উদয় হয় ?'' দর্শকগণ
এইরূপ ভর্ক-বিতর্ক করিতেছিলেন; ওদিকে স্বর্গন্থ দেবতাগণ এবং
বাহ্মণগণ বলিতেছিলেন,—"মহো! এই শিশু-বালকের সভক্তি হরিনমস্কার সম্পূর্ণান্ধ অশ্বমেধ যক্ত্রসমূহকেও অতিক্রম করিতেছে!" কেহ
বা বলিতেছিলেন,—'এ বালক নিশ্চয়ই শ্রীহরির দৃত, কৌমার-কাল
হইতেই বিষ্ণুভক্তি-যাঙ্গনের শিক্ষা জগতে বিস্তারের জ্বন্ত ভূতলে আগমন
করিয়াছে।" নিত্যসিদ্ধ আচার্য্যগণের চরিত্রের প্রথম প্রভাতেই
তাঁহাদের মাধ্যাহ্নিক প্রতিভা-গৌরব-ভাস্করের প্রোজ্জলতার স্থচনা
করিয়া থাকে।

বালক বাস্থানের এইরপে আত্মীয়-স্বন্ধনগণের গৃহের সাময়িক উৎসবানন্দ পরিত্যাগ করিয়া বন-পথে প্রবেশ করিল এবং বিষ্ণ্-রক্তপীঠপুরে বাস্থানের পড়িল। রক্ষতপীঠপুরে বৈষ্ণবগণের সহিত পীঠস্থ বিষ্ণুর সেবা-মহোৎসবে মগ্ন হইল।

এদিকে প্ত্রবৎসল ব্রাহ্মণবর পুত্রকে দেখিতে না পাইয়া ব্যাক্লা চিত্তে চতুর্দিকে বালকের সন্ধান করিতে লাগিলেন। ব্রাহ্মণ ভূতলে মধ্যগেহ কর্ত্ত ক বালকের সন্ধান

ক্ষিণিষ্ট পদচিহ্ন-সন্নিবেশ দেখিতে পাইয়া সেই পদ-চিহ্ন অনুসরণ করিতে করিতে ক্রতপদে চলিতে লাগিলেন এবং পথিকগণের নিকট পুনঃ পুনঃ বালকের সংবাদ জিজ্ঞাসা করিলেন। ভ্রমর যেমন বসস্থানিলের মধ্যে গাওঁ ঢালিয়া দিয়া তৃষিত-প্রাণে পদ্মের সন্ধানে ছুটিয়া বেড়ায়,

সপ্তম অধ্যায়—বাল্যেই বাস্থদেবের বিষ্ণু-প্রীতির পরিচয়

মধাগেহও তেমনি জল-বায়ুর দারা চালিত হইয়া আকুল-চিত্তে পুত্রের মুখ-কমলের সন্ধানে ছুটিতে লাগিলেন এবং সেই চাঁদমুখ দেখিতে পাইয়া বালককে প্রহারাদি দারা শাসন করা দূরে থাকুক, মরমের-মর্ম্মর-মন্দিরে স্যত্নে ভরিয়া রাখিতে ইচ্ছা করিলেন। পুজের বিরহ-সস্তাপজনিত বহির্গমনোনুখী অশ্র-উৎসকে যে কুদ্র নয়ন-পাত্রে অতি কপ্তে আবদ্ধ রাখিয়াছিলেন, তাহা যেন আনন্দোচ্ছাদে পুত্ৰ-দৰ্শনে আনন্দ ও সহস্থী হইয়া বাহিরে আসিতে চাহিলে মধাগেহ কুশলাদি জিজাদা পুনরায় সেই অশ্র-প্রবাহ নিরোধ করিলেন এবং পরাণ-প্তলিকে আহ্বান করিয়া কহিলেন — "বংস, বাস্থদেব! তুমি আমাদিগকে না জানাইয়া কিরূপে এতদুর চলিয়া আসিলে? এই স্থদীর্ঘ পথে কে তোমার সহচর হইয়াছিল? কে-ই বা তোমাকে পথ দেখাইল ? পথে ত' তোমার কোনপ্রকার বিপদ-আপদ হয় নাই ? বয়য় ব্যক্তিও এতদূর পথ পদব্রজে আসিতে কণ্ঠ অনুভব করেন, সহচরের অপেক্ষা করেন, আর তুমি কাহার দঙ্গে এতদূরে চলিয়া আদিলে ? তোমার সহায় কে ছিল? বল বল, বাপ বাস্থদেব; আমাকে যথার্থ করিয়া বল।"

বাস্থদেব তথন চতুর্দ্ধিকে মন্দ-মধুর-হাস্তচন্দ্রিক। লুটাইয়া দিয়া
ভবন হইতে বহির্গত হইয়া বনের মধ্যে এক বিষ্ণু-মন্দিরে প্রবেশ
করিয়াছিলাম এবং সেথান হইতে নারিকেল-দেবালয়ে গিয়াছিলাম;
বন-বিহারী শ্রীহরিই আমার একমাত্র সহায় ছিলেন। আমি আর
বালকের হরি নির্ভর্গতা
করিয়াছিলাম করিব ? মধুসুদন যাহার
সহায়, তাহার আর অন্ত সহায়ের কি প্রয়োজন ?
পিতঃ! আমি সেথান হইতে অন্ত দেবালয়ে শ্রীহরিকে প্রণাম করিয়া

যখন আবার তথা হইতে এই রজতপীঠপুরের পূর্বাদিকের দেবাগয়ে প্রিরকে প্রণাম করিলাম, তখনও শ্রীহরি আমার দহার ছিলেন। তারপর আমি যখন এখানকার পশ্চিমদিকের দেব-মন্দিরের ঠাকুরকে প্রণাম করিলাম, তখনও শ্রীহরি আমাকে রূপা করিতেছিলেন।"

বালকের হাস্ত-মধুর-অফুট-ছন্দে এই হরি-নির্ভরতার কথা শ্রবণ করিয়া মধ্যগেহ এবং উপস্থিত সকলেই বিস্মিত হইলেন। পুত্রবৎসল মধ্যগেহ বিষ্ণুর নিকট এই চঞ্চল বালকটীর জন্ম প্রার্থনা করিয়।

পুত্রবৎসল মধ্যগেছের বালকের মঙ্গল প্রার্থনা বলিলেন,—"হে মধুস্দন! এই হিংস্ত্র-প্রাণীসঙ্কল ভরঙ্কর কাননের মধ্যে এই ইতস্ততঃ-ভ্রমণশীল চঞ্চল বালকটীকে আপনি সর্বাদা রক্ষা করুন। আমি পুণ্যহীন, আমার এমন কিছু নাই, যাহাতে

এ বালকের রক্ষা আমার দারা হইতে পারে, আপনার সেবককে আপনি রক্ষা করিবেন।" মধ্যগেহ বিমান-পর্বতাধিষ্ঠাতী বিষ্ণুপ্রিয়া বোগমায়া-দেবীকে লক্ষ্য করিয়া বলিলেন,—"হে বিষ্ণুভক্তিপ্রায়ণ বালকটীর যেন কোন বিল্ল উপস্থিত না হয়, তুমি এই বালকটীকে রক্ষা করিয়া তাহার ভক্তি বিবর্দ্ধন করিও।"

ব্রাহ্মণবর মধ্যগেহ এবং বেদবতী প্রাণ-পুত্তি, পুত্ররত্ন বাস্থদেবকে ক্রোড়ে স্থাপন করিয়া স্ব-গৃহে লইয়া আসিলেন এবং সর্বাদাই 'চোথের মণি' করিয়া রাখিলেন।

অষ্ট্রম অধ্যায়

বাস্থদেবের বিভারন্ত

ব্রাহ্মণবর মধ্যগেহ একটা শুভদিবস স্থির করিয়া স্বীয় পুত্র-রত্নের বিষ্ঠা আরম্ভ করাইলেন। বিভারম্ভ-দিবসেই বালকের সকল বর্ণ-পরিচয় হইল। মধ্যগেহ তালপত্তে বর্ণমালাগুলি লিখিয়া বাস্থদেবকে শিশুর অলৌকিকী তদাদর্শে বর্ণমালা লিখিতে বলিলেন। বালক অতি প্রতিভা স্থুন্দররূপে অক্ষরগুলি লিখিয়া ফেলিল। তৎপর-দিবস যথন মধ্যগেহ বালক বাস্তদেবকে পূর্বদিবসের লিখিত অক্ষরগুলি পুনরায় অভ্যাস করাইবার জন্ম পূর্বাদিবসের মত তালপত্ত-মধ্যে অক্ষর অঙ্কন করিলেন, তখন বালক পিতাকে বলিয়া উঠিল,—''পিতঃ! গত দিবদের লিখিত অক্ষরগুলি অগুও পুনরায় কেন লিখিয়াছেন? আমি ত' এই অক্ষরগুলিতে পূর্বেই অভ্যস্ত হইয়াছি, আমাকে ইহা অপেক্ষা অধিক আর কিছু শিক্ষা দিন্।" মধ্যগেহ পুত্র-রত্নের এই অঁদামান্তা প্রতিভা দর্শন করিয়া বিশ্বিত ও আনন্দে বিহ্বলিত হইলেন। বালকের এই প্রতিভা-দর্শনে লোকে বলিতে লাগিলেন,—"এই শিশু প্রতিভার সমুদ্রস্বরূপ।" মধ্যগেহ কিন্তু লোকের এই বাক্য ও চক্ষু-গ্রহের পীড়ার পাছে বালকের কোনরূপ অনিষ্ট হয়, এই আশঙ্কায় বালককে আর লোক-সমক্ষে কিছু শিক্ষা দিতেন না; নির্জ্জনে শইয়া গিয়া তাহাকে গাঠ পড়াইতেন এবং লোকের সমুখে কোনরূপ প্রতিভা প্রকাশ করিতে নিষেধ করিতেন। অতি অল্লকালের মধ্যেই বালক বছ বিভা

লাভ করিলেন, আর মধ্যগেহ বালকের অমামুষিক প্রতিভা দর্শন করিয়া পুনঃ পুনঃ বিশ্বিত হইতে থাকিলেন।

এক সময়ে বাস্থদেবের মাতৃপক্ষীয় স্বজনগণ কোন উৎসব-ব্যাপারে বাস্থদেবের মাতাকে নিমন্ত্রণ করিলেন। বেদবতী পুত্র-বাস্থদেবকে লইয়া 'ঘৃতবল্লী' নামক গ্রামে স্বজনগণের উৎসবপূর্ণ ভবনে ঘুতবল্লী গ্রামে স্বজন-গমন করিলেন। উৎসবে বহুলোক আদিয়াছিলেন। বর্গের উৎসব-হুবনে উৎসবোপলক্ষে পুরাণ-পাঠের ব্যবস্থা হইয়াছিল, বাহ্নদেবের আবৃত্তি অনেক ব্রাহ্মণ-পণ্ডিতও সমাগত হইয়াছিলেন। বালক বাস্থদেবের এই সময় বিবিধ গ্রন্থ-আবুত্তিতে অসামান্ত অধিকার জন্মিয়াছিল। উৎসব-ভবনে বাস্থদেব স্থন্দর বাগ্মিতার সহিত মনোহর বচন-বিস্থাসে যখন স্তোত্র এবং শ্লোকাবলী আবুত্তি করিতে থাকিলেন, তখন এত অল্পবয়স্ক শিশুর এরূপ স্মৃতি-শক্তি, সংস্কৃত-শাস্ত্রে এত প্রগাঢ় পারঙ্গতি, স্থন্দর বচনবিস্থাস-পটুতা এবং বাগ্যিতা-শক্তি লক্ষ্য করিয়া সকলেই বালকের অলৌকিকী প্রতিভার প্রশস্তি গান করিতে লাগিলেন।

এদিকে ধৌতপটকুলসন্ত্ত 'শিব' নামক একজন পুরাণ-কথক নানা-,
প্রকার লোক-চিত্তরঞ্জক-ছন্দে ঐ উৎসব-ভবনের বিরাট্ সভা-মধ্যে যথন
প্রাণের কথকতা করিতেছিলেন, তথন বালক
বাহ্মদেব কর্ত্বক 'শিব'
বাহ্মদেব সেই স্থানে আসিয়া উপস্থিত হইলেন এবং
নামক পুরাণ পাঠকের
প্রাণ-কথকের হুই চারিটা বাক্য প্রবণ করিয়াই
নির্জীকভাবে প্রোত্রন্দের মধ্যে মৃত্যন্দ হাসিতে
হাসিতে ধীরে ধীরে বলিলেন,—"হে কথক!

আপনি প্রতিষ্ঠা অর্জনের জন্ম কৃত্রিমভাবে গোকচিত্ত রঞ্জন করিতেছেন

অষ্টম অধ্যায়—বাস্থদেবের বিভারস্ত

বটে, কিন্তু আপনার বাক্যগুলি ব্যাস-শুকাদি মহাজনগণের সিদ্ধান্তের বিরোধী। সিদ্ধান্ত-বিরুদ্ধ-বাক্য যতই না কেন মধুর শক্ষ-বিস্থানে গ্রথিত হউক, তাহার কোনই মূল্য নাই, উহা উচ্ছিষ্ঠ-গর্ত্ত কাকতীর্থের স্থায়। মানস সরোবরের মনস্বী পরমহংসকুল কখনও তাহাতে বিচরণ করেন না। আপনি সাহিত্যের প্রাণ যে সিদ্ধান্ত ও রস—সেই প্রাণ বিনষ্ঠ করিয়া মৃতা রমণীকে বাহু বেষভূষার দ্বারা লোকের অবৈধ উত্তেজনা উৎপাদন করিতে চাহিতেছেন!

শিশু বাস্থদেবের এরপ সিদ্ধান্ত-নিপুণতা ও নির্ভীকতা লক্ষ্য করিয়া সভাস্থ পণ্ডিতমণ্ডলী স্তন্তিত হইলেন। বাস্থদেবের এই কথা শুনিবার পর আর কেহই পুরাণ কথককে গ্রাহ্ম করিলেন না। অথবা ইহাতে আর আশ্চর্য্য কি ? সিংহ-শিশু যদি গন্তীর হুন্ধার-ধ্বনি আরম্ভ করে, তাহা হইলে কে-ই বা মুখর শৃগালের প্রশংসা করিতে পারে ?

শ্রোত্রন্দ তথন বালক বাস্থদেবকেই বলিলেন,—"হে বৎস! তুমি
আমাদিগকে মহাজনের সিদ্ধান্ত-সন্মত পুরাণ ব্যাখ্যা প্রবণ করাও
আমরা সিদ্ধান্ত-বিরোধকারীর মুখে আর কোন
কথা শুনিব না।" বালক বাস্থদেব তখন সেই
কথা শুনিব না।" বালক বাস্থদেব তখন সেই
বিরাট, পণ্ডিত-সভার ব্যাসাসনে উপবিষ্ট হইয়া
শ্রণে সকলে মুদ্ধ
মহাজনগণের সিদ্ধান্ত-সন্মত পুরাণ ব্যাখ্যা করিতে
লাগিল। সেই ব্যাখ্যামৃত কর্ণপুটে পান করিয়া
সকলেই চমৎকৃত হইলেন। দেবতাগণ পর্যন্ত আকাশমার্গ হইতে
আনন্দ প্রকাশ করিতে থাকিলেন।

তারপর বাস্থদেব মাতার দক্ষে ঘতবল্লী গ্রাম হইতে পাজকাক্ষেত্রে স্ব-গৃহে ফিরিয়া গিয়া পুরাণ-প্রবীণ পিতার নিকট উপরি-উক্ত সমস্ত ঘটনা নিবেদন পূর্বক জিজ্ঞাসা করিল,—"পিতঃ! ৰাহদেবের পিতার নিকট পুরাণকথক শিব এবং আমার ব্যাখ্যাত সিদ্ধান্তের নিজকৃত ব্যাখ্যার সমী-মধ্যে কাহার কথা ঠিক, তাহা আপনি আমাকে চীনতা জিজাসা বলিয়া দিন্।" পণ্ডিতবর মধ্যগেহ বলিলেন,— "বাস্থদেব, তোমার ব্যাখ্যাই সমীচীন এবং মহাজনগণের সিদ্ধান্ত-সন্মত।" মধ্যগেহভট্ট এরূপ অল্পবয়স্ক পুত্র-রত্নের এই প্রকার সিদ্ধান্ত-জ্ঞান ও পাণ্ডিত্য-প্রতিভার কথা সবিশ্বয়ে চিস্তা করিতে লাগিলেন এবং বিচার করিলেন,—"আমার এই শিশু-পুত্রের এইপ্রকার স্বাভাবিক-পাণ্ডিত্য-প্রতিভা নিশ্চয়ই রজতপীঠপুরের অধিদেব আমার ইষ্টদেব অনস্থেশরের দয়া-সম্ভূত, নতুবা এই শিশু বালকে এরূপ গুণাবলী কোথা হইতে প্ৰকাশিত হইল ?"

আর একদিন পুরাণকথক-শিরোমণি দ্বিজ্বর মধ্যগেষ্ট বহু-জনপরিবৃত হইর। সভা-মধ্যে পুরাণের কথকতা করিতে করিতে কোন

একটী শ্লোকের ব্যাখ্যা পরিত্যাগ করিয়া যাওয়ায়
পিতার পুরাণ-পাঠকালে
বাহুদেবের প্রশ্ন

হরণ পূর্বক পিতাকে ঐ ব্যাখ্যা-পরিত্যক্ত শ্লোকের
পুনরায় ব্যাখ্যা করিতে বলিল। তখন মধ্যগেষ্ট ভট্ট ঐ শ্লোকের
ব্যাখ্যা-প্রসঙ্গে শ্লোকোল্লিখিত বহু বৃক্ষবাচক-শন্দের অর্থ বলিলেন;
কিন্তু তন্মধ্যে 'লিকুচ'-শন্দটীর অর্থ না করায় বাহুদেব পিতাকে
মৃত্মধুরস্বরে বলিল,—"পিতঃ! আপনি ঐ 'লিকুচ'-শন্দটীর কোন
ব্যাখ্যা না করিয়া শ্লোক ব্যাখ্যা করিতেছেন কেন ?" বাহুদেবের

অফ্টম অধ্যায়—বাস্থদেবের বিছারস্ত

প্রশ্নের উত্তর মধাগেহ ভট্ট কিয়া সভাস্থ কোন লোকই দিতে পারিলেন না; ইহাতে সভাস্থ সকলেই ঐ শন্ধটীর অর্থ জানিবার জন্ত অত্যন্ত উৎস্কক হইয়া পড়িলেন। বালক বাস্থদেব ঐ শন্ধের অর্থ ও স্থানর বাহ্নদেবের 'লিকুচ' হইতে অসামান্ত সন্মান লাভ করিল। পিতা দিনের পর দিন প্ত্র-রত্নের এই প্রকার অলৌকিক-প্রতিভার উদাহরণ প্রত্যক্ষ করিয়া শ্রীহরির নিকট প্ত্রের কেবল মঙ্গল কামনা করিতে থাকিলেন।

নবম অধ্যায়

বাস্থদেবের উপনয়ন

বালক বাহ্নদেব মাতা-পিতার স্নেহ-সম্বর্দ্ধিত হইয়া ক্রমে অন্টম বর্ষে
পদার্পণ করিল। বিশ্ববর মধ্যগেহ পুত্রের বেদ-পাঠের স্বতঃদিদ্ধ যোগ্যতা
পূর্ব্ধ হইতেই লক্ষ্য করিতেছিলেন। ব্রাহ্মণোচিত যাবতীয় গুণাবলী
বালকে অতি শিশুকাল হইতেই বিকলিত হইতেছিল;
তাই শাস্ত্র-প্রবীণ মধ্যগেহ "অন্টবর্ষং ব্রাহ্মণমুপন্মীত"
অর্থাৎ ব্রাহ্মণকে অন্টমবর্ষে উপনয়ন-সংস্কার গ্রহণ করাইবে—এই প্রতিব্যাহ্মদারে যোগ্যপাত্র ও কাল উভয়ের সন্মিলন ও সমাগ্রমে বাহ্মদেবকে
বেদ-পাঠের জন্ম গুরু-গৃহে উপনীত করাইবার সঙ্কল্প করিলেন।

নিরবচ্ছিন্ন অন্তচ্ছারিংশ সংস্কারবিশিষ্ট দিজের ব্রাহ্মণ-বৃত্ত পু্ত্রকে ব্রাহ্মণতে বিনির্দ্দেশ করিবার যে বিধান আছে, তাহাতে শৌক্রশারম্পর্য্যে সংস্কার প্রদত্ত হইয়া থাকে। ব্রাহ্মণের
শারম্পর্যে সংস্কার প্রদত্ত হইয়া থাকে। ব্রাহ্মণের
পুর্ত্তের 'ব্রাহ্মণ' হইবার নৈস্ সিক-যোগ্যতা আছে
বিচার করিয়া "অন্তবর্ষং ব্রাহ্মণমুপ্রন্মীত"—এইরপ
শ্রতি-বাক্য দৃষ্ট হয়়। গোভিলীয় গৃহ্মপুত্রেও "গর্ভাষ্টমেষু ব্রাহ্মণং
উপনয়েং" বিধান রহিয়াছে। বোড়শবর্ষকাল পর্যন্ত ব্রাহ্মণের উপনয়নকাল। উপনয়নের সেই নির্দ্দিষ্টকাল গত হইলে পতিত-সাবিত্রীক
হইতে হয়, ইহাকেই 'ব্রাত্য' বলে। শাস্ত্র বলেন, ব্রাত্যকে উপনয়ন,
বেদাধ্যয়ন বা কন্তা-সম্প্রদান করিবে না।

নবম অধ্যায়—বাস্তদেবের উপনয়ন

স্থৃতিশাস্ত্র উপনয়নের এইরূপ সংজ্ঞা প্রদান করিয়াছেন,—

"গৃহোক্তকর্মণা যেন সমীপং নীয়তে গুরো:। বালো বেদায় তদ্যোগাৎ বালস্ভোপনয়ং বিহ:॥"

যে বৈদিক গৃহস্থত্যোক্ত বিধান-সন্মত অমুষ্ঠানের দারা বালককে বেদাধ্যয়নের জ্বন্থ বেদাধ্যাপক গুরুর সমীপে লইয়া যাওয়া হয়, সেই অহুষ্ঠানকে বালকের 'উপনয়ন' বলে। জ্ঞানের উন্মেষের পূর্ব্বে বেদাধ্যয়ন-কার্য্যের উপযোগিতা নাই, তজ্জ্মাই উপনয়নের পূর্বে যে দকল সংস্কার আবশুক, তাহার অনুষ্ঠান-যোগ্য কাল অভাব-পক্ষে সাত বৎসর। অধ্যাপনের জন্ম ব্রাহ্মণ-বালককে আট বৎসরের পূর্বের আচার্য্য-সমীপে লইয়। যাওয়া বিহিত নহে। ঐরপ শিশুকালে বালকের মাতা-পিতার গৃহ হইতে অন্ত গুরু-গৃহে বাদের সম্ভাবনা নাই। গৃহ্-বিধানানস্তর বেদাধ্যয়ন-কালেই ব্রাহ্মণ শ্রোতবিধান-গ্রহণে সমর্থ হন এবং পরিশেষে যজ্ঞ-দীক্ষায় দীক্ষিত হইবার অবকাশ লাভ করেন। যদি ষোড়শবর্ষের মধ্যে ব্রাহ্মণগণকে শুরু-গৃহে বাদের জন্ম প্রেরণ-সন্তাবনা না থাকে এবং ব্রাহ্মণ-বর্টুর বেদাধ্যয়নে কোন ইচ্ছা বা রুচি না থাকে, তাহা কুইলে তিনি নিজ ক^টি-বলেই উপনয়ন-সংস্কার গ্রহণ পূর্বক ব্রাহ্মণ হুটতে অভিলাষ করিলেন না জানিতে হুইবে। জড়ভরতের আখ্যান হইতেই জানা যায়, ভরত নিরবচ্ছিন্ন-সংস্কারবিশিষ্ট ব্রাহ্মণের গৃহে জন্মগ্রহণ করা সত্ত্বেও কর্ম্ম-সংস্কার-গ্রহণের পক্ষপাতী ছিলেন না ক্ষতিয় বা বৈশু হইবার ফচি না থাকিলেও ব্রাহ্মণবংশজাত বালক সংস্কার গ্রহণ পূর্বক আদৌ গুরুগৃহে যাইতেই অনিচ্ছা প্রকাশ করে।

বৈদিক-কর্ম্মকাণ্ড-প্রতিতে অগ্নি-সংস্থারই আদি উপাদান। এই কর্ম্মকাণ্ড-প্রতি ভাবী-উদ্দেশ্যের জন্ম ভব্য-প্রস্তাব মাত্র; কিন্তু ফলকালে ইহার বৈষম্য প্রমাণিত হয়। অক্ষত্ম-চেষ্টা যে কর্ম্মকাণ্ডের প্রস্তাবিত সর্ম্মত্রই সাফল্য লাভ করিবে, এরূপ নহে। বালকের ব্রহ্মণ্ডা ইচ্ছা হউক বা না হউক, তাহার পিতৃবর্গ বা সামাজিকবর্গ যদি বংশের বা সমাজের পরম্পরাগত-প্রথা রক্ষার জন্ম বালককে গুরু-গৃহে যাইতে বাধ্য করেন, তাহাতে ফল এই হয় যে, পিতৃবর্গ বা অপরের প্ররোচনাক্রমে তাঁহাদের প্রস্তাবিত কর্ম্মকাণণ্ডে অনেক সময়ে বালকের যোগ্যতার অভাবে অথবা রুচির বৈষম্যে প্রাথিত কল লাভ হয় না। এই কারণেই বংশের শুভামুখ্যায়িগণের বিধানমত কার্য্য করিয়াও এবং ব্রাহ্মণ-বালক আমুষ্ঠানিকভাবে উপনীত হইয়াও পরে ক্ষত্রিয়, বৈশ্য, শৃদ্র অথবা বর্ণ-বহিভূতি শ্রেণীবিশেষে প্রতিত বা পরিণত হইয়া পড়ে।

স্থান-স্ক্ম-দেহদ্বই বর্ণ ধারণ করে। দেহিসকলের বর্ণ-ধারণযোগ্যতা দেহদ্বয় দারাই সন্তবপর হয়। বিরাট্ সমষ্টি-সমাজ্ঞকে লক্ষণকিচারেই চারিভাগে বিভাগ করা হয়। বিভাগকে বর্ণ ধারণ করে?

পদ্ধতি বা লক্ষণ দ্বারা ব্যক্তিবিশেষকে জানিত্তে
ইইলে তাহার স্থুল পরিচয় বা দেহের পূর্বে পরিচয়াদি পিতৃকুলেই
আবদ্ধ স্থির করিতে হয়। পরে তাহার স্ক্রম পরিচয় বা রহুগত
পরিচয় বর্ণ-বিভাগ-কার্য্যের সহায়তা করে। স্ক্রম-পরিচয়ে ব্রাহ্মণলক্ষণ দেখিতে গিয়া আমরা অনেক স্থলে স্থল-শরীরের মূল অমুসন্ধান
করি; কিন্তু যদি তখন স্ক্রম-শরীর স্থল-শরীর হইতে উৎপত্তি লাভ
করিয়াছে, সিদ্ধান্ত করি, তাহা হইলে ফলের খোগা হইতে তরিহিত

নবম অধ্যায়—বাস্থ্রদেবের উপনয়ন

বীজের উদ্ভব মানিয়া লইতে হয়—য়ৄল-শরীরই ফ্ল্ম-শরীরের জনক বলিতে হয়; কিন্তু প্রকৃত-প্রস্তাবে দেরপ ধারণা শাস্ত্র বা বিচারসন্মত নহে। স্থুলের পতনে যথন ফ্ল্ম-শরীরের পুনরায় স্থূল-গ্রহণ
বিচারিত হয়, তখন ফ্ল্মের পূর্ববিস্থানই স্বীরুত। যাহারা বেদোক্ত
জন্মান্তরবাদ বা কর্ম্ম-পদ্ধতি অমুমোদন করেন, তাঁহারা স্থূল হইতে
ফল্মের উদ্ভাবনা মানিয়া ফ্ল্মই স্থূলাবরণ গ্রহণ করে,—ইহাই বিচার
করিয়া থাকেন। বাসনাই গুণময় জগৎ হইতে স্থূল-শরীরের উপাদান
গ্রহণ করে। স্থূল-শরীর পরবর্তী সময়ে বহির্জগতের যে উপাদান
গ্রহণ করিয়া থাকে, তাহা নিজের বা অপরের ফ্ল্ম-শরীর বা মনের
অমুমোদন-ক্রমেই; এই চিদাভাস মন বা ফ্ল্ম কারণই স্থূল-গ্রহণের হেতু।

যে-কালে স্থূন-দর্শন-প্রক্রিয়ায় মানবের বাহ্য-পরিচয় লক্ষিত হয়,
তৎকালে মানবের বর্গ-পরিচয় শৌক্র-বিচারেই আবদ্ধ। আবার চিন্তাশীল
মানব-বুন বুত্ত-বিচারকেই বর্গ-নির্গয়ের কারণরূপে
নির্দেশ করেন। কিন্তু সকলেই স্মুষ্টভাবে চিন্তাশীলতার পরিচয় দিতে অসমর্থ হইবে, বিচার করিয়া সামাজিক স্থূলকার্যাদি নির্বাহার্থে অর্থাৎ যৌন-সম্বন্ধ প্রভৃতি নিরূপণ-বিষয়ে শৌক্রপরিচয়কেই প্রাধান্তা দেন।

শৌক্ত-পরিচর-প্রাধান্তে লক্ষণ বা বর্ণ-দ্বারা বৃত্ত-নিরূপণ-পদ্ধা নানা-প্রকারে বিপন্ন হইবার সম্ভাবনা থাকার সাধারণ ধর্মশান্ত বা গৃহ্ত-স্ত্রাদিতে সচরাচর এই বিষয়ের স্কুর্ছ-মীমাংসা দেখিতে পাওরা যায় না।
শোক্ত-ক্রিয়া যে-কালে বিচার-রহিত ভারবাহিগণের কর্মফল-ভোগ-মার্গে পরিণত হইল, সেই কালেই শ্রোত-ক্রিয়ার স্থানে পঞ্চরাত্রবিধি স্কুর্ছভাবে প্রতিষ্ঠিত হইল। বেদ,

दिक्षवाहार्या गक्ष

আরণ্যক, শুদ্ধনংখ্যান, ভক্তিযোগ একত্র শুর্ত্তিপ্রাপ্ত হইয়া পঞ্চবিধ-জ্ঞান বা 'পঞ্চরাত্র' নামে তত্তৎস্থান অধিকার করিল। কর্মিগণ যাহাকে শ্রোতামুদ্রান বলিতেন, আর্ণ্যকগণ তাহ। হইতে তাঁহাদের নিজ্ঞত্বের পার্থক্য স্থাপন করিলেন। শ্রোত-বিধান, স্মার্ত্ত-বিধান, পৌরাণিক-বিধান ও পঞ্চরাত্র-বিধান সমতাৎপর্য্যবিশিষ্ট। যেখানে তাহাদের পরস্পর বৈষম্য নিরূপিত হইয়াছে, সেখানেই হরিভজন-কার্য্যে বা অদ্বয়-জ্ঞানে ব্যাঘাত হইয়াছে। পঞ্চরাত্র-বিধান, শ্রোত-বিধানের প্রতিকূল কল্পনা করিলেই কাল্পনিক পঞ্চরাত্র-বিধি উৎপাতের কারণ স্থিরীকৃত হয়। শ্রোত-বিধি-গ্রহণে দেশ-কাল-পাত্র-ভেদজনিত অযোগ্যতা যে শ্রুতির অনুকূল-তম্ব বা শ্রুতির বিস্তৃতি দারা অভাব-পূরণে দামর্থ্য এবং সমতাৎপর্য্যবিশিষ্টতা লাভ করে, তাহাই—পঞ্চরাত্র। শ্রোত-বিধানের আহুগত্যে গৃহোক্ত বর্ণাশ্রম-বিধিঞ্চলির যথায়থ উপযোগিতা বাধাপ্রাপ্ত হওয়ার সেই অভাব-পূর্ণ এবং বৈদিক-বিধান অন্মুগ্ন রাখিবার জন্ম শ্রীনারায়ণের শ্রীবাক্য হইতে পঞ্চরাত্র-শাস্ত্র হইয়াছেন। পঞ্চরাত্র-শাস্ত্রের সাহায্য গ্রহণ না করিলে বিবদমান শ্রোত-পদ্ধতির মীমাংসা হইতে পারে না।

এই বাস্থদেব তাহার আচার্য্য-লীলায় অদৈব বিশ্ব-সম্মোহন-লীণা-পর প্রীশঙ্করাচার্য্যের পঞ্চরাত্র-বিরোধবাদ থগুন করিয়া পঞ্চরাত্রের পঞ্চরাত্র-শীকারকারী প্রামাণ্য এবং পাঞ্চরাত্রিক-দীক্ষা-বিধানের সৌন্দর্য্য বাস্থদেবের বৃত্ত- জগতে প্রচার করিবে। এই বালক বাস্থদেবই বিচার তাহার আচার্য্য-লীলায় ছান্দোর্য্যোপনিষদের ভাষ্য-প্রচারকালে সামসংহিতার প্রমাণ উদ্ধার করিয়া হারিক্রমত গৌতমের উপনয়ন-প্রসঙ্গে বৃত্তগত ব্রাহ্মণতার বিচার জগতে জানাইবে।

नवंभ व्यथाय-वाञ्चलत्वत्र छेशनयन

আৰ্জ্জবং ব্ৰাহ্মণে সাক্ষাৎ শূদ্ৰেইনাৰ্জ্জবলক্ষণঃ। গৌতমস্থিতি বিজ্ঞায় সত্যকামমুপানয়ৎ।

(ছান্দোগ্যে মাধ্বভাষ্যধৃত সামসংহিতা-বাক্য)

ব্রাহ্মণে সাক্ষাৎ সরলতা এবং শৃদ্রে কুটিলতা বর্ত্তমান—হারিক্রমত গৌতম এইরূপ গুণ বিচার করিয়াই সত্যকামকে উপনয়ন বা সাবিত্র্য সংস্থার প্রদান করিয়াছিলেন।

এই বাস্থদেবই বৃশ্চিক-ভাগ্নুলীয়ক লোকিক-ভায়ের উদাহরণের দারা ভবিষ্যতে জানাইবে যে, ঋষিকুলের মধ্যে বৃশ্চিক-তাণুলীয়ক শোক্রগত (যদি নিরবচ্ছিন্ন সংস্কারযুক্ত সাগ্নিক ক্যায় ব্রান্সণের অস্তিত্ব থাকে) এবং অচ্যুত-কুলের মধ্যে বৃত্তগত ব্রাহ্মণতা সিদ্ধ; কেননা, কেবল শৌক্রগত প্রণালীতেই যদি ব্রাহ্মণতা শিদ্ধ হয়, তাহা হইলে বিরাট্ পুরুষ—যিনি ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র কোন বর্ণেরই অন্তর্গত নহেন, তাঁহা হইতে আবিভূতি পুরুষগণকে কিরপে 'ব্রাহ্মণ' বলা যাইতে পারে ? যেমন দ্বিবিধ-প্রণালীতে কীটাদি প্রাণীর উৎপত্তি হয়, দেই প্রকার দ্বিবিধ প্রণাশীতে বর্ণও নিরূপিত হয়। ততুল হইতে এক প্রকার কীটের উৎপত্তি হইয়া থাকে, অপর কীট ইহাদের জনক নহে; আবার বৃশ্চিকাদি কীট অপর বুশ্চিকাদি কীটের দারা শোক্র-প্রণালীতে উৎপন্ন হয়। বৈষ্ণবর্গণ শ্রোত-প্রণালীতে অর্থাৎ শ্রুতি-স্বঞ্চরাত্রোজ্ঞ রুত্তগত-বিচারে প্রকাশিত হন, আর কর্মফলবাধ্য সাধারণ জীবগণ কর্মকাণ্ডীয় শৌক্র-প্রণালীতে বর্ণগত হইয়া থাকেন; স্থতরাং ঋষিকুল ও অচ্যুতকুলের মধ্যে বিবাদ-বিসন্থাদ উচিত নহে।

देवक्षवाहाया मध्य

মানবগণ বীজগর্ভসমুভূত পাপ হইতে নিক্কতি-লাভের জন্য বৈদিক-বিধান-মতে দশটী সংস্কার গ্রহণ করেন। দশ-সংস্কারের উদ্দেশ্য উপনয়ন-সংস্কার সেই দশ সংস্কারের অন্যতম। এই সংস্কার প্রাপ্ত হইলে মানবের পাপ অপনোদিত হইয়া বিতীয় নিম্পাপ জন্ম লাভ হয়। যে কুলে সংস্কার-গ্রহণ পৈতৃকাচার নহে, তথায় জন্মাবিধি বীজগর্ভ-সমুভূত পাপ প্রশমিত হয় না। আর যে কুলে সংস্কার-বিধি প্রচলিত, সেই কুলকে 'পুণাময় কুল' বলিয়া পণ্ডিতগণ আখ্যা দিয়া থাকেন। প্রাক্তন-পাপবহুল হইয়া মানবগণ শোচ্য শ্রকুলে উভূত হন, আর প্রাক্তন-পাপ ক্ষীণ হইলে পুণালক জীব বিজকুলে শরীর লাভ করেন।

ষিজকুলে স্থল-শরীর পাইলেই যে বীজগর্জ-সমুভূত পাপে আক্রান্ত হইতে হইবে না, এরপ নহে, পরন্ত দশ-দংশ্বার-প্রভাবে প্রবর্ত্তমান পাপ-বিনাশকল্পে উপনয়ন-সংশ্বার আবশুক। বাজ্ঞবন্ধ্য বলাধ্যাহন-বিম্থের বলাধ্যাহন-বিম্থের বলেন,—"এবমেনঃ শমং যাতি বীজগর্জসমুন্তবম্।" উপনয়ন-সংশ্বারে আচার্য্য বেদ-সমীপে মানবককে লইয়া যান। উপনীত দ্বিজই বেদ অধ্যয়ন করেন। যিনি বেদাধ্যরন-বিম্থ, তিনি উপনয়নবিশিষ্ট হইয়াও উপনয়ন-গ্রহণের একমাত্র তাৎপর্যাহীন হইয়া ইহ-জন্মেই শুদ্র হইয়া যান এবং বংশ-পরম্পরায় 'দ্বিজ'-শন্ধবাচ্য হইবার পরিবর্ত্তে শুদ্রবংশের জ্বনক হন। শুদ্র হইয়া আন্ধাবংশ বলিয়া পরিচয় দিলে উপনয়ন-সংশ্বার-গ্রহণের যোগ্যতা হয় না। আন্ধাণের বংশে জ্বাগ্রহণ করিলেই 'রাহ্মণ' হওয়া যায় না। সাবিত্ত-সংশ্বার গ্রহণ না করা পর্যান্ত তাঁহার এক জ্বা বা শুদ্রতা বর্ত্তমান থাকে। সংশ্বার গৃহীত হইলে মানবক দ্বিজ হন।

নবম অধ্যায়—বাস্তুদেবের উপনয়ন

বিশুদ্ধ মাতা-পিতার নিকট হইতে জন্ম লাভ করিলে তাহাই— শৌক্র-জন্ম। শৌক্রজন্ম-বিধানক্রমে সাধারণতঃ শেক্ত-বিধানক্রমে পুরোহিত কর্তৃক দিজত্ব বিচার না করিয়া পূর্ববংশগত দ্বিজন্থ-বিচার প্রাথা-মত উপনয়ন-সংস্থার বিহিত হয়। যেখানে শৌক্রজন্মের অসন্তাব, তথায় নানাপ্রকার যোগ্যতার বিচার উপস্থিত হয়। পুরোহিত দেইকালে বিচার করিয়া উঠিতে পারেন না। শোক্র-জন্ম হইলেই যে তিনি ব্রাহ্মণ হইবেন, এরপ নহে, তাঁহার সাবিত্র বা দ্বিতীয় জনা লাভ না হওয়া পর্যান্ত বীজগর্ভ-সমুভূত প্রবর্ত্তমান পাপের অবসান হয় না। পূর্বপুণ্যফলে প্রাক্তন-ছজ তিত্ত অভাবেই তাঁহার বিশুদ্ধ জনক-জননী লাভ হয়। 'বিশুদ্ধ'-শব্দে সংস্কারবিশিষ্ট অর্থাৎ পাপ-বর্জিত বংশেই পুণ্যবানের জন্ম বেদপাঠের অভাবে লব্ধ-দিতীয়জন্ম দিজের পুনরায় পাপময় শৃদ্রত লাভ ও বংশ-পরম্পরাক্রমে শূদ্রতা, অদ্বিজত্ব বা বেদপাঠাযোগ্যত। জানিতে হইবে। ইহাই শৌক্রবিধানক্রমে দ্বিজ্ব।

বিজ্ঞা যে কালে শান্ত্রবিধিমত দীক্ষা গ্রহণ করেন, তৎকালেই
তাহার প্রকৃত সংস্কার লাভ হয়। যে সকল মানবক
সামাজিক বিধানমতে বিজন্ধ-লাভে বাধাপ্রাপ্ত হন,
তাহারা গুরুর নিকট নিজ যোগ্যতার পরীক্ষা প্রদান
করিয়া তাঁহার নিকট হইতে দীক্ষা-লাভের যোগ্যতা লাভ করেন।
শিয্যের যোগ্যতা যা নিজ রভের পারচয়—আশ্রয়-গ্রহণ। আশ্রয়-গ্রহণ
আর কিছুই নয়, কেবল সেবা-প্রবৃত্তির পরিচয়ে শরণাগত হওয়া।
অভক্তির পথে আশ্রয়-গ্রহণের সন্তাবনা নাই। 'গুরুপদাশ্রম' বলিতে
গুরুকে স্থার-বোধ এবং আপনাকে দাস বা বশ্য-বোধ। সদ্গুরু-বিচারে

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

বেদ বলেন,—"বেদজ্ঞ ও ব্রহ্মনিষ্ঠই—সদ্গুরু। সচ্ছিষ্যের হস্তে যজ্ঞীর সমিধাদি যজ্ঞীর উপারন বর্ত্তমান থাকিবে। যে মানবক অক্ষন্ত্র-জ্ঞান, অধিরোহ-পদ্থা বা মারার ভোক্তব্ব-রূপ ত্রিগুণাত্মকতা পরিহার করিবার সক্ষন্ত্র করিরা অধ্যক্ষকের সেবা বা অবতীর্ণ অবিসংবাদিত নিরস্তকুহক-সত্যে অবস্থিত হইতে পারিবেন, তাঁহারই গুরু-চরণাশ্রর-বিষয়ে সিদ্ধিলাভ হইরা দীক্ষা-প্রাপ্তি হইবে। "দিব্যং জ্ঞানং যতো দদ্যাৎ কুর্যাৎ পাপস্য সংক্ষরম্। তত্মাদ্দীক্ষেতি সা প্রোক্তা দেশিকৈস্তত্ত্বকোবিদৈঃ॥" অর্থাৎ যে অনুষ্ঠান হইতে মানবক বা দিন্তের প্রকৃতির অতীত জ্ঞানলাভ হইরা প্রাকৃত পাপপুণ্যাদির সম্যক্ বিনাশ সাধিত হয়, তাহাকেই বিজ্ঞজন 'দীক্ষা'-সংজ্ঞা দিয়া থাকেন।

এই সকল সাত্বতশাস্ত্র-সমত বিচার বৈশ্ববাচার্য্য-মাত্রেই দেদীপ্যমান আছে; কেবল কর্মজড়মার্ত্ত বা তাহাদের অনুগামি-সম্প্রদায়ে অপ-সাম্প্রদায়িকতা ও বিষ্ণুবিদ্বেষ্মূলে এতৎপ্রতিকূল-বিচার দৃষ্ট হয়। তাহাতে আর্য্য-ঋষিগণের ব্যবস্থাপিত বৈজ্ঞানিক-সামাজিক-ব্যবস্থা বিভ্ষিত এবং জগলাশকর-কার্য্যের উদ্ভব হইতেছে। এমন কি শ্রীমধ্বাম্ম পরিচয় দিয়াও কেহ কেহ বর্ণবিচারের-স্ক্র তাৎপর্য্যের প্রতিকূলমত শ্রীমানদতীর্থে আরোপ করিতে ব্যগ্র।

আমাদের দ্বিজ্বর মধ্যগেহ বালক বাস্থদেবের বেদ-পাঠে স্বাভাবিকী ক্রচি এবং তাহার ব্রাহ্মণোচিত গুণাবলী লক্ষ্য করিয়া বাস্থদেবকে অন্তম-বর্ষে গুরু-গৃহে উপনীত করাইবার সঙ্কল্ল করিলেন। উপনয়ন-প্রদানের শুভ-দিন ধার্য্য হইলে মধ্যগেহ বন্ধু, বান্ধব, আত্মীয়-স্বজ্ঞন সকলকে নিমন্ত্রণ করিয়া বহু বেদ-পাঠী বিষ্ণুভক্তিপরায়ণ ব্রাহ্মণগণের সহিত বিচার পূর্ব্বক পুত্রের উপনয়নোৎসব আরম্ভ করিলেন। শাস্ত্র-

नवम व्यथाय--- वाञ्चलत्वत्र छेशनयन

বিহিত দ্রব্য-সম্ভার দারা বিষ্ণুর উদ্দেশে যাবতীয় বৈদিকী-ক্রিয়া নিষ্পাদন করিলেন এবং ব্রহ্মা হইতে বংশ-পরম্পরায় যে বেদাগ্নি প্রজ্ঞালিত ছিল,

বাহাদেবের উপ-নয়নোংসব
করিয়া বিবিধ অলঙ্কারে বিভূষিত, মুণ্ডিত-মন্তক, কমনীয় তেজ্ঞঃপুঞ্জের মুর্ত্ত-বিগ্রহম্বরূপ বাস্থদেবের

উপনয়ন-ক্রিয়া সম্পন্ন করিলেন। যে সকল দেব-ললনা বিবিধ বেদ-বিতারপে আবিভূতা হইয়া বাস্থদেবের বদন-রঙ্গমঞ্চে বিহার করিবার জন্য বহুকাল যাবৎ আশা পোষণ করিতেছিলেন, তাঁহারাও বাস্থদেবের উপনয়নোৎসবে নিজ নিজ পতির সহিত সমিলিতা হইয়া আকাশ হইতে এই উৎসবের অভিনন্দন করিতেছিলেন। পণ্ডিতবর মধ্যগেহ সাধারণ পিতার স্থায় ছিলেন না। উপনয়ন-প্রদানের যথার্থ তাৎপর্য্য যে স্বরূপোদোধক ব্রহ্মচর্য্যের সহিত গুরু-দেবা এবং উপাসনা-মূলক বেদ-শাস্ত্রের অধ্যয়ন, তাহা তিনি জানিতেন; তাই জগদ্গুরু বাস্থদেবকে দ্বিজ্বর মধ্যগেহ আহ্বান করিয়া বলিলেন,—"বংস বাস্থদেব! তুমি नमाठाती रुरेया अधिष्ठ विष्ठु अवः खक्रामत्वत পরিচর্য্যা করিবে! সর্বদা কার্যনোবাক্যে ব্রন্ধচর্য্য পালন পূর্বক নির্দ্দোষ বেদাদি-শাস্ত্রের অধ্যয়ন করিবে।" বিনি কার্তিকেয় হইতেও অধিকতর স্বরূপোদোধক ব্রহ্মচর্য্যে স্বভাবতঃই নিত্য-অরম্থিত, সেই বাস্থদেবকে দ্বিজ্ঞবর মধ্যগেহ আচার্য্য-পরিচ্য্যা-মূলক ব্রহ্মচর্য্যাদি পালনের উপদেশ প্রদান করিলেন। वाञ्चलव यथन लाक-भिकार्थ विकृ-तिवालिए देव-वर्गान्यम-विधि-পাগনের আদর্শ প্রদর্শন পূর্বাক সেবা-স্থির-সৌদামিনীর সান্ত-মৃত্তিরূপে প্রোজ্জলিত হইয়। উঠিল, তথন মধ্যগেহ এবং ব্রাহ্মণবর্গ সেই সেবা-প্রভাবময় প্রভা-দর্শনে পর্ম বিশ্বিত ও আনন্দিত হইতে থাকিলেন।

বৈষ্ণবাচার্য্য মধ্ব

ভূবনাধিপতি বায়ুদেব ব্রাহ্মণ-ব্রহ্মচারীর বৈরাগ্যের বেষ প্রচারের ক্ষম্ম দরিদ্রের স্থায় ছিল্ল চীরখণ্ড পরিধান এবং আহার-বিহারাদি সক্ষ-বিষয়ে সংয্য পালন করিতে থাকিলেন।

দশম অধ্যায়

গুরু-গৃহে বাহ্নদেব

অইম-বর্ষবয়স্ক বাহ্নদেব গুরুদেবাপরায়ণ বেদ-পাঠা ব্রহ্মচারীর বেশে তরুণ-তপনের আর দীপ্তি পাইতে লাগিল। এই তেজঃকান্তি বালক অতীব শিশুকালেই যেরূপ প্রতিভা প্রকাশ করিতেছিল, তাহাতে ভবিষ্যৎকালে এই বালক যে বিশ্ব-নায়কত্ব গ্রহণ করিবে, তাহা অনেকেই ন্যুনাধিক বুঝিতে পারিয়াছিলেন। মাতা, পিতা, আত্মীয়-স্বস্থন, স্বেছ-শীল গুরুবর্গ এবং সজ্জন-সমাজ বাস্থদেবের প্রতিভা দর্শন করিয়া আনন্দে উৎফুল্ল হইলেও অপস্বার্থপর অসজ্জনগণ মনে মনে বিপদ গণিলেন। তাঁহারা আশক্ষা করিলেন যে, যদি এই বিষ্ণুভক্তি-চুষ্ট-প্রকৃতি-ব্যক্তিগণের পরায়ণ বালক বড় হইয়া বিশ্ব-নায়কত্ব গ্রহণ করে, মৎসরতা তাহা হইলে জগতে বিষ্ণু-বিরোধি-মতবাদ, প্রচ্ছন্ন-বৌদ্ধবাদ প্রভৃতি নাস্তিক্যবাদ বিশেষভাবে আক্রান্ত হইয়া পড়িবে। তাই বালক বাস্থদেব যথন মাতা-পিতার ক্ষেহ্ময়ী-দৃষ্টির কিঞ্চিৎ অন্তরালে ্ঞকুগৃহে বেদ-অধ্যয়নের জন্ম গমন করিল, তথন ঐ বিকাশমান কমল-কোরককে উহার মুকুলাবস্থায়ই চিরবিনষ্ট করিবার জন্ম ছষ্ট প্রকৃতির ব্যক্তিগণ উপায় উদ্ভাবন করিতে থাকিলেন।

্ একদিন বাস্থদেব গুরুগৃহে বসিয়া বেদ অধ্যয়ন করিতেছিল এবং বেদের সমস্ত মন্ত্র বিষ্ণুভক্তি-তাৎপর্য্যময়—ইহা মনে মনে বিচার করিতে-ছিল, এমন সময় ক্রুর-সর্পাকৃতি এক অস্থর বালক বাস্থদেবকে দংশন করিবার জন্ম তাহার সমীপস্থ হইল। এ সর্পাকৃতি অস্থরটী চতুর্দিকে

অবিরল বিষ-বাষ্প উদ্গীরণ পূর্বক সমস্ত লোককে উদ্বিগ্ন করিয়া তুলিল। ঐ সর্পের বিষ-বীর্ঘ্য এত স্থতীক্ষ ও তঃসহ ছিল যে, মন্ত্রৌষ্ধি প্রয়োগের দারাও ঐ দর্পকে কোনমতেই নিরস্ত কুর-দর্পাকৃতি অহুরের গেল না। ঐ দর্প ধীরে ধীরে উহার উন্নত ফণা व!रुरावरक मःभन বিস্তার করিয়া বালক বাহুদেবের অবিক্ষত অঙ্গে হঠাৎ দংশন করিয়া বদিল। এরূপ ভীষণ বিষ-বীর্ঘ্য-দর্পকে দংশন করিতে দেখিয়া উপস্থিত সকলে কমনীয়-কান্তি বালক বাস্থদেবের প্রাণ निम्ठब्रहे विनष्टे इहेन, श्रित कतितन। मकत्न (थर्म, इःरथ এवং ক्रार्थ অভিভূত হইয়। কিংকর্ত্তব্য-বিমৃঢ় হইয়া পড়িলেন। আজ স্নেহণীল মাতা-পিতার এমন নধর-কান্তি-পুত্র, এমন প্রতিভা-বিকাণী প্রাণ-পুতলি, জগতের ভাবী আশা-ভরসার স্থল বুঝি অকালে কাল-গ্রাসে পতিত হইল। বাস্থদেবের আশা সকলেই ছাড়িয়া দিলেন। বাস্থদেবের সভীর্থগণের মধ্যে ক্রন্দনের রোল উঠিল। গুরুর কর্ণে এই বার্ত্তা পৌছিলে গুরুদেব বাস্থদেবের প্রাণাশক্ষা করিয়া বিশেষ বিহ্বলিত হইয়া পড়িলেন; কিন্তু লোকের আশঙ্কার বিপরীত ফল ফলিল। ঐ সর্পাকৃতি অস্থ্র বাস্থদেবের পদদেশ দংশন করিতে যাইয়া অস্থর-বিনাশ বাস্থদেবের পদতশের ধারা এরপভাবে পিট হইয়া-ছিল যে, উহা তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হইল। বাস্থদেবের অঙ্গে ঐ দর্পের দংশন বিন্দুমাত্রও কোন বিষ-ক্রিয়া করিতে পারিল ন।। করিতে পারিবেই বা কেন? বাস্থদেবের চিদানন্দ-দেহ যে অমৃত, আর ঐ অমুরের দেহ ত' মৃত। বামুদেব লোক-সমক্ষে আরও প্রোজ্জলরপে শোভা পাইতে থাকিল। আজ ঐ হুষ্ট দৈত্য নিগ্ৰহ হইল দেখিয়া মৰ্জ্যে সজ্জনগণ এবং স্বর্গে দেবতাগণ বাস্থদেবের অভিনন্দন করিলেন।

দশম অধ্যায়—গুরু-গৃহে বাস্থদেব

বৃহস্পতি-ইন্দ্র-প্রমুখ স্থ্রপুরবাদিগণ সর্বদা যাঁহার চরণ-রেণু বন্দনা করেন, তিনি আজ ছন্ম-মানব-বিগ্রহ ধারণ করিয়া বালক বাস্থদেব-রূপে বেদাদিশাস্ত্র অধ্যয়ন করিতেছিলেন। যদিও তিনি বাহিরে সাধারণ অজ্ঞনের ন্থার পাঠাদি অভ্যাদ করিভেন, তথাপি স্বভাবতঃই তাঁহার হৃদয়ে নিখিল-বেদাদি-বিদ্যা অপরাপর কলা-বিদ্যার দহিত চক্রপানি শ্রীহরিকে কেন্দ্রীভূত করিয়া সর্বাদাই বিরাজমান ছিল।

বালক বাস্থদেব মাতা-পিতার পরম আদরের সন্তান ছিল। বালকে স্বভাবতঃই যে স্বেহাকর্ষণী সম্মোহন-বিছা দেদীপামান ছিল, তাহাতে স্বেহ-বিগ্রহ মাতা-পিতার কথা দূরে থাকুক, বাহ্নদেবের ক্রীড়াময় যে কোন ব্যক্তি বালককে আদর না করিয়া থাকিতে **हाकधा** পারিতেন না। সেইরূপ আদর ও ক্ষেহস্থথে সম্বর্দ্ধিত বাস্থদেব গুরুগুহে পাঠের বিরাম হইবামাত্র গুরুদেবের অসাক্ষাতেই অনেক সময় অস্থান্ত ব্রহ্মচারী বালক ও বয়স্যগণের সহিত থেলা করিবার জন্য যেখানে সেখানে চলিয়া যাইত এবং বয়স্ত বালকগণের সহিত পণ রাখিয়া নানাপ্রকার খেলায় প্রমত্ত হইত। কোন সময় বয়স্তগণকে ডাকিয়া বশিত,—"দেখা যাউক্, কে কত শীঘ্ৰ দৌড়াইতে পারে।" এইরূপ প্রতিযোগিতার পণ লইয়া বাস্থদেব তদপেকা অধিক-বয়স্ক, সম-বয়স্ক ও অল্পবয়স্ত্র বালকগণের সহিত বিস্তৃত প্রাম্বর-মধ্যে দৌড়াইতে আরম্ভ করিত। আশ্চর্য্যের বিষয় এই, তদপেকা সমধিকবয়স্ক বালকগণও বাস্থদেবের সহিত কখনই প্রতিযোগিতার জয়ী হইতে পারিত না, প্রত্যেকবারেই বাস্থদেব সকলের অগ্রগামী এবং সর্বাপেক্ষা ক্রতগামী হইয়া পরাভূত করিত।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

বাস্থদেব কখনও বা উল্লন্ফন-ক্রীড়ায় বয়স্থগণের সহিত প্রতি-যোগিতার পণ রাখিয়া সহচরগণকে পরাজিত করিত। বাস্থদেবের স্থার জলক্রীড়া এবং সম্ভরণাদি-কার্য্যে নিপুণ আর কেহই সন্তরণ প্রতিযোগিতা, ছিল না। সম্ভরণ-প্রতিযোগিতার সে সকলকে মরবুদ্ধে পারদর্শিতা, পরাভূত করিয়াছিল। কখনও বা বাস্থদেব 'ভীম'-আখ্যা সহচরগণকে মল্লযুদ্ধে আহ্বান করিত। তাহার তাহারা সকলেই সর্বাক্ষণ প্রাণপণে বাস্থদেবকে পরাভূত করিবার চেষ্টা করিত, কিন্তু বালক বাস্থদেব হাসিতে হাসিতে অতি সহজে সকলকে ভূপাতিত করিয়া দিত। এই মল্লযুদ্ধে নানাপ্রকার অভূত কৌশল ও নিপুণতা প্রদর্শন করায় বয়স্তাগণ বাস্থদেবকে উপমাচ্ছলে 'ভীম' বলিয়া ডাকিত। কিন্তু এ উপমা কেবল উপমা নহে, ইহা প্রকৃতই সতা। বাস্থদেব—ভীমেরই অবতার।

বালক বাস্থদেবের পাঠে এই প্রকার অমনোযোগ, বয়স্তগণের সহিত যথন তথন ক্রীড়ামোদ এবং নানাপ্রকার চাপল্যের কথা শুনিয়া উপাধ্যায় বিশেষ অসম্ভষ্ট হইলেন। বাস্থদেব কর্মান করিয়া ভাকিয়া আনিলে ভোজনের জ্বন্ত বাহির হইতে অমুসন্ধান করিয়া ভাকিয়া আনিলে ভোজন করিয়াই আবার তৎক্ষণাৎ খেলা করিবার জন্য বাহিরে চলিয়া যাইত এবং অতি বিলম্বে গৃহে ফিরিত। ইহা দেখিয়া উপাধ্যায় মহাশর বালক বাস্থদেবের প্রতি বিশেষ অসম্ভন্ত হইলেন এবং একদিন পাঠকালে বাস্থদেবকে অন্তমনন্ধ দেখিয়া কোপ প্রকাশপ্র্বক বলিলেন,—'বাস্থদেব। তৃমি প্রবঞ্চক হইয়া পড়িরাছ, প্রত্যাহই আমার অজ্ঞাতসারে বালকগণ্যেক লইয়া নানাপ্রকার

দশম অধ্যায়—গুরু-গৃহে বাস্থদেব

থেলার মন্ত থাক, পাঠে তোমার বিন্দুমাত্র মনোযোগ নাই। এথানেও আমি লক্ষ্য করি, পাঠকালে তুমি অক্তমনা হইরা তোমার থেলার কথাই ভাবিতে থাক। ভোমার স্থার অক্তমনস্ক-ছাত্র কোনদিনই কিছু শিখিতে পারিবে না।"

উপাধ্যারের কথা শুনিরা বাহুদেব বলিল,—"আচার্য্য! আপনি আমাকে এত অল্প-মাত্রার পাঠ দেন যে, ঐ সামাত্র পাঠ পুনঃ পুনঃ আরুত্তি করিতে আমার মোটেই ভাল লাগে না। আমি বাহুদেবের উত্তর বিদ-মন্ত্রের আংশিক পাঠ পুনঃ পুনঃ আরুত্তি করিতে ইচ্ছা করি না।" বাহুদেবের এই কথা শুনিরা উপাধ্যার বলিলেন,—"বাহুদেব! তুমি কি আমার সহিত রহস্ত করিতেছ? তুমি সামাত্র বালক; আমি বেদ-মন্ত্রের যে একচতুর্থাংশ বা অর্দ্ধাংশ পাঠ প্রদান করি, তাহা সামাত্র নহে। তোমা অপেক্ষা অধিক বয়য় বালকরণও পুনঃ পুনঃ অভ্যাস করিয়া উহা অ্নুভাবে আরুত্তি করিতে পারে না। আচ্ছা, যদি এই অল্প পাঠ তোমার কচিজনক না হয়, তাহা হইলে তোমার ইচ্ছামতই পরবর্ত্তী অংশগুলি আরুত্তি কর দেখি। তুমি অল্প-বয়য় শিশু, পাঠ লইয়াণ্ড খেলা করা উচিত নয়।"

তিপাধ্যায়ের এই কথা শুনিবামাত্র বালক বাস্থানের অপঠিত বেদমন্ত্রের সমগ্র অংশ অনর্গল স্ফুলাবে আর্ত্তি করিয়া ফেলিল; এমনভাবে
আর্ত্তি করিল যে, তাহাতে কোথায়ও বিন্দুমাত্র
অপঠিত বেদমন্তের
দোষ স্পর্শ করিল না। উপাধ্যায় ঐ আর্ত্তি শ্রবণ
করিয়া মহা-আশ্চর্যান্থিত হইলেন। "একি! আমি
বালককে তিরস্কার-ছলে একটা অসাধ্য ব্যাপারের কথা বলিয়াছিলাম, বালক দেখি, সে অসাধ্য সাধন করিয়া বসিল! শুনিয়া থাকি,

বৈষ্ণবাচাৰ্য্য মধ্য

তেই ব লক সর্বাদাই খেলা-ধ্লায় মন্ত থাকে, পাঠকালেও অন্তমনক্ষ থাকে, তাহা হইলে কোন্ সময় সমগ্র বেদ-মন্ত্র অভ্যাদ করিল! পূর্ণবয়ন্তের পক্ষেও এত পাঠ অভ্যাদ করা সন্তবপর নয়, তাহা হইলে এ বালক কে? ইনি কি কোন দেবতা নররূপে আমার গৃহে আদিয়াছেন?" উপাধ্যায় এইরূপ নান। ভাবনা ভাবিয়া দেইদিন হইতে বালককে আর কোনপ্রকার তিরক্ষার বা শাদন করিতেন না, পরস্তু সর্বাদাই প্রীতির চক্ষে দর্শন করিতেন।

একদিন বাস্থানের করেকজন বয়স্যের সহিত ভ্রমণ করিতে করিতে একটা বিজ্ঞন-বনে আসিরা পড়িল; সেখানে উপস্থিত হইবার পর বাস্থানেরের একটা প্রিয়-বয়স্য তঃসহ শিরোবেদনার অভিভূত হইল। বালকটা যন্ত্রণায় চীৎকার আরম্ভ শিরোবেদনা করিল, বালকগণের মধ্যে সকলেই বিশেষ চিন্তিত হইয়া পড়িল। বাস্থানের তাহার বয়স্যের কর্ণ ধারণ করিয়া কর্ণের মধ্যে এমন একটা ফুৎকার দিল যে, তাহাতেই ঐ বালকের তীব্র শিরোবেদনা মুহুর্ভ-মধ্যে প্রশমিত হইয়া গেল।

একদিন বালক বাস্থদেবের নিকট উপাধ্যায় সমগ্র নারায়ণীয় তিপনিষৎখানা উচ্চঃস্বরে পাঠ করিলেন। উপাধ্যায়ের পাঠ সমাপ্ত হইবার পর বাস্থদেব গ্রন্থ না দেখিয়াই সমগ্র উপনিষদ ব্যাখ্যা, আন্চর্য্য-শ্রুতিধর বালকের প্রতিভা প্রত্যক্ষ করিয়া আচার্য্য ও সতীর্থগণ সকলেই পরম বিস্মিত হইলেন। একদিন বালক বাস্থদেব একাকী গুরুদেবের নিকট উপস্থিত হইয়া তাঁহার নিকট ঐতরেয়-উপনিষৎ পাঠ করিবার ইচ্ছা প্রকাশ করিলেন

দশম অধ্যায়—গুরু-গৃহে বাস্থদেব

এবং ঐ উপনিষদের গূঢ় সিদ্ধান্ত উপাধ্যায়ের নিকট ব্যাখ্যা করিলেন । উপাধ্যায় ঐতরেয়-উপনিষদের এরূপ স্থলর ব্যাখ্যা কোনদিন কোথায়ও শ্রবণ করেন নাই। কিন্তু বাস্কদেব ঐতরেয়োপনিষদের এরতি মন্ত্রকে বিষ্ণুভক্তিপর ব্যাখ্যা করিয়া উপাধ্যায়ের বিশ্বয় উৎপাদন করিলেন। বাস্কদেব ঐতরেয়-শ্রুতি-তাৎপর্য্য ব্যাখ্যামুখে-গোবিন্দভক্তিরূপ অমূল্য-নিধি আচার্য্যকে গুরুদক্ষিণাশ্বরূপ প্রদান করিলেন।

বাস্থদেবের গুরুকুণ-বাসের কাল সমাপ্তপ্রায় হইলে দেবতাগণ বাস্থদেবের নিকট উপস্থিত হইরা প্রার্থনা জানাইলেন যে, বাস্থদেক জগতে গুপ্ট-দমন ও শিষ্টগণের সন্তোষ উৎপাদনের দেবতাগণের আবেদন, বাস্থদেবের গুরুর অন্থমতি-গ্রহণ ক্রমবিন্তা বিল্লাপতি শ্রীহরির সহিত স্বতঃ-সিদ্ধভাবে তাঁহাতে বিরাজমানা, কাজেই তাঁহার গুরুগৃহে আর অধিক সমরক্ষেপের আবশ্যক নাই। জগৎ নাস্তিক্যবাদে পরিপ্লাবিত হইয়াছে। প্রচ্ছন বৌদ্ধবাদরূপ রাহু স্থদর্শন-স্থর্যের প্রভাকে লোক-লোচনের নিকট আচ্ছাদিত করিরাছে; স্থতরাং সেই মারাবাদরূপ অন্ধকার বিদ্রিত করিবার জন্ম তিনি প্রোজ্জন জ্যোতিঙ্করূপে প্রকাশিত ফুউন। জগদ্গুরু বাস্থদেব দেবতাগণের এই বাক্য শ্রবণ করিয়। বিশেষ আনন্দিত হইল এবং স্বাভিপ্রেত কার্য্য সাধনের জন্ম গুরুর নিকট

অমুমতি গ্রহণ করিল।

একাদশ অধ্যায়

সম্যাস গ্রহণের সূচনা

শুরুক্ল-বাস সমাপ্ত হইবার পর বাস্থ্দেব জগতে পরবিদ্যার প্রতিপাদ্য বিষ্ণুভক্তি-প্রচারে রুতসঙ্কল্প হইলেন। এ সময়ে ভারতাকাশ বাস্থদেবের সঙ্কল হুর্ভায্য-মেঘে আচ্ছাদিত হওয়ায় সজ্জনগণ হৃদয়ে বড়ই হুঃখ অমুভব করিতেছিলেন। নাস্তিকতা-স্থাপনই বেদাধ্যয়নের ফল ও পাশুতোর সীমা বলিয়া বিচারিত হইয়াছিল। ভগবান্ বৃদ্ধরূপী বিষ্ণুর হৃদয়ের প্রকৃত তাৎপর্য্যোপলক্তিতে বঞ্চিত হইয়া যাহারা নাস্তিক্যমতাবলম্বী বৌদ্ধরূপে পরিগণিত হইয়াছিল, সেই বৌদ্ধগণের মতবাদ যখন বৈদিক-সনাতন-ধর্মকে লজ্মন করিতে বিদল, তখন এক জগজ্জ্ঞাল উপস্থিত হইল।

ভগবান্ বিষ্ণু বুদ্ধপ্রপে স্থেমের পরিপন্থী দক্ষ ও ক্রন্তের জীব-হিংসাক্রিয়াক নিবারণ করিয়া জগতে অহিংসাবাদ 'হাপনের জন্ম অবতীর্ণ্
ইয়াছিলেন। ইতঃপূর্ব্বে কর্ম্মকাণ্ডীয়গণ বেদের মধুপ্রিক্-বিষ্ণুর আবিভাবের কারণ

ক্রিয়াক বাকো লুক হইয়া যথন জন্ম ও ভঙ্গের ক্রিয়াতেই মন্ত হইয়া পড়িয়াছিল, বেদের প্রকৃত তাৎপর্য্য
বে যজ্ঞেশ্বর বিষ্ণুর উপাসনা, তাহা ভূলিয়া গিয়া দেহৈকসর্ব্বেবাদী হইয়া
যথন বাহাামুষ্ঠানের আড়ম্বরকেই যথাসর্ব্বেম মনে করিয়া লইয়াছিল—জীবের
স্বাভাবিকী হিংসা-রুত্তির সঙ্কোচ-উদ্দেশ্যে প্রবর্ত্তিত বৈদিক যক্ত-বিধির
তাৎপর্য্য-ভ্রত্ত হইয়া যথন হিংসাবহল কর্মকাণ্ডকেই বেদের সঙ্গে ওতপ্রোত-

একাদশ অধ্যায়—সন্ন্যাস গ্রহণের সূচন

ভাবে জড়ীভূত করিয়া ফেলিয়াছিল এবং বেদের দোহাই দিয়৷ তাহাদের জিঘাংসা-বৃত্তির সমর্থন করিতেছিল, তথন সম্বতমু-বিষ্ণু এই ভঙ্গলীলা হইতে—এই জগলাশকরী প্রবৃত্তি হইতে জীবগণকে উদ্ধার এবং বেদের যথার্থ তাৎপর্য্য যথাকালে প্রকাশ করিবার জন্ম প্রীবৃদ্ধরূপে অবতীর্ণ হইয়াছিলেন ৷ ভগবান্ বৃদ্ধের উদ্দেশ্য তর্কপন্থায় বৃঝিতে না পারায় যাহায়া বৃদ্ধের অমুগতাভিমান করিয়াও বৃদ্ধের প্রকাষি বৌদ্ধগণের প্রকৃত আমুগত্য-রিছত হইয়া পড়িয়াছিল, তাহায়াই প্রকৃত আমুগত্য-রিছত হইয়া পড়িয়াছিল, তাহায়াই প্রকৃত আমুগত্য-রিছত হইয়া পড়িয়াছিল, তাহায়াই প্রকৃত বিশ্বর্ধন বৈশ্বর উদ্দিষ্ট যে বেদের বিকৃত্ববিশ্বর বেদের বিকৃত্বেই দণ্ডায়মান হইল এবং তন্ধায়া বেদাভিয়-বিগ্রহ বেদের বিকৃত্বেও অবমাননা করিয়া ফেলিল। এই বেদ-নিন্দা ও বেদাভিয়-বিষ্ণুনিন্দারূপ হই ভীষণ অপরাধের ফলে বৃদ্ধের অমুগতক্রব বৌদ্ধগণ শ্রোতপন্থী সনাতন-ধর্ম্মাবলম্বিগণের নিকট অসন্তাম্য বৌদ্ধ-নান্তিক বিলয়া থ্যাত হইল।

যখন এই নান্তিকতা প্রবল হইতে প্রবলতর হইয়া একেবারে
শৃত্যবাদে পর্য্যবসিত হইল,এবং একমাত্র প্রমাণ-শিরোমণি শন্ধাবনার
কৈন্দেক অপ্রামাণিক বলিয়া উড়াইয়া দিবার চেষ্টা
শন্ধরাচার্য্যের আবির্ভাব
হইল, তখন ভগবান্ বিষ্ণু সন্ততঃ ব্রন্ধের অন্তিত্ব
এবং বেদের, প্রামাণিকত্ব স্থাপনের জন্ম শন্ধরকে শক্তিসঞ্চার করিয়া
স্কর্গতে প্রেরণ করিলেন।

্যে সময়ে শৃত্যবাদ ও বেদ-বিদ্বেষ-বাদ প্রবলরূপে রাজত্ব করিতেছিল, দে সময়ে চিদ্বিলাসের কথার মোটেই স্থান হইতে পারে না, তাই জগবান্ বিষ্ণু স্থান, কাল ও পাত্রের অবস্থানুসারে ব্যবস্থা করিবার জন্ম অর্থাৎ অচিমাত্র-শৃত্যবাদের স্থলে অস্ততঃ চিমাত্রবাদ এবং বেদ

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

নিন্দা স্থলে অন্ততঃ বেদের প্রশংসা বা প্রামাণিকতা মাত্র স্থাপনের জন্ম নিজ প্রতিনিধি শঙ্করকে জগতে প্রেরণ করিলেন। শঙ্করাচার্য্যের এই উদ্দেশ্য বাহারা বৃঝিতে না পারিয়া বৃদ্ধের অনুগত-ক্রবের স্থার্ম শঙ্করাচার্য্যের অনুগত অভিমানে চিন্মাত্র নির্ব্বিশেষবাদকেই বেদের একমাত্র তাৎপর্য্য বিলিয়া ধারণা করিলেন, তাঁহারা শঙ্করাচার্য্যের প্রকৃত উদ্দেশ্য হইতে বঞ্চিত হইলেন। সেই বঞ্চনাচার্য্যের প্রকৃত উদ্দেশ্য হইতে বঞ্চিত হইলেন। সেই বঞ্চনাতার্য্যর প্রকৃত উদ্দেশ্য হইতে বঞ্চিত হইলেন। সেই বঞ্চনাকামী ব্যক্তিগণ কিছুতেই অমায়ায় আত্মান্ত বঞ্চনা করিয়া ব্যক্তিরেকভাবেই তাঁহাদের উপকার করা কর্ত্তব্য বিবেচনায় ভগবান্ বিষ্ণু শঙ্করাচার্য্যের প্রতি এই আনেশ প্রদান করিলেন,—

"স্বাগমৈঃ কল্পিতৈস্বস্ত জনান্ মদিনুপান্ কুরু।
নাঞ্চ গোপয় বেন স্থাৎ স্প্তিরেষোত্তরোত্তরা॥
এনং মোহং স্জাম্যাশু যো জনান্ মোহিম্যাতি।
অঞ্চ রুদ্র মহাবাহো মোহশাস্ত্রাণি-কার্য॥
অতথ্যানি বিত্থ্যানি দর্শয়স্ত মহাভুজ
প্রকাশং কুরু চাত্মানমপ্রকাশঞ্চ মাং কুরু॥"

হে শহর ! তুমি কল্পিত শাস্ত্র দার। মনুযুক্লকে আমা হইতে বিমুখ কর; সেই কল্পিত-শাস্ত্রে আমার নিত্য-ভগবৎস্বরূপের বিষয় গোপন করিও, তাহা দারা জগতের বহির্দ্ধ-সৃষ্টি উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইতে থাকিবে। আমি এইরূপ মোহ সৃষ্টি করিতেছি, যাহা জনগণকে মোহিত করিবে; হে মহাবাহো রুদ্র, তুমিও মোহ-শাস্ত্র প্রণয়ন কর; হে মহাভুঙ্গ, অন্থায় ও ভগবৎস্বরূপ-প্রকাশের বিরোধী অক্ষম্ক যুক্তিজাল

একাদশ অব্যায়—সন্ন্যাস-গ্রহণের সূচনা

প্রদর্শন কর; তোমার রুদ্ররূপ (আত্মবিনাশরূপ সংহার মূর্ত্তি) প্রকাশ কলে, আর আমার নিত্য ভগবৎস্বরূপকে আবৃত কর।

তাই মহাদেব একদিন বৈষ্ণবীশ্রেষ্ঠা পার্বতী বারা জিজাসিত হইয়া বলিয়াছিলেন,—

> "মায়াবাদমসচ্ছান্তং প্রচ্ছন্নং বৌদ্ধমূচ্যতে। ময়ৈব বিহিত্ং দেবি কলো ব্রাহ্মণমূর্জিনা॥"

শ্রীমহাদেব কহিলেন,—হে দেবি! মায়াবাদ অত্যন্ত অসৎ শান্তবৌদ্ধমত বৈদিক-বাক্যের আবরণে প্রচ্ছন্নভাবে আর্য্যদিগের ধর্ম্বে প্রবেশ করিয়াছে; কলিকালে আমি ব্রাহ্মণ-মূর্ত্তিতে এই মায়াবাদ প্রচার করিব।

একদিন নীলাচলে ভগবান্ প্রীচৈতন্তাদেবও সার্বভাম ভট্টাচার্যাকে বলিয়াছিলেন, বৌদ্ধ-নান্তিক্যবাদ অপেক্ষাও মায়াবাদ অধিকতর নান্তিকতাপূর্ণ; কেন না, বৌদ্ধগণ স্পষ্টভাবে বেদের প্রামাণ্য অস্বীকার করিয়া তাহাদের নান্তিক্য-মতবাদ প্রচার করিয়াছেন; কিন্তু মায়াবাদিগণ মুখে বেদের প্রামাণ্য স্বীকার করিয়াও কার্যাতঃ বেদের প্রতিপাত্ত নিত্য-ভগবদ্ভক্তি, নিত্য-ভগবদ্বিগ্রহ এবং নিত্য-ভগবদ্ভকাণের অধিষ্ঠান স্বাকার কর্রন নাই। স্বতরাং যেরূপ স্পষ্ট শত্রু হইতে প্রচ্ছন শত্রু ভয়াবহ, সেইরূপ স্পষ্ট-নান্তিক্যবাদ হইতে মায়াবাদরূপী প্রচ্ছন-নান্তিক্যবাদ অধিকতর বিপজ্জনক;—

বেদ না মানিয়া বৌদ্ধ হয় ত' নাস্তিক। বেদাশ্রয়া নাস্তিক্যবাদ বৌদ্ধকে অধিক॥

যথন এইরূপ প্রচ্ছের-নাস্তিক্যমতরূপ মায়াবাদ-রাহু ভগবদ্ভক্তি-প্রভাকে লোক-লোচনের নিকট আচ্ছের করিয়া ফেলিয়াছিল, সনাতন-

বৈফৰাচাগ্য মধ্ব

ধর্মকেত্র ভারতে যখন সন।তন-ধর্মের নামে—বৈদিক-ধর্মের নামে—বেদান্তের ধর্মের নামে প্রচ্ছর-নান্তিক্যবাদ সর্বত্র জীবের জীবত্বকে বিনাশ করিয়া ভীবণ জীব-হিংসার প্রোত প্রবাহিত করিয়াছিল, সেই সময় সন্থতির বিষ্ণুর ইচ্ছায় জগতে আবিভূতি পবনদেবের অবতার বাহ্নদেব ভট্টের হাদয় জৈব-জাগতের উপকারের জাল ব্যাকুল হইয়া উঠিল। তিনি সজ্জনগণের মনোবেদনা ব্রিতে পারিয়া নিজ স্থা-বাহ্নদেবের সন্ন্যাস গ্রহণে স্বাচ্ছন্দ্য, সন্মান, প্রতিষ্ঠা, মাতাপিতার স্নেহ-সন্তাষণ, সক্ষম ভগবভ্জি-প্রচারের জাল সন্মানাশ্রম-গ্রহণে ক্বতসক্ষম ভগবভ্জি-প্রচারের জাল সন্মানাশ্রম-গ্রহণে ক্বতসক্ষম

হইলেন। আচারবান্ না হইলে প্রচারক হওয়া যায় না, ভগবৎ-প্রীতার্থে ভোগ-ভাগী না হইলে বহির্ম্ম্থ লোককে কখনও তাহাদের নৈসর্গিক ভোগ-পিপাসা হইতে ভগবৎসেবার দিকে প্রধাবিত করা যায় না, নিজে দণ্ডধারণের আদর্শ প্রদর্শন না করিলে অপরের কুপ্রবৃত্তি-গুলিকে কখনও দণ্ডিত করা যায় না বিচার করিয়া বাস্থদেব চতুথাশ্রম গ্রহণে ক্তনিশ্চয় হইলেন।

কর্মি-সম্প্রদায়ের বিচার,—মানব প্রবৃত্তি-ধর্মে সমৃদ্ধ হইবার জ্বন্ত কিছুকাল ব্রহ্মচর্য্যাশ্রম স্বীকার করিবে এবং প্রবৃত্তি-ধর্মে একান্ত অসমর্থ হইরা পড়িলে পরকালে ভোগাদি লাভের জন্ত বানপ্রস্থ-সন্ন্যাদাদি আশ্রম গ্রহণ করিবে; কিন্তু শ্রুতির বিচারে সেইরূপ কর্ম্ম-মার্গীয় বিচার নিরস্ত হইরাছে। শ্রুতি সন্ন্যাস-অধিকার সম্বন্ধে বলেন,—

· "স হোবাচ যাজ্ঞবন্ধা:। ব্রহ্মচর্য্যং সমাপ্য গৃহী ভবেৎ। গৃহী ভূত্ব। বনী ভবেৎ। বনী ভূত্বা প্রব্রেজেৎ। যদি বেতর্থা ব্রহ্মচর্য্যাদেক

একাদশ অধ্যায়—সন্ন্যাস গ্রহণের সূচনা

প্রজেদগৃহাদ্ বা বনাদ্বা। অথ পুনরব্রতী বা ব্রতী বা স্নাতকো বাহস্নাতকো বা উৎসন্নাগ্নিরনগ্নিকো বা যদহরেব বিরজেৎ তদহরেক প্রজেৎ॥" (জাবালোপনিষ্ণ ৪।১)

ताक्यिं-जनक महर्षि याद्धवरहात्र निकृषे विनातन,—"छशवन्। সন্যাসাধিকার ও তদিধি আমুপূর্বিক কীর্ত্তন করুন। অনস্তর যাজ-ৰক্ষ্য বলিতে লাগিলেন, ব্রহ্মচর্য্য সমাপ্ত করিয়া গৃহস্থাশ্রম গ্রহণ করিবে, গৃহস্থাশ্রম গ্রহণ করিবার পর বানপ্রস্থাশ্রম গ্রহণ করিবে, বানপ্রস্থাশ্রমে কিছুকাল অবস্থিত হইয়। তৎপরে সন্যাসাশ্রম গ্রহণ করিবে। যদি ইহার অম্বর্থা হয় অর্থাৎ যদি কোন লোকের গার্হস্থাদি আশ্রম গ্রহণ করিবার পূবেই বৈরাগ্য উদিত হয়, তাহা হইলে তিনি ব্রহ্মচর্য্যাশ্রম হইতেই সন্যাস গ্রহণ করিবেন অথবা গৃহস্থ বা বানপ্রস্থাশ্রম ২ইতেই পরিব্রাজক হইবেন অর্থাৎ যিনি যে আশ্রমেই থাকুন না কেন প্রকৃত বৈরাগ্য উপস্থিত হইলে তত্তদাশ্রম হইতে সন্ন্যাসাশ্রম গ্রহণ করিবেন। কিন্তু যদি কেহ ব্রহ্মচারী প্রভৃতির অনুষ্ঠেয় কর্ম হইতে বিচ্যুত হইয়াও ভগবং-প্রীত্যর্থে ভোগ-ত্যাগের জন্ম উৎক্ষিত হন, তবে তিনি সাঙ্গবেদ অধ্যয়ন সমাপ্ত করুন আর নাই করুন, সাঙ্গবেদ অধ্যয়ন শেষ করিয়া বৈদোক্ত স্থান করুন আর নাই করুন, অথবা সাগ্নিক হইয়া অগ্নি-নির্বাপিত করুন কিয়া নির্গ্নিই হউন, যে দিন সংসারের প্রতি তাঁহার বৈরাগ্য আসিবে, সেই দিনই তিনি প্রব্রন্ধ্যা গ্রহণ করিবেন।

শ্রীমন্তাগাতে ভগবান্ শ্রীকৃষ্ণ চতুরাশ্রমের উৎপত্তি সম্বন্ধে উদ্ধাতক বলিতৈছেন,—

> "গৃহাশ্রমো জঘনতো ব্রহ্মচর্য্যং হৃদো মম। বক্ষঃস্থলাদ্বনে বাসঃ সন্ন্যাসঃ শির্সি স্থিতঃ। (ভাঃ ১১/১৭/১৫)

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

শ্রীভগবান্ উদ্ধবকে কহিলেন, আমার জ্বনদেশ হইতে গৃহাশ্রম, ক্লামর হইতে ব্রহ্মচর্য্য ও বৃক্ষঃস্থল হইতে বানপ্রস্থ উৎপন্ন এবং সন্মাদ আমার মস্তকে স্থিত।

শ্রুতি, পুরাণ, পঞ্চরাত্র—সকল শাস্ত্রেই এবং জীবের জীবনের
স্বাভাবিক চরমগতিতেও ভগবৎসেবামূলা নিবৃত্তিই
ভগবৎসেবামূলা নিবৃত্তিই
উদ্দিষ্ট; তবে শাস্ত্রে যে কোথায়ও কোথায়ও বিবাহ,
শাস্ত্রের উদ্দেশ্ত
আমিব-ভক্ষণ, স্থরাপানাদি প্রবৃত্তি-ধর্ম্বের অনুমোদন
প্রেথা যার, তাহা কেবল অত্যন্ত প্রবৃত্তগণের ক্রম-নিবৃত্তির জন্ম উদ্দিষ্ট—

লোকে ব্যবায়ামিষ-মন্তদেবা নিত্যাস্ত জস্তোর্ন হি তত্র চোদনা। ব্যবস্থিতিস্তেযু বিবাহযজ্ঞসুরাগ্রহৈরাস্থ নিবৃত্তিরিষ্টা ॥ (ভাঃ ১১।৫।১১)

জগতে দ্রী-সঙ্গ, আমিষভক্ষণ ও সুরাপান প্রভৃতিতে সকল প্রাণীরই বিক্বতস্বভাবে নিত্যধর্ম অর্থাৎ তত্তবিবয়ে বদ্ধজীবমাত্রেরই স্বাভাবিকী প্রবৃত্তি আছে। শাস্ত্রের যে বিধি দেখা যায়, তাহার অকরণে প্রশাবায় নাই। তবে তত্তবিষয়ে বিবাহ, যজ্ঞ ও সুরাগ্রহাদির যে ব্যবস্থা হইয়াছে, অর্থাৎ বিবাহিত। স্ত্রীর সঙ্গ, যজ্ঞীয় আমিষের ভক্ষণ এবং যজ্ঞে স্বরাপান প্রভৃতির যে বিশান আছে, ঐ সকল বিধান জীবের স্বাভাবিকী-প্রবৃত্তি নিবৃত্ত করিবার জন্মই নির্দ্ধারিত জানিতে হইবে।

সন্ন্যাস—তিবিধ; জ্ঞান-সন্ন্যাস, বেদ-সন্ন্যাস এবং কর্ম্ম-সন্ন্যাস— জ্ঞানসন্মাসিনঃ কেচিদ্বেদসংস্থাসিনোহপরে। কর্ম্মসন্ন্যাসিনস্থ স্থা তিবিধাঃ পারকীর্তিতাঃ॥

(পদ্মপুরাণ স্বর্গথণ্ড আদি ৩১শঃ অঃ)

কেহ কেহ জ্ঞান-সন্ন্যাদী, কেহ বা বেদ-সন্ন্যাদী, কেহ বা কর্ম-সন্ন্যাদী—সন্নাদের এই ত্রিবিধ-প্রকারই প্রাদিম।

একাদশ অধ্যায়—বাস্থদেবের উপনয়ন

কলিকালে কর্ম-সন্ন্যাস নিষিদ্ধ হইয়াছে, কারণ কর্ম স্বভাবতঃই প্রবৃত্তি ধর্মগুক্ত; তাহাতে আবার কলিকালে জীবের চিত্তবৃত্তি আরও অধিকতর ভোগোন্মুণী—

অশ্বনেধং গবালন্তং সন্ন্যাসং পলপৈতৃকম্।

দেবরেণ স্থতোৎপত্তিং কলো পঞ্চ বিবর্জন্তে ॥

(মলমাসতত্ত্ব ধৃত ব্রহ্মবৈবন্তীর কৃষ্ণজন্মথণ্ডের ১৮০ আঃ ১৮০ শ্লোক)

'অশ্বনেধ', 'গোমেধ', সন্ন্যাস', 'মাংস দ্বারা পিতৃ-শ্রাদ্ধ', এবং 'দেবর
কলিতে কর্মদন্ন্যাসই দ্বারা স্থতোৎপত্তি',—কলিকালে কর্ম-কাণ্ডে এই
নিষিদ্ধ পাঁচটী নিষিদ্ধ হইয়াছে।

ভগবদ্ধকাণ কর্মী নহেন, স্কুতরাং তাঁহারা কথনও কর্ম্ম-সন্ন্যাস গ্রহণ করেন না; নির্কিশেষজ্ঞান-সন্ন্যাসেও "আরুছ রুচ্ছেন পরং পদং ততাে পতন্তাধাহনাদৃত-যুম্মদজ্ম মুঃ"—এই ভাগবতী । উক্তি অমুসারে পতনাশস্কা বর্ত্তমান থাকায় ভগবদ্ধকাণ নেরূপ অভক্তপর সন্যাসীর সহিত সন্মাস গ্রহণ করেন না। ভগবদ্ধকার সন্মাস কেবল পরাম্মনিষ্ঠার নিদর্শন মাত্র। মুকুল সেবন-ব্রতই তাঁহাদের সন্মাসের উদ্দিষ্ট বিষয়—

এতাং সমাস্থার পরাত্মনিষ্ঠামুপাদিতাং পূর্বতিমে হর্ষিভিঃ।
তহং তরিস্থামি ছরীস্তপারং তমো মুকুনাজ্যি নিষেবরৈর ॥
(ভাঃ ১১।২০)৫৭)

অবন্তী-দেশীর ভিক্ক ব্রাহ্মণ কহিলেন,—সামি প্রাচীন মহর্ষিগণের উপাদিত এই পরাত্মনিষ্ঠারূপ ভিক্কাশ্রম আশ্রম পূক্ষক রক্ষপাদপদ্ম-নিষেবণ দারা হরন্তপার-সংসারক্ষপ তনঃ উত্তীর্ণ হইব।

- প্রীমন্তাগবত ধীর বা বিবিংদা-দর্যাদ এবং নরোভ্তম বা বিদ্বং-দর্যাদের কথা বলিয়াছেন,—

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

গতস্বার্থমিমং দেহং বিরক্তো মুক্তবন্ধনঃ। অবিজ্ঞাতগতির্জ্ঞাৎ স বৈ ধীর উদাহতঃ॥

(ভা: ১।১০।২৬)

যিনি বিষয়াদিতে আদক্তি-রহিত ও অভিমানশৃত্য হইয়া অপরের অজ্ঞাতদারে ঐহিক ও পারত্রিক স্থ-সাধন-স্পৃহা-বিগত দেহকে পরিত্যাগ্র করেন, তিনিই 'ধীর' বলিয়া কথিত।

যঃ স্বকাৎ পরতো বেহ জাতনির্বেদ আত্মবান্। হুদি রুত্বা হরিং গেহাৎ প্রব্রেজৎ স নরোভ্যঃ ॥

(ভাঃ ১৷১৩৷২৭)

যে আত্মন্তব্যক্তি শ্বকীয় বিবেক বা পরকীয় উপদেশ-বশতঃ বৈরাগ্য-বান্ হইয়া শ্রীহরিকে স্থারে ধারণ-পূর্বক গৃহ হইতে বহির্গত হন, তিনিই—'নবোত্তম'।

প্রাচীনকালে বৈদিক-সন্ন্যাসিগণ দশটী নামে প্রসিদ্ধি লাভ করেন। বিদক-সন্মাসিগণ কেহ কেহ ত্রিদণ্ড, কেহ বা একদণ্ড গ্রহণ করিতেন।

একদণ্ডী দশনামী সন্ন্যাসী পরবত্তিকালে নির্বিশেষবাদী জ্ঞানি-সম্প্রদায় উপাসনা-মার্গকে কর্ম্মকাণ্ডের অন্ততম মনে করিয়া ভক্ত ও কর্মী-ত্রিদভিগণের সহিত মতভেদ স্থাপন পূর্বেক

ত্রিদত্ত-গ্রহণের পরিবর্ত্তে একদত্তের ব্যবস্থা করেন। ত্রিদত্তিগণের বহুদকঅবস্থা কালেও বাগ্দত্ত বা ব্রহ্মদত্ত, মনোদত্ত বা বক্রদত্ত এবং কারদত্ত বা
ইক্রদত্ত প্রাদেশ-প্রমাণহীন জ্ঞাব-দত্তের সহিত সন্মিলিত হইয়া ত্রিদত্তে
চারিটী দত্ত একত্র সংশ্লিষ্ট থাকেন। বেদ-শাস্ত্রের নানাস্থানে ত্রিদত্ত ও
একদত্তের সম্বন্ধে আলোচনা রহিয়াছে। শ্রীমন্তাগবত বিশেষভাবে ত্রিদত্তসন্ন্যাসের কথা বলিয়াছেন। বিংশতি-ধর্মশাস্ত্রকারগণ অনেকস্থলেই

একাদশ অধ্যায়—বাস্থদেবের উপনয়ন

ত্রিদণ্ডের কথা এবং স্থানে স্থানে একদণ্ডের কথা বলিয়াছেন। শ্রীরামামুজ-সম্প্রদায়ে বৈদিক ত্রিদণ্ডি-দশনামী-সন্ন্যাসীর কথা প্রচলিত থাকিলেও তাঁহারা রামামুজীয় আর্য্যস্বামী বলিয়া বিনির্দ্দিন্ত হইয়াছেন।

বৈদিক দশনামী-সন্ন্যাসিগণের মধ্যে ত্রিদণ্ডী ও একদণ্ডী উভয়ই ছিলেন। শ্রীশঙ্করাচার্য্য অষ্টোত্তরশতনামী বৈদিক ত্রিদণ্ডী সন্ন্যাসিগণের

অষ্টোত্তর শতনামী
বৈষ্ণব-সন্ন্যাদী
তালিকা হইতে দশটী নাম গ্রহণ করিয়া উহাদের
আমুকরণিক ক্ষুদ্র-সংস্করণরূপে দশনামী-সন্ন্যাসিধারা
স্বীয় সম্প্রদায়-মধ্যে প্রবর্ত্তন করেন। শ্রীশঙ্করাচার্য্য-

সম্প্রদায়ে দশনামী-সন্ন্যাস-প্রথা দেখিয়া অনেকে মনে করেন, ইয়া বৃঝি
শক্ষর সম্প্রদায়েরই স্বায়ন্তীরুত ব্যাপার; কিন্তু প্রকৃত তথ্য তাহা নহে।
প্রাচীন বৃদ্ধ মমুসংহিতায় লিখিত আছে, পুরাকালে সন্যাস-প্রবর্ত্তক
দশজন আচার্যা উভূত হইয়াছিলেন। তাঁহারা সকলেই অচ্যুত-গোত্রীয়।
কিন্তু শঙ্কর-সম্প্রদায়ে চ্যুত-গোত্রীয় কশুপ-সন্তান পদ্মপাদ গোবর্দ্ধন-মঠে,
এবং ভার্গব-গোত্রীয় ত্রোটক জ্যোতির্ম্মঠে প্রতিষ্ঠিত হন। শঙ্করপ্রবর্ত্তিত
সন্মাসে সকলেরই চ্যুত-গোত্রাভিমান প্রবল। কিন্তু বিষ্ণুস্বামি-সম্প্রদায়
সেইপ্রকার চ্যুতকুল বা ব্রাহ্মণকুলকেই ব্রহ্ম-সন্মাসের যোগ্য বলিয়া
মনে করেন না। স্থল-শরীর চ্যুত-গোত্র হইতে উৎপন্ন হয় সত্য, কিন্তু
যজ্ঞ-দীক্ষাক্রমে ত্রিজগণ সকলেই অচ্যুত-গোত্রীয়। অচ্যুত-গোত্রীয়
সকলেই বাহ্য-পরিচয়ে ব্রাহ্মণ-কুল।

আমাদের বাস্থদেব, বৈদিক-একদণ্ড-সন্ন্যাস কেবলাছৈতবাদী শঙ্করাচার্য্যের স্বারত্তীকৃত ব্যাপার নহে এবং বেদ্যেক্ত অন্বর্ম্ঞানেই দৈতনিত্য-বর্ত্তমান আছে. জানাইবার জন্মই একদণ্ড-সন্যাস-গ্রহণে
ক্বতসঙ্কল্ল হইলেন। অচিস্ত্যভেদাভেদ-সিদ্ধান্ত-প্রচারক-লীলাভিনয়কারী

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

এবং ব্রহ্ম-মাধ্বামায়-স্বীকারকারী প্রীক্লটেডভাদেব পরবর্ত্তিকালে বৈদিক একদণ্ড-সন্ন্যাস স্বীকার করিয়াও তাহার মধ্যে ত্রিদণ্ড ও জীবদণ্ড

বাহদেবের একদণ্ড সন্ন্যাস গ্রহণের কারণ এই দণ্ড-চতুষ্টয়ে বাস্থদেব, সন্ধর্য, প্রহায়, অনিরুদ্ধ
ব্যহ-চতুষ্টয়ই—দেই বিষ্ণু-বৈষ্ণব-সমন্বিত একলবিষ্ণু,—ইহা প্রদর্শনার্থ বাছে একদণ্ড স্বীকারের
লীলা প্রদর্শন করেন।

মধ্যগেহ-নন্দন বাস্থদেব বিষ্ণু-বিদ্বেষিগণকে দণ্ডিত করিবার জন্ত দণ্ড-ধারণ করিতে ক্রতসঙ্কল্প হইলেন এবং বিষয়-পরিত্যাগে দৃঢ়নিশ্চয় হইয়া প্রীহরির অনুজ্ঞা লাভের জন্ত শ্রীহরিকে প্রণাম করিলেন। বাস্থদেবের মাতা-পিতা বালককে এইরূপ প্রণাম করিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন, "বৎস! তুমি উদাসীনের মত কাহাকে লক্ষ্য করিয়া প্রণাম করিতেছ ? তুমি বালক, তোমাতে এই প্রকার উদাসীনতা শোভা পায় না, ইহার কারণ কি, আমাদের নিকট ব্যক্ত করিয়া বল।" বাস্থদেব তথন মাতা-পিতাকে বলিলেন,—"আমি জগদ্ভরুক বাস্থদেবের উদ্দেশ্যে প্রণাম করিতেছি।"

একদিন বাস্থদেব হস্তে একখানি যষ্টি ধারণ পূর্ব্বক পিতার নিকট়
উপস্থিত হইয়া বলিলেন,—"পিতঃ, আমি অধ্যয়ন সমাপ্ত করিয়াছি।"

এখন মায়াবাদ খণ্ডন করিয়া জগতে বৈষ্ণব-সিদ্ধান্ত
প্রচার করিব।" মধ্যগেহ বালকের এইরূপ বাক্য
শ্রবণ করিয়া বলিলেন,—"যদি তোমার স্থায় একটা
সামাস্থ বালক মায়াবাদ নিরাস করিয়া জগতে বৈষ্ণব-সিদ্ধান্ত প্রচার
করিতে সমর্থ হয়, তাহা হইলে তোমার হন্তগ্বত শুক্ষ যষ্টিখণ্ডের
পক্ষেপ্ত মহা-বৃক্ষরূপে পরিণত হণ্ডয়া অসম্ভব নহে" অর্থাৎ থেমন

একাদশ অধ্যায়—বাস্থদেবের উপনয়ন

শুষ্ক যৃষ্টিখণ্ডের পক্ষে বিশাল সজীব বৃক্ষরূপে পরিণত হওয়া সম্পূর্ণ অসম্ভব, তদ্ধপ বালক বাস্থাদেবের পক্ষেও প্রবল মায়াবাদ নিরাস করিয়া জগতে বৈক্ষব-সিদ্ধান্ত প্রচার করা সম্পূর্ণ অসম্ভব,—ইহাই মধ্যগেহের অভিপ্রায় । পিতার এই কথা শ্রবণ করিয়া বাস্থাদেব বলিলেন,—"পিতঃ, ভগবচ্ছজি-প্রভাবে এই ষ্টিখণ্ডের যেরূপ মহা-বৃক্ষরূপে পরিণতি কিছুমাত্র অসম্ভব নহে, তদ্ধপ আমার স্থায় বালকের পক্ষেও মায়াবাদ খণ্ডন পূর্ব্বক জগতে বৈষ্ণব-সিদ্ধান্ত-স্থাপন কোনরূপে অসম্ভব হইতে পারে না।" এই বলিয়া বাস্থাদেব তাঁহার হস্তম্বত ষ্টিখণ্ডকে মৃত্তিকাভ্যন্তরে প্রোথিত করিবামাত্র উহ। মহা-বটরুক্ষরূপে পরিণত হইল। এখনও পাজকা-ক্ষেত্রে সেই মহা-বটরুক্ষরাজ বিরাজিত থাকিয়া শ্রীমন্ধবাচার্য্যের অলোকিক প্রভাবের স্মৃতি দর্শকর্বদের হৃদয়ের জাগরুক করিয়া দিতেছে ।

মধ্যগেহ বালক-কাল হইতেই বাস্থদেবের বৈষ্ণবধর্ম প্রচার ও পর-মত-খণ্ডনে অসামান্ত উৎসাহ এবং প্রবল আত্ম-প্রত্যন্ত দর্শন করিয়া পুত্র পরবর্ত্তিকালে গৃহধর্মে আসক্ত হইবে না, বুঝিতে পারিলেন। তিনি বাস্থদেবকে বিবাহ-বন্ধন-দারা গৃহে আবদ্ধ করিবার জন্ত মনে মনে সঙ্কল্প করিলেন। বৃদ্ধিমান বাস্থদেব কিন্তু মাতা-পিতার উদ্দেশ্ত বৃঝিতে পারিলেন। যাঁহার হাদ্য জগতের বন্ধন মোচন করিবার জন্ত সদা সমুৎস্কক, যিনি নিখিল হংশাস্ত্রকে তিরস্কার করিয়া জগতে বৈষ্ণব-সিদ্ধান্ত-স্থাপনার্থ বিষ্ণু-কর্তৃক নির্দিষ্ট—বিষ্ণুশক্তি দারা আবিষ্ট, সেই পুরুষ-কেশরীকে বন্ধন করিতে পারেন, জগতে এমন কে আছেন ?

দ্বাদশ অধ্যায়

অচ্যুতপ্রেক

রঞ্জতপীঠপুরস্থ মাধ্বগণ বলেন,—হংদর্রপী নারায়ণ হইতে চতুমুখি বন্ধা। দিব্যজ্ঞান লাভ করিয়াছিলেন। ব্রহ্মা হইতে চতুংদন, চতুংদন হইতে তুর্বাদা শুরু-পরস্পরা
হইতে তুর্বাদা বৈষ্ণবী-দীক্ষায় দীক্ষিত হন। তুর্বাদা হইতে পরতীর্থ-বতি, পরতীর্থ হইতে দতাপ্রজ্ঞ, সভ্যপ্রজ্ঞ হইতে প্রাজ্ঞতীর্থ শিষ্য-পরম্পরায় বিষ্ণুপাদনায় দীক্ষিত হইয়াছিলেন। এই প্রাজ্ঞতীর্থ-যতি জ্ঞানে ও পাণ্ডিভ্যে তদানীস্তন পারমার্থিক-সমাজে অদ্বিতীয় ছিলেন; এমন কি, মায়াবাদিগণ ও প্রাজ্ঞতীর্থকে তাঁহাদের কেবলাবৈত-মতে দদ্গুরুষরপ জ্ঞান করিয়া সর্বাদা সশক্ষ থাকিতেন।

মধ্বাচার্য্যের শিষ্ম ত্রিবিক্রমাচার্য্যের পুত্র নারায়ণ পণ্ডিত বলেন
বে, শঙ্করাচার্য্যের দেহত্যাগ-সময়ে পদ্মপাদাদি শঙ্কর-শিষ্য-সমূহ শঙ্করের
কেবলাবৈত্বাদিগণের
প্রান্তার্ত্তির প্রতি
অত্যাচার
ত্রিতির ক্রিটার ক্রিটার প্রতি
অত্যাচার
ত্রিতির ক্রিটার ক্রিটার প্রতি
ত্রিতির ক্রিটার ক্রিটার প্রতি
ত্রিতির ক্রিটার ক্রিটার প্রতি
ত্রিতির ক্রিটার ক্রিটার ক্রিটার আদেশ প্রদান
করেন। আরপ্ত বলেন বে, কেবলাবৈত্বাদের
ভীষণ শক্রম্বরূপ
বৈতিসিদ্ধান্ত-পণ্ডিত প্রাক্রতীর্থ-যতিকে যে কোন
প্রকারে হউক, কেবলাবৈত্তনাতে আনয়ন করিতে না পারিলে জগতে
অপ্রতিহতভাবে কেবলাবৈত্বাদ প্রচারিত হওয়া সম্ভব নহে। গুরুর
এইরূপ আদেশ ও অভিপ্রান্ত্র জ্রাত হইয়া পদ্মপাদাদি শিষ্যগণ প্রাক্তন

দাদশ অধ্যায়—বাস্থদেবের বিভারম্ভ

তীর্থকে যে কোন প্রকারে হউক কেবলাবৈত-মতে আনর্ম করিবার জ্বন্থ চেষ্টাবিত হইলেন। তৎকালে প্রাক্তনীর্থ-যতি নন্দিগ্রামন্থ কোনও একটা মঠের মঠারীশর্পে অধিষ্ঠিত থাকিয়া অচ্যুতপ্রেক্ষ নামক শিয়ের দারা সেবিত হইতেছিলেন। কেবলাবৈতিগণ প্রাক্তনীর্থ-যতিকে স্বমতে আনর্ম করিবার জন্ম তাঁহার মঠে অগ্নি প্রদান করেন এবং বহু বৈতিসিদ্ধান্তপূর্ণ গ্রন্থরাজি নষ্ট করিয়া দেন। এমন কি, প্রাক্তনীর্থ-যতির নিকট হইতে দণ্ড-কমণ্ডলু কাড়িয়া লইয়া তাঁহাকে কেবলাবৈতি-গণের স্থার ত্রিপ্রভাদি ধারণ করাইয়া দেন এবং তাঁহাকে 'সোহহং' মন্ত্র জপ করিতে আদেশ করেন। প্রাক্তনীর্থ কেবলাবৈতিগণের দারা এইরূপ নির্যাতিত হইয়া বাহ্মে কেবলাবৈতিগণের আচার-ব্যবহার গ্রহণ করিলেন; কিন্তু অন্তরে তিনি বিষ্ণুপাদনা হইতে বিন্দুমাত্র ও বিচলিত হইলেন না।

অচ্যতপ্রেক্ষ প্রাক্ত নীর্থের উপযুক্ত শিশ্য ছিলেন। তাঁহার সংযম, বৈরাগ্য, দীনতা এবং সর্ব্বোপরি অচ্যতনিষ্ঠা তাঁহাকে সার্থকনামা করিয়াছিল। কথিত হয় যে, এই অচ্যতপ্রেক্ষ তাহার পূর্বা-জন্মও মুকুন্দ-সেবার মত্ত থাকিয়া মধুকররুজিতেই জীবনধারণ ক্লরিতেন: তিনি কতিপর বৎসর প্রীদ্রোপদী দৈবীর স্বহস্ত-পাচিত এবং প্রীক্লঞ্জের উচ্ছিই পবিত্রতম অর গ্রহণ করিয়া হস্তিনাপুরে এবং পাশুব-রাজ্যের বিভিন্ন স্থানে বিচরণ করিয়াছিলেন। প্রীপ্রাক্ত তাঁহার অন্তিমকাল নিকটবন্তা জ্ঞানিয়া ভগবতন্ত জ্ঞানেচছু উপনিষদ্-বিভাবিশারদ বিনীত শিশ্য অচ্যতপ্রেক্ষকে একান্তে আহ্বান পূর্বাক সম্মেহে বলিলেন,—"অচ্যত! 'আমি স্বয়ংই—ব্রহ্ম, আমার অতিরিক্ত আর কিছুই নাই'—মায়াবাদীর এইরপ অবৈদান্তিক স্বকপোল-কল্পিত সিদ্ধান্তে কথনই বিশ্বাস করিও না। বেদান্তে জ্ঞীব ও ব্রক্ষের

বৈষ্ণুবাচাৰ্য্য মধ্ব

গুণ-দৌদাদৃশ্য লক্ষ্য করিয়া যে একত্যের ইঙ্গিত আছে, তাহা উপাদনার भोकर्गार्थ **का**नित्। 'नातिता (दिमार्क्ट्यर' व्यर्थार व्यक्ति ए व्यक्ति দেবতার অর্চন করিতে পারে না, সেইরূপ চেতন না হইলে পর্ম চেতনের অর্চনা হয় না। দেবার দৌকর্য্যার্থ দেব্য-দেবকের দৌদাদৃশ্য কখনই একত্ব নহে, ইহা কথনই বিশ্বত হইও না। ভ্ৰান্ত কেবলাৱৈতবাদিগণ অস্ত্রমোহনপর বেদান্তের ভাষ্যের দারা বিমোহিত হইয়া যে আত্ম-বঞ্চনা ও লোক-বঞ্চনার প্রমত্ত হইয়াছে, প্রাণান্তেও দেই ভ্রান্ত-মত স্বীকার করিও না।" প্রাজ্ঞতীর্থ-যতি স্বীয় স্নিগ্ধ শিষ্য অচ্যুতপ্রেক্ষকে এইরূপ উপদেশ প্রদান পূর্বক পরলোক গমন করিলেন। এদিকে অচ্যুতপ্রেক্ষ ঐত্তরুদেবের আদেশ শিরে ধারণ করিয়া মুকুন্দ-সেবায় রত থাকিলেন। ভাবিকালে কেবলাদৈতিগণের মঙ্গলবিধানের জন্ম অন্তরে অচ্যুত্তনিষ্ঠা এবং বাছে বিমুখ-বঞ্চনা করিয়া কেবলাদ্বৈতবাদিগণের ন্তায় অবস্থান পূর্বকে মারাবাদ-ভাষ্য অধ্যয়ন-অধ্যাপনাদি করিতে থাকিলেন। পাজকাক্ষেত্রে শ্রীনারারণ ভট্টের গৃহে বাস্থদেবের আবির্ভাবের পর হইতে অচ্যুতপ্রেক্ষের হৃদয়ে স্বতঃই নিভীকতা ও আনন্দের সঞ্চার হইল। এদিকে অচ্যুতপ্রেক্ষ রজতপীঠপুরস্থ অনস্তেশ্বর দেবালয়ে আগমন করিয়া শেষশায়ী বিষ্ণুর আরাধনা করিতে লাগিলেন।

একদিন অচ্যতপ্রেক্ষ রঞ্জতপীঠপুরে একটী দৈববাণী শুনিতে পাইলেন;—"হে অচ্যতপ্রেক্ষ! তুমি শীঘ্রই তোমার কোন এক শিষ্মের নিকট আমার তত্ত জানিতে পারিবে, জগৎ হুতে অচিরেই মায়াবাদ-রাহু পলায়ন করিবে, তোমার সেই শিষ্মের দারা ভগবৎসেবাপরায়ণ

সজ্জনগণের আনন্দ-বর্দ্ধন হইবে।"

দানণ অধ্যায়—বাস্থদেবের বিভারম্ভ

বাস্থানের জন্ম ব্যাক্লমনা হইয়া একাকী গৃহ হইতে বহির্গত
বাস্থানের জন্ম ব্যাক্লমনা হইয়া একাকী গৃহ হইতে বহির্গত
বাস্থানেরের সন্ত্রক
হইয়াছেন। মাত্র ১০ বৎসর বয়য় বালক এই
অন্ন বয়সেই বেদ-বেদান্ত-বিভায় স্বতঃসিদ্ধভাবে পারদর্শিতা লাভ করিয়াছেন—বেদ-বেদান্তের

সার-গাথা ব্ঝিতে পারিয়াছেন,—

যক্ত দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তক্তৈতে কথিতা হুর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥

(খেতাশ্ব: ৬।২৩)

তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ। সমিৎপাণিঃ শ্রোতিয়ং ব্রহ্মনিষ্ঠম্ ॥

(मूखक)।२।>२)

তাই তিনি সদ্গুকর অনুসন্ধানে ছুটিয়াছেন—অন্তর্গামী মুকুলকে
সর্বাদা জানাইতেছেন,—''প্রভা! তুমি মহান্ত-সদ্গুক্তরূপে আমার
নিকট প্রকাশিত হও, জগতে ভগবদ্ধক্তির সামাজ্য স্থাপন করিবার
শক্তি দাও, তোমার নেবা-প্রথা জগতে প্রকাশিত কর।" জগদ্গুক্
বাস্থদেব আজ লোক-শিক্ষার্থ এই পারমার্থিক সদ্গুক্তর অনুসন্ধান করিতে
করিতে রজতপীঠপুরের অনন্তেশ্বর-দেবালয়ে উপস্থিত হইলেন—
উপস্থিত হইয়া অনন্তেশ্বরকে দণ্ডবৎ প্রণাম করিবার সঙ্গে সঙ্গেই তাঁহার
সন্মুখে এক পরম দিব্যকান্তি সন্মাসি-মূর্ত্তি দেখিতে পাইয়া আরুপ্ত
হইলেন। পরস্পর পরস্পরকে দেখিবামাত্র যেন কতকালের পূর্ব্ব
পরিচয়ের অর্গল-ক্ষন-দার উদ্যাটিত হইয়া গেল। উভয়ের হৃদয়ে
হৃদয়ে,—নয়নে নয়নে ভাবের বিনিময় হইল—পরস্পরের মধ্যে

বৈষ্ণবাচার্য্য মধ্ব

ঐক্যতানের তন্ত্রী বাজিয়া উঠিল। বাহ্বদেব বুঝিতে পারিলেন, অন্তর্যামী ভগবান্ তাঁহার অন্তরের অভীষ্ট জানিতে পারিয়া আজ এই সন্যাসি-মৃত্তিরূপে প্রকাশিত হইয়াছেন। এই সন্যাসি-মৃত্তি—অচ্যুতেরই প্রকাশ-বিগ্রহ।

ত্রোদশ অধ্যায়

বাস্থদেবের সন্যাস

বাস্থদেব মাতা, পিড়া বা আত্মীয়-স্বন্ধন কাহাকেও না জানাইয়াই থকাকী সদ্গুরুর অনুসন্ধান এবং তাঁহার পাদপদ্মে চিরতরে আত্ম-বিক্রয়ের আদর্শ প্রদর্শনের জন্ম গৃহ পরিত্যাগ করিয়া রহুতপীঠপুরে সম্যাদগ্রহণে ব্যাক্লভা তিলিয়া আসিরাছেন। বাস্থদেব তখন মাতা-পিতার সম্যাদগ্রহণে ব্যাক্লভা একমাত্র পুত্র—মাতা-পিতার নম্বনের মণি, আত্মীয়-স্বন্ধন, সমাজ, দেশ,—সকলেরই একমাত্র প্রাণস্বরূপ; কিন্তু বাস্থদেবের হৃদয় আজ বিশ্ব-জীবের তঃথে আর্দ্র হইয়া উঠিয়াছে। সামান্য গৃহ-স্থথ আত্মীয়স্ক্রনের স্নেহ-সন্তামণের আপাত-মোহ—যাহা জীবকে জন্মজন্মান্তর জীবনান্তকাল পর্যান্ত গৃহব্রত-ধর্ম্মে আবদ্ধ করিয়া রাখে, সেই গৃহাসক্তির ক্ষুদ্র মোহ বিশ্বজ্ঞীব-তঃথকাতরতার সহিত তুলাদণ্ডে স্থাপন করিলে কত অকিঞ্চিৎকর, তাহা জানাইবার জন্ম বাস্থদেব মাতা-পিতা প্রভৃতি গুরুবর্গ, এমন কি, বরুস্য স্বন্ধনগণকেও না বলিয়া সন্যাস-গুরুর সন্ধানে ছুটিয়াছেন।

• সাধারণ লোকিক বিচার এই যে, সর্ব-বিষয়েই মাতা-পিতার অমুমতি গ্রহণ করা আবশুক। কেহ কেহ বলিয়া থাকেন যে, মাতা-পিতার অমুমতি ব্যতীত ধর্মাদি যাজন বা সন্মাদাদি আশ্রমাস্তর-গ্রহণ করা বিশেষ দোষাবহ। এইরূপ বিচারসম্পন্ন ব্যক্তিগণ বলেন যে, শঙ্করাচার্য্য প্রভৃতি লোকমান্ত প্রক্ষণণও যে কোন প্রকারে হউক মাতা-পিতার অমুমতি গ্রহণ করিয়া সন্মাস-বেশ ধারণ করিয়াছিলেন। কিন্তু এইরূপ বিচার যে সম্পূর্ণ

रेवक्षवाहार्या मध्व

প্রাক্ত ও কৃষ্ণ-বহিন্মু ব ভোগিসম্প্রদায়ের ভোগোখ-ধারণাপুষ্ঠ, তাহা আমরা শ্রীবাস্থদেবের আচরণে প্রমাণিত দেখিতে পাই। আব্রন্ধস্থ— ক্ষণ হিশ্বণ; জীবনাতেই নিজে হরিভজনহীন এবং মাৎস্থা ও ভোগবৃদ্ধি-নিবন্ধন পরের হরিভজনের বিরোধী। জগতে মাতা-পুত্রে, পিতা-পুত্রে, স্বামী-স্ত্রীতে, প্রাতা-প্রাতায়, স্বজন-স্বস্ত্রনে, বন্ধু-বন্ধুতে পরস্পর ভোগবৃদ্ধি প্রচ্ছন ও অপ্রচ্ছনরূপে অবিচ্ছিন্ন স্রোতধারার গ্রায় সর্বদা প্রবাহিত। স্থতরাং যথনই ই হাদের মধ্যে কেহ হরিভজনের জন্ম অগ্রসর হইবার প্রয়াস দেখান, তখনই তন্মধ্য হইতে আর একজন তাঁহার ভোগ্য (?) বস্তু চিরকাণের তরে ভগবানের ভোগে উৎদর্গীক্বত হইবে ভাবিয়া, তাহার মুখের গ্রাস অপরে কাড়িয়া লইতেছে মনে করিয়া হরি ভদ্নোনুখ ব্যক্তিকে যে হরিভজনে বাধা প্রদান করিবে, ইহা অতি স্বাভাবিক। মাতা-পিতা ভক্ত অভিমান করেন, পুল্রের ভগবদ্ভদ্ধনে বিম্নকারী নহেন বলিয়া পুত্রের নিকট 'প্রতিজ্ঞাপত্র' প্রদান করিয়া থাকেন ততক্ষণ, যতক্ষণ না তাঁহারা তাঁহাদের পুত্রকে নিজের অধীনে রাখিয়া—নিজের সেবায় নিযুক্ত করিয়া পুত্রকে ভোগ করিয়া লইতে পারেন। কিন্তু যখন বুঝিতে পারেন যে, পুত্র আর তাঁহাদের কল্পিত ভোগের বস্তু না হইয়া ক্লফের ভোগ্য, ক্লফের নৈবেদ্য-ক্লফেসেবার উন্মুক্ত উপকরণ হইবার জন্ম অগ্রসর হঁইতেছে, তখন তাঁহারা সেইরূপ পুলের হরিভজনে বাধা প্রদান করিবার জন্ম স্বর্গমর্ত্ত্য আলোড়ন করিতে ও পশ্চাৎপদ হন না। ইহা যে কেবল পুজের প্রতি মাতা-পিতার ব্যবহারে লক্ষিত হয়, ভাহা নহে, যেথানে পুত্র নিজের স্বরূপ বিশ্বত হইয়া আপনাকে কাহারও পুত্র বলিয়া অভিমান করেন, দেখানে পুত্রও দেইরূপ হরিভজনোনুথ মাতা-পিতার হরিভজনে বাধা প্রদান করিবার জন্ঞ

ত্রয়োদশ অধ্যায় —বাস্থদেবের সংগ্রাস

শতমুখী চেষ্টা দেখাইরা থাকেন। স্বামী, স্ত্রী, স্বজ্বন, বন্ধু অভিমানেও এইরূপ ভোগ-বিলাস-বৈচিত্রোর তাগুব-নৃত্য জগতে কতই না দৃষ্ট হইরা,থাকে!

বাস্থদেবের চিত্তে বালোই এই সকল কথা ফুর্ত্তি পাইরাছিল।
তাই মাত্র দাদশবর্ষ বয়য় কিশোর বালক মাতা, পিতা,
প্রে পলারন
ক্ষিন, বয়ু কাহারও কোনপ্রকার অপেক্ষা না করিয়া
কিষা তাঁহাদের নিকট নিজ সয়য় না জানাইয়াই
পাজকাক্ষেত্র হইতে রজতপীঠপুরে শ্রীঅম্যুতপ্রেক্ষের নিকট আসিয়া
উপস্থিত হইলেন।

এদিকে পুত্রবৎসল জনক-জননী বাস্থদেবকে গৃহে দেখিতে না পাইয়া বিভিন্ন স্থানে তাঁহার অনুসন্ধান করিতে লাগিলেন মাতা-পিতার অনু-এবং লোকমুথে জানিতে পারিলেন যে, বাস্থদেব **मका**न কুফানুসন্ধানার্থ সন্যাসাশ্রম-গ্রহণে দৃঢ়সঙ্কল্প করিয়া রঞ্জতপীঠপুরে প্রীঅচ্যুতপ্রেক্ষ নামক এক যতির আহুগত্য করিতেছেন। এই কথা শুনিবামাত্রই মাতা-পিতা উভয়ে পুত্রকে স্ব-গৃহে ফিরাইয়া আনিবার জন্ম রম্বতুপীঠপুরে উপস্থিত হইলেন এবং বাস্থদেবের নিকট উপস্থিত হইয়া তাঁহাদের বিরহ-বেদন। ও নানাপ্রকার অভিযোগ জানাইতে লাগিলেন,—"বৎস বাস্থদেব, তুমি আমাদের প্রাণ, তুমি গৃহ পরিত্যাগ করিলে নিশ্চয়ই আমাদের শরীরে প্রাণ থাকিবে না। তুমি বুদ্ধিমান এবং বিদ্বান্, মাতা-পিতাকে ক্লেশ দেওয়। তোমার কখনই উচিত নহে। তুমি সন্নাস গ্রহণ করিলে তোমার এই জরাজীর্ণ মাতা-পিতার প্রাণবধের ভাগী তোমাকেই হইতে হইবে; স্থতরাং এরূপ কার্য্য তোমার স্থায় সুযোগ্য পুত্রের দারা সাগ্নিত হওয়া উচিত নহে।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

আর যদি বল, ইহাতে আমাদের প্রাণবধ হইবে না, তাহা হইলেও বলি, জ্বরাজীর্ণ ও অনাথ মাতা-পিতা জীবিত থাকিতে প্রের সন্ন্যাস গ্রহণ হইতে পারে না। জগতে মাতা-পিতাই—প্রত্যক্ষ দেবতা, তাঁহাদের সেবা করিলে ভগবান্ সম্ভই হন। আর গৃহে থাকিয়া কি ভগবদ্তজন হয় না? রাজর্ষি জনকাদি রাজৈশ্বর্য্যে পরিবেষ্টিত হইয়াও হরিভজন করিয়াছিলেন, তুমিও গৃহে অবস্থিত হইয়াই হরিভজন কর।"

বাস্তদেব মাতা-পিতার এই বিলাপোক্তি ও উপদেশ শ্রবণ করিয়া
বিলিলেন,—"আপনাদের উক্তি যথার্থ, আপনারা
মাতা-পিতার প্রতি
পুত্রের উপদেশ
প্রাণের উপাসনা করুন। শকুনী যেরূপ ব্যাধের
জ্ঞালে আবদ্ধ হইয়া নানাদিকে আশ্রয়ের অনুসন্ধান
করে, কিন্তু কোথায়ও আশ্রয় না পাইয়া অবশেষে সেই বন্ধন-দশাকেই
স্বীকার করিয়া থাকে, জীবও সেইরূপ জগতের বহু বস্তকে আশ্রয়নীয় মনে
করিয়া তাহাদিগকে অবলম্বন করিতে চাহে, কিন্তু যথন কোথায়ও
আশ্রম পায় না, তখন একমাত্র প্রাণেরই আশ্রয় গ্রহণ করিয়া থাকে।
সেই প্রাণের বন্ধনে বদ্ধ হইলেই জীব কৃতকৃত্য হইতে পারে।
আপনাদের কুপায় যথন আচার্য্যের নিকট উপনিষ্ধ পাঠ করিয়াছিলাম,
তখন এই উপদেশই প্রাপ্ত হইয়াছি,—

"স যথা শকুনিঃ স্তত্ত্বো প্রবদ্ধা দিশং দিশং পতিত্বান্তত্রায়তনমলক্ষ্মা বন্ধনমেবোপশ্রয়ত এবমেব খলু সোমা তন্মনো দিশং দিশং পতিত্বান্ত-ত্রায়তনমলক্ষ্মা প্রাণমেবোপশ্রয়তে প্রাণবন্ধনং হি সোমা মন ইতি।"

ভগবান্ শ্রীবিষ্ণুই সকল প্রাণের প্রাণ, নিখিল প্রাণী তাঁহাকে আশ্রর করিলেই প্রাণময় ও অমৃতময় হইতে পারে। সেই প্রাণকে বাঁহারা আশ্রয় করিয়াছেন, তাঁহাদের মৃত্যু নাই,—

ত্রয়োদশ অধ্যায়—বাস্তদেবের সন্ম্যাস

িশ্রোত্রস্থ শ্রোত্রং মনসো মনো যদ্, বাচো হ বাচং স উ প্রাণস্থ প্রাণঃ।"
চকুষশ্চকুরতিমূচ্য ধীরাঃ প্রেত্যাম্মাল্লোকাদমূত। ভবস্থি॥"

্রাপনারা যখন আমার ওভান্থগাগী, তখন আমারও যাহাতে প্রাণরক্ষা হয়, সে বিষয়ে আপনারা নিশ্চয়ই লক্ষ্য রাখিবেন। কারণ, আপনাদের রূপায় গুরু-গৃহ হইতে শান্তের বাক্য জানিতে পারিয়াছি,—

গুরুন সি স্থাৎ স্বন্ধনে। ন স স্থাৎ
পিতা ন স স্থাজননী ন সা স্থাৎ।
দৈবং ন তৎ স্থান্ন পতিশ্চ স স্থাৎ
ন মোচয়েদ্যঃ সমুপেত-মৃত্যুম্॥

ভজিপথের উপদেশ হারা যিনি সমুপস্থিত মৃত্যুরূপ সংসার হইতে মোচন করিতে না পারেন, সেই গুরু 'গুরু' নহেন, সেই স্থান 'স্বজন'-শন্দবাচা নহেন, সেই পিতা 'পিতা' নহেন অর্থাৎ তাঁহার পুত্রোৎপত্তি-বিষয়ে যত্ন করা উচিত নহে, সেই জননী 'জননী' নহেন অর্থাৎ সেই জননীর গর্ভধারণ কর্ত্তব্য নহে, সেই দেবতা 'দেবতা' নহেন অর্থাৎ যে সুকল দেবতা জীবের সংসার-মোচনে অসমর্থ, তাঁহাদিগের মানবের নিকট পূজা গ্রহণ করা উচিত নহে, আর সেই পতি 'পতি' নহেন অর্থাৎ তাঁহার পাণিগ্রহণ করা উচিত নহে। তাৎপর্যা এই, যাহারা জীবকুলকে ভগববৈম্থাজনিত অনর্থ হইতে মোচন করিতে পারেন না, তাদৃশ গুর্মাদিকে পরিত্যাগ করিবে। যেমন, পূর্ব্বকালে মহাত্মা বলি স্বীয় গুরু গুক্রাচার্য্যকে, বিভীষণ স্বীয় স্বজন রাবণকে, প্রহলাদ পিতা দৈত্যরাজ হিরণ্যকশিপুকে, ভরত্ত স্বীয় মাতা কৈকেরীকে, খট্যাঙ্গরাজা দেবতাগণকে, যাজ্ঞিক-ব্রাহ্মণীগণ্ম

विकवानायां मध्यः

স্বীয় পতি যাজ্ঞিক-বিপ্রগণকে তাঁহাদিগের ভগবদ্বিমুখতার জন্ত 'হঃসঙ্গ' জ্ঞানে পরিত্যাগ করিয়াছিলেন।

বাস্থদেব আরও বলিলেন,—হে পিতঃ, মুকুন্দ-সেবার্থ সন্ন্যাস-গ্রহণের কোন কালাকাল নাই—কাহারও অপেক্ষা করিতে নাই।

যেদিন এই সংসারের প্রতি প্রকৃত বৈরাগ্য ছঃসঙ্গ পরিত্যাগপুর্বক আসিবে, সেই দিনই তিনি প্রব্রজ্যা গ্রহণ হরিভজনের কালাকাল নাই

করিবেন,—"যদহরেব বিরক্ষেৎ তদহরেব প্রব্রেজং।"

মাতা-পিতা প্রত্যক্ষ দেবতা বটে, কিন্তু অপরোক্ষ দেবতা—ভগবান্ বিষ্ণু—যিনি নিখিল মাতা-পিতারও দেবতা, তাঁহার সেবা ব্যতীত নিখিল মাতা-পিতা জন্ম-জন্মান্তরের পুনামক নরক হইতে গ্রাণ লাভ করিতে পারেন না। "তিম্মিন তুইে জগতু ইম্।" সেই অতীক্রির পুরুষোত্তম বিষ্ণু পরিতৃপ্ত হইলেই জগতের সকলের পরিতৃপ্তি ঘটে,—

যথা তরোম্ লনিষেচনেন
তৃপ্যন্তি তৎস্কভুজোপশাখাঃ।
তিমিন্ তুষ্টে জগৎতুষ্ট্রম্ প্রাণোপহারাচ্চ যথেক্রিয়াণাং
তথৈব সর্বাহ ণমচ্যুতেজ্যা॥

যেরপ রক্ষের মূলে জলসেচন করিলে উহার স্বর্ধ, শাখা, উপশাখা প্রস্তৃতি সকলই সঞ্জীবিত হয়, প্রাণে আহার্য্য প্রদান করিলে (অর্থাৎ ভোজন করিলে) যেরপ সর্কেন্দ্রিরের তৃপ্তি সাধিত হয়, সেইরপ একমাত্র শ্রীক্ষের পূজা হারাই নিখিল দেবপিত্রাদির পূজা হইয়া থাকে। পিতঃ, আপনার পূজনীয় পুরাণ-শিরোমণি ভাগবত শাস্ত্র বলিয়াছেন, খিনি সংসারের সকল কর্ত্তব্য পরিত্যাগ করিয়া, বাস্থদেবই—সকল, —এই জ্ঞানে সেই অখিললোকশরণ্য শ্রীমুকুন্দের পাদপদ্মে সর্কান্তঃকরণে

ত্র য়োদশ অধ্যায়—বাস্থদেবের সন্ন্যাস

শরণাগত হন, তিনি ভগবদ্বিমুখ কর্মফলবাধ্য সাধারণ মানবের স্থায় দেবতা, ঋষি, কোনও ভূত (প্রাণী), স্বজন বা পিতৃলোকের ঋণে ঋণী নহেন।

শরণাগত কোন ঋণে ঋণী নহেন দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণাং
ন কিন্ধরো নায়মূণী চ রাজন্।
সর্ব্বাত্মনা যঃ শরণং শরণাং
গতো মুকুনাং পরিহৃত্য কর্ত্বম্ ॥

(ভাঃ ১১|৫|৪১)

বাস্থদেবের মাতা-পিতা পুত্রের ঐশ্বর্যা-প্রভাবেই হউক বা তাঁহার অতিমৰ্ত্ত্য-ব্যক্তিত্বের আকর্ষণেই হউক, পুত্রকে নানা কাডরোক্তি

মাতা-পিতার দ্বারা কৌশলে সন্ন্যাস-অসুমোদন জানাইয়া প্রদক্ষিণ ও দণ্ডবং প্রণাম করিলেন। তথন বাস্থদেব বলিলেন—"এই জগতে পুত্র কখনও মাতা-পিতার প্রণম্য হয় না, কিন্তু আপনারা যখন প্রকাশ্যে আমাকে প্রণাম করিয়াছেন, তথন বুঝিতে হইবে,

বিধাতা স্বয়ংই আপনাদের দারা আমার সন্ন্যাসের অন্তজ্ঞা প্রদান করাইয়াছেন।" সপত্নীক মধ্যগেই ইহার কোন উত্তর দিতে না পারিয়া অচ্যুতপ্রেক্ষ ধাহাতে ক্ষুদ্রদেবকে সন্ন্যাস প্রদান না করেন, তজ্জন্ত তাঁহাকে বিশেষ অন্তরোধ করিয়া গৃহে প্রত্যাবর্ত্তন করিলেন। গৃহে প্রত্যাগত ইইবার পর তাঁহাদের এক একটি ক্ষণ যেন কল্প-পরিমিত বলিয়া মনে হইতে লাগিল। তাঁহারা নিরন্তর পুল্রের মুখচন্দ্র ধ্যান করিতে করিতে উন্মত্তর ন্থায় অবস্থান করিতে লাগিলেন।

বৈফবাচার্য্য মধ্ব

ইহার পর একদিন মধ্যগেহ বেত্রবতীনদী পার হইয়া কোনও এক মঠে পুল্রের অন্নসন্ধান করিতে করিতে উপনীত হইলেন। সেধানে দেখিলেন, অচ্যুত্ত প্রেক্ষের সন্মুখে বাস্থদেব অত্যস্ত বিনীতভাবে অচ্যুতপ্রেক্ষের প্রতি বিদায়া গুরুর উপদেশ লাভ করিতেছেন। ইহা দেখিয়াই মধ্যগেহ বিচার করিলেন—'বাস্থদেব নিশ্চয়ই সন্মাস গ্রহণ করিবে, অতএব যদি আমি বাস্থদেব–সমক্ষে আত্মহত্যার প্রতিজ্ঞা করি, তবেই বাস্থদেবকে ঐ কার্য্য হইতে বিরত করা যাইবে, এতদ্বাতীত অত্য কোন উপায় নাই।' মধ্যগেহ মহাজনলঙ্খনভীক হইলেও পুত্রবাৎসল্যে অধীর হইয়া অচ্যুতপ্রেক্ষকে বলিলেন,—"যদি বাস্থদেব কৌপীন ধারণ করে, তবে আমি এখানেই আত্মহত্যা করিব। যদি বাস্থদেবকে পিতৃহত্যা ও ব্রাহ্মণহত্যা হইতে রক্ষা করিতে চাহেন, তবে আপনি কিছুতেই বাস্থদেবকে সন্মাস প্রদান করিবেন না।'

বাস্থদেব মধ্যগেহের এই প্রতিজ্ঞা শুনিবামাত্র নিজের পরিধেয় বস্ত্র ছিন্ন করিয়া তাহা কোপীনাকারে ধারণপূর্বক পিতাকে বলিলেন,—"হে পিতঃ! আপনি আপনার প্রতিজ্ঞাত সাহসিক-কর্ম্মের অনুষ্ঠান করুন। দেখি ত' আপনি সত্য-সত্যই আত্মহত্যা করিতে পারেন কি না?" এই কথা বলিয়াই বাস্থদেব পুনরায় পিতাকে অন্থনয়-সহকারে বলিলেন,—"আপনি শুভকর্মে বিন্ন উৎপাদন করিবেন না। যদিও সন্মাসীর বিন্ন সাধনের জন্ম এ জগতের সকলেই প্রস্তুত, এমন কি, দেবতাগণ পর্যান্ত সন্মাসীর পদবীকে দেবতাগণের উচ্চপদ হইতেও অনেক উচ্চে অবস্থিত জানিয়া সন্মাসগ্রহণেচ্ছুর নানাপ্রকার বিন্ন উৎপাদন করিবার জন্ম প্রস্তুত হন,

ত্রয়োদশ অধ্যায়—বাস্থদেবের সন্ন্যাস

তথাপি আপনার তায় শাস্ত্রকুশল ধার্মিক ব্যক্তির পক্ষে পুত্রের মায়ায় মুগ্ধ হইয়া তাহার উন্নতির পথ প্রতিরোধ করা উচিত নহে।"

মধ্যগেহ ইহা শুনিয়া বলিলেন—"বাস্থদেব ! ধর্মশাস্ত্রকারগণ মাতা-পিতার রক্ষণ ব্যতীত পুজের অন্ত কোন মঙ্গলের কথা বলেন নাই, বিশেষতঃ তোমার যে তুইটি কনিষ্ঠ ভ্রাতা ছিল, তাহারাও মৃত্যুমুখে পতিত হইয়াছে। তুমি সন্মাসাভ্রম গ্রহণ করিলে আমাদের এই বৃদ্ধ-কালে আর কেহই রক্ষক থাকিবে না।"

বাস্থদেব বলিলেন—'মাতা-পিতার পরিপালনই পুজের কর্ত্তব্য'—এরপ শাস্ত্রীয়-বিধান কেবল অতি সংসারাসক্ত ও অসদ্বিষয়ে ধাবনোমুখ ব্যক্তি-গণের জন্ম। শ্রুতিশাস্ত্র বলেন,—'যখনই সংসারের প্রতি বৈরাগ্যের উদয় হইবে, তখনই সন্ন্যাসাশ্রম গ্রহণ করিবে।' এই পারমার্থিক শাস্ত্রের বিধি আর্থিক শাস্ত্রের বিধি অপেক্ষা অধিক বলবান্।

মধ্যগেহ বলিলেন,—"বংস বাস্থদেব! আমি শাস্ত্রাভ্যাস ও জ্ঞান-বিচার-বলে তোমার বিরহ হয় ত' সহ্য করিব, কিন্তু তোমার জননী যে, কোনও রূপেই তোমার বিরহ সহ্য করিতে পারিবে না!"

তখন বাস্থানের বলিলেন,—"আচ্ছা বেশ, পূর্ব্বে আপনার কথাই হউক, আপনি যখন শাস্ত্রাদির বিচারের দ্বারা আমার বিরহ সহ্য করিতে পারিবেন বলিলেন, তখন আপনি আমাকে পিতাকে অমুমতি-দানে বাধ্য-করণ তাঁহার সহিত বুঝা বাইবে।" মধ্যগেহ পুল্রের বাব্যের উত্তর-প্রদানে অসমর্থ হইয়া বলিলেন,—"যদি তোমার মাতা অমুমেদন করেন, তাহা হইলে তোমার ইচ্ছামুরপুই কার্য্য হউক।" বাস্থানের এইরপ কৌশলের দ্বারা সন্মানের অমুমতি গ্রহণ করিলেন।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

কিছুকাল পরে মধ্যগেই ও বেদবিভার গৃহে ভগবদিচ্ছায় বাস্থদেবের
একটি অমুজ জয়গ্রহণ করিলেন। লক্ষ্মণ ধ্যেরপ রামচন্দ্রের সেবারত
ছিলেন, অর্জ্জুন ধ্যেরপ সর্বাদা ভীমদেনের অন্থগত
ছিলেন, গদ ধ্যেরপ শ্রীক্রফের ভক্ত ছিলেন, সেইরপ
আবির্ভার
বাস্থদেবের সেবা করিবার জন্ম মধ্যগেহের গৃহেও
একটি পুত্ররত্বের আবির্ভাব হইল। এই সংবাদ পাইয়া বাস্থদেব একদিন গুরুগৃহ হইতে মধ্যগেহের গৃহে উপস্থিত হইলেন এবং মাতা-পিতাকে
বলিলেন,—"আপনারা আমাকে বলিয়াছিলেন ধ্যে, আমি খেন আপনাদিগকে রক্ষকহীন করিয়া সয়্যাস গ্রহণ না করি। ভগবদিচ্ছায় আমার
এই অমুজ আপনাদের রক্ষক ও পালকরূপে জয়গ্রহণ করিয়াছে। জননী
ঠাকুরাণী ধদি আমাকে কোনও সময়ে দেখিবার ইচ্ছা রাথেন, তাহা

বাহ্নদেব এই কথা বলিলে কিংকর্ত্ব্যবিমৃত। ও স্বভাবতঃ সংকর্ষ্মে অহ্বরাগ-যুক্তা বাহ্নদেব-জননী পুত্রের চিরকাল-জক্ম অদর্শন মৃত্যুরই তুল্য বিবেচনা করিয়া অতিকপ্তে পুত্রের অভীষ্ট-সাধন-বিষয়ে আর বাধা প্রদান করিলেন না। ইহার পরে বাহ্মদেব গৃহ হইতে অচ্যুতপ্রেক্ষের নিক্ট উপস্থিত হইলেন এবং তাঁহাকে সম্ভুষ্ট করিয়া স্বয়ং আশ্রমাতীত হইলেও সন্মাসাশ্রম-গ্রহণ-লীলা প্রকাশ করিলেন। অচ্যুতপ্রেক্ষ বাহ্মদেবকে 'পূর্ণপ্রজ্ঞ' এই সন্মাস-নাম প্রদান করিলেন। অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রজ্ঞকে সন্মাসাশ্রমান করিলেন। অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রজ্ঞকে সন্মাসাশ্রমান করিলেন। অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রজ্ঞকে সন্মাসাশ্রমান চিত আচারাদির শিক্ষা প্রদান করিতে উত্যত হইয়া তাঁহাকে স্বভঃই প্রস্কল আচারের অহ্নগান করিতে দেখিয়া বিশ্বিত হইলেন।

হইলে সন্নাসগ্রহণের অনুমতি প্রদান করুন। নতুব। আমি চিরকালের

জন্ম এই দেশ পরিত্যাগ করিয়া যাইব।"



भेजा महान्त्रकाश में के बिवस्था हार है। (क्षेत्रकारिक कार्य में के बिवस्था कार है।

চতুৰ্দশ অধ্যায়

পূর্ণপ্রজ্ঞের আচার্য্যন্ত প্রকাশ

পূর্ণপ্রজ্ঞ সন্ন্যাসাশ্রম স্বীকার করিবার একমাস দশ দিনের মধ্যেই বাস্থদেব প্রভৃতি কতিপয় দিগ্বিজয়ী পণ্ডিতকে পরাজিত করিয়া জয়পত্র সংগ্রহ করিলেন। অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রজ্ঞকে ক্ষিপ্রজাচার্য্য অধিকতর চতুর করিবার অভিপ্রায়ে ছল-জাতি-নিগ্রহাদি যুক্তি-পূর্ণ 'ইষ্টসিদ্ধি' নামক গ্রন্থ অধ্যয়ন করিবার আগ্রহ না থাকিলেও গুরুদেবের অভীষ্ট-পূরণের জন্ম তিনি ঐ গ্রন্থ শ্রাকেরই বিশে প্রকার দোয উক্ত গ্রন্থ-শ্রবণ-কালে পূর্ণপ্রজ্ঞ সর্ব্বপ্রথম শ্লোকেরই বিশে প্রকার দোয উদ্ঘাটন করিতে লাগিলেন। মায়াবাদ-সিদ্ধান্ত-নিপুণ অচ্যুতপ্রেক্ষ তথন ক্রুদ্ধ হইয়া বলিলেন যে, পূর্ণপ্রজ্ঞের নিকট শাস্ত্র ব্যাথ্যা করিবার ক্ষমতা অচ্যুতপ্রেক্ষের নাই। তথন পূর্ণপ্রজ্ঞ সন্ধ্রংই উক্ত মায়াবাদ-গ্রন্থ অতি স্ক্রন্তভাবে ব্যাথ্যা করিলেন।

ত্ববের জন্য উপস্থিত হইলেন। তাঁহারা নিজ নিজ গ্রন্থাস্থারে পৃথক্
পৃথক্ পাঠ বলিতে লাগিলেন; কিন্তু পূর্ণপ্রক্ত ঐ
সকল পাঠের মধ্যে মাত্র একটি পাঠকেই দৃঢ়ভার
সহিত সক্ষত অর্থাৎ শ্রীব্যাসদেবের অভিপ্রেভ বলিয়া
ব্যাখ্যা করিলেন। ইহাতে অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রক্তকে বলিলেন—"বৎস!
বিভিন্ন প্রকার পাঠ বিভিন্ন গ্রন্থে দেখিতে পাওয়া যায়। তোমার কথিত

বৈফবাচার্য্য মধ্ব

পাঠটী যে ব্যাসনেবের একমাত্র পাঠ, ইহার কি যুক্তি আছে ?" পূর্ণপ্রজ্ঞ অন্তান্ত পাঠের সিদ্ধান্ত ও তাঁহার কথিত পাঠের সিদ্ধান্তের তারতম্য ব্যাখ্যা করিয়া সিদ্ধান্তের দারা তাঁহার কথিত পাঠিটকেই শ্রীব্যাসনেবের সম্মত একমাত্র পাঠ বলিয়া বুঝাইয়া দিলেন। অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রজ্ঞের উক্তির যাথার্য্য এবং ব্যাসনেবের রচনা-বোধ-বিষয়ে পূর্ণপ্রজ্ঞের কতটা প্রকৃত অভিজ্ঞতা আছে, তাহা পরীক্ষা করিবার জন্য শ্রীমন্তাগবতের পঞ্চম ক্ষমের গদ্যভাগ ব্যাখ্যা করিতে বলিলেন। পূর্ণপ্রজ্ঞ শ্রীমন্তাগবত গ্রন্থ না দেখিয়াই ব্যাসনেবের অভিপ্রেত পাঠসমূহ সিদ্ধান্ত-মূলে ব্যাখ্যা করিয়া যাইতেছেন দেখিয়া অন্তান্ত পণ্ডিতগণ ও অচ্যুতপ্রেক্ষ স্বয়ং আশ্বর্যান্থিত হইলেন। অচ্যুতপ্রেক্ষ বিশ্বিত হইয়া জিজ্ঞাসা করিলেন, "বৎস পূর্ণপ্রক্র, তুমি ত' এই জন্মে বেদপুরাণাদি-শান্ত অধ্যয়ন কর নাই, তবে কিরপে ঐ সকল শাস্তের সিদ্ধান্ত তোমার আয়ত্ত হইল '' পূর্ণপ্রক্র কহিলেন—"প্রভো! আমি পূর্ব-জন্মে ঐ সকল অধ্যয়ন করিয়াছি।"

অচ্যুতপ্রেক্ষ পূর্ণপ্রজ্ঞাচার্য্যকে বেদান্ত-বিদ্যা-সাম্রাজ্যের পরিপালনে সমর্থ দেখিয়া শঙ্খপূর্ণ জলের দ্বারা তাঁহার অভিষেক-ক্রিয়া সম্পাদন এবং 'আনন্দতীর্থ' নামকরণ করিলেন। আনন্দরূপী আচার্য্যাভিষেক ও বিষ্ণু পূর্ণপ্রজ্ঞের হৃদয়ে সর্বাদা বিশ্রাম লাভ করেন এবং তিনি সজ্জনানন্দ-দায়ক সংশাস্ত্র প্রণয়ন করিয়াছিলেন বলিয়া তাঁহার 'আনন্দতীর্থ' নামটি সার্থ কতা-মণ্ডিত হইল। গৌড়ীয়-বেদাস্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ 'প্রমেয়রত্নাবলী' গ্রন্থের প্রারম্ভে এইজন্য আচার্য্য আনন্দতীর্থের এইরূপে জয়গান করিয়াছেন—

আনন্দতীর্থ নামা স্থ্যময়ধামা যতিজীয়াৎ। সংসারার্ণব-তরণীং যমিহ জনাঃ কীর্ত্তয়স্তি বুধাঃ॥

চতুর্দিশ অধ্যায়—পূর্ণপ্রজের আচার্যাত্ব প্রকাশ

একদিন পূর্ণপ্রজ্ঞের এক বন্ধু সন্ন্যাসী তাঁহার বহু শিষ্যের সহিত রজতপীঠপুরে উপস্থিত হইলেন। ই হারা সকলেই খুব উদ্ধৃত ও তর্ক-শাস্থে পরম পণ্ডিত ছিলেন। তাঁহারা পূর্ণপ্রজ্ঞকে বিচারে পরাস্থ করিবার অভিপ্রায়ে একটি অন্ন্যানমূলক তর্ক উত্থাপন করিলেন; কিন্তু সিদ্ধান্ত-নিপুণ পূর্ণপ্রজ্ঞ উক্ত অনুমানকে স্পষ্টভাবে থণ্ডন করিলেন।

তথন ঐ কুতার্কিকগণ 'যাহা কিছু দৃশ্য, তাহাই মিথ্যা'— এইরপে দৃশ্যম্বহেতু-দারা নত্য-মিথারপ বিবাদের বিষয়ীভূত এই জগতেরও মিথ্যাত্ব

সাধন করিতে উদ্যত হইলেন। দৃষ্টান্ত-স্বরূপে
আচার্যা আনন্দতীর্থের
'অনুমানতীর্থ' নাম

কজতের অথাং শুক্তিতে ল্রান্তি-বশতঃ প্রতীয়মান
রজতের বিচার উত্থাপন করিলেন। পূর্ণপ্রজ্ঞ 'দৃশ্যম্ব-বশতঃই জ্বগং
সত্য'—এইরপ প্রতিজ্ঞা-পূর্ব্বক দৃষ্টান্ত-স্বরূপ দৃশ্য অথচ সর্ব্বসম্মতিক্রমে
সত্য ঘটাদি পদার্থ কৈ উপস্থিত করিলেন। পূর্ণপ্রজ্ঞ বিবাদের বিষয়ীভূত
সত্য ও অস্ত্য-বিষয়ে অনুমান বলিয়া নিজেই আবার তাহার অপ্রামাণ্য
প্রতিপাদন করিয়া সভার সমন্ত পণ্ডিতকে পরাজয় করিলেন। তথন
হইতে তাঁহার 'অনুমানতীর্থ' নাম হইল।

• এই সময়ে একদিন নিখিল তার্কিকের পরাভবকারী এক অদিতীয় দিগ্বিজয়ী পণ্ডিত রজতপীঠপুরে উপস্থিত হইলেন; ইহার নাম—ব্দিনাগর। ইনি বেদবিরোধী। ইহার সঙ্গে বেদবিরোধী বৃদ্ধিনাগর আসিলেন আর একজন পণ্ডিত, তাঁহার নাম—বাদিশরাজিত সিংহ। অচ্যুতপ্রেক্ষ দেখিলেন, ঐ পণ্ডিতদ্বয়কে একমাত্র আনন্দতীর্থ ব্যতীত আর কেহই পরাজিত করিতে পারিবেনা। অচ্যুতপ্রেক্ষ তথন মঠাস্তরে অবস্থান করিতেছিলেন, আনন্দতীর্থ

বৈষ্ণবাচার্য্য মধ্ব

গুরুদেবের আহ্বানে তৎসমীপে উপস্থিত হইলেন এবং বাদিসিংহের সিদ্ধান্তসমূহকে খণ্ডিত-বিখণ্ডিত করিতে লাগিলেন। কিন্তু বাদিসিংহ অত্যস্ত মাৎসর্য্যপরায়ণ হইয়া কোনও এক অভিধেয়-বিষয়ে অষ্টাদশ-প্রকার বিকল্প উত্থাপন করিলেন। দর্শকগণ তথন যেন জগদ্বিজয়ী পূর্ণপ্রজ্ঞের জয়সম্বন্ধেও দন্দিহান হইয়া পড়িলেন। কিন্তু একমাত্র বিষ্ণুপাদপদাই যাঁহার আশ্রয়, তাঁহাকে কি কখনও কোন প্রাকৃত-পাণ্ডিত্য-প্রতিভ। পরাজিত করিতে পারে? আচার্য্য পূর্ণপ্রজ্ঞ হাস্থ করিতে করিতে নিজ বিশুদ্ধসিদ্ধান্তবাক্যসমূহের দারা অতি সম্বরই পরপক্ষের বিকল্পসমূহ খণ্ডন করিয়া ফেলিলেন। বুদ্ধিসাগরের বুদ্ধিও পূর্ণপ্রজ্ঞের ভক্তিসিদ্ধান্তের নিকট অত্যন্ত লঘু হইয়া পড়িল। তখন ঐ খলবৃদ্ধি পণ্ডিতদ্বয় বলিলেন—"আগামী কলা পুনরায় বিচার হইবে, অগু বিশ্রাম করা যাউক।" পূর্ণপ্রজ্ঞ বলিলেন—"অগ্রন্থ বিচার হইবে, যদি আপনাদের বুদ্ধিতে আমার সিদ্ধান্তের খণ্ডন কিছুমাত্র থাকে, তবে এখনই বলুন।" দর্শকগণ ব্ঝিতে পারিলেন যে, পণ্ডিতগণ রাত্রি-যোগে পলায়ন করিবার অভিপ্রায়ে পরদিনের জন্ম বিচার স্থগিত রাখিবার ছল অমুসন্ধান করিতেছেন। পূর্ণপ্রজ্ঞের শ্রোতসিদ্ধান্ত খণ্ডন করিতে পারে, এরূপ ক্ষমতা কোটি কোটি বৃদ্ধিসাপর ও বাদিসিংহেরও নাই। তাঁহারা এযাবৎ ভারত পর্যাটন করিয়া যে বিজয়-শ্রী অজ্জন করিয়াছিলেন, তাহা পূর্ণপ্রজ মুহূর্ত্তমধ্যে মান করিয়া দিলেন দেখিয়া দর্শকর্পণ অতিশয় বিশ্বিত হইলেন। শ্রীমন্ত্রাগবত বলিয়াছেন,—যাহার দেহাদিতে আমি ও আমার বৃদ্ধি, দেই বাক্তিই মূর্থ; আর যিনি বন্ধ-মোক্ষবিৎ, তিনিই পণ্ডিত। বাস্থদেব নিতাসিদ্ধ বন্ধমোক্ষবিৎ আচার্যা— পণ্ডিতশিরোমণি।

চতুর্দ্দশ অধ্যায়—পূর্ণপ্রজ্ঞের আচার্য্যত্ব প্রকাশ

একদিন আনন্দতীর্থ ব্রহ্মন্থরের শ্বরভাগ্য ব্যাখ্যা করিতে করিতে উহার অসংখ্য দোয প্রদর্শন করিতে লাগিলেন। সেই সভায় বহুতর্ক-নিপুণ পণ্ডিত উপস্থিত ছিলেন। আনন্দতীর্থ সূত্র আনন্দতীর্থ কর্ত্বজ্ঞাত-হইতে ভাগ্যের বিপরীত অর্থ ও অসঙ্গতি অতি প্রাণিধিনিষ্ট স্বোর্থ ক্ষিত্রন প্রতিত ভাগ্যের বিপরীত অর্থ ও অসঙ্গতি অতি ক্ষান্তন্তা করিতে ভাগাবিলেন। পণ্ডিতগণ কেইই আনন্দতীর্থের সেই সকল যুক্তি ও সিদ্ধান্ত খণ্ডন করিতে পারিলেন না। কতিপয় বাগ্যী পণ্ডিত আনন্দতীর্থকে বলিলেন—'আপনি কেবল শ্বর-ভাগ্যের নিরাকরণ করিতেছেন এবং আপনার যুক্তিসমূহ সকলই সমীচীন হইয়াছে; কিন্ধ এই স্বত্রসকলের প্রকৃত অর্থ প্রকাশিত হওয়া আবশ্যক, যেন আপনার ন্তায় অন্ত কোন পণ্ডিত ব্যক্তি আপনার কৃত ভাগ্যকে খণ্ডন করিতে না পারে।'' এই কথা শুনিয়া আনন্দতীর্থ সভা–মধ্যেই তৎক্ষণাং সহজ শ্বাহ্য-যুক্ত খেদ ও শ্বৃতির

একদিন আর্য্য মধ্যগেহও স্বীয় পুত্রের এরপ অতিমর্ত্ত্য প্রতিভা দশ নের সৌভাগ্য লাভ করিলেন। কোন সাংসারিক কারণে ক্নিষ্ট হইয়া মধ্যগেহ পুত্রের নিকট উপস্থিত হইলেন এবং হরিকথামৃত শ্রবণ করিয়া পরম-প্রসন্নতা লাভ করিলেন।

প্রমাণবিশিষ্ট স্থাস্কত স্থার্থ উচ্চারণ করিতে আরম্ভ করিলেন।

একদিন পূর্ণপ্রজ্ঞ অচ্যুতপ্রেক্ষের সহিত তত্ত্ব বিচার করিতেছিলেন;
তখন গুরু ও শিশ্বের মধ্যে একটি ক্লুত্রিম বিবাদ উপস্থিত হইল। অচ্যুত্ত-প্রেক্ষ আনন্দতীর্থকে আক্ষেপ-পূর্বক বলিলেন,—"যদি তুমি প্রক্ত ব্রহ্মস্থার্থ জানিয়া থাক, তাহা হইলে ইহার স্থান্ধত ভাষ্য প্রণয়ন কর।" রাজহংস ষেরপ জলমিপ্রিত হগ্ধ হইতে অসার জলভাগ ত্যাগ করিয়া হগ্ধ গ্রহণ করে, পরমহংস শ্রীমন্মধ্বাচার্যাও সেইরপ গুরুদেবের বাক্যের

বৈক্ষবাচাৰ্য্য মধ্ব

নিফল আক্ষেপাংশ পরিত্যাগ করিয়া 'ভাষ্য প্রণয়ন কর' এই আদেশাংশ-মাত্রই গ্রহণ করিলেন।

বিশেষ বিরাগী, বাগ্মী ও ভক্তিভূষণে বিভূষিত লিকুচবংশজাত 'জ্যেষ্ঠ' নামক এক সন্ন্যাসী মধ্বাচার্য্যকে ব্রহ্মস্ত্র ও উপনিষৎসমূহের প্রকৃত অর্থ বিস্তার করিবার জন্ম প্রার্থনা জানাইলে আনন্দতীর্থ ব্রহ্মস্ত্র ও শ্রুতির ভান্ম কীর্ত্তন করিলেন।

পূর্ণপ্রক্ত স্বীয় গুরু অচ্যতপ্রেক্ষের সহিত ভক্তিসিদ্ধান্ত প্রচার করিবার জন্ম বহির্গত হইলেন এবং 'বিষ্ণুমঙ্গল' নামক এক ভবনে জগন্মঙ্গল শ্রীহরিকে দর্শন ও বন্দন করিলেন। এই সময় জনৈক গৃহস্থ ব্যক্তি পূর্ণপ্রক্তকে পরীক্ষা করিবার জন্ম চুইশত স্থপুষ্ট কদলী ভিক্ষা দিলেন। মধ্বাচার্য্য সেইগুলি সকলই ভোজন করিয়া ফেলিলেন। ইহা দেখিয়া অচ্যতপ্রেক্ষ আশ্চর্যান্বিত হইয়া বলিলেন—"বংস, এতগুলি কদলী ভক্ষণের পরও তোমার উদর স্থলতা—প্রাপ্ত হয় নাই কেন?" ইহার উত্তরে পূর্ণ-প্রক্ত বলিলেন যে, তাঁহার উদরে বিশ্বদাহ-বিধাতা ও বিশ্বহিতকারী অন্তর্ম্ব পরিমিত অনল সর্কান বর্ত্তমান রহিয়াছেন। পূর্ণপ্রক্ত গুরুদেবের সহিত পরিমিত অনল সর্কান বর্ত্তমান রহিয়াছেন। পূর্ণপ্রক্ত গুরুদেবের সহিত পরিমিত অনল সর্কান বর্ত্তমান রহিয়াছেন। পূর্ণপ্রক্ত গুরুদেবের সহিত পরিমিত অনল সর্কান বর্ত্তমান রহিয়াছেন। পূর্ণপ্রক্ত গুরুদেবের সহিত

পূর্ণপ্রক্ষ সিদ্ধান্তজ্ঞগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ। সিদ্ধান্তবেত্তাই আচার্য্যপদবীর যোগ্য। তাই তিনি প্রচারে অভিযানকালে বিভিন্ন সভায় ও
শিশ্বগণের নিকট জীব ও ব্রন্ধের বৈত-সিদ্ধান্ত
পর স্ত্র-ব্যাখ্যা
তদানীন্তন শঙ্করাচার্য্য অপ্রাংশুনীত্র নামক স্থানে
জন্মগ্রহণ করিয়া পূর্ণপ্রজ্ঞের প্রতি মৎসরতা-বশতঃ বলিয়াছিলেন যে,
যাহারা ব্রহ্মস্ত্রের ভাষ্যের রচ্মিতা নহে, তাহাদের নিকট স্ত্রসমূহের

চতুর্দ্দশ অধ্যায়—পূর্ণপ্রজ্ঞের আচার্য্যত্ব প্রকাশ

অর্থ বলা অতিশয় অনুচিত। তথন পূর্ণপ্রজ্ঞ শঙ্করাচার্য্যকে বলিলেন,—
"আমি জীব ও ব্রন্ধের ভেদ-সম্বন্ধ-যুক্ত যে-সকল সিদ্ধান্ত-বাক্য বলিয়াছি,
উহার প্রত্যুত্তর যদি আপনার জানা থাকে, তবে বলুন। এই আমি
ভাগ্য প্রণয়ন করিতেছি। এই ভাষ্য-প্রণয়ন কিছু রাজদণ্ডের দারা
নিবারিত নহে।"

শঙ্করাচার্য্যের পক্ষীয় ব্যক্তিগণ মংসরতা-বশতঃ পূর্ণপ্রজ্ঞের প্রশংসা শুনিতে পারিতেন না। এমন কি, তাঁহারা পূর্ণপ্রজ্ঞের দণ্ড ছেদন করিবার জন্ম প্রতিজ্ঞা করিয়াছিলেন। শ্রীমন্মধ্বাচার্য্য শঙ্কর-পক্ষীয়গণের নিজ-দণ্ড প্রদর্শনপূর্বক তাঁহানিগকে বলিয়াছিলেন মৎসরতা যে, যদি তাঁহারা তাঁহার দণ্ড ছেদন না করেন, তবে তাঁহারা মিথ্যাবাদী ও ক্লীবতুলা; কিন্তু আচার্য্যের প্রভাবে তাঁহারা দণ্ড স্পর্শ করিতে পারেন নাই। হর্বল ও হুষ্টচিত্ত ব্যক্তিগণ মংসরতা-বশতঃ নানা কট্ ক্তি করিলেও অচ্যুতপ্রেক্ষ ও পূর্ণপ্রজ্ঞ তংপ্রতি বধির হইয়া দেতৃবন্ধে চারিমাস-কাল অবস্থান-পূর্বক শ্রোত-সিদ্ধান্ত প্রচার করিলেন। শ্রীরঙ্গক্ষেত্রে শ্রীরঙ্গনাথের দর্শন ও নানা তীর্থ ভ্রমণ করিতে করিতে হরিকথা ও দৈতসিদ্ধান্ত বিস্তার করিতে লাগিলেন। ু তাঁহারা উত্তরাভিমুখে গমন করিলেন এবং বিভিন্ন জনপদে ভ্রমণ করিতে করিতে এক দেবালয়ে কতিপয় ব্রাহ্মণের নিকট ষড়ঙ্গ-সহিত বেদশাস্ত্রের অর্থ ব্যাখ্যা করিলেন। পূর্ণপ্রজ্ঞকে দর্শন করিবার জন্ম চতুদ্দিক হইতে অসংখ্য লোকের সমাগম হইতে লাগিল।

প্ৰস্থা অধ্যায়

দিখিজয় ও প্রচার

আনন্তীর্থ দেশে দেশে ও গ্রামে গ্রামে উপস্থিত হইয়া বিভিন্ন বিদংসভা আহ্বানপূর্বক শ্রোতবাণী প্রচার করিয়৷ শ্রীব্যাদের মনোইভীষ্ট প্রচার করিতে লাগিলেন। কোন এক সভায় শ্রীমধ্বাচার্য্য বৃহস্পতি জনৈক শ্রেষ্ঠ পণ্ডিত ঐতরেয় উপনিষদের একটি হইতেও শ্রেষ্ঠ স্কু উল্লেখ-পূর্বাক মধ্বাচার্য্যের নিকট হইতে ঐ স্তের অর্থ শ্রবণ করিবার জন্ম প্রার্থনা জানাইলেন। যোগা মাত্রা ও মনোহর বর্ণ যোজনা করিয়া জলদগম্ভীরম্বরে যখন ঐ ফক উচ্চারণ করিলেন, তখন ব্রাহ্মণগণ শ্রীল মধ্বাচার্য্যের বেদোচ্চারণের প্রাণালী দর্শন করিয়া, 'মধ্বমুনি এ বিষয়ে বৃহস্পতিকেও অতিক্রম করিয়াছেন',—এইরূপ অন্নভব করিতে লাগিলেন। কিন্তু স্প্রাচার্য্য যেকপ অর্থ করিয়াছিলেন, ত্রাহ্মণগণ সেইরূপ অর্থ না করিয়া অন্তরূপ অর্থ করিলেন। তাহাতে মধ্বাচার্য্য বলিলেন,--- "আমি স্কুক্তের যেরূপ অর্থ বলিয়াছি, তাহাও সঙ্গত এবং আপনাদের অর্থ অসঙ্গত নহে। শ্রতির তিন প্রকার, মহাভারতের দশ প্রকার ও বিষ্ণুসহম্র-নামের একশত প্রকার ব্যাখ্যা হইয়া থাকে।" এই কথা শুনিয়া ব্রাহ্মণগণ পূর্ণপ্রজ্ঞকে পরাজয় করিবার ইচ্ছায় তাঁহার নিকট বিষ্ণুস্হশ্র-নামের একশত প্রকার অর্থ শুনিতে চাহিলেন।

পঞ্চদশ অধ্যায়—দিগ্রিজয় ও প্রচার

পূর্ণপ্রজ্ঞ বলিলেন,—"আমি শতপ্রকার অথ বর্ণন করিতেছি; আপনারা সম্যাগ্ভাবে তাহার অন্থবাদ করুন।" এই বলিয়া পূর্ণপ্রজ্ঞ তৎক্রণাথ ব্যাকরণ-শাস্ত্র-বিহিত প্রকৃতি-প্রত্যয়ের সম্বন্ধ-ভঙ্গী প্রদর্শন করিয়া অর্থ করিতে লাগিলেন। পূর্ণপ্রজ্ঞ নিঃসন্দিশ্ধচিতে একশত প্রকার অর্থ অনর্গল বর্ণন করিবার পূর্ব্বেই ঐ সকল অর্থের ধারণা করিতে অসমর্থ হইয়া রাহ্মণগণ আকুল হইয়া পড়িলেন। সামান্ত কূপ কি কথনও প্রলয়-বারিরাশি-ধারণে সমর্থ হয়? রাহ্মণগণেরও সেই অবস্থা হইল। তাঁহারা মধ্বাচার্য্যের অতিমর্ত্তা প্রতিভাদর্শন করিয়া তাঁহাদের চপলতা ও অপরাধের জন্ত ক্ষমা প্রার্থনা করিলেন। শ্রীমধ্ব এইরপ ভাবে শত শত দিগ্বিজয়ী পণ্ডিতের কুসিদ্ধান্ত দলন ও নব নব সংসিদ্ধান্ত স্থাপন করিয়া 'আচার্য্য' নামের সার্থকতা সম্পাদন করিতে লাগিলেন।

শ্রীমন্মধ্বাচার্য্য পয়স্বিনী-নদীর তীরে কেরল-দেশীয় বহু ব্রাহ্মণ-পণ্ডিতনণ্ডিত এক দেবালয়ে গমন করিলেন। ব্রাহ্মণগণ বলিতে লাগিলেন, যে,

মধ্বাচার্য্য তর্ক ও মীমাংসা-শাস্ত্রজ্ঞ পণ্ডিতমণ্ডলীকে
কেরল দেশীয় পণ্ডিতপরাজিত করিতে পারিলেও তথায় সমবেত কেরলনণ্ডলী-বিজ্ঞাে

দেশনাসী পণ্ডিতগণকে কিছুতেই পরাভূত করিতে
প্রারিবেন না। এইরপ কল্পনা করিয়া উক্ত ব্রাহ্মণগণ ভিন্ন দেশীয় জনৈক
পণ্ডিতকে অগ্রণী করিয়া মধ্বাচার্য্যের নিকট উপস্থিত হইলেন। তাঁহারা
সংপাত্রে দাতা ও অদাতার যথাক্রমে স্তুতি ও নিন্দা-স্ট্রক এক স্ক্তের
অর্থ জিজ্ঞাসা করিলেন। শ্রীমন্মধ্বাচার্য্য ঐ স্ক্তের পৃণীয়াং' পদের
পৃণি ধাতু ও প্রীঙ্ ধাতুর প্রভেদ-সম্বন্ধে তর্কের মীমাংসা করিয়া উক্ত
ব্যাহ্মণগণকে স্তব্ধ করিয়া দিলেন।

বৈষ্ণবাচার্য্য মধ্ব

অন্তর এক সভায় শ্রীমন্মধ্বাচার্য্য কোন এক স্থক্তের 'অপালা' শব্দের ব্যাখ্যা করিয়া ভূত ও ভবিষ্যৎ জ্ঞান-বিষয়ে অভূত পারপ্ততির পরিচয় প্রদান করিলেন। যে-কোন সময়ে যে-বেদহক্তের 'অপালা'শন্দ কোন বিষয় উত্থাপিত হইত, শ্রীমন্মধ্বাচার্য্য সেই ব্যাখ্যাও 'সর্বজ্ঞ সকল বিষয়েই পূর্ণ অভিজ্ঞতা প্রদর্শন করিতেন। এইজন্ম তিনি সমস্ত পণ্ডিতের সভায় 'সর্বজ্ঞয়তি' বলিয়া প্রাসিদ্ধি লাভ করিলেন। এইরূপে বহু দেবালয় ভ্রমণ, তথায় শ্রীহরির বন্দন ও শ্রৌত-সিদ্ধান্ত স্থাপন করিতে করিতে 'সর্বজ্ঞয়তি' রজতপীঠপুরে প্রত্যাবর্ত্তন করিলেন।

শীমমাধাচার্যা ভীমদেনের অবতার। ভীম বেরূপ লাস্থিতা দ্রৌপদীকে দর্শন করিয়া তঃশাসন প্রভৃতি তুজ্জনগণকে দমনের প্রতিজ্ঞা করিয়াছিলেন, সেইরূপ মায়াবাদিগণের হস্তে শ্রুতিসমূহকে লাস্থিত দেখিয়া শীমমাধাচার্যাও ঐ সকল অপরাধি-ব্যক্তির দমনের জন্ম প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। শীমমাধাচার্য্য বদরিকাশ্রমে শুভবিজয় করিবার পূর্বেগ্রু ও জ্যেষ্ঠ যতিকে স্বকৃত গীতার ভাষ্য প্রদান করিলেন।

ষোড়শ অধ্যায়

বদরিকাশ্রমে

বদরিকাশ্রম সপার্ষদ শ্রীশ্রীবদরীহরিনারায়ণের বিশ্রাম-স্থল। এই স্থানটি 'ভূবৈকুণ্ঠ' নামে প্রসিদ্ধ। এই ধামের সম্মুখে মহা পুণ্যবতী অলকানন্দা প্রবাহিতা। অলকানন্দার সহিত ঋষি-বদরিকাশ্রমের শোভা গদ্ধা মিলিত হইয়া 'ঋষিপ্রয়াগ' নাম ধারণ করিয়াছে। অলকানন্দার পার্য স্থিত পর্বতের নাম 'নরনারায়ণ গিরি'। সম্মুখস্থ পর্বতের নাম—'জয়-বিজয়'। চতুম্পার্থে গিরিমালা-পরিবেষ্টিতা উপত্যকা-ভূমিতে শ্রীবদরীনারায়ণদেব বিরাজমান। এই বদরীনারায়ণের মন্দিরের সম্মুখে মহাবীর ও শ্রীগরুড় অবস্থান করিতেছেন। শ্রীমন্তাগবতে শ্রীস্থত গোস্বামি-প্রভূ বলিয়াছেন,—

ব্রন্ধনদ্যাং সরস্বত্যামাশ্রমং পশ্চিমে তটে।
শন্যাপ্রাস ইতি প্রোক্ত ঋষীণাং সত্রবর্ধনং॥
তিন্দ্রন্ স্কৃত্যাশ্রমে ব্যাসো বদরীয়ওমিওতে।
আসীনোহপ উপস্পৃশ্র প্রণিদধ্যো মনং স্বয়ম্॥
ভিক্তিযোগেন মনসি সমাক্ প্রণিহিতেংমলে।
অপশ্রৎ পুরুষং পূর্ণং মায়াঞ্চ তদপাশ্রয়াম্॥

(ভাঃ ১।৭।২-৪)

অর্থাৎ ব্রহ্মনদী সরস্বতীর পশ্চিম তীরে ঋষিগণের যজ্ঞোৎসব-বর্দ্ধন-কারী শম্যাপ্রাস নামক এক আশ্রম আছে। বদরীবৃক্ষ-পরিশোভিত

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

সেই নিজ-আশ্রমে ব্যাসদেব আসীন হইয়া আচমনান্তে নারদের উপদেশান্ত্রসারে সমাধিস্থ হন। ভক্তিযোগ-প্রভাবে শুদ্দর্ভিত্তি পূর্ণ পুরুষ
অধোক্ষজ শ্রীকৃষ্ণকে ও তাঁহার পশ্চান্তাগে গহিতভাবে আশ্রিতা
মায়াকে দর্শন করেন।

এদিকে শ্রীআনন্দতীর্থ যথেচ্ছ ভ্রমণ করিতে করিতে এই ব্রহ্মনারদ-ব্যাস-সংবাদের পীঠস্থান বদরিকাশ্রমের সন্নিকটে আগমন করিলেন।

শ্রীশ্রীনরায়ণকে গীতাভাষ্য উপহার প্রদান শীনারায়ণকে প্রণান করিয়া তৎসমুখে নিজ-কৃত গীতা-ভাষ্য উপহার-প্রদান-পূর্বক পাঠ করিলেন। রাত্রিতে নিদ্রিত শীমধ্বশিষ্যগণ শুনিতে পাইলেন

যে, ভগবান্ নারায়ণ ভূমিতে আঘাত করিয়া মধ্বদেবকে জাগরিত করিতেছেন এবং পুনরায় গীতা-ভাষ্য বর্ণন করিবার জন্ম অন্ধরোধ করিতেছেন। পূর্ণপ্রজ্ঞ তংক্ষণাং উত্থিত হইয়া শিষ্যগণের নিকট গীতাভাষ্য বর্ণন করিলেন।

শ্রীনমধাচার্য্য বদরিকাশ্রমে প্রত্যন্থ অরুণোদয়কালে গঙ্গান্ধান করিতেন। যে স্থানে অস্তান্ত লোক হিমভ্য়ে ভীত হইয়া গঙ্গাজল স্পর্শ পর্যান্ত করিতে পারে না, মুখ্যপ্রাণ-বায়ুর অবতার শ্রীন্যান্ত্যক করিতে পারে না, মুখ্যপ্রাণ-বায়ুর অবতার শ্রীনাভ্যেক স্মাপন করিতেন। অনন্ত-মঠ নামক দেবালয়ে উপবাসাদি-ব্রত-পালন ও অন্তন্ধণ হরিনাম কীর্তনের দ্বারা শ্রীহরির সন্তোম বিধান করিতেন। এইরপ কএকদিন অবস্থান করিবার পর ভগবান্ শ্রীব্যাসদেব রাত্রিযোগে আনন্দতীর্থের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে নিজ বদরিকাশ্রমে প্রবেশ করিতে আদেশ করিলেন। পূর্ণপ্রজ্ঞ

ষোড়শ অধ্যায়—বদরিকাশ্রমে

বাতীত অন্তান্ত লোকও শ্রীব্যাসের দিবা জ্যোতিঃ দর্শনে তাঁহার আগমন জানিতে পারিয়াছিলেন। পরদিন প্রাতে শ্রীমধ্বাচার্যা শিষ্যগণের শিক্ষার জন্ত এই কএকটি কথা লিখিয়া রাখিয়া বদরিকাশ্রমে প্রবেশ করিলেন,—

"অনন্ত মঠের ন্থায় পাপ-বিনাশন-ক্ষেত্র আর নাই, এই স্থানের ভাগীরথী-তীথের ন্থায় পুণা তীথ আর নাই, বিষ্ণুর ন্থায় দেবতাও আচার্যা শ্রীমধ্বের আর কেহ নাই, আমাদের বাক্যের ন্থায় মঙ্গল-শিক্ষা-গাথা জনক বাক্যও আর নাই। আমি শ্রীনারায়ণ-স্বরূপ শ্রীব্যাসদেবের দর্শনাভিলাষী হইয়া অদাই এখান হইতে প্রস্থান করিতেছি। পুনরায় এখানে আসিব কি না, তাহা শ্রীব্যাস-দেবই জানেন। তোমাদের মঙ্গল হউক।"

শ্রীল গুরুদেবের অন্তগমন করিবার ইচ্ছা থাকিলেও শ্রীমধ্বশিষাগণ তাহার অভীষ্টসিদ্ধির ব্যাঘাত হইবে বিচার করিয়া সেই স্থানেই অবস্থান করিলেন। কেবল সত্যতীর্থ শ্রীগুরুদেবের বিরহ সহ্য করিতে অসমর্থ হইয়া তাহার অন্তগমন করিলেন। সত্যতীর্থ মধ্বাচার্য্যের নিকট হইতে তিনবার ঐতরেয়-ব্যাখ্যা শ্রবণ করিয়াছিলেন।

বদরিকাশ্রমের পথ অতিশয় হুর্গম। কিন্তু মধ্পাচার্য্য সেই হুর্গম
পথেও অতিশয় বেগে চলিতে লাগিলেন। স্থ্যদেব তথন অস্তাচলে
আরোহণ করিয়াছেন। সত্যতীর্থ শ্রীগুরুদেবের
সত্যতীর্থকে অমুসরণে
নিষেধাক্সা
ক্ষমং পশ্চাতোন্যুথ হইয়া দূর হইতে হস্ত-সঙ্কেতে
সত্যতীর্থকৈ অমুসরণ করিতে নিষেধ করিলেন। সত্যতীর্থ ব্রস্তবৃদ্ধি
হইয়া অতি অল্প সময়েই পুনরায় অনস্তমঠে আাসিয়া পৌছিলেন।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

এদিকে বায়ুতুলা দ্রুতগতি বানরেন্দ্র হুমুমানের গ্রায় ও দৈত্যগণের ভয়জনক ভীমসেনের গ্রায় শ্রীমন্মধ্বাচার্য্য বহু পথ অতিক্রম করিয়া হিমালয় পর্বত দেখিতে পাইলেন। আহা! হিমালয়ের কি শোভা! এখানে

হিমা**ল**য়ের শোভা শ্রীহরির ঐখর্ব্য-াপক প্রস্ফুটিত পদ্ম-শোভিত সরোবর, কত প্রকার বনকুস্থম, বিবিধ বৃক্ষরাজি, বৃক্ষের পাদমূলে ধ্যান-পরায়ণ
মুনিগণ, মঞ্জী-বিভূষিত হিমালয়শৃঙ্গ শ্রীমন্মধ্বাচার্য্যের
হৃদয়ে শ্রীহরির পরয়ৈশ্র্য্যের উদ্দীপনা করিয়া দিল।

হিমালয় পর্বতের অন্ত প্রান্তে যে-স্থানে বদরী-বৃক্ষ সমূহ শোভা পাইতেছে, সেই সৌন্দর্য্যের , আবাসভূমি শ্রীব্যাসপীঠ বিখ্যাত বদরিকাশ্রম শ্রীমন্মধাচার্যের দৃষ্টি আকর্ষণ করিল। এই বদরিকাশ্রমে শীত-বর্ষা-গ্রীম্ম-সহিষ্ণু নারায়ণের পাদপদ্মাসক্ত, শ্রুতিগাননিরত ঋষিগণ বাস করেন। এখানে নারায়ণে দৃঢ্চিত্ত বিশুদ্ধ-হৃদয় পরমহংসগণ নারায়ণের সেবানন্দসাগরে বিচরণ করিয়া থাকেন। বৈকুণ্ঠপ্রিয়দর্শন আনন্দতীর্থের দর্শন লাভ করিয়া ঋষিগণ বিশ্বিত হইলেন। কেহ কেহ বলিতে লাগিলেন,—"বোধ হয় স্কুচতুর ব্রহ্মা কিংবা স্বয়ং প্রনদেব শ্রীব্যাসদেবের দর্শনের জন্ম এখানে সন্মাসিবেশ ধারণ করিয়া আসিয়াছেন।"

আনন্দতীর্থ তথায় বদরীবৃক্ষরাজিকে দেখিতে পাইলেন। অনন্তদেবই ভগবান্ শ্রীব্যাসের সেবার জন্ম যেন বহু শাখা-বিশিষ্ট বৃক্ষরপে
বিরাজ করিতেছেন। সেই বৃক্ষ ইন্দ্র-বক্স-নিবারক
বদরীবৃক্ষের বেদীতে
স্পার্থদ শ্রীব্যাস
বর মহাফলপ্রদ রুহৎ-শাখা-বিশিষ্ট বেদ-তর্কর ন্যায়
শোভিত ছিল। বদরীবৃক্ষের বিশাল বেদীর মধ্যে মুনি-মণ্ডলী-মণ্ডিত
শ্রীব্যাসদেব উপবিষ্ট আছেন। শ্রীব্যাসের মনঃসমুদ্র যথন সজ্জনগণের

যোড়শ অধ্যায়—বদরিকাশ্রমে

প্রতি রূপারপ নন্দার দারা মথিত হইল, তথনই বেদশ্রীর প্রকাশ হইয়া-ছিল। মহাভারত পারিজাত-রুক্ষের সহিত পুরাণ-স্থাকর উৎপন্ন হইলে রুদ্ধতামূতের উদ্ভব হইল।

উত্তম অজিনে নীলোৎপলকান্তি শ্রীব্যাসদেব যোগাসনে বসিয়া আছেন। মুনিবংশচ্ডামণি বেদব্যাস তাঁহার স্থবিশাল হৃদয়ে বেদান্ত ও উপবীত—এই দিবিধ ব্রহ্মস্থ ধারণ করিয়াছেন। তাঁহার দক্ষিণহস্তের অঙ্গুলিশ্রেণীর জ্ঞানমূদ্রা ভক্তগণের আজান নাশ করিতেছে এবং অপর হস্তের অঙ্গুলিপংক্তি সংসারভয় দূর করিয়া পরম মঙ্গল বিতরণ করিতেছে। তাঁহার কণ্ঠদেশের রেখাত্রয় যেন ত্রয়ী দ্বার। অঙ্কিত হইয়াছে। বেদব্যাসের সরস্বতী এককালে দিজগণের সহস্র সহস্র প্রশ্নের উত্তর প্রদান করিতেছে। স্বয়ং লক্ষ্মীদেবীও ভগবান্ শ্রীব্যাসদেবের একটিমাত্র পদ-নথের অনন্ত সদ্গুণ নিরস্তর গণনা করিয়া নির্দ্ধারণ করিতে সমর্থ হন নাই।

শ্রীমধ্বাচার্য্য সেই শ্রীব্যাসদেবের শ্রীচরণ-সমীপে উপস্থিত হইয়া
সাষ্টাঙ্গে প্রণত হইলেন। শ্রীব্যাসদেব শ্রীমন্মধ্বতে উত্তোলন করিয়া
আলিঙ্গন করিলেন। কনক-কাম্পি শ্রীমন্মধ্বাচার্য্যের
শ্রীমধ্বাচার্য্যের বিচারে
ভাগবান শ্রীব্যাসের
অপূর্বে শোভার উদয় হইল। আশ্রয় ও বিষয়বিষয়বিগ্রহত্ব
বিগ্রহের এই আলিঙ্গন দর্শন করিয়া বৈষ্ণবগণ
পরমানন্দিত হইলেন। বৈষ্ণবগণ বৈকুঠে সমাগত ব্রহ্বাকে ষেরূপ যোগ্য
আসন প্রদান করেন, সেইরূপ ব্যাসদেবের অভিপ্রায়ে স্থাশিক্ষিত শিষ্যগণও
শ্রীমধ্বাচার্য্যকে অতি বিনীতভাবে আসন প্রদান করিলেন।

मञ्जन वाशाय

গুরু ও শিয়্য

প্রকৃত শিষ্যের আদর্শ-প্রকটকারী শ্রীমন্মধ্বাচায্য জগদ্গুরু ভগবান্
শ্রীব্যাসদেবের শ্রীচরণাস্তিকে উপনীত হইলেন। কি ভাবে প্ররুত শিষ্য
সদ্গুরুর পাদপন্মের শুশ্রুষা করেন এবং শ্রীগুরুপাদশ্রীব্যাসদেব-কর্তৃক
শক্তিসঞ্চার
করেন, সেই আদর্শ বদরিকাশ্রমের বিজন-বনে
প্রকটিত হইল। দ্বাপর্যুগে যেরপ ভগবান্ বাস্থদেব নিজ-দ্বারকাপুরীকে
পরমার্থ অর্থাং অপ্রাক্ত ধন-রত্নাদি দ্বারা পরিপূর্ণ করিয়াছিলেন,
সেইরূপ নিজ-নিবাসস্থান-স্বরূপ পূর্ণপ্রজ্ঞের হৃদয় যদিও পরমার্থ-জ্ঞানে
পূর্বে হইতেই পরিপূর্ণ ছিল, তথাপি শ্রীব্যাসদেব যথার্থ তত্ত্তান দ্বারা
পরিপূর্ণ করিলেন। সদ্গুরু বা আচার্য্য নিজ স্নিয় শিষ্যকেও আচার্য্যত্বে
প্রতিষ্ঠিত করেন। তিনি তাহাতে কোনপ্রকার রূপণতা করেন না।
তত্ত্ববিংই আচার্য্য ইইতে পারেন। সেই তত্ত্বই অন্বয়্জ্ঞান বাস্থদেব।

পূর্ণপ্রজ্ঞ বেদব্যাসের নিকট হইতে অল্পকাল মধ্যেই ইতিহাস, পুরাণ, পঞ্চরাত্র, ব্রহ্মস্ত্র ও শ্রুতি-সমূহের সিদ্ধান্ত অবগত হইলেন। ব্যাসদেবের অন্থগমনে শ্রীপূর্ণপ্রজ্ঞ বদরিকাশ্রমের অন্থগ ত অন্থগমনে শ্রীপূর্ণপ্রজ্ঞ বদরিকাশ্রমের অন্থগ ত আশ্রমান্তরে গমন করিয়া শ্রীনারায়ণকে দর্শন ও বন্দনাদি করিলেন। শ্রীনারায়ণ একান্তে পূর্ণপ্রক্রের হদয়ে এরূপ প্রেরণা প্রদান করিয়া বলিয়াছিলেন,—"আনন্দতীর্থ, একটি

তৃষ্ণর কার্য্য তোমাকে সম্পাদন করিতে হইবে; তুমি ব্যতীত এই

সপ্তদশ অধ্যায়—গুরু ও শিষ্য

কার্য্য অন্ত কেই সম্পন্ন করিতে পারিবে না। অস্থর-মোহনের জন্ত শ্রুতির যে-সকল স্বাভাবিক অর্থ ও সিদ্ধান্ত আবৃত ও বিক্বত ইইয়ছে, তাহাতে কোমলশ্রদ্ধ ব্যক্তিগণের মঙ্গলের পথ রুদ্ধ ইইয়ছে। আমার বহিরঙ্গা মায়ায় মৃশ্ধ অস্থরকুল সাধুগণের প্রিয় ব্রহ্মসতের স্বকপোল-কল্লিত ভাষ্য রচনা করায় তত্তজ্ঞান-ভাণ্ডার লুপ্ত ইইয়া পড়িয়াছে। তুমি ছজ্জনগণের এই অন্তায় আচরণ দূর করিয়া নিজজনকে রক্ষা করিবার জন্ম ব্রহ্মপতের শ্রোত-ভাষ্য-রচনা এবং শ্রুতির ব্যাস-সম্মত স্থাসিদ্ধান্ত প্রচার কর। তুমি এই ভক্তিসিদ্ধান্ত প্রচারের দ্বারা প্রকৃত ব্যাসামুগ-আচার্য্য-ধারাকে ও বৈয়াসকি-সম্প্রদায়কে সংরক্ষণ কর।"

শ্রীনারায়ণের এই বাক্য শুনিয়া শ্রীমন্মধ্বাচার্য্য বলিলেন,—"হে ভগবন্,
আমি এই বদরিকাশ্রমে শ্রীব্যাসান্থ্যত্যে আপনার সেবামৃতে যাহাতে
নিমজ্জিত থাকিতে পারি, সেইরপ রূপা কর্মন।
শ্রীবদরীনারায়ণ-সমীপে আপনাদের সেবার বিরহ আমি সহ্য করিতে
পারিব না। আর সম্প্রতি কলির প্রভাবে পৃথিবীতে

ভক্তি ও তাহার অমুগানী সদ্গুণসমূহ সকলই বিনষ্ট হইয়া গিয়াছে। বর্ত্তমানে যোগ্য কোন সাধু ব্যক্তি নাই। ভক্তিসিদ্ধান্ত উপলব্ধি করিতে পারে, এরূপ যোগ্যতাসম্পন্ন এক ব্যক্তিও পৃথিবীতে দেখিতে পাওয়া যায়না। অযোগ্য ব্যক্তির নিকট পরতত্ব বর্ণন কুরুরকে যজ্জীয় ঘৃত প্রদানের ত্যায় কেবল নিন্দারই কারণ হইয়া থাকে।"

পূর্গপ্রজ্ঞের এই কথা শুনিয়া শ্রীনারায়ণ বলিলেন,—"বংস, ব্যাস-সমত সিদ্ধান্ত-প্রচারের মধ্যেই তুমি শ্রীব্যাস ও আমার সঙ্গ নিরন্তব লাভ করিবে, আর পৃথিবীতে এখনও স্থক্তিশালী গুণবান্ পুরুষসকল আছেন, তবে তাঁহারা সংসঙ্গের অভাবে প্রকৃত সিদ্ধান্ত অবগত হইতে

বৈক্ষবাচার্য্য মধ্ব

পারিতেছেন না, তাঁহাদের নিকট তুমি শ্রোত-সিদ্ধান্ত-সমূহ প্রচার কর। তবে আচার-প্রচারের দারা তুমি আচার্য্যের কার্য। আরম্ভ করিলে তোমার উদীয়মান যশঃ দেখিয়া হুর্জ্জনগণের হৃদয়ে অতিশয় ক্লেশ উপস্থিত হইবে; কিন্তু সজ্জনগণের তাহাতে উল্লাস ও জীবন লাভ হইবে।"

মধ্বাচার্যা শ্রীবেদবাাস ও শ্রীনারায়ণের অভীপ্সিত সিদ্ধান্ত-সমূহ অবগত হইয়া জগতে প্রচার করিবার জন্ম রতসঙ্কল্ল হইলেন। তাহাদের আদেশে তিনি বদরিকাশ্রম হইতে অনন্তমঠে প্রত্যাবর্ত্তন করিলেন।

অফাদশ অধ্যায়

ভাষ্য-প্রণয়ন

পূর্ণপ্রক্ত শ্রীব্যাসদেবের হৃদয়ের ভাব অবগত ছিলেন। পূর্ণপ্রক্তের চিত্তবৃত্তি শ্রীব্যাসদেবের সহিত একতাৎপর্য্যপর। গুরুর সহিত সম্চিত্ত-গুরুদেবের সহিত সমচিত্ত বৃত্তিবিশিষ্ট না হইলে কেহ গুরুদেবের শ্রোত-সিদ্ধান্ত বুত্তিবিশিষ্টতাও তদ্বাণীর ধারণা ও কীর্ত্তন করিতে পারেন না বা আচার্য্য-শুশ্রমায় একান্ত নৈর-ধারার সংরক্ষকও হইতে পারেন না! 'শিঘ্য'-নাম-ন্তৰ্যাই ভক্তিসিদ্ধান্তে ধারণ বা গুরুদেবের অন্তরঙ্গ ও বিশ্রম্ভ-সেবার প্রবেশোপায় অনুকরণ করিলেই শ্রীগুরুদেবের অন্তরের ভাব উপলব্ধি করা যায় না। গুরুদেবের সহিত সমচিত্তবৃত্তিবিশিষ্ট হইয়া গুরুদেবের বাণীর শুশ্রুষায় অবিক্ষেপ-নৈরন্তর্য্য-প্রভাবে তাঁহারই রূপায় তাঁহার শ্রৌত-সিদ্ধান্ত-সমূহ হৃদয়ে প্রকাশিত ও প্রতিষ্ঠিত হয়। তীরবত্তী আত্র ও নিম্ববৃক্ষ সমভাবে গঙ্গার রস পান করিয়া বর্দ্ধিত ও ফল-ফুলে শোভিত হ'হয়া থাকে; কিন্তু সমভাবে পাশাপাশি উভয়ে বৰ্দ্ধিত হইলেও আশ্ৰ স্থমিষ্ট অমৃতফল ও নিম্ববৃক্ষ তিক্তফল প্ৰদান করিয়া থাকে; তদ্রাপ একই সদ্গুরুর পাদপদ্মে উপনীত হইয়াও যোগাতা ও ভাগ্যানুসারে বিভিন্ন শিষ্য বিভিন্ন প্রকারে উপলব্ধি করিয়া থাকেন। কোন কোন শিষাক্রব গুরুদেবের সিদ্ধান্তের বিরুদ্ধে অভিযান করিয়াও ঐরপ বিরুদ্ধ কার্য্যকেই গুরুদেবের মতান্ত্যায়িনী সেবা বলিয়া প্রচার করে। ছান্দোগ্য-শ্রুতিতে ব্রহ্মার শিষা ইন্দ্র ও বিরোচনের সিদ্ধান্ত-উপলব্ধির

বৈফবাচার্য্য মধ্ব

পার্থক্য হইতেই তাহা প্রমাণিত হয়। শঙ্করাচার্য্যও আপনাকে ব্যাসের অন্নগত বলিয়াছেন। শঙ্করাচার্য্যের অতিমান্ন্যিক প্রভাব ও প্রতিষ্ঠা সমগ্র জগৎকে মুগ্ধ করিয়াছে, অথচ তিনি ভগবদিছায় শ্রীব্যাসের শ্রোত-সিদ্ধান্ত প্রচার করিবার পরিবর্ত্তে অস্তরগণকে বঞ্চনা করিবার জন্ম শ্রীব্যাসের বিরুদ্ধ, এমন কি, শ্রীব্যাসের বিচারের উৎসাদনকারী মতবাদ-সমূহ প্রচার করিয়াছেন। শঙ্করাচার্য্য শ্রীব্যাসের শ্রুতি-স্মৃতি-পুরাণাদি শ্রোত-বাণী-সমূহের অনুসরণ না করিয়াকল্পনা-প্রভাবে ব্রহ্মসূত্রের ভাষ্য রচনা করিয়াছেন। কিন্তু পূর্ণপ্রজ্ঞ বেদান্ত-পূত্রের ভাষ্যে ব্যক্তিগত কোন মতের কল্পনা করেন নাই। তিনি ব্যাসক্বত প্রত্যেক স্ত্রকে ব্যাদের বাক্য-সমূহের দারাই স্পষ্টরূপে ব্যাখ্যা করিয়াছেন—ইহা যে কেহ শ্রীসধ্বরচিত বেদান্ত-ভাষ্য আলোচনা করিলেই উপলব্ধি করিতে পারিবেন ৷ আচার্য্য শঙ্কর 'তর্মসি' প্রভৃতি চারিটি শ্রুতি-মন্ত্রকে 'মহাবাক্য' বলিয়াছেন; কিন্তু শ্রীমন্মধ্বাচার্য্য বেদের এক দেশের কোন শ্রতিকে বাছিয়া লইয়া ঐসকলকে 'মহাবাক্য' বলিবার প্রযত্ন করেন নাই। তিনি একমাত্র প্রণবকেই সার্ব্যদেশিক-মহাবাক্যরূপে গ্রহণ করিয়াছেন এবং তং-প্রমাণ-স্বরূপ প্রত্যেক ব্রহ্মস্থত্তের আদিতে ও অন্তে প্রণবের উল্লেখ করিয়াছেন।

সম্বক্ষান ও ভক্তি-প্রতিপাদক তথা প্রতি হত্ত ব্যাখ্যায় উত্তম প্রভিষেত্র-বিষয়ের সমর্থক বেদবাক্যযুক্ত শ্বতিবাক্যরাশিদারা শ্রীপূর্ণপ্রজ্ঞ তাহার ব্রহ্মহত্রভাষ্য প্রণয়ন করিতে আরম্ভ করিলেন। এই ভাষ্যে একবিংশতি প্রকার কুভাষ্যের নিরসন হইয়াছে। ইহাতে স্বকপোল-কল্লিত কোন মতবাদ নাই। সমস্ত হত্তই শ্রীব্যাসের বাক্য দারা ব্যাখ্যাত হইয়াছে। ইহা সম্পূর্ণ নির্দোষ ও শ্রেষ্ঠ দেবগণের ও মাননীয়।

অষ্টাদশ অধ্যায়—ভাষ্য-প্রণয়ন

বন্ধস্ত্রের একটিমাত্র বর্ণ লিপিবদ্ধ করিলেও পতিতপাবনী ভাগীরথীর তটে স্থরমা শ্রীহরিমন্দির স্থাপনের ফল লাভ হয় বলিয়া শাস্ত্রে ফলশ্রুতি শুনিতে পাওয়া যায়। কিন্তু শ্রীগুরু-বৈশ্বরের শ্রীমুখ-শ্রীগুরুদেবের শ্রুতলিপি নিঃস্ত শ্রুতির শ্রুতলিপি উপলব্ধি করিয়া তাহা লিখিবার ফলশ্রুতি লিপিবদ্ধ করিলে যে কল্যাণ লাভ হয়, তাহার প্রশস্তি বন্ধাদি দেবতাও কীর্ত্তন করিয়া শেষ করিতে পারেন না। বেদ্ব্যাস যখন মহাভারত রচনা করেন, তখন একমাত্র গণেশই ব্যাসের সমস্ত সিদ্ধান্ত উপলব্ধি করিয়া ব্যাসের শ্রুতলিপি লিখিয়াছিলেন। তদ্রপ শ্রীমন্ধবাচার্য্য যখন ব্রহ্মস্ত্রের ভাষ্য-রচনায় প্রবৃত্ত হইলেন, তখন মহাত্মা সত্যতীর্থ শ্রীগুরুদেবের শ্রুতলিপির সমগ্র অংশ লিখিয়াছিলেন।

শীমন্মধ্বাচার্য্য শীনারায়ণের আদেশ-পালনের জন্ত অনুচরগণের সহিত অনস্তমঠ হইতে বহির্গত হইয়া বহু স্থান পর্যাটন-পূর্ব্বক গোদাবরীর তীরে উপস্থিত ইইলেন। এই স্থানে বেদের অষ্টাদশ-শোভন ভট্ট কর্তৃক শাথায় অভিজ্ঞ কতিপয় দিগ্লিজয়ী পণ্ডিত মধ্বা-চার্য্যকে পরীক্ষা করিবার জন্তু শ্রুতিবাক্য-সমূহ উত্থাপন করিলেন। শ্রীমধ্ব অনায়াসে ঐ সকল প্রশ্নের মীমাংসা ক্রিয়া ভাট্ট প্রভৃতি ছয় প্রকার সিদ্ধান্তকে খণ্ডন করিলেন। ঐ সভায় নিখিল-বেদ-সিদ্ধান্তে অভিজ্ঞ শোভনভট্ট নামে এক পণ্ডিত উপস্থিত ছিলেন। তিনি শ্রীমন্মধ্বাচার্য্যের নিকট তাহার ব্রহ্মস্থ্র-ভাষ্য শ্রবণ করিলেন। শোভনভট্ট পণ্ডিত-সভায় সকলকে বলিলেন,—শ্রীমধ্ব-রচিত ভাষ্যটি যেন দক্ষিণাবর্ত্ত-শঙ্খ। যাহারা চূণ-ব্যবসায়ী, তাহারা চূণ প্রস্তুত করিবার জন্তু বহুপ্রকার শঙ্খ আহরণ করিয়া থাকে। যদি দৈবাৎ তাহাদের ভাগ্যে দক্ষিণাবর্ত্ত-শঙ্খ লাভ হয় এবং তাহারা ঐ

বৈঞ্বাচার্য্য মধ্ব

শঙ্খের মহন্ত্ব না জানিয়া উহাকে চূর্ণ করিতে অসমর্থ হইয়া অপ্রয়োজনীয় শঙ্খ বলিয়া পরিত্যাগ করে, তবে যেরপ তাহাদের তুর্ভাগ্যের সীমা নাই প্রমাণিত হয়, তদ্রপ স্বত্র্লভ অথচ ভাগ্যবশতঃ প্রাপ্ত শ্রীমধ্ব-ভাষ্যকে যাহারা অপ্রয়োজনীয়-জ্ঞানে পরিত্যাগ করে, তাহাদের মতও তুর্ভাগাকে নাই।"

মধ্বাচায়া রক্তপীঠপুরে প্রত্যাবর্ত্তনের পথে নানা-স্থানে নানাপ্রকার অভূত-বিক্রম ও ঐশ্বরা প্রকাশ করিয়া অনস্থেশরের সমীপে উপস্থিত হইলেন।

শ্রীমধ্ব অচ্যুতপ্রেক্ষের নিকট উপস্থিত হইয়া গুরুদেবের শ্রীচরণ বন্দন করিলেন। অচ্যুতপ্রেক্ষ মধ্বাচার্য্যের রজতপীঠপুরে আগমনের পূর্ব্বেই

তংপ্রেরিত বেদান্ত-ভাষ্য দর্শন করিয়াছিলেন।

শ্বীনধাকর্ত্ব অচ্যুতঅচ্যুতপ্রেক্ষ বেদান্ত-ভাষ্যের মায়াবাদ-সিদ্ধান্তে
সমীপে স্বকৃত ভাষ্যবৈশিষ্ট্য বর্ণন
ভাবযুক্ত ছিলেন। যদিও অচ্যুতপ্রেক্ষ সভাবতঃ সদ্ভাবযুক্ত ছিলেন, কিন্তু কুসিদ্ধান্তের দারা তাঁহার

হানয় কাল-বশে আচ্চন্ন হইয়াছিল। অচ্যুতপ্রেক্ষের নিকট পূর্ণপ্রজ্ঞ নিজ-কৃত ভাষোর বৈশিষ্ট্য ও গুণাবলী বর্ণন করিলেন।

এগানে সন্দেহ হইতে পারে যে, অচ্যুতপ্রেক্ষ—গুরুদেব, আর পূর্ণপ্রজ্ঞ
—শিষা; এনতাবস্থায় পূর্ণপ্রজ্ঞ গুরুদেবের কুসিদ্ধান্ত কিরূপেই বা প্রদর্শন
করেন ? আর মায়াবাদী ও কুসিদ্ধান্তগ্রন্ত ব্যক্তি কিরূপেই বা মধ্বাচায্যের
আয় সচ্ছিয়ের গুরুদেব হইতে পারেন ? মায়াবাদী কখনও গুরুপদ্বাচা
নহে,—ইহাই বৈষ্ণব-শাস্থের সিদ্ধান্ত। বৈষ্ণব-শ্বৃতিশান্ত বলিয়াছেন—

মহাকুলপ্রস্থতোহপি সর্ববজ্ঞেষ্ দীক্ষিতঃ! সহস্রশাখাধাায়ী চ ন গুরুঃ স্থাদবৈষ্ণবঃ॥

অফাদশ অধ্যায়-ভাষ্য-প্রণয়ন

শ্রীমন্মধ্বাচায়োর স্থায় জগদ্গুরু আচার্যাগণ এক লীলায় "পাঁচ সাভ লীলা'' করিয়া থাকেন। তাঁহারা গুরু-পারস্পর্য্যের নিত্যত্ব-সংস্থাপন-কল্পে লোকোত্তর আচার্য্যগণ শিয়োপম ব্যক্তিকেও গুরুর সমান প্রদান করিয়া তাঁহাদের মঙ্গল বিধান করেন। শ্রীমন্মহাপ্রভু ব্রহ্মা-কর্তৃক শিশুস্থানীয়-নন্দ ভারতীকে গুরুর সন্মান প্রদর্শন করিয়াও গণকে 'গুরু'রূপে वत्रग-मीनात তাহার মুগচর্ম-ব্যবহার পরিত্যাগ করাইয়াছিলেন। তাৎপর্যা বর্ত্তমান যুগের শুদ্ধভক্তিস্রোতঃ পুনঃপ্রবাহের মূল পুরুষ তাঁহার শিশ্য-নামের অযোগ্য স্মার্ত্ত লৌকিক গোস্বামি-নামধারী কোন ব্যক্তিকে গুরুর সম্মান প্রদর্শন করিয়াও তাঁহার মঙ্গলের চেষ্টা করিয়াছিলেন। বৈষ্ণবসার্বভৌম শ্রীল জগন্নাথ, শ্রীল গৌরকিশোর প্রভু প্রমূখ নিতাসিদ্ধ ভগবৎপার্যদগণের চরিত্রেও অনর্থগ্রস্ত জীবকে পাঞ্চরাত্রিক গুরুর সম্মান প্রদর্শন-পূর্ব্বক তাঁহাদের মঙ্গল-বিধান করিবার আদর্শ দেখিতে পাওয়া গিয়াছে।

শ্রীমন্মহাপ্রভু যেরূপ ব্রহ্মানন্দ ভারতীর মায়াবাদ-সিদ্ধান্ত-নিরাস, ঠাকুর ভক্তিবিনোদ যেরপ কোন লৌকিক গোস্বামীর কর্মজড়-সিদ্ধান্ত নিরাস করিয়া তাঁহাদিগের নিকট স্থসিদ্ধান্ত কীর্ত্তন শ্রীগোরহন্দর ও ঠাকুর করিয়াছিলেন, সেইরূপ ব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়ের শ্রীল ভক্তিবিনোদের শ্রীমন্মধ্বাচার্যাও পূর্বব গুরুদেব অচ্যতপ্রেক্ষের আদর্শের দ্বারা মায়াবাদ-সিদ্ধান্ত নিরাস করিয়া নিজ-কৃত ভাষ্যের শ্রীমধ্বাচরণ-তাৎপৰ্য্য-ভক্তিসিদ্ধান্ত বর্ণন করিয়াছিলেন। পূর্ণপ্রজ্ঞ স্বযুক্তি-- ব্যাখ্যা পূর্ণ নানা বাক্যের দারা অচ্যুতপ্রেক্ষকে পুনঃ পুনঃ তাঁহার রচিত ভাষ্মের সিদ্ধান্ত বুঝাইবার চেষ্টা করিলেন; কিন্তু অচ্যুত-প্রেক্ষ মায়াবাদ-সিদ্ধান্তেই স্থদৃঢ়ভাবে অবস্থান করিতেছেন দেখিয়া

বৈষ্ণবাচার্য্য মধ্ব

সদ্বৈত্যের ন্যায় স্থাসিদ্ধান্তে অচ্যুতপ্রেক্ষের হাদ্গত অকচির মূল কারণ বিশেষভাবে চিস্তা করিতে লাগিলেন। শ্রীমমধ্বাচার্য্য মায়াবাদ-সিদ্ধান্ত-সমূহ স্থান্ট যুক্তিরূপাণের দারা ছেদন করিলেন এবং অচ্যুতপ্রেক্ষের হাদর হইতে কলি-প্রভাবজাত মায়াবাদ-সিদ্ধান্তসমূহ বিদ্রিত করিলেন। বস্তুতঃ শ্রীমমধ্বাচায্যই হইলেন—গুরুদেব, আর অচ্যুতপ্রেক্ষ হইলেন—শিষ্য; কারণ, যিনি ভক্তিসিদ্ধান্ত শিক্ষা দেন, তিনিই আচার্য্য ও গুরুদেব। মধ্ব-সম্প্রদায়ের প্রাচীন মনীযিগণ বলিয়াছেন বে, পিপাসাতুর ব্যক্তি তাৎকালিক স্থলভ লবণাক্ত জল পান করিয়া পরে যেরপ পুনঃ পুনঃ স্থামিষ্ট জলপানে আনন্দ লাভ করে, সেইরূপ অচ্যুতপ্রেক্ষও মোহ-বশতঃ প্রথমে মায়াবাদীর সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন; কারণ, তৎকালে উহাই স্থলভ ছিল, আর গুদ্ধভক্তি-সিদ্ধান্তে ছর্ভিক্ষ উপস্থিত হইয়াছিল। পরে যথন লোক-মঙ্গলের জন্ম শ্রীমন্মধ্বাচান্য তাহার ভাষ্য-সমূহ প্রচার করিলেন, তথন অন্যুতপ্রেক্ষ সেই ভাষ্য-ভাগীরথীর সিদ্ধান্তামৃত-পানে নিত্যজ্ঞীবন লাভ করিলেন।

অচ্যতপ্রেক্ষ শ্রীমন্মধাচার্য্যের সিদ্ধান্তে এরপ অভিনিবিষ্ট ইইয়াছিলেন যে, তিনি প্রভাহ ব্রহ্মন্ত্রভাষ্য পাঠ সমাপ্ত না করিয়া
ভগবৎপ্রসাদ স্বীকার করিতেন না। কোন সময়
সচ্যতপ্রেক্ষাচার্য্যের কলামাত্র দাদশী-তিথি অবশিষ্ট থাকায় শ্রীমন্মধ্বকৃত
নিত্য শ্রীমধ্বভাষ্য স্ত্রভাষ্য-পাঠ ব্যতীতই তিথি-সম্মানার্থ প্রসাদ সেবন
পারায়ণ করিতে বাধ্য হইতে হইবে বলিয়া অচ্যতপ্রেক্ষাচার্য্য
সত্যন্ত ব্যথিত হন; কারণ, বিস্তৃত স্ত্রভাষ্য-পাঠ ঐ অল্প সময়ে সমাপ্ত
করা অসম্ভব। এই কথা জানিতে পারিয়া শ্রীমন্মধ্বাচার্য্য ব্রহ্মস্ত্রের
অতি সংক্ষিপ্ত ভাষ্য 'অণুভাষ্যন্' নামে রচনা করিয়া অচ্যতপ্রেক্ষাচার্য্যকে

অষ্টাদশ অধ্যায়—ভাষ্য-প্রণয়ন

প্রদান করেন। তাহা পাঠ করিয়া অচ্যুতপ্রেক্ষাচার্য্য দাদশী তিথির যথাশাস্ত্র সম্মান করিতে পারিয়াছিলেন।

শ্রীমন্ধবাচার্য তিনটী ব্রন্ধস্ত্রভাষা রচনা করিয়াছেন—(১)
শ্রীমদ্ ব্রন্ধস্ত্রভাষাম্ বা স্থ্রভাষাম্,—এই ভাষাটী সর্ব্বাপেক্ষা রহং।
ইহাতে আধুনিক শ্রেষ্ঠ বিদ্ধনাণ্ডলীর অপরিচিত অসংখ্য শ্রুতি, খৃতি,
পুরাণ ও পঞ্চরাত্রাদির প্রমাণ দ্বারা ব্যাসের সমস্ত বাকাই যে একস্ত্রে
গ্রথিত ও শুদ্ধবৈত-তাৎপর্যাপর, তাহা শ্রীমন্ধবাচার্য্য প্রদর্শন করিয়া
স্বীয় অভ্তপূর্ব্ব অদিতীয় ব্যাসাম্পত্য প্রকাশ করিয়াছেন। ইহাতে
অন্ত মতের স্পষ্ট খণ্ডন নাই; কেবল শ্রুতি, শৃতি প্রভৃতি প্রমাণের দ্বারা
সিদ্ধান্ত ও সঙ্গতি প্রদর্শিত হইয়াছে।

- (২) অন্নব্যাখ্যানম্ বা অন্নভাষ্যম্—ইহা শ্লোকাকারে রচিত। ইহাতে শ্রীমন্মধাচার্যা তাঁহার পূর্ব্ববর্তী বিভিন্ন মতবাদাচার্য্যের সমস্ত মতবাদ খণ্ডন করিয়া স্থ-মত স্থাপন করিয়াছেন।
- (৩) অণুভাষাম্—চতুরাধাায়াত্মক ব্রহ্মস্ত্রের প্রত্যেক অধিকরণের তাৎপর্যা ইহাতে শ্লোকাকারে অতি সংক্ষেপে গুদ্দিত হইয়াছে। এই অণুভাষ্যম্ই অচ্যতপ্রেক্ষ প্রত্যহ পারায়ণ করিতেন।
- জ্যেষ্ঠ ও অচ্যুতপ্রেক্ষ—এই যতিদ্বয় শ্রীমন্মধনাচার্য্য-রুত ভাষ্যের শ্রোত-স্থানিদ্ধান্ত জগতে প্রচার করিয়া সজ্জনগণের আনন্দ বর্দ্ধন করিলেন। পূর্ণপ্রজ্ঞ অধিকারি-ব্যক্তিগণকে তাঁহাদের ভুজদ্বয়ে স্থান্দিচক্র অন্ধিত করিয়া দীক্ষা-প্রদান ও স্ব্রভাষ্যের স্থান্দিন অর্থাৎ স্থানিদ্ধান্ত উপদেশ করিয়া দিতীয় প্রকার স্থান্দিনচক্র প্রদান করিয়াছিলেন

ঊনবিংশ অধ্যায়

নত্তক-গোপাল

উড়্পী হইতে সপ্তকোশ দক্ষিণে অদমার গ্রামের অন্তঃপাতী যরমল্দেশন্ত জানৈক নাবিক তাঁহার নৌকা-মধ্যে বিপণিদামগ্রী লইয়া দারকায় গমন করেন। নাবিকের সমস্ত পণ্যদ্রব্য শ্রীমধ্বাচার্য্যের নর্ত্তক-দারকায় নিঃশেষিতভাবে বিক্রীত হইয়া গোপাল প্রাপ্তি গৃহাভিমুখে প্রত্যাবর্ত্তনকালে ঐ বণিক্ সীয় শৃগ্ত নৌকায় কিঞ্চিৎ ভার গ্রস্ত করিবার উদ্দেশ্যে দারকাস্থিত গোপীসরোবর-তট হইতে কয়েকটি বৃহৎ গোপীচন্দন-খণ্ড সংগ্রহ-পূর্বক স্থাপন করেন। সমুদ্রপথে তাঁহার নৌকা মাল্পী-বন্দরের নিকট একটি চরায় ঠেকিয়া যায়। শত চেষ্টায়ও নৌকা কিঞ্চিন্মাত্রও বিচলিত হইতেছে না দেখিয়া নাবিক অত্যন্ত হতাশ হইয়া পড়েন। এমন সময়ে সমুদ্রের উপকূলে একজন জ্যোতিশ্বয়-দর্শন পরমবলী সন্ন্যাসীকে ভগবচ্চিস্তায় নিমগ্ন দেখিতে পাইয়া নাবিক নৌকা হইতেই সেই সন্ন্যাসীর নিকট সীয় অবস্থা জ্ঞাপন করেন। এই সন্ন্যাসীই শ্রীমন্মধাচার্য্য। তিনি সমুদ্রে স্নানাদি সমাপণ করিয়া ভগবানের নাম-কীর্ত্তনে নিমগ্ন ছিলেন। নাবিকের উচ্চ আহ্বান-শ্রবণে নাবিকের তাৎকালিক অবস্থা জানিতে পারিয়া মুদ্রাপ্রদর্শন-পূর্বক (মতান্তরে বন্ত্র-সঞ্চালন-পূর্বক) শ্রীমধ্বাচার্য্য উক্ত নৌকাকে চালিত করেন। নাবিক সন্নাসীর এই প্রকার অদ্ভুত শক্তি-দর্শনে আশ্চর্যান্থিত ও পরম উপকৃত হইয়া তাঁহাকে কিঞ্চিৎ



. श्रीमध्वाहाट्यांत्र जित्र श्रीवालर्गाभान

উপহার প্রদান করিতে ইচ্ছা করিলে মধ্বাচার্য্য নাবিকের প্রার্থনা অঙ্গীকার করিয়া একখণ্ড গোপীচন্দন-মাত্র গ্রহণ করেন। সেই গোপীচলন ভগ্ন হইবামাত্র তক্মধ্য হইতে এক অপূর্ব্ব-দর্শন শ্রীকৃষ্ণমূর্ত্তি স্বয়ং প্রকটিত হন। শ্রীমন্মধ্বাচার্যা সেই শালগ্রামশিলাম্য্রী প্রতিমা লইয়া উড়্পী-অভিমূখে যাত্রা করেন। পথিমধ্যে কতিপয় মধুর স্থোত্র রচনা করিয়া তদ্বারা শ্রীক্লফ্ণ-মৃত্তির বন্দনা করেন। শ্রীমধ্বাচার্যা-রচিত সেই সকল স্তবগুচ্ছই 'শ্ৰীমদ্ দাদশ-স্তোত্ৰম্' নামে খ্যাত। * যে-স্থানে শ্রীকৃষ্ণমূত্তি প্রকটিত হইয়াছিলেন, সেই স্থানটী 'শ্ৰীমদ্দাদশ-স্তোত্ৰস্' পরবর্ত্তিকালে 'বড়ভণ্ডেশ্বর' নামে প্রসিদ্ধি করিয়াছে। অধুনা এই স্থানে 'বড়ভণ্ডেগর' নামক বিষ্ণুমূত্তি বিরাজিত আছেন। 'বড়ভণ্ড' শৃন্ধটী কর্ণাটক-ভাষাজাত। ('বড়'—ভিন্ন, 'ভণ্ড' —পিও অর্থাৎ চন্দনপিওভঙ্গ-স্থল)। শ্রীমন্মধাচার্য্য এই গোপী-চন্দনালিপ্ত শ্রীমৃত্তিকে উড়পীতে আনয়ন করিয়া উড়পীস্থ বৃহৎ সরোবরে শ্রীমূর্তির শ্রীঅঙ্গ সম্মার্জন করেন। শ্রীমধ্বাচার্যাবির্ভাবের পর হইতে উক্ত দীর্ঘিকা "মধ্বসরোবর" নামে প্রসিদ্ধ হইয়াছে।

"শীরুষ্ণ-মন্দিরে" শীমমাধাচার্যা-প্রাপ্ত শীবালগোপাল শীমূর্ত্তি বিরাজিত। গোপালের দক্ষিণ হস্তে দ্বিমন্থন-দণ্ড ও অপর হস্তে মন্থন-দণ্ডস্ত্র। শীমূর্ত্তির কমনীয়ত্ব বিশেষ চিত্তাকর্ষক। শীচৈতভাদেব উড়ুপীতে পদার্পণ করিয়া এই শীরুষ্ণমৃত্তি দর্শন ও এই স্থানে প্রেমাবেশে মৃত্য-গীত-সন্ধীর্ত্তন-লীলা প্রকাশ করিয়াছিলেন। শীল কবিরাজ গোস্বামি-প্রভূ এইরূপ বর্ণন করিয়াছেন, —

* এই গ্রন্থের পরিশিষ্টে সামুবাদ 'শ্রীমদ্ দাদশ-স্থোত্তম্' প্রকাশিত হইল।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

উড়্পীতে শ্রীচেতন্মের নর্ভকগোপাল দর্শন "মধ্বাচার্য্য স্থানে আইলা যাই। 'তত্ত্বাদী'।
উড়ুপীতে 'কৃষ্ণ' দেখি' তাহা হৈল প্রেমাস্বাদী॥
'নর্ত্তক গোপাল' দেখে পরম-মোহনে।
মধ্বাচার্য্য স্বপ্প দিয়া আইলা তার স্থানে॥
গোপীচন্দন-তলে আছিল ডিঙ্গাতে।
মধ্বাচার্য্য-ঠাঞি আইলা কোনমতে॥
মধ্বাচার্য্য আনি' তারে করিলা স্থাপন।
অভাবধি সেবা করে তত্ত্বাদিগণ॥
কৃষ্ণমূর্ত্তি দেখি' প্রভু মহাস্থ্য পাইল।
প্রেমাবেশে বহুত নৃত্য-গীত কৈল॥'

(চৈঃ চঃ ম হা২৪৫-২৪৯)

এই শ্রীমূর্ত্তির সেবা শ্রীমন্মধ্বাচার্য্য তাহার আটজন সন্ন্যাসি-শিষ্যের উপর অন্ত করিয়াছিলেন। মধ্বাত্বগত সন্ন্যাসী ব্যতীত অপর কাহারও এই শ্রীমৃত্তির সেবায় অধিকার নাই! পূর্বকালে ছইমাস অন্তর এক একজন সন্ন্যাসীর সেবাকাল নির্দ্ধারিত ছিল। 'সোদে'-মঠন্ত আচার্য্য-পরম্পরায় পঞ্চনশ অধন্তন শ্রীমদ্বাদিরাজ স্বামীর সময় হইতে ছই বর্বকাল প্রত্যেকের সেবার পালা নির্দ্ধারিত হইয়াছে। অতাপি সেই নিয়ম তথায় বর্ত্তমান। শ্রীকৃষ্ণমন্দির-চন্তরের বহির্দ্দেশে পশ্চমোত্তরদিকে মৃথ্যপ্রাণ বা শ্রীমদ্ হত্তমন্থিতহের পূজা হয়। শ্রীকৃষ্ণ-মৃত্তির দক্ষিণ-পশ্চিমে মৃথ্য-প্রাণের মন্দিরের সন্মূথে শ্রীগক্তমূর্ত্তি বিরাজমান। শ্রীকৃষ্ণ-মন্দিরের দারদেশে শ্রীমন্মধ্বাচার্য্যের মূর্ত্তি বিরাজমান। শ্রীকৃষ্ণ-মন্দিরের দারদেশে শ্রীমন্মধ্বাচার্য্যের মূর্ত্তি বিরাজমান। এই শ্রীমূর্ত্তি শ্রীবাদিরাজস্বামিকর্তৃক

উনবিংশ অধ্যায়—শ্রীনর্ত্তক গোপাল

স্থাপিত হয়। শ্রীবাদিরাজস্বামী মধ্ব-সম্প্রদায়ের 'দ্বিতীয় মধ্বাচার্য্য' বলিয়া কথিত হন। শ্রীকৃষ্ণ-মন্দিরের পশ্চিমদিকে ব্রাহ্মণেতর কুলজাত 'কনকদাস' নামক এক দাসকৃটস্থ মাধ্ব-ভাগবতের শ্রীমূর্ত্তির দর্শনের উদ্দেশ্যে দ্রষ্ট্ -সাধারণের জন্ম শ্রীমন্দিরের একটি গবাক্ষ উন্মুক্ত वानिदालकाभी अ আছে। দূরে ঐকনকদাসের একটি গৃহও বর্তমান কনকদাদ রহিয়াছে। অধুনা এই স্থানে বেদাস্তাদি শাস্ত্রের মধ্যাপন। হইয়া থাকে। কণ্ণড় ভাষায় শ্রীকনকদাস-রচিত বহু স্থললিত পগুগ্রন্থ বিরাজিত আছে। তাঁহার রচিত 'হরিভক্তিসার' নামক গ্রন্থটি মধ্ব-সম্প্রদায়ে হিশেষ প্রসিদ্ধি লাভ করিয়াছে। শ্রীরুষ্ণ-মন্দিরের একদিকে গোশালা। কিয়দূরে কতিপয় মাধ্ব-সন্ন্যাসীর সমাধি বর্ত্তমান। উড়ুপীক্ষেত্র হইতে কএক ক্রোশ ব্যবধানে আটাট মঠ বিভিন্ন স্থানে অবস্থিত। সেই অষ্ট মঠের প্রতিভূহত্তে উড়ুপীক্ষেত্রে অনস্থের ও চক্রমৌলীশ্বরের শ্রীমন্দিরের চভুষ্পার্শে আটটি মঠ অবস্থিত। মূলগ্রামী মঠের নামান্ত্রসারে এই শ্রন্থ মঠের নাম হইয়াছে। মাধ্ব-সম্প্রদায়িগণ বলেন যে, মধ্বাচার্য্যের সময় মধ্ব-শিশ্য আটজন সন্ন্যাসী শ্রীকৃষ্ণমন্দিরে একত্র বাস করিতেন। পরবর্ত্তিকালে এই আটজন সর্গাসী বিভিন্ন স্থানে আটটি মঠ স্থাপন করেন। এই আটটি মঠ একিক্সেনির হইতে পৃথক্। পালাক্রমে এই মঠাদীশ সন্যাসিগণই অধুনা শ্রীক্লফের সেবা করিয়া থাকেন। এই আটটি মঠ আবার ছইটি ছইটি করিয়া 'দ্বন্দ-মঠ' নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। এই দক্ত-মঠের অন্তত্তর মঠের সেবক অর্চনাদি সেবাকার্য্যে অক্তমঠের সেবকের সহযোগী। দ্বন্দ্ব-মঠাধীশ কোনও সন্ন্যাসী যদি শিষ্য না করিয়াই অপ্রকট হন, তাহ। হইলে দ্বন্ধ-মঠের অন্তত্তর মঠের মঠাধীশ নিজ-শিয়াকে সেই মঠের অধিকারী করিতে

পারেন। কথিত হয় যে, কথতীর্থে শ্রীমন্মধ্বাচার্য্য তাঁহার আর্টজন শিশ্বকে সমকালে সন্ন্যাস প্রদান করেন। সন্ন্যাস-মন্ত্রোপদেশ-প্রদানের পর সন্ন্যাস-বেদিকার চতুদ্দিক্ হইতে এই আর্টজন সন্ন্যাসী হই-হই জন করিয়া চারিভাগে বিভক্ত হইয়া বহির্গত হন। তাঁহারাই পরবর্ত্তিকালে দ্বন্থ-মঠাধিকারী হন।

শ্রীরুষ্ণমূর্ত্তির প্রত্যহ নববিধা পূজার ব্যবস্থ। আছে। শ্রীরুষ্ণের নিত্যপূজা-ক্রম, যথা---

প্ৰাত্যহিক নৰবিধা পূজা	(১) নির্মাল্য-বিসর্জন-পূজা—	পূৰ্কাহ	ए श	টকায়
	(২) উষঃকাল-পূজ।	29	৬	35
	(৩) পঞ্চামৃত পূজা ও অভিষেক	37	ь	99
	(৪) উদ্বৰ্তন-পূজ।	23	۾	27
	(c) তীৰ্থপূজা ও মহাকলসাভিষেক	37	> 0	77
	(৬) অলক্ষার-পূজ।	<i>3</i> >	>>	92
	(৭) অবসর-পূজ্৷	" >	2-00	99
	(৮) মহাপূজা অপরাহ্ন	> 2-9	৽ হই	ार्वर ङः
	(৯) রাত্রি-পূজ।	ায়াহ্ন	b-0	े हैं।

এই নববিধা পূজা ব্যতীত মধ্যে মধ্যে উবংকাল-পূজার পর গো-গূজা, উবর্ত্তন-পূজার পর শ্রীনবনীত-পূজা, তদনন্তর স্থবর্ণকলস-পূজা, সায়াহে চামরসেবা প্রভৃতি পঞ্চপূজা হইয়া থাকে।

বিংশ অধ্যায়

আচার্য্যের ঐশ্বর্য্য-প্রকাশ-লীলা

প্রকাণ ঈশ্বরদেব-নামক জনৈক ভূপতি একটি সরোবর থনন করাইবার ইচ্ছা করিয়াছিলেন। তিনি রাজ্য-মধ্যে ঘোষণা করিলেন যে, প্রত্যেক পথিককে কোন নির্দিষ্ট পথ দিয়া যাতায়াতের সময় ঐ সরোবর খনন করিয়া যাইতে হইবে। পথিকগণের শ্রমফলেই অর্থাৎ নিজের কোন অর্থ ব্যয় না করিয়া একটি স্থবৃহৎ সরোবর খনন-পূর্ব্বক আত্মমহত্ব-প্রচারই ঐ নূপতির উদ্দেশ্য ছিল।

সেই সময় পরিরাজকাচার্য্যবর্য শ্রীমধ্ব তাঁহার বাণী-প্রচারার্থ দেশান্তরে গমনকালে সেইপথ অতিক্রম করিতেছিলেন। পূর্ব্বক্থিত নরপতি অন্তান্ত পথিকগণের ন্যায় শ্রীমধ্বচার্য্যকেও রাজাজা সমরদেবের শ্রীমধ্বকে স্বঃওে পালন করিতে বলিলেন। তহুত্তরে মধ্বচার্য্য সল্পূর্ণ ক্রিটিজ্ঞ; তবে যদি রাজা তাঁহাকে নিজহস্তে খনন-প্রণালী একবার নিখাইয়া দেন, তাহা হইলেই তিনি অতি দ্রুত্তবেগে একাকীই ঐ সরোবর খনন করিয়া দিতে পারিবেন। রাজা ঈশ্বরদেব শ্রীমধ্বকে খনন-প্রণালী শক্ষা দিবার জন্ত স্বয়ং খনন আরম্ভ করিলেন। কিন্তু বায়র অবতাব শ্রীমধ্বদেব এমন এক ঐশ্ব্যা প্রকাশ করিলেন যে, ঈশ্বরদেব ক্রমাগত খননই করিতে থাকিলেন, আর কিছুতেই তাহা হইতে বিরত হইতে পারিলেন না।

বৈক্ষবাচার্য্য মধ্ব

গুরু, বৈষ্ণব ও ভগবান্—ইহাদিগকে যদি রাজা তাঁহার অধীন প্রজাশ্রেণীর অন্তর্গত বিবেচনা করেন, তাহা হইলে তাঁহাদের চরণে অপরাধ উপস্থিত হয় এবং তংফলে এই কর্মময় সংসারে পরিভ্রমণ করিতে হয়। এইজন্ত পূথু মহারাজ সপ্রদীপবতী পৃথিবীর দণ্ডমুণ্ড-বিধাতা একছত্র সমাট্ হইয়াও ঋষিকুল ব্রাহ্মণ ও অচ্যুতগোত্রীয় বৈষ্ণবগণক কথনও নিজদণ্ডার্হ প্রজা বিদার বিচার করেন নাই। বৈষ্ণবগণ সর্ব্বাতম্ব্র-শ্বতম্ব।

সর্বব্যাধানতাদেশঃ সপ্তদীপৈকদ গুধৃক্। অন্তব্যাধানকুলাদন্তবাচ্যুতগোত্রতঃ॥

(७।: ४।२)।>२)

পৃথু মহারাজ সপ্তধীপবতী পৃথীর একচ্ছত্র দণ্ডমুগুবিধাতা সমাট্ ছিলেন। তাঁহার আজা সর্বত্রই অপ্রতিহতা ছিল; – কেবলমাত্র শ্বিকুল-ব্রান্ধণ ও অচ্যুতগোত্রীয় বৈষ্ণবগণের উপরই তিনি কোন আধিপতা বিস্তার করেন নাই।

দৈত্যরাজ হিরণ্যকশিপু বৈষ্ণবপ্রবর প্রহলাদকে নিজপুত্র বা প্রজা জ্ঞান করিয়া তাঁহার উপর শত শত অত্যাচার করিয়াও কিছুই করিতে পারে নাই।
শ্রীমন্মহাপ্রভুর সময়ও নবদীপস্থ কতিপয় 'পাষণ্ডী আচার্য্য বা লোকোত্তর পুরুষগণ হিন্দু' নিমাই পণ্ডিতকে কাজির দণ্ডাধীন প্রজা বিচারে নিমাইকে নুতন ধর্মমত-প্রচারক ও নাগরিকগণের শান্তিভঙ্গকারী বলিয়া তদ্বিক্ষকে কাজির নিকট অভিযোগ আনয়ন করিয়াছিল। তদানীস্তন কাজি নামাচার্য্য ঠাকুর হরিদাসকে তাঁহার আজ্ঞাধীন প্রজা কল্পনা করিয়া ঠাকুরকে বাইশ বাজারে বেত্রাঘাতের আদেশ প্রদান করিয়াছিলেন। গৌড়েশ্বর হুসেনশাহ শ্রীচৈতত্যকে গৌড়দেশের জনৈক প্রজা (?) মনে করিয়া শ্রীচৈতত্যের

বিংশ অধ্যায় —আচার্য্যের ঐশ্বর্য্য-প্রকাশ-লীলা

পশ্চাৎ পশ্চাৎ বহুলোককে রাজ্যৈষর্য্য পরিত্যাগ পূর্বক ধাবিত হইতে দেখিয়া আশ্চর্যান্নিত হইয়াছিলেন।

আচার্য্য ব। বৈষ্ণবগণ পার্থিব রাজা বা সার্কভৌম সমাট্—কাহারও অধীন নহেন। তাঁহারা একমাত্র সর্কেশ্বরেশ্বরে নিত্য আশ্রিত, অতএব তাঁহারা সর্কজগংপূজ্য।

একদা শ্রীমন্মধ্বাচার্য্য তাঁহার প্রিয় শিশ্যগণকে সঙ্গে লইয়া উত্তর দিকে গমন করিতে করিতে গঙ্গার তীরে উপস্থিত হইলেন। তথন শক্রভয়ে গঙ্গার তটে একথানিও নৌকা ছিল না। শ্রীমন্মধ্বাচার্য্য সকলের

বিনা জলযানে সশিষ্য শ্রীমধ্বের বিপংসঙ্কুল গঙ্গা-উত্তরণ অগ্রণীরূপে অবস্থান করিলেন, আর তাঁহার পশ্চাৎ পশ্চাৎ শিষ্যগণ ক্রমশঃ পূর্ব্বপূর্ববর্ত্তী ব্যক্তিকে আশ্রয় করিয়া, পূর্ব্ব পূর্ব্ব মহাজন-গণের আশ্রয়ে যেরূপ পরবর্ত্তী লোকসকল

সংসার-সমুদ্র উত্তীর্ণ হয়, সেইরূপ মধ্বাচার্য্যের আদেশে নদী উত্তীর্ণ হইয়া গেলেন। বহুলোক তাঁহাদিগকে উক্ত নদীর গভীরতা ও নানাবিপৎ-সঙ্গুলতার কথা বলিয়া ঐ নদী অতিক্রম করিতে নিষেধ করিয়াছিলেন; কিন্তু শ্রীমন্মধ্বাচার্য তাঁহাদের কোন কথাই শ্রবণ করেন নাই।

সেই সময় নদীর অপর পারে তুরস্ক রাজপুরুষগণ শত্রুপক্ষকে প্রতিরোধ করিবার জন্ম বিশেষ সতর্কতার সহিত পাহার। দিতেছিলেন।

বিধর্ম্মি-তুরক্ষরাফের জীমধ্বকে অর্দ্ধরাজ্য প্রদান সতর্কতার সহিত পাহার। দিতেছিলেন। শ্রীমন্মধ্বাচার্য্য ও তাঁহার শিষ্মগণকে এরপভাবে নদী পার হইতে দেখিয়। তুরস্কলৈনিকগণ সশিষ্য মধ্বাচার্য্যকে শক্রপক্ষীয় লোক বিচার করিলেন। রাজপুরুষগণ শ্রীমন্মধ্বাচার্য্যকে

অগ্রসর হইতে নিষেধ করিলেন এবং তিনি পারে উপস্থিত হইবার পুর্বেই

বৈষ্ণবাচার্যা মধ্ব

তাঁহাদের দ্বারা বিনষ্ট হইবেন, এইরপ বলিতে বলিতে তীরাভিমুখে ধাবিত হইলেন। তথন মধ্বাচার্য্য ত্রস্করাজপুরুষগণকে উচ্চৈঃস্বরে বলিলেন—'আপনারা সংখ্যার অধিক, আমরা অল্প। অতএব আমাদের নিকট হইতে আপনাদের কোন ভয় নাই, আমরা আপনাদের রাজাকে দর্শন করিতে যাইতেছি; আমাদিগের সহিত বিরোধ করিবার কোন কারণ নাই।' ওঝা যেরপ মন্ত্রবলে সপ'কে নিবারণ করে, মধ্বাচার্য্যের বাণীবলে ত্রস্করাজপুরুষগণ সেইরূপই নিবারিত হইয়াছিলেন। ত্রস্করাজপুরুষগণ সেইরূপই নিবারিত হইয়াছিলেন। ত্রস্করাজ্প প্রাসাদশিথরে আরোহণ করিয়া সশিষ্য শ্রীমন্মধ্বাচার্য্যকে নিজ রাজধানীর দিকে আসিতে দেখিলেন। মধ্বাচার্য্য নিকটে আসিলে ত্রস্করাজ আশ্চর্যান্থিত হইয়া জিজ্ঞাসা করিয়াছিলেন,—তাঁহার কঠোরস্বভাব সৈত্যগণ মৃত্যুসেনার তায় পথিকগণকে শক্ররাজোর গুপ্তচর মনে করিয়া বিনাশ করিয়া থাকে; কিন্তু সশিষ্য মধ্বাচার্য্য কিরূপে তাহাদের হস্ত হইতে অব্যাহতি লাভ করিয়া সেথানে উপস্থিত হইয়াছেন! আর কিরূপেই বা কোনরূপ ভেলার আশ্রয় না করিয়া নদী পার হইয়াছেন!

শ্রীমন্মধাচার্য্য তথন তুরস্করাজকে উত্তরে বলিয়াছিলেন যে, বিশ্বের একমাত্র প্রকাশক পরমপুরুধের পরম অনুগ্রহবলেই তিনি ঐরপার্ণ তুরস্করাজ শ্রীমন্মধ্বাচার্য্যের গান্তীর্য্য, বৈর্য্য, বীর্য্য, শৌর্য্য ও সৌজগুপূর্ণ ব্যক্তিত্ব দেখিয়া সাতিশার বিশ্বিত হুইলেন এবং তংক্ষণাৎ শ্রীমন্মধাচার্য্যকে অর্দ্ধরাজ্য প্রদান করিলেন। শ্রীমন্মধ্বপাদ সেই সকল ঐশ্বর্য্য গুদ্ধবৈত্বাদ প্রচারে ব্যয় করিয়াছিলেন।

একদা কতকগুলি চৌর চুরি করিবার জন্ম শ্রীমন্যধ্বাচার্য্যের শিশাগণের

বিংশ অধ্যায়---আচার্য্যের ঐশ্বর্য্য-প্রকাশ-লীলা

মধ্যে প্রবেশ করিয়াছিল। শ্রীমন্মধাচার্য্য একখণ্ড বস্ত্রকে পিণ্ডাকৃতি করিয়া

চোর ও দহ্যগণকে মোহন —যেন উহার মধ্যে অনেক অর্থ আছে, — এইরূপভাবে তাহা হস্তে ধারণপূব্ব ক চোর-গণের মধ্যে বিচরণ করিতেছিলেন। কুরুক্কেত্র

যুদ্ধে অর্জুনের সম্মোহন-অন্তবলে কুরুপক্ষের সৈন্তগণের মোহন ও পরম্পর আত্মবিনাশের স্থায় প্রীমন্মধ্বাচার্য্যের দারাও ঐ চৌরগণ মোহিত হইয়া পরস্পরকে বধ করিয়াছিল। অন্তস্থানে একশত পরাক্রমশালী দম্মা সশিষ্য শ্রীমন্মধ্বাচার্য্যের বধের জন্ম উপস্থিত হইলে শ্রীমন্মধ্বাচার্য্য তাঁহার জনৈক শিষ্মের দারা দম্যাগণের হস্ত হইতে কুঠার কাড়িয়া লইয়া উহা দারাই দম্যদলপতিকে ও তাহার সহচর দম্যাগণকে বিতাড়িত করিয়াছিলেন।

অন্ত একস্থানে সশিয় মধ্বাচার্যকে দম্যুগণ শিলাস্থূপ মনে করিয়া পরিত্যাগ করিয়াছিল; কিন্তু পুনরায় সশিয়া মধ্বাচার্যকে দেখিতে পাইয়া কৌতূহলের সহিত তাঁহাকে প্রণাম করিয়াছিল।

যখন শ্রীমন্মধ্বাচার্য্য বদরিকাশ্রমে গমন করিতেছিলেন, সেই সময়
হিমালয় পর্ব্বতের নিকট তাঁহার শিশ্য সত্যতীর্থকে বধ করিবার জন্ম এক
বাাঘাকৃতি দৈত্য উপস্থিত হয়। কিন্তু
বহুত্তে ব্যাদ্রকৃতি শ্রীমন্মধ্বাচার্য্য সামান্ত হস্ত-সঞ্চালনেই ঐ
বাাদ্রকে নিবারিত করিয়াছিলেন। ইহার
পর শ্রীমন্মধ্বাচার্য্য বদরিকাশ্রমে উপস্থিত হন। বদরীনারায়ণ শ্রীমন্মধ্বাচার্য্যকে শুদ্ধ-শিলাময় ভগবদ্বিগ্রহ প্রদান করেন। সেই সময়
বেদব্যাস শ্রীমন্মধ্বাচার্য্যকে মহাভারতের তাৎপর্য্য প্রকাশ করিতে নিযুক্ত

শ্রীমধ্ব বদরিকাশ্রম হইতে প্রত্যাবর্ত্তনকালে প্রসিদ্ধ ভীর্থসমূকে শ্রীনারায়ণ-বিগ্রহ দর্শন ও বন্দনা করিতে করিতে ভাগীরথীর তীরে উপস্থিত

ননীর জল স্তম্ভন পূর্বক অন।র্জবসনে নদী উত্তরণ হইলেন। নদীতে কোন নৌকা ছিল না। পূর্বপ্রজ্ঞ জল স্তম্ভন করিয়া অনার্দ্র বসনেই নদী উত্তীর্ণ হইলেন। শিয়াগণ মধ্বাচার্য্যের এই ঐশ্বর্যালীলা দেখিতে পাইয়া আশ্চর্যাধিত

হইলেন। কিন্তু ইহাতে বিশ্বরের কিছুই নাই। যিনি হমুমদ্রূপে সমুদ্র লজ্বন করিয়াছিলেন, ভীম-অবতারে এই ভাগীরথীতে স্বেচ্ছায় বিহার করিতেন, সেই শ্রীমন্মধ্বাচার্যের সম্বন্ধে অসম্ভব কি হইতে পারে? শ্রীমন্মধ্বাচার্যা অনায়াসে গঙ্গা পার হইলেও তাহার শিশ্বগণ তাহা পারিলেন না। গঙ্গায় কেবল সময়ে সময়ে ধীবরগণের তুই একখানি নৌকা দেখা যাইত; কিন্তু তাহারাও শক্রর ভয়ে অতিশয় ভীত হইয়া কোন লোককে পার করিত না। মধ্বাচার্যের অন্তুত প্রধ্যের কথা শুনিয়া সেই প্রদেশের নরপতি নৌকাযোগে শ্রীমন্মধ্বাচার্যের শিশ্বগণকে গঙ্গা পার করাইলেন।

্ শিশ্বগণ অপর পারে উপনীত হইয়া দেখিলেন যে, গঙ্গাতীরস্থ পণ্ডিতমণ্ডলীর মধ্যে শ্রীমন্মধ্রাচার্য্য বেদ ব্যাখ্যা করিতেছেন। তথা হইতে
শ্রীমধ্ব হস্তিনাপুরে গমন করিলেন এবং
'ইন্দ্রপুরী' নামক মায়াবাদিসঙ্গাতীর পরাজয়
অবস্থিত কোন এক মঠে চাতুর্মান্ত-ব্রত
উদ্যাপন করিবার জন্ম চারিমাস বাস করিলেন। সেই সময় গঙ্গাদেবী
শ্রীমধ্বকে স্পর্শ করিয়া স্থা হইবার জন্ম মৃত্তিকা ভেদ করিয়া একটি
শাখারূপে শ্রীমধ্বের বাসস্থানের নিকট উপস্থিত হইলেন। চাতুর্মান্ত-

বিংশ অখ্যায়—আচার্য্যের এখগ্য-প্রকাশ-লীলা

ব্রঙের উদ্যাপনাস্তে শ্রীমধ্ব কাশীধামে উপস্থিত হইলেন। তথায় ইন্দ্রপুরী-নামক এক মায়াবাদী সন্ন্যাসী মধ্বাচার্য্যকে বিচারে পরাজয় করিবার ছপ্ত অভিসন্ধি লইয়া উপস্থিত হইলেন। শ্রীমন্মধ্বাচার্য্য ইন্দ্রপুরীর প্রশ্নের অসঙ্গতি প্রদর্শন করিয়া তাঁহাকে পরাভূত করিলেন। শ্রীমধ্ব বিভিন্ন বিদ্বংসভায় শ্রৌতসিদ্ধান্তসমূহ ব্যাখ্যা করিয়া পণ্ডিতসমাজে বহুমানিত হইলেন।

শ্রীমন্মধ্বাচার্য্য সত্যতীর্থ প্রভৃতি শিশ্যগণের সহিত কুরুক্ষেত্রে উপস্থিত হইয়া শিশ্যগণকে নিজ ভীমাবতারের গদান্ত্র প্রদর্শন করিলেন। তথায় তপস্থানিরত এক ব্যক্তিকে দেখাইয়া বলিলেন যে, ঐ তপস্থী ভবিশ্বৎ জন্মে হরিবিদ্বেষী মারীচ-নামে জন্মগ্রহণ করিবে।

হৃষীকেশে মহাদেব ব্রাজনবেষ ধারণ করিয়া তাঁহার আশ্রমে শ্রীমধ্বকে ভিক্ষাগ্রহণের জন্ত অমুরোধ করিলেন। শস্তু তাঁহার এক বিশিষ্ট ভক্তকে স্বপ্নে জানাইলেন যে, মধ্বাচার্য্য তাঁহার (শস্তুর) গুরুদেব। এই শ্বপ্ন দেখিয়া সেই ভক্ত শ্রীমধ্বকে প্রচুর পরিমাণে বিভিন্ন প্রখ্যাভক্তম ভোজ্য দ্রব্য প্রেরণ করিয়া ভিক্ষা শীলা প্রকাশ
করাইলেন। ইনুপাত নামক ক্ষেত্রে উপস্থিত হইয়া শ্রীমধ্ব ক্ষেত্রাধিপতি পরশুরামরূপী নার্য্রণকে ভক্তির সহিত্

ত্বা আবন কেন্দ্রাবিশাত শর্ভরাবর্রাণ নারারণকে ভাতার সাহত ত্বারণ করিলেন। তথায় তাহাকে রাজকেলি নামক কদলীফল প্রদান করিলে শ্রীমধ্বপাদ এক সহস্র পরিপুষ্ট কদলী ভক্ষণ করিয়া ফেলিলেন। ইহার পর জীমধ্ব গোবা-নামক স্থানে শঙ্কর-নামে খ্যাত কোন এক ব্যক্তির প্রদত্ত অতি স্থুল ও সরস চারি সহস্র কদলী ফল ও ত্রিশাট কলসে পরিপূর্ণ তথ্ব সেবন করিয়া ফেলিলেন। ঐ দেশের রাজা শ্রীমন্মধ্বের ঐরপ অপূর্ব্ব শক্তির কথা শ্রবণ করিয়া শ্রীমন্মধ্বাচার্য্যকে নিজরাজ্যে

রাখিবার জন্ম বহু প্রার্থনা জানাইলেন; কিন্তু শ্রীমধ্বপাদ রাজপুরুষপ্রণের অলক্ষ্য গতিতে তথা হইতে অন্তর্হিত হইলেন।

গো-নামক স্থানে এক সভায় শ্রীমন্মধ্বাচার্য্য অপুলিত ও অফলিত বৃক্ষে পুলা ও ফল প্রকাশিত করিয়াছিলেন। এইরপে শ্রীমন্মধ্বাচার্য্য নানা ঐশ্বর্য্য প্রকাশ করিয়া ঐশ্বর্য্য-প্রিয় বহিন্ম, খগণের জন্মই আচাষ্যের বহিন্ম, খ ব্যক্তিগপকে তাঁহার পাদপন্মে প্রণত করাইয়াছিলেন। কিন্তু একান্ত আত্মমঙ্গল-করাইয়াছিলেন। কিন্তু একান্ত আত্মমঙ্গল-করাই রাজিগণ ঐশ্বর্য্যর সেবক নহেন। তাঁহারা শ্রীমন্মধ্বাচার্য্যের অপ্রাক্ত ব্যক্তিত্বকে, সিদ্ধান্তকে ও শ্রোত্বিচার-সমূহকে অধিকত্র মঙ্গলদারক বলিয়া বরণ করেন।

একবিংশ অধ্যায়

আচার্য্যলীলার ঘটনা-পরম্পরা

সনকাদি মুনিগণের সহিত শ্রীমন্তাগবতবক্তা ভগবান্ শ্রীশেষদেব শ্রীমাধ্ব-ভাষ্যব্যাথ্য। শ্রবণ করিরাছিলেন। মুনিগণ সেই সহস্রশীর্ষা অনস্তদেবকে

শ্রীমাধ্বভাষ্য-শ্রবণের ফল-শ্রুতি এই মাধ্বভাষ্যের তাৎপর্য্য ও তাহার শ্রবণের ফল জিজ্ঞাসা করেন। তাহাতে শ্রীঅনস্তদেব মুনি-গণকে বলেন যে, মাধ্বভাষ্য-শ্রবণের মুখ্যফল

মৃক্তিপদ ভগবানের সেবালাভ। শুকদেব, সরস্বতী প্রভৃতি পরমার্থ-ভত্বজ্ঞগণ ভগবৎসেবালাভকেই সর্বশ্রেষ্ঠ প্রয়োজন বলিয়াছেন। যাঁহারা শ্রীমন্মধ্বাচার্য্যের বিরচিত ও বেদাদিশাস্ত্রের তাৎপর্য্য-নির্ণায়ক ভাষ্যাদি গ্রন্থের সেবা
করেন, ভগবান্ বিষ্ণু সেই পরমবৈষ্ণবত্ব-প্রাপ্ত মহাপুরুষগণের স্থখবিধানের
জ্ঞা নিজবৈকুঠলোক প্রদান করিয়া থাকেন। সেই বৈকুঠ চিদ্বিলাসবৈচিত্রে
উদ্ধাসিত, তথায় কোনপ্রকার কুঠাধর্ম নাই, সকলেই বৈকুঠপতির সেবায়
তন্ময়। তথায় অগণিত ব্রন্ধা, গকড়, অনস্ত ও ইক্রপ্রেম্থ দেবতাগণ দিব্যলল্মাগণের সহিত্ত ভগবানের সেবায় সর্ব্বদা নিরত থাকিয়া আনন্দের
চরম্বার নিত্য অন্তভ্তব করিতেছেন। তথায় চতুর্জুজ, কমললোচন,
পীতব্যন, উত্তম অলঙ্কার-বিভূষিত, অরুণবর্গ , নবজলদকান্তি ভগবানের
সারপ্যপ্রাপ্ত মহাপুরুষগণ বিচরণ করিতেছেন। তথায় জন্ম, মৃত্যু, জরা বা
আধ্যাত্মিক, আধিনৈত্বিক ও আধিভৌতিক তাপ কিছুই প্রবেশ করিতে
পারে ন। অথবা কোনপ্রকার অমঙ্গল কিংবা জন্মমৃত্যু-প্রভৃতির মূল কারণ
সন্ধাদিগুণ ও অদৃষ্ট প্রভৃতিও থাকিতে পারে না।

শ্রীমধ্বাচার্যক্ত ভাষা ও তৎসিদ্ধান্তের বহুল প্রচার দেখিয়া মারাবাদি -সম্প্রদায় বিপদ গণিলেন। বৈদাস্তিককেশরী পূর্ণপ্রজ্ঞ রজতপীঠপুরে মধ্বাচার্য্যের অভ্যুদ্য-দর্শনে সমাসীন হইলে মায়াবাদিগণ ভয়ে চঞ্চল হইয়া মারাবাদিগণের মৎসরতা উঠিল। তাহার। অত্যন্ত মৎসরতার বণীভূত হইয়া পদ্মতীর্থ ও পুগুরীকপুরীর সহযোগে শ্রীমন্মধ্বাচার্য ও তাঁহার সিদ্ধান্তকে উৎপীড়ন করিবার জন্ম নানাপ্রকার মন্ত্রণ। ও ষড়যন্ত্র করিতে লাগিল। উহার মধ্যে একব্যক্তি শকুনির গ্রায় ক্রেরপ্রকৃতি ছিল। সে যেমন বাচাল, তেমন কপট। যাহাতে শ্রীমধ্বপাদের প্রতি পদ্মতীর্থের কোপ ও মাৎস্থ্য বদ্ধমূল হয়, তজ্জ্য ঐ ক্রুর ব্যক্তি নানাপ্রকার যুক্তি প্রদর্শন করিয়া এইরূপ বলিতে লাগিল,—শ্রীমধ্ববিজয় বা স্থমধ্ববিজয়-প্রণেতা তাহা এইরূপ বর্ণন করিয়াছেন,—"ভগবানু শঙ্কর সর্বশ্রেষ্ঠ দর্শনাচার্য্য, তাঁহার ভাষ্য ও সিদ্ধান্ত নিথিল জগতের মিথ্যাত্ব বা মায়াময়ত্ব ও একমাত্র নির্বিশেষ ব্রদ্ধবস্তুকেই তত্ত্বরূপে প্রতিপাদন করিতেছে, এই সিদ্ধান্ত অতি পুরাতন ও স্থগুর্মভ। এই জগং প্রত্যক্ষাদি প্রমাণ ও বেদাদি বাক্যের দ্বারা ভেদ-বিশিষ্ট বলিয়াই প্রতীত হইতেছে। এরপ অবস্থায় আচার্য্য শঙ্করের অভেদশান্ত্র পাঠ না করিলে দেব, অম্বর, মহুয্য, ব্রাহ্মণ, চণ্ডাল প্রভৃতির দারা পরিপূর্ণ এই দৃশ্র জগৎকে ভেদশূন্য বলিয়া কেই বা সাধন করিতে পারে

প্রজানদশার জীবের নিকট যে বিশ্ব 'সতা' বলিয়া প্রতীত হইতেছে, আচার্য শঙ্করের ভাষা সেই বিশ্বের ব্যবহারিক সত্যতা স্বীকার করিয়াছে। অতএব শ্রীশঙ্করভাষ্য সমস্ত বিষয়েরই সামঞ্জস্তরক্ষক। যথন জীবের জ্ঞান উৎপন্ন হয়, তথন এই বিশ্ব দগ্ধপটের স্থান মিথ্যা এবং জ্ঞান পরিপক হইলে এই জগং তপ্তলোহপ্রাপ্ত জলের স্থায় অপৃথক্ অর্থা অভেদরপে প্রকাশিত হইয়া থাকে। এইরূপ সর্বস্থশোভন মায়াবা

একবিংশ অধ্যায়—আচার্য্যলীলার ঘটনা-পরম্পরা

বর্ত্তমানে উৎসন্ন হইয়া যাইতেছে! যে মায়াবাদরূপ তুর্গম অরণ্যানীতে ভটনামক মীমাংসকের মতাবলম্বী ভট্টগণ ভ্রন্ত হইয়াছে, প্রভাকরের প্রতিভা-প্রভা লোপ পাইয়াছে, বৌদ্ধগণ ভয়গ্রস্ত হইয়াছে, সম্প্রতি সেই মায়াবাদকে দগ্ধ করিবার জন্ম তত্ত্ববাদরূপ অগ্নিশিখা প্রকাশিত হইয়াছে। অতএব উহা আমাদের উপেক্ষণীয় নহে। পূর্ব্বে আনন্দতীর্থ যে যে স্থানে গমন করিয়াছে, সেই দেশ হইতে যাহাতে তাহার প্রত্যাবর্ত্তন না হয়, সে বিষয়ে আপনি প্রকাশ্যে প্রতিজ্ঞাও করিয়াছিলেন। তথাপি মধ্ব আমাদের নিকট উপস্থিত হইয়াছে। আমরা নিতাস্তই ভাগ্যহীন। আনন্দতীর্থ অথগুনীর সঙ্গতযুক্তির প্রয়োগ-সহকারে প্রশ্ন-জিজ্ঞান্তর প্রশ্নের উত্তর প্রদান-পূর্ব্বক বাদিগণকে লজ্জিত, বিশেষতঃ আমাদিগকে নিরস্ত করিয়া থাকে। এমতাবস্থায় আমরা কি করিব ? আনন্দতীর্থ একটিমাত্র বাক্যের দারাই একলক্ষ পঞ্চাশ হাজার প্রাচীনগ্রন্থের মত খণ্ডন করিয়াছে। এ ব্যক্তি কি বেদব্যাস কিংব। সাক্ষাৎ মৃত্তিমান্ বেদস্বরূপ! আমাদের পক্ষীয় ব্যক্তিগণও বলেন যে, মধ্বাচাষ ত্রকত স্ত্রভাষ্য অতীব প্রবলপ্রমাণযুক্ত। তাঁহাদের এইরূপ বাক্য শুনিয়া আমরা তঃসহ লজ্জাসমুদ্রে নিমগ্ন হই। এখন আপনি ইহার প্রতিকার না করিলে আমাদের আর রক্ষা নাই।" • অপর এক হুর্জন বলিতে লাগিল,--- "হায়! হায়! এই নবীন ব্যক্তি (মধ্বাচার্যা) প্রাচীন পরপারায় আগত অভেদ-প্রতিপাদক তত্ত্বশাস্ত্রকে বিনাশ করিতেছে! আমাদের পক্ষীয় চতুর আচার্যাকে হেয় করিবার ব্যক্তিগণ মধ্যস্থ লোক-সমাজে এই সকল কথা জপ্স ষড্যন্ত্র জানাইরা মধ্বাচার্য্যের দোষসকল প্রচার করিতে থাকুক। শ্রীমধ্বাচার্য্য বা ভাহার শিয়্যগণ যাহাতে কোন গ্রামে প্রবেশ, সন্মান বা ভিক্ষাদি লাভ না করিতে পারে, সামাদি উপায়

অবলম্বনপূর্বক আমাদের প্রথম হইতেই প্রতিগ্রামে সেরপ চেষ্ট করিতে হইবে। যদিবা ইহারা কোনরূপে কোন গ্রামে প্রবেশ করে, তখন উহাদের গর্বা নাশ করিবার জন্ম উহাদিগের গ্রন্থ অপহরণাদি করিতে হইবে।"

কুটিলবুদ্ধি মায়াবাদিগণ এইরপ নানা চক্রান্তের দারা শ্রীমন্মধ্বাচার্য্যের বিব্দদ্ধাচরণে প্রবৃত্ত হইল। বিষ্ণুবৈষ্ণববিদ্বেষী সন্ন্যাসিবেশধারী পণ্ডিতাভিমানী পৃগুরীকপুরীকে উহারা শ্রীমধ্বের আচায্যের এস্থরাজি সহিত বিচারার্থ প্রস্তুত করিয়াছিল। আনন্দতীর্থ প্রপ্রহত প্রবীকপুরীকে সম্পূর্ণভাবে পরাজিত করিলেন

এবং স্বমত স্থাপন পূর্ব্বক বিষ্ণুবৈষ্ণবের প্রীতির জন্ম বেদ ব্যাখ্যা করিলেন। যখন পৃগুরীকপুরা প্রীমন্ধনাচার্য্যের নিকট পরাজিত ও বিদ্বংসভায় হাস্থাম্পদ হইরা পড়িলেন, তখন তৎপক্ষীর পদ্মতীর্থ একটি তুই উপায় উদ্ধাবন করিল। প্রীমন্মধনাচার্য্য তাঁহার গ্রন্থরাজি শঙ্কর-নামক এক সদ্ রান্ধণের নিকট রাখিরাছিলেন, পদ্মতীর্থ ঐ সকল অপহরণ করাইয়া ফেলিল। প্রীমন্ধবপাদ আর্য্য জ্যেষ্ঠ-যতির সহিত্ত দীর্যপথ অতিক্রম করিয়া প্রাক্তবাট নামক গ্রামে পদ্মতীর্থকে প্রাপ্ত হইলেন এবং সেই গ্রন্থাপহরণকারী ব্যক্তিকে বাক্যবাণে জর্জ্জরিত করিলেন। প্রীমধ্ব ঐ গ্রামে এক বিষ্ণুমন্দিরে চাতুর্ম্মান্ত-ব্রত-পালনের জন্ম চারিমাস অবস্থান করিলেন। ব্রতান্তে প্রীমন্মধ্ব তাঁহার অপহত গ্রন্থসমূহ পুনরায় উদ্ধার করিলেন এবং সন্থ-প্রদেশে উপনীত হইলেন। রাজা জয়সিংহ প্রীমন্মধ্বাচার্য্যের নিকট দৃত প্রেরণ করিয়া নিজ রাজ্ধানীতে প্রীমন্মধ্বের পদার্পণের প্রার্থনা জানাইলেন এবং বলিলেন যে, তিনি পদ্মতীর্থ কর্ত্তক গ্রন্থসমূহের অপহরণের প্রতিকার করিবেন। প্রীমধ্ব স্তন্ত্বনগরের

একবিংশ অধ্যায়---আচার্য্যলীলার ঘটনা-পরম্পরা

মদনাধিপতি নামক বিষ্ণুর মন্দিরে একরাত্রি অবস্থান করিয়া প্রাতঃকালে শিশ্বগণ-সমভিব্যাহারে যাত্রা করিলেন। এই স্থানে রাজা জয়সিংহ শ্রীমন্মধ্বের পাদপদ্মে সমাগত হইরা তাঁহার অন্তুসরণ করিতে লাগিলেন শ্রীমন্মধ্বাচার্য্য বিষ্ণুমঙ্গলক্ষেত্রে উপস্থিত হইলেন। তথায় শিশ্ব হ্রবীকেশ-তীর্থকে শ্রীমন্তাগবত পাঠ করিবার জন্ম আদেশ করিয়া শ্রীমন্মধ্বাচায়্য শ্বয়ং শ্রীকৃষ্ণলীলার অপূর্ক ব্যাখ্যা করিলেন। বিদ্বান্ ও মূর্থ যাবতীয় শ্রোতৃমগুলী শ্রীমন্মধ্বাচার্য্যের কৃষ্ণলীলা ব্যাখ্যা শ্রবণে পর্মানন্দ-সমুদ্রে নিমজ্জিত হইলেন। রাজা জয়সিংহ শ্রীমন্মধ্বাচার্য্যের অন্তুগমন করিয়া সেই ভাগবত-ব্যাখ্যা শ্রবণ করিয়াছিলেন।

বিষ্ণুসলবাসী লিকুচবংশীয় স্থব্রহ্মণ্য নামক এক কাব্যশান্তের স্থপণ্ডিত তথন বর্ত্তমান ছিলেন। দৈববশে তাঁহার সস্তানসমূহ জন্মের পরেই বারংবার বিনষ্ট হইভেছিল। স্থব্রহ্মণ্যের সহধর্মিণী কৃষ্ণভক্তিপরায়ণা ছিলেন। তিনি ভ্বনপতি হরিহরের নিকট কৃষ্ণভক্তিপরায়ণ এক পুত্র কামনা করিলেন। কিছুকাল পরে তাঁহাদের গৃহে এক পুত্র জন্ম গ্রহণ করিল। স্থ্রহ্মণ্য পুত্রের নাম রাখিলেন — ত্রিবিক্রম।

ত্রিবিক্রম অতি অয়কালের মধ্যেই তাঁহার স্বাভাবিক প্রতিভাসমূহ প্রকট করিলেন। তিনি অতি অয়বয়সেই উষাহরণ নামক একটি কাব্য ত্রিবিক্রমাচার্যা রচনা করিয়াছিলেন। ত্রিবিক্রম বিজ্ঞাভ্যাসকালেই স্থবিস্থৃত মায়াবাদশাস্ত্রে নানাপ্রকার অসঙ্গতি-দোব প্রদর্শন করিয়াছিলেন। তাঁহার অধ্যাপক সেই সকল যুক্তির কোন থণ্ডন করিতে পারেন নাই। ত্রিবিক্রম বয়ল্পগণের বিশেষ অমুরোধে অশ্রনার সহিত মায়াবাদশাস্ত্র অভ্যাস করিলেন এবং সম্পূর্ণ একলক্ষ পঁটিশ হাজার মায়াবাদ-শাস্ত্রগ্রন্থে পারদর্শী ছইলেন। ইহা দেখিয়া স্থ্রস্বণ্যাচার্য্য প্রকে বলিলেন যে, কলিয়ুরে

জ্ঞানশাস্ত্র আত্মসঙ্গলকর নহে; শ্রীহরির উপাসনাপথই মঙ্গলদায়ক। পিতার এইরপ বাক্য শ্রবণ করিয়াও তরলমতি ত্রিবিক্রম বেদাস্তশাস্ত্রের রহস্থ বিচারপূর্ব্বক মায়াবাদিগণের শাস্ত্রই আলোচনা করিতে লাগিলেন। তিনি বিচার করিলেন যে, ব্যাসদেবের রচিত বেদাস্থশাস্ত্রসমূহই প্রমাণ-শিরোমণি। কিন্তু জগতে ইহার বে সকল ভাষ্য প্রচারিত হইয়াছে, সেইগুলির মধ্যে পরস্পর সঙ্গতি নাই। তথাপি পূর্ব্বপরস্পরাপ্রাপ্ত শাঙ্করভাষ্যই শ্রদ্ধাসহকারে অধ্যয়ন করিব। ত্রিবিক্রম শাস্ত্রসমূহ আলোচনা করিয়া ইহা বৃঝিতে পারিলেন যে, জ্ঞানানন্দ-বিগ্রহ শ্রীহরিই জীবের একমাত্র উপাস্ত ; তিনি যদি নিত্য-বিগ্রহবান্ না হন, তাহা হইলে তাঁহার জ্যোতির্মাত্রস্বরূপও সম্ভবপর নহে; নির্বিশেষস্থরূপে তমোরূপা মুক্তিই সম্ভবপর, কাজেই ইরপ উপাসনা জীবের কল্যাণপ্রদ নহে। যথন ত্রিবিক্রম এই সকল বিচার করিতেছিলেন, সেই সময় শ্রীমন্মধ্বাচার্যেরর বিশুদ্ধ কীর্ত্তি তাঁহার কর্ণ-গোচর হইল।

ত্রিবিক্রম মায়াবাদশাস্ত্রে সর্বশ্রেষ্ঠ পাণ্ডিত্য লাভ করিয়াছিলেন দেখিয়া মায়াবাদিগণ সেই সময় ত্রিবিক্রমাচার্য্যের নিকট উপস্থিত হইয়া বলিলেন

বে,—মধ্বনাষক এক ব্যক্তি পূর্ব্ব-পরম্পরাগত

ত্রিবিক্রমের নিকট প্রাচীন যায়াবাদ-মত খণ্ডন করিয়া নবীন দ্বৈত্রমায়াবাদিগণের সিদ্ধান্ত স্থাপন করিতেছে। স্থানিপুণ যুক্তিআবেদন প্রয়োগে স্থপণ্ডিত ত্রিবিক্রম-ব্যতীত সেই মধ্বমত

নিরাস করিবার উপযুক্ত দ্বিতীয় ব্যক্তি আর কেহ তৎকালে নাই। মায়াবাদিগণ ত্রিবিক্রমকে স্বজন মনে করিয়া এইরূপ প্রার্থনা জানাইলে

ত্রিবিক্রম তাহাদের অন্থ্রোধ অঙ্গীকার করিলেন।

মধ্বাচার্য্যের শিয়াগণের সহিত ত্রিবিক্রন্ধের শাস্ত্রীয় বিচার আরম্ভ হইল।

একবিংশ অধ্যায়---আচার্ঘ্য-লীলার ঘটনা-পরম্পরা

ত্রিবিক্রম তাঁহাদের মতবাদ থগুন করিবার চেষ্টা করিলেন বটে, কিছ যখন রাত্রিকালে অন্তের অলক্ষ্যে শ্রীমধ্বপ্রণীত শাস্ত্রতাৎপর্য্য দর্শন করিলেন, তথন তিনি অস্তরে প্রসন্নতামিশ্রিত মহাবিশ্বয়ে অভিভূত হইলেন, তথাপি সহসা সেই মত গ্রহণ করিলেন না। পণ্ডিত ব্যক্তিগণ সকল কার্যাই বিশেষ বিবেচনাপূর্ব্বক করিয়া থাকেন। হাহা হউক, ত্রিবিক্রম বিষ্ণুমঙ্গলদেবালয়ে শ্রীমধ্বকে অস্তরের সহিত প্রণাম করিলেন।

রাজা রাজসিংহ শ্রীমন্মধাচার্য্যের অন্থগমন করিয়াছিলেন। বিষ্ণুমঙ্গল-গ্রামে আনন্দতীর্থ প্রত্যহ শিষ্যগণের সহিত গ্রাত্যুষকাল হইতে স্নান,

শিষ্যের কর্ত্তব্য শিক্ষা-দান নির্মাল্যাপসরণ, পূজা, উপনিষদ্ব্যাখ্যা ও জিজ্ঞাস্থগণের সহত্তর দান করিতেন। কোন এক শিষ্য সমস্ত রাত্রি হরিকথা-শ্রবণ-মনন-

কার্য্যে জাগ্রত থাকিয়া প্রভাতকালে হঠাৎ নিদ্রাগ্রস্ত হইলে শ্রীমন্মধ্বাচার্য্য স্বয়ংই স্নানবস্ত্রাদি বহনপূর্ব্যক স্নানার্থ গমন করেন। ঐ শিষ্য নিদ্রা হইতে উত্থিত হইয়া গুরুসেবা বঞ্চিত হওয়ায় অনুতাপানলে দগ্ধ হইলেন। শ্রীমধ্ব শিষ্যগণের শিক্ষার্থ তাঁহাদিগকে শাসন করিয়া গুরু-বৈষ্ণবের উত্থানের পূর্ব্বে তাঁহাদের সেবার্থ শয্যাত্যাগের উপদেশ প্রদান করিলেন।

* সেই বিষণু মঙ্গলগ্রামস্থ অন্ত এক সাধারণ দেবালয়ে শ্রীমন্মধ্বাচার্য্য ব্রহ্মস্ত্রের নিজক্বত ভাষ্য ব্যাখ্যা করিতে লাগিলেন। সেই সময় মায়াবাদসিদ্ধান্তে স্থানিপুণ ত্রিবিক্রমাচার্য্য প্রতি-

তিবিক্রমের শ্রীমধ্বের সহিত তর্ক ও আচার্য্যের খণ্ডন মায়াবাদসিদ্ধান্তে স্থানিপুণ ত্রিবিক্রমাচার্য্য প্রতিপক্ষ যোদ্ধার স্থায় শ্রীমধ্বাচার্য্যের সম্মুথে উপস্থিত হুইয়া তর্ক আরম্ভ করিলেন। পূর্ণপ্রজ্ঞ শ্রুতিপ্রমাণ ও সদ্যুক্তি-দ্বারা জ্ঞান-

স্থাদি অনস্তগুণশালী বেদপ্রতিপাদিত 'ব্রহ্ম'-সংজ্ঞক নারায়ণকেই বিশ্বের কর্ত্তা বলিয়া প্রতিপাদন করিলেন। শ্রীমধ্ব সাংখ্যমত অর্থাৎ প্রকৃতির জগৎকর্ত্রীত্ব নিরাস করিলেন। তিনি বলিলেন, চেতনের ইচ্ছান্স্সারেই যাবতীয় সৃষ্টি হইয়া থাকে, যেমন বস্ত্রের সৃষ্টি চেতন তন্তবায়ের ইচ্ছান্স্নারেই সিদ্ধ হয়। ব্রহ্ম জগতের বিকারী কারণ হইতে পারেন না, যেহেতু তিনি চেতনবস্তু। যে বস্তু বিকারী কারণ, উহা চেতন নহে,—যেমন ছগ্ধাদি বস্তু। স্বয়ং মহাদেবও এই জগতের কর্তা হইতে পারেন না, যেহেতু তিনিও "সোহরোদীৎ" অর্থাৎ তিনি রোদন করিয়াছিলেন—এই শ্রুতি-বাক্যান্স্সারে হুঃথাদি দোষের অধীন। যিনি হুঃথাদির অধীন, তিনি কখনও জগতের কারণ হইতে পারেন না—যেমন চৈত্র প্রভৃতি ব্যক্তিবিশেষ। অতএব যদি সাক্ষাৎ মহাদেবেরই জগৎকর্তৃত্ব অসিদ্ধ হয়, তাহা হইলে অবিবেকিজনগণের পরিকল্পিত বিনায়ক, সুর্য্য প্রভৃতির জ্বগৎকর্ত্ত্ব কোন মতেই সঙ্গত হইতে পারে না। ভগবান ও তাঁহার গুণে ভেদ নাই। তবে 'বিশেষ' নামক ধর্ম্মের দারা তাঁহার গুণের আনন্দ সাধিত হয়। বেদবিরোধী মাধ্যমিক (বৌদ্ধ) নামে এক সম্প্রদায় শূন্তকেই জগতের তত্ত্ব বলিয়া স্বীকার করেন, তাঁহারাও ব্যক্ত ও প্রচ্ছন্নভেদে ছিবিধ। মায়াবাদিগণই প্রচ্ছন্ন বৌদ্ধ। তাঁহারা বেদমন্ত্র ব্রাহ্মণভাগের প্রামাণ্য অস্বীকার করায় বেদবিরোধী। তাঁহারা নিবিবশেষ-শূন্য-পদার্থকেই 'ব্রহ্ম' নামে অভিহিত করিয়া নিজদিগকে 'বেদান্তী' বলিয়া পরিচয় প্রদান করিয়া থাকেন। ইহারা নিখিল প্রপঞ্চকে ব্রহ্মের বিবর্তস্বরূপ বলেন। ইহাদের কল্পিত ব্রহ্মপদার্থ ও শূন্যপদার্থের কোন বিশেষ না থাকায় এই উভয়মতের কোন পার্থক্য লক্ষিত হয় না। মায়াবাদীর কল্লিত শূগুপদার্থ কথনও জগতের কারণ হইতে পারে না; কারণ উহা অসং।

একবিংশ অধ্যায়—আচার্য্য-লীলার ঘটনা-পরম্পরা

যাহা 'সং', তাহাই কার্য্যের প্রতিকারণ, যেমন কুস্তকার। শৃন্য পদার্থকে জগতের আরোপ-বিষয়ে অধিষ্ঠান বলাও সঙ্গত নহে; কারণ, উহা অসং। যে পদার্থ সং, তাহাতেই অন্ত-পদার্থের আরোপ সম্ভবপর, যেমন শুক্তিপদার্থ সং বলিয়াই উহাতে রজত প্রভৃতির আরোপ হইয়া থাকে।

মায়াবাদিগণ বেদকে অতত্ত্ত্তাজ্ঞাপক বলিয়া পুনরায় তাহার প্রামাণ্য স্বীকার করেন। কিন্তু এরূপ বাক্য স্বতঃই অসঙ্গত ও স্ববিরোধী। অতএব প্রকৃতপক্ষে তাঁহারা বেদের প্রামাণ্যও ইচ্ছা করেন না। বেদদ্যক মায়াবাদিগণ যে বেদান্ত-ভাগকে তত্ত্ত্তাপক বলেন, উহা কিরূপে তত্ত্ত্তাপক হইতে পারে ?—যেহেতু ব্রহ্মনামক তত্ত্ব তাঁহাদের মতে অবাচ্য বস্তু!

মায়াবাদীর মতে "সত্যং জ্ঞানং" বাক্যসকল নির্বিশেষ ব্রহ্মে সত্যত্ত্ব, জ্ঞানত্ব প্রভৃতি ধর্মের সমর্থন করিতে পারে না। মায়াবাদিগণ বলিতে পারেন—'সত্য প্রভৃতি শব্দ নির্বিশেষ ব্রহ্মে সবিশেষ জড়ত্ব প্রভৃতি ধর্ম্মের অভাব-মাত্র সমর্থন করে। মায়াবাদীর এই উক্তিও সমর্থিত হইতে পারে না, কারণ, ব্রহ্ম—'ভাব'-পদার্থ, তিনি কথনও জড়ত্ব প্রভৃতি ধর্মের অভাব-স্বরূপ হইতে পারেন না। যদি মায়াবাদী বলেন যে, 'ব্রহ্ম জড়ত্ব প্রভৃতি ধর্ম্মের অভাবস্থরূপ নহেন, পরস্ত জড়ত্ব প্রভৃতি ধর্মের অভাব ব্রন্ধে আছে', তাহা হইলে এরপ বিচারও সঙ্গত নহে; কারণ, মায়াবাদীর মতেই নির্কিশেষ ব্রহ্মে ভাব ও অভাব, এই উভয়বিধ পদার্থের অভাব স্বীকৃত হইয়াছে। অতএব শৃগুবাদ ও মায়াবাদ উভয়ই সমান ; কারণ, মারাবাদি-কল্পিত ব্রহ্ম ও শৃন্থবাদি-কল্পিত শূন্থতত্ত্বে কোন আন্তরিক ভেদ নাই। মায়াবাদী যদি ব্রহ্মের সত্তা স্বীকার করেন, তাহা হইলে ব্রহ্ম সবিশেষ হইয়া পড়েন। আর তাহা না হইলে ব্রহ্মের অসন্তাই লাভ হয়। বিপ্রতিপন্ন ও অদ্বৈত-স্বরূপ এই শূন্তাত্মক ব্রন্মাদি

বস্তু কখনও বিচার্য্য, চিস্তনীয় কিংবা কোনরূপ ফলপ্রাদ হইতে পারেন না । ব্রহ্ম নির্বিশেষ বস্তু বলিয়া উহা বিধি প্রত্যয়ের বিষয়ীভূত নহে—যেমন আকাশ-কুস্থম। যাহা সবিশেষ বা সদ্বস্তু, তাহাই বিচারাদি বিধিরঃ বিষয়ীভূত—যেমন প্রমাণ ও প্রমেয় প্রভৃতি বস্তু।

যদি নির্কিশেষ মুক্তিবাদীকে জিজ্ঞাসা করা যায়, 'কোন্ সময়ে তোমার সম্মত মোক্ষলাভ হয় ?' তাহা হইলে তিনি যদি উত্তর করেন যে, ঐক্যজ্ঞানের উত্তরকালে মুক্তি হয়, তাহা হইলে মুক্তির মায়াবাদীর নিজ যুক্তির সহিত ঐক্যজ্ঞানের উত্তরকালের সম্বন্ধ থাকায় দারাই ভন্মত্রাদের অযোক্তিকতা স্থাপন উহা আর নির্বিশেষ হইল না। অতএব তাঁহার এই উত্তরেই নিজ-সন্মত সিদ্ধান্তের বিনাশদোষ ঘটে। আর যদি তিনি কিছু উত্তর না দেন, তাহা হইলেও 'অন্তুক্তি' নামক পরাজয়ই হইয়া থাকে। চক্ষু: প্রভৃতি ইন্দ্রিয়হীন মুক্তপুরুষ কাষ্ঠ-পুত্তলিকার স্থায় কোন বিষয়ের অনুভব করিতে পারে না বলিয়া পুরুষার্থলাভে সমর্থ নহে। প্রযত্ন, ইচ্ছা প্রভৃতি শুদ্ধ কল্যাণগুণশালীশ্রীনারায়ণ স্বরূপণক্তির বলেই ত্বঃথভাগী নহেন। তিনি সেই স্বরূপশক্তি-প্রভাবেই মুক্তজনগণকেও জ্ঞানাদিযুক্ত করেন। যে ব্যক্তি বদ্ধজনের মধ্যে স্থথকে হঃথ-সংযুক্ত দেথিয়া মুক্তজনে স্থথ অস্বীকার করে, সে মুক্তিতে স্বরূপেরও অস্বীকার করিয়া থাকে; অতএব সে শূন্তবাদীই হইয়। পড়ে।

প্রাক্তত দেহই বিকারের কারণ, বিশুদ্ধ মুক্তদেহ নহে। মারাবাদী যে বলিয়াছেন,— 'দেহ থাকিলেই বিকার জন্মিবে', তাঁহার এইরূপ হেতুও স্থানিশ্চিত নহে; কারণ ঈশ্বরের দেহ আছে, অথচ বিকার নাই। যদি ঈশ্বরকেও দেহহীন বলা যায়, তাহা হইলে তিনি শশশৃঙ্গাদির ভায় ইচ্ছা, জ্ঞান প্রভৃতি গুণশৃত্যই হইয়া পড়েন। যদি শশশৃঙ্গাদি হইতে ঈশ্বরের পার্থক্য-

একবিংশ অধ্যায়---আচার্য্য-লীলার ঘটনা-পরম্পরা

সিদ্ধির জন্ম মায়াবাদী ব্রন্ধের জ্ঞাতৃত্বাদিরূপ স্বীকার করেন, তাহা হইলে আমরা বলিব যে, এই জ্ঞাতৃত্বাদিরূপই দেহ। ঐ ঈশ্বর প্রাক্কতশরীরধারী নহেন, তিনি সচ্চিদানন্দবিগ্রহ। মুক্তগণেরও এইরূপ অপ্রাক্কত দেহ আছে বলিয়া তাঁহারা প্রাক্কত-শরীর্যোগ্য তুঃখাদি ভোগ করেন না।

শ্রীমন্মধ্বপাদ ত্রিবিক্রমাচার্য্যকে মায়াবাদীর যুক্তির খণ্ডন পূর্বক এই সকল সিদ্ধান্ত প্রবণ করাইলেন। তথাপি ত্রিবিক্রম ক্ষান্ত হইলেন না,— ত্রিবিক্রমের শ্রীমধ্ব- তিনি নানাবিধ তর্ক উপস্থিত করিলেন। চরণে আশ্রয়-প্রার্থনা পূর্ণপ্রক্রও হাসিতে হাসিতে অনায়াসে ততোধিক প্রবল তর্কবাণের দ্বারা ত্রিবিক্রমের সমস্ত তর্ককে প্রয়োগ-মাত্রেই খণ্ডন করিলেন। ত্রিবিক্রম বহু বেদ-প্রমাণের দ্বারা শ্রীমন্মধ্বাচার্য্যের সিদ্ধান্তকে খণ্ডন করিবার চেষ্টা করিলেন। মধ্বপাদও অতি বলবান্ বৈদিক বাক্যসমূহের দ্বারা অর্থান্তর প্রকাশপূর্ব্বক ঐ সমস্ত নিবারিত করিলেন। এই ভাবে শ্রীমন্মধ্বা- চার্য্য ত্রিবিক্রমের সহিত পনর দিন বিচার করিয়া অবশেষে তাঁহাকে নিরুত্তর ও প্রশ্নহীন করিলেন। তথন ত্রিবিক্রম শ্রীপূর্ণপ্রক্রের পাদপদ্মে পতিত হইয়া বলিলেন,—"হে প্রভো! আমার চপলতা ক্রমা করুন এবং আপনার পাদপদ্মরজােরাশির নিশ্চল দাস্থ প্রদান করুন।"

• শ্রীমধ্বাচার্য্য ত্রিবিক্রমের নিকট ব্রহ্মস্ত্রের ভাষ্য ব্যাখ্যা করিয়াছিলেন।
শ্রীমন্মধ্ব ত্রিবিক্রমকে স্ব্রভাষ্যের একটি টীকা রচনা করিবার আদেশ
শ্রীমধ্ব-কর্ভ্ক ত্রোবক্রমকে করিলেন। ত্রিবিক্রম শ্রীমন্মধ্বাচার্য্যের ভাষ্য
স্ব্র-ভাষ্যের টীকা-রচনায় শ্রবণ করিয়া বলিলেন—"ভগবান্ শ্রীরুষ্ণ
আদেশ যেরূপ যশোদার নিকট আত্মপরিচয় প্রদানের
জন্য নিজ ক্ষুদ্র বদনের মধ্যে অনস্ত অর্থ (প্রপঞ্চ) প্রকাশ করিয়াছিলেন,
আপনিও সেইরূপ আত্মপরিচয়-প্রদানের জন্য ক্ষুদ্রভাষ্য-সংগ্রহের মধ্যে

অনস্ত অর্থ প্রকাশ করিয়াছেন। আপনি স্ত্রভাষ্য, উপনিষদ্ভাষ্য, গীতা-তাৎপর্য্য, মহাভারত-তাৎপর্য্য, ভাগবত-তাৎপর্য্য, তন্ত্রসার, কথা-লক্ষণ ও প্রমাণ-লক্ষণাদি গ্রন্থের দ্বারা সর্বলোকে পূজিত হইয়াছেন। পাদাদি প্রকরণ বিপক্ষগণকে নাশ করিয়াছে! য্মক-ভারতে চিত্রকবিতা প্রদর্শন করিয়াছেন। আপনার বিরচিত বিবিধ স্থমধুর স্তোত্রগাথাদি রত্নাকরের রত্নসমূহের ভার কে গণনা করিতে পারে ? পুরাকালে দেবতাগণ যেরূপ ইন্দ্রাদি বীরগণের বর্ত্তমানত্য-সত্ত্বে কার্ত্তিকের জন্ম অপেক্ষা করিয়াছিলেন, সেইরূপ আপনার প্রণীত ঐ সকল গ্রন্থ বর্তুমান সত্ত্বেও আমরা অপর একটি গ্রন্থ প্রার্থনা করিতেছি। ঐ সমস্ত গ্রন্থ অগাধ বলিয়া আমাদের স্থায় মন্দবুদ্ধি ব্যক্তির পক্ষে ঐ সকল হইতে যুক্তি উদ্ধার করা অসাধ্যপ্রায়। অতএব রূপাপূর্ব্বক একথানি পরিস্ফুট যুক্তিপূর্ণ গ্রন্থ প্রণয়ন করুন।" ত্রিবিক্রমাচার্য্যের প্রার্থনান্তুসারে শ্রীমন্মধ্বপাদ অন্তভাষ্য বা অমুব্যাখ্যান নামক একটি ভাষ্য প্রণয়ন করিলেন: একদিন এই অনুভাষ্য বা অনুব্যাখ্যান রচনা করিতে করিতে মধ্বাচার্য্য তাঁহার চারিজন শিষ্যের দ্বারা এককালে অনবরত চারি অধ্যায়ের শ্রুতলিপি লেখাইলেন।

কালক্রমে শ্রীমন্মধ্বাচার্য্যের পূর্ব্বাশ্রমের মাতাপিতা বৈকুপ্তধাম প্রাপ্ত হইলেন। দৈবছর্ব্বিপাকবশতঃ তাঁহার অনুজেরও ধন, ধান্ত ও গোসমূহ

বিনষ্ট হইল । এইরূপ জাগতিক বিপদ্ শ্রীমন্মধ্বা-

আচার্যাের মাতা- মুজের পকে হরিভজনের অনুকূলই হইয়াছিল।

পিতার পরলোক- তিনি শ্রীমধ্বপাদের পাদপায়ে শরণাগত হইয়া পুনঃ গমন পুনঃ সন্ন্যাস প্রার্থ না করিলেন। পূর্ণপ্রজ্ঞ সময়া-

স্তরের আশ্বাস দিয়া অনুজকে নিজগৃহে প্রেরণ করিলেন।

পূর্ণপ্রজ্ঞের অমুজ গৃহে গমন করিলেও তাঁহার চিত্ত শান্ত হইল না।

একবিংশ অধ্যায়---আচার্ঘ্য-লালার ঘটনা-পরম্পরা

তিনি আহার, নিদ্রা ও হাস্থ পরিত্যাগ করিয়া কেবল শ্রীমন্মধ্বের পাদপদ্ম শ্বরণ করিতে লাগিলেন এবং কথন সন্ন্যাস গ্রহণ করিয়া সর্বতোভাবে

শ্রীমধ্বানুজের শ্রীমধ্বের নিকট সন্যাস-গ্রহণ হরিভজন করিবেন, তজ্জন্ত ব্যাকুল হইলেন। শ্রীমন্মধ্বাচার্য্য অনুজের আর্ত্তিতে আরুষ্ট হইয়া পূর্ব্বাশ্রমের জন্মভূমিতে উপস্থিত হইলেন এবং

বৈরাগ্যবান্ অনুজ্জকে সন্যাস প্রদান করিয়া 'বিষ্ণু তীর্থ' নামে অভিহিত করিলেন।

বিষ্ণুতীর্থ শ্রীমধ্বের নিকট হইতে বেদান্তশান্তের শ্রবণ, অমুবাদ ও মননের দ্বারা সময়ের সার্থকতা সম্পাদন করিতে লাগিলেন। গুরুদেব শ্রীমধ্ব রূপাপূর্বক বিষ্ণুতীর্থের অস্তরে যে রূপান্ধুর নিহিত করিয়াছিলেন, বিষ্ণু

শ্রীবিষ্ণুতীর্থের গুরু-দেবা ও তীর্থপর্যাটন তীর্থ গুরুসেবা-দ্বারা তাহাকে মহাবৃক্ষে পরিণত করিলেন। বিষণু তীর্থ যথাথ ই পূর্ণপ্রজ্ঞদেবের কারুণ্য-কল্লবৃক্ষাশ্রিত হইয়া মন্ত্রসিদ্ধি লাভ

করিলেন। অনন্তর শ্রীবিষ্ণুতীর্থ মলিন জলের দ্বারা কলুষিত বিষ্ণুতীর্থসমূহকে পুনরায় তার্থীভূত করিবার জন্ম উত্তরাভিমুখে যাত্রা করিলেন।
তীর্থপর্যাটন-কালে তাঁহার সংযম ও নিরস্তর ভগবৎসেবা আদর্শস্থানীয়
হইয়াছিল। যথন বিষ্ণুতীর্থ এইরূপ ভগবৎ

হ্রগাছণ। ব্যন ব্যক্তার ও শ্রীব্যাসতীর্থ প্রসাদ লাভ করিলেন, তখন

প্রসাদ লাভ করিলেন, তখন পরম পণ্ডিত

ও অতীন্দ্রিরজ্ঞানশালী অনিরুদ্ধ নামক এক প্রির শিষ্য বিষ্ণুতীথের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে রজতপীঠপুরে লইয়া গেলেন। কবিকুলতিলক বিদ্বজ্জনচূড়ামণি ব্যাসতীর্থ নামক মধ্বপাদের অতিপ্রির এক মহাত্মা তথায় বিষ্ণুতাঁথের শিষ্যত্ব গ্রহণ করিলেন। শ্রীমন্মধ্বাচার্য্যের সর্বব্যাপী গুণে আরুষ্ট হইয়া যে দ্বিজ্বর পূর্ব্বে গোদাবরীর

নিকট হইতে সমাগত ইইয়াছিলেন, সেই পদ্মনাভতীর্থ মধ্বাচার্য্যের শিষ্যত্ব লাভ করিলেন এবং বেদাস্ত-সিদ্ধাস্তের দ্বারা মায়াবাদিগণকে নিরাস করিয়া

অমুব্যাখ্যানের টীকা ও 'সন্ন্যায়রত্নাবলী' নামক

শ্রীপন্মনাত তীর্থ অমূল্য গ্রন্থ রচনা করিলেন। বিষ্ণুতীর্থ ও পন্মনাভতীর্থের পূর্বের ও পরে আরও অনেক

সন্ন্যাসী মধ্বপাদের শিশ্ব হইয়াছিলেন। তন্মধ্যে হ্নষীকেশতীর্থ, জনার্দ্দন তীর্থ, নরসিংহতীর্থ, উপেক্রতীর্থ, বামনতীর্থ, রামতীর্থ, অধোক্ষজ তীর্থের

গুরুভক্তি আদর্শস্থানীয় হইয়াছিল। ইহারা

শ্রীমধ্বাচার্যা-শিষ্যরন্দ পৃথিবীর পবিত্রতা সম্পাদন ও হরিপদ প্রদর্শন করিয়া স্থ্যদেবের স্থায় যাবতীয় কুসিদ্ধান্ত-তমঃ

বিনাশ করিয়াছিলেন। বহু গৃহস্থ ব্যক্তিও শ্রীমধ্বপাদের পূর্ণ অনুগ্রহ প্রাপ্ত ইয়াছিলেন। তন্মধ্যে ত্রিবিক্রমাচার্য্য, তদন্মজ শঙ্কর ও আর একজন শঙ্কর—এই তিন জনই লিকুচকুল-প্রদীপ ছিলেন। শ্রীমন্মধ্বের শিষ্য ও প্রশিষ্যগণ সকলেই অপসিদ্ধান্ত খণ্ডনে বিশারদ হইয়াছিলেন। কেহ কেহ অল্ল শাস্ত্র শ্রবণ করিয়াও ভক্তিপরায়ণ বহু গুণান্থিত ও সিদ্ধান্তজ্ঞ ছিলেন। অনেক ভূম্যধিকারী পূর্ণপ্রজ্ঞের শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন সজ্জন-রক্ষণ ও হুর্জ্জনশাসনই তাঁহাদিগের সেবাকার্য্য হইয়াছিল। পূণপ্রজ্ঞ। কয়তীর্থের নিকট এক গ্রামন্থ মঠে বাস করিয়া নিরন্তর হরিকথা কীর্ত্তন করিতে লাগিলেন।

দ্বাবিংশ অধ্যায়

নানা অভক্তিমতবাদ-নিরাস ও ঐশ্বর্য্য-প্রকাশ

শ্রীমন্মধ্বাচার্য্যের কোন এক বিদ্বান্ শিষ্ম গোমতী নদীর তট-সমীপে
সজ্জনগণের নিকট সংসার-বন্ধন-নাশক, সাক্ষাৎ বেদান্তশাস্ত্রতুলা ছব্ধমাহাত্মা বর্ণন করিতেছিলেন, সেই সময় সাধু ও
বেদ-বিদ্বেশী শুজ্ঞ বেদবিদ্বেশী কোন এক বাচাল শুজ্জাতীয় রাজা
রাজার উক্তি
শ্রীমন্মধ্বাচার্য্যের নিকট ধৃষ্ঠতা-সহকারে বলিতেছিল
যে,—"বেদের মন্ত্রগুলি উন্মন্তের প্রলাপ ছাড়া আর কিছুই নহে,
উহাদের কোনও প্রামাণিকতা নাই, বেদের কথাগুলি মিথ্যা। কারণ
বেদে আছে যে, ওযধিবীজ হস্তে লইয়া বেদের নির্দ্দিষ্ট মন্ত্র পাঠ
করিলে সন্তুই উহা অন্তুরপুষ্পফলাদিরূপে পরিণত হয়; কিন্তু ইহা কোন
ক্ষেত্রেই ফলবান্ নেখিতে পাওয়া যায় না ইত্যাদি।"

শ্রীমধ্বাচার্য্য উক্ত বেদবিশ্বেষী শূদ্র-জাতীয় রাজার কথা শুনিয়া বলিলেন,—'অধিকার অনুসারেই বেদোক্ত ফল লাভ হয়।'

• ধূর্ত্ত রাজা বলিল—"অধিকার পদার্থটি প্রত্যক্ষের বিষয়ীভূত; কিন্তু যথন কাহাকেও সেরূপ অধিকারী দেখিতেছি না, তথন উহা গর্দভশৃঙ্গের ন্থায় চিরকালই অস্ত্য।"

শীননধ্বাচার্য্য শুদ্রাজার ঐরপ তৃচ্ছ ভাব সহ্য করিতে না পারিয়া কিছু ঐশ্বর্যা প্রকাশ করিলেন। তিনি তৎক্ষণাং নিজের হস্তে ওযধি-বীজ গ্রহণপূর্বক স্ক্রমন্ত্র জপ করিবামাত্রই তাহা হইতে অঙ্কুর, পত্র, পুষ্প ও বীজের উদ্গাম হইল।

কোনও এক রাত্রিতে শ্রীমধ্ব শাস্ত্র ব্যাখ্যা করিতেছিলেন, তখন হঠাৎ প্রদীপ নির্বাপিত হইল। তথায় প্রদীপ পুনঃ প্রজ্জলিত করিবার কোন উপকরণও ছিল না। অথচ শাস্ত্রব্যাখ্যাও রহিত করা যায় না। তখন মধ্বাচার্য্য নিজের নখজ্যোতিদ্ব রিয়ই শিশ্বগণকে শাস্ত্র পড়াইলেন। শিশ্বগণ গুরুপদনথের জ্যোতিঃ দর্শন করিয়া চমৎকৃত হইয়াছিলেন।

কোন এক সময়ে স্নান্ঘাট নির্মাণের জন্ম উচ্চ তীর হইতে পতিত জলধারা-সহনক্ষম একটি বৃহৎ শিলাথণ্ড এক হাজার লোক মিলিয়া অতিকপ্তে কিছুদূর আনিল, কিন্তু যথাস্থানে লইয়া সহত্র লোকেরও ধারণ- যাইতে পারিল না। প্রীমন্মধাচার্য্য ইহা দেখিয়া সামর্থাতীত শিলাথণ্ড এ ব্যক্তিগণকে বলিলেন, 'তোমরা শিলাথণ্ড স্নান্ঘাটে না লইয়া অর্জ্নপথে ফেলিয়া যাইতেছ কেন ?' তাহারা বলিল,—'ঐ শিলা বহনের শক্তি মান্মধের নাই; ত্বয়ং ভীমও উহা উজ্বোলন করিতে পারিতেন কিনা সন্দেহ।' তথন হন্মান্ অবতারে গদ্ধমাদন-পর্বতের বহনের স্থায় ঐ শিলাথণ্ডকে প্রীমধ্বপাদ একহন্তে অনায়াসে বহন করিয়া লইয়া গেলেন এবং যথাস্থানে স্থাপন করিলেন। অত্যাপি তুক্ষভদ্রা নদার নিকটে ঐ শিলা বর্ত্তমান থাকিয়া মধ্বপাদের অভূত শক্তির সাক্ষ্য দিতেছে।*

* Rice's Mysore Gazetteer, Page 400.

Going through Melangadi and keeping on to the river, a sacred bathing place, called 'Ambu Theertha', is reached where the stream rushes very deep between some water-worn rocks. At one point, is a large boulder, a big square shaped stone, placed horizontally on another. On the former, is an

দ্বাবিংশ অধ্যায় — অভক্তিমতবাদ-নিরাস

এক সময়ে শ্রীমন্মধ্বাচার্য্য সমুদ্রে স্নান করিতেছিলেন। শ্রীমধ্বপাদকে সমুদ্রের বিশাল তরঙ্গমালায় আচ্ছাদিত দেখিয়া মৎসর তুর্জ্জন ব্যক্তিগণ

মংসর ছর্জনগণের আচার্য্যের প্রতি কটাক্ষ উপহাস করিয়া বলিতেছিল—"হায় হায়, যিনি ত্রিলোকবিষ্ণয়ী 'গুরু' বলিয়া বিখ্যাত, তিনি আজ লঘু তরঙ্গ-লীলায় পতিত হইলেন!" পূর্ণপ্রজ্ঞ নীচ ব্যক্তিগণের ঐ নিন্দাবাক্য গ্রাহ্ম করিলেন না।

কারণ, শৃগালগণের শব্দে কুরুরই বিচলিত হইয়া কলরব করিয়া থাকে, কিন্তু মহাবীর্যাবান্ দিংহ তাছাতে জক্ষেপও করে না। পূর্ণপ্রজ্ঞ সমুদ্রের প্রতি কটাক্ষ নিক্ষেপ করিলে সমুদ্র চাঞ্চল্য পরিত্যাগপূর্বক স্থির হইল। কিন্তু হর্জনগণ শ্রীমধ্বের ঐরপ অসাধারণ ক্রিয়া-কলাপ দর্শন করিয়াও তাহার প্রতি কোন সন্মান প্রকাশ না করিয়া পুনরায় বিদ্বেই প্রকাশ করিতে লাগিল। মনভাগ্য মৎসর ব্যক্তিগণের পক্ষে ইহা কিছু আশ্চর্যোর বিষয় নহে।

শ্রীমন্মধ্বাচার্য্য বিবিধ ঐশ্বর্য্য প্রকাশ করিয়া ঐশ্বর্য্য প্রিয় ব্যক্তিগণের
নিকট তাঁহার মহিমা জ্ঞাপন করিয়াছিলেন।
গণ্ডবাট্ নামক এক বলশালী ব্যক্তি ত্রিশজন লোকের
বহনোপযোগী এক ধ্বজদণ্ড বহন করিতে পারিতেন
এবং ক্ষুদ্র গদাঘাতে নারিকেল বৃক্ষসমূহকে
কিম্পিত করিয়া তাহা হইতে যথেষ্ট ফল সংগ্রহ করিতেন। সেই

inscription in Sanskrit, stating that Sri Madhvacharya brought and placed it there with one hand.

This inscription is of Kadur District, Mudgeri No. 89. It runs:— 'প্ৰীমধ্বাচাৰ্ব্যৈৱেকহন্তেন আনীয় স্থাপিতশিলা'।"

গণ্ডবাট্ ও তাঁহার জ্যেষ্ঠপ্রাতা মধ্বাচার্য্যের নিকট উপস্থিত হইলে আচার্য্য স্বীয় কণ্ঠ-নিম্পেষণের দ্বারা তাঁহাদের শক্তি প্রদর্শন করিতে বলিলেন। তাঁহারা কিছুকাল রুণা পরিশ্রম করিয়া অবসর হইয়া পতিত হইলেন। তথাপি অভিমান পরিত্যাগ করিলেন না দেখিয়া মধ্বপাদ তাঁহাদিগকে স্বীয় ভূমিস্থিত অঙ্গুলিটিকে উত্তোলনের আদেশ করিলেন। তাঁহারা সমস্ত বল প্রয়োগ করিয়াও অঙ্গুলিকে কম্পিতও করিতে পারিলেন না।

'পারস্তী' নামক দেবালয়ে উপস্থিত হইয়া শ্রীমধ্বপাদ গ্রামাধ্যক্ষ ও রাজগণের সহিত অর্দ্ধিবিসের মধ্যেই বিরাট্ মহামহোৎসব সম্পান করিয়াছিলেন। পারস্তী দেবালয়ের সরোবর শুক্ষ হইয়া গেলে পূর্ণপ্রজ্ঞ তথায় প্রচুর রৃষ্টিপাত করাইয়া সেই সরোবর পূর্ণ করাইয়াছিলেন। কতিপয় থল বাজির হুর্মন্ত্রণায় সরিদস্ত গ্রামের অধিপতি এক শূদ্র রাজ। শ্রীমন্মধ্বাচার্য্যকে বধ করিবার অভিসন্ধি লইয়া আচার্য্য-সমীপে উপস্থিত হইলে আচার্য্যের অভূতপূর্ব্ব ব্যক্তিত্বে সে বিমোহিত হইয়াছিল। শ্রীমধ্বাচার্য্য ধর্ম্বরিক্ষেত্রে গমন করিয়া 'শ্রীক্ষ্বামৃতমহার্ণবি' নামক গ্রন্থ রচনা করিলেন। এই গ্রন্থ-ধৃত শ্রীমধ্বোপদেশামৃত খানাস্তরে উদ্ধৃত হুইবে।

ত্ৰয়োবিংশ অধ্যায়

বৈকুণ্ঠ-বিজয়

সংসারার্ণব-তরণীষরূপ আচার্য্য শ্রীমধ্ব ভগবদিচ্ছায় ভ্বনমঙ্গলের জন্ম জগতে অবতীৰ্ণ হইয়াছিলেন। তিনি যে জন্ম জগতে আসিয়াছিলেন,

ভুবনমঙ্গল-বিধানান্তে আচার্য্যের বৈকুণ্ঠ-বিজয়

সেই কার্য্য পরিপূর্ণ হইয়াছে—মায়াবাদ অন্ধকার ছুষ্টদলন, শিষ্টতোষণ ও বিনাশ করিয়া শ্রীমন্মধ্ব তথায় তত্ত্ববাদের দিব্য আলোক অবতরণ করাইয়াছেন। জৈন, বৌদ্ধ, হৈতুক, কেবলাদৈতবাদী প্রভৃতি বেদবিদ্বেষিগণকে দলন করিয়াছেন, পাষগুদলনের সঙ্গে সজ্জন-

গণকে শুদ্ধভক্তি দান করিয়াছেন, ঐশ্বর্যামুগ্ধ অজ্ঞ ব্যক্তিগণের নিকট এখর্য্য বিস্তার করিয়া নিজপাদপদ্ম-মহিমা প্রকাশ করিয়াছেন, বহু লুপ্ত কেদশাখা ও শ্রুতিমন্ত্রসমূহ উদ্ধার করিয়া ভক্তির নিত্যত্ব স্থাপন করিয়াছেন, ব্রহ্মস্ত্র-ভাষ্য, গীতা-ভাষ্য, শ্রুতি-ভাষ্য প্রভৃতি রচনা করিয়া নির্বিশেষ মতবাদকে বিধ্বস্ত করিয়াছেন, শুদ্ধ দৈতবাদ সংস্থাপন করিয়া অচিস্তাভেদাভেদ দিদ্ধাস্তের ভিত্তি পত্তন করিয়াছেন, বৈষ্ণব-সমাজে বৈষ্ণবশ্বতির ব্যবহার প্রচলন করিয়াছেন, শ্রীমন্তাগবত ও মহাভারতের তাৎপথ্য রচনা করিয়া অশেষ লোককল্যাণ ও সনাতন ভাগ্বতধর্ম্মের সংরক্ষণ করিয়াছেন, আয়ায়-পরম্পরার নিত্যত্ব বৈষ্ণবদেবার মহত্ব প্রচার করিয়াছেন, শ্রীমূর্ত্তিপূজাপ্রচার, শান্তগ্রহপ্রচার, পরিব্রাঞ্জরূপে দেশে দেশে ভক্তিসিদ্ধান্ত-প্রচার ও সম্প্রদায়-রক্ষার যাবতীয় কার্য্য সমাধা করিয়াছেন, অতএব শ্রীমধ্ব তাঁহার বৈকুণ্ঠ-বিজয়ের

সময় উপস্থিত দেখিয়া নিজ্ঞাশিয় পদ্মনাভতীর্থের উপর দ্বৈতসিদ্ধান্ত প্রচারের ভার প্রদানপূর্বক তাঁহাকে তদধস্তন আচার্য্যপদে অভিষিক্ত

শীপদানাভ, নৃহরি ও
মাধব তীর্থের শীমধ্বের
সাক্ষাৎ শিশু হইয়াও
সম্প্রদায-রক্ষার্থ যথাক্রমে আচার্য্যের কার্য্য

করিলেন। শ্রীপদ্মনাভতীর্থ, নৃহরিতীর্থ ও মাধবতীর্থ— এই তিনজনই শ্রীমন্মধ্বাচার্য্যের সাক্ষাৎ শিষ্য এবং তিনজনই আচার্য্যোপযোগী দর্বাগুণে বিভূষিত ছিলেন। কিন্তু সম্প্রদায়-রক্ষার জন্ম প্রথমে শ্রীপদ্মনাভ, পরে শ্রীনৃহরি ও পরে শ্রীমাধবতীর্থ মাধ্ব-সম্প্রদায়ের আচার্য্যের কার্য্য করেন। শ্রীপদ্মনাভ ১১২০ শকাকায়,

শ্রীনরহরি ১>২৭ শকাব্দায় ও শ্রীমাধব ১১৩৬ শকাব্দায় যথাক্রমে আচার্য্যা-সনে উপবেশন করিয়াছিলেন। অশীতিবর্ষ বয়:ক্রমকালে শ্রীশ্রীআনন্দতীর্থ

শীমন্মধ্বের ঐতরেয় ভাষ্ম ব্যাখ্যা করিতে করিতে নিত্যলীলা-প্রবেশ মধ্বমূনি মাঘী শুক্লা নবমী তিথিতে শিশ্বগণের নিকট ঐতরেয় উপনিষদের ভাষ্য ব্যাখ্যা করিতে করিতে নিত্যলীলায় প্রবেশ করেন। যথন শ্রীমধ্ব-পাদ বৈকুণ্ঠবিজয়লীলা প্রকাশ করিলেন, তথন দেবতাগণও আচার্য্যের স্তব করিয়াছিলেন। শিশ্বগণ

শ্রীমধ্বাচার্যাকে শুব করিতে করিতে বলিলেন,—

'হে গুরুদেব, আপনি আপনার বাণীকুতান্তের দ্বারা অসং শান্তের নাগপাশসমূহ ছেদন করিয়াছেন। আপনার বাণী নিরন্তর পাষগুদলন ও বিষ্ণুভক্তিপ্রচারণকার্য্যে নিষ্কু হইয়াছে। আপনি সদ্গুণের দ্বারা চতুর্দিশভূবন জয় করিয়াছেন। আমাদিগকে শিষ্যগণের শ্রীমন্মধ্ব-আপনার পাদপদ্ম-ভেলায় আশ্রয় প্রদান করুন। বিষয়ন্ততি হে প্রাশেশ্বর, আপনি প্রণতগণকে তত্ত্জান-প্রদানের জন্ত ভূতকে অবতীর্ণ হইয়াছিলেন। হে স্বামিন্! রামপ্রিয়ত্তম

ত্রয়োবিংশ অধ্যায়—বৈকুণ্ঠ-বিজয়

মহাগুণশালিন্ হত্মন্! আপনাকে পুনঃ পুনঃ সাঠাঙ্গ দণ্ডবৎ প্রণাম করিতেছি।''

দৈবতাগণ ও শিষ্মগণ এইরূপ স্তুতি-দ্বারা স্থমহৎ গুরুবিজয়-মহোৎ-সবের সম্বর্জনা করিয়াছিলেন এবং হরিপ্রিয়গণের শ্রেষ্ঠ শ্রীমধ্বপাদের শ্রীঅঙ্গে সকলের সম্মুথে স্থগন্ধি পুষ্পরাশি বর্ষণ করিয়াছিলেন।

চতুৰিংশ অধ্যায়

শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

১। গীতাভাষ্যন্—এই গ্রন্থে প্রথমতঃ মহাভারতকে সমস্ত বেদের অর্থনারা পরিপৃষ্টরূপে প্রতিপাদন করা হইয়ছে। যে সমস্ত বিষয় কোন বেদেই উল্লিখিত নাই, কেবলমাত্র ভগবান্ বেদ-ব্যাসের নিজেরই উপলব্ধ, স্ত্রী শৃদ্র প্রভৃতি বেদে অনধিকারী ব্যক্তিগণের উপযোগিরূপে সেইসমস্ত বিষয়ই বিস্তৃতভাবে এই গ্রন্থে বর্ণিত হইয়াছে। অতএব মহাভারত বেদ অপেক্ষাও উত্তম মহাশাস্ত্র এবং তন্মধ্যে প্রীভগবদগীতা ও বিষ্ণুদহন্দ্র-নাম-স্তোত্র মহাসার-স্বরূপ। এই ভাবে গীতাভায়ে মহাভারত ও গীতার মাহান্ম্য বিশেষভাবে প্রতিপাদিত হইয়াছে।

প্রথম ছয় অধ্যায়ে ভগবানের অপরোক্ষ-জ্ঞানের সাধনরপে নিজ নিজ বর্ণাশ্রমোচিত সমস্ত কর্ম্ম নিজামভাবে অবশ্য কর্ত্তব্য—ইহাই য়ে শ্রীক্বফের বাণীর তাৎপর্য্য—এই বিষয়ে বহু প্রমাণ কথিত হইয়াছে। দ্বিতীয় ছয় অধ্যায়ে বিবিধ বিভূতিপ্রদর্শনক্রমে ভগবানের মাহাম্মা প্রতিপাদিত হইয়াছে। তৃতীয় ছয় অধ্যায়ে ভগবানের উপাসনাবিরোধী বস্তুসমূহের স্বাভাবিক ধর্মসমূহ বিস্তৃতভাবে বর্ণনপূর্ব্বক ভগবস্তুক্তিই য়ে অবশ্য কর্ত্বর্য এবং উহাই য়ে বিষ্ণু জিলু লাভরূপা মুক্তির অন্তরক্ষ সাধন, ইহা স্পষ্ঠভাবে নিরূপিত হইয়াছে। এই গ্রন্থে শ্রীমধ্বাচার্য্য প্রধানভাবে গীতার তাৎপর্য্য প্রকাশ করিয়া নিজক্থিত বিষয়ের সমর্থকরূপে বহু প্রমাণ উদ্ধার করিয়াছেন।

২। ব্রহ্মসূত্রভাষ্য—এই গ্রন্থে শ্রীবেদব্যাদের সাক্ষাৎ ভগবন্-

চতুর্বিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

মবতারত্ব, সর্ববেদের বিভাগের কারণ, ব্রহ্মস্ত্রসমূহের সর্ববেদার্থনিরূপকত্ব প্রতিপাদিত হইয়াছে। সমন্বয়, অবিরোধ, সাধন ও ফলরূপ অধ্যায়-তুষ্ট্য়-মধ্যে প্রথম সমন্বয়-অধ্যায়ে অন্ত বস্তুতে প্রসিদ্ধ নামলিকাত্মক সমস্ত াব্দের ব্রন্ধবিষয়েই পরমমুখ্যবৃত্তি ও বিদ্বদ্রাঢ়িছেতু ব্রন্ধবাচকত্ব প্রতি-াাদিত হইয়াছে এবং প্রসঙ্গক্রমে বেদবিভায় দেবগণের অধিকার ও দ্রেগণের অনধিকার নিরূপিত হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে যুক্তি, াচার, শ্রুতি ও ক্যায়যুক্তশ্রুতিরূপ বিরোধচতুষ্টয়ের পরিহার রা হইয়াছে। তৃতীয় অধ্যায়ে বৈরাগ্য, ভক্তি, উপাসনা ও জ্ঞানরূপ াদচতুষ্টারে মোক্ষের অন্তরঙ্গ সাধনসমূহ বর্ণন করিয়া অপরোক্ষজ্ঞানেরই র্ম্বপাপ-বিনাশকত্বরূপ মাহাত্মা ক্ষিত হইয়াছে। চতুর্থ অধ্যায়ে র্মনাশ, উৎক্রান্তি, মার্গ ও ভোগরপ পাদচতুষ্টয়ে অপ্রারন্ধ সর্বকর্মনাশ, ানিগণের দেহ হইতে উৎক্রান্তির ক্রম, অফিরাদি মার্গক্রমে মোক্ষলাভের কার এবং মোক্ষের চতুর্বিধন্ব বর্ণনপূর্বক তৎকালীন বৈকুণ্ঠানন্দ-বিস্তার রূপিত হইয়াছে। সর্বশেষে শ্রীমধ্বাচার্য্যের বায়ুরূপত্ব প্রতিপাদিত ইয়াছে। এইরপেই স্ত্রপ্রস্থানে প্রমাণসহ নিজসিদ্ধান্তের স্পষ্ট বিবরণ বং প্রসঙ্গক্রমে পরমতের কিঞ্চিৎ খণ্ডনেই এই গ্রন্থ সমাপ্ত হইয়াছে।

্ত। অনুভাষ্য—এই গ্রন্থে অধ্যায়-চতুইয়যুক্ত ব্রহ্মস্ত্রসমূহের তাক অধিকরণের তাৎপর্য্য অতি সংক্ষেপে লিখিত হইয়াছে। মধ্বাচার্য্যের সন্মাসপ্তর্ক শ্রীঅচ্যুতপ্রেক্ষাচার্য্য প্রত্যহ ব্রহ্মস্ত্রের ভাষ্য ঠ না করিয়া ভগবংপ্রসাদ গ্রহণ করিতেন না। একদিন স্বর্য্যোদয়ের কলামাত্রকাল স্বাদশীতিথির অবস্থানহেতু তন্মধ্যে পারণ কর্ত্ব্যায়ায় সেইদিন স্ক্রভাষ্য পাঠ না করিয়াই প্রসাদ দেবন করিতে হইবে ব্য়া তিনি ছঃশ্বিত হইলেন। তথন শ্রীমধ্বাচার্য্য ব্রহ্মনীমাংসার

সারম্বরপ অণুভাষ্য বিরচনপূর্বক গুরুদেবকে প্রদান করিলে তিনি তাহা পাঠ করিয়া দ্বাদশী-মধ্যেই প্রসাদ-গ্রহণে সমর্থ হইলেন, -- এইরপ একটি কিংবদন্তী রহিয়াছে। এই গ্রন্থটি মূল, বঙ্গান্থবাদাদির সহিত স্নোড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্ষ্য পরমহংস ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনস্তবাম্বদেব পরবিষ্যাভূষণ গোম্বামী প্রভুর সম্পাদকতায় বঙ্গদেশে সর্বপ্রথম প্রচারিত হইয়াছে।

8। অনুভাষ্য বা অনুব্যাখ্যান—'মধ্বশান্ত্রবিরুদ্ধ পরশান্ত্র-সমূহকে শ্রুতি-স্মৃতি-প্রতিপাদিত যুক্তি ও লৌকিক যুক্তিসমূহদারা খণ্ডন করিতে সমর্থ, এরূপ একটি ভাষ্যগ্রন্থ রূপাপূর্বক রচনা করিয়া আমাদের সকলের মঙ্গল বিধান করন'—প্রিয়শিষ্য ত্রিবিক্রমাচাণ্য এরূপ প্রার্থনা করিলে শ্রীমধ্বাচার্যা 'অমুব্যাখ্যান' প্রণয়ন করেন। এই গ্রন্থে প্রথমতঃ ব্রহ্মস্ত্রসমূহের প্রামাণ্য নিরূপিত হইয়াছে। অতঃপর বন্ধের যথার্থত্ব সমর্থিত ও মায়িকত্ব নিরাক্ত হইহাছে। এইরূপে আরোপবাদী ও অক্তথাখ্যাতিবাদিগণের মত বিশ্লেষণপূর্ব্বক গণ্ডন. 'বেদসমূহ যাগাদি ক্রিয়া-প্রতিপাদনপর'—এই নীমাংসকমতের খণ্ডন, চার্কাক্, বুদ্ধ প্রভৃতির অনাপ্তথনিশ্চয়হেতু তত্তৎশাস্ত্রসমূহের পরিত্যাজাথ-কখন, ব্রহ্মশাস্ত্রসমূহের পরমতীয় ব্যাখাায় দোষ উদ্ভাবনপূর্বক খণ্ডন. প্রথমাধ্যায় চতুর্থপাদে সাংখ্যমত-নিরাসকত্বাদিগণের মতসমূহের সবিস্তর খণ্ডন, দিতীয় অধ্যায় প্রথমপাদে পরোক্ত প্রমাণ-প্রণালীর খণ্ডন, বেদপ্রামাণ্য সমর্থন, দ্বিতীয়পাদে সাংখ্যাদি সর্ববিধ বিরোধিমতসমূহের বিস্তৃত তৃতীয়াধায়ে বিশেষভাবে মায়াবাদিগণের মত নিরাকরণ, শ্রোত বৈষ্ণবধর্মের সত্যত্ব স্থাপন, ঐশ্বরিক প্রত্যক্ষের প্রবল প্রামাণ্য নির্দারণ, পরকর্ত্তক অভেদ-প্রতিপাদকরূপে উক্ত শ্রুতিসমূহের ভেদপর ব্যাখ্যান,

চতুর্বিবংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থারলী

ব্রহ্মাদি দেবগণের তারতম্য কথনপূর্ব্বক তদীয় সাধন-তারতম্য নিরূপণ,
তাঁহাদের ভগবদ্বিষয়ক অপরোক্ষ জ্ঞানবিষয়ে বৈশিষ্ট্য কথন, কর্মাদি
সাধনসমূহের পারম্পর্য্য-ক্রমনির্ণয়, দ্বেষের বিরোধিতা স্থাপন. শাস্ত্রব্যাখ্যানফলের উত্তরোক্তর আধিক্য-কথন, চতুর্থাধ্যায়ে উপাসনার ক্রম,
স্কল্য দেবগণের প্রষ্টুপুরুষগণে লয় কথন, মন্ত্র্যাগণের অচিরাদিমার্গনিরূপণ,
পরমত্যোক্ত মোক্ষের ক্রম ও স্বরূপ নিরাকরণ, মোক্ষে সাযুক্ষ্য, সারূপ্য,
সালোক্য ও সামীপ্যরূপ প্রকার চতুষ্টয় উল্লেখপূর্ব্বক তন্মধ্যে আনন্দের
তারতম্য-কথন ও অনেক প্রমাণদারা তৎসংস্থাপন, মুক্তগণের সংসারে
পুনরাবৃত্তি নিষেধ এবং মোক্ষে ব্রন্ধাদি দেবগণের তারতম্যরূপেই
আনন্দভোগ নিরূপিত ও ব্যাখ্যাত হইয়াছে।

- ৫। প্রমাণ-লক্ষণ—প্রত্যক্ষ, অমুমান ও আগমরূপ ত্রিবিধ প্রমাণ কথন; প্রত্যক্ষাদির বিভাগপূর্বক বিষয়-নিরূপণ; প্রত্যক্ষাদির প্রতিবন্ধক দোষসমূহের বর্ণন; পরোক্ষ প্রমাণ-ব্যবস্থার সংক্ষেপে নিরা-করণাদি এই গ্রন্থে প্রদর্শিত হইয়াছে
- ৬। কথা-লক্ষণ—বাদ, জন্ন ও বিতপ্তারপ কথাত্রয়ের স্বরূপ-নিরূপণ, তদধিকারিনিরূপণ, প্রশ্নকর্তার স্বরূপবিচার, প্রশ্নকর্তার অভাবে কথাকরণে দোষ, জন্ম-পরাজয়-নির্গন্ত্রণালী ও নিগ্রহন্থান-নিরূপণ প্রভৃতিই এই গ্রন্থের বিষয়।
- ৭। উপাধি-খণ্ডন—মায়াবাদিকর্ত্ব বন্ধবস্ততে প্রতিপাদিত অজ্ঞানাদি উপাধির স্বরূপ থণ্ডন, ব্রন্ধে অজ্ঞানের অসম্ভবত্ব প্রতিপাদন এবং ভেদসমূহের উপাধিকত্ব নিরাকরণ প্রভৃতি এই গ্রন্থে প্রতিপাদিত হইয়াছে।
 - ৮। মায়াবাদ-খণ্ডন—এক্য অর্থাৎ জীব ও এক্ষের অভেদরূপ [১৬৩]

পদার্থটি ব্রন্ধের স্বরূপ বা অস্বরূপ—এইরূপ বিকল্পের নিরাকরণপূর্বক ঐক্যের যাথার্থ্য নিরাস এবং অযথার্থভূত ঐক্যের প্রতিপাদনহেভূ অপ্রামাণ্য-নিবন্ধন মায়াবাদের অগ্রাহ্মমনিরূপণ প্রভৃতি এই গ্রন্থে প্রদর্শিত হইয়াছে।

- ৯। প্রপঞ্চ-মিথ্যাত্বাত্মমান-খণ্ডন—মায়াবাদিগণ-কর্ত্ব প্রপঞ্চের মিথ্যাত্ব প্রতিপাদনার্থ কথিত অনুমানসমূহে সংক্ষেপে দোষোদ্ভাবন এবং সংক্ষেপে অনুমানপ্রণালী এই গ্রন্থে প্রদর্শিত হইয়াছে।
- ১০। তত্ত্বসংখ্যান—এই গ্রন্থে তত্ত্ববিভাগ, চেতনগণের বিভাগ, মুক্ত-চেতনগণের বিভাগ, তমোভাবযোগ্য চেতনগণের বিভাগ, নিত্যবস্তু-বিভাগ, অনিত্যবস্তু-বিভাগ, সংস্পষ্ট ও অসংস্প্র্টবিভাগ এবং জীবগণের মোক্ষপ্রাপ্ত ও মোক্ষ-অপ্রাপ্তরূপ বিভাগ বর্ণিত হইয়াছে।
- ১১। তত্ত্ববিবেক—'তত্ত্বসংখ্যান' গ্রন্থাক্ত বিষয়সমূহের প্রমাণরূপে বেদব্যাসোক্ত তত্ত্ববিবেকগ্রন্থের শ্লোকসমূহ এই গ্রন্থে উদাহনত হইয়াছে। 'তত্ত্বসংখ্যান' গ্রন্থোক্ত বিষয় এই গ্রন্থেরও বিষয়।
- ১২। তত্ত্বাত্তোত—এই গ্রন্থে প্রবল মায়াবাদী পুণ্ডরীকপুরীর সহিত বিচারকালীন শ্রীমন্মধাচার্য্য-কথিত প্রমাণযুক্তিসমূহ বর্ণিত হইয়াছে। ইহাতে মায়াবাদোক্ত যাবতীয় প্রমেয়পদার্থের স্যুক্তিক নিরাস, বিশেষভাবে ভেদের মিথ্যাত্ব ও জগতের মিথ্যাত্ব-নিরাকরণ, মায়াবাদিগণের দৈত্যরাক্ষসজাতিত্ব প্রমাণ, বৌদ্ধ ও মায়াবাদিগণের সাম্য-প্রতিপাদন এবং শ্রীমধ্বাচার্য্যের শিষ্যগণকর্ত্ব মায়াবাদিগণের প্রতিপ্রকু উপহাদবাক্যসমূহ বর্ণিত ইইয়াছে।
- ১৩। কর্মনির্ণয়—বেদসমূহে কর্মপররূপে প্রাসন্ধান অংশসমূহের বিক্ষাবিষ্ণবিষয়ে

চতুর্বিবংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

তাংপর্যানিরূপণ, নিষ্কামকর্ম্মসমূহের ভগবজ্জানসাধনরূপস্ক্ষণনপূর্বক তাহার অবশুক্তব্যতানিরূপণ এবং মেঘগর্জনাদি যাবতীয় শব্দের ভগবং-স্বরূপপরস্থনিরূপণ — এই গ্রন্থে বিচারিত হইয়াছে।

১৪। এ শিদ্বিষ্ণুভত্ববিনির্ণয় – এই গ্রন্থে এ বিষ্ণু কেবলমাত্র সং-আগমসম্হলারাই জেয়.—ইহাই প্রতিপাদিত হইয়াছে। ঋক্ প্রভৃতি বেদসমূহ, মূলরামায়ণ, মহাভারত, সাত্তিকপুরাণ ও পঞ্চরাত্রসমূহই সৎ-আগম এবং এতদিরুদ্ধ শাস্ত্রসমূহই তৃষ্ট-আগম। এই গ্রন্থে বেদের অপৌরুষেয়ত্ব-সমর্থন; বর্ণসমূহের নিতাত্ব-সমর্থন; পুরাণসমূহের প্রতি-কল্পে (স্ষ্টিতে) ক্রমভেদহেতু অনি চ্যক্রমনিবন্ধন পৌরুষেয়ত্বনিরূপণ; বেদসমূহ যজ্ঞাদি ক্রিয়া প্রতিপাদনপর বলিয়াই প্রমাণ, —এইরূপ মতাবলম্বী মীমাংসকগণের মতনিরসন; দিক্সমূছের স্বাভাবিকত্ব-নিরূপণ; প্রত্যক্ষ, অম্মান ও শক্ত-প্রমাণ নির্নাপণপূর্বক তাহাদের স্বরূপবিভাগ; ব্রন্দাদি সর্বজীবগণের প্রত্যক্ষাদির স্বরূপনির্ণয়; বেদসমূহের ভেদপরত্ব-সমর্থন; বেদসমূহ অনুবাদস্বরূপ হইলেও ভাহা যে অভত্তপ্তাপক নহে—ইহার সমর্থন: জীব ও ঈশ্বরপ্রভৃতির ভেদবিষয়ে পরমতোক্ত দোষসমূহের পরিহার; বহুবিধ প্রমাণকথন; দেদসমূহ যে বিষ্ণুরই সর্কোত্তমত্ব-প্রতি-शांत क — এই निषदात नगर्थन ; ছ ! क्लागा यष्ठ व्यथारा छेळ नग्रवात উপদেশের অভেদপ্রতিপাদনবিষয়ে পূর্কাপর বিরোধ-প্রদর্শন ; নববিধ-দৃষ্টান্তের ভেদপ্রকাশকত্ব-সাধন; জগতের মিথ্যাত্বপ্রতিপাদকরূপে মায়া-বাদিগণ-কর্তৃক উল্লিখিত শ্রুতিসমূহের অর্থাস্তরকপনপূর্বক সভাত্বপ্রতিপাদ-कष्ठकथन ; मात्रावािनगर्गत मर्या अक्षीवदािन ७ व्यत्नक्षीवदािनगर्गत মত বিশ্লেষণ-পূর্বক খণ্ডন; ভেদবিষয়ে ও জগতের সত্যতা-বিষয়ে বহু প্রমাণকথন; বিভীয় পরিচ্ছেদে বিষ্ণু ও জীবের স্বরূপবিচার; তৃতীয়

পরিচ্ছেদে বিষ্ণুর জন্মাদির অভাব-প্রতিপাদন; সর্বাবতারের মূলস্বরূপের সর্বসাম্য ও অভেদ কথন; তাঁহাদের তঃথ ও অজ্ঞানাদির নিরাস; তদীয়দাশুদ্বারাই সকলের মোক্ষ-বর্ণন ইত্যাদি বিষয় বিচারিত হইয়াছে।

১৫। ঋগ ভাষ্য— এই গ্রন্থে মায়াবাদিগণের অন্যপ্রকার ব্যাখ্যাত অংশমাত্রেরই অপব্যাখ্যানিরসনপূর্বক ভাষ্য ক্বত হইরাছে। এই গ্রন্থে প্রথমতঃ বেদমন্ত্রসমূহের ঋষিপ্রভৃতি ক্রম বর্ণিত হইরাছে। ভগবান, লক্ষ্মী, চতুর্ম্থপ্রভৃতি বেদোপদেশকগণ সকলেই 'ঋষি'-পদবাচ্য। অন্তু প্,, উষ্ণিক্ প্রভৃতি ছন্দঃসমূহ দেবগণের ভার্য্যাম্বরূপ। মন্ত্রসমূহে বিষ্ণুর বিবিধরপ্রসমূহ পৃথক্ পৃথক্ উদাহৃত হইরাছে। সর্ব্ধবিধ বেদমন্ত্রই অর্ধবিধ-বিশিষ্ট, বৈদিকজপাদির ফল যোগ্যভার ভারতম্যান্ত্রসারে লব্ধ হয়। তন্মধ্যে দেবগণই উত্তম অধিকারী। তদপেক্ষা ঋষিগণ, তদপেক্ষা পিতৃগণ, তদপেক্ষা রাজ্যণ ও তদপেক্ষা মন্ত্র্যুগণ নিক্ষপ্ত অধিকারী। বেদ অনধিকারিদারা অধীত হইলে অনিষ্ট্রকারক হয়। ভক্তিপূর্ব্বক আচরিত সমস্তকর্মই বিষ্ণুর প্রীতিদায়ক হয়;—ইত্যাদি বিষয় এইগ্রন্থে কথিত হইয়াছে।

১৬। ঐতরেয়ভাষ্য—বিশাল নামক চতুর্ম্বুথপ্ত্রের পদ্দী ইতারাদেবীর তপস্থায় সন্তুষ্ট হইয়া ভগবান্ বিষ্ণু মহীদাস-নামে অবতীর্ণ হইয়াছিলেন তিনিই ব্রহ্মার যজ্ঞসভায় ব্রহ্মকতুর্ক স্তুত হইয়া লক্ষ্মীদেবীর নিকট এই উপনিষদ্ কীর্ত্তন করিয়াছিলেন, ইছা ভূমিকায় কথিত হইয়াছে। তৎপরে আপাততঃ অভেদ-প্রতিপাদকর্মপে প্রতীয়মান শ্রুতিসমূহের ভেদপরত্ব-স্থাপন; দেবগণের মধ্যে যাঁহার যাঁহার যাবৎ পরিমিত ভগবদ্পুণ উপাসনাযোগ্য, তৎসমুদ্যের বিস্তৃত বিবরণ; অনস্তর শ্রুবি প্রভৃতি সকলের উপাক্ষ ভগবদ্পুণসমূহের সবিস্তর্ম বর্ণন; ভগবদ্

চতুর্বিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

বিদ্বেষী দৈত্য প্রভৃতির স্বভাব ও চরিতাদি নিরূপণ এবং মধ্বাচার্য্যের স্বরূপবিবরণ এইগ্রন্থে বর্ণিত হইয়াছে।

'১৭। বৃহদারণ্যকভাষ্য—শ্রীহয়গ্রীব এই উপনিষদের প্রথম ঋষি। অনন্তর লক্ষ্যী, ব্রহ্মা, ফ্র্যা, যাজ্ঞবদ্ধা ও কর্ণ—ইহারা ক্রমশঃ ঋষিরূপে কথিত। প্রথমতঃ এই গ্রন্থে যে সকল ঋঙ্মন্ত্র অশ্বমেধ-যক্ত-ক্রিয়ার প্রতিপাদকরূপে প্রতায়মান হয়, তাহাদিগকে ভগবানের স্বরূপ-প্রতিপাদকরূপে বর্ণন করা হইয়াছে। অনন্তর ঐক্য-প্রতিপাদকরূপে প্রতীত বাক্যসমূহকে বিস্তৃতভাবে ভেদপররূপে প্রতিপাদন করা হইয়াছে। অভেদবাদ বৃক্তি-বিচার-মূলে খণ্ডিত হইয়াছে। পরে বাদ, জল্ল ও বিতপ্তা প্রভৃতিক কথায় জয় পরাজয় প্রভৃতির নির্ণয়্মপ্রণালী এবং শ্রীমন্মধাচার্য্যের বায়ুরূপত্ব প্রতিপাদিত ইইয়াছে।

১৮। ছালেগ্য ভাষ্য — এই উপনিষদে দেবগণের তারতম্য বিশেষভাবে কথিত হইয়াছে। ওয়ার সর্ববেদের উত্তম বস্তু, সর্ববেদের মূল ও সর্বোত্তমমন্ত্ররূপে কথিত হইয়াছে। জীবগণের পাপাদি হেতু অধাগতি, সংকর্মহেতু উর্জগতি এবং ব্রহ্মজ্ঞানহেতুই মোক্ষ প্রতিপাদিত হইয়াছে। শূদ্রগণ বেদে যে অনধিকারী এবং সদ্গুরুপ্রাপ্তিই যে, পরম্পুরুষার্থলাভের সাধন, ইহাও বিরত হইয়াছে। এইরূপ আদিত্যমগুলে বিভ্যমান বাস্থদেব, সম্বর্ধণ, প্রহায় ও অনিক্রন্ধ — এই মূর্ত্তি-চতৃষ্টয়ের বণ, আকার, স্থান ও পদগত বৈশিষ্ট্য কথিত হইয়াছে। অতঃপর মধুবিভায় অধিকারী বহুপ্রভৃতির উপাম্ম রূপসমূহ, আধিপত্যক্ষেত্রসমূহ এবং অবাস্তর রূপবিশেষসমূহ বিভ্তভাবে প্রতিপাদিত হইয়াছে। জীব ও ব্রহ্মের অভেদপব বাক্যসমূহকে সঙ্গতি-বিরোধহেতু ভেদ-প্রতিপাদকরূপে নির্গর করা হইয়াছে। এইরূপ দেবগণের মধ্যে ক্রম-তারতম্য, যোগ্যের

বৈষ্ণবাচাগ্য মধ্ব

যোগ্য ও অযোগ্যের মধ্যে যোগ্যেরই উপদেশ-গ্রহণে সামথ্য এবং অযোগ্যের উদ্দেশ্যে উপদেশ করিলে পরম অনিষ্ঠ-প্রাপ্তির নিশ্চয়ভা কথিত হইয়াছে। এইরূপ বৈকুণ্ঠাদি বিষ্ণুলোকসমূহের মাহাত্মা ও তথায় লক্ষীর বিলাসসমূহ বহু প্রকারে বর্ণন করিয়া তথায় প্রবিষ্ট ভীবগণের অপুনরাবর্ত্তন শ্রতিপাদিত হইয়াছে।

- ১৯। তৈতিরীয়োপনিষদ্ভায়—এই গ্রন্থে প্রথমতঃ গুরু-কভূকি উপদেষ্টব্য শিক্ষাক্রম, শিষ্মের প্রতি আচার্য্যের কার্য্যোপদেশ, অতঃপর বাস্থদেব প্রভৃতি পঞ্চমৃত্তির অধ্যাত্ম, অধিদৈব, অধিভূত ও অধিপ্রজ্ঞনামক প্রকরণসমূহে অবস্থাননিয়ম, অন্নময়প্রভৃতি পঞ্চপ্রকরণের বাস্থদেবাদি পঞ্চরপেরছনিয়ম, সাধারণভাবে প্রমাণের স্বরূপবিচার, ব্রন্ধজ্ঞানের মোক্ষসাধনত্ব, ব্রন্ধলক্ষণ, ব্রন্ধপ্রাপ্তিপ্রকার, অধিকারিগণের আনন্দের তারতম্যবিচার, মোক্ষদশায় আনন্দভোগপ্রণালী, তৎকালে মুক্তগণের গায়নাদি লীলা-বর্ণন এবং মধ্বাচার্য্যের স্বরূপবিচার ব্যাখ্যাত হইয়াছে।
- ২০। ঈশাবাস্থোপনিষদ্ভায়—এই গ্রন্থে বেদবিহিত বণাশ্রমাচিত নিত্যনৈমিত্তিক সমস্তক্ষের সর্ব্যভোভাবে কর্ত্রতা প্রমাণের
 সহিত নিরূপিত হইয়াছে এবং ভগবানের গুণসমূহের চিন্তা, দোষশূর্মতা
 বিচার, স্টিবিষয়ে কর্ত্ব ও জগতের সংহারবিষয়ে কর্ত্ব প্রভৃতির চিন্তা
 এবং ব্রক্ষজ্ঞানের আবশ্রকতা ও অক্সথাজ্ঞানীর নিন্দা মুক্তির হেতু ইত্যাদি
 যুক্তিসহ প্রতিপাদিত হইয়াছে।
- ২১। কাঠকোপনিষদ্ভাষ্য—এই গ্রন্থে নচিকেতার প্রতি যম-কর্ত্ত্ব উক্ত প্রশ্নত্রয়ের মধ্যে পিতৃসম্ভৃষ্টিরূপ প্রথমটি পরিত্যাগ করিয়া অবশিষ্ট প্রশ্নদ্বয়ের ভগবৎস্বরূপপরত্বের সমর্থন; বিভিন্ন লোকসমূহে

চতুর্বিবংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

দৃশুমান ভগবদ্রূপপ্রকাশবৈশিষ্টা প্রতিপাদন করা হইয়াছে এবং আত্মা ও অস্তরাত্মার স্বরূপ ও স্থানাদি বিবৃত হইয়াছে।

- '২২। অথব্বণোপনিষদ্ভাষ্য—এই গ্রন্থে প্রথমতঃ ঋষিগণের উৎপত্তিক্রম, ঋক্প্রভৃতি বিভাসমূহের পরত্ব ও অপরত্বের ব্যবস্থা, দর্ববিধনামের বাচাত্বরূপে বিষ্ণুর নির্ণয়, যোগ প্রভৃতি ভেদে ভগবানের আরাধনার ভেদ, অক্ষরত্বের ব্যবস্থা, জীব ও ঈশ্বরের ভেদ-সাধন এবং অভেদ-প্রকাশকরূপে প্রতীত বচনসমূহের যুক্তিসহ সরলার্থ প্রকাশ প্রভৃতি প্রদর্শিত হয়।
- ২০। মাণ্ডুক্যোপনিষদ্ভাষ্য—জাগ্রৎ, স্বপ্ন, স্বস্থি ও মোক্ষরপ অবস্থার প্রেরক ভগবদ্রূপসমূহের নাম ও আকারাদিগত ভেদ-বিষয়ে প্রমাণ কথন; প্রণবমন্ত্রের অকারাদি অক্ষরের কেবল বিষ্ণুরূপ অর্থপ্রকাশবিষয়ে প্রমাণ-কথন এবং ঐ সকল অক্ষরের পৃথক্ অর্থ-বিবরণ প্রভৃতি কথিত হইয়াছে।
- ২৪। ষট্প্রশোপনিষদ্ভাষ্য—দম্পতির মধ্যে প্রাণ ও ভারতী অবস্থানপূর্বক সন্তান উৎপাদন করেন,—এই বিষয়ে প্রমাণ বর্ণন; দেবগণের স্বরূপ ও সংখা কথন, ষোড়শ কলার নিরূপণ এবং বিশেষভাবে তেদ-সমর্থ ন—ইত্যাদি এই গ্রন্থে প্রতিপাদিত হইয়াছে।
- ২৫। তলবকারোপনিষদ্ভাষ্য—সমস্ত ইন্দ্রিরের প্রেরকরপে ভগবানের নিরূপণ। দেবগণকে মোহিত করিবার জন্ম মহাপ্রাণী যক্ষরূপে উপস্থিত পুরুষই যে ভগবান্ বিষ্ণু—এই বিষয়ের সমর্থন; তত্মবণবিষয়ে যোগ্য শুরু কথন প্রভৃতি এই গ্রন্থে বর্ণিত হইয়াছে। এইরূপ দশবিধ উপনিষদের ভাষ্যেই আপাততঃ অভেদপ্রতিপাদক ও ভগবানের শুণ-বিরোধিরূপে প্রতীয়মান বাক্যসমূহকে প্রমাণসহ পার্মার্থিক ভেদ-

প্রকাশকরূপে নির্ণয় করিয়া সর্বতোভাবে বিষ্ণুর সর্ব্বোত্তমত্ব প্রতিপাদন করা হইয়াছে। প্রসঙ্গক্রমে অক্সান্ত বিষয়েরও সমর্থন এবং অতি বিরুদ্ধার্থ-বাদী অন্তমতাবলম্বিগণের আপাত অথের খণ্ডন এই গ্রম্থে বর্ণিত হইয়াছে।

২৬। শ্রীমদ্ভগবদ্গীতাতাৎপর্য্যনির্বয় – প্র্রোক্ত ভাষ্যে গীতার শ্লোকসমূহের পদগুলির উল্লেখ এবং তাহাদের অর্থ প্রকাশ করা হইয়াছে। আর কোন কোন স্থলে ছর্কোধ্যরূপে ব্যাখ্যা করা হইয়াছে। পরস্ক এই গীতাতাৎপর্যানির্ণয়ে পদসমূহের উল্লেখ প্রায় নাই; শোকসমূহের তাৎপর্যামাত্র উল্লেখ করিয়া তদ্ধিষয়ে বহু প্রমাণ নির্দেশ করিয়াছেন। অন্তমতাবলিষ্বগণের সিদ্ধান্তের দোষপ্রদর্শনও প্রকারান্তরে করা হইয়াছে। এক ভাষ্যগ্রন্থেই সকল বিরুদ্ধবাদিগণের কুমত খণ্ডিত হইলে পাঠকগণের বোধগমা হইবে না বলিয়া অপরগ্রন্থেও কতিপয় কুমতের খণ্ডন করিয়াছেন। এইকপে প্রকারান্তরেও গীতার ব্যাখ্যা হইয়াছে। গীতার তাৎপয়নির্থ গীতা-ভাষ্য অপেকাও মনোরম। ভাষ্যে যেস্থল সংক্ষিপ্ত, তাৎপর্যানির্ণয়ে তাহা বিবৃত হইয়াছে এবং ভাষ্যে বিস্তৃতভাবে যাহা উল্লিখিত, এই গ্রন্থে তাহার তাৎপর্যামাত্র লিখিত হইয়াছে। পরস্ত উভয় গ্রন্থেরই মুখ্য বিষয় একই; অবাস্তর্বিষয়েই কেবলমাত্র ভেদ রহিয়াছে। মহাভারতের যে দশবিধ অর্থ বর্ত্তমান রহিয়াছে, এই গ্রন্থবয়ে তাহার তুই অথের সকলন ২ইয়াছে।

২৭। শ্রীময়্যায়াববরণ—ব্রহ্মত্ত্রভাষ্য ও অমুব্যাখ্যানে বিস্তৃতরূপে উপপাদিত পূর্ব্ধপক্ষর্ক্তিও সিদ্ধান্তযুক্তিসমূহের স্পষ্ট বিবরণ এই গ্রন্থে
করা হইরাছে এবং সংক্ষেপে প্রত্যেক অধিকরণের তাৎপর্যাবর্ণন
স্পষ্টভাবে করা হইরাছে। আর রুটি, মহারুটি ও যোগপ্রভৃতি
শক্ষর্ত্তিসমূহ বিশেষভাবে এইগ্রন্থে প্রতিপাদিত হইয়াছে।

চতুবিবংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

- ২৮। নরসিংহ-নথস্তোত্র— ঐতিবিক্রম পণ্ডিতাচার্য্য একদিন শ্রীমধ্বাচার্য্যের ভগবং-পূজাকালে রুদ্ধকপাটের ছিদ্রদারা তাঁহাকে হনুমান্, ভীম ও মধ্ব— এই ত্রিবিধরূপে প্রত্যক্ষ করিয়া তৎক্ষণাৎ বায়ুর অবতারগণের স্তুতিরূপা বায়ুস্তুতি বিরচনপূর্ব্যক পূজান্তে শ্রীমধ্বাচার্য্যকে দিলে তিনি ভগবৎস্তুতিহীন নিজস্তুতি দর্শন করিয়া স্বয়ং নরসিংহস্তুতিরূপে শ্লোকন্বয় বিরচনপূর্ব্যক উহার পূর্ব্যে সংযোগ করিয়া দিয়াছিলেন।
- ২৯। যমক-ভারত—ইহাতে মহাভারতের কথা ও শ্রীরুক্ষচরিত সংক্ষেপে নিরূপিত হইয়াছে। ইহার সমস্ত গ্লোকই যমকপূর্ণ, মহাজটিল ও অনুপ্রাদাদি-অলঙ্কারযুক্ত। সমগ্র মাধ্বকাব্য ও অক্ত কোন সম্প্রদায়ের কাব্যসমূহের মধ্যেও এরূপ হর্ষোধ্য কাব্য আর নাই।
- ৩০। **দাদশ-স্থোত্র**—ইহা দাদশাখ্যায়াত্মক মনোহর শ্রীবিষ্ণুস্তোত্র। ইহাতে দশাবতার ও কেশবাদি দ্বাদশ মুর্ত্তির ভক্তিরসপরিপূর্ণ মাহাত্মা-স্থান স্থোত্র আছে; স্থুতরাং ইহা প্রত্যাহ পাঠযোগ্য। এই স্থোত্রই মাধ্বসম্প্রদায়ে প্রধান ও প্রাসদ্ধ।
- ৩১। শ্রীকৃষ্ণামৃত্যহার্থব—এই গ্রন্থ মধ্বাচার্যারত উপদেশরাপ অমৃতরাশি-পরিপূর্ণ। ইহাতে বিষ্ণুভক্ত, বৈষ্ণবসঙ্গ, হরিনামোচচারণ, উর্দ্ধপুঞ্ধারণ ও শঙ্খচক্রাদি চিহ্নধারণের মাহাত্ম্য এবং একাদশীর উপবাসবিধি, বিদ্ধা একাদশীর ত্যাগবিধি ও বিশেষভাবে নবধা ভক্তির অবশ্য-কর্ত্ব্যতা প্রতিপাদিত হইয়াছে।
- ৩২। তদ্ধসার-সংগ্রহ—এই গ্রন্থে ব্যাসকৃত 'ওম্বসার' নামক গ্রন্থেক মন্ত্রসমূহের উদ্ধার, ভগবানের যাবতীয় রূপের মূলমন্ত্রসমূহের বিবরণ, ধ্যান ও বড়ঙ্গ ভাসাদির প্রতিপাদন, প্রতিমার্চনবিধি, বিগ্রহ-প্রতিষ্ঠাবিধি, বিগ্রহভঙ্গে প্রায়শ্চিত্ত. দেবালয়-নির্মাণের ক্রম, বিষ্ণুমন্ত্রের

জপক্রম, তর্পণবিধি, হোমবিধি, কলস-প্রতিষ্ঠাবিধি এবং মন্ত্রসমূহের সর্কবিধ পাপরোগাদি-পরিহারকত্বরূপ মাহাত্ম্য বর্ণিত হইয়াছে।

- ৩৩। সদাচার-স্মৃতি—এই গ্রন্থে এক ব্রাহ্মমূহুর্ত্ত হইতে আরম্ভ করিয়া অপর দিনের তংকাল-পর্যান্ত চতুরাশ্রমী ব্রাহ্মণগণের নিতা-কর্ত্তব্য-কর্ম বিস্তৃতভাবে বর্ণিত এবং সন্ধ্যাবন্দনাদিকালে পাঠ্য বেদমন্ত্রসমূহ ফুচিত হইয়াছে। আর ব্রহ্মযুক্ত বৈশ্বদেবক্রিয়াদির বিধি ও চতুরাশ্রমি-গণের আচারভেদও কথিত হইয়াছে। এই গ্রন্থ শ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভা হইতে বঙ্গান্থবাদসহ প্রকাশিত হইয়াছে।
- ৩৪। শ্রীমন্তাগবত-তাৎপর্য্য—ইহা সংক্ষেপে শ্রীমন্তাগবতের ব্যাখ্যা। যে স্থলে আপাততঃ পূর্ব্বাপর-বিরোধ দৃষ্ট হয়, তাহার পরিহার, তথা অভেদপররূপে প্রতীয়মান বাক্যসমূহের ভেদপর ব্যাখ্যান,ভাগবতোক্ত কঠিন শব্দসমূহের সঙ্গত অর্থ বর্ণনপূর্ব্বক তদ্বিষয়ে প্রমাণ-নির্দেশ এবং ভূতগণের স্কষ্টি-প্রলম্মাদির ক্রম এই গ্রন্থে প্রদর্শিত হইয়াছে। এই গ্রন্থটি মাধ্বশাস্ত্রগত প্রমেয় বস্তুসমূহের কোষাগার-স্বরূপ। শ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভা হইতে প্রকাশিত দায়য় সাম্বাদ সমগ্র শ্রমন্ত্রগবতের মধ্যে এহ ভাষ্যটিও বঙ্গাক্ষরে প্রকাশিত হইয়াছে।
- ৩৫। শ্রীময়হাভারত-ভাৎপর্য্য-নির্ণয়—এই গ্রন্থে জীবগণের স্থিকেন, দেবতাগণের তারতম্য, ভগবানের অবতারগণের সংক্ষেপে স্বরূপ-নির্দেশ, স্টি-স্থিতি-প্রালয় ও মুক্তিপ্রানানের ক্রম, বিষ্ণুর সর্বপ্রেষ্ঠত্বে প্রমাণ, দেবগণের মধ্যে চতুর্লুখ ও বায়ুর প্রাধান্ত, ভরতবংশে ভীমসেনের জ্ঞান ও বলবারা সর্বাপেক্ষা শ্রেষ্ঠত্ব, বায়ুর মাহাত্ম্যা, মহাভারতে বিক্রদ্ধরণে শ্রুত প্রোক্সমূহের উল্লেখ ও বিরোধ-পরিহারনীতি, মৎস্থাদি পরশুরাম পর্যান্ত বিষ্ণু বতারগণের সংক্ষেপে বর্ণন, শ্রীরামচক্রাবতারে

চতুর্বিবংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যকৃত গ্রন্থাবলী

অবতীর্ণ কপিগণের স্বরূপ-কথন, শ্রীরামাবতারের বিস্তৃত-বর্ণন, ব্যাদাবতারের কারণ-কথন, ব্যাদাবতার বর্ণন, বেদবিভাগ, চন্দ্রবংশ-বর্ণন, যত্রবংশ-বর্ণন, পুরুবংশ-বর্ণন, ভীশ্নোৎপত্তি-কথা, ধৃতরাষ্ট্রাদির উৎপত্তি, কর্ণোৎপত্তি, পাগুবাবতার-বর্ণন, বস্থদেবাদি-কথা, শ্রীক্বঞ্চ-বলদেবাবতার-কথা, মহাভারত-গত প্রধান পুরুষগণের নিজস্বরূপাবেশাদি বর্ণন, গোকুলে ও বুলাবনে কৃষ্ণলীলা, দৈত্যবধ, কংসবধ, যাদবগণের তৃষ্টিজনন, জরাসন্ধন্দ, পাগুব-কথা, দ্রোপদী স্বয়ংবর-বৃত্ত, ইন্দ্রপ্রেস্থের রাজ্যাধিকার, দ্বারকা-নির্দ্রাণ, ক্রিল্বাাদি-পরিণয়ন বিরাই-পর্বেকথা, ভারত-যুদ্ধ-বর্ণন, যুধিষ্ঠির-রাজ্য-প্রাপ্তি, অশ্বমেধ-যজ্ঞ, যাদব-শাপ, যাদবগণের তিরোধান, লোক-দৃষ্টিতে শ্রীকৃষ্ণনীলার বিরাম, পাগুবগণের স্বর্গারোহণ, বৃদ্ধাবতার-কথা, ক্রিরূপ-বর্ণন, মধ্বাবতার-কথন,—এই সমুদ্য সবিস্তর বর্ণিত হইয়াছে।

৩৬। যতি-প্রণবকল্প — এই গ্রন্থে সন্ন্যাস-গ্রহণবিধি, মন্ত্রোপদেশ-বিধি, শিষ্য-শিক্ষাবিধি, যতিগণের আচার, মন্ত্রজ্পের সংখ্যা-নির্দেশ এবং অন্ত মন্ত্রসমূহের জপক্রম বর্ণিত হইয়াছে।

ত্ব। জয়ন্তা-নির্বয়—ভাদ্রমাসে প্রীকৃষ্ণজনাষ্ট্রমীর দিন-নির্দেশ, তাঁহার অবতার-সময়ে কর্ত্তব্য পূজাবিধি, প্রাত্তংকাল হইতে কর্ত্তব্য, কর্মসমূহের নিয়ম. বিশেষতঃ পঠনীয় মন্ত্রসমূহ, প্রীকৃষ্ণাবতরণকালে পূজনীয় দেবতাগণ, অর্ঘাদান-মন্ত্র, চক্রপূজা, চক্রার্থ দান, নিজাবিধি, পরিদিবসীয় কর্ত্তব্যবিধি এবং পারণবিধি প্রভৃতি এই গ্রম্থে বর্ণিত হইয়াছে।

৩৮। শ্রীকৃষ্ণ-স্তুতি – শ্রীমধ্বাচার্য্য শ্রীকৃষ্ণের প্রেরণায় তৎপ্রীতির জন্ত সর্বশাস্ত্রের অর্থ নির্দেশ ক গ্রন্থস্থ রচনাপূর্বক পরিশেষে তৎসমূদয় শ্রীকৃষ্ণে সমর্পণ করিয়া শ্রীকৃষ্ণের বিচিত্র গুণসমূহের শ্বরণ-সহকারে এই গ্রন্থে স্থিতি করিয়াছেন।

পঞ্চবিংশ অধ্যায়

শুদ্ধ-দৈত-আম্নায়

শ্রীমন্মধ্বাচার্য্যের উর্দ্ধতন গুরুপরম্পরা ও অধন্তন শিয়াপরম্পরা নিমে প্রকাশিত হটল:—

১। প্রীহংসরাপী বিষ্ণু, ২। চতুর্ম্মণ ব্রহ্মা, ৩। সনকম্নি, ৩। সনক্ষান, ৫। সনক্ষান, ৫। সনক্ষান, ৫। স্বর্ধাসা, ৫। জ্ঞাননিধিতীর্থ, ৫। গরুড়বাহনতীর্থ, ৫। কৈবলাতীর্থ, ৫। জ্ঞানেশ-তীর্ম, ৫। পরতীর্থ, ৬। সত্যপ্রজ্ঞ, ৭। প্রাজ্ঞতীর্থ, ৮। অচ্যুত্ত-প্রেক্ষ, ৯। প্রীমৎপরমহংস পরিব্রাজকাচার্য্য প্রীমন্দ্রত-মত-প্রতিষ্ঠাপক-প্রীম্থাপ্রাণ-তৃতীয়াবতার প্রীমৎপরমহংসকুলতিলক সর্বজ্ঞ চূড়ামণি প্রীমংআনন্দতীর্থাভিধ প্রীমন্ধ্রাধ্বাচার্য্যচরণ, ১০। প্রীপদ্মনাভতীর্থ, ১০।
প্রীন্ত্রীকেশতীর্থ, ১০। প্রীনরহরিতীর্থ, ১০। প্রীরিষ্ণুতীর্থ (মধ্বিনিয় ও বাস্থ্রেরাক্সজ), ১০। প্রীরামতীর্থ, ১০। প্রীরাম্ক্রতীর্থ।

১০। শ্রীপদ্মনাভতীর্থ (উড়ুপীক্ষেত্রস্থ উত্তরাদি মঠের মূল মঠাধীণ) '
১১২০ শক, ১০। নরহরি ১১২৭ শক, ১০। মাধব ১১৩৬ শক,
১:। অক্ষোভ্য ১১৫৯ শক, ১২। জয়তীর্থ ১১৬৭ শক, ১০।
বিক্যাধিরাজ ১১৯০ শক, ১৪। কবীক্র ১২৫৫ শক, ১৫। বার্গাশ
১২৬১ শক, ১৬। রামচন্দ্র ১২৬৯ শক, ১৭। বিস্তানিধি ১২৯৮ শক,
১৮। শ্রীরঘুনাথ ১৩৬৬ শক, ১৯। রঘুবর্য্য ১৪২৪ শক, ২০। রঘুত্তম

পঞ্চবিংশ অধ্যায়—শুদ্ধ-দৈত-আশ্বায়

১৪৭১ শক, ২১। বেদব্যাস ১৫১৭ শক, ২১। বিস্থাধীশ ১৫৪১
শক, ২০। বেদনিধি ১৫৫৩ শক, ২৪। সত্যত্রত ১৫৫৭ শক, ২৫।
সত্যনিধি ১৫৬০ শক, ২৬। সত্যনাথ ১৫৮২ শক, ২৭। সত্যাভিনব
১৫৯৫ শক, ২৮। সত্যপূর্ণ ১৬২৮ শক, ২৯। সত্যবিজয় ১৫৪৮
শক, ৩০। সত্যপ্রিয় ১৯৫৯ শক, ৩১। সত্যবেধি ১৬৬৬ শক,
৩২। সত্যসন্ধ ১৭০৫ শক, ৩০। সত্যবের ১৭১৬ শক, ৩৪। সত্যধর্ম
১৭১৯ শক, ৩৫। সত্যসন্ধর্ম ১৭৫২ শক, ৩৬। সত্যসন্ধর্ম ১৭১৯ শক, ৩৭। সত্যসন্ধর্ম ১৭৮৩ শক,
৩১। সত্যপরায়ণ ১৭৮৩ শক, ৩৮। সত্যকাম ১৭৮৫ শক,
৩৯। সত্যেষ্ট ১৭৯৩ শক, ৪০। সত্যপরাক্রম ১৭৯৪ শক, ৪১। সত্যবীর
১৮০১ শক, ৪২। সত্যধীর ১৮০৮ শক।

১৩। শ্রীবিভাধিরাজতীর্থের অপর শিশ্ব, ১৪। রাজেন্দ্র ১২৫৪ শক, ১৫। বিজয়ধ্বজ, ১৬। পুরুষোত্তম, ১৭। স্থব্রহ্মণ্য, ১৮। ব্যাসরায় ১৪৭০—১৫২০ শক। এই মঠের পরম্পরাক্রমে বর্ত্তমান কাল পর্যান্ত আরও ১৯৷২০ জন শ্রীমাধ্বতীর্থ হইয়াছেন।

১৬। শ্রীরামচন্দ্রতীর্থের অপর শিষ্য, ১৭। বিরুধেন্দ্র ১২১৮ শক তৎশিষ্য, ১৮। জিতামিত্র ১০৪৮ শক, ১৯। রঘুন্দান, ২০। স্থরেন্দ্র, ২১। বিজয়েন্দ্র, ২২। স্থান্দ্র, ২৩। রাঘবেন্দ্র ১৫৪৫ শক। এই পরম্পরায় অভাবধি আরও ১৫।১৬ জন মাধ্বতীর্থ হইয়াছেন।

- · শ্রীপদ্মনাভতীর্থ, শ্রীনরহরিতীর্থ ও শ্রীমাধবতীর্থ শ্রীমন্মধ্যা-চাব্য-শিষ্যত্রয় পরপর ক্রমণঃ ১১২০, ১১২৭ এবং ১১৩৬ শকাব্দে উত্তরাদি মঠের গাদিতে উপবিষ্ট হন। পরস্ক উঁহারা তিন জনেই গুরুজাতা।
 - > । শ্রীহ্যীকেশতীর্থ (শ্রীপলমার মঠের মূল মঠাধীশ ও সাক্ষাৎ
 [১৭৫]

মধ্বশিষ্য , ১১। বিভামূর্ত্তি, ১২। শ্রীনিধি, ১৩। বিভেশ, ১৪। শ্রীবল্লভ, ১৫। জগড়্যণ, ১৬। রামচন্দ্র ১৭। বিভানিধি, ১৮। রাঘবেন্দ্র, ১৯। রঘুনন্দন, ২০। বিভাপতি, ২১। রঘুপতি, ২২। রঘুনাথ, ২৩। রঘুত্তম, ১৪। রামভদ্র, ২৫। রঘুবর্য্য, ২৬। রঘুপুস্কব, ২৭। রঘুবর, ২৮। রঘুপ্রবীর, ২৯। রঘুভ্ষণ, ৩০। রঘুবিষ্যু, ৩২। রঘুমান্ত (বর্ত্তমানে পলমার মঠের অধিপ)।

- ১০। শ্রীনরহরিতীর্থ (শ্রীঅদমার মঠের মূল মঠাধীশ ও সাক্ষাং
 মধ্ব-শিষ্য), ১১। কমলেক্ষণ, ১২। রামচক্র, ১০। বিভাষীশ,
 ১৪। বিশ্বপতি. ১৫। বিশ্বেশ, ১৬। বেদনিধি, ১৭। বেদরাজ,
 ১৮। বিভাম্র্তি, ১৯। বৈকুষ্ঠরাজ, ২০। বিশ্বরাজ, ২১। বেদগর্জ,
 ২২। হিরণ্যগর্জ, ২০। বিশ্বধীশ, ২৪। বাদীক্র, ২৫। বিজ্ঞাপতি, ২৬। বিবুধপতি, ২৭। বেদবল্লভ, ২৮। বেদবন্দ্য, ২৯।
 বিজেশ, ৩০। বিবুধবল্লভ, ৩১। বিবুধবন্দ্য, ৩২। বিবুধবর্য্য,
 ৩০। বিবুধবল্ল, ৩৪। বিবুধাধিরাজ, ৩৫। বিবুধপ্রিয়তীর্থ (ইনি
 বর্ত্তমানে অদমার মঠের মূল মঠাধিপ এবং বর্ত্তমানে উডুপীস্থ মঠাধীশগণের
 মধ্যে বিশেষ পণ্ডিত)।
- ১০। প্রীজনার্দনতীর্থ (ক্বঞাপুর মঠের মূল মঠাধীশ ও সাক্ষাৎ মধ্ব-শিষ্য), ১১। প্রীবৎসান্ধ, ১২। বাগীশ, ১০। লোকেশ, ১৪। লোকনাথ, ১৫। বিভারাজ, ১৬। বিশ্বাধিরাজ, ১৭। বিশ্বাধীশ ১৮। বিশ্বেশ, ১৯। বিশ্ববন্দা, ২০। বিশ্বরাজ, ২১। ধরণীধর, ২২। ধরাধর, ২০। প্রজ্ঞান, ২৪। তপস্তীর্থ, ২৫। পুরেশ্বর, ২৬। সুরেশ, ২৭। বিশ্বপুরুব, ২৮। বিশ্ববন্ধভ, ২৯। বিশ্বভূষণ,

পঞ্চবিংশ অধ্যায়—শুদ্ধ দ্বৈত-আন্দায়

- ৩০। যাদবেন্দ্র, ৩১। প্রজ্ঞানমূর্ত্তি. ৩২। বিস্থাধিরাজ, ৩০। বিস্থাবল্লভ, ৩৪। বিব্যাধিক, ৩৫। বিস্থানিধি, ৩৬। বিস্থাসমূজ, ৩৭। বিস্থাধীশ, ৩৮। বিস্থাপূর্ণ (ইনি বর্ত্তমানে রুফ্ডাপুর মঠের মূক্ত মঠাধিপ)।
- ১০। প্রীউপেক্রতীর্ধ (পুর্ত্তিগে মঠের মূল মঠাধীশ ও সাক্ষাৎ মধ্বশিক্ত), ১১। কবীক্র, ১২। যাদবেক্র, ১০। ধরণীধর. ১৪।
 দামোদর, ১৫। রঘুনাথ, ১৬। প্রীবৎসাঙ্গ, ১৭। গোপীনাথ,
 ১৮। রঙ্গনাথ, ১৯। লোকনাথ, ২০। রমানাথ, ২১। প্রীবল্পভ,
 ২২। প্রীনিবাস, ২০। প্রীনিধি, ২৪। গুণনিধি, ২৫। আনন্দনিধি, ২৬। তপোনিধি, ২৭। যাদবেক্র, ২৮। কবীক্র, ২৯।
 রাঘবেক্র, ৩০। বিবৃধেক্র, ৩১। স্থবেক্র, ৩২। ভুবনেক্র, ৩৩।
 যোগীক্র, ৩৪। স্থমতীক্র, ৩৫। স্থধীক্র, ৩৬। স্থজ্ঞানেক্র (ইনি
 বর্ত্তমানে পুত্তিগে মঠের মঠাধিপর্মপে বর্ত্তমান)।
- ১০। প্রীবামনতীর্থ (শীরুরু মঠের মূল মঠাধীশ, সাক্ষাৎ মধ্ব-শিষ্য),
 ১১। বাস্থানের, ১২। বেদগম্য, ১০। বেদব্যাস, ১৪। মহীশ,
 ১৫। বেদবেজ্য ১৬। কফাতীর্থ, ১৭। রাঘর, ১৮। স্থারেশ,
 ১৯। বৈদভূষণ, ২০। বেদনিধি, ২১। প্রীধর, ২২। রাঘবোত্তম,
 ২০। লক্ষ্মীনারায়ণ, ২৪। বিশ্বভূষণ, ২৫। ত্রেলোক্যপারন, ২৬।
 লক্ষ্মীকান্ত, ৭৭। যাদবেজ্র, ২৮। কবীক্র, ২৯। লক্ষ্মীনারায়ণ,
 ০০। লক্ষ্মপতি, ০১। কক্ষ্মীণর, ০২। লক্ষ্মীরমণ, ০০। লক্ষ্মী-মেহন, ০৪। লক্ষ্মীপ্রের, ৩৫। লক্ষ্মীব্রজভ, ৩৬। লক্ষ্মীসমুদ্র, ৩৭।
 লক্ষ্মীক্র (বর্ত্তমান মঠাধিপ)।
 - ১০। শ্রীবিষ্ণুতীর্থ (সোদে মঠের মূল মঠাধীশ, মধ্ব-শিষ্য ও মধ্বা-

চার্য্যের পূর্ব্বাশ্রমের অমুজ প্রাতা), ১১। বেদবাস, ১২। বেদবেজ, ১০। পরেশ, ১৪। বামন, ১৫। বাম্বদেব, ১৬। বেদবাস, ১৭। বরাহ, ১৮। বেদাঙ্গ, ১৯। বিশ্ববন্দ্য, ২০। বিশ্বতীর্থ, ২১। বিঠ্ঠল, ২২। বরদরাজ, ২০। বাগীশ, ২৪। বাদিরাজ (ইনি তত্ত্বাদি-সম্প্রদায়ে 'দ্বিতীয়-মধ্বাচার্যা' নামে খ্যাত; প্রীমধ্বাচার্য্যর পরে মধ্বসম্প্রদায়ে এত বড় শাস্ত্রবিৎ পণ্ডিত আর উদিত হন নাই), ২৫। বেদবেজ, ২৬। বিজ্ঞানিধি, ২৭। বেদনিধি, ২৮। বরদরাজ, ২৯। বিশ্বাধিরাজ, ৩০। বেদবন্দ্য, ৩১। বিশ্ববিধ্য, ৩৫। বিশ্ববিধ্য, ৩০। বিশ্ববিধ্য, ৩৫। বিশ্ববিধ্য, ৩৪। বিশ্ববিধ্য, ৩৫। বিশ্ববিধ্য, ৩৪। বিশ্ববিধ্য,

- ১০। শ্রীরামতীর্থ (কাণ্রু মঠের মূল মঠাধীশ ও সাক্ষাৎ মধ্বশিষ্য),
 ১১। রঘুনাথ, ১২। রঘুপতি, ১০। রঘুনন্দন, ১৪। যতুনন্দন,
 ১৫। বিশ্বনাথ, ১৬। বেদগর্ভ, ১৭। বাগীশ, ১৮। যতুপতি,
 ১৯। বিশ্বপতি, ২০। বিশ্বমূর্ত্তি, ২১। বেদপতি, ২২। বেদরাজ,
 ২০। বিভাধীশ, ২৪। বিবুধেশ, ২৫। বারিজাক্ষ, ২৬। বিশ্বেক্ত,
 ২৭। বিবুধবন্দ্য, ২৮। বিভাধিরাজ, ২৯। বিশ্বরাজ, ৩০।
 বিবুধপ্রিয়, ৩১। বিভাসাগর, ৩২। বাস্তদেব, ৩০। বিভাপতি,
 ৩৪। বামন, ৩৫। বিভানিধি, ৩৬। বিভাসমুদ্র (ইনি বর্ত্তমানে কাণ্রুক্
 মঠের মঠাধীশ)।
- ১০। শ্রীঅধোকজতীর্থ (ইনি পেজাবর মঠের মূল মঠাধীশ ও সাক্ষাৎ মধ্ব-শিশ্ব), ১১। কমলাক্ষ, ১২। পুন্ধরাক্ষ, ১৩। অম-রেজ্র, ১৪। বিজয়, ১৫। মহেজ্র, ১৬। বিজয়ধ্বজ্ঞ, ১৭।

পঞ্চবিংশ অধ্যায়—শুদ্ধবৈত-আত্মায়

দামোদর, ১৮। বাস্থদেব, ১৯। বাদীন্ত, ২০। বেদগর্ভ, ২১। অমুপ্রজ্ঞ, ২২। বিশ্বপ্রজ্ঞ, ২০। বিশ্বেশ্বর, ২৪। বিশ্বভূষণ, ২৫। বিশ্ববদ্যা, ২৬। বিশ্ববিরাজ, ২৭। বিশ্বমৃত্তি, ২৮। বিশ্বপতি, ২৯। বিশ্বনিধি, ৩০। বিশ্বধানীশ, ৩১। বিশ্বধিরাজ, ৩২। বিশ্ববদ্যা, ৩৬। বিশ্বরাজ, ৩৭। বিশ্বনাজ, ৩৭। বিশ্বরাজ, ৩৭। বিশ্বমাজ (ইনিবর্তানারে পেজাবর মঠের মঠাধীশ)।

শুদ্ধবৈতসম্প্রদারের মঠসমূহ—

১। পলমার মঠ, ২। অদমার মঠ-ছন্দ্র মঠন্বয়

৩। রুষ্ণাপুর মঠ, ৪। পুত্তিগে মঠ " "

ে। শীরুরু মঠ, ৬। সোদে মঠ " "

৭। কাণ্রুমঠ, ৮। পেজাবর মঠ ""

১। উত্তরাদি মঠ

এতদ্বাতীত শ্রীমন্মধানার্য্যের শুরুদেব শ্রীঅচ্যুতপ্রেক্ষস্থাপিত (১০) 'ভণ্ডারিকে মঠ'। এই মঠায়গণের কোন অধস্তনকর্তৃক স্থাপিত (১১) 'শ্রীমন্মধন-শিষ্য পদ্মনাভ তীর্থস্থাপিত (১২) 'শ্রীপাদরায় মঠ', শ্রীমন্মধন-শিষ্য শ্রীমন্নরহরি তীর্থ-স্থাপিত (১৩) 'শ্রীনরহরি তীর্থ মঠ', শ্রীমন্মধন-শিষ্য শ্রীমাধবতীর্থকর্তৃক স্থাপিত (১৪) 'মজ্জিগেহল্লী মঠ', শ্রীঅক্ষোভ্যতীর্থকর্তৃক স্থাপিত (১৫) 'অক্ষোভ্যতীর্থ মঠ', শ্রীঅক্ষোভ্যতীর্থকর্তৃক স্থাপিত (১৫) 'অক্ষোভ্যতীর্থ মঠ', শ্রীঅক্ষোভ্যতীর্থর শিষ্য-পরম্পরায় (১৬) 'ব্যাসরায় মঠ' ও (১৭) 'মন্ত্রালয় মঠ' স্থাপিত হইয়াছে। উড়ুপীস্থ মূল অন্ত মঠের অন্যতম সোদে মঠের মূল মঠাধীশ বিষ্ণৃতীর্থ-কর্তৃক স্থাপিত (১৮) 'প্রস্তাল্য মঠ', পেজাবর মঠের

অধােকজ তীর্থের শিশ্ব-পরম্পরায় (১৯) 'চিত্রাপর মঠ' প্রভৃতি বছা বৈতসম্প্রদায়ের মঠ অ্যাপি শ্রীউড়ুপী ও তরিকটবর্ত্তী স্থানে বিরাজিত আছে।

প্রিরামবিগ্রহ', অদমার মঠে—'চতুভূজ কালিয়মর্দন প্রীরুষ্ণ', প্রকো বা প্রিরামবিগ্রহ', অদমার মঠে—'চতুভূজ কালিয়মর্দন প্রীরুষ্ণ', প্রকো বা প্রিরোম মঠে—'বিঠঠল দেব', শীরুক্ত মঠে—'বিঠঠল দেব', দোদে মঠে—'বরাহদেব', কাণুকু মঠে—'প্রীর্সিংহদেব', পেজাবর মঠে—'বিঠঠল দেব', উত্তরাদি মঠে—'প্রীরামচক্র'।

ষড়্বিংশ অধ্যায়

দাসকৃট ও ব্যাসকৃট

শ্রীমন্মধ্বাচার্য্য জগতে বিষ্ণ্-বিরোধি-মতবাদসমূহ নিরাকরণ-কল্পে
শুদ্ধবৈতমত-প্রতিষ্ঠাপক সকল গ্রন্থ নির্মাণ করিয়াছিলেন, তৎপরেও
তাঁহার শিশ্বপরম্পরা শ্রীবিষ্ণুর সর্বশ্রেষ্ঠতা-প্রতিপাদক এবং মায়াবাদাদিঅপবাদ-নিরাসক বহু গ্রন্থাদি প্রকাশ করিয়াছেন।
অপবাদ-নিরাসক বহু গ্রন্থাদি প্রকাশ করিয়াছেন।
সক্ষাদায়-নিষ্ঠা
ববং সমস্ত গ্রন্থাদি মুদ্রিত না হইলেও ভর্বাদিসম্প্রদায়ের পশ্তিতমগুলীর মধ্যে ঐ সকল গ্রন্থাদির পঠন-পাঠন আছে।
তর্বাদি-সম্প্রদায়ের ঐকান্থিকগণ অন্ত সম্প্রদায়ের গ্রন্থাদি আলোচনাকে
বিশেষ আদর করেন না এবং তাহাদের স্ব-সম্প্রদায়ন্থ ব্যক্তি ব্যতীত
অপর লোকের নিকটও নিজ সম্প্রদায়ের কোন। কথা প্রচার করিতে
ইচ্ছুক নহেন।

• শ্রীমধ্ব-সম্প্রদায়ের মধ্যে পরবর্ত্তিকালে 'দাসকূট' ও 'ব্যাসকূট' নামে ছইটি বিভাগ পরিলক্ষিত হয়। যাঁহারা সংস্কৃত-শাস্ত্রাদি আলোচনা অপেক্ষা কীর্ত্তন-ভঙ্গনাদির প্রতি অধিক রুচিবিশিষ্ট, তাঁহারা সাধারণতঃ 'দাসকূট' সম্প্রদায়ের অন্তর্গত বিলয়া বিবেচিত। দাসকূটগণকে অপর ভাষায় 'ভজনানন্দী' বলা যাইতে পারে। দাসকূট-সম্প্রদায়ন্থ ব্যক্তিগণ যে শাস্ত্রাদিতে অজ্ঞ, তাহা নহে; তাঁহারা তাঁহাদের সাম্প্রদায়িক শাস্ত্র-সিদ্ধান্ত অবগত হইয়াও

ভদ্দাদিতেই বিশেষ কচি-বিশিষ্ট। দাস্কৃট-সম্প্রদায়েরও বহু গ্রন্থানি আছে, তবে সেই সকল গ্রন্থাদি তাঁহাদের মাতৃভাষায় লিখিত অর্থাৎ দাস্কৃটসম্প্রদায়ের গ্রন্থগুলি কনড় ভাষায় রচিত এবং অধিকাংশই প্র্যাত্মক। প্রীকনক দাস প্রভৃতি মধ্ব-সম্প্রদায়ন্থ বহুসম্মানিত ব্যক্তি এই দাস্কৃট-সম্প্রদায়ের অন্তর্গত বলিয়া প্রাসিদ্ধ। আবার ব্যাসকৃট-সম্প্রদায়ন্থ অনেক ব্যক্তিও কনড়-ভাষায় বহু গ্রন্থাদি লিখিয়াছেন। যেমন—বাদিরাজ স্বামী ব্যাসকৃটসম্প্রদায়ের বিশিষ্ট ও বিখ্যাত পণ্ডিত ইইলেও কনড়-ভাষায় বহু ভঙ্গনাদি-বিষয়ক গ্রন্থ রচনা করিয়াছেন। ব্যাসকূট-সম্প্রদায়ন্থ ব্যক্তিগণকে 'গোষ্ঠ্যানন্দী' বলা যাইতে পারে অর্থাৎ তাঁহার। সংস্কৃত ভাষায় সাম্প্রদায়িক বিচার-গ্রন্থ অধ্যয়ন, অধ্যাপনা করিয়া থাকেন। নিমে মধ্ব-শিষ্য-পরম্পরায় প্রসিদ্ধ পণ্ডিতাচার্য্যগণের নাম ও তাঁহাদের রচিত গ্রন্থাবলীর তালিকা প্রদন্ত হইল।

প্রসিদ্ধ পণ্ডিতাচার্য্য ও তদ্রচিত গ্রন্থাবলী

আমাদের সাম্প্রদায়িক পরিচয় শ্রীমধ্ব-সম্প্রদায়ের অন্তর্গত হইলেও আমরা অনেকেই আমাদের পূর্বভক্ত শ্রীমন্মধ্বয়নি বা তৎসম্প্রদায়ের খবর খব কমই রাখি। অন্সৎ-সম্প্রদায়ের পূর্বগুক্ত-পরম্পরায় উড়ুপী ক্ষেত্রস্থ, উত্তরাদি-মঠায় শ্রীপদ্মনাভতীর্থ, শ্রীনরহিরিতীর্থ ও শ্রীজয়তীর্থ বিশেষ বিখ্যাত পণ্ডিতাচার্য্য ছিলেন।

- >। **শ্রিপদ্মনাভতীর্থ** (উত্তরাদিমঠীয় শ্রীমধ্বশিষ্য), ওত্রচিত গ্রন্থ —সন্ন্যায়রত্নাবলী।
- ২। **শ্রীনরহরিতীর্থ** (উত্তরাদিমঠীয় শ্রীমধ্বশিষ্য), তৈদ্রচিত গ্রন্থাবলী—মধ্বগ্রন্থাবলীর সংক্ষিপ্ত টীকা। [অধুনা এই সকলং টীকা

य (विः अधाय - मानकृषे ও वानकृषे

কোথায়ও দৃষ্ট হয় না, তবে শ্রীজয়তীর্থপাদের গ্রন্থে সেই সকল টীকার পরিচয় পাওয়া যায়।

০। প্রীজয়তীর্থ (উত্তরাদিমঠায়, অপর নাম—'টীকাচার্য্য'), তদ্রচিত গ্রন্থাবলী—(১) ন্থায়ন্থধা, (২) তত্ত্বপ্রকাশিকা, (৩-১২) দশ-প্রকরণ-টীকা, (১০) ষট্প্রশ্নটীকা, (১৪) ঈশাবাস্থ-টীকা, (১৫) গীতাভাষ্য-টীকা, (১৬) গীতাতাৎপর্যানির্গন্ধ-টীকা, (১৭) ভাগবত-তাৎপর্যা-টীকা, (১৮) ঋগ্ভাষ্য-টীকা, (১৯) ন্থায়-বিবরণ-টীকা, (২০) প্রমাণ-পদ্ধতিঃ, (২১) বাদাবলী।

শীজয়তীর্থপাদের 'স্থারস্থা' মধ্ব-সম্প্রদায়ের বিশেষ প্রদিদ্ধ গ্রন্থ।
মাধ্ব-ন্থায়ে বিশেষরূপে পারদশিতা না থাকিলে যত বড় পণ্ডিতই হউন
না কেন, কেহই এই গ্রন্থের মর্ম্মাবধারণে সমর্থ হইতে পারেন না।
মধ্ব-সম্প্রদায়ে কাহার কতদূর পাণ্ডিত্য আছে, তাহা জানিতে হইলে
তৎসাম্প্রদায়িকগণ অন্ত কোন প্রশ্ন না করিয়া জিজ্ঞাসা করিয়া থাকেন.—
'মহাশয়; আপনি কয়বার 'মুধা' পান করিয়াছেন ?' যিনি যত অধিক
বার 'ন্থায়মুধা' পাঠ করিবেন, মধ্ব-সম্প্রদায়ের বিচারাম্নারে তিনি
ততদূর পণ্ডিত। অন্থাপি বিদ্বংসমাজে এই উজিটি প্রসিদ্ধ আছে,—
'মুধা বা পঠনীয়া, বম্বধা বা পালনীয়া!' 'ন্যায়মুধা' গ্রন্থ একবার
মুদ্রিত হইয়াছিল; কিন্ত এখন আর পাওয়া যায় না।

- ৪। শ্রীত্রিবিক্রম পণ্ডিতাচার্য্য (গৃহস্থ, মধ্বাচার্য্য-শিষ্য), তদ্রচিত গ্রন্থমালা –(১) তত্ত্বপ্রদীপ:, (২) স্থ্রভাষ্য টীকা, (৩) বায়ু-স্তুতি:, (৪) বিষ্ণু-স্তুতি:, (৫) উষাহরণকাব্যম্।
- ৫। **শ্রীনারায়ণ পণ্ডিতাচার্য্য** (ত্রিবিক্রমপণ্ডিতাত্মজ, গৃহস্থ), তদ্রচিত গ্রন্থমালা—(১) মধ্ববিজয়ঃ, (২) মধ্ববিজয়-টীকা—ভাব-

প্রকাশিকা, (৩) অমুমধ্ববিজয়:, (৪) মণিমঞ্জরী, (৫) নৃসিংহস্ততি:, (৬) শিবস্ততি:, (৭) নয়চন্দ্রিকা, (৮) সংগ্রহরামায়ণম্।

৬। ঐবিজয়ধ্বজতীর্থ (পেজাবর মঠায় যতি, শ্রীমধ্ব হইতে
গম অধন্তন), ইনি শ্রীমন্মধাচার্য্যরচিত ভাগবত-তাৎপর্য্যের বনাখান-স্বরূপ
গদরত্বাবলী' টীকার নির্মাতা। শ্রীবিজয়ধ্বজতীর্থ তাঁহার ভাগবতীয়
টীকার মঙ্গলাচরণে শুরু-প্রণাম-মুখে স্বীয় শুরু-প্রপারা প্রদর্শন করিয়াছেন,
যথা—

"চরণনলিনে দৈত্যারাতের্জবার্ণবোত্তরসত্তরীম্।
দিশতু বিশদাং ভক্তিং মহাং মহেন্দ্রতীর্থযতীশ্বরঃ॥
আনন্দভীর্থ-বিজ্ঞয়ভীর্থে বিশাম মন্ধরিবরবন্দ্যো।
তয়োঃ ক্বতিং ক্ষুটমুপজীব্য প্রবাচ্য ভাগবত-পুরাণম্॥"

৭। প। শ্রীব্যাসভীর্থ (ব্যাসরায়মচীয় যতি, ইনি মাধ্বগোড়ীয় সম্প্রদায়ের গুরু-পরম্পরায় শ্রীমন্মধ্ব হইতে চতুর্দ্দশ অধস্তন। ইঁহারই শিষ্য—
শ্রীলক্ষীপতিতীর্থ। লক্ষীপতিতীর্থের অহুগত—শ্রীমাধবেক্রপুরী), ইঁহার
রিচত গ্রন্থাবলী—(১) স্থায়ামৃত্য্, (২) তাৎপর্য্য-চক্রিকা, (৩) তর্কতাগুবঃ,
(৪) ভেদোজ্জীবন্য্, (৫-৭) খণ্ডন-ত্রেয়মন্দারমঞ্জরী, (৮) তত্ত্বিবেকমন্দারমঞ্জরী।

শীব্যাসতীর্থকত 'ভাষামৃত' গ্রন্থ বৈদান্তিক সমাজের মধ্যে পর্মশক্তিশালী, নিথিল-প্রতিপক্ষ-থণ্ডনকারী, পাশুপতান্ত্র-তেজো-নিস্তেজকারী, পরম তেজোবান্ বিষ্ণুভক্তের রক্ষাকারী ও পরম-প্রীতিদ সাক্ষাৎ
বিষ্ণুহস্তম্ব স্থদর্শনের ভাষ শোভমান্। মায়াবাদিসম্প্রদায় এই স্থদর্শনচক্রত্ব্য 'ভাষামৃত' গ্রন্থরাজের অত্যাশ্চর্য্য প্রভার কণিকামাত্রে নিস্তেজাঃ
হইয়া পড়িয়াছে। 'ভাষামৃত' গ্রন্থটি এতদ্র অকাট্য স্থয়্তিভূষিত যে,

ষড়্বিংশ অধ্যায়—দাসকৃট ও ব্যাসকৃট

মায়াবাদি-সম্প্রদায়ের শ্রেষ্ঠ পণ্ডিতগণও ইহা স্বীকার করিতে বাধ্য इरेम्रो एक । व्यविक्वामी वीमधूर्मन मत्रविको ५ र रूपर्ननहक्कुना 'স্থায়ামৃত' গ্রন্থের প্রতিপক্ষে দণ্ডায়মান হইবার জন্ত 'অদ্বৈতসিদ্ধি' নামক প্রসিদ্ধ গ্রন্থটি লিখিয়াও স্থায়ামৃতের দার্শনিক সিদ্ধান্তের বিন্দুমাত্রও খণ্ডন করিতে পারেন নাই, তাহা আমরা শ্রীমধুস্থদন সরস্বতীর অদ্বৈতসিদ্ধির খণ্ডন-স্বরূপ মধ্ব-সম্প্রদায়ের শ্রীরামাচার্য্যভীর্থরচিত 'তরঙ্গিণী' গ্রন্থে বিশেষ-রূপে দেখিতে পাই। 'তরঙ্গিণী'র খণ্ডন-প্রয়াস-স্বরূপ কেবলাবৈতবাদি-সম্প্রদায় হইতে যে 'ব্রহ্মাননীয়' নামক গ্রন্থ লিখিত হইয়াছে, তাহাও যে হুদর্শনচক্রের প 'ক্যায়ামূত' গ্রন্থরাজের অত্যমুত বৈষ্ণবতেজের নিকট সম্পূর্ণ মান হইয়া পড়িয়াছে, তাহার সাক্ষ্যও আমরা 'ব্রহ্মানন্দীয়' গ্রন্থের খণ্ডন-স্বরূপ মধ্ব-সম্প্রদায়ের 'বনমালামিশ্রীয়' নামক গ্রন্থরাজে স্থন্দররূপে দেখিতে পাই। যদি কেহ এই 'পঞ্চ ভলী' * একতা আলোচনা করেন, তাং। হইলে তিনি যে, আমাদের পূর্বাচার্যা শ্রীব্যাসতীর্থের অলৌকিক পাণ্ডিত্য-প্রতিভা, হুদার্শনিক বিচারপ্রণালী, অভূতপূর্ব সদ্যুক্তিজাল এবং পরপক্ষের মতবাদ-নিরাকরণে অদ্বিতীয় ক্ষমতা লক্ষ্য করিয়া বিস্ময়ে ও আনন্দে পরিপ্লুত হইবেন, এ বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই।

৮। শ্রীবাদিরাজতীর্থ—ইনি শ্রীমন্মধাচার্য্য হইতে সোদে মঠায় শিষ্য-পরম্পরায় যোড়শ অধস্তন। শ্রীমন্মধাচার্য্যের বদরীবিজ্ঞারের পর প্রায় ৩০০ তিন শত বৎসর মধ্যে শ্রীবাদিরাজতীর্থের অভ্যুদয়কাল। ইনি মাধ্ব-সম্প্রদায়ের মধ্যে 'দ্বিতীয়মধ্বাচার্য্য' নামে খ্যাত। বৈষ্ণব-সিদ্ধান্ত-

^{*} পঞ্চঙ্গী—(১) স্থায়ামৃত, (২) অদ্বৈতদিদ্ধি, (৩) তরঙ্গিণী, (৪) ব্রহ্মাননীয়, (৫) বনমালামিশীয়—এই পাঁচটি গ্রন্থকে এক দঙ্গে 'পঞ্চন্দী' বলে।

প্রচার ও বাদি-নিগ্রহে এইরূপ অসীম শক্তিশালী পুরুষ মধ্ব-সম্প্রদায়ের মধ্যে মধ্বাচার্য্যের পর আর বিতীয় উদিত হন নাই। রজ্বতপীঠপুর হইতে প্রায় ১০ ক্রোশ উত্তরে 'হুবিনকের' নামক গ্রামে কোন দরিদ্র ব্রাহ্মণের গৃহে ইনি জন্মগ্রহণ করেন। এই দরিদ্র-ব্রাহ্মণ-বালকের অতিশয় সৌম্যা ও পর্মলাবণ্যময়ী মূর্র্ভি-দর্শনে বিশেষ আক্রষ্ট হইয়া সোদে মঠীয় বাগীশতীর্থ যতি ঐ ব্রাহ্মণ-তনয়কে স্ব-শিষ্যত্বে গ্রহণ করেন এবং উঁহাকে সন্মাস প্রদানপূর্বক 'শ্রীবাদিরাজতীর্থ'---এই সন্মাস-নাম প্রদান করেন। সোদে মঠের পূর্বাগুরু-পরম্পরাম্বর্তনে শ্রীবরাহদেবের পূজায় নিযুক্ত হইলেও ঐবিষ্ণুর হয়গ্রীব-মূর্ত্তির প্রতিই ইনি বিশেষ আরুষ্ট ছিলেন। প্রীহয়গ্রীবে ইঁহার এতদুর প্রীতি ছিল যে, ভগবান্ হয়গ্রীব ইঁহার পৃষ্ঠভাগ হইতে ইঁহার ভুজন্বরে স্ব-পাদদ্বয় স্থাপন করিয়া ইঁহার মস্তকোপরি স্থাপিত মধুর পক্ক চণক (ছোলা বা বুট) ভোজন করিতেন এবং ভোজনানস্তর প্রত্যহ কিঞ্চিং অবশেষ রাখিয়া অদৃশ্য হইতেন। বাদিরাজের উপাসনা, পূজা, ভক্তি প্রভৃতিতে ভগবান্ হয়গ্রীব বাদিরাজকে প্রত্যহ এইরূপে দুর্শন দান করিতেন। ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বানী ঠাকুর রজতপীঠপুর হইতে বাদিরাজ স্বামীর এইরূপ ভাবের একটি চিত্র সংগ্রহ করিয়া আনিয়াছিলেন।

শ্রীবাদিরাজস্বামা যাবতীয় ত্রুবাদি-নিগ্রহে বিশেষ যত্নবান্ হইলেও শৈব-সিদ্ধান্ত ও জৈনমত-থগুনে বিশেষ বদ্ধাদর ছিলেন। তিনি জনৈক প্রবল জৈন সন্ন্যাসীকে বানে পরাজয় করিয়া 'জয়চিহ্ন' স্বরূপ উক্ত জৈন সন্ন্যাসীর কিরীট, বেত্রাদি গ্রহণ করিয়াছিলেন। সেই কিরীট-বেত্র অভ্যাপি উত্তর কন্নড় জিলায় সোদা গ্রামে ত্রিবিক্রম-দেবালয়-নিকটবর্ত্তী শ্রীবাদিরাজ যতির সমাধি-মগুপে বর্ত্তমান রহিয়াছে। উক্ত সোদা গ্রামে

ষড়্বিংশ অধ্যায়—দাসকূট ও ব্যাসকূট

বাদিরাজ স্বামী 'ত্রিবিক্রম-দেবালয়' ও 'প্রাণ-দেবালয়' নামক মন্দিরদ্বয় প্রতিষ্ঠা করিয়া সেখানে 'ধবলগঙ্গা' নামক একটি সরোবর নির্মাণ করিয়াছিলেন। বাদিরাজস্বামী রজতপীঠপুর হইতে আরম্ভ করিয়া প্রদক্ষিণাকারে ভারত-মহীমগুলস্থ নিখিল ক্ষেত্র, নদী, পর্বত, দেবালয় প্রভৃতি বিচরণ করিয়াছিলেন এবং স্বীয় ক্ষেত্রপরিচয়াদির সহিত স্বীয় ভারতভ্রমণ-কাহিনী একখানি গ্রন্থাকারে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। সেই গ্রন্থখানি প্রভাস্থক এবং 'তীর্থপ্রবদ্ধ' নামে খ্যাত। এই 'তীর্থপ্রবদ্ধে' অনেক উৎকৃষ্ট কথা পাওয়া যায়।

বাদিরাজস্বামী শ্রীমন্মধ্বাচার্য্যের প্রতিষ্ঠিত অনেক সাম্প্রদায়িক আচার-পদ্ধতির পুনঃপ্রবর্ত্তন ও পরিবর্দ্ধনাদি করিয়াছেন; তিনি প্রীর্ক্ষণদেবালয়ের সেবার স্বষ্ঠুতার জন্ম রজতপীঠপুরে সম্প্রদায়-বিশেষ নির্দ্ধাণ করিয়াছেন। শ্রীমন্মধ্বাচার্য্য অষ্টমঠীয় যতিগণের প্রত্যেকের শ্রীরুষ্ণ-পূজাকাল পালাক্রমে তৃই তৃই মাস করিয়া ধার্য্য করিয়া গিয়াছিলেন, বাদিরাজ স্বামী তাহা পরিবর্ত্তন করিয়া প্রত্যেকের সেবাকাল তৃই মাসের স্থানে তৃই বৎসর ব্যবস্থা করিয়া দেন। বিশেষতঃ শ্রীমন্মধ্বাচার্য্যের কএক পুরুষ পরে অনেকে স্থ-সাম্প্রদায়িক শাস্ত্রপ্রচারে কিঞ্চিৎ উদাসীন হইয়া পূর্ট্টিয়াছিলেন; কিন্তু বাদিরাজস্বামী বিশেষভাবে স্বদেশীয় আপামর সাধারণে মধ্বসিদ্ধান্ত প্রচারার্থ প্রাক্তত-কর্ণাটক-প্রভাদি রচনা করিয়া তন্মধ্যৈ ভগবন্মাহাত্ম্য ও শাস্ত্র-সিদ্ধান্ত সরিবিষ্ট করিয়াছিলেন এবং ঐ সকল যাহাতে সর্ব্বদা আলোচনার বিষয় হইতে পারে, তজ্জ্যে শ্রীরুষ্ণ-দেবালয়ে 'হরিনাম-সংকীর্ত্তন-সম্প্রদায়' রচনা করিয়া প্রত্যহ সেই সকল পদ্মাদি সঙ্গীতাকারে সংকীর্ত্তনের ব্যবস্থা করিয়াছিলেন। মধ্ব-সম্প্রদায়িগণ বলেন যে, বাদিরাজস্বামীই মধ্ব-সম্প্রদায়ে প্রত্যহ দেব-মন্দিরে বিশেষ-বলেন বে, বাদিরাজস্বামীই মধ্ব-সম্প্রদায়ে প্রত্যহ দেব-মন্দিরে বিশেষ-বলেন বে, বাদিরাজস্বামীই মধ্ব-সম্প্রদায়ে প্রত্যহ দেব-মন্দিরে বিশেষ-বলেন বে, বাদিরাজস্বামীই মধ্ব-সম্প্রদায়ে প্রত্যহ দেব-মন্দিরে বিশেষ-বলেন বের

বৈফবাচার্য্য মধ্ব

ভাবে হরিনামসংকীর্ত্তনের ব্যবস্থা করিয়াছিলেন। রজতপীঠপুরে অভাপি দাসক্টীয় মাধ্বগণ বাদিরাজ-যতিক্বত-কর্ণাটক-ভগবৎকীর্ত্তন-পভাদি পাঠ ও কীর্ত্তনাদি করিয়া থাকেন। শ্রীমন্মধ্বাচার্য্য-বিরচিত দ্বাদশ স্থোত্রের তান-লয়-স্বর-সহযোগে সংকীর্ত্তন বাদিরাজস্বামীই প্রচার করিয়াছেন।

মাধ্বগণের মধ্যে কিংবদস্তী এই যে, বাদিরাজস্বামী দিখিজয় করিয়া বিপুল স্থবর্ণভার আহরণ করিয়াছিলেন এবং এত অধিক পরিমাণে স্থবর্ণভার আহত হইয়াছিল যে, তিনি সেই স্থবর্ণভারের দ্বারা সমগ্র শ্রীকৃষ্ণ-দেবালয়কে স্থবর্ণমণ্ডিত করিয়া দিলেও স্থর্ণের অভাব হইত না। বাদিরাজ্বামী শ্রীকৃষ্ণ-দেবালয়কে স্থবর্ণহারা বিমপ্তিত করিতে ইচ্ছা করিলে শ্রীকৃষ্ণদেব তাঁহাকে স্থপ্পে আদেশ করেন যে, কলিকালে স্থবর্ণ-মন্দির-নির্মাণ অনর্থকর, তাহাতে ভগবদ্বিরোধী, লোভী, দম্যপ্রতিম পাষণ্ডক্রের দৃষ্টি পড়িতে পারে। বাদিরাজস্বামী এই স্থপাদেশ প্রাপ্ত হইয়া স্থ-সংকল্প হইতে বিরত হইলেন এবং তাঁহার আহত স্থবর্ণভার শ্রীকৃষ্ণদেবালয়ের উত্তর-ভাগস্থ ভূমির অভাস্তরে প্রোথিত করিয়া তত্বপরি নাগ' প্রতিষ্ঠা করিলেন; সেই স্থানে অভাপি স্থবন্ধণ্য পৃজিত হইতেছেন। এইরূপে বাদিরাজস্বামী বহু ব্যক্তিকে শিষ্য এবং বহু গ্রন্থ নির্মাণ করিয়া সেই সকল শাস্তরাজি প্রচার করিয়াছিলেন। তাঁহার রচিত গ্রন্থের তালিকা নিম্নে প্রদত্ত হইতেছে:—

(১) যুক্তিমল্লিকা, (২) স্থাটিপ্লনী, (৩) তত্ত্বপ্রকাশিকাটিপ্লনী, (৪) সমগ্র মহাভারতটীকা—লক্ষালম্ভারঃ, (৫) সরসভারতীবিলাসঃ, (৬) পাষগুমতথণ্ডনম্, (৭) অধিকরণনামাবলিঃ, (৮) মহাভারত-তাৎপর্য্যনির্ণয়টীকা, (৯) রুক্মিনীশবিজয়কাব্যম্, (১০) তীর্থপ্রবন্ধঃ, (১১) জৈনমতথণ্ডনম্।

यড़्विःশ অध्याय—गांत्रकृषे ও व्यानकृषे

- ৯। শ্রীরাঘবেক্সতীর্থ (মন্ত্রালয়মঠীয় যতি), তদ্রচিত গ্রন্থা-বলী—(১) সুধা-পরিমল, (২) তত্ত্বপ্রকাশিকাভাবদীপঃ, (৩) তন্ত্র-দীপিকা, (৪) মন্ত্রার্থমঞ্জরী, (৫) পুরুষস্ক্রতীকা, (৮—১৫) দশোপ-নিষংখণ্ডার্থঃ, (১৬) গীতাবিবৃতিঃ, (১৭—২৬) দশপ্রকরণটীকাটিপ্রনী, (২৭) পদ্ধতিটিপ্রনী।
- ১০। শ্রীবিশ্বপতিতার্থ (পেজাবরমঠায় যতি), তদ্রচিত গ্রন্থা-বলী—(১) মধ্ববিজয়টীকা, (২) মণিমঞ্জরীটীকা, (৩) তীর্থপ্রবন্ধ-টীকা, (৪) রুক্মিণীশবিজয়টীকা, (৫—৯) পঞ্চন্তিটীকা, (১০) সংগ্রহরামায়ণটীকা, (১১) রামসন্দেশটীকা।
 - ১১। ত্রীযত্নপত্যাচার্য্য (গৃহস্থ), তদ্রচিত গ্রন্থ—(১) স্থাটিপ্পনী।
- ১২। **শ্রীরামাচার্য্য** (গৃহস্থ), তদ্রচিত গ্রন্থ—(১) ন্যাম্ত-টীকা-তর্**লিণী।**
- ১৩। শ্রীশ্রীনিবাসতীর্থ (গৃহস্থ), তদ্রচিত গ্রন্থাবলী—(১—১০) দশপ্রকরণটিপ্রনী, (১১) স্থায়ামৃতটিপ্রনী, (১২) ক্র্রাটিপ্রনী, (১০) তৈতিরীয়টীকা।

সপ্তবিংশ অধ্যায়

শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত

"শ্রীমন্মধ্বমতে হরিঃ পরতমঃ সতাং জগতত্ত্বতো ভেদো জীবগণা হরেরত্বতা নীচোচ্চভাবং গতাঃ। মুক্তিনৈজস্বথামুভূতিরমলা ভক্তিশ্চ তৎসাধনং হাকাদি ত্রিতয়ং প্রমাণমথিলায়ায়ৈকবৈজো হরিঃ॥"

উপরি-উক্ত শ্লোকনিবন্ধে প্রীমন্মধ্বসিদ্ধান্ত সংক্ষেপে পরিপ্টিত রহিয়াছে। এই শ্লোকটি প্রীমধ্বসম্প্রদায়ের আচার্য্যগণের গ্রন্থরাজিতে প্রীমধ্বসিদ্ধান্ত-সম্পূর্টরূপে সর্ব্বগ্র উদাহত হইয়া থাকে। প্রীমাধ্বগৌড়ীয়া-মায়ের পূর্ব্বাচার্য্য প্রীপাদ জয়তীর্থও তাঁহার গ্রন্থমধ্যে এই শ্লোকটি আহরণ করিয়াছেন। তত্ত্বাদি-সম্প্রদায়ের প্রধান পণ্ডিতাচার্য্য প্রীপাদ-বাদিরাজ তীর্থও তাঁহার গ্রন্থমধ্যে এই শ্লোকটি উদ্ধার করিয়াছেন। কেহ কেহ বলেন যে, এই শ্লোকটি প্রীমন্মধ্ব-শিষ্য প্রীমৎ ত্রিবিক্রমাচার্য্যবিরচিত। এই শ্লোকটির তাৎপর্য্য এই যে, প্রীমন্মধ্বাচার্য্যর সিদ্ধান্তার্ম্বসারে—

শ্রীমন্মধ্বসিদ্ধান্ত-সংক্ষেপ ভগবান্ বিষ্ণুই সর্ব্বোত্তন, জগৎ সত্যা, ঈশ্বর, জীব ও জড়ে পরস্পার পঞ্চভেদ সর্বাদা নিত্যা, জীবসমূহ শ্রীহরির অমুচর, জীবগণের মধ্যে পরস্পার যোগ্যতার

তারতম্য বর্ত্তমান, জীবের স্বরূপানুগত ধর্মের অভিব্যক্তিই 'মুক্তি', নির্ম্মলা, শুদ্ধা বা অহৈতুকী ভক্তিই জীবের স্বরূপানুগত ধর্মের অভিব্যক্তির সাধন।

সপ্তবিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যের-সিদ্ধান্ত

শব্দ, অমুমান ও প্রত্যক্ষ—এই তিনটিই প্রমাণ, শ্রীহরিই একমাত্র অথিল-আমায়-বেছ্য অর্থাৎ শ্রোতপথেই শ্রীহরি জ্ঞেয়।

নাধ্ব-গোড়ীয়-বেদান্তাচার্য্য প্রীপাদ বলদেব-বিজ্ঞাভূষণ-প্রভূও স্ব-রচিত প্রমেররত্নাবলী'-গ্রন্থে প্রমের-সমূহের নির্দ্দেশ-মুখে নিম্নলিখিত শ্লোকটি গ্রিখিত করিয়াছেন—

"শ্রীমধ্বং প্রাহ বিষ্ণুং পরতমমথিলায়ায়বেছাঞ্চ বিশ্বং সত্যং ভেদঞ্চ জীবান্ হরিচরণ-জুষস্তারতম্যঞ্চ তেয়াম্। মোক্ষং বিষণ্ জিঘু লাভং তদমলভজনং তম্ম হেতুং প্রমাণং প্রত্যক্ষাদিত্রয়ঞ্চেত্যুপদিশতি হরিঃ রুষ্ণচৈতভাচন্দ্রঃ॥''

শ্ৰীমধ্ব বলেন,—

(১) বিষ্ণুই—পরতম বস্তু, (২) বিষ্ণু—অথিল-বেদবেগু, (৩) বিশ্ব—সত্য, (৪) জীব—বিষ্ণু হইতে ভিন্ন, (৫) জীবসমূহ—হরিচরণ-সেবক, (৬) জীবের মধ্যে বদ্ধ ও মুক্তভেদে তারতম্য বর্ত্তমান, (৭) বিষ্ণুপাদপদ্মলাভই—জীবের মুক্তি, (৮) জীব-মুক্তির কারণ—বিষ্ণুর শুদ্ধভদ্ধন, (৯) প্রত্যক্ষ, অনুমান ও শব্দ বা শ্রুতিই প্রমাণত্তয়। শ্রীমধ্ব-কথিত এই নয়টি প্রমেয়ই ভগবান্ শ্রীরক্ষটেত্নগুচন্দ্র উপদেশ কর্বিয়াছেন।

গোড়ীয়-বেদাস্তাচার্য্য শ্রীল বলদেব বিষ্ঠাভূষণপ্রভুর উপরি-উক্ত বাক্য হইতে স্পষ্টই জানা যায় যে, ভগবান্ শ্রীক্ষটেতভাদেব শ্রীমন্মধ্ব-আমায় স্বীকার করিয়াছেন। এই জন্মই শ্রীগোড়ীয়-সম্প্রদায় 'মাধ্ব-গোড়ীয়' বা 'ব্রহ্মমাধ্বগোড়ীয়-সম্প্রদায়' নামে সজ্জন-সমাজে পরিচিত।

বিষ্ণু

শ্রীমন্মধ্বাচার্য্য বলেন, 'স্বতন্ত্র' ও 'পরতন্ত্র'ভেদে দিবিধ তত্ত্ব; ভন্মধ্যে বিষ্ণুই একমাত্র সর্ববিদ্ধ-স্বতন্ত্র তত্ত্ব।

শ্বতন্ত্রং পরতন্ত্রঞ্চ প্রমেয়ং বিবিধং মতম্।
শ্বতন্ত্রো ভগবান্ বিষ্ণুনির্দ্ধোষাথিলসদ্পুণ: ॥
(তত্ত্ববিবেকে আদি শ্লোক)

স্বতন্ত্র ও পরতন্ত্র—এই হুইপ্রকার তন্তই প্রমেয়। ভগবান্ বিষ্ণুই
একমাত্র সর্বাতন্ত্র-স্বতন্ত্রতন্ত্র, তিনি অনস্ত নির্দোষ-গুণবান্ অর্থাৎ তিনি
অনস্ত-নির্দোষ-কল্যাণগুণৈকনিলয়। তিনি সর্বাক্
স্বতন্ত্র ও পরতন্ত্রভেদে
শক্তিমান্, স্বরাট্, চেতন-অচেতন জগতের নিয়ামক,
দ্বিধি তন্ত্র
আনথ-কেশাগ্র স্বরূপজ্ঞানানন্দাত্মক শ্রীসচিদানন্দবিগ্রহ, স্বগতভেদ-রহিত। তাঁহার দেহ-দেহীতে ভেদ নাই। তাঁহার
অবন্বব, গুণ, ক্রিয়া ও স্বরূপে অত্যন্ত অভেদ অর্থাৎ তাঁহার নাম-রূপগুণ-লীলায় কোনও ভেদ নাই। তিনি সনাতন, সর্ববিয়ামক, সর্বপ্রভু,
ব্রহ্ম-মহেশ-লক্ষ্যাদিরও ঈশ্বর, এইজন্ত তিনি ঈশ্বরতম অর্থাৎ সর্ব্ব ঈশ্বরগণের ঈশ্বর।

সর্বজ্ঞাখিল-সচ্ছক্তিঃ স্বতন্ত্রোহশেষদর্শনঃ।
নিত্যস্তাদৃগচিচিনিয়স্তেষ্টো নো রমাপতিঃ॥
(তত্ত্বোস্থোতে আদি শ্লোক)

সকল দেশ ও কালে নিখিল বিশুদ্ধশক্তির শক্তিমদ্বিগ্রহ। স্বরাট্, সঁর্বজ্ঞ, স্বিলক্ষণ, চেতন ও অচেতন জগতের নিয়ামক সেই রমাপতিই আমাদের ইষ্ট।

সপ্তবিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত

মৎশ্রক্ষাদিরপাণাং গুণানাং কর্মণামপি।
তথৈবাবয়বানাঞ্চ ভেদং পশুতি যঃ কচিং॥
ভেদাভেদো চ যঃ পশ্রেৎ স যাতি তম এব তু।
পশ্রেদভেদমেবৈষাং বৃভূষ্ঃ পুরুষস্ততঃ॥

(গীতাতাৎপর্য্যে ২য় অ: ২৫শ শ্লোক)

মংস্ত-কূর্মাদি অবতারগণের রূপ, গুণ, লীলা ও তাঁহাদের অবয়বে কদাচিৎ ভেদ বা ভেদাভেদ দর্শনকারী নিশ্চয়ই তমোলোকে প্রবিষ্ট শ্রীবিষ্ণুর নামনামা, হয়। অতএব মঙ্গলেচ্ছু পুরুষ বিষ্ণুর নাম, রূপ, দেহদেহী অভিন্ন গুণ, লীলা ও দেহ-দেহীতে পরস্পার অভেদই দর্শন করিয়া থাকেন; ভেদ বা ভেদাভেদ দর্শন করেন না।

> যথা মহাভারত-তাৎপর্য্যনির্ণয়ে ১।১১ শ্লোকে শ্রীমন্মধ্বাচার্য্য-বাক্য—

নির্দোষপূর্ণগুণবিগ্রহ আত্মতন্ত্র-নিশ্চেতনাত্মকশরীর-গুণৈশ্চ হীন:।
আনন্দমাত্রকরপাদমুখোদরাদিঃ পর্বত্র চ স্বগতভেদ-বিবর্জিতাত্মা॥
ভগবান্ শ্রীহরি সর্বাদোষরহিত, তিনি পরিপূর্ণগুণাত্মক দেহবান্,
সম্পূর্ণ স্বাধীন, তাঁহার দেহ বা গুণাবলী সম্পূর্ণ চিন্ময়, তাঁহাতে অচেতনশ্রীবিঞ্ বিগ্রহবান্ ও তার লেশমাত্র নাই, তিনি হস্ত-পদ-মুখ-উদরাদি-যুক্ত
স্বগত ভেদ-রহিত শ্রীবিগ্রহবান্, সমস্তই আনন্দমাত্র-স্বরূপ। তিনি
সর্বত্র স্বগতভেদ-রহিত বাস্তব বস্তু।

কালাচ্চ দেশগুণতোহশু ন চাদিরত্তো বৃদ্ধিক্ষরো ন তু পরশু সদাতনশু।
নৈতাদৃশঃ ক চ বভূব ন চৈব ভাব্যো নাস্তাত্তরঃ কিমু পরাৎপরমশু বিষ্ণোঃ ॥
(মঃ ভাঃ ভাঃ নিঃ ১।১২)

[عهد]

ভগবান্ শ্রীহরি পরাৎপর ও সনাতন বস্তু। দেশ, কাল বা জড় ব্যাপার হইতে তাঁহার জন্ম, বিনাশ, বৃদ্ধি ও ক্ষয় সাধিত হইতে পারে না। বিষ্ণুর স্থায় পরম তত্ত্ব আর কেহই পূর্ব্বেও শ্রীবিষ্ণু পরতম তত্ত্ব হয় নাই, পরেও হইবে না, এখনও নাই। ত্রিকালে ভগবান্ বিষ্ণুর সদৃশ যখন কাহারও অন্তিত্ব নাই, তখন তাঁহা অপেকা উত্তম আর কে হইতে পারে ?

সর্বজ্ঞ ঈশ্বরতম: স চ সর্বাশক্তিঃ পূর্ণাব্যয়াত্মবলচিৎস্থবীর্য্যসার:।
যক্তাজ্ঞয়া রহিতমিন্দিরয়া সমেতং ব্রেক্ষেপপূর্বকমিদং ন তু কম্ম চেশম্॥
(মঃ ভাঃ ভাঃ নিঃ ১।১৩)

তিনি স্বেচ্ছায় স্ষ্টি-সংহার-নিয়মনাদি-লীলা করিয়া থাকেন। স্ষ্টিঃ স্থিতিশ্চ সংহারো নিয়তিজ্ঞ নিমার্তিঃ! বন্ধমোক্ষাবপি হাস্থ শ্রুতিযুক্তা হরেঃ সদা।।

(অমুব্যাখ্যান ১ম অঃ ১ম পাঃ ২য় স্ত্র-ভাষ্য)

এই সকল শ্রুতিতে উক্ত হইয়াছে যে, শ্রীবিষ্ণু হইতেই সর্বাদা সৃষ্টি, স্থিতি, সংহার, জীবের নিয়তি, জ্ঞান, আবরণ, বন্ধ, মোক্ষ প্রভৃতি হইয়া থাকে।

ভগবান্ বিষ্ণু অনাদি-কাল হইতেই স্বীয় বিভিন্নাংশ জীবকুলের 'বিশ্বরূপে' বিরাজিত। অর্থাৎ চিদ্বিলাস-রাজ্যে সচিচদানন্দ-বিগ্রহবান্ অনস্ত জীবকুল নিত্য অবস্থিত; সেইসকল জীব ব্রহ্মাদি-দেবতা' হইতে আরম্ভ করিয়া নূপ-কীটাদি আকারে শুদ্ধস্বরূপে সেই শুদ্ধনি বিষ্ণুরই নির্দ্দ চিদ্ধানে বর্ত্তমান; সেইসকল বিভিন্ন আকারবান্ পাধিক প্রতিবিশ্ব সচিচদানন্দময় শুদ্ধজীব বিষ্ণুরই নিরুপাধিক প্রতিবিশ্বরূপ। তাৎপর্য্য এই যে, সমস্ত বিচিত্রতা একমাত্র বিষ্ণু হইতেই প্রকাশিত হইয়াছে। বিষ্ণুই স্ক্বিধ বৈচিত্র্যের মূল

সপ্তবিংশ অধ্যায় — শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত

আদর্শ। অনম্ভ-আকার-বিশিষ্ট বিষ্ণুর যে সকল নিত্যরূপ বিরাজমান, তাহারই নিরুপাধিক প্রতিবিষরূপে তত্তদাকার-বিশিষ্ট জীবসমূহ বৈকুণ্ঠাদি-চিদ্ধামে বর্ত্তমান। ভগবান্ বিষ্ণু যদি ব্রহ্মাদি-দেবতা হইতে নুপ-কীট পর্যাম্ভ নিত্য সচিচদানন্দময়রপধৃক্ না হইতেন, তাহা হইলে জীবকুলেরও সেইসকল আকার-সম্ভাবনা হইত না। বৈকুণ্ঠ-জগতে যে-সকল পশু-মুগ-বুক্ষাদি বর্ত্তমান, তাহারা সচ্চিদানন্দাকার শুদ্ধ জীব। তাহারা সেই নিরুপাধিক বিশ্ব-শ্বরূপ ভগবান্ বিষ্ণুরই নিরুপাধিক প্রতিবিশ্ব। মায়া-বাদিগণ যেরূপ জীবকে ঔপাধিক প্রতিবিশ্ব মনে করেন, মধ্বাচার্য্য-সিদ্ধান্ত তদমুরূপ নহে। শ্রীমধ্বাচার্য্য বলেন,— বৈকুণ্ঠ-জগতে শুদ্ধস্বরূপে খগ-মুগ-नत्र-ज्ञामि विजिन्न আকারে श्रीवकून वित्राक्रमान। श्रीज्ञवान् अवि সকল নিরুপাধিক প্রতিবিদের বিশ্বরূপে ভগবান নিরুপাধিক খগ-মুগ-নর-তৃণাদিরূপে বিরাজমান। সেইসকল নিরু-প্রতিবিষের বিষ পাধিক প্রতিবিশ্ব-শ্বরূপ জীবের সহিত তাঁহাদের নিরুপাধিক বিশ্ব-শ্বরূপ ভগবানের আকার ও পরিমাণ-গত সাদৃশ্র আছে বটে। কিন্তু জীব ও ভগবানে পার্থক্য এই যে, জীব-স্বন্ধ-জানানন্দা-ত্মক বিগ্ৰহ, আর ভগবান্ পূর্ণ-জ্ঞানানন্দাত্মক জীব বল্পজানাননাত্মক ও বিগ্রাহ। এমন কি, অপুর-স্বরূপ-দেহ-সমানাকার ভগৰান্ পূৰ্-জ্ঞানা-বিষরপী ভগবানও নিত্যনির্দোষগুণাননাত্মক-নন্দ ব্যক বিগ্রহরূপে বিরাজমান, অর্থাৎ যে-সকল জীব স্বাভা-বিক অসুর-দেহবিশিষ্ট এবং তদমুকূলেই বিষ্ণুবৈষ্ণব-দ্বোদি-অপরাধ-প্রবণ, দেইসকল নিরুপাধিক অমুর-স্বরূপের বিষরপ্রেও ভগবানের নিত্য আকার রহিয়াছে। তাৎপর্য্য এই যে, কতকগুলি জীব স্বরূপতঃ অস্থ্রাকার-বিশিষ্ট; তাহাদিগের সেই আকার স্বভাবতঃ নিত্র-বলিয়া

নিরুপাধিক; কিন্তু প্রপঞ্চে (ব্রহ্মাণ্ডে) পাপকর্মফলে তাহা নিত্য রক্তমো গুণাদি-বিশিষ্ট। ভগবান্ সেইসকল অন্তর আকারের বিশ্ব-শ্বরূপ; কিন্তু ভগবানে সেই প্রকার রক্তমোগুণাদি নাই। এখানে আর একটি বিচার্য্য বিষয় এই যে, বর্জ্জমানে জীব কর্মফল-বঁশতঃ যে সকল বিভিন্ন দেহ প্রাপ্ত হইয়াছে বা হইবে, সেই সকল স্থূল দেহ নিরুপাধিক প্রতিবিশ্ব নহে। বর্জ্জমানে কোন হাক্তি মহন্য-দেহ প্রাপ্ত হইলেও তাহার শ্বরূপদেহ মর্কট-রূপ-বিশিষ্ট হইত্তেও পারে; আবার কোনও জীব বর্জ্জমানে মৎশ্ব-দেহ লাভ করিলেও তাহার নিত্য শ্বরূপদেহ চিদানন্দময় নরদেহ থাকিতে পারে; অর্থাৎ বর্জ্জমান স্থূলদেহ-দর্শনে নিত্য শ্বরূপ-দেহের অন্ত্রমান করা যাইতে

জীবের স্থূলদেহ বিশ্ব নিরুপার্ধিক প্রতিবিদ্ধ নহে, স্বরূপদেহই নিরুপাধিক,নিত্য

পারে না। স্থল ও লিঙ্গ দেহ সেই স্বরূপদেহের আবরণ মাত্র। স্বরূপদেহই নিরূপাধিক ও নিতা; তাহা বিভিন্নাকার হইতে পারে। তাহাকেই নিরূপাধিক প্রতিবিশ্ব বিভিন্নাংশ শুদ্ধজীব (জীবাত্মা) বলিয়া বর্ণন করা হইয়াছে। এইসকল নিরূপাধিক

প্রতিবিষেরই মূল আদর্শ বা বিশ্বস্থরূপ—অনস্তশক্তিক অনস্ত-আকার সচিচনানন্দময় ভগবদ্বিষ্ণু-বিগ্রহসকল। ইহাই হইল শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্তু।

দ্বিরূপাবংশকৌ তম্ম পরমস্ম হরেবিভো:।
প্রতিবিশ্বাংশকশ্চাথ স্বরূপাংশক এব চ॥
প্রতিবিশ্বাংশকা জীবা: প্রান্তর্ভাবা: পরে স্মৃতা:।
প্রতিবিশ্বেম্বর্লসাম্যং স্বরূপাণীতরাণি দ্বিতি॥
সোপাধিরহুপাধিশ্চ প্রতিবিশ্বো দিধেয়তে।
জীব সশ্সামুপাধিরিক্রচাপো যথা রবে:॥ — পৈঙ্গীশ্রুতি:
(ব্রঃ স্থ: ২য় অঃ ৩য় পা: ৫০ স্থ্রের মূল ভাষ্য)

সপ্তবিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত

বিভূ পর্মেশ্বর শ্রীহরির দিবিধ অংশ-প্রতিবিধ-অংশ ও স্বরূপাংশ।
প্রতিবিধ-অংশ-সমূহই—অনস্ত জীবগণ; আর মংস্থাদি অবতারগণ—
স্বরূপাংশ বিদ্যা খ্যাত। প্রতিবিধ্বরূপ জীবের সহিত বিভূ শ্রীহরির অল্পামা আছে, আর মংস্থাদি অবতারগণ—গ্রীহরির স্বরূপভূত। প্রতিবিদ্ধ দিবিধ,—
সোপাধিক ও নিরুপাধিক। জীব—ঈশ্বরের নিরুপাধিক প্রতিবিদ্ধ, আর আকাশে দৃষ্ট ইন্দ্রধন্ধ—স্থর্যের সোপাধিক প্রতিবিদ্ধ, অতএব অনিত্য।

ব্রহ্মকলারস্থে ভগবান্ বিষ্ণু লীলাবশতঃ স্ঠ্যাদি কার্যার্থ বাহ্মদেব,
সক্ষর্বণ, প্রস্থায় ও অনিক্রন—এই চতুর্বিধিরপে প্রকাশিত হন। বাহ্মদেবরূপে তিনি জীবগণকে গতি প্রদান করেন;
চতুর্ব্যূহ ও তাঁহাদের
বাহ্মদেবের পত্নীর নাম—'রমা' বা 'মায়া'।
সক্ষর্ণরপে তিনি জগৎ সংহার করেন; সক্ষর্বণের

পত্নীর নাম—'জয়া'। প্রত্যয়রূপে তিনি জগং স্থি করেন; প্রত্যামরূপে তিনি জগং স্থি করেন; প্রত্যামরূপে তিনি বিশ্ব পালন করেন; অনিরুদ্ধের পত্নীর নাম—'শান্তি'।

ইখং বিচিন্তা পরমঃ স তু বাস্থদেবনামা বভূব নিজমুক্তিপদ-প্রদাতা।
তম্মাজ্ঞহৈব নিয়তাথ রমাপি রূপং
বল্রে বিতীয়মপি যং প্রবদন্তি মায়াম্।

সন্ধর্ণশ্চ স বভূব পুনঃ স্থানিত্যঃ
সংহারকারণবপুস্তদমুক্তবৈরব।
দেবী জয়েত্যমূবভূব স স্প্রিহেতোঃ

প্রস্থার্পগতঃ ক্বতিতাঞ্চ দেবী **॥**

[১৯৭]

दिकवार्गार्थ मध्य

স্থিতা পুন: স ভগবাননিক্ষনামা
দেবী চ শান্তিরভবচ্ছরদাং সহস্রম্।
স্থিত্ব স্থিতির স্ভিরচিন্তাশক্তিঃ
প্রহায়রূপক ইমঞ্রমাত্মনেহদাৎ।

(ম: ভা: তা: নি: ১ম অ: ৬-৮ লোক)

'আমি আমার উদরগত চেতন-সম্হকে তাঁহাদের স্বরূপ অভিব্যক্তির অন্ত সৃষ্টি করিব'—এই সঙ্কল্প করিয়া সেই পরমেশ্বর প্রীহরি নিজজনের মুক্তিপদ-প্রদাত্ররপ 'বাস্থদেব' নামে প্রকটিত ইইলেন। তাঁহার আজ্ঞামু-সারেই তদধীনা রমাদেবীও দ্বিতীয় রূপ ধারণ করিলেন। এই বাস্থদেব-পত্নীকেই পণ্ডিতগণ 'মায়া' নামে অভিহিত করিয়া থাকেন। সেই পরম নিত্য ভগবান্ পুনরায় প্রলয়-কারণ-ভূত দেহ প্রকটিত করিয়া 'সঙ্ক্ষণ' নামে আবিভূত ইইলেন। তাঁহার আজ্ঞামুসারেই লক্ষ্মী দেবী 'জয়া' নামে অন্তপ্রকাশিত ইইলেন। সেই ভগবান্ স্টির জন্ত প্রত্যমরূপে আবিভূতি ইইলে লক্ষ্মী দেবী 'রুতি' নাম ধারণ করিলেন। সেই ভগবান্ বিষ্ণু জগংপালনের জন্ত 'অনিরুদ্ধ' নামে আবিভূতি ইইলে লক্ষ্মী দেবী 'শান্তি' নাম ধারণ করিলেন। ভগবান্ বাস্থদেব, সঙ্কর্ষণ, প্রত্যম ও অনিরুদ্ধরূপে সহস্র সঙ্কার্ম অবিস্থিত করিলে অচিস্থ্যশক্তি সেই প্রছায়-ভগবান্ জীব-সম্হকে (পালনার্ধ) অনিরুদ্ধের নিকট প্রদান, করিলেন।

সৃষ্টি ও সংহার—এই কার্যাদ্য ভগবান্ বিষ্ণু আধিকারিক দেবতা বা মহত্তম জীবকে প্রতিভূরণে গ্রহণ করিয়া ভদ্মারাই করাইয়া থাকেন। প্রভ্যমন্ত্রপী বিষ্ণু চতুর্মাপ ব্রহ্মাতে সৃষ্টিসামথ্য এবং সন্ধর্শনালী বিষ্ণু ক্রে সংহার-সামর্থ্য প্রদান করেন। অনিক্ষরণে স্বয়ংই পালন এবং বাস্থদেব-

সপ্তবিংশ অখ্যায় শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত

রূপে স্বয়ং মোক্ষ প্রদান করিয়া থাকেন। এই চতুর্বিধ রূপ ব্রহ্মকলান্ত পর্যাম্ভ এবং মৎস্ত-কূর্মাদি রূপ মধ্যে মধ্যে জগতে প্রকাশিত হইয়া পুনরায় অপ্রকট-প্রকাশে গমন করেন। স্ষ্ট, সংহার, পালন ও বিষ্ণু কেশবাদি, দ্বাদশমূর্ত্তি ও বাস্থদেবাদি দাদশ-মোক প্রদানকাথ্যে মূর্ত্তি—সর্বাসমেত এই চতুর্বিংশতি মূর্ত্তিতে চতু-বিষ্ণুর কৃত্য িংশতি-তথাভিমানী দেবতাগণের নিয়ামক এবং वाष्ट्रप्ति, मक्षर्यं , প্রহায়, অনিকৃদ্ধ ও নারায়ণ—এই পঞ্চরপে অরাদি পঞ্চকোষের নিয়ামক; বিশ্ব, তৈজদ, প্রাক্ত ও তুরীয় —এই চতুর্বিধরূপে জীবের অবস্থা-চতুষ্টয়, যথা-জাগ্রৎ, স্বপ্ন, স্ব্যুপ্তি ও শীবিশুর সর্বানিয়ামকত্ব মোকের নিয়ামক; 'মাত্মা' ও 'অন্তরাত্মা' রূপে স্থলদেহ ও স্বরূপদেহের নিয়ামক এবং জীবের সর্ব্ব-শরীরে অনন্তর্মপে ব্যক্ত থাকিয়া তাঁহাদের নিয়ামক হন। তিনি তত্ত্বাভিমানী দেবতা ও ইন্দ্রিগণকে প্রেরণা করিয়া থাকেন।

জীবের যোগ্যতা ও স্বতন্ত্রতামুদারে পাপপুণ্যাদির জন্ত ভগবান্ বিষ্ণু দায়ী নহেন। ভগবান—প্রয়োজক কর্ত্তা, জীব—প্রযোজ্য কর্তা। ভগবান্ প্রয়োজক কর্ত্তা, ভবিষ্যপুরাণে—

कीव धारवाका

পুণ্যপাপাদিকং বিষ্ণু: কারয়েৎ পূর্বকর্মণা।

ত্ত্বিদশিখায়াং— অনাদ্বিশং কর্মণশ্চ ন বিরোধ: কথঞ্চন ॥

ন কারয়েৎ পুণ্যমথাপি পাপং
ন ভাবতা দোষবানীশিতাপি।
ঈশো যতো গুণদোষাদিসত্তে

স্বয়ং পরোহনাদিরাদিঃ প্রজানাম্॥ (২র অ: ১ম পা: ৩৬-৩৭ স্ত্রের মূলভায়)

ভগবানের বৈষম্যে নৈত্ব ণ্য-দাষের প্রসক্তি নাই, যেহেতু জীবের দারা অনাদি-কর্মবাসনাক্রমে পূর্ব্বকর্মান্ত্রসারেই ভগবান্ বিষ্ণু পুণ্য-পাপাদি করাইয়া থাকেন। অনাদি কর্মের অনুসরণ করিয়া জীবের পুণ্য-পাপাদি-কর্মে প্রবৃত্তি করাইয়া থাকেন বলিয়া বিষ্ণু কখনও দোষী সাব্যস্ত হইতে পারেন না, যেহেতু তিনি গুণদোষাদির নিয়ামক। তিনি ত্বয়ং পর অর্থাৎ তাঁহার শ্রেষ্ঠত্ব অন্তানিরপেক্ষ, তিনি অনাদি এবং জীব-সমূহের আদি।

অবভার

প্রতিযুগে ভুবনসমূহ হুষ্ট দৈত্যগণের দারা উপজত ও ধর্মের গ্লানি উপস্থিত হইলে স্বয়ং ভগবান সর্বপ্রকার প্রাণিরূপে অবতরণ করিয়া কখনও জলজন্ত, কখনও মৃগ, কখনও পক্ষী, কখনও ভূবন-মঙ্গল-বিধানার্থ ব্রাহ্মণ, কখনও বা ক্ষত্রিয়-মধ্যে আত্মপ্রকাশ করেন। শ্রীভগবানের সর্ব-তিনি নানা প্রাণিরূপে অবতীর্ণ হইলেও প্রাকৃত স্থখ বিধ প্রাণিরূপে ও হঃখাদির দ্বারা স্পৃষ্ট হন না। কিন্তু নিজেই অবভরণ মায়াদ্বারা প্রাক্ত লোকের দৃষ্টিতে কখনও গর্ভস্থের তুল্য, নবজাত স্থন্থ-পায়ী বালকের ভায়; কামুক, ভীত, ছৃ:খী, বিরহী, ক্ষুধার্ত, বদ্ধ, ছিন্ন, 'মুঝ, মলিন, বিরক্ত, মূর্য এবং আঘাত বা পরাজয়-প্রাপ্ত শ্রীভগবান্ সর্কবিধ ইত্যাদি প্রাক্ত লোকের সদৃশ অবস্থান দেখাইয়াও প্ৰাকৃত-দোষ-স্পৰ্ণ-্সভাবতঃ সর্বদোষশৃত্য থাকিয়া অজ্ঞলোকদিগকে পরিশৃস্থ বিড়ম্বিত করেন, দৈত্যগণকে ভ্রাস্ত ও বঞ্চিত করেন। এই সমুদয় ব্যাপারের পারমাথিক রহস্ত না জানিয়া যাহারা বিষ্ণুর নিন্দা করে, তাঁহার তত্ত্ব না জানিয়া তাঁহার প্রতি ভক্তি করে না, তিনি তাহা-

দিগকে 'অন্ধতামস' নামক নরকে পাতিত করেন। যাঁহারা ভগবানের সেবক ও শরণাগত হইয়া ভক্তিপূর্বক উপাসনা করেন, তাঁহাদিগকে উচ্চ প্দবীতে লইয়া যান। যাহারা এই উভয় বিষয়ে অনভিজ্ঞ, তাহা-

শীভগবানের অনন্ত ভ্বনসমূহে তিনি নানার্রপে অবতরণ করিয়া বিচিত্র লীলা প্রদর্শন করেন। বিবিধ লীলা-দ্বারা ভক্তদিগের

ভক্তি উৎপাদন করেন, বিদ্বেযিগণের বিরোধ বর্দন করেন। তাঁহার অবতারসমূহে জ্ঞানাবতার, বলাবতার ও উভয়াবতার, এই ত্রিবিধ অবতার হয়। জ্ঞানাবতারসমূহে জ্ঞানদানে ভক্তগণের উদ্ধার, বলাবতারে হুষ্টনিগ্রহ-দারা ভক্তগণের পালন এবং উভয়াবতারে হুইপ্রকার কার্য্য করেন।

বেদব্যাস, কপিল, দত্তাত্রেয়, পার্থসারথি রুষ্ণ, নর, হরি, মহিদাস, হংস ও বৃদ্ধ—ইঁহারা জ্ঞানাবতার বিষ্ণু; কৃর্ম, বরাহ, নরসিংহ, বামন, পরশুরাম, দশরথনন্দন রাম, কল্কি, শিশুমার, জানাবতার, বলাবতার, বলাবতার, উভয়াবতার বিষ্ণু; হয়গ্রীব, ঋষভ, মৎশ্র ও যাদব রুষণ্ — ইঁহারা

উভঁয়াবতার বিষ্ণু।

রুঞ্রামাদিরপেয়ু বলকার্য্যো জনার্দনঃ।
দত্তব্যাসাদিরপেয়ু জ্ঞানকার্য্যস্তথা প্রভূ:।

(মঃ ভাঃ তাঃ নিঃ ২য় ৢয়ঃ ২৫শ শ্লোক)

জনার্দন শ্রীহরি, রুষ্ণ ও রামাদিরপে বলকার্য্য এবং দত্তব্যাসাদিরপে জ্ঞানকার্য্য করিয়া থাকেন। সকল-অবতারই জ্ঞান ও বলাদিসর্বশক্তিতে পূর্ণ হইলেও বিশেষভাবে জ্ঞানপ্রচারহেতু 'জ্ঞানাবতার', বলের কার্য্য-

रेवकवाठाया मध्व

প্রদর্শনহেতু 'বলাবতার' নামে লক্ষিত হন। কোন কোন অবতার কেবল ভক্তের প্রতি অমুগ্রহ করিয়াই ক্বতকার্য্য হন।

তাঁহার নিতাধাম বৈকুণ্ঠ। স্থাষ্টর আদিতে "শ্বে**ডটীপ**" ও **"অনন্তাসন"** নামে ধামদ্বয় প্রকাশিত হন। ব্রহ্মাণ্ডের উপরিপ্রদেশে বৈকুণ্ঠ, মধ্যপ্রদেশে খেতদীপ ও নিম্নভাগে অনস্থাসন। বৈকুণ্ঠ, খেতদীপ সকল স্থানেই মুক্ত ব্ৰহ্মক্তাদি দেবগণ ও মুক্ত ও অবস্থাসন (শষ, গরুড, বিম্বক্সেন, নন্দ ও সুনন্দ, জয় ও বিজয় প্রভৃতি পরিবারবর্গ-দারা দেবিত হইয়া প্রেয়সী লক্ষীর সহিত বিরাজ করেন। সর্বাস্থানেই 'মুক্তস্থান' ও 'অমুক্তস্থান' নামে হুইটি বিভাগ আছে—মুক্তস্থানে মুক্ত শেষ, গরুড়, মুক্তহাৰ ও অমুক্তহাৰ ইন্দ্ৰ, কাম প্ৰভৃতি-ৰাৱা এবং নন্দ ও স্থনন্দাদি পাৰ্ষদ-গণের দ্বারা বেদবাণী সেবিত হন এবং অমুক্তস্থানে অমুক্ত শেষ, গরুড়াদি ও পার্ষদগণদারা পূর্কোক্ত ব্রহ্মবাণী সেবিত হন। বিষ্ণু-জগতের নিমিত্ত-কারণম্বরূপ, উপাদান-শীবিষ্ণু জগতের কারণ নহেন। তিনি জগৎ হইতে পৃথক্ হইলেও নিমিত্ত-কারণ मर्कशास्त व्यवशास करतन ।

বিষ্ণুর পরতমত্ব সন্বন্ধে শ্রীমধ্বাচার্য্যের উদাহত শ্রোতপ্রমাণঃ—

- (১) বিফোরু কং বীর্য্যাণি প্রবোচং যঃ পার্থিবানি বিমমে রজাংসি I
- (২) পরো মাত্রয়া তরা বার্ধান ন তে মহিত্মস্বশ্নুবন্ধি। ন তে বিষ্ণো জায়মানো ন জাতো দেব মহিয়ঃ পরমন্ত্রমাপ।

- (৩) সহস্রশীর্ষং দেবং বিশ্বাক্ষং বিশ্বসংজুবম্।
 পতিং বিশ্বস্তান্ত্রেশ্বরং শিবসচ্যতম্।
 নারায়ণং মহাজ্ঞেয়ং বিশ্বাত্মানং পরায়ণম্॥
 নারায়ণঃ পরো জ্যোতিরাত্মা নারায়ণঃ পরঃ।
 নারায়ণঃ পরং ব্রহ্ম তত্ত্বং নারায়ণঃ পরঃ॥
 যচ্চ কিঞ্চিজ্জগৎসর্বাং ক্রয়তে দৃশুতেহপি বা।
 অন্তর্বহিশ্চ তৎসর্বাং ব্যাপ্য নারায়ণঃ স্থিতঃ॥
- (৪) অশু দেবশু মীচুযো বয়া বিষ্ণোরেষশু প্রভূথে হবিভিঃ বিদেহি রুদ্রো রুদ্রিয়ং মহিত্বং যাসিষ্ঠং বর্ত্তিরশ্বিনাবিরাবৎ।
- (e) নমো বাচে নমো বাচম্পতায়ে নমো বিষ্ণবে মহতে করোমি।
- (৬) তদ্বিষ্ণাঃ পরমং পদং সদা পশুন্তি স্থরয়ঃ, দিবীব চক্ষুরাততম্। তদ্বিপ্রাসো বিপন্তবো ব্যাহ্নবাংসঃ সমিদ্ধতে বিষ্ণোর্যৎ পরমং পদম্।
- (१) একো নারায়ণ আসীর ব্রহ্মান চ শকর:।
- (৮) वाञ्चरत्रवा वा इत्रश वानीत बक्का त्नभारमा नागीरवारमो।
- (৯) यः সর্বজ্ঞ: यः সর্ববিৎ যস্ত জ্ঞানময়ং তপ:।
- তস্মাদেতদ্বস্ধ নাম রূপমন্নং চ জায়তে॥
- (১০) পরাম্ম শক্তিবিবিধৈব শ্রুয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ ।
- (১১) ভীষাম্মাদ্বাতঃ পবতে ভীষোদেতি সূর্য্যঃ। ভীষাম্মা ইক্রশ্চাগ্নিশ্চ মৃত্যুধ বিতি পঞ্চম ইতি।
- (১২) ন তত্ত্র সুর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিহাতো ভাস্তি কুতোহয়মগ্নি:।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

তমেব ভাস্তমমূভাতি সর্বাং তম্ম ভাসা সর্বামিদং বিভাতি॥

- (১০) যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎপ্রযন্ত্যভিসংবিশন্তীতি। তদিজিজ্ঞাসম্ব।
- (১৪) রূপং রূপং প্রতিবিশ্বো বভূব তদশ্য রূপং প্রতিচক্ষণায়। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হাস্ত হরয়ঃ শতা দশ ॥
- (১৫) অগ্নির্যথৈকো ভূবনং প্রবিষ্টো রূপং রূপং প্রতিরূপো বভূব। একো বদী স্বভূতান্তরাত্ম। রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ॥
- (১৬) এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেক্তিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্ত ধারিণী॥
- (১৭) মনোময়: প্রাণশরীরনেতা প্রতিষ্ঠিতোহনে হৃদয়ং সরিধায়। তদ্বিজ্ঞানেন পরিপশুস্তি ধীরা: আনন্দরূপমমৃতং যদ্বিভাতি॥
- (১৮) তথাদ্বা এতথাদ্বিজ্ঞানময়াৎ অন্তোহস্তর আত্মানন্দময়:।
 তম্ম প্রিয়মেব শির:, মোদো দক্ষিণ: পক্ষ:, প্রমোদ উত্তর: পক্ষ:,
 আনন্দ আত্মা, ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠা।
 সতং জ্ঞানমনস্থং ব্রহ্ম। আনন্দো ব্রহ্মতি ব্যক্তানাৎ।
 এতমানন্দময়মাত্মানমুপসংক্রম্য।

- (১৯) যো বৈ ভূমা তৎস্থং ভূমাত্বেব স্থং নাল্লে স্থম্। ভূমৈবোপাসিতব্যম্।
- (২•) প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্ম বিজ্ঞানমানলং ব্রহ্ম রাতিদর্শিতঃ পরায়ণম্।
- (২১) পূর্ণমদ: পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণজ্ঞ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥ স আত্মন আত্মানমুদ্ধত্যাত্মতোব বিলাপয়তি।
- (২২) বাহ্বদেবঃ সংকর্ষণঃ প্রছারে। ইনিক্ষদ্ধোহহং মৎশ্রঃ কূর্মো বরাহো নারিসিংহো বামনো রামো রামঃ ক্ষণো বৃদ্ধঃ কল্কিরহং শতধাহং সহস্রধাহম-মিতোহহমনস্থোহহং, নৈবেতে জায়স্তে ন ম্রিয়স্তে নৈষামন্ত্রা ন বন্ধো ন মুক্তিঃ সর্ব্ব এব পূর্ণাঃ অজ্বাঃ অমৃতাঃ পরমাঃ পরাননা ইতি।
- (২০) তক্ত হ বা এতক্ত পরমক্ত ত্রীণি রূপাণি। রুফো রামঃ কপিল ইতি। তক্ত হ বা এতক্ত পরমক্ত পঞ্চরপাণি দশরপাণি শতরূপাণি সহস্র-রূপাণ্যমিতরূপাণি, তানি হ বা এতানি সর্বাণি পূর্ণানি সর্বাণ্যমক্তানিং সর্বাণ্যসংমিতানি।
 - *(২৪) অগ্নির্বৈ দেবানামবমো বিষ্ণুঃ পরমঃ তদস্করা অস্তা দেবতাঃ।
 - (২৫) ন কর্মণা বর্ধতে নো কনীয়ান্।
 - (২৬) শৃথে বীর উগ্রম্গ্রাং দময়রগ্রমগ্রমতি নেনীয়মান:।

 এধমানদ্বিজুভয়ন্ত রাজা চোক্ষুতে বিশ ইন্দ্রো মনুষ্যান্।

 পরা পূর্বেষাং সখ্যা বুণক্তি বিতর্জুরাণো অপরেভিরেতি।

 অনান্নভূতীরব ধ্যান প্র্কীরিক্রঃ শরদস্তর্তরীতি।
 - (২৭) ঐশ্চ তে লক্ষীশ্চ পদ্মৌ অহোরাত্রে পার্শ্বে।

বৈষ্ণবাচাৰ্য্য মধ্ব

লক্ষ্মী

প্রীপন্নী বিষ্ণুর প্রিয় মহিষী, জ্ঞানানন্দাত্মক-নিত্যদেহ-বিশিষ্টা, বিষ্ণুর স্থার তিনিও গর্ভবাস-হঃখাদি-দোষরহিতা, সর্বত্র বিষ্ণুর সহিত অবস্থিতা, সর্বত্র ব্যাপ্তা, বিষ্ণুর অনস্ত রূপের সহিত শ্রীলন্দ্রীও শ্রীপন্নীতম্ব, লন্দ্রীর অনস্তরূপে বিহার করেন, বিষ্ণুর অবতরণকালে লন্দ্রীও বিভিন্ন নাম অবতীর্ণা হইয়া সেই অবতারের প্রিয়সঙ্গিনীরূপে বিরাজ করেন, বিষ্ণুর স্থায় লন্দ্রীরও বিভিন্ন নিত্য নাম ও রূপ আছে। লন্দ্রীর বিভিন্ন নাম, যথা—শ্রী, ভূ, হুর্গা, মায়া, জ্মা, রুতি, শাস্তি, অন্ত্রণী, সীতা, দক্ষিণা, জ্মন্ত্রী প্রভৃতি। শ্রীলন্দ্রী শ্রী, ভূ ও হুর্গারূপে ত্রিবিধ শুণের নিয়ামক। 'শ্রী' রূপে সম্বন্তণ-প্রেরিকা হইয়া দেবতাগণকে মোহন করেন, 'ভূ'রূপে রজ্যেগুণ-প্রেরিকা হইয়া দেবতাগণকে মোহন করেন, আর 'হুর্গা'রূপে তমোগুণ-প্রেরিকা হইয়া দৈত্যগণকে মোহন করিয়া

প্রীভূর্ র্গান্ত্রণী হ্রীশ্চ মহালক্ষ্মীশ্চ দক্ষিণা।
সীভাজয়ন্ত্রীসভ্যা চ রুক্মিণীভ্যাদিভেদিভা॥
প্রকৃতিন্তেন চাবিষ্টা তদ্বশা ন হরিঃ স্বয়ম্।
ততোহনস্তাংশহীনা চ বলজপ্রি-স্থাদিভিঃ॥
গুণৈঃ সর্বৈস্তথাপ্যক্ত প্রসাদাদ্বোষবর্জিভা।
সর্বদা স্থার্মপা চ সর্বদা জ্ঞানরাপিণী॥

थाद्यन।

—(বৃহদা: ভাষ্য ৩য় অ: ৫ম ব্রা:)

ত্রী, ভূ, দুর্গা, অম্রণী, হ্রী, মহালক্ষ্মী, দক্ষিণা, সীতা, জয়স্ত্রী, সত্যা এবং কৃষ্ণিণী ইত্যাদি ভিন্ন ভিন্ন নামবিশিষ্টা প্রকৃতি শ্রীহরিকর্তৃক আবিষ্টা এবং

তাঁহার বশীভূতা রহিয়াছেন, পরস্ক শ্রীহরি তাঁহার বশীভূত নহেন। সেই প্রকৃতি বল, জ্ঞান এবং স্থুখ প্রভৃতি যাবতীয় গুণবিষয়ে শ্রীহরি হইতে যদিও অনস্কলংশে হীনা, তথাপি তাঁহার প্রসাদ-বশতঃ সর্বদোষবর্জিতা ও সর্বদা জ্ঞান-স্থপর্মপা।

তক্সান্ত ত্রীণি রূপাণি সন্ধং নাম রক্ষন্তম:।

সৃষ্টিকালে বিভক্সন্তে সন্ধং শ্রী: সদ্গুণপ্রভা ॥

রক্ষো রঞ্জনকর্ত্বান্তু: সা সৃষ্টিকরী যত:।

যদাবেশাদিয়ং পৃথী ভূমিরিত্যেব কথ্যতে ॥

জীবানাং গ্লপনান্দুর্গা তম ইত্যেব কীর্ত্তিতা।

এতাভিন্তিস্থভির্জীবা: দর্বেব বদ্ধা অমুক্তিগা:॥

সর্বান্ব বন্ধন্তি সর্বান্ত তথাপি তু বিশেষত:।

শ্রীদে বিবন্ধিকা নূীণাং ভূর্দিত্যানাং তথাপরা।

এতাভ্যোহন্তং পরং চৈব বিষ্ণুং জ্ঞাত্বা বিমুচ্যতে।

(গীতা-ভাৎপর্য্য ১৪০৫-৬)

সৃষ্টিকালে উক্ত প্রকৃতির সন্ধ, রদ্ধ: ও তম:-নামক রূপঞায় বিভক্ত হইয়া থাকে। সন্ধাণ-প্রকাশিকা 'শ্রী' সন্ধান্তণস্বরূপ; ভূ সৃষ্টি-সম্পাদিকা বিলিয়া 'লুই' নামে এবং রঞ্জনকারিণী বলিয়া 'রদ্ধ:' নামে কথিত হন—ঐ ভূ-প্রকৃতির আবেশ-হেতু এই পৃথিবী 'ভূমি' নামে পরিচিতা হইয়া থাকে। হুর্গা-প্রকৃতি জীবের মানিদায়িনী বলিয়া ভম:-রূপে কীর্দ্তিত হ'ন। উক্ত প্রকৃতিত্রয়ে আবদ্ধ হইয়া জীবগণ মুক্তি লাভ করিতে পারে না। সমস্ত প্রকৃতিই সমস্তকে বদ্ধ করেন, তথাপি বিশেষভাবে শ্রী-প্রকৃতি দেবগণকে, ভূ-প্রকৃতি মহুদ্বাগণকে এবং হুর্গা-প্রকৃতি দৈত্যগণকে বদ্ধ করিয়া থাকেন।

বৈক্ষবাচার্য্য মধ্ব

জীবগণ উক্ত প্রকৃতিত্রয়ের অতিরিক্ত ও পরতত্ত্ব বিষ্ণুর জ্ঞান হইতেই মুক্তি লাভ করেন।

লক্ষীদেবী—বিষ্ণুর অধীনা, সর্ববিষ্ণাভিমানিনী এবং চতুর্মুখ ব্রহ্মা হইতে অনেকগুণে শ্রেষ্ঠতরা। তিনি ভগ্রদঙ্গে নানাবিধ আভরণ-স্বরূপে

বিরাজ করেন। অর্থাৎ মধ্বসিদ্ধান্ত-মতে বিষ্ণুর শ্যা,

ত্রীবিষ্ণুর শ্যাসনাদি

ত্বাসন, সিংহাসন, আভরণ প্রভৃতি সমস্ত ভোগ্যবস্তুই

ত্বাসন, সংহাসন, আভরণ প্রভৃতি সমস্ত ভোগ্যবস্তুই

ত্বাসন, সংহাসন, আভরণ প্রভৃতি সমস্ত ভোগ্যবস্তুই

ত্বাসন, সংহাসন, আভরণ প্রভৃতি সমস্ত ভোগ্যবস্তুই

করোতি মানং বছধা বিভূতিভিঃ।"

(৪র্থ অ: ২য় পা: ১ম স্ত্ত্রের অমুব্যাখ্যানে ধৃত ভা: ২।৯।১৩ শ্লোক)
যে বৈকুঠে লক্ষা বহুপ্রকার বৈভবরূপে মূর্ত্তিমতী থাকিয়া উত্তমংশ্লোক
শ্রিক্তির চরণ-যুগল পূজা করিয়া থাকেন।

তত্র বিষ্ণোঃ পুরং দিব্যমপরাজিত-নামকম্। বিমিতাখ্যঞ্চ পর্যাঙ্কং বিকোম নিন সন্মিতম্॥ চিৎস্থবর্ণময়ং দিব্যং লক্ষীস্তত্তৎস্বরূপিণী।

(ছানোগ্য-ভাষ্য ৮/৫)

তথায় বিষ্ণুর অপরাজিত নামক দিব্যপুর এবং তাঁহার বিগ্রহ-পরিমিত চিন্ময় স্থবর্ণ-নির্দ্মিত বিমিত-নামক দিব্য পর্যাঙ্ক বর্ত্তমান আছে। তৎসমূদ্য বস্তুই লক্ষীস্বরূপ।

জগৎ সত্য

শ্রিমন্যধ্বাচার্য্য বলেন—ভগবান্ বিষ্ণু কল্পের আদিতে অনাদি নিত্যা জড়া প্রস্কৃতিকে উপাদান করিয়া গুণত্র্য়, মহৎ, অহম্বার, পঞ্চভূত-ক্রমে ব্রহ্মাণ্ড, তদস্তরে চতুর্দশ লোক, সমুদ্র, মেরুমন্দরাদি পর্যত, গঙ্গায়নুনাদি

নদী, শিলা, বনস্পতি, ওষধি, ধান্ত, ফল, পুষ্প, নবরত্ন, ত্মবর্ণ, লোহ প্রভৃতি সর্ববিস্ত স্ষ্টি করেন। এই সকলই কার্য্যরূপে অনিত্য, কিন্তু কার্ণরূপে নিতা; কার্যারপে অনিতা হইলেও শশশৃঙ্গ, আকাশ-কুনুম, কুর্মলোম গন্ধর্ব-নগরাদির স্থায় 'অসং' নছে, অথবা রজ্জারোপিত সর্প বা শুক্তারোপিত রজতবৎ 'মিথ্যা' জগন্মিখ্যাত্বাদ খণ্ডন অল্প-কালীনত্বহেভু 'অনিত্য', 'অসত্য' নহে, 'ক্ষণিক'ও নহে; 'ক্ষণসম্বন্ধি' বলা গেলেও 'ক্ষণমাত্রবন্তী' বলা যাইতে পারে না। ঘট-পটাদি 'ক্ষণসম্বন্ধি' হইলেও কারণরপে নিত্য। বৌদ্ধগণ 'ক্ষণিক' বলিতে ্যাহার পূর্বেবা পরে অবস্থান নাই, ক্ষণে-ক্ষণে উৎপত্তি ও ক্ষণে-ক্ষণে নাশ হয়, তাহাই উদ্দেশ করিয়া থাকেন। পরস্তু 'ক্ষণসম্বন্ধি' বলিতে তাহা বুঝায় না; 'ক্ষণসম্বন্ধি' হইলেও তাহা উপাদান-কারণরূপে নিতা। যেমন, ঘট-কার্য্য, ঘট-ভঙ্গে কপাল (ঘটের খণ্ডিত দ্বিতীয় ভাগ), কপাল-ভঙ্গে 'কাপালিক' (ঘটের চতুর্থ ভাগ), কাপালিক-ভঙ্গে 'মৃত্তিকাদি', মৃত্তিকা-ভঙ্গে ক্রমশঃ 'প্রকৃতি'। ঘট হইতে ক্রমে প্রকৃতির পূর্বে পর্যান্ত সমস্ত বস্তুই কার্য্য। ইহারা অনিত্য, কিন্তু প্রকৃতি মূল-উপাদান-কারণরূপে নিত্যা। কল্পের আদি হইতে আরম্ভ ক্রিয়া কল্লাবসান পর্য্যস্ত উপাদান-কারণ প্রকৃতি হইতে ঘটাদি পর্য্যস্ত নানা কার্য্যরূপ পরিণাম এবং কল্লান্তে প্রক্রত্যাখ্য স্ক্ররূপে অবস্থিতি; তাহা 'মিথ্যা' নছে। মায়াবাদিগণ ধে বলিয়া থাকেন—ব্রহ্মজ্ঞানের পরিপাকে ব্যবহারিক জগৎ তপ্ত লোহগত জলবিন্দুর স্থায় স্বতঃই অদৃশ্য হইয়া পড়ে, তাহা বাল-কোলাহল মাত্র; যেহেতু বিষ্ণু জ্ঞানপূর্বক লীলামাত্রে এই জগৎ সৃষ্টি করিয়াছেন। তিনি স্বয়ং বৃদ্ধিপূর্বক কার্য্যপর্যান্ত ইহার নাশ করেন; তখন জগৎ কারণরূপে অবস্থান করিয়া থাকে।

বৃদ্ধিবলে স্পষ্ট-জ্বগৎ মায়োপাদান নহে। জীবের অদৃষ্ট ও যোগ্যতামুসারে ভগবান্ নানারপে জগৎ সৃষ্টি করেন এবং অদৃষ্ঠ-পরিস্মাপ্তিতে জগতের নাশ করেন। তথন কারণরপে জগৎ অবস্থান করে। করের আদিতে অমুলোমক্রমে সৃষ্টি অর্থাৎ প্রকৃতি হইতে আরম্ভ করিয়া মহন্তম্ব, অহঙ্কার, পঞ্চতমাত্র ও পঞ্চমহাভূত প্রভৃতি ক্রমে জগৎস্টি; আর করাম্ভে বিলোমক্রমে নাশ অর্থাৎ যে ক্রমে সৃষ্ট হইয়াছিল, তদ্বিপরীতক্রমে জগতের বিনাশ হয়। কিন্তু প্রকৃতিরূপে সকলেরই অবস্থান। শ্রীমন্মধাচার্য্য স্থরচিত বিভিন্ন গ্রন্থে এতদ্বিষয়ে বহু যুক্তি ও প্রমাণাদির অবতরণ করিয়াছেন। জগতের সত্যতা-সিদ্ধান্ত-স্বন্ধে শ্রীমন্মধাচার্য্য-ধৃত কএকটি বেদ ও পুরাণ-প্রমাণ নিম্নে উদ্ধৃত হইল —

প্রথ স্বস্থা মহানি সত্যা সত্যস্ত করণানি বোচম্। সত্যমেনমন্থ বিশ্বে মদস্তি রাতিং দেবস্ত গৃণতো মঘোন:।

যিচিকেত সত্যমিত্তরমোঘং বস্থুস্পার্হমৃতজেতো তদাতা। সত্যোহসৌ অস্থ মহিমা গৃণে শস্বো যজেষু বিপ্ররাজ্যে। বিশ্বং সত্যং মঘবানা যুবোরিদাপশ্চ প্রমিনস্থি ব্রতং বাম্॥

কবির্মনীষী পরিভূঃ স্বয়ন্ত্ র্যাপাতথ্যতো হর্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভাঃ স্মাভাঃ।

অসত্যমান্ত্র গদেতদজ্ঞাঃ শক্তিং হরের্যে ন বিদ্বং পরাং হি।
যঃ সত্যরূপং জগদেতদীদৃক্ স্বষ্ট্রা স্বস্তুৎ সত্যকর্মা মহাত্মা॥
অবৈনমান্তঃ স্ত্যকর্মেতি সত্যং হেবেদং বিশ্বমস্যে স্কৃতে।
অবৈনমান্ত্রিত্যকর্মেতি নিত্যং হেবাস্যে কুরুতে।
সত্যা বিষ্ণোগুলাঃ সর্বে সত্যা জীবেশয়োভিদা।
সত্যো মিথো জীবভেদঃ সত্যঞ্চ জগদীদৃশম্॥

(ভা: তা: নি: অ > শো: ৬৯)

বিভূতিং প্রসবস্থান্ত মন্তান্তে স্ষ্টিচিন্তকা:।

'স্থামায়াস্থান্ত পৈতি স্ষ্টিরিতি স্থান্তি বিনিশ্চিতম্।

কালাৎ প্রস্থাতিং জগতাং ভূতানাং মন্তান্তে কালচিন্তকা:॥
ভোগার্থং স্ষ্টিরিত্যান্তে ক্রীড়ার্থমিতি চাপরে।
দেবস্থৈৰ স্থভাবোহ্যমাপ্তকামস্ত কা স্পৃহা॥

(মাণ্ডুক্যভাব্যে)

বিশ্বং সত্যং বশে বিফোর্নিত্যমেব প্রবাহতঃ।
ন কাপ্যনীদৃশং বিশ্বং তত্তৎকালারসারতঃ।
অসত্যমপ্রতিষ্ঠং যে জগদাহুরনীশ্বরম্।
ত আসুরাঃ শ্বয়ং নষ্টা জগতঃ ক্ষয়কারিণঃ॥

('ভৰোভোতে' ব্যাসস্থতিবাক্যম্)

আমি সত্য-স্বরূপ মহাপুরুষ বিষ্ণুর জগৎ-সৃষ্টি-প্রযোজক প্রকৃতি-প্রভৃতি করণ-সমূহকে সত্যজপে বলিয়াছি। স্কৃতিকারক ইন্দ্রদেবের এই সত্যসম্পদ্দর্শনে সকলে সম্ভূষ্ট হইয়া পাকেন।

সর্বজয়শীল ও বর-প্রদাতা বিষ্ণু সকলের অপেক্ষণীয় যে বস্তু রচনা করিয়াছেন, উহা সত্যই হইয়া থাকে, পরস্তু অসত্য নহে।

ভগবান্ সত্য, তাঁহার মাহাত্মাও সত্য'—-আমি এই কথা স্বকীয় মোক্ষাদি-সূখ-লাভের জন্ম বিপ্রজনাধিকত যজ্ঞ-সকলে কীর্ত্তন করিতেছি।

হে ইন্দ্র, হে বিষ্ণো, আপনাদের সম্বন্ধি এই জগৎ সত্য, জলাভিমানিনী দেবতাগণও আপনাদের জগংস্টিব্যাপারের কথা অবগত আছেন্।

সর্বজ্ঞ, মনোহভীষ্ট-প্রদাতা, সর্বজয়শালী স্বয়ন্তু ভগবান্ বহুকল্লক।লা ব্যাপিয়া পরমার্থ (যথার্থ) বস্তুসকলের নির্মাণ করিয়াছিলেন।

যাহারা শ্রীহরির পরশক্তির বিষয় অবগত নহে, তাদৃশ অজ্ঞগণ এই জগৎকে অসত্য বলিয়া থাকে।

মহাত্মা বিষ্ণু এই সত্য-ভূত জগৎ সৃষ্টি করিয়া সত্যকর্মা নামে প্রসিদ্ধ হইয়াছেন।

সজ্জনগণ এই বিষ্ণুকে সত্যকর্মা বলিয়া থাকেন,—যেহেতু ভগবান্ এই জগৎকে সত্যরূপেই নির্মাণ করিয়াছেন। কোন কোন ব্যক্তি তাঁহাকে নিত্যকর্মা নামেও বলিয়া থাকেন, যেহেতু তিনি সর্বনাই এই জগতের নির্মাণ করিতেছেন।

বিষ্ণুর যাবতীয় গুণই সত্য, জীব ও ঈশ্বরের ভেদও সত্য, জীবগণের পরস্পর ভেদও সত্য এবং ঈদৃশ এই জগৎও সত্য।

স্ষ্ট-বিষয়ক বিচারপরায়ণ কেহ কেহ ব্রন্ধের বিবিধাকারে পরিণাম-কেই জগৎস্থি বিলিয়া থাকেন। অন্ত কেহ কেহ স্থাইকে স্বপ্ন ও মায়িক পদার্থ-তুল্য বলিয়া কল্পনা করেন। স্থাই-বিষয়ে নিশ্চয়শীল ব্যক্তিগণ ভগবানের ইচ্ছা-মাত্রেই জগৎ-স্থাই বলিয়া থাকেন। কালকর্তৃত্বাদিগণ কাল হইতেই জগৎস্থাই বর্ণন করেন। কেহ কেহ নিজের ভোগের জন্ত, কেহ বা নিজের ক্রীড়ার জন্ত জগৎস্থাই বলেন। পরস্ক এই জগৎস্থাই ভগরানের স্থভাবমাত্র, কোনরূপ কামনা-বশতঃ নহে, যেহেতৃ আপ্রকাম প্রুষের কোন্ বিষয়ে স্পূহা থাকিতে পারে?

এই বিশ্ব—সত্য এবং ভগবান্ বিষ্ণুর বশবর্ত্তী, ইহার নিত্যতা প্রবাহক্রমে বর্ত্তমান রহিয়াছে; সর্বাকালই এই বিশ্ব ঈদৃশরূপে বিরাজমান আছে, প্রবন্ধ কদাপি ঈদৃশ ভাবের ব্যতিক্রম দেখা যায় না। যাহারা

জগৎকে অসত্য, নিরাশ্রয় ও ঈশ্বর-রহিত (রাজশৃত্য) বলিয়া থাকে, জগতের বিনাশকারী সেই অম্বরগণ স্বয়ংও নাশ পাইয়া থাকে।

তত্ত্তঃ ভেদ

শ্রীমন্মধ্বাচার্য। (১) জাবেশ্বরে ভেদ, (২) জাবে জ্ঞাবে পরম্পার ভেদ, (৩) ঈশ্বরে জড়ে ভেদ, (৪) জীবে জড়ে ভেদ ও (৫) জড়ে জড়ে পরম্পার ভেদ—এই পঞ্চভেদ স্বীকার করেন। পঞ্চভেদ-রহস্থ এতদ্বিষয়ে আচার্য্যপাদ স্বরচিত "মহাভাপরত-তাৎগ্য-নির্ণর"গ্রন্থের ১ম অধ্যায়ে ৭০-৭১ শ্লোকে এইরপ লিখিয়াছেন—

"জীবেশয়ের্জিনা চৈব জাবভেদঃ পরস্পরম্। জড়েশয়ের্জড়ানাং চ জড়জীবভিদা তথা॥ পঞ্চভেদা ইমে নিত্যাঃ সর্ব্বাবস্থান্ত নিত্যশঃ। মুক্তানাঞ্চ ন হীয়ন্তে তারতমাং চ সর্ব্বদা॥"

- (১) জীবে ও ঈশ্বরে ভেদ—স্ট জীবের সহিত বিষ্ণুর অনাদিকাল হইতে আরম্ভ করিয়া যাবংকাল পর্যান্ত অত্যন্ত ভেদ। 'এক্ষই অবিদ্যা-উপাধি-বশতঃ জীবাদির পে প্রতীত হন',—ইহা তৃষ্ট মত। এক্ষ—পরমানহৎ-পরিমাণ, আর জীব—অণুপরিমাণ; ব্রহ্ম—সর্বদোষ বিনিম্ ক্র, আর জীব—দোষপূর্ণ; ব্রহ্ম—অনন্তগুণ, আর জীব—পরিমিত গুণ; ব্রহ্ম নিত্যমুক্ত, আর জীব—সংসার-বদ্ধ;—এই উভয়ের মধ্যে পরস্পর অভেদ কোনর পেই কল্পিত হইতে পারে না। মুক্তিতেও কীব-ঈশ্বরে নিত্য ভেদ বিরাজিত। তথনও জীব ভিন্ন পেই অবস্থান করিয়া বিষ্ণুর নিত্য-সেবা করিয়া থাকেন।
 - (२) जीदन-जीदन शत्रन्भत (छन-(क) (वह-जीव) मःमादत

কেহ স্থী, কেহ ছঃখী, কেহ ধনী, কেহ দরিদ্র, ইহাদের পরস্পরে ঐক্য নাই। (খ) (মুক্তজীব) মুক্তিতে একস্থানে প্রবেশ করেন মাত্র। তাঁহারা মুক্তাবস্থায়ও যোগ্যতাত্মসারে বিষ্ণুর বিভিন্ন সেবায় অবস্থিত এবং তাঁহাদের পরস্পরের সেবা-হুখাদির মধ্যেও ভারতম্য বর্ত্তমান। তবে যে কোথায়ও কোথায়ও মুক্তিতে সকলেই এক হয়, ('সর্ব্বে একীভবস্থি'—শ্রুতি:)— শাস্ত্রে এইরূপ কথা লিখিত আছে, তাহার তাৎপর্য্য আছে। যেমন, যদি বলা হয় যে, 'সায়ংকালে গাভীসমূহ গোষ্ঠে একীভূত হইয়াছে'— সেহানে যেরপ 'একীভূত'শব্দের দারা অত্যন্ত-অভেদ নির্দেশ না করিয়া সকলের একস্থানে সমুপস্থিতি বা সম্মেলনই বুঝাইয়া থাকে, মুক্ত জীব-গণের সম্বন্ধেও তদ্ধপ বুঝিতে হইবে। অথবা যদি বলা হয়, 'রাজগুবর্গ এক হইয়াছে',—এইরূপ উক্তিতে যেমন রাজগুনর্গের অত্যস্ত অভেদ কল্পন। করা অজ্ঞতা-মাত্র, পরস্তু এইস্থানে পূর্বের রাজগুর্গ পরস্পর বিরুদ্ধ-মতাবলম্বী ছিলেন, এখন 'একমত' হইয়াছেন বা একপ্রকার বৃদ্ধিবিশিষ্ট হইয়াছেন—এইরূপই বুঝায়, তদ্রপ মুক্তাবস্থায় জীবগণ সকলেই বিষ্ণুর সেব্যত্তে একমত হইয়া বিষ্ণুর সেবা করিতেছেন,—ইহাই বুঝাইয়া शिक !

- (৩) **ঈশ্বর ও জড়ে ভেদ** ঈশ্বর—জ্ঞানাত্মক, নিত্য ও নির্বিন্ কার; কিন্তু জড়—জ্ঞানশৃহা, নশ্বর ও বিকারী। এরূপ পরস্পর বিরুদ্ধ-ধর্মযুক্ত বস্তুর কথনই অভেদত্ব সার্ধিত হইতে পারে না।
- (৪) **জীবে জড়ে ভেদ**—জীব জ্ঞানাত্মক, তাঁহার সহিত অজ্ঞানাত্মক জড়ের ঐক্য হইতে পারে না।
- (৫) জড়ে জড়ে পরস্পর ভেদ—বিষ জীবের মৃত্যু ঘটাইয়া থাকে, আর অমৃত জীবের জীবন দান করিয়া থাকে; বিষ—তিক্ত, আর

গুড়—মধুর, এইরূপ পরস্পর বিরুদ্ধ-ভাব জড়বস্তুর মধ্যে দৃষ্ট হয়। এরূপ বিরুদ্ধ ধর্মযুক্ত জড়বস্তু কখনই অভেদ নহে।

এই পঞ্চভেদ সর্বাদে ও সক্ষদেশে নিত্য। ধর্ম্মপ্রতিযোগী নষ্ট হইলেও ভেদ নষ্ট হয় না। যেমন এক স্থানে ঘট নষ্ট হইল, আর একস্থানে পট নষ্ট হইল; প্রত্যেকেই ভিন্নরূপে তত্তদ্ভিন্ন কার্য্যের স্ক্রাংশে ভিন্ন উপাদান কারণ-রূপে অবস্থিত থাকিল।

তত্ত্বগত-ভেদ-বিষয়ে প্রমাণ

দ্বা স্থপর্ণা সযুজা স্থায়া স্মানং বৃক্ষং পরিষম্বজাতে।
তায়েরন্তঃ পিপ্ললং স্বাদ্বভানশ্ননাত্যাহভিচাকশীতি ॥
স্মানে বৃক্ষে পুরুষো নিমগ্নোহ্যনীশয়া শোচতি মুহ্যানঃ।
জুষ্টং যদা পশ্বভান্তমীশমশ্ব মহিমানমেতি বীতশোকঃ॥

(ঋথেদ ও অথৰ্বণ উপনিষৎ)

জীবেশ্বরভিদা চৈব জড়েশ্বরভিদা তথা।
জীবভেদো মিথশ্চৈব জড়জীবভিদা তথা॥
মিথশ্চ জড়ভেদোহয়ং প্রপঞ্চো ভেদপঞ্চকঃ।
সোহয়ং সত্যো হ্যনাদিশ্চ আদিশ্চেরাশমাপ্র বাং॥
ন চ নাশং প্রযাত্যেষ ন চাসে ভ্রান্তিকল্লিতঃ।
কল্লিতশ্চেলিবর্ত্তেত ন চাসে বিনিবর্ত্তে।
বৈতং ন বিশ্বত ইতি তক্মাদ্জানিনাং মতম্॥

(বিষ্ণুতত্ত্বনির্ণয়ে পরমশ্রুতিঃ)

পরস্পর সহযোগ ও মিত্রভাবাপর পক্ষিন্বয় (জীব ও ঈশ্বর) একই দেহ-বুক্ষে উপবিষ্ট রহিয়াছে। তাহাদের মধ্যে একজন অর্থাৎ জীবপক্ষী

পিপ্লল কর্মফলকে সুস্বাহ্ মনে করিয়া ভোজন করিতেছে এবং অপর জন (ঈশ্বর) তাহা ভক্ষণ না করিয়া সর্বত্ত প্রকাশমান (সাক্ষিস্বরূপ) রহিয়াছেন।

দেহ-বৃক্ষমধ্যে অজ্ঞানান্ধকারে নিমগ্ন থাকিয়া মুহ্যমান পুরুষ (জীব)
অস্বাতন্ত্র্য-বশতঃ শোকগ্রস্ত হইয়া থাকেন। পরস্ত যৎকালে নিজকর্ত্ত্বক
সেবিত ও নিজ হইতে ভিন্ন ঈশ্বরকে অবলোকন করেন, তৎকালে
শোকরহিত হইয়া তাঁহার মহিমা অবগত হন।

এই প্রপঞ্চমধ্যে জীব ও ঈশ্বরের ভেদ, জড় ও ঈশ্বরের ভেদ, জীবগণমধ্যে পরস্পর ভেদ, জড় ও জীবের ভেদ এবং জড় বস্তুর মধ্যে পরস্পর ভেদ—এই পঞ্চবিধ ভেদ বর্ত্তমাম রহিয়াছে। উহা সত্য ও অনাদি; যদি উহার আদি অর্থাৎ উৎপত্তি থাকিত, তাহা হইলে বিনাশনীল হইত, পরস্তু কথনও ইহা বিনষ্ট হয় না। উক্ত ভেদ কখনও ভ্রাস্তিকল্পিত ও নহে, তাহা হইলে উহার নির্ত্তি দেখা যাইত; পরস্তু উহার নির্ত্তি কখনও দৃষ্ট হয় না। অতএব দৈত অর্থাৎ ভেদ বর্ত্তমান নাই—ইহা অজ্ঞানিগণেরই মত।

াব

জীবসমূহ হরির নিতা অমুচর। পূর্ব্বেই কথিত হইয়াছে যে, শ্রীমনাধ্বসিদ্ধান্তামুসারে তন্ত্ব বিবিধ—(১) স্বতন্ত্র তন্ত্ব ও (২) পরভন্ত্র তন্ত্ব—বিষ্ণু; পরতন্ত্র তন্ব—বিধি;—(ক) ভাব ও (খ) অভাব। ভাব বিবিধ—(১) চেতন বা জীব, (২) অচেতন বা জড়। অভাব চতুর্ব্বিধ—(১) প্রাগভাব, (২) প্রধ্বংসাভাব, (৩) অতান্তাভাব ও (৪) অন্তোহস্তাভাব। অন্তোহস্তাভাব ভাবধর্ম ও অভাবধর্ম, উভয়েই

বর্ত্তমান, স্মৃতরাং কেবলাভাব প্রকৃতপক্ষে ত্রিবিধ। যেমন, 'আগামীকল্য ঘট হইবে'—এইটি 'প্রাগভাবে'র দৃষ্টাস্ত। আর 'ঘট বিনষ্ট হইয়াছে, বর্ত্তন নানে তাহার অভাব, —ইহাকে 'প্রধ্বংসাভাব' বলে। যতত্র ও পরতত্র তম্ব; ত্রিকালে অভাবই 'অত্যস্ত অভাব' বলিয়া খ্যাত—কীব—শ্রীহরির যেমন শশশৃঙ্ক, কূর্মলোমাদির 'অত্যস্ত অভাব'। আর ঘটে পটত্বের অভাব ও পটে ঘটত্বের অভাব,—ইহা 'অত্যোহস্যাভাব'। পূর্ব্বোক্ত চেতন বা জীব আবার ত্রিবিধ—সান্ধিক, রাজস ও তামস। অচেতন বা জড় বহুবিধ। বিফুর উদরে অনস্ত জীবরাশি বিরাজিত আছে; এ জীবরাশি উপরিউক্ত ত্রিবিধ ভাগে বিভক্ত।

দৃষ্ট্রা স চেতনগণান্ জঠরে শরানানানদময়বপুষঃ স্তিবিপ্রমুক্তান্। ধ্যানগতান্ স্তিগতাংশ্চ স্বয়ুপ্তিসংস্থান্ ব্রহ্মাদিকান্ কলিপরান্ মন্ত্রজাং-স্তবৈক্ষৎ॥

(মঃ ভাঃ তাঃ নিঃ অ ১, শ্লোঃ ৪)

ভগবান বিষ্ণুর উদর মধ্যে অনস্ত জীব অবস্থিত রহিয়াছে। তর্মধ্যে বদ্ধজীব তিনভাগে বিভক্ত; যথা—তিনি (বিষ্ণু) নিজের জঠরমধ্যে শীভগবান বিষ্ণুর উদর- সর্বাথা সংসারবিমৃক্ত আনন্দময় বিগ্রাহ চেতনগণকে মধ্যে অনস্তজীব; দর্শন করিয়া অতঃপর (১) ধ্যানগত ব্রহ্মাদি দেবগণ, বিবিধ বদ্ধজীব (২) সংসার-দশাপ্রাপ্ত মনুষ্যাণ এবং (৩) সুযুপ্তিগত দৈত্যগণকে দর্শন করিলেন।

তাহারা সকলেই অনাদি অবিজ্ঞা ও কাম্য-কর্ম্ম-প্রবাহে বদ্ধ। সান্থিক জীবগণ মুক্তি-যোগ্য, রাজসগণ নিত্যসংসারী এবং তামসগণ তমোগতি (নরক) যোগ্য। ব্রহ্মা-ইন্দ্র প্রভৃতি দেবতা, গদ্ধর্ম, ঋষি, পিতৃগণ,

চতুর্দশ মহুগণ, অষ্টবসুগণ, নৃপগণ ও মহুযোত্তমগণ—ইঁহারা সান্ত্রিক জীব; রাজসিক জীবগণ মহযোর মধ্যে অধম, তাহারা কাম্য কর্মী। কলি, কালনেমি, জরাসরু, মধুকৈটভ, সম্বরু, বুত্র, দান্ত্বি, বাজসিক ও ত্রিপুরগণ, কালকেয়, পৌলমা. রাক্ষস ও দানবগণ---ভামসিক জীব-গভি ইহারা সকলেই তামস জীব। সাত্ত্বিক জীবগণের স্বরূপ-দেহ—জ্ঞানাননাত্মক, রাজসগণের স্বরূপদেহ—জ্ঞান ও অজ্ঞান, সুথ ও হৃঃখ-মিশ্রাত্মক এবং তামসগণের স্বরূপদেহ—কেবল হৃঃখ ও অজ্ঞানাত্মক। সাত্ত্বিকগণের সত্য, শৌচ, দয়া, শম, দম, বৈরাগ্য, ভক্তি প্রভৃতি স্বরূপানুগত ধর্ম, রাজসগণের স্বরূপে সদ্ধর্ম ও অধর্ম উভয়বিধ বর্ত্তমান এবং তামসগণের অসত্য, অশোচ. কুরতা, অহঙ্কার, ইন্দ্রিয়-চাপল্য, বিষয়-লাম্পট্য, গুরুদ্রোহ, বৈষ্ণবদ্রোহ, হরিদ্রোহ প্রভৃতি স্বরূপানুগত ধর্ম।

ত্রিবিধ বদ্ধজীব ত্রিবিধ গতি-যোগ্য, যথা-

মধ্যমা মান্ত্রষা যে তু স্থতিযোগ্যাঃ সদৈব হি। দেব, মনুশ্ব ও দানবগতি অধমা নিরয়াথ্যেব দানবাস্ত তমোলয়া:।।

ত্রিবিধা জীবসজ্বাস্ত দেবমানুখদানবাঃ।

তত্র দেবা মুক্তিযোগ্যা মান্নষেষ্ তুমান্তথা।

মুক্তিনিত্যা তমশ্চৈব নার্ত্তিঃ পুনরেতয়োঃ। দেবানাং নিরয়ো নাস্তি তমশ্চাপি কথঞ্চন।।

নাম্বরাণাং তথা মুক্তিঃ কদাচিৎ কেনচিৎ কচিৎ।

মানুষাণাং মধ্যমানাং নৈবৈতদ্ৰয়মাপ্যতে।

অত্মরাণাং তম:প্রাপ্তিন্তদা নিয়মতো ভবেৎ।।

(মঃ ভাঃ তাঃ নিঃ অ ১৮৫-৯২)

অর্থাৎ জীব-সমূহ দেব, মনুষ্য ও দানব-ভেদে ত্রিবিধ। তন্মধ্যে দেবগণ

ও উত্তম মহুযাগণ মুক্তিযোগ্য, মধ্যম মহুয়াগণ সর্বাদাই সংসার্থাগ্য এবং অধন মহুয়াগণ নরক্যোগ্য হইয়া থাকে। দানবগণের অন্ধতামিত্র-নামক নরকে লয় হইয়া থাকে; মুক্তি ও অন্ধতামিত্র উভয়ই নিত্য, ইহাদের প্রায় আর্ত্তি হয় না। দেবগণের নরক বা তমঃপ্রাপ্তি কোনন্ধপেই ঘটে না। সেইরূপ কুত্রাপি কোন-কালে কোন-কারণে অন্ধরগণের মুক্তিলাভও হয় না। মধ্যম মহুয়াগণের মুক্তি বা অন্ধতামিত্রগ্রন্থ হইতে হয় না। অতএব কেবলমাত্র অন্ধরগণের পক্ষেই অন্ধতামিত্র-প্রাপ্তি নিয়মিতভাবে হইয়া থাকে।

তাহাদের স্বাভাবিক গুণ-দোষ, যথা-

অন্ধরাদেশুথা দোষা নিত্যা স্বাভাবিকা অপি।
ত্তিবিধ জীবের স্বাভাত্তিবিধ জীবের স্বাভাত

(গী: তা: ৬ঠ অ: ১ম শো:)

অর্থাৎ অসুরগণের মধ্যে নিত্য ও স্বভাব-সিদ্ধরূপে কেবলমাত্র দোষেরই অবস্থান রহিয়াছে। (কাম্যকর্মপর রাজস) মহয়গণের মধ্যে গুণ ও দোষ এই হুইটিই নিত্য ও স্বাভাবিকরূপে বর্ত্তমান। দেবগণ অর্থাৎ ভগবদ্ভজনপর স্থ্রিগণ নিত্যকালই স্বভাবসিদ্ধ গুণমাত্র-যুক্ত হুইয়া থাকেন।

°জীবের স্বরূপ-বিষয়ে সিদ্ধান্ত, যথা—

ত্রিবিধ জীবের স্থরূপ

নিত্যানন্দজ্ঞানবলা দেবা নৈবং তু দানবা:।
ছ:খোপলব্ধিমাত্রান্তে মামুষান্ত ভয়াত্মকা:।।
তেষাং যদন্তথা দৃশ্যং তছপাধিকতং মতম্।
বিজ্ঞানেনাত্মযোগ্যেন নিজক্পে ব্যবস্থিতি:॥

সম্যগ্জানস্ক দেবানাং মমুঘাণাং বিমিশ্রিতম্। বিপরীতস্ক দৈত্যানাং জ্ঞানস্থৈবং ব্যবস্থিতি:।। (ব্র: স্থ: ৩২ স্থ: ভা: ধৃত ভবিষ্যপুরাণ-বাক্য ২য় অ: ৩য় পাঃ)

অর্থাৎ দেবগণ—নিত্যানন্দ, নিত্যক্রান ও নিতাবলসম্পন্ন; দানবগণ তাদৃশ নহে, তাহারা একমাত্র হঃখই উপভোগ করে। মানুষগণ ভীতিগ্রস্ত, পরস্ত তাহাদের মধ্যে যে নিজ-নিজ-জাতিগত নিয়মের কখনও কখনও বিপর্যায় দেখা যায়, উহা বর বা অভিশাপাদিরূপ উপাধিজ্ঞমাত্র। আত্মযোগ্য বিজ্ঞান-বলে সকলেই স্বরূপলাতে সমর্থ। দেবগণের জ্ঞানই যথার্থ, মনুষ্যগণের জানই মিশ্র এবং দৈত্যগণের জানই বিপরীত হইয়া থাকে। জ্ঞানের এইরূপ বিভাগ-ব্যবস্থা রহিয়াছে।

সকলের স্বরূপ-দেহই লিঙ্গদেহাখা আবরণে বদ্ধ, সেই লিঙ্গদেহ—
আনাদি। সেই লিঙ্গদেহের বহির্দেশে অর্থাৎ আবরণ-স্বরূপে ভগবান্
আনিরুদ্ধের দ্বারা প্রতিকরে স্জামান 'কর্ম্ম-দেহ'
নামে একটি ভৌতিক দেহ আছে। পূর্ব্বকল্পের
জীবের অন্তিম কর্ম্ম অমুসরণ করিয়াই ভগবান্ স্টি-প্রবিষ্ট জীবগণের
ভৌতিক দেহ স্টি করেন। অর্থাৎ স্টির আদিতে জীব-সমূহের 'যেসকল বিভিন্ন দেহপ্রাপ্তি ঘটে, তাহা ভগবানের উদরে অবস্থিত হইয়া
জীবসকল সর্ব্ধ-অবসানে যে কর্ম্ম করে, তদমুসারেই ঘটয়া থাকে। জগতে
স্টে হইবার পরবর্ত্তিকালে জীব তাহার কর্ম্মাম্নারে বিভিন্ন দেহ লাভ
করিয়া থাকে। উদরস্থিত জীবের প্রতিকল্পে একবারমাত্র দেহপাত
হয়। স্টিকালে জীবের সেই দেহ থাকে না; কর্ম্মই অবশিষ্ট থাকে।
সেই কর্মাম্নারেই এতৎস্ট দেহ লাভ হয়।

নির্দেহকান্ স ভগবাননিরুদ্ধনাম। জীবান্ স্বকর্ম-সহিতারুদরে নিবেশু।
চক্রেহথ দেহ-সহিতান্ ক্রমশঃ স্বয়স্ত্-প্রাণাত্মশেষ-গরুড়েশ-মুখান্ সমগ্রান্॥
(মঃ ভাঃ তাঃ নিঃ অঃ ৯ম ক্লোঃ)

অর্থাৎ অনিক্রকর্ত্ব প্রতিকল্পে তাহাদের কর্মদেহের স্টি। অনিক্রমংজ্ঞক ভগবান্ নিজ নিজ কর্ম-সংস্থার-যুক্ত, দেহশূল জীবগণকে স্বীয় উদরে দ্বিবেশিত করিয়া ব্রহ্মা, প্রাণাত্ম বায়ু, শেষ, গরুড়-প্রমুখ সেই জীবগণকে ক্রমশঃ দেহযুক্ত করিয়া থাকেন।

সেই জীবগণের অনস্তত্ত্ব বিষয়ে সিদ্ধান্ত, যথা—

জীবগণের অনম্ভত্ত

অনাগতা অতীতাশ্চ যাবন্তঃ সহিতাঃ ক্ষণাঃ। অতীতানাগতাশ্চৈব যাবন্তঃ পরমাণবঃ॥ ততোহপানস্তগুণিতা জীবানাং রাশয়ঃ পৃথক্। পরমাণুপ্রদেশেহপি হুনস্তাঃ প্রাণিরাশয়ঃ। স্ক্রমাণীশশক্তাব সুলা অপি হি সংস্থিতাঃ॥

(বিষ্ণুভত্তনির্ণয়ে ১ম পঃ)

অর্থাৎ অনাগত, অতীত ও বর্ত্তমান যাবৎসংখ্যক কল রহিয়াছে এবং অতীত, অনাগত ও বর্ত্তমান যাবতীয় পরমাণু বর্ত্তমান আছে, জীবরাশি ভাহাদের অপেক্ষাও অনস্তপ্তলে অধিক সংখ্যক। পরমাণুপ্রদেশে পর্যাস্ত অনস্ত প্রাণিরাশি বিশ্বমান আছে। যদিও তাহারা দেহ ও রূপ-উপাধি-যোগে স্থূল, তথাপি স্বরূপত: স্ক্রম্থ-বশতঃ ঈশ্বরের শক্তিবলেই তাদৃশ-রূপে অবস্থান করিতে সমর্থ।

সেই জীবগণের কর্ম্মবন্ধন-বিষয়ে সিদ্ধান্ত, যথা— ব্রহ্মাপরোক্ষেহপি বিকর্ম-সূচকং প্রারশ্ধ-পাপত্ন বিষাশনম্। (মঃ ভাঃ তাঃ নিঃ ৩২ অঃ ১১০ প্লোঃ)

প্রারন্ধ-কর্মনাশে হি পতেদেহোহপ্যপাপিনঃ।
(ঐ ৩২ অঃ ৭৮ শ্লোঃ)

জীবগণের কর্মবন্ধন ন হি পাপফলং মুক্তো দেহপাতঃ কথঞ্চন।
কিন্তু কর্মক্ষ্মাদেব তথা সর্বত্ত নিশ্চিতঃ॥
(ঐ ৩২ অঃ, ৮৫ শ্লোঃ)

অর্থাৎ বিষভক্ষণ যেরপ জীবের প্রারন্ধ-পাপের স্থচক, দেইরূপ ব্রহ্ম-বিষয়ক সাক্ষাদ্ জ্ঞানসন্ত্বেও হৃদর্মানুষ্ঠান জীবের প্রারন্ধ-পাপেরই স্থচক। প্রারন্ধ-কর্ম্মনাশে নিপাপ ব্যক্তিরও দেহপাত হইয়া থাকে। মুক্তিকালে দেহপাত পাপফল-জন্ম নহে, কর্মক্ষয়-বশতঃই হইয়া থাকে, ইহা সর্বত্র নিশ্চিত।

তাহাদের পূর্বকর্মারসারেই সৃষ্টি, যথা— বিশ্বস্থে হি তদা জীবাঃ কালকর্মাদিকং তথা। কাশ্রথা হি পুনঃ সৃষ্টিঃ পূর্বকর্মারুসারিণী।

(২া৯ ৩৩ ভাঃ ভাঃ নিঃ)

অর্থাৎ স্থাইর পূর্বেও জীব এবং কাল-কর্ম প্রভৃতি নিমিত্ত বর্ত্তমান থাকে, অন্তথা কিরূপে পুনরায় স্থাই হইতে পারে? অতএব সৃষ্টি পূর্বা-কর্মানুসারেই হইয়া থাকে।

(৯) জীবগণের স্বভাবযোগ্যতা-বিষয়ে সিদ্ধান্ত, যথা—
স্বভাবাখ্যা যোগ্যতায়া হঠাখা যানাদি সিদ্ধা সর্বজীবেষু নিতা।
সা কারণং প্রথমন্ত দিতীর্যমণাদি কর্মেব তথা তৃতীয়:। জীবপ্রযত্নঃ
পৌক্ষাখ্যস্তদেতৎত্রয়ং বিফোর্নগাং সর্বদৈব। হঠন্চাসো তারতম্যান্থিতো
হি ব্রাহ্মণমারভ্য কলিন্চ যাবং।

(মঃ ভাঃ তাঃ নিঃ ২২ অ, ৮৪ – ৮৬ শোঃ)

সভাব বা শ্বরূপ-যোগ্যতা বা শব্দান্তরে হঠ' অনাদিসিদ্ধ ও সর্ব্বজীবে
নিতা; তাহাই জীবের সর্বপ্রথাত্বের প্রথম কারণ। কর্ম ধ্বংসদীল
হইলেও প্রবাহতঃ অনাদি। এই অনাদি পূর্ব্বকর্মই
বিধানের কারণত্রয়
বিষ্ণুর কারণ। তদনন্তর তাংকালিক প্রযত্ন বা
পৌরুষই হৃতীয় কারণ। এই সমস্তই মায়াধীশ স্বতন্ত্র
বিষ্ণুর অধীন। অর্থাৎ এই কারণত্রয়ের দ্বারা ভগবান্ জীবগতি
প্রদান করেন; কিন্তু মায়াধীশ ভগবানের প্রতি এই গুলির কোন
আধিপত্যা নাই। সর্ব্বোত্তম অধিকারী ব্রহ্মা হইতে সর্ব্বাধম অধিকারী
কলি পর্যান্ত তারতম্য-ক্রমে এই যোগ্যতা বর্ত্তমান রহিয়াছে।

বিরাজিত, তন্মধ্যে মৃষ্টিনেয় আমাদেরই কেনবা স্থাই হইল, অপর জীবরাণি কিরাজিত, তন্মধ্যে মৃষ্টিনেয় আমাদেরই কেনবা স্থাই হইল, অপর জীবরাণ কেনই বা স্থাই হইল না, তাহার কারণ কি ? তত্ত্তর ভীবের দেহজ্ঞা এই যে, যে-সকল জীব আগামী স্থাইতে প্রবেশের উপযুক্ত কর্ম্ম করিয়া থাকে, তাহারাই স্থাইতে প্রবিষ্ঠ হয়। ভগবতদরে অবস্থিত জীবের যে কর্মদেহের কথা বলা হইয়াছে, তাহা স্বরূপ-দেহের ছিতীয় আবরণ অর্থাৎ প্রথমে স্বরূপ দেহ, তাহার আবরণরূপে, লিঙ্গদেহ, লিঙ্গ-দেহের আবরণরূপে কর্মদেহ'। জীবসমূহের স্বরূপ-দেহ, লিঙ্গ-দেহ ও ভৌতিক-দেহ—এই দেহত্ত্রয় বিরাজিত। এই স্বরূপদেহই শরীরী বা জীবায়া, তাহা নিত্য সচ্চিদানন্দময় বিবিধ আকার-বিশিষ্ট। বর্ত্তমানে স্থাই স্থাদেহে বা কর্ম্মাধনীভূত দেহ ও ভগবহুদরে অবস্থিত জীবের কর্ম্মদেহের মধ্যে পার্থক্য এই যে, ভগবহুদরস্থিত কর্মদেহটি অত্যন্ত স্ক্ম; পরস্ক এখানকার ভৌতিক দেহটি স্থল। জীবের ভৌতিক-স্থল-দেহ-ভঙ্গে জীব বাসনাময়-কোষ লিঙ্গদেহের সহিত কর্মাহ্মারে স্বর্গ

ও নরকে গমন-কালে স্থ-চঃখ-ভোগের জন্ত 'যাতনা-দেহ' নামে একটি দেহ লাভ করিয়া থাকে অর্থাৎ স্বরূপ-দেহ, তদাবরণীভূত লিঙ্গদেহ দিতীয় এবং লিঙ্গদেহের আবরণীভূত যাতনা-দেহ তৃতীয়। লিঙ্গদেহ ভঙ্গ না হওয়া পর্যান্ত কাহারও স্বরূপের অভিবাক্তি নাই। লিঙ্গদেহের আবরণ নির্ত্তির জন্তুই ভগবান্ জীবগণকে স্ষ্টিতে প্রবেশ করাইয়া থাকেন। সাক্তিক জীবগণ গুরূপাসনা, শাস্তুজ্ঞান ও ভগবদ্ভক্তি-দারা কল্লাস্তে ব্রহ্মার সহিত লিঙ্গভঙ্গ প্রাপ্ত হন। রাজসগণ নিষিদ্ধ ও অনিষিদ্ধ উভয়-বিধ কাম্যকর্মার্রপ সাংনসমূহ অনুষ্ঠান করিয়া কল্লাস্তে লিঙ্গভঙ্গ প্রাপ্ত হয়; তথন তাহাদের স্থখ-চঃখ-মিশ্রাত্মক স্বরূপের অভিব্যক্তি হয়। তামসগণ কাম্য, অকাম্য, নিষিদ্ধ, ঘাের কর্ম্ম, হরি-গুরু-বৈশ্বব-দ্রোহাদি সাধন করিয়া হরি-গুরু-বৈশ্বব-দ্রোহ-পরিপাকে কল্লাস্তে লিঙ্গভঙ্গ প্রাপ্ত হয়। তথন তাহাদের তঃখজ্ঞানাত্মক স্বরূপ-দেহের অভিব্যক্তি ঘটে।

আক্তরৈব হরে: কেচিদপূর্ত্তে: কেচিদপ্তদা।
বিহৃতিত্যবান্তলোকেশু মুচ্যন্তে ব্রহ্মণা সহ॥
(ভাঃ তাঃ ২।২।৩০)

কেছ কেছ সংধনের পূর্ণদশায় ও শ্রীহরির আদেশ-ক্রমে এবং কেছ বা সাধনের অপূর্ণতা-বশতঃ অন্তলোকে অবস্থান কবেন। পরস্ত তাঁহারা, সকলেই ব্রহ্মার সহিত পশ্চাৎ মুক্ত হইয়া থাকেন।

তে হ ব্রহ্মাণমভিসংপত্ম যদৈত্বিলীয়তেইপ সহ ব্রহ্মণা পরমভিগচ্ছতি' ইতি সৌপর্ণশ্রুত্মহাপ্রলয়ে তদ্ধাক্ষেণ ব্রহ্মণা সহ গচ্ছত্তি!

> ব্রহ্মণা সহ তে সর্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্থান্তে পরাত্মানঃ প্রবিশস্তি পরং পদম্ !। (ব্রঃ সূঃ ভাঃ ৪ তাঃ, ৩ পাঃ, ১০—১১ সূঃ)

'বংকালে মহা প্রলয় উপস্থিত হয়, তথন নিথিল জীবগণ ব্রহ্মার সহিত মিলিত হয়, পশ্চাৎ ব্রহ্মার সহিত তাহারা বিষ্ণুকে প্রাপ্ত হয়'—এই সোপর্বশ্রুতি অমুসারে মহাপ্রলয়ে জীবসকল অধ্যক্ষ ব্রহ্মার সহিত বিষ্ণুকে লাভ করে। চতুর্মুথ ব্রহ্মার পরার্দ্ধাবসানে মহাপ্রলয়কালে ব্রহ্মার সহিত সেই জীবসকল পরমপদে প্রবিষ্ট হইয়া থাকে।

মুক্তজীবগণের নানান্থানে বিহার—

আত্মন্যের পরং দেবমুপাশু-ছরিমবায়ম্।
কৈচিদত্তৈর মুচ্যন্তে নোৎক্রামন্তি কদাচন॥
কৈচিৎ সর্বের্গ মহর্লোকে জনে তপসি চাপরে।
কৈচিৎ সত্যে মহাজ্ঞানা গচ্ছন্তি ক্ষীরদাগরম্॥
তত্রাপি ক্রমযোগেন জ্ঞানাধিক্যাৎ সমীপগাঃ।
সালোক্যং চ সরূপত্বং সামীপ্যং যোগ এব চ।
ইমামারভ্য সর্বতি যাবৎ স্ক্ষীরসাগরে॥

কেছ কেছ ইহলোকেই পরমদেব অব্যয়স্বরূপ শ্রীহরিকে প্রভ্রূপে
উপাসনা করিয়া মুক্তি লাভ করেন, তাঁহাদের কথনও উৎক্রমণ ঘটে না।
ক্রেছ প্র্রলাকে, কেছ মহলোকে, কেছ জনলোকে,
ক্রেছ প্রতিলাকে, কেছ মহলোকে, কেছ জনলোকে,
ক্রেছ তপোলোকে, কেছ বা সভ্যলোকে মুক্ত হন।
বাহারা মহাজ্ঞানী, তাঁহারা ক্রীরসাগরে গমন করেন,
ভথারও জ্ঞানের আধিক্যবশতঃ ক্রমান্ত্রসাগর পর্যাপ্ত সর্বব্রই সালোক্য,
সার্ব্যা, সামীপ্য এবং সাযুক্ত্য সমভাবে বর্ত্তমান

(ব্ৰ: ফু: ডা: ৪ আ: ৪ পা: ১৯ ফু:)

অমুরা: কলিপর্যায়া এবং ছ:খোত্তরোত্রা:।
কলিছ খাধিকন্তেমু তেহপোবং ব্রহ্মবদাগা:॥
তথাত্যেহপান্তরা: সর্ব্বে গণা যোগ্যতয়া সদা।
ব্রক্রৈব সর্বজীবেভ্য: সদা সর্ব্বগণিধিক:॥

(মঃ ভাঃ তাঃ নিঃ অঃ ১, স্লোঃ ১৩৬-১৩৭)

ছংখেছপি ভেষামিহ ভারতমাং কলেঃ পরং ছংখমিহাখিলাচচ।
যথা বিরিঞ্চন্ত বরং স্থুখং স্থাৎ মুক্তৌ হরিছেন্ত-ক্তো বিশেষঃ॥
(ঐ ৩২ অ: ১২৯ শ্লোঃ)

এইরপ দেবতাগণের আনন্দতারতমাক্রমে কলিপর্যান্ত অন্তরগণেরও ছঃথ-তারতম্য রহিয়াছে। ইহাদের মধ্যে কলির সর্বাপেক্ষা ছঃথের আধিক্য। যেমন ব্রহ্মাদি দেবতাগণের ভিন্ন ভিন্ন গেবগণের আনন্দ-তার- গণ আছে, ভক্রপ কলি প্রভৃতি অন্তরগণেরও ভিন্ন তম্য-ক্রমে অন্তরের ভিন্ন গণ রহিয়াছে; যেমন গভ-কলির গণ, ভাবি-ছঃথ-তারতম্য কলির গণ ও বর্ত্তমান-কলির গণ। কলির ন্থার অন্তরগণেরও গণ,—যথা কালনেমি ও বিপ্রচিত্ত প্রভৃতিরও

অক্সান্ত অনুরগণেরও গণ,—যথা কালনেমি ও বিপ্রচিত্ত প্রভৃতিরও যোগ্যতা-তারতম্যে সর্বাদা বিভিন্ন গণ আছে। সর্বজীবের মধ্যে সর্বাদ কাল ব্রন্ধাই সর্বাপেক্ষা অধিক গুণযুক্ত। অন্ধতমে প্রবিষ্ঠ দৈত্যগণের হংশেরও তারতম্য আছে; যেমন, সর্বোৎকৃষ্ঠ দাধন-সম্পন্ন ব্রন্ধার মুক্তিতে সর্বাপেক্ষা সুথাধিক্য, তজ্ঞাপ সর্বাপেক্ষা অধম-সাধনসম্পন্ন কলিরও প্রত্যান্ত দৈত্যগণ অপেক্ষা অন্ধতমে অধিক হংগভোগ ঘটিয়া থাকে। হরির প্রতি শ্বেষই এবং হরির প্রতি উন্মুখতাই এইরূপ বৈষ্ণাের

সাত্তিক জীবসমূহের ক্রম, বথা—সাত্তিক জীবের মধ্যে সর্কোত্তম

চতুর্শ্ব ব্রহ্মা, তদনন্তর সরস্বতী, শেষ, গরুড়াদি দেবতাগণ, তদনন্তর ঋষিগণ, পিতৃগণ, চক্রবর্ত্তিগণ, মহুয়োত্তমগণ—এইরপে সাত্তিকগণের মধ্যে তারতমা। রাজসগণের তারতমাের কথার বিশেষ উল্লেখ নাই। ভাষসগণের মধ্যে সর্বপ্রধান কলি। সাত্তিকগণের মধ্যে চতুর্মুখ যেমন সর্বাপেকা অধিক উত্তম-সাধন-সম্পন্ন, তামসগণের মধ্যে কলিও তেমনই অধম-সাধন-সম্পন। কলির পরে কালনেমি, জরাসন্ধ गांचिक को व-मग्रहत्र প্রভৃতি উত্তরোত্তর ক্রমে বিরাদ্ধমান। ক্ৰম **इरेट** ब्राबन कीरवंद्र मःथा अधिक। ब्राबन হইতে তামদ জীবের সংখ্যা আরও অধিক। মুক্ত মনুষ্যোত্তম হইতে আরম্ভ করিয়া চতুর্মাধ পর্য্যস্ত ক্রমে মুক্তিদশায় শতগুণিত আনন্দের তারতম্য। যেমন মনুষ্যোত্তমগণ হইতে চক্রবর্তিগণের আনন্দের তারতম্য শতগুণ অধিক, চক্রবর্ত্তী হইতে পিতৃগণের, পিতৃগণ হইতে ঋষিগণের, ঋষিগণ হইতে দেবতাগণের ক্রমান্ত্রগারে তারতম্য উত্তরোত্তর শতগুণ অধিক, ইহাদের সাধনও তদমুরূপ শতগুণ অধিক। সাত্ত্বিক জীব-সমূহের ক্রম ও গুণ-তারতম্য বিস্তৃতভাবে বৃহদারণ্যকোপনিষৎ ২য় অ: ৫ম बाः धीमध्य ভाষ্যে वर्षिण स्टेशार्छ।

ত্ত্বমাত্র চতুর্ম্মুখেরই সাযুজ্য মোক। সাযুজ্য-মোক-সম্বন্ধে অন্তান্ত সম্প্রদায়ের ষেরপ ধারণা, শ্রীমন্মধ্বাচার্য্যের কথিত সাযুজ্য সেরপ নহে। 'সাযুজ্য' বলিতে শ্রীমধ্বাচার্য্য বলেন যে, উহা পুরুষ-দেহে পিশাচাদির প্রবিশের ক্রায় অথবা লোহপিত্তে অগ্নি-প্রবেশের ক্রায় স্ববিশ্বরূপ বিষ্ণুতে আবেশ। পুরুষ-দেহে পিশাচাদি প্রবিষ্ঠ হইয়া যেরপ পুরুষকৃত যাবতীয় ভোগ অনুভব করিয়া থাকে, অথচ পিশাচ কিছু সমুং পুরুষ নহে, সময়াস্তরে

তাহা হইতে পৃথগ্ভাবে অবস্থান করিতে পারে, লৌহপিতে অগ্নি প্রবিষ্ট হইতে অগ্নি বিগত হইতে পারে, তদ্রপ বিষ্ণুতে ব্রহ্মার যে নিরুপাধিক বিম্ব আছে, নিরুপাধিক প্রতিবিম্বন্ধপ ব্রহ্মা সেই স্বকীয় বিম্বরূপে ইচ্ছামুদারে প্রবেশ করেন, ইহাতে ব্রহ্মার আত্মবিম্বে প্রবেশ-মাত্র হইয়া থাকে, অন্তরূপে প্রবেশ হয় না। আবার ইচ্ছাতুসারে ব্রহ্মা সেই বিম্বরূপ হইতে পৃথগ্ভাবেও অবস্থান করিতে পারেন। অতএব ব্রহ্ম-সাযুজ্য ও ঈশ্বর-সাধুজ্যে যে একান্ত অভেদ স্বীকৃত হয়, তাহা হইতে ব্রহ্মার সাযুজ্য বা শ্রীমন্মধ্বাচার্য্যের সিদ্ধান্তামুষায়ী সাযুজ্য-মুক্তির ধারণা পৃথক্। অন্ত মুক্তগণের यथा (कर कर नामीना-साक. कर वा नालाका-साक नाल करत्न; কিন্তু সকলেরই 'দারূপ্য'-মোক্ষ লাভ হয়। 'দারূপ্য' বলিতে স্ববিম্বরূপ সমানাকারের অভিব্যক্তি। এই স্থলে রামানুজীয়গণের সহিত মাধ্বগণের মতভেদ দৃষ্ট হয়। রামামুজীয়গণ বলেন যে, মুক্তিতে সকলেই সারূপ্য লাভ করিয়া নিত্য চতুভূজাকার প্রাপ্ত হন; কিন্তু মাধ্বগণ বলেন যে, যাহার যেটি নিতা অরূপদেহ, সেই সকল অরূপদেহের বিভিন্ন বিম্বরূপ ভগবানেও আছে; জীবের মুক্তিতে সেই সকল বিশ্বরূপের সমানাকারের অভিব্যক্তি হয়। অতএব মুক্তগণের মধ্যে কেই সচিচদাননাকার চতুর্ভু জ, কেহ দ্বিভুজ মুষ্যা, কেহ পশু, পক্ষী, ভুণ প্রভৃতি স্বরূপ-দেহে অভিব্যক্ত इन। এইরপ মুক্তিপ্রাপ্ত জীব-সমূহ স্বেচ্ছামুসারে স্ষ্টিকালে কেহ বৈকুঠে, কেহ খেতদীপে, কেহ অনস্থাসনে, কেহ স্বর্গলোক হইতে আরম্ভ করিয়া স্ত্যলোক-পর্যান্ত সর্বব্ স্থ-জ্ঞানাদিপূর্ণ ও নানাবিধ অপ্রাক্বত দিব্য-জ্ঞানানন্দ অমুভব ও ভগবৎকীর্ত্তন-ধ্যান-সেবাপর হইয়া বিচরণ করেন। कन्नत्राजिकारम वा प्रष्टिवित्रिकि-नमरम ठाँकाता नकरमहे देवकूर्श्वरणारक

অবস্থান করেন। বাঁহাদের সাধনপূর্ত্তি হইরাছে, সেইসকল জীবমুক্ত পুরুষগণও ভগবানের আজার ব্রহ্মকরাস্তকাল পর্য্যন্ত সাস্তানিকাদি-লোকে (জনলোকের একদেশে সাস্তানিক লোক অবস্থিত) অবস্থান করিয়া ভগবৎসেবায় নিযুক্ত থাকেন। সকলেরই চতুর্ম্ম্ খ-কল্লাবসানে চতুর্ম্ম্ ধ্রুদ্ধার সহিত বৈকুণ্ঠলোকে প্রবেশ হয়। বৈকুণ্ঠপ্রবিষ্ট জীবসমূহ সকলেই জ্ঞানানন্দাত্মক দেহে তথায় নিত্যকাল অবস্থান করিয়া ভগবৎসেবা করেন এবং নিজ হইতে শ্রেষ্ঠ ভগবৎসেবকগণের প্রতি বিনয়-দৈন্ত-নমন্ধার-সেবাদি প্রদর্শন করেন; তাঁহাদের প্রনরাবৃত্তি নাই। বাঁহারা স্বতঃসিদ্ধ স্বন্ধপেই রাজস বা নিত্য কাম্যকর্মী, তাঁহারা স্বর্গে, পৃথিবীতে ও অন্তরীক্ষে সঞ্চরণ করেন, তাঁহাদের ঐক্রপ স্বরূপের অভিব্যক্তিরূপ মুক্তিলাভে গর্ভবাসাদি জন্ম বা মরণ নাই। তামসগণ হরি-শুক্র-বৈক্ষর-দ্রোহাদি-সাধনের পরিপাকে ভাহাদের নিত্য তামস-স্বরূপের অভিব্যক্তিরূপ মুক্তি-প্রাপ্তিতে অন্ধতমে প্রবিষ্ট হয়। তাহাদেরও অন্ধতম: হইতে পুনরাবৃত্তি নাই, ইহাই তাহাদের পক্ষে মুক্তি। এককল্পে স্বন্থিতে প্রবিষ্ট জীবের ভাবিকল্পে স্প্তিতে প্রবেশ নাই।

ভূঞ্জতে পূক্ষং প্রাপ্য যথা দেব-গ্রহাদয়:। তথা মুক্তাবৃত্তমায়াং বিফুমাবিশ্য ভূঞ্জতে।

(ঐতরেয়-ভাষ্য ২ অঃ, ২ প্রঃ, ৩ মন্ত্র)

যেরপ দেব ও গ্রহাদি মহুয়োর শরীরে প্রবেশ করিয়া পুরুষ-পরীরক্তত ক্থ-তঃথাদি ভোগ করিয়া থাকে, তক্রপ উত্তমা মুক্তিতে (সাবুজ্য-মুক্তিতে) জীব আত্মবিশ্বরূপ বিষ্ণুতে প্রবিষ্ট হইয়া বিষ্ণুর সহিত আনন্দ ভোগ করিয়া থাকেন।

देवस्ववाहायां जीमध्व

বিষ্ণোর্বশাশ্চ তে সর্ব্বে সর্ব্বদ। ত্রংথবর্জিতা:।
ন তু বিষ্ণুগুণান্ সর্বান্ ভুগ্গতে তে কদাচন॥
বাহ্তভোগান্ ভূগ্গতে চ তারতম্যেন কাংশ্চন।
বিষ্ণোদে হাদ বহিশ্চাপি নির্গছন্তি যথেষ্ঠত:॥

বিমুক্তিকালে প্রবিশস্তাভীক্ষং ভোগাংশ্চ তদ্দেহগতা: প্রভ্ঞতে।
আনন্দস্থবাক্তিরমূত্র তেষাং ভবতাতশ্চেষ্টত এব নির্নতা:। ক্রীড়স্তি
ভূমণ্চ সমাবিশন্তি তানেব সাযুজামিদং বদন্তি। সাযুজাহীনান্ত লয়ে তূ
সর্ব্বে প্রোক্তেপ মার্নেণ বিশন্তি স্টে। বহিশ্চ নির্যান্তি ভতোহন্তদাপি
সাযুজাভাজাং ভবতি প্রবেশ:। (—অমুব্যাধ্যান ৩ অঃ ৪ পাঃ)

দেব ও গ্রহাদি বেরপ বলপূর্বক মহুন্তাদির শরীরে প্রবেশ করিতে পারে, মুক্তজীবের ভগবৎশরীরে প্রবেশ তক্ষণ নহে। দাযুজামুক্তিযোগা জীবসমূহ—বিষ্ণুর অধীন; তাঁহারা বিষ্ণুর ইচ্ছামুদারেই বিষ্ণু-শরীরে প্রবেশ করেন এবং তাঁহারা দকলেই দর্বদা ছংখবর্জিত হইয়া তথার নিত্যানন্দ ভোগ করেন; কিন্তু তাঁহারা অনস্তগুণপূর্ণ বিষ্ণুর গুণসমূহ কথনও দাকল্যে ভোগ করিতে পারেন না, বিষ্ণুশরীরাগত কোন কোন বাহুভোগ যোগ্যতামুদারে ভোগ করেন। যেমন বিষ্ণু রথারাড় বা গজারাড় হইলে তাঁহারাও বিষ্ণুর শরীরে প্রবিষ্ট থাকিয়া দেইদকল স্থ্য ভোগ, করিয়া থাকেন; আবার ইচ্ছামুদারে বিষ্ণুর দেহ হইতে বাহিরেও নির্নুত হইয়া থাকেন, আবার সামুজামুক্তিকালে ইচ্ছামুদারে বিষ্ণুর শরীরে প্রবেশ করিয়া বিষ্ণুদেহগত ভোগসমূহ প্রকৃষ্টরূপে ভোগ করিয়া থাকেন। বিষ্ণুদেহগত ভোগসমূহ প্রকৃষ্টরূপে ভোগ করিয়া থাকেন। বিষ্ণুদেহত তাঁহাদের স্বরূপানন্দের অভিব্যক্তি হইয়া থাকে; তাঁহারা ইচ্ছামুদারে বিষ্ণুদেহ হইতে নির্নুত হইয়া ক্রীড়া করেন, পুনরায় বিষ্ণুর দেহে প্রবিষ্ট হন। এইরূপ ভগবৎশরীরে প্রবেশ ও তংসহ আনন্দাদির

ভোগকেই পণ্ডিভগণ 'সাযুদ্ধ্য-মুক্তি' বলিয়া থাকেন। সাযুদ্ধ্যমুক্তিবিহীন
অন্ত মুক্তগণ প্রলয়কালে সকগেই অর্চিরাদি মার্গে মোক্ষধামে প্রবেশ
করেন, এবং স্প্রতিকালে স্বেচ্ছামুসারে বহির্দ্ধেশে নির্গমন করিয়া থাকেন।
সাযুদ্ধ্যভাক্ পুরুষগণ স্প্রতিকালে ও লয়কালে সকল সময়েই বিষ্ণুশরীরে
প্রবিষ্ট হন।

যুক্তি

জীব-স্বরূপ-বিচারে 'মুক্তি'-সহস্কে শীমম্মধ্বাচার্য্যের সিদ্ধান্ত অনেকটা আলোচিত হইয়াছে। ভগবান্ জীবের স্বরূপের যোগ্যভানুসারে জীবের দারাই পূর্বকর্ম-সমূহ করাইয়া থাকেন। জাবার, যোগ্যতা ও পূর্বকর্ম-এই উভয়ানুসারে আধুনিক প্রযত্নসমূহ করান এবং জীবের যোগ্যতা, পূর্ব্ব-কর্ম-পরম্পরা ও আধুনিক প্রয়ত্ম—এই কার্যাত্রয়ামুসারে ফল প্রদান করেন। গুরুপদন্তি, শাস্ত্র-শ্রবণ-মনন-কীর্ত্তনাদি-রূপা ভক্তি তৃতীয় সাধন অর্থাৎ তাৎকালিক প্রয়ম্বের অন্তর্ভুক্ত। এতৎসাধনত্তম অনুসরণ করিয়াই ভগবান্ জীবের স্বরূপের অভিব্যক্তি করাইয়া থাকেন। সাত্তিক পুরুষগণের ভক্তি-সাধন্ত্বারা লিন্সদেহের বিনাশে যে নিত্য-স্বরূপের অভিব্যক্তি হয়, তাহাই 'মুক্তি'; 'युक्ति' मयस्य निमध्य-স্থতরাং এই মুক্তি কোন আগন্তক ধর্ম নহে। সিদ্ধান্ত ইহা জীবের স্ব-স্বরূপে অবস্থান-মাত্র। জীবের শ্বরূপাবরণ দ্বিবিধ—(১) জীবাবরণ ও (২) পরাবরণ। জীবাবরণ জীবাশ্রিতা অবিদ্যা; ভস্মরাশিদ্বারা আচ্চাদিত হইয়া অগ্নি যেরপ গুঢ়রূপে व्यवस्थान करत्, एक्तन व्यविमा वा कौवावत्रनंबात्रा कीवस्त्रतन शृहक्रतन व्यविष् সুপ্রভাবে অবস্থিত থাকে। পরাবরণ পরাশ্রিতা অর্থাৎ ঈশ্বরের মায়াশক্তি,

তारा भौव-श्रमय-कमनवर्खि-भत्रमभूकृत्यत्र पर्मन-विद्याधिनौ यवनिकाक्रभा। ভগবান্ প্রসন্ন হইলে তিনি জীবাবরণ অবিদ্যা সর্বতোভাবে বিনাশ করেন এবং পরাবরণ মায়াকে অপসারিত করিয়া থাকেন। তথন জীব স্বস্তুদয়-বাসী পরমপুরুষকে দর্শন করিতে পান। যথন জীব ভগবান্কে দর্শন कर्त्रन, ७ वन रहेर७ जात्र कौरवत्र कर्माला पारक ना। स्रोव यथन चकीव চিন্মর নেত্রে একবারও বিষ্ণুরূপ দর্শন করেন, তথন হইতে তিনি তাঁহার সর্বাশ্চর্য্যতম আরাধ্য প্রভু শ্রীভগবানের নাম কীর্ত্তন ও চিন্তা করিতে করিতে সর্বত্র নিঃসঙ্গভাবে অবধৃতের ন্যায় বিচরণ করেন। অভ্যাস-বশতঃ ভিক্ষাটন-প্রবৃত্তি প্রভৃতি তাঁহাতে দৃষ্ট হইলেও তিনি ভগবৎ-সেবাব্যগ্র ও তদ্মসন্ধান-স্থেকতৃপ্তই থাকেন। তিনি ভগবদর্শনানন্দে মগ্ন থাকিয়া কথনও হাস্য করেন, কখনও রোদন করেন, কখনও উন্মত্তের ভার বিচরণ করেন, কথনও বা জড় ও মূকের স্তায় অবস্থান করেন। অপরোক্ষ জ্ঞান লাভ করিবার পর যুক্তপুরুষ যে সকল সৎকর্ম করেন বা প্রমাদবশত: কদাচিৎ অসৎকর্ম করিয়া থাকেন, সেই সকল সৎকর্মের ফল তাঁহার বন্ধুগণ, আর অসৎকর্ম্মের ফল তদ্বিরোধিগণ প্রাপ্ত হইয়া থাকেন। অপরোক্ষজ্ঞানের পরও চতুর্শ্বুথের ভগবদিচ্ছায় স্প্ট্যাদি-ধ্যাপারে প্রবৃত্তি। অপরোক্ষজানী জীবনুক্ত পুরুষগণ ভগবদিছোয় জগনাক্ষণকর কার্য্য করিয়া थार्कन; यमन ७क-नात्रमामित्र क्रशंट इत्रिक्था-প্রচার। মুক্তাবস্থায়ও সকলেরই অরপগত তারতম্য রহিয়াছে। অরপের তারতম্য থাকায় স্বরূপগত জ্ঞান ও আনন্দোপলন্ধির তারতম্য বিদ্যমান।

যুক্তিতত্বদম্বন্ধে শ্রোতপ্রমাণ

১। তশু হৈতশু হৃদয়্যাগ্রং প্রত্যোততে তেন প্রত্যোতনেন এব আত্মা নিজ্ঞামতি, চক্ষ্যো বা মূর্দ্ধে। বান্সেভ্যো বা শরীরদেশেভ্যন্তমূৎক্রামন্তং

প্রাণোহমুৎক্রামতি। প্রাণমমুৎক্রামন্তং সর্বে প্রাণা অমুৎক্রামন্তি। সবিজ্ঞানো ভবতি সবিজ্ঞানমেবাশ্ববক্রামতি। তং বিদ্যাকর্মণী সমন্বারভেতে পূর্বপ্রজ্ঞা চ। তদ্যথা তৃণজ্ঞায়ুক। তৃণস্থানং গদ্ধা অক্তমাক্রমমাক্রম্যাত্মানম্পূর্ণংহরত্যেবমেবায়মাত্মা ইদং শরীরং নিহত্যাবিদ্যাং গময়িত্বাস্তমাক্রমমাক্রমাত্মানমুপসংহরতি। তদ্যথা পেশস্বারী পেশসো মাত্রামুপাদায়া-স্থারতরং কল্যাণতরং রূপং তমুতে এবমেবায়মাত্মেদং শরীরং নিহত্যাবিদ্যাং গময়িত্বাস্ত্রশ্বতরং কল্যাণতরং রূপং কুরুতে। পিত্রাং বা গান্ধর্বং বা দৈবং বা প্রাক্রাপত্যং বা ব্রাক্ষং বান্যেশং ভূতানাম্।

वृश्माः, षः, ७।

২। অন্ধং তম: প্রবিশস্তি ষেহবিদ্যামুপাসতে। ততো ভূর ইব তে তমে। য উ বিদ্যায়াং ব্লতা:॥

न्नेम, উः, रु

অনন্দা নাম তে লোকা অন্ধেন তম্পা বৃতা:। তাংস্তে প্রেত্যাভিগচ্ছস্তি যেহবিদ্বাংসোহবুধো জনা:॥

বুঃ, উঃ, ৬।৪

ইহৈব সম্ভোহণ বিদ্যান্ত দয়ং ন চেদবেদীম হতী বিনষ্টি:। য এতদ্বিত্বমৃতাত্তে ভবস্তাথেতরে হঃথমেবাতিষস্তি॥

বুঃ, উঃ, ভা৪

পরং জ্যোতিরূপদম্পত্ত স্বেন রূপেণাভিনিপদ্যতে। স তত্র পর্য্যেতি জক্ষন ক্রীড়ন্ রুম্মাণঃ স্ত্রীভির্বা যানৈ বা জ্ঞানিভির্বাহজ্ঞানিভির্বা।

যদা পশুঃ পশুতে রুকাবর্ণং কর্তারমীশং পুরুষং ত্রন্ধানিম্। তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধ্য় নিরঞ্জনঃ পরমং সাম্যমুদৈতি॥

যো বেদ নিহিতং গুহায়াং পরমে ব্যোমন্। গোহশুতে সর্বান্ কামান্
সহ ব্রহ্মণা বিপশ্চিতেতি। এতমানক্ষময়মাত্মানমুপসংক্রমা। ইমান্
লোকান্ কামারীকামরূপারু সঞ্জন্। এতৎসাম গায়লান্তে।

সর্বে নক্ষত্তি যশসাগতেন সমাসাহেন স্থা। স্থায়ঃ। কি ব্বিষম্পুৎপিতৃষণি হে গ্রামরংহিতো ভবতি বাজিনায়। ঋচাং তঃ পোষমাত্তে পুপুছান্ গায়তং তো গায়তি শক্রীযু। ব্ৰহ্মা ছো বদতি জাতবিদ্যাং যজ্ঞ মাত্ৰাং বিমিমীত উক্ষ:॥ যত্রানন্দাশ্চ মোদাশ্চ মুদঃ প্রমুদ আদতে। কামদ্য যত্রাপ্তাঃ কামান্তত্রমামমূতং কৃধি। যত্র ব্রহ্মা প্রমানঃ ছন্দ্রভাং হ বাচং বদন্। গ্রাবা সোমে মহীয়তে সোমেনানকং জনয় রিজ্রায়েকা পরিস্তব। यद जािित्रक्यः यश्यन् लाक प्रहिच्य्। ভিস্মিন্ মাং ধেহি প্রমানামূতে লোকে অক্ষিতে ইক্রা-যত্র রাজা বৈবস্থতো যত্রাবরো ধনং দিব:॥ ষত্রাস্থহতীরাপন্তত্র মামমূতং রুধীক্রা-যত্রামুকামং চরণং তিনাকে তিদিবে দিব:। লোকা যত্র জ্যোতিশ্বস্তস্তত্র মানমূতং কৃধি। ই— যত্র ভৎপরমং পদং বিষ্ণোলে'কে মহীয়তে। দেবৈঃ স্থক্তকর্মভিন্তত্র মামমূতং ক্বধি। ই— স্বভাবতন্ত্রিধা জীবা উত্তমাধম-মধ্যমাঃ। উত্তমান্তত্ৰ দেবাদা। মৰ্ত্তামধ্যান্ত মধ্যমা:। (ज्यभद्रिश्काल्या योगाः शिल्यागां स्वयं भागः) অধুমা অসুরাদ্যাশ্চ নৈষামন্ত্যগ্রথা ভবঃ।

শরীরমাত্রান্তথাত্বে স্বন্ধাতিং পুনরেয়তি ॥
উত্তমা মৃক্তিযোগ্যান্ত স্থিতিযোগ্যান্ত মধ্যমাং।
অপরেহন্ধতমোযোগ্যাং প্রাপ্তিঃ সাধনপূর্ত্তিতঃ ॥
পূর্ত্ত্যভাবেন সর্বেষামনাদিং সংস্তিঃ স্মৃত্তা।
নৈব পূর্ত্তিশু সর্বেষাং নিত্যকালহরীচ্ছয়া ॥
অতোহ্যমবিলিনে নিত্যং সংসামোহ্যমনাদিমান্।
অতোহ্যমানাং জীবানাং মিথ্যাজ্ঞানাদয়োহ্যিলাঃ ॥
স্বাভাবিকা গুণা জ্ঞেয়া মধ্যমর্ত্তোর্ মিশ্রিতাঃ।
তত্ত্জানং বিষ্ণুভক্তিরিত্যাদ্যা দেবতাদিরু ॥
কার্যতে হ্যবশঃ কর্ম সর্বৈ স্থৈঃ প্রাক্তন্তর্ভ বৈঃ।
স্বাভাবিকগুণানেতান্ হেতুং কৃত্বৈব বিষ্ণুনা ॥
(গীতাতাৎপর্য্যে জঃ ৩ প্রকাশসংহিতা)

ভক্তি

ভক্তি ত্রিবিধা—(১) সাধারণী ভক্তি, (২) পরমা ভক্তি এবং (৩)
দ্রুপভিক্তি। সদ্গুরু-সমীপে শাস্ত্রশ্রবণের পূর্বে যে ভক্তির উদর হয়,
তাহাই 'সাধারণী ভক্তি'। যাহারা সদ্গুরুর পাদপদ্মে উপস্থিত হইয়া
শোতপথে তত্বজ্ঞানলাভের অভাবে ধন, পুত্র, পশু,
সাধারণী, পরমা ও
স্বর্গপভক্তি
করিয়া থাকে, তাহা 'সাধারণী ভক্তি' পদবাচ্যও
নহে, তাহা অধমাধমা; উহা কথনও জ্ঞান বা মোক্ষসাধনী হইতে
পারে না। (২) অপরোক্ষজ্ঞান বা ভগবদ্দর্শনের পর যে ভক্তির

উদয় হয়, তাহাই 'পরমা ভক্তি', উহা কর্মাদি অভিলাষণর্জিতা বলিয়া 'অমলা ভক্তি' নামে পরিচিতা। এই 'পরমা ভক্তি' দ্বারাই ভগবানের 'পরমপ্রদাদ' লাভ হয়। ইহা মোক্ষদাধনীভূতা। ভগবৎপরম-প্রদাদ লাভ **ब्हेटन कीर्वित स्थाक बाक हम। स्थारकत श्रेत कीर्वित स्थारक विका** বর্তুমান ভক্তি, তাহাই 'স্বরূপভক্তি' বা 'সাধ্যভক্তি'। জীব-সম্বন্ধি-সাধনে ভক্তিই সর্ব্বপ্রধান, তাহাই ভগবৎ-প্রসাদ-প্রাপ্তির একমাত্র উপায়। বেদের সর্বত্র যে মোক্ষসাধনীভূত জ্ঞানের কথা বলা হইয়াছে, তাহা অপরোক্ষ-জ্ঞানেরই নির্দেশক। নির্কিশেষ-জ্ঞান-ন্যাহা অন্ধতমঃ, তাহা অসুরাদির প্রাপ্য। সাত্তিক-পুরুষগণেরই ভক্তিবৃত্তি উদিত হয়। শিশুপাল, দস্তবক্র, কংস, জরাসন্ধ প্রভৃতি অসুরগণের ভগবদর্শন ও মাহাত্ম্য-জ্ঞানাদি সংঘটিত হইলেও তাহাদিগের ভগবানে ভক্তির উদয় না হইয়া তদ্বারা বিরোধই অভিবর্দ্ধিত হইয়া থাকে। শান্তবাক্যামুদারে গো-দর্শন-স্পর্শনাদি দারা পুণালাভ হয়, কিন্তু ব্যাদ্রের ধেমন গোম্পর্শন ও দর্শনাদিতে পুণ্য লাভ না হইয়া হিংসাই অভিবর্দ্ধিত হইয়া থাকে, অসুরানির ভগবদর্শনাদিও তজ্রণ। শ্রীমন্মধ্বাচার্য্যপাদ ভক্তির এইরূপ সংজ্ঞ। নির্দেশ করিয়াছেন,—

ভক্তির সংজ্ঞা

"মাহাত্মজ্ঞানপূর্বস্ত স্নৃদ্দর্বতোহধিক:। স্নেহো ভক্তিরিতি প্রোক্তস্তয় মৃক্তিন চান্তথা॥" (ম: ভা: তা: নি: ১৮৬ সংখ্যা-ধৃত 'ব্রহ্মতর্ক-বাক্য')

—ভগবানের মাহাজ্মানপূর্মক স্বাত্ম-মাত্মীয়-যাবতীয় বস্ত হইছে অত্যস্ত বিলক্ষণ, স্থদ্দ, নিরুপাধিক ক্ষেহই 'ভক্তি' বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে। এইরূপ ভক্তি-যারাই মুক্তি লাভ হয়; অন্ত উপায়ে কথনই সম্ভব নহে।

সপ্তবিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত

াল জরতীর্থপাদ ভক্তির সংজ্ঞা এইরূপ লিখিয়াছেন,—

"অনস্থানবত্যকল্যাণগুণপূর্ণজ্ঞানপূর্বক: স্বাত্মাত্মীয়বস্তভ্যোহতিশয়িত-বিলক্ষণোহস্তরায়সহস্রেণাপ্যপ্রতিবদ্ধো নিরুপাধিকনির স্তরপ্রেম-প্রবাহ:।" ('স্থায়স্থধা' ১ অঃ ১ পাঃ ১ অধিঃ)

শ্রীমন্যধ্বাচার্য্যপাদ সাধনক্রম এইরূপ লিথিয়াছেন,—
ভক্ত্যা জ্ঞানং ততো ভক্তিস্ততো দৃষ্টিস্ততশ্চ সা।
ততো মুক্তিস্ততো ভক্তিঃ সৈব সাৎ স্থক্রপিণী॥
(অমুব্যাধ্যান ৩ অঃ, ৪ পাঃ)

প্রথমে শ্রদ্ধারূপা ভজিদ্বারা সাধু-শাস্ত্রমূথে ভগবন্মাহাত্ম্য-জ্ঞান লাভ হয়, তদনস্তর অপরোক্ষ-সাধনীভূতা ভজির উদয় হয়, তদনস্তর অপরোক্ষজ্ঞান লাভ হয়, তদনস্তর পরমা ভজি, সাধনক্রম তদনস্তর মুক্তি বা বিষ্ণৃ ভিনু লাভ হয়, তদনস্তর স্বরূপভক্তি বা সাধ্যভক্তি উদিত হইয়া থাকে। ইহাই পরম ত্র্থরূপিনী।

মুক্তোহপি ভদ্ধশো নিত্যং ভূয়ো ভক্তি-সমন্বিত:। সাধ্যানন্দস্বরূপৈব ভক্তিনৈ বাত্র সাধনম্॥

(গীঃ ডাঃ ২ আঃ ১১ লোঃ)

সুক্তপুরুষও নিত্যকাল ভগবানের বশুরূপে অবস্থিত এবং প্রচুর ভক্তিযুক্ত। সুক্তপুরুষের ভক্তির নামই সাধ্যভক্তি, তাহা আনন্দম্র পিণী— ইহা 'সাধনভক্তি নহে।

অমলা ভক্তিই যে সাধন, তৎসম্বন্ধে শ্রোত প্রমাণ

ভক্তিরেবৈনং নর্মতি ভক্তিরেবৈনং দর্শরতি ভক্তিবশঃ পুরুষ: ভক্তিরেব ভূরসীতি।

(ব্রঃ স্থ: ভা: ৩ অঃ, ৩ পাঃ, ৫৪ স্থ: মাঠর-শ্রুতিঃ)

[२७१]

নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বছনা শ্রুতেন।
যমেবৈষ বৃণুতে তেন লভ্যন্ত সৈয় আত্মা বিবৃণুতে তহুং স্বাম্॥
ভক্তিস্থঃ পরমো বিষ্ণুন্ত হৈবৈনং বশং নয়েৎ।
তব্যৈব দর্শনং ষাতঃ প্রদদ্যানুক্তিমেত্যা॥

(ব্রঃ, স্থ:, ভাঃ, ৩ অঃ, ৩ পাঃ, মায়াবৈভবঃ) মহস্তবৃদ্ধিভজ্জি ক্ষেহপূর্বাভিধীয়তে। তথ্যৈব ব্যক্তাতে সমাগ্জীবরূপং স্থাদিকম্॥

(ব্রঃ, স্থঃ, ভাঃ, ৩ অঃ, ২ পাঃ, পাষে)

অজ্ঞান্বা ধ্যান্তিৰ জ্ঞানমেব বিশিষ্যতে। জ্ঞান্বা ধ্যানং জ্ঞানমাত্রাদ্ ধ্যানাদিপি তু দর্শনম্। দর্শনাট্চেব ভক্তেশ্চ ন কিঞ্ছিৎ সাধনাধিকম্॥

(গী: ভা: ৬ আ:, ৪৬ শ্লো: নারদীয়ম্)

ভক্তা প্রদন্ধ: পরমো দদ্যাৎ জ্ঞানমনাকুলম্।
ভক্তিং চ ভূয়নীং ভাজ্যাং প্রসন্ধা দর্শনং ব্রজেৎ ॥
ততাহিপি ভূয়নীং ভক্তিং দদ্যাৎ তাজ্যাং বিমোচয়েৎ।
ব্রহ্মক্রমাদিভ্যোহপুত্রমন্ত্বং স্বতন্ত্রতাম্ ॥
সর্বস্তু তদধীনন্তং সর্বসদ্গুণপূর্ণতাম্।
নির্দোষন্তং চ বিজ্ঞায় বিফোন্ডব্রাথিলাধিক: ॥
স্বেং। ভক্তিরিতি প্রোক্তঃ সর্ব্বোপায়োত্তমোত্তম: ।
তেনৈব মোক্ষো নাজেন দৃষ্ট্যাদিস্তত্র কারণম্ ॥

(গীঃ তাঃ ২ অঃ ১১ শ্লোঃ)

অতো বিজ্ঞান-ভক্তিভ্যাং পুরুষার্থ: পরো ভবেৎ। যশু দেবে পরা ভক্তি র্যথা দেবে তথা গুরৌ।

সপ্তবিংশ অধ্যায়—শ্রীমধ্বাচার্য্যের সিদ্ধান্ত


তক্তৈতে কৰিত। হৃথাঃ প্ৰকাশন্তে মহাত্মনঃ॥
ভক্ত্যা প্ৰসন্ধো ভগবান্ দদ্যাৎ জ্ঞানমনাকুলম্।
তথ্যৈব দৰ্শনং যাতঃ প্ৰদদ্যান্মক্তিমেতয়।॥
স্বোহ্যবন্ধো যন্তন্মিন্ বহুমানপুরঃদরঃ।
ভক্তিরিত্যচাতে দৈব করণং পর্মীশিতুঃ॥

(অহুব্যাখ্যানম্ ৩ অঃ, ৪ পাঃ)

ত্রিবিধ প্রমাণ

মন্মধ্ব-সিদ্ধান্ত-মতে প্রত্যক্ষ, অমুমান ও আগম—এই ত্রিবিধ প্রমাণ স্বীকৃত। প্রত্যক্ষ সপ্তবিধ—(১) সাক্ষী (জীবস্বরূপ, 'অহং' ইত্যাকার জ্ঞান), (২) মন:, (৩) চক্ষু:, (৪) শ্রোত্র, (৫) শ্রাণ, (৬) রসনা এবং (१) ত্ব । সাক্ষী আত্মস্ত্রপ, অবিভা, মনঃ, মনোবৃত্তাত্মক মানস-জ্ঞান, কাল, আকাশ-এই সকল বিষয় প্রত্যক্ষ করিয়া থাকে। স্থ-ছঃথ-মনের সাক্ষাৎপ্রত্যক্ষের বিষয় এবং মন ইন্দ্রিয়দ্বারা অস্ত সর্ববিষয় অসাক্ষাতে প্রত্যক্ষ করে। সাক্ষী—নির্দৃষ্ট ; কিন্তু চক্ষুরাদি-প্রত্যক্ষের ব্যভিচার সম্ভব। প্রত্যক্ষ চারিপ্রকার—(১) ঈশ-প্রত্যক্ষ, (২) লক্ষ্মী-. প্রত্যক, অনুমান প্রত্যক, (৩) ব্রহ্মাদি-যোগি-প্রত্যক ও (৪) মনুষ্য-পশু-পক্ষ্যাদি-অধোগীর প্রত্যক্ষ। অনুমান—হেতু, ও আগম উপণত্তি, যুক্তি, লিঙ্গ ইত্যাদি শব্দে ব্যবহৃত হয়। শিঙ্গ-জ্ঞানে অপ্রত্যক্ষ বস্তুর জ্ঞান হয়। শিঙ্গজ্ঞানই অনুমান। বিরোধ, সৎপ্রতিপক্ষ, অসিদ্ধি, বাধা প্রভৃতি দোষ অমুমানের ব্যভিচার উৎপাদন করে। এতদে। ধসমূহ-নির্ম্মুক্ত হেতুই অর্থ-জ্ঞান প্রদান করিতে পারে। প্রত্যক্ষ ও আগমের অমুকৃণ অনুমানই প্রমাণরূপে

গৃহীত হইতে পারে; তদ্বিরুদ্ধ অমুমানই অপ্রামাণিক। আগম— দ্বিবিধ; (১) অপৌরুষের ও (২) পৌরুষের। অপৌরুষের-আগম— श्रामि (वम, উপनियम्, यञ्ज, व्याक्रान, পরিশিষ্টভাগ প্রভৃতি। পৌরুষেরের প্রমাণ—ইতিহাস, পুরাণ, পঞ্চরাত্র প্রভৃতি। ব্রহ্মস্ত্রামুসারেই বেদার্থ বক্তব্য। বেদের তাৎপর্য্যে সন্দেহ উপস্থিত হইলে পুরাণাদির অর্থান্ত্-সারেই বেদ-বচনের তাৎপর্য্য গ্রহণ করিতে হইবে। উপক্রম-উপসংহার, অভ্যাস, অপূৰ্বতা, ফল, অৰ্থবাদ ও উপপত্তি—এই ষড়্বিধ লিজ্মারা শান্ত্রের তাৎপর্যা নিরূপণ করিতে হইবে; ইহাদের উত্তরোত্তর প্রাবল্য। ইহাদের মধ্যে বহুবিধের প্রাবস্যের ঘারাই শাস্ত্রের যথার্থ অর্থ নিরূপণীয়। পুরাণ ত্রিবিধ-নাত্ত্বিক, রাজসিক ও তামসিক। শ্রীমন্তাগবতাদি সাত্ত্বিক পুরাণই প্রমাণ; রাজস-পুরাণগণের মধ্যেও যদি কোন কোন অংশ সাত্ত্বিক-পুরাণ-বচনের অমুকৃল হয়, তাহা হইলে রাজ্স-পুরাণের সেই অংশও প্রমাণরূপে গৃহীত হইবে। সাত্ত্বিক-পুরাণের মধ্যে যে সকল অংশ সন্তবিরুদ্ধভাব প্রকাশ করে, সেই সকল অংশ দৈত্য-মোহনের জন্ত ক্লত হইয়াছে; স্থতরাং ভাষা সাত্ত্বিকগণের গ্রহণীয় নহে। তামস-পুরাণ-সমূহ দৈত্য-মোহনার্থ ই কল্পিত হইয়াছে। সর্বপুরাণই সান্তিকের অমুকূল इहेरमहे ख्रमान-मर्या भना।



শ্ৰী-বুদা-কুদ্ ও স্নক-সম্পোয়ের ম্লপ্রত্কিচতুষ্থ

অফাবিংশ অধ্যায় শ্রীব্রহ্ম-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

সম—প্র—'দা' ধাতু কর্ম্মবাচ্যে ঘঞ্ (য—আগম) প্রত্যয় করিয়া
'সম্প্রদায়'-শব্দ নিষ্পার । ভরত বলেন,—'গুরুপরম্পরাগত-সহপদেশঃ
শিষ্টপরম্পরাবতীর্ণোপদেশঃ সম্প্রদায়ঃ' । অমরকোষে
'সম্প্রদায় কাহাকে
'বলে?
'গৃহীত হইয়াছে । শ্রীধরস্বামিচরণ—'সম্প্রদায়ায়ুরোধেন
পৌর্বাপির্যামুসারতঃ' প্রভৃতি বাক্যে সৎসম্প্রদায়প্রণালীর তাৎপর্য্য নির্ণয়
করিয়াছেন ।

আদিগুরু ব্রহ্মা হইতে গুরু-সরম্পরাপ্রাপ্ত 'ব্রহ্মবিত্যা' নামী শ্রুতিই 'আয়ায়'। সেই আয়ায়বাক্য বা শিয়পরম্পরাবতীর্ণ উপদেশ একমাত্র সং সম্প্রদারেই লভ্য। শ্রুতি "ব্রহ্মা দেবানাং প্রথমঃ সম্বভূব বিশ্বস্ত কর্ত্তা ভুবনস্ত গোপ্তা। স ব্রহ্মবিত্যাং সর্কবিত্যাং শুলায় কি ?

প্রক্ষাং বেদ সভ্যং প্রোবাচ তাং তত্ত্বতো ব্রহ্মবিত্যাম্ ।

(মুগুরু ১।১।১, ১।২।১৩)' প্রভৃতি বাক্যে এইরূপ গুরুপরম্পরাগত সত্পদেশ বা সৎসম্প্রদার-স্বীকারের অত্যাবশ্রকতা বিশেষভাবে প্রতিপর্ক করিয়াছেন। উক্তবাক্যে ব্রহ্মসম্প্রদারের কথাই ব্যক্ত হইয়াছে। উদ্ধব-গীতায় ভগবান্ ব্রহ্মসম্প্রদার-কথা এইরূপভাবে বলিয়াছেন—

"কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা যস্তাং ধর্মো মদাত্মকঃ॥

[285]

তেন প্রোক্তা স্বপুত্রায় মনবে পূর্বজায় সা। ইত্যাদি

যাভিভূ তানি ভিত্তত্তে ভূতানাং পতয়স্তথা।

এবং প্রকৃতি-বৈচিত্র্যান্তিগ্যস্তে মতয়ো নৃণান্। পারস্পর্য্যেণ কেষাঞ্চিৎ পাষণ্ডমতয়োহপরে॥"

(ভাঃ ১১।১৪।৩-৮)

পুনরার শ্রীধরস্বামী ভাবার্থ-দীপিকার (ভাঃ ১২।১০।১৯) "শ্রীভাগবতসম্প্রদার-প্রবর্ত্তকরপেণ ভগবদ্ধ্যান-লক্ষণং মঙ্গলমাচরতি,—কম্মৈ ব্রহ্মণে ।"
"ইহাতে স্পষ্ট জানা যার যে, 'ব্রহ্মসম্প্রদার' নামক একটি সম্প্রদার
স্পষ্টির সমর হইতে চলিরা আসিতেছে। সেই সম্প্রদারে গুরুপরম্পরাপ্রাপ্তা
আন্নায় কি?
বিদ্যংজ্ঞিতা বিশুদ্ধা বাণীই ভগবদ্ধর্ম সংরক্ষণ
করিরাছে। সেই বাণীর নাম 'আন্নায়' (আ—মা+

ঘঞ্)। যে সকল লোক—"পরব্যোমেশ্বরস্থাসীচ্ছিন্টো ব্রহ্মা জগৎপতিঃ"
ইত্যাদি বাক্যক্রমে প্রদর্শিত ব্রহ্মসম্প্রদার স্বীকার করেন না, তাঁহারা
ভগবহক্ত পাষণ্ড-মত'-প্রচারক।" তত্ত্বসন্দর্ভে (১০ম সংখ্যা) শ্রীল
জীবগোস্বামিপাদ বলিরাছেন,—"অনাদিসিদ্ধ-সর্বপ্রক্ষ্য-পরম্পরাম্থ সর্বধ্বনিকালোকিক-জ্ঞাননিদানত্বাদপ্রাক্ষতবচন-লক্ষণো বেদ এবাম্মাকং

সর্বাতীত-সর্বাশ্রয়-সর্বাচিন্ত্যাশ্চর্য্যস্বভাবং বস্তু বিবিদিষতাং প্রমাণম্।"
অর্থাৎ "অনাদিসিদ্ধ পুরুষপরম্পরাপ্রাপ্ত সর্ব্ব লৌকিক ও অলৌকিক
জ্ঞানের নিদানস্বরূপ অপ্রাক্বত-বচন-লক্ষণ বেদ-বাক্যই সর্ব্বাতীত, সর্বাশ্রয়,
সর্বাচিন্ত্য, আশ্চর্য্যস্বভাবসম্পর বস্তু-বিজ্ঞানেছ পুরুষের পক্ষে একমাত্র
প্রমাণ।"

অফাবিংশ অধ্যায়—শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়

"শ্রীল শ্রীজীবগোস্বামী আপ্তবাক্যের প্রমাণত্ব স্থির করিয়া পুরাণশান্ত্রের তদ্ধর্মত্ব নিরূপণপূর্ব্বক শ্রীমন্তাগবতের সর্ব্বপ্রমাণশ্রেষ্ঠত্ব স্থাপন করিয়াছেন।
বে লক্ষণ-দারা ভাগবতের শ্রেষ্ঠত্ব স্থাপন করিয়াছেন।
শ্রেই লক্ষণ-দারা ব্রহ্মা, নারদ, ব্যাস ও তৎসহ শুকদেব
শুক্রপালা
ও ক্রমে বিজয়ধ্বজ, ব্রহ্মণ্যতীর্থ, ব্যাসতীর্থ প্রভৃতির
তত্বগুরু—শ্রীমন্মধ্বাচার্য্যপ্রমিত শাস্ত্রনিচয়ের উল্লেখ করিয়াছেন। এই
সমস্ত বাক্যের দারা স্পষ্ট প্রতীত হয় যে, শ্রীব্রহ্মসম্প্রদায়ই শ্রীকৃষ্ণচৈতগ্রদাসদিগের গুরুপ্রণালী। শ্রীকবিকর্ণপূর গোস্বামী এই অনুসারে দৃঢ় করিয়া
স্বরূত গৌরগণোদ্দেশ-দীপিকায় গুরুপ্রণালীর ক্রম লিথিয়াছেন। বেদাস্তস্ত্র-ভাষ্যকার শ্রীল বিত্যাভূষণও সেই প্রণালীকে স্থির রাথিয়াছেন। বাহারা
এই প্রণালীকে অস্বীকার করেন, তাঁহারা যে শ্রীকৃষ্ণচৈতগ্র-চরণামুচরগণের
প্রধান শক্র, ইহাতে আর সন্দেহ কি ?" *

"নিম্বার্কমতে যে ভেদাভেদ অর্থাৎ দ্বৈতাদ্বৈত্তমত, তাহা পূর্ণতা লাভ করে নাই। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা লাভ করিয়া বৈষ্ণবজ্ঞগৎ সেই মতের পূর্ণতাকে পাইয়াছেন। শ্রীমধ্বমতে যে সচিদানন্দ শ্রীকার করিলেন
নিত্য-বিগ্রহের স্বীকার আছে, তাহাই এই অচিস্ত্য-ভিদার করিলেন
ভেদাভেদের মূল বলিয়া শ্রীমন্মহাপ্রভু মধ্বসম্প্রদার

মতসর্কলে একটু একটু বৈজ্ঞানিক সমতার অভাব থাকায় তাঁহাদের পরস্পর বৈজ্ঞানিক ভেদে সম্প্রদায়ভেদ হইয়াছে। সাক্ষাৎ পরতত্ত্ব শ্রীচৈতন্তমহাপ্রভু স্বীয় সর্ব্বজ্ঞতাবলে সেই সমস্ত মতের অভাব পূর্ণ করত শ্রীমধ্বের 'সচ্চিদানন্দ নিত্য-বিগহ', শ্রীরামান্তজের 'শক্তিসিদ্ধান্ত', শ্রীবিষ্ণু-

^{*} শ্রীল ভক্তিবিনোদ-ঠাকুর-কৃত 'শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা" ১১ পৃঃ

স্বামীর 'শুদ্ধাবৈতসিদ্ধান্ত, তদীয়-সর্বস্বত্ব' এবং শ্রীনিম্বার্কের 'চিন্তাদৈতাবৈতসিদ্ধান্ত'কে নির্দ্ধােষ ও সম্পূর্ণ করিয়া স্বীয় অচিন্তাভেদাভেদাত্মক অতিবিশুদ্ধ বৈজ্ঞানিক মত জগৎকে কুপা করিয়া অর্পণ করিয়াছেন। স্বল্লদিনের
মধ্যে ভক্তিতত্ত্বে একটিমাত্র সম্প্রদায় থাকিবে, তাহার নাম হইবে—'শ্রীব্রহ্মাসম্প্রদায়'। আর সকল সম্প্রদায়ই এই ব্রহ্মসম্প্রদায়ে পর্য্যবসান লাভ
করিবে।' †

করিবে।" †
পূর্ব্বাপর সাম্প্রদায়িক ঐতিহ্য আলোচনা করিলে সর্ব্যই দৃষ্ট হয় যে,
বিষ্ণুশক্তি বা বিষ্ণুদাসগণের দ্বারাই সর্ব্যকালে সম্প্রদায়-প্রবর্তন-কার্য্য সাধিত
হইয়াছে। যদিও সনাতন-ধর্ম্মের মূল সনাতন পুরুষ
শ্রীচেত্তয়কে সম্প্রদায়প্রভিগবান—"ধর্মমন্ত সাক্ষাদভগবৎপ্রণীতং" (—ভাঃ
প্রবর্ত্তক বলা অসঙ্গত
ভাগ১৯), "ধর্ম্মো জগরাথাৎ সাক্ষান্মারায়ণাৎ"
কেন ?

(মঃ ভাঃ শাস্তি—১৪৮।৫৪) প্রভৃতি বাক্যো
ভাগনাতনধর্ম্ম শ্রীভগবানেরই প্রণীত বলিয়া কথিত হইয়াছে, তথাপি
ভাকত্তী চৈব কর্ত্তী চ কার্যাং কারণমেব চ'' (মঃ ভাঃ শাস্তি ৩৪৮।৬০)
এবং "নেখন্তাবেন হি পরং দ্রষ্টুমহন্তি স্বয়ঃ'' (ভাঃ ২।১০।৪৫)
প্রস্তুত্বি শ্রম্ভ্রেম্বার্থনার প্রমাণিত হয়্য সর্ব্বকারণ-কারণ শ্রীভগবান

'অকর্ত্তা চৈব কর্ত্তা চ কার্য্যং কারণমেব চ'' (মঃ ভাঃ শান্তি ৩৪৮।৬০)
এবং "নেখস্তাবেন হি পরং দ্রষ্ট্রমহন্তি স্বরঃ'' (ভাঃ ২।১০।৪৫)
প্রভৃতি শন্দ-প্রমাণ-দ্বারা প্রমাণিত হয়, সর্ব্ধকারণ-কারণ শ্রীভগবান্
ধর্মমূল হইলেও সম্প্রদায়-প্রবর্ত্তনাদি-বাাপারে তাঁহার সাক্ষাৎকর্ত্ত্ব নাই।
তৎ শক্ত্যাবিষ্ট প্রুষগণদ্বারাই তিনি সেই কার্য্য সম্পাদন করিয়া থাকেন।
যদি অন্তথা হইত, তাহা হইলে "ব্রহ্ম-সম্প্রদায়", "চতুঃসন-সম্প্রদায়",
"রুদ্র-সম্প্রদায়" বা শ্রী-সম্প্রদায়" নাম না হইয়া তৎপরিবর্ত্তে ঐ সকল
সম্প্রদায় "বাম্বদেব-সম্প্রদায়" নাম না হইয়া তৎপরিবর্ত্তে ঐ সকল
সম্প্রদায় "বাম্বদেব-সম্প্রদায়", "সঙ্কর্ষণ-সম্প্রদায়" বা "নারায়ণ-সম্প্রদায়"
প্রভৃতি নামেই খ্যাত হইত। বিষ্কৃত্ত্বটি সং বা সাত্বত সম্প্রদারের উপাশ্র

[†] শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কৃত 'শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা' ৮৯ পৃঃ

অফাবিংশ অধ্যায়---শ্রীব্রক্ষ-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

অধিদৈবত; তন্মধ্যে বিষ্ণুপরতত্ত্ব শ্রীকৃষ্ণ বা শ্রীকৃষ্ণচৈতগ্য-সম্প্রদায় 'সহস্রাধি-দৈবত' নামে প্রসিদ্ধ ।

যদি কেহ বলেন,—'বিধিভক্তি-প্রচার লক্ষী-ব্রহ্মাদি বিষ্ণুশক্তি বা বিষ্ণুজনের দারা সম্ভব হইলেও রাগভক্তি-প্রচারে একমাত্র ক্ষেরই সামর্থ্য, ত্বাতীত অন্ম কাহারও সামর্থ্য নাই'—এই বিচার সম্প্রদায়-প্রবর্ত্তন ও প্রেম-যুক্তিযুক্ত বলা যাইতে পারে না, কারণ উন্নতাজ্জল-প্রচারণ এক নহে রস-প্রদান ও সম্প্রদায়-প্রবর্ত্তন এক কথা নহে। সম্প্রদায়-প্রবর্ত্তনরূপ কার্য্য শাস্ত্র-শাসন, আমায়-অঙ্গীকার, বিধি-ধর্ম্ম-পালনাদি-মূলে অবস্থিত, উহা রাগমার্গীয় ব্যাপার নহে; উহা ঐশ্বর্য্য-ভাবব্যঞ্জক ব্যাপার, বিষ্ণু বা বিষ্ণুশক্তির কার্য্য-বিশেষ। ক্লফ্ল-তত্ত্ববিদ্গণ স্বতন্ত্রেচ্ছ স্বয়ংরূপের ঔদার্য্যের সহিত তাঁহার বৈভব প্রকাশ বা বিলাস বিষ্ণু হত্ত্বের কার্যাকে একাকার করিয়া তত্ত্বানভিজ্ঞতা প্রদর্শন করেন না। কৃষ্ণপ্রিয়তম গুরুদেব আশ্রয়-জাতীয় তত্ত্ব, তিনি বিষয়-জাতীয় তত্ত্ব নহেন। বিষয়-তত্ত্ব হইগাও শ্রীগোরস্থলর আশ্রয়লীলাভিনয়কারী আশ্রয়-তত্ত্বমাত্ত নহেন। তাঁহাকে সম্প্রদায়-প্রবর্ত্তক গুরুমাত্র জানিলে তাঁহার সম ও প্রতিদ্বন্দী দ্বিতীয় প্রকাশ আছে, এইরূপ প্রতীতি অবশুস্তাবী।

্রীচৈতন্ত-ভাগবতপাঠে জানা যায় যে, প্রীগৌরস্থলর শঙ্কর-সম্প্রদায়ী প্রীমৎ কেশব ভারতীর নিকট সন্ন্যাস-দীক্ষা গ্রহণ করিবার পরিবর্ত্তে কেশব ভারতীর কর্ণে সন্ন্যাসমন্ত্র প্রদান করিয়া কেশব-ভারতীকেই সন্ন্যাস প্রদান বা পরাত্মনিষ্ঠায় পরিভারতী করিয়াছিলেন। একাধারে কেশব-ভারতীকে কুপা ও শাস্ত্রীয় বিধিমার্গ আচার-প্রচারার্থই ভগবান, প্রীগৌরস্থলরের এইরূপ অভিনয়।

"সর্ব-শিক্ষা-শুরু—গৌরচক্র বেদে বলে। কেশব-ভারতী-স্থানে তাহা কহে ছলে॥ প্রভু কহে, স্বপ্নে মোরে কোন মহাজন। কর্ণে সন্ন্যাসের মন্ত্র করিল কথন॥ বুঝ দেখি তাহা তুমি হয় কিবা নহে। এত বলি' প্রভু তাঁ'র কর্ণে মন্ত্র কহে॥ ছলে প্রভু রূপা করি' তাঁ'রে শিশ্য কৈল। ভারতীর চিত্তে মহা বিশ্বয় জন্মিল॥"

(চৈঃ ভাঃ ম ২৮/১৫৪—১৫৭)

আরও শ্রীচক্রশেথর আচার্য্যই সন্ন্যাসের যাবতীয় বিধিযোগ্য কার্য্য সম্পাদন করেন। (চৈঃ ভাঃ মঃ ২৮।১৩৩—১৩৪ সংখ্যা দ্রষ্টব্য)

দিতীয়তঃ শ্রীমন্মহাপ্রভু শ্রীবিষ্ণুস্বামি-সম্প্রদায়ের বিরুত পরিণতি-ক্রমে
শঙ্কর-সম্প্রদায়ের দশনামি-সম্প্রদায়ের অন্ততম 'ভারতী' —এই নাম গ্রহণ
না করিয়া 'শ্রীকৃষ্ণটৈতন্ত'—এই ব্রন্ধাচারিনামই প্রচার
করেন। ইহা হইতেও জানা যায় যে, শ্রীমন্মহাপ্রভু
শঙ্কর-সম্প্রদায় স্বীকার করেন নাই, পরস্তু গঙ্কার-সম্প্রদায় ভীপ্রকাশানন্দ সরস্বতী, শ্রীকেশব ভারতী প্রভৃতি সকলেই তাঁহার কুঁপায় উদ্ভাবিত। তৃতীয়তঃ শ্রীমন্মহাপ্রভুর শ্রীমুখবাক্য হইতেও জানা যায়,—

'পরাত্মনিষ্ঠা'মাত্র বেষ-ধারণ। মুকুন্দ-সেবায় হয় সংসার-তারণ॥

(চৈঃ চঃ মঃ ৩।৮১

অফাবিংশ অধ্যায়—শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়

কেবলাবৈতবাদ-ধ্বাস্ত-মার্ত্ত শুদ্ধ-বৈতবাদগুরু শ্রীমন্মধ্বাচার্য্য বা ভক্তিকল্পতকর মূল শ্রীমাধবেন্দ্রপুরী দশনামীয় সন্ম্যাস গ্রহণ করিয়াছিলেন বলিয়া তাঁহাদিগকে যেমন মায়াবাদী বা শঙ্করের শ্রীমধ্ব ও শ্রীচৈত্ত শঙ্কর-অনুগত বলা অযৌক্তিক, সেইরূপ বিচারেও সম্প্রদায়ের অনুগ শংল শিষ্মনহাপ্রভূকে শঙ্কর-সম্প্রদায়ের অন্তভূক্তি জ্ঞান নহেন করা নিতান্ত অজ্ঞতা। শ্রীমধ্ব ও শ্রীচৈত্ত শঙ্কর-সম্প্রদায়ের ব্যক্তিবিশেষকে মায়াবাদ হইতে উদ্ধারের জন্ত শিষ্মের প্রতি মান-দান-লীলা প্রকাশ করিয়াছিলেন।

শ্রীগৌরস্থলর কলিয়ুগে সাত্বত চতুঃসম্প্রদায়ের অক্সতম শ্রীব্রশ্ব-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায় স্বীকার করিবেন বলিয়াই জগদগুরু হইয়াও শ্রীক্ষার পুরীকে 'দীক্ষা-গুরু'রপে বরণ করিবার লীলা এবং সর্বালার তাৎপর্যা সর্বাত্র সকল সময়ে শ্রীল ঈশ্বরপুরীপাদের প্রতি গুরুচিত সন্মান প্রদর্শন করিয়াছেনঃ—"সংসার-সমুদ্র হইতে উদ্ধার' আমারে। এই আমি দেহ সমর্পিলাম তোমারে॥"

(চৈঃ ভাঃ আ ১৭।৫৪)

শ্রীর প্রার পাবির্ভাবভূমি দর্শনে শ্রীমন্মহাপ্রভু যে দীলা প্রচার করিরাছিলেন (চৈঃ ভাঃ আ ১৭।৯৮-১০৮), তাহাতেও তাঁহার হৃদ্গতভাব শ্রীন্মর্থহাপ্রভু শ্রীমধন্যত শ্রীম্বরপুরীর নিকট হইতে 'দশাক্ষর-মন্ত্র'-গ্রহণ-দীলার শ্রীকার করিলেন কেন? পর শ্রীমন্মহাপ্রভু যে, আত্মপ্রকাশ করিয়াছিলেন (চৈঃ ভাঃ আঃ ১৭।১০৬-১২৮), তাহা হইতেও জানা যায় যে, শ্রীমন্মহাপ্রভু শঙ্কর-মায়াবাদের প্রতিযোগী 'তত্ববাদ' এবং তত্ত্ববাদের চরম উদ্দেশ্য যে প্রেম, তাহাই প্রচারার্থ শ্রীমধ্বসম্প্রদায় স্বীকার, করিয়াছেন।

'শ্রীমন্মহাপ্রভু মধ্বমতকে অঙ্গীকার করিলেন কেন ?'—তহত্তর এই যে, মধ্বমত বা তত্ত্বাদের বিশেষগুণ এই যে, উহা মায়াবাদ বা কেবলাদ্বৈত-বাদরূপ ভ্রমকে অধিক স্পষ্টরূপে থগুন করে। "শুদ্ধ-দৈতবাদের ভিত্তিতে অবস্থিত হইলে অভেদ-বাদরূপ পীড়া অনেক দূরে থাকে।" হর্মল মানবের নিশ্চিত মঙ্গলের জন্ম শ্রীমন্মহাপ্রভু শুদ্ধ-দৈতবাদ অর্থাৎ মধ্বমত অঙ্গীকার করিয়াছেন। অচিস্ত্য-ভেদাভেদ-দিদ্ধান্ত সম্পূর্ণ বৈজ্ঞানিক প্রণালীতে উদিত হইয়াছে। তথাপি ঐ অচিস্ত্য-ভেদাভেদ-সিদ্ধান্ত বিচার করিলেও দেখিতে পাওয়া যায় যে, যেখানে 'ভেদ' ও 'অভেদ'—এই উভয় বাদই

ভেদাভেদ'-সিদ্ধান্তে ভেদেরই প্রাবল্য স্বীকৃত, সেই স্থানে ভেদবাদই প্রবল। 'ভেদাভেদ' শব্দঘরের মধ্যে 'ভেদ' শব্দটির প্রাবল্য না থাকিলে উহার ব্যবহারেরও কোন সার্থকতা থাকে না। তবে 'অতিয়'। তাই জীমনকাপ্তক্র মাধ্যবাদ্ধিকারকারী

উহা প্রাক্ত ধারণার 'অচিন্তা'। তাই শ্রীমন্মহাপ্রভু মায়াবাদধিকারকারী তত্ত্ববাদ বা শুদ্ধ-দৈতবাদ স্বীকার করিয়া একদিকে যেমন অভেদবাদরূপ পীড়া হইতে জীবকুলকে দূরে রাখিবার জন্ম শুদ্ধ-দৈতবাদের অধিকতর উপযোগিতা প্রচার করিলেন, অপরদিকে তেমনই নিজেকে একজন নবীনপন্থার

শ্রেভিপথ ও আন্নায়ের ,সনাতনত্ব-স্থাপনকল্লে মধ্বমত-স্বীকার স্থানিকে তেনন্থ নিজেকে এক বান করিয়া সাত্বত-সম্প্রদার স্থান্টিকর্তা বা প্রবর্ত্তক প্রচার না করিয়া সাত্বত-সম্প্রদার ও শ্রোত-পথগ্রহণ-কারীর লীলাদর্শ প্রদর্শন পূর্বক্ শ্রীগোড়ীয়-বৈষ্ণবধর্মের সনাতনত্ব ও সৎসাম্প্রদায়িকত্ব প্রমাণ করিলেন। এইরূপ লীলাদ্বারা শ্রীসনাতন-ধর্ম-

শাস্ত্রের পূর্ব্বাপর বাক্যের সহিত সঙ্গতিও সাধিত হইল। সাত্বত শাস্ত্র বলেন, সৎসম্প্রদার-স্বীকার-ব্যতীত মন্ত্রাদি ফলদায়ক হন না,—

> "সম্প্রদায়বিহীনা যে মন্ত্রান্তে বিফলা মতাঃ। অতঃ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ॥

অফাবিংশ অধ্যায়—শ্রীব্রহ্ম-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

শ্রীব্রহ্মরুদ্রসনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ।
চত্বারস্তে কলৌ ভাব্যা হ্যৎকলে পুরুষোত্তমাৎ ॥"

(— শ্রীপদ্মপুরাণ)

কেহ কেহ বলেন, "এ ঈশরপুরীর ভক্তিভাবপ্রবণতার প্রাধাত দর্শন
করিয়াই শ্রীমন্মহাপ্রভূ তাঁহাকে গুরুত্বে বরণ করেন। হয়ত তৎকালে
বিশিষ্টাবৈত-সম্প্রদায়ের তাদৃশ কোন ভক্তিমান্ বৈষ্ণব
তাঁহার নয়নগোচর হইলে তিনি তাঁহাকেই গুরুত্বে
বরণ করিতেন, মধ্বসম্প্রদায়ের ভক্তিবিহীন ব্যক্তিকে কেবল সম্প্রদায়ান্থরোধে গুরুত্বে বরণ করিতেন না।"

এইরপ যুক্তিতে বহু ভ্রম প্রবেশ করিরাছে। ভক্তিবিহীন ব্যক্তি 'গুরু'পদবাচ্যই নহেন। 'গুরুত্ব জাতি বা বংশগত ব্যাপার নহে'—
ইহা প্রচার করিবার জন্তই শ্রীমন্মহাপ্রভু সদ্গুরু-গ্রহণপূর্রপক্ষ শগুর
লীলা প্রদর্শন করিরাছিলেন। যাহা হউক, বর্ত্তমানে
ইহা আমাদের আলোচ্য বিষয় নহে। আমরা কেবল উপরি-উক্ত ব্যর্থযুক্তির প্রতিপক্ষে বলিতে চাই যে, শ্রীমন্মহাপ্রভু যদি একমাত্র মধ্বসম্প্রদার্থকৈই স্বীকার করিবার উদ্দেশ্যের বশবর্ত্তী না হইয়া কোনও বিশেষ
কারণবশতঃ অর্থাৎ কেবল পুরুষ-বিশেষের ভক্তিপ্রবণতা দেখিয়াই তাঁহাকে
গুরুত্বপে বরণ করিতেন, তাহা হইলে বলিতে হয় যে, তৎকালে, দক্ষিণদেশে
শ্রীমন্মধ্বাচার্য্য-সম্প্রদায়-ব্যতীত দক্ষিণদেশের অন্তসম্প্রদায়ের লোকগুলি
'নানা-মত-গ্রাহ-ব্যাপ্ত' ছিল। কারণ, তাহা না হইলে অবৈতাচার্য্য প্রভুই
বা কেন শ্রীমধ্বসম্প্রদায়ের শ্রীমন্মাধ্বেক্রপুরীকে 'গুরু' স্বীকার করিবার
লীলা প্রদর্শন করিবেন ? আবার সেইরপ ভ্রম শ্রীমন্নিত্যানন্দ প্রভুরই বা

কেন হইবে ? তিনিই বা কেন শ্রীমধ্বসম্প্রদায়ের শ্রীমল্লু প্রীপতি তীর্থ বা শ্রীমন্মাধবেক্তপুরীকে গুরুরপে গ্রহণ করিবার লীলা প্রদর্শন করিবেন ?

অবশু একথা স্বীকার্য্য যে, যেখানে তত্ত্বাদের চরম উদ্দেশ্য প্রেমভক্তির বিচার হইতে বিচ্যুতি ঘটিয়াছে, সেখানে শ্রীমন্মহাপ্রভু তত্ত্ববাদকে কোনও

সমদাময়িক তত্ত্বাদাচার্য্য র্যুবর্ষাতীর্থের মতবাদ-থণ্ডন এবং শ্রীমাধ্বেক্র ও ঈশ্বরপুরীকে শুরু-রূপে গ্রহণ-লীকার ভাৎপর্য্য প্রকারে স্বীকার করেন নাই। তাই তিনি শ্রীমন্মধ্বাচার্য্যের অনুগতাভিমানী তদানীস্তন তত্ত্বাদ-শুরু
শ্রীরঘুবর্য্যতীর্থের মতবাদকে খণ্ডন করিয়া শ্রীমন্মধ্বাচার্য্যের শুদ্ধমত গ্রহণকারী অর্থাৎ তত্ত্বাদের চরম
উদ্দেশ্য উপলব্ধিকারী শ্রীষ্টরপুরীকেই গুরুরপে
গ্রহণ করিবার লীলা প্রদর্শন করিয়াছিলেন। যদি
শ্রীমধ্বসম্প্রদায়কেই শ্রীমন্মহাপ্রভু স্বীকার না

করিবেন, তাহা হইলে লোকশিক্ষক প্রভুত্তর যুগপৎ শ্রীমন্মধ্বাচার্য্যের সম্প্রদায় হইতেই গুরু-বরণ-লীলা প্রদর্শন করিলেন কেন? এমন কি, সন্ন্যাস-লীলা প্রদর্শন করিবার পরও শ্রীমন্মহাপ্রভু শ্রীঈশ্বরপুরীকে 'গুরু' বলিয়া প্রচার করিতেন এবং শ্রীঈশ্বরপুরীর সম্বন্ধেই শ্রীঅদ্বৈতাচার্য্য, শ্রীপরমানন্দপুরী প্রমুখ আচার্য্যগণকে সন্মান করিতেন। তিনি শ্রীঈশ্বরপুরীর শিশ্য গোবিন্দকে গুরুদেবের আদেশ-ক্রমে নিজ-স্বোয় নিযুক্ত করিবার সময় "গুরোরাজ্ঞা হ্যবিচারণীয়া" প্রভৃতি বাক্য বলিয়া-ছিলেন। শ্রীমন্মহাপ্রভু শ্রীঈশ্বরপুরী ও শ্রীমাধবেন্দপুরীপাদের সম্বন্ধে শ্রীঅদ্বৈতাচার্য্যকে, শ্রীপরমানন্দপুরীকে কিরূপ গুরুচিত সম্মান প্রদর্শন করিতেন, তাহা শ্রীচৈতগ্রচরিতামৃত ও শ্রীচৈতগ্রভাগবতের সারগ্রাহী-পাঠকের অবিদিত নাই।

অফাবিংশ অধ্যায়—শ্রীত্রন্ধ-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

শ্রীবেক্ষট ভট্ট প্রভৃতি ঘাঁহার৷ শ্রীমন্মহাপ্রভুর রূপালাভের পূর্বে 'শ্রী'সম্প্রদায়ের অন্তভু ক্ত বলিয়া পরিচয় প্রদান করিতেন, তাঁহারাও শ্রীমন্মহাপ্রভুর রূপালাভের পর শ্রীব্রহ্মসম্প্র-পূর্ব্বে 'শ্রী'সম্প্রদায়ান্তর্গত দায়ানুগত্যে শ্রীমন্যধ্বের উপাস্থ **শ্রীগৌরকুফের** শ্রীবেক্টট ভট্রাদিরও ভজন লাভ করিয়াছিলেন। আর যদি শ্রীমন্মহাপ্রভু শীব্ৰহ্মদম্প্ৰদায়াকু-মধ্বসম্প্রদায় স্বীকার না-ই করিবেন, তাহা হইলে গত্য-শ্বীকার শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু শ্রীমধ্বসম্প্রদায়ের শ্রীমাধবেন্দ্রপুরীপাদকে প্রেমামরতকর 'প্রথম অঙ্কুর' বলিয়া করিবেন কেন? অক্তিম বেদান্তভাষ্য শ্রীমদ্ভাগবতের সন্দর্ভ অর্থাৎ গৃঢ় ও সারোক্তি-প্রকাশক, সিদ্ধান্ত-সাম্রাজ্য-রক্ষণৈক-দেনাপতি, শ্রীরূপা-নুগবর শ্রীমজ্জীব-গোস্বামি-চরণ তাঁহার সন্দর্ভের প্রারম্ভে "বিবিচ্য ব্যলিখদ্ গ্রন্থং লিখিতাদ্-বৃদ্ধবৈষ্ণবৈঃ।"-এই বাক্যে জানা-শ্রীমধ্বাচার্য্যের সম্বন্ধে ইয়াছেন যে, বৃদ্ধবৈষ্ণব পূর্ণপ্রজ্ঞ শ্রীমন্মধ্বাচার্য্য-শ্রীজীব, কর্ণপুর বিলিখিত সিদ্ধান্তই সন্দর্ভের মূল ; কারণ, দাক্ষিণাত্য-ও গ্রীবঙ্গদেব নিবাদী শ্রীগৌরপার্ষদ শ্রীল গোপালভট্ট গোস্বামিপাদ ্সেই আকর গ্রন্থ হইতেই বিশেষ বিচার পূর্ব্বক সার সংগ্রহ করেন। * তত্ত্বসন্দর্ভ-টীকায় শ্রীবিছাভূষণ প্রভু লিখিয়াছেন,—"মধ্বাচার্য্য-চরণৈরিতি অত্যাদর-স্চক-বহুত্ব-নির্দ্দেশঃ স্বপূর্ব্বাচার্য্যত্বাদিতি বোধ্যম্"। গৌরপার্ষদ শ্রীকবিকর্ণপূর গোস্বামি-প্রভু শ্রীগৌরগণোদ্দেশদীপিকাগ্রন্থে (২১-২৬ সংখ্যায়) ও শ্রীগোপালগুরু গোস্বামী শ্রীগোরামুগত গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্গকে ব্রহ্মমাধ্বসম্প্রদায়ের অধস্তনরূপে বর্ণন করিয়াছেন। গৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীবলদেব 'শ্রীগোবিন্দভাষ্য', 'প্রমেয়রত্নাবলী' প্রভৃতি গ্রন্থে শ্রীমন্মহাপ্রভু মধ্বসম্প্রদায় স্বীকার করিয়াছিলেন বলিয়াই বিশেষরূপে কীর্ত্তন করিয়াছেন।"

আয়ায়-বিজ্ঞানে অনভিজ্ঞ কেহ কেহ বলেন যে, শ্রীমধ্বসম্প্রদায়ের সন্যাসিগণের 'তীর্থ' নাম দৃষ্ট হয়। অতএব শ্রীমাধবেন্দ্রপুরী বা শ্রীঈশ্বর-

সন্ত্রাস-লীলার নাম নাম, বস্তুতঃ তিনি শীলক্ষাপতিতাথের দীকা-শিশ্ব

পুরীকে শ্রীমধ্বসম্প্রদায়ের সন্ন্যাসী বলা যাইতে পারে গ্রীমন্মাধবেক্রপুরীর 'পুরী' না। শ্রীমাধবেক্রপুরী মধ্বসম্প্রদায়ের অন্তর্ভুক্ত না হইলে, শ্রীমন্মহাপ্রভু মধ্বসম্প্রদায় স্বীকার করিয়াছেন বলাও ভিত্তিহীন কথা হইয়া পড়ে। বস্তুতঃ যাঁহার। আয়ায়-বিজ্ঞান অবগত আছেন, তাঁহারা বলেন— শ্রীমাধবেক্রপুরী বা শ্রীক্রশ্বরপুরীর 'পুরী' নাম তাঁহাদের

সন্ন্যাস-গ্রহণ-লীলার নাম। শ্রীল মাধবেক্রপুরী গোস্বামী শ্রীমন্মধ্ব-সম্প্রদায়ের শ্রীলক্ষীপতি তীর্থের নিকট হইতে দীক্ষিত ও 'পুরী'-নাম-ধারী কোন সন্ন্যাসীর নিকট হইতে সন্ন্যাস প্রাপ্ত। যেমন শ্রীমন্মহাপ্রভূ শ্রীঈশরপূরীর নিকট দীক্ষা-গ্রহণ-লীলা আবিষ্কার করিয়া অন্তত্র অর্থাৎ শ্রীকেশব ভারতীর নিকট হইতে সন্যাস-গ্রহণ-লীল। প্রকাশ করিয়াছিলেন। দীক্ষা-গুরু ও সন্যাস-গুরু সকল-ক্ষেত্রেই যে, একই ব্যক্তি হইবেন, তাহার কোন নিয়ম নাই। আবার কোন কোন স্থলে সন্যাস-গুরু ও দীক্ষা-গুরু একই ব্যক্তি হইয়া থাকেন। অতএব শ্রীলক্ষীপতি তীর্থের অনুকম্পিত শ্রীশ্রীমাধবেক্রের নিকট হইতে শ্রীনিত্যানন্দপ্রভু, শ্রীঈশ্রপুরী ও. শ্রীঅবৈতাচার্য্য প্রভু দীক্ষা-গ্রহণ-লীল। আবিষ্কার করায় তাঁহারা সকলেই শ্রীমধ্ব সম্প্রদার স্বীকার করিয়াছেন বলিতে হইবে।

কেহ কেহ বলেন,—''শ্রীমন্মহাপ্রভু প্রেমকে 'সাধ্য' বলিয়া স্বীকার ুকরিয়াছেন এবং মুক্তিকে উপেক্ষা করিয়াছেন; কিন্তু শ্রীমধ্বমতে মুক্তিই সাধ্য। শ্রীমন্মধ্বাচার্য্য মোক্ষকে 'সাধ্য' বলিয়া স্বীকার করিলেও জীব-পরমাথ্মৈক্যরূপ সাযুজ্য স্বীকার করেন নাই। পঞ্চবিধা মুক্তির অন্তর্গত

অফাবিংশ অধ্যায়—শ্রীব্রহ্ম-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

'সাযুজ্য'-শব্দারা সাধারণে যে'জীব-পরমাইয়ক্য' ধারণা করে, শ্রীমন্মধ্বাচার্য্যপাদের বিচার তাহা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র এবং তন্মতে সেইরূপ সাযুজ্যমুক্তি
সর্বামধ্বনতে 'নোক্ষ' অর্থে
সাযুজ্য-মুক্তি নহে

অন্ধতোভাবে তিরস্কৃত। যদি শ্রীমন্মধ্বাচার্য্য জীবপরমাইয়ক্যই স্বীকার করিবেন, তাহা হইলে তাঁহাকে
শুদ্ধহৈতবাদী বা নিত্য-পঞ্চভেদবাদী বলিবার পরিবর্ত্তে
ভাস্কর ভট্টাদির স্থায় ওপচারিক ভেদবাদী বলিতে হয়। ভাস্কর ভট্টের
ওপচারিক ভেদবাদ ও শ্রীমন্মধ্বাচার্য্যের তাত্ত্বিকভেদবাদ শুদ্ধহৈতসিদ্ধান্তবিষয়ে বিজ্ঞান লাভ হইলে শ্রীমন্মধ্বাচার্য্যকে আমরা কখনও জীব-পরমাইয়ক্য
স্বীকারকারী বলিব না। 'ভাস্কর'-মত 'বেদার্থ-সংগ্রহে' শ্রী'ভাষ্যকার থণ্ডন
করিয়াছেন। শ্রীমন্মধ্বমতে কির্মপভাবে জীব-পরমাইয়ক্যরূপ সাযুজ্য
তিরস্কৃত হইয়াছে, তাহা তাঁহার বিবিধ রচনা হইতে প্রদর্শিত হইতেছে।—

- (১) অতো বিষ্ণোঃ সর্বোত্তমত্ব এব মহাতাৎপর্য্যং সর্বাগমানাম্। কথং চ জীবপরমাঝৈক্যে সর্বশ্রেতীনাং তাৎপর্য্যং যুজ্যতে, সর্বপ্রমাণ-বিষ্ণুতত্ত্ব-নির্ণয়)
- —অতএব বিষ্ণুর সর্বোত্তমতাই নিখিল সাত্বত-শাস্ত্রের মহাতাৎপর্যা।
 আনেকের মধ্যে একের আতিশয্য বা সর্বাশ্রেষ্ঠিত্ব বুঝাইতেই তদ্বাচক
 স্কাব্যায়ও পরমেশ্র ও শব্দের উত্তর 'তমপ' প্রত্যায় প্রযুক্ত হয়। বহু
 জীবের নিতা-ভেদ- বস্তুর বিজ্ঞমানতা না থাকিলে তুলনা বা একের
 সম্বন্ধে প্রমাণ আতিশয় নিদ্ধারিত হইতে পারে না। অতএব
 বিষ্ণুকে পরভূম-তত্ব স্বীকার করিলে সর্ব্বপ্রমাণ-বিরুদ্ধ জীব-পরমাথ্রৈক্যে
 সর্বাশ্রুতির তাৎপর্য্যের কিরূপেই বা যোজনা হইতে পারে ?
- (২) "সত্যং সত্যং পুনঃ সত্যং শপথৈশ্চাপি কোটিভিঃ। বিষ্ণু-মাহাত্ম্যলেশস্থ বিভক্তস্ত চ কোটিধা। পুনশ্চানন্তধা তস্ত পুনশ্চাপি হুনন্তধা।

নৈকাংশ-সমমাহান্ম্যাঃ শ্রীশেষব্রন্ধশঙ্করাঃ। * * নাস্তি নারায়ণসমং ন ভূতং ন ভবিদ্যতি ইতি নারদীয়ে। এতেন সত্যবাক্যেন সর্বার্থান্ সাধ্যাম্যহম্॥" (গীতা-ভাষ্য)

সত্য, সত্য, পুনরার সত্য ও কোটি কোটি শপথ করিয়া বলিতেছি যে,

যদি বিষ্ণুমাহাত্মের লেশমাত্রকে কোটিভাগে বিভক্ত করা যায়, পুনরায়
তাঁহাকে অনন্তভাগে, আবার তাঁহাকে অনন্তভাগে
বিষ্ণুই অসমোর্ছ
ভিত্ত করা যায়, তথাপি সেই একাংশের সহিতও
শ্রীশেষ, ব্রহ্মা বা শঙ্করের মাহাত্ম্য সমান হইতে পায়ে
না। 'নারায়ণের তুল্য বর্ত্তমানে কেহ নাই, অতীতে কেহ হন নাই, ভবি
য়্যতেও কেহ হইবেন না'—ইহাই নারদীয় বাক্যে কথিত হইয়াছে।—এই
সত্য বাক্যের দ্বারা আমি আমার সর্ব্বার্থ অর্থাৎ জীবপরমাত্মার তাত্মিকভেদ,
মুক্তাবস্থায়ও তাঁহাদের নিত্যসেব্য-সেবক-সম্বন্ধ প্রভৃতি সাধন করিব।

(৩) ''স যো হ বৈ তৎপরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি'' (মুগুক ৩)২।৯) ইতি চ মুক্তজীবস্থ পরাপত্তিরুচ্যতে ; অতস্তয়োরবিভাগঃ।

অতঃ পূর্ব্বমপি স এব, ন হাস্তাশাস্ত্রং যুজ্যত ইতি চেন্ন স্থালোকবং।

যথা লোকে উদকমুদকান্তরেণৈকীভূতমিতি ব্যবস্থিমাণমপি ভিন্নবস্তত্ত্বাৎ
ভদস্তভূতিমেব ভবতি, ন তু তদেব ভবতীত্যেবং স্থাদত্রাপি। তথা চ
শ্রুতিঃ:—

"যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি। এবং মুনেৰ্ব্বিজানত আত্মা ভবতি গৌতম॥"

(কঠ ২।৪।১৫) ইতি ৷

क्षांत्म ५-

''উদকস্তৃদকে সিক্তং মিশ্রমেব যথা ভবেৎ। তদ্বৈ তদেব ভবতি যতো বৃদ্ধিঃ প্রবর্ততে॥

অফাবিংশ অধ্যায়—শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রাদায়

এবমেব হি জীবোহপি তাদাখ্যাং পরমাত্মনা।
প্রাপ্নোতি নাসৌ ভবতি স্বাতস্ত্র্যাদি-বিশেষণাৎ॥
ব্রন্মেশানাদিভিদৈবৈ র্যৎ প্রাপ্তাং নৈব শক্যতে।
তদ্ যৎস্বভাবঃ কৈবল্যং স ভবান কেবলো হয়িঃ॥"

(বঃ স্থঃ ২।১।১৩ মধ্বভাষ্য)

—"যিনি পরম ব্রহ্মকে অবগত হন, তিনি ব্রহ্মই হইয়া থাকেন" (মুক্তক তাহা৯)—এই বাক্যেও মুক্তজীবের ব্রহ্ম-প্রাপ্তির কথা বলা হইয়াছে। ইহা হইতে তাঁহাদের (মুক্তজীব ও ব্রহ্মের) অবিভাগ সিদ্ধ হইল।

অতএব মুক্তির পূর্ব্বেও জীব ব্রহ্মস্বরূপই থাকেন; যদি তিনি তৎস্বরূপ না হইবেন, তাহা হইলে মুক্তদশায়ও ব্রহ্মত্ব লাভ করিতে পারেন না। কারণ, একবস্ত কথনও অন্ত বস্তুর স্বরূপ প্রাপ্ত হন তাহা৯ সংখ্যা 'নুগুক' না। অতএব যেহেতু জীব মুক্তদশায় ব্রহ্মস্বরূপ লাভ শ্রুতির তাৎপর্য্য করেন, কাজেই জীব ব্রহ্ম হইতে অগু বা বস্তম্তর নহেন। এইরূপ যুক্তি যদি প্রদর্শন করা হয়, তবে তাহা সঙ্গত নহে। কার্ণ, এবিষয়ে লৌকিক দৃষ্টান্ত আছে, বেমন, এক জল অন্ত জলের সহিত মিশ্রিত হইলে লোকে বলিয়া থাকে যে, উহা এক হইয়া গিয়াছে। বস্তুতঃ উভয় জল ভিন্ন বলিয়া উহাদের এক হওয়ার অর্থ একজল অন্ত-জল-স্বরূপ হইয়া গিয়াছে' এরপ নহে; কিন্তু এখলে তদন্তভূত হওয়াই 'একীভাব' শব্দের অর্থ। এস্থলেও ঠিক ঐরূপ অর্থই বৃঝিতে হইবে। এইরপ বলিতেছেন,—"হে গৌতম, যেমন এক শুদ্ধজলে অপর শুদ্ধজল মিশ্রিত করিলে উহা তাহারই মত হইয়া থাকে, সেইরূপ ব্রন্ধজ্ঞানী মুনির আত্মাও ব্রন্ধের মত হইয়া থাকে।"

স্বন্ধরাণেও আছে যে—যেমন একজলে অগ্রজল নিক্ষেপ করিলে তাহার সহিত উহা মিশ্রিত হইয়া যাওয়ায় লোকের মনে হয় যেন নিক্ষিপ্ত জল পূর্বজলস্বরূপ হইয়া গিয়াছে; সেইরূপ জীবও ব্রহ্মের সহিত তাদাত্ম্য প্রাপ্ত হইলেও "জীব ব্রহ্ম হইয়াছেন" এইরূপ ব্যবহার হইয়া থাকে, বস্তুতঃ জীব ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হ'ন না। কারণ ব্রহ্ম—'স্বতন্ত্র', জীব—পরতন্ত্র (ব্রহ্মের অধীন); ব্রহ্ম—বিভূপদার্থ, কিন্তু জীব—অণুপদার্থ; এইরূপ উভয়ের স্বরূপত বিবিধ পার্থক্য-বশতঃ একে অন্তের স্বরূপ হইতে পারেন না। ব্রহ্মা বা শঙ্কর প্রভৃতি দেবগণও যাহা লাভ করিতে সমর্থ নহেন, সেই কৈবল্য-অবস্থা যাহার স্বরূপ—তিনি কেবল-স্বরূপ পর্মারাধ্য শ্রীহরি।

(৪) "অত্যে জলে জলৈকীভাববদেকীভাব:। উক্তঞ্চ—যথোদকং শুদ্ধে শুদ্ধং যথা নুত্ত ইত্যাদৌ তত্রাপ্যত্যোস্থাত্মকত্বে বৃদ্ধ্যসম্ভব:।" (গীতা ২য় অঃ মধ্বভাষ্য)

—অতএব এন্থলে 'একীভাব' শব্দের অর্থ—এক জলে অপর জলের একীভাবের স্থায় বুঝিতে হইবে। শাস্ত্রেও আছে যে—যেমন—'শুদ্ধজলে 'একীভাব' শব্দের শুদ্ধজল একীভূত হয় এবং যেরূপ নদীসকল মিলিত তাৎপর্যা হইয়া একীভাব প্রাপ্ত হয়' ইত্যাদি। বস্তুতঃ যদি এক জলের সঙ্গে অপর জল মিলিত হইয়া পূর্বজল-স্বরূপই হইয়া যাইবে, তাহা হইলে আর সে স্থলে জলের বৃদ্ধি সম্ভবপর নহে।

(৫) যথা সমৃদ্রে বহবস্তরঙ্গাস্তথা বয়ং ব্রহ্মণি ভূরি জীবাঃ। ভবেৎ তরঙ্গো ন কদাচিদক্ষিশ্বং ব্রহ্ম কম্মান্তবিতাসি জীব॥ (তত্তমুক্তাবলী)

—যেমন সমুদ্রে বহু তরঙ্গ বিভাষান রহিয়াছে, সেইরূপ ব্রন্ধেও আমরা বহুজীব অবস্থান করিতেছি, কিন্তু সেজগু তরঙ্গ কখনও সমুদ্রস্বরূপ

অফাবিংশ অধ্যায়—শ্রীত্রক্ষ-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

নহে। অতএব হে জীব, তুমি কিরূপে ব্রহ্মস্বরূপ হইবে (অর্থাৎ তুমি ষে নিজকে ব্রহ্মস্বরূপ বলিয়া অভিমান কর, উহা মিখ্যা মাত্র) ?

- (৬) 'অভেদঃ সর্বারপেযু জীবভেদঃ সদৈব হি।'
 - (মঃ ভাঃ তাঃ নিঃ ১।৪৫)
- —ব্রন্ধের স্বীয় অনন্তরূপের মধ্যে কোন ভেদ নাই, কিন্তু জীব তাঁহা হইতে সর্বাদা ভিন্ন।
- (१) ন চ জীবে সমন্বয়োহভিধীয়তে "সত্য আত্মা সত্যো জীবঃ সত্যং ভিদা সত্যং ভিদা সত্যং ভিদা মেবারুণ্যো মেবারুণ্যো মেবারুণ্যঃ"।

(১।১।১২ মধ্বভাষ্যধৃত পৈঙ্গি-শ্রুতিবচন)

শ্রীকৃত হইয়াছে:—

- (১) ন যত্র মায়া কিমুতাপরে হরেরমুব্রতা যত্র স্থরাস্থরার্চিতাঃ (ভাঃ ২১১১০) ইত্যাদি শ্রুতি-শ্বৃতিষু তাৎপর্য্যং মুক্তানাং ভেদস্তৈবাক্তঃ।
 - (ছান্দোগ্যভাষ্য ৬ অঃ)
- —"অত্যের কি কথা, যথার স্বয়ং মায়াও প্রবেশলাভে সমর্থা নহেন, তথার দেবাস্থরাদি নিখিল-জীব-পূজনীয় হরিসেবকগণ অবস্থান করিতেছেন" ইত্যাদি শ্রুতি-স্থৃতির তাৎপর্য্য এই যে, সর্ব্বরেই মুক্তজীব ভগবান্ হইতে ভিন্ন।
 - (२) 'ক্নফোসুক্তৈরিজ্যতে বীতমোহৈঃ', 'মুক্তৈর্ব ন্যাঃ স এক ইতি'।
 (মঃ ভাঃ তাঃ নিঃ ২।৬২, ৬০ ও স্থত্রভাষ্য ৩।৩।২৭)
- —মোহরহিত মুক্তগণের দ্বারা শ্রীকৃষ্ণ পূজিত হইয়া থাকেন। সেই একমাত্র পরমপুরুষই মুক্তজনের বন্দনীয়।
 - (৩) মুক্তস্থোপাসনা কর্ত্তব্যা ন বেতি অতো ব্রবীতি— * * মুক্তা [২৫৭]

অপি হি কুর্বস্থি স্বেচ্ছয়োপাসনং হরে:। নিয়মানস্তরং বিপ্রা: কুশাছৈরপ্য-ধীয়তে। (স্বভাষ্য ৩।৩।২৭)

—মুক্তের পক্ষে উপাসনা কর্ত্তব্য কিনা এবিষয়ে বলিতেছেন,— * *
বিপ্রগণ মুক্ত হইয়াও নিয়ম গ্রহণপূর্ব্ধক স্বেচ্ছায় ভগবত্বপাসনা এবং
কুশাদি গ্রহণপূর্ব্ধক অধ্যয়ন করিয়া থাকেন।

শ্রীকৃষ্ণ একমাত্র বিগতমোহ অর্থাৎ নিবৃত্তানর্থ মুক্তপুরুষগণের দারাই পূজিত হন। সেই অন্বয়-জ্ঞান কৃষ্ণই একমাত্র মুক্তগণের বন্দ্য পুরুষোত্তম। এই সকল স্কুম্পষ্ট বাক্যের দারা শ্রীমন্মধ্বমতের সাধ্য विक् जियु दमवा-नाखरे 'মোক্ষ' যে 'বিষণু জিঘু লাভ', তাহাই প্রমাণিত মোক হইতেছে। তাই, শ্রীগোবিন্দ-ভাষ্যকার প্রমেয়-রত্না-বলী'-গ্রন্থে মধ্বমতের প্রমেয়সমূহ উদ্দেশ করিতে গিয়া 'মোক্ষং বিষণু জিঘু -লাভং'—এইরপ লিখিয়াছেন। 'ভেদ-ব্যপদেশাচ্চ' (ব্রঃ স্থঃ ১।১।১৭)— এই স্থত্রের ব্যাখ্যা করিতে গিয়াও শ্রীমন্মধ্বাচার্য্য 'মুক্তিহিত্বা হি অগ্রথারূপং ্স্থরপেণ ব্যবস্থিতিঃ' (ভাঃ ২।১০।৬) অর্থাৎ 'মায়িক স্থুল-স্ক্রু–রূপদ্ম পরি-ত্যাগ করিয়া শুদ্ধজীবস্থরূপে বা ভগবৎ-পার্ষদরূপে অবস্থানের নামই মুক্তি'—এই ভাগবতীয় বাক্য উদ্ধার করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভূও 'মুক্তি-পদ'-অর্থে 'ক্বফ্ক' এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। যদি 'মুক্তি' জীবপরমাজ্মৈক্য বা নির্ভেদ-জ্ঞানামুসন্ধিৎসামূলা আত্মবিনাশরপ পীড়া হইতে নির্গুক্ত থাকিয়া নিত্যসেবাদ্বারা সেব্য-সেবক-সম্বন্ধ বরণ করিল, তাহা হইলে মুক্তিকে 'বিষ্ণু জিঘু লাভ' বা ভক্তির সহিত সমপর্য্যায়ে গ্রহণ করিতে নিশ্চয়ই কোন বাধা থাকিতে পারে না। শ্রীমন্মধ্বাচার্য্য-কথিত 'মুক্তি' শব্দের তাৎপর্য্য অবগত না হইয়া উহাকে 'বিষণু জিবু লাভ' বা 'ভক্তি' হইতে পৃথক্ জ্ঞান করিলে আভিধানিক বিবাদমূলে মায়াবাদধিকারকারী শুদ্ধহৈতবাদের পরিপন্থী

অফাবিংশ অধ্যায়---শ্রীব্রন্ম-মান্দ-গৌড়ীয়-সম্প্রদায়

হইয়া জড়ভেদবাদকে আলিঙ্গনপূর্বাক শ্রীমন্মহাপ্রভু-কথিত সাধ্যসার-বিজ্ঞানে বিভ্রাস্ত হইয়া পড়িতে হইবে। নিত্য চিদ্বিলাসী বিষ্ণুর সেবায় প্রবেশ-লাভই বথার্থ মুক্তি। তাহা ভক্তি হইতে পৃথক্ নহে।

শ্রীমন্মধ্বমতে সাধ্য—বিষ্ণু জিনু লাভরূপ মুক্তি ও মুক্তগণের মধ্যে ভেদ (ছাঃ ভাঃ ৬অঃ) অর্থাং আনন্দের তারতম্য ('মুক্তাবানন্দো বিশিয়তে'—

েপ্রমন্থজিতেও শুদ্ধ-ধ্বৈত-সিদ্ধান্ত অমুস্ত_্ত মধ্বভাষ্য ৩।৩।৩৩) স্বীকৃত এবং ভজন-তারতম্যে অবস্থিত মুক্তগণের সেবানন্দময়ী পরাকাষ্ঠাবস্থা শ্রীমন্মহাপ্রভুর প্রদত্ত ভজনমুদ্রায় অভিব্যক্ত। যেমন, ক্ষীর হইতে ঘতের শ্রেষ্ঠত্ব আছে বলিয়া 'ঘতে ক্ষীরের

মৌলিকত্ব নাই'—এরপ বিচার নিতান্ত অসিদ্ধ, তদ্রপ শ্রীমন্মধ্বাচার্য্যপ্রতিপাত্য সাধ্য বিষণ্ণ জিবুলাভরপ মুক্তি হইতে শ্রীগৌরস্থলরের প্রচারিত
সাধ্যসার প্রেমার উৎকর্ষ আছে বলিয়া 'শ্রীমন্মহাপ্রভু শ্রীমন্মধ্বসম্প্রদার
স্বীকার করেন নাই'—এরপ যুক্তিও নিতান্ত জড়ভেদমূলা।

সংসারার্ণব-তরণীস্বরূপ স্থথমগ্রধাম শ্রীমদানন্দতীর্থ নিত্যক্বঞ্চদাস জীবকুলকে কেবলাভেদবাদরূপ পীড়া হইতে দূরে রাখিবার জন্ম এবং ওপচারিক ভেদবাদীর ছলনাময়ী ঘূর্গতি হইতে জীবকুলকে সতর্ক করিবার জন্ম তাত্ত্বিক ভেদবাদ বা ভেদভেদের ইন্ধিত শুদ্ধবৈতবাদ প্রচার করিয়া শুদ্ধভেদের প্রাধান্ত প্রদর্শন করিয়াছেন। শ্রীমন্মধ্বমতে ভেদের প্রাধান্ত পরিলক্ষিত

হইলেও অভেদপর শ্রুতির অবমাননা হয় নাই; কেননা, শুদ্ধবৈতবাদে যে অভেদপর শ্রুতির সঙ্গতি পরিদৃষ্ট হয়, তাহাতে প্রকারান্তরে অচিন্ত্য-ভেদাভেদবাদই স্বীকৃত হইয়াছে। শ্রীল শ্রীজীবগোস্বামিচরণ সন্দর্ভে এইরূপ আভাসই প্রদান করিয়াছেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ 'বৈঞ্চবসিদ্ধান্ত-

दिखवाहार्या श्रीमध्व

মালা'য় বলিয়াছেন,—"শ্রীমন্মধাচার্য্য ভেদকে 'নিত্য' বলিয়া স্থাপন করায় অচিন্ত্যভেদাভেদমতই যথার্থ নিশ্চিত হইয়াছে।"

"তত্ত্বমস্তহংব্রন্ধান্দীত্যাদিয়ু জীবস্ত পরেণাভেদঃ প্রতীয়তে। 'নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানাং', 'দ্বা স্থপর্ণা' ইত্যাদিয়ু ভেদঃ। অত উচ্যতে মধ্বভান্তে 'অচিন্তা' ভিন্নোহচিন্তাঃ পরমো জীবসজ্বাৎ পূর্ণঃ পরো, জীব-শব্দ সজ্বোহ্পপূর্ণঃ। * * 'সর্বাং খলিদং ব্রন্ধ' ইতি। ভবিষ্যপুরাণে চ—'ভিন্না জীবাঃ পরো ভিন্নস্তথাপি জ্ঞানরূপতঃ। প্রোচ্যন্তে ব্রন্ধরূপেণ বেদবাদেয়ু সর্ব্বশৃঃ॥' ইতি॥" (মধ্বভাষ্য ২০০২৮-২৯)

'তত্বমিন' (ছাঃ ৬।৮।৭), 'অহং ব্রহ্মান্মি' (রঃ আঃ ১।৪।১০) প্রভৃতি শ্রুতিবাক্যে পরতত্ত্বের সহিত জীবাত্মার অভেদ প্রতীত হয়। আবার 'নিত্যো নিত্যানাং, চেতনশ্চেতনানাং' (কঠ ২।১৩ ও শ্বেঃ ৬।১০), 'বা স্থপর্ণঃ' (মুঃ ৩।১, শ্বেঃ ৪।৬) প্রভৃতি শ্রুতিবাক্য-দারা ভেদ সিদ্ধ হইতেছে। এইপ্রকার বিরুদ্ধ শ্রুতিবাক্যের সমাধান কি প্রকারে হইতে পারে, তন্নিমিন্ত বলিতেছেন,—অচিন্ত্য পরমতত্ব বিষ্ণু জীবসঙ্গ হইতে ভিন্ন। পরমতত্ত্ব—পূর্ণ এবং জীব—অপূর্ণ অর্থাৎ খণ্ডচেতন। অতএব 'সর্বাং খলিদং ব্রহ্ম' (ছাঃ ৩।১৪।১) প্রভৃতি অভেদপ্রতিপাদক শ্রুতি-বাক্যের সমাধান এইপ্রকার বথা, ভবিষ্যপুরাণে উক্ত হইয়াছে,—জীবসকল ভিন্ন, পরতত্ব ভিন্ন; উভয়েই চেতন স্বর্থাৎ জ্ঞানস্বরূপ বলিয়া বেদে সর্ব্যত্তহ্ভয়ের একত্ব বা জীবকে ব্রশ্নস্বরূপে নির্দেশ করা হইয়াছে।

অগ্নিং মাণবকং বদস্তি কবরঃ পূর্ণেন্দ্বিষ্বং মুখং নীলেন্দীবরমীক্ষণং কুচতটং মেরুং করং পল্লবম্। আহার্য্যভ্রমতো ভবেং পুনরিয়ং ভেদেহপ্যভেদা মতিঃ কর্ত্তব্যা গতিরীদৃশী খলু তথা ব্রহ্মাহমন্মি শ্রুতেঃ॥

অফাবিংশ অধ্যায়—-শ্রীব্রন্ধ-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

কবিগণ ব্রাহ্মণবর্টুকে—অগ্নি, বদনমগুলকে—পূর্ণচন্দ্রবিদ্ধা, চক্ষুকে—
নীলপদ্ম, কুচভটকে—মেরু এবং করকে—পল্লব বলিয়া থাকেন; কেননা,
আহার্যান্রম, অর্থাৎ কাল্পনিক লমবশতঃ অগ্নি ও ব্রাহ্মণবর্টুতে ভেদ-সত্ত্বেও
সাদৃশ্র-প্রক্যবোধে প্রথমা ব্যবহৃত হয়, তদ্রপ 'অহং ব্রহ্মান্মি' (বঃ ১।৪।১০)
প্রভৃতি শ্রুতিতেও 'ব্রহ্ম' ও 'অহং'—যে জীব, ইহাদের নিত্যভেদসত্ত্বেও
প্রাদেশিক-সাদৃশ্র-বর্শতঃ অভেদমতি-প্রদর্শনপূর্ব্বক প্রথমার ব্যবহার
হইয়াছে। তাৎপর্য্য এই, ব্রহ্ম ও জীবে নিত্যভেদ আছে। চিজ্জাতিত্বে
প্রক্রাবশতঃ এক প্রদেশে অভেদ থাকায় 'অহং' ও 'ব্রহ্ম'—এই উভয় পদে
প্রথমা বিভক্তির ব্যবহারে দোষ নাই।

একদিকে যেমন শ্রীমন্মধাচার্য্যপাদ ভেদ ও অভেদ উভয় প্রকার শ্রাতিকে নিত্যরূপে (ঔপচারিক ভেদাভেদ-বাদীর ন্থায় ব্যবহারিকরূপে নহে) গ্রহণ ও সম্মান করিয়া প্রকারান্তরে অচিস্ত্যভেদাভেদবাদই স্বীকার করিয়াছেন, অপর্নিকে তেমন সনাতনপুরুষ ভগবান্ শ্রীগোরস্থলর অচিস্ত্যভেদাভেদসিদ্ধান্তমধ্যে নিত্যভেদবাদেরই প্রাবল্য প্রদর্শন করিয়া মধ্বমতকেই অঙ্গীকারপূর্ব্বক উহাকে সম্পূর্ণ বৈজ্ঞানিক আকার প্রদান করিয়াছেন। শ্রীমন্মধ্বাচার্য্যের উদ্ধৃত 'ব্রহ্মতর্কে'র বাক্যে "অচিস্ত্য" ও "ভেদাভেদ" শব্দের প্রয়োগ ও ঐ সিদ্ধান্তের ইঙ্গিত পাওয়া যায়—

অবয়ব্যবয়বানাং চ গুণানাং গুণিনস্তথা।
শক্তিশক্তিমতোইশ্চব ক্রিয়ায়াস্তদ্বতস্তথা॥
স্বরূপাংশাংশিনোশ্চব নিত্যাভেদো জনার্দনে।
জীবস্বরূপেয়ু তথা তথৈব প্রকৃতাবপি॥
চিদ্রূপায়ামতোহনংশা অগুণা অক্রিয়া ইতি।
হীনা অবয়বৈশ্চেতি কথ্যন্তে তুত্বভেদতঃ॥

শ্রীমধ্বধৃত 'ব্রহ্মতর্ক'-বাক্যে অচিপ্তা-ভেদাভেদের ইঞ্চিত পৃথগ্ঞণাদ্যভাবাচ্চ নিত্যথাহ্নভয়োরপি।
বিষ্ণোরচিন্ত্যশক্তেশ্চ সর্বাং সম্ভবতি ধ্রুবম্ ॥
ক্রিয়াদেরপি নিত্যথং ব্যক্তাব্যক্তিবিশেষণম্।
ভাবাভাববিশেষেণ ব্যবহারশ্চ তাদৃশঃ ॥
বিশেষস্থা বিশিষ্টস্থাপ্যভেদস্তদ্বদেব তু।
সর্বাং চাচিন্ত্যশক্তিত্বাদ্ যুজ্যতে পরমেশ্বরে॥
তচ্চক্ত্যৈব তু জীবেষু চিদ্রপপ্রক্রতাবপি।
ভেদাভেদৌ তদন্তত্র হ্যভয়োরপি দর্শনাং॥
কার্য্যকারণয়োশ্চাপি নিমিত্তং কারণং বিনা। ইতি
রেক্সতর্কে)

—জনার্দনে অবয়বী ও অবয়বসম্হ, গুণী ও গুণসম্হ, শৃক্তিমান্ ও শক্তি, ক্রিয়াবান্ ও ক্রিয়া এবং অংশী ও স্বরূপাংশ—ইহাদের পরস্পর নিত্য অভেদ বর্ত্তমান। জীবস্বরূপসমূহ এবং চিদ্রূপা প্রকৃতিতেও (ঐ সকল বিষয়ে) ঐরূপ অভেদ রহিয়াছে। অতএব অভেদহেতু (অংশপ্রভৃতির সহিত অংশিপ্রভৃতির অভেদহেতু), গুণাদির পৃথক্ অবস্থানের (গুণিপ্রভৃতি হইতে গুণপ্রভৃতির পৃথক্ অবস্থানের) অভাবহেতু এবং অংশিপ্রভৃতি ও অংশপ্রভৃতি—এই উভয়ের নিত্যগ্রহেতু তাহারা (অংশিপ্রভৃতি) অনংশ, অগুণ, অক্রিয় ও অবয়বহীনরূপে কথিত হয়। আর বিষ্ণুর অচিস্তাশক্তিত্ব-নিবন্ধন এই সমস্তই সন্তব । ক্রিয়াদির্ধ নিত্যত্ব, প্রকাশ ও অপ্রকাশভেদ, অস্তিত্ব ও অনস্তিত্বরূপে ব্যবহার এবং বিশেষ ও বিশিষ্টের অভেদও তদ্রূপেই সিদ্ধ হয়। অচিস্তাশক্তিত্ব-নিবন্ধন পরমেশ্বরে সমস্তই সন্তব। আর তাহার শক্তিহেতুই জীবসমূহে ও চিদ্রূপা প্রকৃতিতেও (তল্বিবয়য়গত) ভেদ ও অভেদ যুগপৎ বর্ত্তমান ;

অফাবিংশ অধ্যায়--- শ্রীব্রন্স-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

যেহেতু অগ্যত্র (তত্তদ্বিষয়ে) ভেদ ও অভেদ—উভয়ই দৃষ্ট হয়। নিমিত্তকারণব্যতীত কার্য্য ও কারণের মধ্যেও এইরূপ ভেদাভেদ জ্ঞাতব্য।

শ্রীমন্মধ্ব-মতে কনিষ্ঠাধিকারী সাধকের পক্ষে প্রথমমুখে রুফ্ণকর্মার্পণের কথা স্বীরুত হইলেও 'ভগবৎ-পরম-প্রসাদ-সাধনা' পরমা ভক্তিই প্রধান সাধনরূপে স্থাপিত হইয়াছে। সর্ব্বত্রই অনর্থযুক্তাবস্থায় সাধকরে পরমা ভক্তিই সাধকের সাধনক্রিয়া রুক্ষকর্মার্পণচেষ্ঠা ব্যতীত আর ক্রিয়া স্থল-লিঙ্গদেহে আবদ্ধ থাকে। দেহধর্মাসক্ত ফলভোগাকাজ্জিজীবগণ

করিয়া স্থুল-লিঙ্গদেহে আবদ্ধ থাকে। দেহধর্মাসক্ত ফলভোগাকাজ্জিজীবগণ
—'কন্মী'; তাহাদিগকে ভগবত্বমুথ করিতে হইলে প্রথমমুথে কৃষ্ণকর্মার্পণব্যতীত আর উপায় নাই। এইজন্মই শ্রীভক্তিরসামৃতসিন্ধ-রচয়িতা অভিধেয়াচার্য্য শ্রীল রূপগোস্বামী প্রভু পঞ্চরাত্রবাক্য উদ্ধার করিয়া বলিয়াছেন,—

"লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে মূনে। হরিসেবান্তকুলৈব সা কার্য্যা ভক্তিমিচ্ছতা॥"

(ভঃ রঃ সিঃ পূঃ বিঃ ২।৯৩ শ্লোক-ধৃত নারদপঞ্চরাত্রবাক্য)

''স্থরর্ষে বিহিতা শাস্ত্রে হরিমুদ্দিশু যা ক্রিয়া।

সৈব ভক্তিরিতি প্রোক্তা যয়া ভক্তিঃ পরা ভবেৎ ॥" ইতি॥

(ভ॰ রঃ সিঃ পূঃ বিঃ ২৮ শ্লোকধৃত পঞ্চরাত্রবাক্য)

শ্রীমন্মধ্বাচার্য্যপাদ শ্রবণ-কীর্ত্তন-লক্ষণা অপরোক্ষ-জ্ঞান-সাধনা ভক্তিকেই সাধন বলিয়াছেন, যথা শ্রীমধ্বভাষ্যে—

> "আ-ব্রন্ধ-পর্যান্তমসারঞ্চাপ্যনিত্যকম্। বিজ্ঞায় জাতবৈরাগ্যো বিষ্ণুপাদৈকসংশ্রয়ঃ। স উত্তমোহধিকারী স্থাৎ সংস্তম্ভাথিলকর্মবান্॥" ('স্ত্রভাষ্য ১।১।১')

"পরীক্ষ্য লোকান্ কর্মচিতান্ ব্রাহ্মণে। নির্বেদমায়াৎ", "নাস্ত্যক্ষতঃ ক্রতেন'', "তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং প্রবণ-কার্ত্তন-লক্ষণা ব্রহ্মনিষ্ঠম্'', "যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্তৈষ আত্মা ভক্তিই যে সাধন, বিবৃণুতে তমং স্বাম্'', "যক্ত দেবে পরা ভক্তির্যথা তদ্বিরয়ে দেবে তথা গুরৌ। তল্তৈতে কথিতা হুর্থাঃ প্রকাশস্তে প্রমাণ মহাস্থানঃ ॥'' ইত্যাদি শ্রুতিভাগ্দ । ব্যাস-সংহিতায়াঞ্চ—"অস্ত্যজা অপি যে ভক্তা নামজ্ঞানাধিকারিণঃ । স্ত্রী-শৃত্তদ্বিজবন্ধূনাং তত্বজ্ঞানেহধিকারিতা ॥ একদেশে পরোক্তে তু ন তু গ্রন্থপুরঃসরে । ব্রৈবর্ণিকানাং বেদোক্তে সম্যুগ্ ভক্তিমতাং হরৌ ॥'' * * যতো নারায়ণ-প্রসাদমৃতে ন মোক্ষঃ * * "তমেব বিদিন্বাতিমৃত্যুমেতি নান্তঃ পন্থা বিগতে অয়নায় ।" (স্ব্রভাষ্য ১।১।১)

"বারাহে চ—গুরুপ্রসাদো বলবান্ন তস্মাদ্বলবত্তরম্। তথাপি শ্রবণাদিশ্চ কর্ত্তব্যোমোক্ষসিদ্ধয়ে।" (৩।৩।৪৫

"কর্মণা বধ্যতে জন্তুর্বিছয়া চ বিমূচ্যতে। তত্মাৎ কর্ম ন কুর্বস্তি যতয়ঃ পারদর্শিনঃ॥" (৩।৩।৫০)

"ভক্তির্বিষ্ণে গুরৌ চৈব গুরোনিত্যপ্রসন্নতাম্। দ্যাচ্ছমদ্মাদিশ্চ তেন চৈতে গুণাঃ পুনঃ। তৈঃ সর্ব্বৈর্দ্দর্শনং বিষ্ণোঃ শ্রবণাদিক্বতং ভবেং॥ ইতি চ নারায়ণ-তন্ত্রে।" (৩)৩)৫১)

"ভক্তিরেবৈনং নয়তি ভক্তিরেবৈনং দর্শয়তি ভক্তিবশঃ পুরুষো ভক্তিরেব ভূয়সী ইতি মাঠরশ্রুতঃ।" (৩।৩)৫৩)

শারাবৈভবে চ—ভক্তিস্থঃ পরমো বিষ্ণুস্তথৈবৈনাং বশে নয়েৎ। তথৈব দর্শনং যাতঃ প্রদন্তান্মক্তিমেতয়া। স্নেহামুবন্ধো যস্তন্মিন্ বহুমান-পুরঃসরঃ। ভক্তিরিত্যুচ্যতে সৈব কারণং পরমীশিতুঃ।" (তাতা৫৪)

অফাবিংশ অধ্যায়—শ্রীব্রহ্ম-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

অশ্বৎ-সম্প্রদায়ের বেদাস্তাচার্য্যাগ্রণী শ্রীল শ্রীজীবগোস্বামিপ্রভু 'সন্দর্ভ' ও 'সম্বাদিনী'তে শ্রীমন্মধ্বাচার্য্যপাদ-বিরচিত 'শ্রীমহাভারত-তাৎপর্য্য' নামক যে গ্রন্থ হইতে বহু-বাক্য উদ্ধার করিয়াছিলেন, সেই গ্রন্থরাজেও শ্রীমন্মধ্বপাদ উপক্রম, উপসংহার ও অভ্যাস গ্লোকে 'ভক্তি'ই একমাত্র সাধন বলিয়া কীর্ত্তন করিয়াছেন, যথা—

"তৎপ্রীত্যৈব চ মোক্ষঃ প্রাপ্যতে নৈব নান্তেন।"

"মেহো ভক্তিরিতি প্রোক্তস্তয়া মুক্তির্ন চান্তথা।"

"ভক্ত্যর্থান্তথিলান্তেব ভক্তিমে কািয় কেবলা।

মুক্তানামপি ভক্তিহি নিত্যানন্দস্বরূপিণী॥

জ্ঞানপূর্বাঃ পরমেহো নিত্যো ভক্তিরিতীর্য্যতে।

ইত্যাদি বেদবচনং সাধন-প্রবিধায়কম্॥

নিঃশেষ-ধর্ম-কর্তাপ্যভক্তস্ত নরকে হরে।

সদা তিষ্ঠতি ভক্তশ্চেদ্ স্মহাহপি বিমুচ্যতে॥

ধর্ম্মো ভবত্যধর্মোহপি কতাে ভক্তেস্তবাচ্যুত।

পাপং ভবতি ধর্মোহপি যাে ন ভক্তেঃ কতাে হরে॥"

(মঃ ডাঃ তাঃ নিঃ ১।১০৫-১০৯)

- "অপরোক্ষ-দৃশের্হেতুমু ক্তিহেতুক্ষ সা পুনঃ।
 সৈবানন্দ-স্বরূপেণ নিত্য। মুক্তেয়ু তিষ্ঠতি॥
- যথা শৌক্লাদিকং রূপং গোর্ভবত্যেব সর্বাদ।
 স্থজ্ঞানাদিকং রূপমেবং ভক্তেন চান্তথা।
 ভক্ত্যৈব তুষ্টিমভ্যেতি বিষ্ণুর্নান্তেন কেনচিং।
 স এব মুক্তিদাতা চ ভক্তিস্তাত্রৈব কারণম্।"
 (মঃ ভাঃ তাঃ নিঃ ১।১১৬-১১৮)

[২৬৫]

. दिखवाठायां श्रीमध्व

"ভক্তৈয়ব তুষ্যতি হরিঃ প্রবণম্বমেব।"

(মঃ ভাঃ তাঃ নিঃ ২া৫৯)

পূর্বাচার্য্য পূর্ণপ্রজ্ঞ শ্রীমন্মধ্বপাদ যখন 'ভক্তি-ব্যাতীত সাধ্য-মুক্তি-লাভের অন্ত উপায় নাই'—ইহা পুনঃ পুনঃ শাস্ত্রবচন উদ্ধারপূর্বক প্রতিপাদন করিয়াছেন, তখন উপেয় বা সাধ্য-লাভের উপায় বা শ্রীমধ্বকর্ত্ব ওম্বজ্ঞানামু- সাধনরূপে যে 'ভক্তি'ই তৎকর্ত্ব স্বীকৃত হইয়াছে, কুল কর্মকে সামাশ্র-এবিষয়ে কোন সন্দেহই থাকিতে পারে না। ভক্তির ভাবে স্বীকার অধীন অর্থাৎ ভগবৎসেবা বা শুদ্ধভগবজ-জ্ঞানামুকূল কর্মাকে শ্রীমধ্বাচার্য্য সামাগ্রভাবে স্বীকার করিলেও 'ওঁ সহকারিত্বেন চ ওঁ' —এই (৩।৪।৩৩) স্থত্রের ভাষ্যে শাস্ত্রনিন্দ্য কর্ম্মের সহিত ভগবং সেবারুকূল কর্ম্মের পার্থক্য প্রদর্শন করিয়াছেন। উক্ত স্ত্রভাষ্যে আচার্য্য বিথিয়াছেন,—"যথা রাজ্ঞঃ সহকার্য্যে মন্ত্রী তথা ঋতেহত্র ক্ষিতিপঃ কার্য্যমুচ্ছেৎ। এবং জ্ঞানং কর্ম বিনাপি। কার্য্যং সহায়ভূতং ন বিচারঃ কুতশ্চিদিতি কমঠশ্রুতৌ সহকারিকোক্তেশ্চ।" তাৎপর্য্য এই যে, যেরূপ রাজার কর্মাসচিবরূপে মন্ত্রী বর্ত্তমান থাকেন, কিন্তু রাজা মন্ত্রী ব্যতীতও স্বরং কার্য্য-সম্পাদনে সমর্থ, সেইরূপ জ্ঞানও কর্ম-ব্যতীত মোক্ষ-প্রদানে সমর্গ হইলেও কোনও কোনও স্থানে তাঁহার কর্ম্মসচিবত্ব স্বীকৃত হইয়াছে।

শ্রীমন্মধ্বপাদের উপরি-উক্ত সিদ্ধান্তটি উত্তমরূপে বিচার শ্রাক্ষী
করিলে স্পষ্টরূপে প্রতীয়মান হয় যে, তিনি কর্মকে

মুখ্যরূপে মুক্তির উপায় বা সাধন বলিয়া স্বীকার করেন নাই; পরস্ত ভক্তিকেই সমাজীর আসন প্রদানপূর্ব্ধক কর্মকে মন্ত্রী অর্থাৎ গৌণকর্ম্মনির্বাহকের আসনে স্থাপনানন্তর কর্মের মুখ্য অভিধেয়ত্ব নিরাস করিয়া সিদ্ধান্ত স্কুপষ্ট করিয়াছেন। শ্রীমন্মহাপ্রভু বা শ্রীভাগবত-

অফাবিংশ অধ্যায় — শ্রীব্রহ্ম-মাধ্ব-গৌড়ায়-সম্প্রদায়

সিদ্ধান্তের সহিত এই মতের কোন বিরোধ নাই। তবে যে, শ্রীমন্মহাপ্রভু চরিতামৃতের মধ্য ৯ম অধ্যায়ে "কর্ম্মনিন্দা, কর্ম্মত্যাগ সর্বশান্তে কহে"— শ্রীচৈত্মদের ছরিদেবামু- এইরূপ বাক্য বলিয়াছেন, তাহার তাৎপর্য্য অন্তরূপ। 'কর্ম' শব্দে ফল-কামনা-মূলা আত্মেন্দ্রিয়-তর্পণরূপা কুল কৰ্মনিলক চেষ্টা: তাদৃশ চেষ্টা-বিশিষ্ট ব্যক্তিগণ বিষ্ণুর উদ্দেশে नरङ्ग যে যাগযজ্ঞাদি বিধান করিয়া থাকেন, তাহা বিশুদ্ধ কর্ম্ম; স্থতরাং তাহা কথন গৌণরূপেও ভক্তিসচিব হইতে পারে না। কিন্তু যে কর্ম্ম ধর্ম্মের * উদ্দেশে ক্লত হয় এবং যে ধর্মা বিরাগের নিমিত্ত অনুষ্ঠিত হয় ও যে বিরাগ ভগবৎপাদপদ্ম-সেবার জন্মই হইয়া থাকে, তাহা গৌণরূপে অভিধেয় হইতে পারে; কেন না, তাদুশ কর্ম জীবকে ফলোৎপাদনরূপ অর্থশৃঙ্খলে জড়িত না করিয়া কর্মাবন্ধন হইতে মুক্ত ও পরমার্থের উদ্দেশ করিয়া থাকে। যথা, আমায়সূত্রে—"যত্র ধর্মায় কর্ম বিরাগায় ধর্মশিচদ্রসায় বিরাগস্তত্র গৌণরূপেণ কর্ম্মেবাভিধেয়ম্ ॥'' এই ভক্তিই উন্নতাধিকারে একটি নৃতন আকার ধারণ করে, তাহাই শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধভক্তি। ভক্তিই যে, একমাত্র সাধন, ইহা শ্রীমধ্বাচার্য্য-সম্প্রদায়ে সংক্ষিপ্ত-মধ্বমত-প্রকাশক একটি শ্লোকেও পঠিত হইয়া থাকে, যথা—"অমলা ভক্তিশ্চ তৎসাধনং ।

এই স্থানে সন্দেহ হইতে পারে যে, যদি এইরপই সিদ্ধান্ত হইবে, তাহা হইলে শ্রীমন্মহাপ্রভু উড়্পী-ক্ষেত্রে তদানীস্তন তত্ত্বাদী আচার্য্যকে এইরপ বলিলেন কেন ?

"মুক্তি, কর্ম—ছই বস্তু ত্যজে ভক্তগণ। সেই ছুই স্থাপ' তুমি সাধ্য-সাধন॥"

(চৈঃ চঃ ম ৯।২৭১)

তদানীস্তন তত্ত্বাদী আচার্য্য রঘুবর্য্যতীর্থের বা তদমুগত শিষ্যবর্গের কিম্বা শ্রীমন্মধ্বাচার্য্যের পরবর্ত্তী তত্ত্ববাদিগণের মতকে শ্রীমন্মধ্বাচার্য্যপাদের

পরবর্ত্তি-ভত্তবাদিগণের মতবাদ-খণ্ডন মধ্ব-মত-খণ্ডন নহে প্রকৃত মত বা সিদ্ধান্ত বলিয়া স্থাপন করা থাইতে পারে না। পরবর্ত্তী অমুগতক্রব ব্যক্তিগণ যদি তাঁহাদের পূর্ব্বমূলাচার্য্যের প্রবর্ত্তিত ও প্রচারিত সিদ্ধান্ত হইতে বিচ্যুত হন, ভাহা হইলে পরবর্ত্তী বিকৃত মতকেই

মূল গুরুর সিদ্ধান্ত বলিয়া স্থাপন করা কোন প্রকারেই যুক্তি বা ন্থায়-সঙ্গত নহে। 'আউল,' 'বাউল,' 'প্রাক্তসহজিয়া' প্রভৃতি ব্যক্তিগণ শ্রীমন্মহাপ্রভুর অধস্তন, অনুগত ও গৌড়ীয়-বৈষণ্ডব-সম্প্রদায়ের অধীন বলিয়া পরিচয় দিয়া থাকে; কিন্তু তাই বলিয়া তাহাদের বিক্রত মত বা অপসিদ্ধান্তকে শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত বিশুদ্ধ সিদ্ধান্ত বলা যাইতে পারে না। কিংবা কোন আচার্য্য যদি জগতে উদিত হইয়া মহাপ্রভুর

প্রাকৃতসহজিয়াদির মতপণ্ডন শ্রীচৈতস্য-মত পণ্ডন নহে অমুগতক্রব আউল, বাউল, স্থীভেকী, প্রাক্বত-সহজিয়া, গৌরনাগরী, জাতি-গোস্বামী প্রভৃতির বিক্বত মত খণ্ডন করেন, তাহা হইলে উক্ত আচার্য্য মহাপ্রভুর বা গোস্বামিগণের মত খণ্ডন করিয়াছেন,

এরপ অবৌক্তিক বিচার স্থা-সমাজে কিছুতেই গৃহীত হইতে পারে না।
"তত্ত্বাদিগণের মত বা রঘুবর্য্যতীর্থের সিদ্ধান্তিত ব্যক্তিগত মত শ্রীমন্মহাপ্রভু শাস্ত্র-যুক্তিদ্বারা খণ্ডন করিয়াছিলেন বলিয়া তিনি সাত্তত্ত্বসম্প্রদায়চত্ত্বরের অগ্রতম পূর্ব্বাচার্য্য শ্রীমন্মধ্বের প্রবর্ত্তিত শ্রোতমত খণ্ডন
করিয়াছেন, অতএব শ্রীমন্মহাপ্রভু কখনও শ্রীমন্মধ্ব-সম্প্রদায় স্বীকার
করেন নাই"—এরপ যুক্তি নিতান্ত বালভাবিত। শ্রীমন্মধ্বাচার্য্যের প্রকৃত
মত হইতে পরবর্ত্তী তত্ত্ববাদিগণের মত অনেক পার্থক্য লাভ করিয়াছে।

অফাবিংশ অধ্যায়—জীব্রহ্ম-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়

তাহা শ্রীমন্মধ্বপাদের লেখনী এবং আধুনিক তত্ত্বাদিগণের আচার-প্রচার ও লেখনী আলোচনা করিলেই বেশ বুঝা যায়।

় কেহ কেহ বলেন যে, শ্রীমন্যধ্বমতে শ্রীমহাভারতই একমাত্র 'প্রমাণ' বা 'শাস্ত্র' বলিয়া গৃহীত, কিন্তু শ্রীচৈতন্তদেবের মতে শ্রীমন্তাগবতই একমাত্র শ্রীমধ্বমতে কি মহা- অমল-প্রমাণ। "শ্রীমন্মহাভারত-তাৎপর্য্য" নামক ভারতই মূলপ্রমাণ, স্বরচিত গ্রন্থেও শ্রীমন্মধ্বাচার্য্যপাদ শ্রীমহাভারতকে ভাগবত নহে? একমাত্র শাস্ত্র-রূপে গণনা না করিয়া শ্রুতি, স্মৃতি, সাত্বত পুরাণ ও পঞ্চরাত্রকেও প্রমাণ বা শাস্ত্র-মধে। গণনা করিয়াছেন, যথা,—

"ঋগাদয়শ্চ চন্ধারঃ পঞ্চরাত্রঞ্চ ভারতম্। মূলরামায়ণং ব্রহ্মস্ত্রং মানং স্বতঃশ্বতম্॥" (মঃ ভাঃ তাঃ মিঃ ১।৩০-৩২)

প্নরার শ্রীগীতাভাষ্যে—"পঞ্চরাত্রং ভারতঞ্চ মূলরামায়ণং তথা। পুরাণং ভাগবতং চ বিষ্ণু র্বেদ ইতীরিতঃ। অতঃ শৈবপুরাণানি যোজ্যান্ত-ন্তাবিরোধতঃ।" (গীঃ ভাঃ ২য় অঃ)

পুনরায় ব্রহ্মস্ত্রভাষ্যে (১।১।০),—"ঋগ্যজুংসামাথর্কাশ্চ ভারতং গঞ্চরাত্রকম্। মূলরামায়ণঞ্চৈব শাস্ত্রমিত্যভিধীয়তে। যচ্চামুক্লমেত্রস্থ তক্ত শাস্ত্রং প্রকীর্ত্তিত্রম্। অতোহত্যো গ্রন্থবিস্তারা নৈব শাস্ত্রং কুবত্ম তেং॥— ইতি স্থান্দে। সাংখ্যং যোগঃ পাশুপতং বেদারণ্যকমেব চ ইত্যারভ্য বেদপঞ্চরাত্রয়োরৈক্যাভিপ্রায়েণ পঞ্চরাত্রস্তৈব প্রামাণ্যমুক্ত-মিতরেষাং চ ভিরমতত্বং প্রদর্শ্য মোক্ষধর্ম্মেস্থপি।"

শ্রীমন্মধ্বাচার্য্য শ্রীমন্তাগবতকে ব্রহ্মস্ত্র, মহাভারত, গায়ত্রী ও বেদের অর্থনির্ণায়ক গ্রন্থ বলিয়া উক্তি করিয়াছেন, যথা শ্রীভাগবত-তাৎপর্য্যে—

ব্রহ্ম-মহাভারত-গায়ত্রী-বেদসম্বন্ধশ্চায়ং গ্রন্থঃ। উক্তঞ্চ গারুড়ে—

"অর্থোহয়ং ব্রহ্মস্থ্রাণাং ভারতার্থ-বিনির্ণয়ঃ। গায়ত্রীভাষারূপোহসৌ বেদার্থপরিবৃংহিতঃ॥ পুরাণানাং সাররূপঃ সাক্ষান্তগবতোদিতঃ। দ্বাদশস্কর-সংযুক্তঃ শতবিচ্ছেদ-সংযুক্তঃ॥ গ্রন্থোহস্তাদশ-সাহস্রঃ শ্রীমন্তাগবতাভিধঃ॥" ইতি।

—এই গ্রন্থ (শ্রীমন্তাগবত) বিষ্ণু, মহাভারত, গায়ত্রী ও বেদ-সম্বন্ধীয়।
শ্রীগরুড় পুরাণে উক্ত হইয়াছে—এই শ্রীমন্তাগবত ব্রহ্মস্ত্র বা বেদাস্তের
অর্থ-স্বরূপ, মহাভারতের তাৎপর্য্যনির্ণায়ক, গায়ত্রীর ভাষ্য এবং বেদার্থপরিপুষ্ট। ইনি পুরাণশ্রেষ্ঠ এবং সাক্ষাদ্ ভগবৎক্থিত। দ্বাদশস্বন্ধসংযুক্ত,
শত শত অধ্যায়-সমন্বিত ও অষ্টাদশসহন্র শ্লোকযুক্ত এই গ্রন্থ শ্রীমন্তাগবত
নামে অভিহিত।

শ্রীব্যাস-শিষ্য মধ্বাচাষ্য ব্যাসবাক্য উদ্ধার পূর্ব্বক শ্রীমন্তাগবত যে বেদার্থপরিবৃংহিত, মহাভারতের অর্থনির্ণায়ক প্রমাণ-শিরোমণি গ্রন্থ, তাহা স্থীয় বাক্যেই স্থীকার করিয়াছেন। স্কৃতরাং 'মধ্ব ও গৌড়ীয়মতে শান্ত্র-প্রমাণ-সম্বন্ধে পরম্পর ভেদ'—এইরপ করানা মধ্ব-সম্প্রদায়-বৈভব-বিজ্ঞানে সম্পূর্ণ অনভিজ্ঞতার পরিচায়ক। শ্রীমন্মধ্বপাদ শ্রীমন্তাগবতকে অমল প্রমাণরপে স্থীকার করিয়াছেন, ইহা 'শ্রীভাগবত-তাৎপর্য্য' আলোচনা করিলে স্পষ্টই উপলব্ধির বিষয় হয়। শ্রীমন্মধ্ব ব্রন্ধস্থত্রভাষ্য, উপনিষ্ট্রাষ্য, গ্রীতাভাষ্য প্রভৃতি বিভিন্ন ভাষ্যে প্রচ্র পরিমাণে শ্রীমন্তাগবতের বচনকে প্রমাণরপে গ্রহণ করিয়াছেন। ইতিপূর্ব্বে অন্ত কোন আচার্য্যকে শ্রীভাগবত-বচন-দ্বারা 'বেদাস্তস্ত্র্ব' বা শ্রুতির ব্যাখ্যা করিতে দেখা যায় নাই।

অফাবিংশ-অধ্যায়—জীব্রহ্ম-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

কেহ কেহ বলেন, শ্রীমধ্বাচার্য্য দ্বারকাধীশকেই তাঁহার উপাশুরূপে স্বীকার করিয়াছেন, তিনি নন্দনন্দনকে ইপ্তপদে বরণ করেন নাই।

- শ্রীমন্মধ্বশিষ্য কবিকুলতিলক ত্রিবিক্রম-পণ্ডিতাচার্য্য-পুত্র শ্রীমন্মধ্বশিষ্য কবিকুলতিলক ত্রিবিক্রম-পণ্ডিতাচার্য্য-পুত্র শ্রীমন্মধ্বতিজ্ঞ কি শ্রীনারায়ণ পণ্ডিতাচার্য্যের বিরচিত "স্কমধ্ববিজ্ঞ ক'' মহাকাব্যের নবম সর্গে (৪১-৪৩শ) শ্লোক পাঠে মহাকাব্যের নবম সর্গে (৪১-৪৩শ) শ্লোক পাঠে অবগত হওয়া যায় যে, শ্রীমন্মধ্বাচার্য্য 'নন্দনন্দন'কৈই স্বীয় ইপ্তরূপে বরণ করিয়া স্বীয় আরাধ্য বালক্লম্ব-নন্দনন্দন-শ্রীমৃত্তি উদ্ভূপী

গোপিকা-প্রণয়িনঃ শ্রিয়:পতেরাক্বতিং দশমতিঃ শিলাময়ীম্। শিষ্যকৈস্ত্রিচতুরৈজ লাশয়ে শোধয়রিহ ততো ব্যগাহয়ৎ॥

মন্দহাস-মৃতস্কুন্দরাননং . নন্দনন্দনমতীন্দ্রিয়াক্বতিম্। স্থুনরং স ইহ সন্ন্যধাপয়দ্বন্যমাক্বতি-শুচি-প্রতিষ্ঠয়া॥

গ্রামস্থ স্বীয় মঠে স্থাপন করেন,—

বৃহৎ গোপীচন্দন-খণ্ড হইতে যে স্থাননন অতীন্ত্রিয়াকৃতি নন্দনন্দন বালকৃষ্ণমূর্ত্তি প্রকটিত হইয়াছিলেন, সেই শ্রীমূর্ত্তির একহন্তে একটি দিখি-মছন-দণ্ড, অপর হস্তে মছন-রজ্জ্ব, স্থতরাং এই শ্রীমূর্ত্তি 'নন্দনন্দন' ব্যতীত অপর কেহই নহেন। শ্রীকৃষ্ণমূর্ত্তি লাভ করিয়া শ্রীমন্মধ্বাচার্য্য বাদশ স্থোত্রের অবশিষ্ট সপ্ত অধ্যায়ের রচনা সেই দিনেই সমাপ্ত করেন। বালকৃষ্ণ শ্রীমূর্ত্তি প্রাপ্ত হইবার পর তাঁহার দ্বাদশ-স্থোত্রের ষষ্ঠ অধ্যায় হইতে রচনা আরম্ভ হয়, সেই ষষ্ঠ অধ্যায়ের প্রারম্ভে তিনি তাঁহার ইটদেবের স্থাবে বলিতেছেন,—

* দেবকীনন্দন! নন্দকুমার! বৃন্দাবনাঞ্চন! গোকুলচক্র! কন্দ-ফলাশন! স্থন্দররূপ! নন্দিত-গোকুল-বন্দিত-পাদ॥

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

অর্থাৎ হে যশোদানন্দন! (যশোদাহিপি দেবকীত্যুচ্যতে,—দ্বে নামী নন্দভার্য্যায়া যশোদা দেবকীতি চ ইত্যাদিপুরাণ-বচনাৎ—"দেবকী" শন্দে যশোদাকেও বুঝায়। আদিপুরাণবচন হইতে জানা যায় যে, নন্দ-পত্মীর 'যশোদা' ও 'দেবকী'—এই ছইটি নাম; অতএব 'দেবকী-নন্দন' শন্দে এই স্থানে 'যশোদানন্দন') হে নন্দস্কত! (অথবা যাঁহার জানন্দ-দ্বারা 'মারঃ অর্থাৎ মন্মথ কুৎসিৎ হইয়াছে অর্থাৎ যিনি মন্মথ-মন্মথ), হে বুন্দারণ্যে বিচরণশীল! হে কন্দফলভোজিন্! (অর্থাৎ বনবিহারী, ফলফুলকিশল্যই যাঁহার সম্পত্তি) হে গোকুলচক্রমা! হে স্থন্দরমূর্তে! হে নন্দিত-গোকুল-বন্দিতপাদ! (অর্থাৎ বাহার দ্বারা ব্রজবাসিগণ নন্দিত অর্থাৎ তুষ্টাকৃত হইয়াছেন এবং ব্রজবাসিগণকর্ভ্ক যাঁহার পদযুগল সেবিত হইয়াছেন, সেই ব্রজের ছলাল জ্রীকৃষ্ণ)। এই সকল প্রমাণ হইতে জানা যায় ক্রীমন্মধ্বাচার্য্যপাদের উপাস্থ—'নন্দনন্দন'।*

আর যদি 'দ্বারকাপতি'ই শ্রীমধ্বের 'ইট্ট' হ'ন, তাহা হইলেও বা আপত্তির কথা কি ? কারণ, 'নন্দনন্দন' শ্রীক্ষণ্ডে ও 'দ্বারকাপতি' শ্রীক্ষণ্ডে তত্ত্বগত কোন ভেদ নাই, কেবল রসোৎকর্ষ ও দ্বারকাপতি ও লীলাগত তারতম্যমাত্র বর্ত্তমান। শ্রীব্রহ্মস্থত্তভাষ্যে প্রজ্ঞানন্দন শ্রীমন্মধ্বপাদ বিচার করিয়াছেন যে, বিষ্ণৃতত্ত্বে ভেদজ্ঞান মহাপরাধের সেতু। পরমেশ্বর-বিষ্ণু সর্ব্বত্রই একরূপ; ঐশ্বর্য্যহেতু তাঁহার একরূপই সর্ব্বত্র স্থা্রের স্থায় বছধ। প্রতিভাত, যথা—''একরূপঃ পরো বিষ্ণুঃ সর্ব্বত্রাপি ন সংশয়ঃ। ঐশ্বর্য্যজ্ঞপমেকঞ্চ স্থ্যবদ্ বছধেয়ত ইতি মাৎস্থে। প্রতিদৃশমিব নৈকধার্কমেকং সমধিগতোহিন্ম বিধৃতভেদমোহ ইতি চ ভাগবতে।'' (স্ব্রভাষ্য তাহা১১)

* সামুবাদ 'বাদশভোত্র' পরিশিষ্টে দ্রন্তব্য ।

অফাবিংশ-অধ্যায় — শ্রীব্রহ্ম-মাধ্ব-গোড়ীয়-সম্প্রদায়

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভূপাদ উড়্পীতে
শুভবিজয় করিবার পর শ্রীধামবৃন্দাবনের শ্রীরাধারমণ-ঘেরার পণ্ডিতবর শ্রীযুক্ত
উড়্পীর অষ্টমঠান্টান- মধুস্থদন গোস্বামী মহাশয়কে যে একখানি পত্র
গণের ভন্তন- লিখিয়াছিলেন, তাহা হইতে উড়্পীতে এখনও যে,
প্রণালী অষ্টমঠাধিপতি সন্ন্যাসিগণ শ্রীক্রফের অষ্ট নায়িকার
অন্তসরণে ভজন করিয়া থাকেন, তাহার প্রমাণ পাওয়া যায়। এতৎপ্রসঙ্গে
শ্রীল প্রভূপাদ লিখিতেছেন,—

• "অষ্ট্রমঠাধিপতি একদণ্ডী যতিগণ অনেকেই গোপীবেশে ভজন করিয়া থাকেন, তাহার একথানি চিত্রও সংগ্রহ করিয়াছি। * * * আধুনিক যে সথীভেকী প্রথা প্রবিত্তিত হইয়াছে, সেইরূপ কল্পিত পথ অষ্ট্রমঠাধিপগণ গ্রহণ করেন নাই। তাঁহাদের প্রত্যেকের হস্তে একদণ্ড বর্তুমান এবং তাঁহারা কৌপীন-বহির্কাসযুক্ত।"

('জীল প্রভূপাদের পত্রাবলী' ১ম খণ্ড, ৪০ পৃঃ)

শ্রীমধ্বাচার্য্যের চরিত্র-লেথক মিঃ সি, এম্, পদ্মনাভাচারী এতৎপ্রসঙ্গে যাহা লিথিয়াছেন, তাহা নিমে উদ্ধৃত হইল—

"The monks who take charge of Sri Krishna by rotation, are so many Gopees of Brindavan, who moved with and loved Sri Krishna with an indescribable intensity of feeling, and are taking re-births now for the privilege of worshipping Him. These monks conduct themselves as if they are living and moving with Sri Krishna. * * * The Leelas of Sri Krishna are perpetuated in festivities distributed throughout the year. They dance before the Lord of love to the

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

Stotram or other songs of an elevating character. As the chant proceeds, and the dance goes on, the hair stands on end, tears flow from the eyes and the brain is on fire with emotion. Some of the devotees more emotional than others swoon away, overpowered by memories of Sri Krishna's wonderful Leelas.

(Life and Teachings of Sri Madhwacharyya by C. M. Padmanavachari, Chapter XIII, p. 145)

তাৎপর্য্য—যে সকল সন্ন্যাসী পালাক্রমে প্রীক্বফের সেবাভার গ্রহণ করেন, তাঁহারা প্রীক্রনাবনের সেই গোপীর্ন্দ, বাঁহারা প্রীক্বফের প্রতি স্থতীব্র ও অনির্কাচনীয় অনুরাগ-বশতঃ তাঁহার নিত্য-সহচরী ছিলেন; অধুনা তাঁহারাই তাঁহার সেবা-স্থযোগ-লাভের জন্ম পুনরায় প্রকটিত হইয়াছেন: এই সকল সন্ন্যাসিগণের আচরণে এইরূপ মনে হয়, যেন তাঁহারা স্বয়ং প্রীক্রফের সহিত অবস্থান ও বিচরণ করিতেছেন।

* * সংবৎসরব্যাপী বিভিন্ন উৎসবদারা প্রীক্বফলীলা নিত্যকাল স্মৃতিপথে জাগরুক করিতেছেন।

'দাদশ-স্তোত্র' অথবা ভগবদ্যহিম-স্চক অন্ত কোন স্তোত্র পাঠ করিতে করিতে তাঁহারা বাত্যের তালে তালে প্রেমময় ভগবানের পুরোভাগে নৃত্য করিতে থাকেন। স্তোত্র-পাঠ ও নৃত্যের সঙ্গে সঙ্গে তাঁহাদের রোমাঞ্চ হয় এবং অক্রধারা বহিতে থাকে এবং তাঁহারা ভগবদ্ভাবে বিভাবিত হন। ভক্তগণের মধ্যে যাঁহারা অধিক ভক্তিভাবপ্রবণ, তাঁহারা শ্রীক্ষের বিচিত্র-লীলা শ্বরণ করিতে করিতে বাহুসংজ্ঞারহিত হইয়া পড়েন।

উনবিংশ অধ্যায়

শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

শ্রুতির প্রামাণিকতা ও কর্ম্মের গতি-

ভ্রান্তিমূলতয়া সর্বসময়ানামযুক্তিতঃ। ন তদ্বিরোধাদ্ বচনং বৈদিকং শঙ্ক্যতাং ব্রজেৎ॥

(अनुकारा, २व अः २व शाः, ६ क्षांक)

প্রীব্যাদ ব্যতীত অন্তের কথিত) সমস্ত নির্দেশ বা সিদ্ধান্তসমূহ
অধীক্তিক বলিয়া লোকের ভ্রান্তি (মিথ্যা-জ্ঞান)-জনক; সতএব ঐ ইতর
সিদ্ধান্তসমূহের প্রতি বিরোধ-হেতু বৈদিক বচন (ফ্রন্তি) কিছু অপ্রামাণ্য।-গ্রস্ত হন না।

প্রারক্ষরণোহন্তস্ত জ্ঞানাদেব পরিক্ষয়ঃ।
 অরিফীস্থোভয়স্তাপি সর্বস্তান্তস্ত ভোগতঃ।

(অণ্ড:ব্যু, ৪র্থ অ: ১ম পাঃ, ২ শ্লোক)

প্রারক্তর্ম রাতীত পূর্ব্ধ ও উত্তর-কালীন এই উভয়বিধ সকল আরষ্টেরই (ছুলেবেরই) পরিক্তর (অপরোক্ষ জ্ঞান হইতেই হয়); কিন্তু অপ্রারক্ক ব্যতীত অন্ত প্রারক্ক পাপ-পূণ্যের পরিক্তর—ভোগের দ্বারাই হয়।

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

বিষ্ণুর সর্বব্যপ্রেষ্ঠত্ব—

বিষ্ণুরেব বিজিজ্ঞাস্তঃ সর্ববকর্তাগমোদিতঃ।
সমন্বয়াদাক্ষতেক্চ পূর্ণানন্দোহন্তরঃ খবৎ ॥
প্রবেতা জ্যোতিরিত্যাতিঃ প্রাসন্ধৈরত্যবস্তুষু।
উচ্যতে বিষ্ণুরেবৈকঃ সর্ববিত্তণত্বতঃ॥

(অণুভাষ্য, ১ম অঃ ১ম পাঃ, ১-২ শ্লোক)

বিষ্ণুই বিশেষরূপে জিজ্ঞান্ত, সমন্বর ও ঈক্ষণ-হেতু তিনিই সকলের কর্ত্তা, তিনিই সকল-শাস্ত্রে কথিত, তিনিই পূর্ণানন্দ, তিনিই আকাশের স্থার সকলের অন্তরন্থ। তিনিই সকলের প্রণেতা (জীবনের মূল কারণ), অন্ত বস্তুসমূহে প্রসিদ্ধ জ্যোতিঃ ইত্যাদি সকল-শন্দের দ্বারা সকল-গুণ-সম্পন্নতা-হেতু একমাত্র বিষ্ণুই কথিত হ'ন।

সর্ববেগাহতা নিয়ন্তা চ দৃশ্যবাত্যাজ্মিতঃ সদা। বিশ্বজাবান্তরহাতৈর্লিক্ষঃ সবৈবযুতঃ স হি॥

(অণুভাষ্য, ১ম অঃ ২য় পাঃ, ৩ লোক)

তিনি (ভগবান্ বিষ্ণু) সর্বভূতের হৃদয়গুহাগত, সকল বস্তুর অদন (ভোজন বা বিনাশকারী), সকলের নিয়মনকর্ত্তা, সর্বাদা দৃশুত্বাদি-বৃজ্জিত এবং বিশ্বজীবের অন্তরে অবস্থান প্রভৃতি (ভাতি, প্রকরণ, ভাতি ও শ্বৃতির সমাখ্যানরূপ) যাবতীয় লিঙ্গদারা যুক্ত।

সর্বাশ্রয়ঃ পূর্ণগুণঃ সোহক্ষরঃ সন্ হৃদজ্জগঃ।
সূর্য্যাদিভাসকঃ প্রাণপ্রেরকো দৈবতৈরপি।
জ্বোনে বেদেঃ শুদ্রাত্যঃ কম্পকোহন্তন্চ জীবতঃ॥
(জণুভাষ্য, ১ম জঃ ৩য় গাঃ. ৪ শ্লোক)

উনবিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

তিনি সকলের আশ্রয়, পূর্ণগুণ (সম্পন্ন), অক্ষর, সদ্বস্তু, হৃৎপদ্মস্থ, স্ধ্যাদির দীপ্তিদায়ক ও প্রাণের প্রেরক (ব্যবস্থাপক); তিনি দেবগণকর্তৃকও (দেবজন্মেও বেদাদির দারা) জ্রেয়, (কিন্তু) শূদ্রাদি-কর্তৃক বেদসমূহের (অমুশীলন)-দারা জ্রেয় নহেন; তিনি কম্পক (সকল কম্পন অর্থাৎ চেষ্টার মূল) এবং জীব হইতে ভিন্ন।

পতিত্বাদিগুণৈযুক্তস্থদশ্যত্র চ বাচকৈঃ।
মুখ্যতঃ সর্বশব্দেশ্চ বাচ্য একো জনার্দ্দনঃ॥
(অণুভাষ্য, ১ম জঃ ৩য় পাঃ, ৫ শ্লোক)

তিনি পতিত্ব (সকলের উপর আধিপত্য) প্রভৃতি গুণসমূহ-দারা যুক্ত এবং বিষ্ণু ভিন্ন অন্তত্ত্বও (অপর জীব-বিষয়েও) বাচক সকল শব্দের দারাই মুখ্যভাবে একমাত্র সেই জনার্দ্দনই বাচ্য।

অব্যক্তঃ কর্মবাচ্যে(ক্যৈ)শ্চ বাচ্য একোহমিতাত্মকঃ।
অবাস্তরং কারণঞ্চ প্রকৃতিঃ শৃশুমেব চ॥
ইত্যাত্মগ্র নিয়তৈরপি মুখ্যতয়োদিতঃ।
শব্দৈরতোহনস্থাণো যচ্ছকা যোগস্তুয়ঃ॥

। অণুভাষ্য, ১ম অঃ ৪র্থ পাঃ, ৬-৭ শ্লোক }

তিনি (বিষ্ণু) অব্যক্ত (অক্ষর বস্তু) ও কর্মবাচক শব্দসমূহের দ্বারা বাচ্য; তিনি এক (অদ্বিতীয়), তিনি অপরিমিত-সংখ্যক বস্তুর (অনেকের) নিয়ামক অথবা মিত (ব্যক্ত)-স্বরূপ; তিনি (ভূত বা আকাশাদির) অবাস্তর (গৌণ) কারণও বটেন; তিনি প্রকৃতি (পুংলিঙ্গ—প্রকৃষ্ট কৃতিশালী) এবং তিনি শৃশুই ('শ' অর্থাৎ 'পরের স্থখ', 'উন' অর্থাৎ

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

নিজ স্থথ হইতে 'অল্ল' করেন বলিয়া 'শৃত্য')। এইরূপ অন্তত্তও (জীবের বা জড়ের প্রতিও) নিয়ত (প্রসিদ্ধ, বর্ত্তমান, ব্যবহৃত বা বাুৎপন্ন) শব্দসমূহের দ্বারাও তিনিই পরম মুখ্যবৃত্তিক্রমে কথিত হন; অতএব তিনি (বিষ্ণু) অনস্ত গুণময়, যেহেতু শব্দ-সমূহ (নিত্য) যোগবৃত্তিবিশিষ্ট অর্থাৎ বিষ্ণুতেই যৌগিকরূপে বর্ত্তমান।

শ্রেণ্ডি বিরুদ্ধ বাং শৃত্যো ন গুণান্ হরে:।
নিখেদ্ধং শরু যুর্বেদা নিত্য দানমু ভ্রমন্॥
(অণুভাষা, ২য় অ: ১ম শাঃ, ১ শ্লোক)

শ্রতির অনুগ-শৃতিসমূহের দারা বিরোধ হয় বলিয়া শৈবাদি শৃতিসমূহ শ্রীহরির গুণসমূহের নিষেধ (অভাব প্রতিপাদন) করিতে সমর্থ নহে; ধ যেহেতু) বেদসমূহ ও বেদানুগ শৃতিসমূহই উত্তম প্রমাণ।

> দেবতাবচনাদাপো বদস্তীত্যাদিকং বচঃ। নাযুক্তবাহ্যসম্মেব কারণং দৃশ্যতে কচিৎ॥

> > (অণুভাষ্য, ২য় অঃ ১ম পাঃ, ২ লোক)

শ্রুতিতে অপ্প্রভৃতি শব্দে তদভিমানিনী চেতন-দেবতার অভিধান-হেতু "অপ্সমূহ বলিয়াছে" ইত্যাদি বাক্য যুক্তিবিক্লার্থবাদি 'নহে; (যেহেতু) অসং (অভাব) কোথায়ও কারণ (কর্ত্তা) রূপে দৃষ্ট হয় না।

অসজ্জীবপ্রধানাদি শব্দা ত্রিক্ষাব নাপরম্।
বদস্তি কারণত্বেন কাপি পূর্ণগুণো হরিঃ।
স্বাতন্ত্র্যাৎ সর্ববকর্তৃহান্নাযুক্তং তদ্বদেচ্ছ তিঃ॥
(অণুভাষ্য, ২য় অঃ ১ম পাঃ, ৩ রোক)

ঊনবিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

অসং, জীব, প্রধান প্রভৃতি শব্দসমূহ ব্রহ্মকেই 'কারণ' (-রূপে) বলিয়া থাকে, কোথায়ও অপর বস্তুকে কারণ (-রূপে) বলে না; কেননা, শ্রীহরি পূর্ণগুণ (-সম্পন্ন) এবং স্বতন্ত্র ও সকলের কর্ত্তা বলিয়া তাহা (শ্রুতি-কথিত শ্রীহরির কারণত্ব, নিখিল পূর্ণ-সদ্গুণনিলয়ত্ব, স্বাতন্ত্র্য ও সর্ক্ষর্কত্ত্ব) অযুক্ত নহে—ইহাই শ্রুতি বলেন।

আকাশাদিসমস্তঞ্চ তজ্জং তেনৈব লীয়তে।
সোহনুৎপত্তিলয়ঃ কর্ত্তা জীবস্তদ্বশগঃ সদা।
তদাভাসো হরিঃ সর্বরূপেষপি সমঃ সদা॥
(অণুভাষা, ২য় অঃ ৩য় পাঃ, ৫ য়োক)

আকাশাদি সমস্ত পদার্থ তাঁহা (বিষ্ণু) হইতে উৎপন্ন ও তাঁহা-দারাই লীন (বিনাশ-প্রাপ্ত) হয়; তিনি (বিষ্ণু)—উৎপত্তি-লয়-শৃত্ত; তিনি কর্ত্তা; জীব নিত্যকাল তাঁহার বশগামী (অর্থাৎ অধীন-প্রবৃত্তি বা গমনা-গমনশীল) ও তাঁহার আভাস (প্রতিবিশ্বস্বরূপ); শ্রীহরি মৎস্তাদি সর্বারূপেই সর্বাদা সমরূপে অবস্থিত।

মুখ্যপ্রাণন্দেন্দ্রিয়াণি দেহদৈচব তদ্ভবঃ।
মুখ্যপ্রাণবশে সর্বাং স বিষ্ণোর্ববশগঃ সদা॥
সর্বাদোঘোজ্মিতন্তস্মাদ, ভগবান্ পুরুষোত্তমঃ।
উক্তা গুণাশ্চাবিরুদ্ধান্তস্ত বেদেন সর্ববশঃ॥
(অণুভাষা, ২য় জঃ ৪র্থ পাঃ, ৬-৭ লোক)

মুখ্যপ্রাণ, ইন্দ্রিয়সমূহ ও দেহ (প্রপঞ্চ), সমস্তই তাঁহা (বিষ্ণু) হইতে অধীনরূপে জাত, (রুদ্রাদি) সমস্ত (জরুৎ)ই মুখ্যপ্রাণের

বৈষ্ণবাচাৰ্য্য ত্ৰীমধ্ব

বশে (স্থিত), আর তিনি (ম্থাপ্রাণ) বিষ্ণুর বশগামী। অতএব ভগবান্ শ্রীপুরুষোত্তম সর্বাদাষ-বিক্ষিত (নির্মুক্ত) এবং তাঁহার গুণসমূহ সমগ্র বেদবাকোর (সমন্বয়)-দারা অবিরুদ্ধ বলিয়া কথিত।

> বাস্থদেবাৎ পরং নাস্তি ইতি বেদান্ত-নিশ্চয়ঃ। বাস্থদেবং প্রবিষ্টানাং পুনরাবর্ত্তনং কুতঃ॥ আত্রেয়ঃ (কুঞ্চামৃত্তমহার্ণব ৩২ লোক)

বাস্থদেব হইতে শ্রেষ্ঠ অন্তকোন দেবতা নাই; ইহাই বেদান্তের স্থির সিদ্ধান্ত। স্থতরাং বাঁহারা বাস্থদেবে প্রবিষ্ট হইয়াছেন, তাঁহাদের আবার জন্মাদি-পরিগ্রহ কোথায় ?

মেচ্ছদেশেশুচৌহবাপি চক্রাক্ষো যত্র তিষ্ঠতি। যোজনানি তথাত্রীণি মখক্ষেত্রং বস্থন্ধরে॥

(কুঞামৃতমহার্থর ১০৮ লোক)

হে বস্তন্ধরে! শ্লেচ্ছদেশেই হউক কিম্বা অপবিত্রদেশেই হউক, যে স্থানে শালগ্রাম অবস্থিত থাকেন, সে স্থানে তিন যোজন পরিমিত ভূমিভাগ আমার নিবাস-ক্ষেত্র জানিবে।

নামোহন্তি যাবতী শক্তিঃ পাপনির্হরণে হরেঃ। তাবৎ কর্ত্ত্বং ন শক্ষোতি পাতকং পাতকী জনঃ॥ ব্রহ্মা (কুঞ্চায়তমহার্থব ৩৮ শ্লোক)

জীবের পাপ হরণ করিতে শ্রীহরির নামের যে পরিমাণ শক্তি আছে, পাতকী লোক সেই পরিমাণ পাপ করিতে পারে না। ঊনবিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

গঙ্গাপ্রয়াগগয়পুষ্ণর নৈমিষাণি
সংসেবিতানি বহুশঃ কুরুজাঙ্গলানি।
কালেন তীর্থসলিলানি পুনন্তি পাপং
পাদোদকং ভগবতঃ প্রপুনাতি সন্তঃ॥

(কৃঞামৃতমহার্থব ১০১ লোক)

গঙ্গা, প্রয়াগ, গয়, পুষ্কর, নৈমিষ, কুরুক্ষেত্র এবং অস্তান্ত তীর্থসলিলের সেবা করিলে-কালান্তরে পাপ নাশ হয়; কিন্তু ভগবানের চরণামৃত সেবা করিলে সদ্যঃই পবিত্র হওয়া যায়।

দেবতান্তরপূজা নিষিদ্ধা—

স্বধর্মন্ত পরিত্যজ্য পরধর্মং চরেদ ্যথা।
তথা হরিং পরিত্যজ্য যোহন্তং দেবমুপাসতে॥
(কুঞ্চামৃতমহার্ব ১১৫ শোক)

শীহরিকে পরিত্যাগ পূর্বক অন্তদেবতার উপাসনা ও স্বধর্ম পরিত্যাগ পূর্বক পরধর্ম-আচরণ তুলা।

যথা গঙ্গোদকং ত্যক্ত্বা পিবেৎ কূপোদকং নরঃ।
তথা হরিং পরিত্যজ্ঞ্য যোহন্তং দেবমুপাসতে॥
(কুঞ্চামূভমহার্ণব ১১৬ শ্লোক)

যেরূপ গঙ্গাজল পরিত্যাগ করিয়া তুর্ব দ্ধি ব্যক্তি কুপোদক পান করে, শ্রীহরিকে পরিত্যাগ করিয়া অন্তদেবতার আরাধনাও তদ্ধেপ জানিবে।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

গাঞ্চ ত্যক্ত্রণ স মূঢ়াত্মা গর্দ্দভীং বন্দতে যথা।
তথা হরিং পরিত্যজ্য যোহগুং দেবমুপাসতে॥
(কুঞানুভন্হার্ণ ১১৭ লোক)

যে ব্যক্তি শ্রীহরিকে পরিত্যাগ করিয়া অন্তদেবতার পূজা করে, সে নিশ্চয়ই গাভী পরিত্যাগ পূর্বাক গর্জভীর বন্দনা করে।

> পাবনং বিষ্ণুনৈবেতাং স্থভোজ্যম্বিভিঃ স্মৃতম্। অন্তদেবস্থা নৈবেতাং ভুক্ত্যা চান্দ্রায়ণঞ্চরে ॥ (কুক্ষামৃত্যুগরি ১৫ শ্লোক)

বিষ্ণুনৈবেদ্য পবিত্র এবং স্থভোজ্য ইহা ঋষিরা বলিয়াছেন, অন্তদেবতার নৈবেদ্য ভক্ষণ করিলে চাক্রায়ণ-ব্রত আচরণ করিবে।

ভক্তির শ্রেষ্ঠতা ও তারতম্য-

শুভেন কর্মণা স্বর্গং নিরয়ঞ্চ বিকর্মণা।
মিথ্যাজ্ঞানেন চ তমো জ্ঞানেনৈব পরং পদম্।
যাতি তম্মাদ্ বিরক্তঃ সন্ জ্ঞানমেব সমাশ্রায়েং ॥
(অণুভাষ্য, ৩য় আঃ ১ম পাঃ, ১ লোক)

জীব শুভকর্ম-দ্বারা (অনিত্য) স্বর্গ, বিকর্ম-দ্বারা (অনিত্য) নরক, মিথ্যা-জ্ঞান (বিবর্ত্তবাদ বা মায়াবাদ) দ্বারা তমঃ (নিত্য নরক) এবং ভগবজ্জ্ঞান-দ্বারাই পরম পদ প্রাপ্ত হ'ন; (মতএব) তদ্বিষয় অমুসন্ধান-পূর্বক বিরক্ত হইয়া (যুক্তবৈরাগ্যসহ) ভগবজ্জ্ঞানকেই সমাশ্রয় করিবে।

উনবিংশ-অধ্যায়— শ্রীমন্মধাচার্য্যের উপদেশ
সর্বেহিপি পুরুষার্থাঃ স্মুর্জ্জানাদেব ন সংশয়ঃ।
ন লিপ্যতে জ্ঞানবাংশ্চ সর্বদোধেরপি কচিৎ॥
গুণদোধেঃ স্থাস্থাপি বৃদ্ধিহ্রাসো বিমুক্তিগো।
নৃণাং স্থরাণাং মুক্তো তু স্থাং জ্লপ্তং যথাক্রমম্॥
(অণুভাষ্য, ৩য় অঃ ৪র্থ পাঃ, ৫-৩ শ্লোক)

সকল পুরুবার্থও অপরোক্ষজ্ঞান হইতেই হয়, সন্দেহ নাই;
অ্বপরোক্ষজ্ঞানবান্ ব্যক্তি কখনও কোন দোষেই লিপ্ত হন না। গুণ
(পুণ্য)ও দোষ (পাপ) সমূহ-হেতু মানবগণের বিশেষ মুক্তিগত স্বরূপস্থথেরও বৃদ্ধি-হ্রাস আছে. পরস্ক মুক্তিতে দেবগণের যথাক্রমে (গুণগত
আধিক্যান্ত্রসারে) পূর্ণস্থথ বৃদ্ধিতই হয়।

বিষ্ণু ব্রহ্ম তথাদাতেত্যেবং নিত্যমুপাসনম্। কার্য্যমাপগুপি ব্রহ্ম তেন যাত্যপরোক্ষতাম্॥ (অণুভাষ্য, ৪র্থ অঃ ১ম পাঃ, ১ শ্লোক)

'বিষ্ণু', 'ব্রহ্ম' ও 'আদাতা' ('আত্মা' বা 'স্বামী')—এই প্রকারে আপৎ-কালেও নিত্য উপাসনা কর্ত্তব্য; এইপ্রকার উপাসনার দ্বারা বা তৎফলে কেই ব্রহ্ম (বিষ্ণু) অপরোক্ষত্ব প্রাপ্ত হ'ন (অর্থাৎ স্থীয় উপাসকের অপরোক্ষজ্ঞানের বিষয় হ'ন)।

সর্বাবস্থা-প্রেরকশ্চ সর্বর্রপেষভেদবান্।
সর্বদেশেষু কালেষু স একঃ পরমেশ্বরঃ।
তদ ভক্তিতারতম্যেন তারতম্যং বিমুক্তিগ্য॥
(অণুভাষ্য, ৩৪ জঃ ২য় পাঃ, ২ শ্লোক)

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

সেই এক পরমেশ্বর (বিফুই) সকল-অবস্থার (স্বপ্ন, স্বপ্ন-তিরোধান, জাগর, স্বয়ুপ্তি, স্বপ্তপ্রবোধ ও মূর্চ্ছা-রূপ অবস্থা-সমূহের) প্রেরক (নিয়ামক) এবং (প্রকাশ-বিলাস প্রাভব-বৈভব-পুরুষ-আবেশাদি, অথবা পর-ব্যূহ-বৈভব-অন্তর্যামি-অর্চা, অথবা হস্ত-পদাদি অঙ্গ-উপাঙ্গ-সমূহদারা রূপ-বিশিষ্ট) স্বীয় সকল মূর্ত্তি বা বিগ্রহ-সমূহে, সকল দেশে (স্থানে) ও সকল সময়েই অভেদযুক্ত; সেই পরমেশ্বরের (বিফুর) প্রতি ভক্তির তারতম্য-হেতুই বিশেষ মুক্তিগত (বস্তুসিদ্ধিতে) আনন্দাদিরও তারতম্য বর্ত্তমান।

সচিদানন্দ আত্মতি মামুধৈন্চ স্থরেশ্বরৈঃ।
যথাক্রমং বহুগুণৈ প্রন্ধান ছিখিলেগুণিঃ॥
উপাস্তঃ সর্ববেশেন্চ সর্বেরপি যথাবলম্।
জ্রেয়ো বিষ্ণুর্বিশেষস্ত জ্ঞানে স্থাত্তরোত্তরম্॥

(অণুভাষ্য, ৩য় অঃ ৩য় পাঃ, ৩-৪ শ্লোক)

মানব ও স্থরেশ্বর (লোকপাল দেবত।)-গণ-কর্ত্ক সচ্চিদানন্দময় ও আত্মস্বরূপ ইত্যাদি বহুগুণবিশিষ্টরূপে ও ব্রহ্মা-কর্ত্ত্ক সর্বপ্তণ-বিশিষ্টরূপে বথাক্রমে (নিজ নিজ-বোগ্যতা-ক্রমে) ভগবান্ বিষণুই উপাশু এবং সকল-স্বিকারি কর্ত্ত্বই সকল-বেদবাক্যদ্বারা যথাশক্তি ভগবান্ বিষণুই ক্রেয়; তথাপি (উপাসনার তার্ত্যান্ত্সারে) উত্রোত্তর (মানব হইতে ব্রহ্মাণ পর্যন্ত, সকলের) ঈশ্বর-বিষয়ক অপরোক্ষ-জ্ঞানেও বিশেষ বর্ত্তমান। দীক্ষা—

एक नदाः श्रमादा लाटक किरख्याः कीवत्न कनम्। रियन निका स्टब्रमीका भार्किएका वा कनार्जनः॥

(কুঞ্চামৃতমহার্ণব, ৩ লোক)

ভিনবিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

যাহারা শ্রীহরির দীক্ষা প্রাপ্ত হয় নাই এবং ভগবান্ জনার্দ্দনকে অর্চনাঃ করে নাই, এই সংসারে তাহারা পশু এবং তাহাদের জীবনে ফল কি ?

গর্ভস্থিতা মৃতা বাপি মুষিতাস্তে স্তুদ্বিতাঃ।
ন প্রাপ্তা বৈর্হরেদীক্ষা সর্ববহৃঃখবিমোচনী॥ মার্কণ্ডেয়ঃ
(কুঞ্চাম্ভমহার্থব, ২০ শ্লোক)

যাহারা সর্বাহঃখ-নিবর্ত্তক শ্রীহরির দীক্ষা প্রাপ্ত হয় নাই, তাহারা গর্ভে অবস্থান করিতেছে অথবা তাহার। মৃত, অপজ্ত অথবা দোষত্ন্ত হইয়া আছে।

উদ্ধপুগু ধারণ—

তির্য্যক্ পুণ্ডং ন কুবর্বীত সম্প্রাপ্তে মরণেহপি বা।
ন চান্য-নাম বিক্রয়াৎ পরান্নারায়ণাদৃতে॥
(কুঞ্চামৃত্যহার্ণব ২২১ লোক)

কখনও বক্রভাবে পুণ্ডুক ধারণ করিবে না অথবা মরণকালেও নারায়ণের নাম ভিন্ন অন্য নাম উচ্চারণ করিবে না।

পুণ্ড মৃজুং সৌম্যং ললাটে যস্ত দৃশ্যতে।
স চণ্ডালোহপি শুদ্ধাত্মা পূজ্য এব ন সংশয়ঃ॥
(কৃষ্ণমৃত্যহার্ণব ২২৩ শ্লোক)

যাঁহার ললাটে সরল ও স্থানর উর্দ্ধপুগু দেখা যায়, তিনি চণ্ডাল। হইলেও শুদ্ধচিত্ত এবং পূজ্য—এবিষয়ে সন্দেহ নাই।

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমণৰ

উদ্ধপুণ্ড বিহীনস্থ শাশান-সদৃশং মুখম্। অবলোক্য মুখং তস্থ আদিত্যমবলোকয়েৎ॥

(कृष्णमृजयश्रेर्व २२० (म्नांक)

উদ্ধপুগু বিহীন ব্যক্তির মুখ শাশানতুল্য, উহা দর্শন করিলে শুদ্ধির জন্ত স্থ্য দর্শন করিবে।

षर्कन-

সংসারেহস্মিন্ মহাঘোরে জন্মরোগভয়াকুলে।
অয়মেকো মহাভাগঃ পূজ্যতে যদধোক্ষজঃ॥
(কুঞামূভন্হার্ব ৪ লোক)

জন্ম-রোগ-ভয়াকুল এই মহাঘোর সংসারে তিনিই একমাত্র মহাভাগ, যিনি অধোক্ষজের (অতীক্রিয় ভগবানের) পূজা করিয়া থাকেন।

অর্চিতে সর্বদেবেশে শব্দচক্রগদাধরে।
অর্চিতাঃ সর্বদেবাঃ স্থার্যতঃ সর্ববসতো হরিঃ॥
(কৃঞ্চামৃত্যহার্ণ > শ্লোক)

সকল দেবতার ঈশ্বর শঙ্খ-চক্র-গদাধারী শ্রীহরি অর্চিত হইলে সকল দেবতাই আর্চিত হইয়া থাকেন। যেহেতু হরি সমস্ত পদাথে বর্ত্তমান আছেন।

> সমস্তলোকনাথস্থ দেবদেবস্থ শার্জিণঃ। সাক্ষান্তগবতো বিষ্ণোঃ পূজনং জন্মন; ফলম্॥ পূলস্তাঃ (কৃষ্ণমূজমঃশ্র ১৪ লোক)

নিখিল প্রাণিগণের নাথ এবং দেবদেব সাক্ষাং ভগবান্ বিষ্ণুর আরাধন। করাই জন্মগ্রহণের ফল। ভিনবিংশ অধ্যায়— শ্রীমন্মধাচার্য্যের উপদেশ
ভক্ত্যা তর্নাঙ্কুরৈঃ পুংভিঃ পৃজিতঃ পুরুষোত্তমঃ।
হরিদ দাতি হি ফলং সর্ব্যক্তিশ্চ তুর্ল ভম্॥
(কৃষ্ণ মৃত্যহার্ণ ১৫ প্লোক)

দর্ববিধ যজ্ঞাদিদারা বে ফল প্রাপ্ত হওয়া যায় না, পুরুষগণ-কর্তৃক ভক্তিসহকারে ত্র্কাঙ্কুর (অর্য্য) দারা পূজিত হইয়াও পুরুষোত্তম বিষ্ণু সেই তুর্লভ ফল তাহাদিগকে প্রদান করিয়া থাকেন।

ষস্থান্তঃ সর্বমেবেদমচ্যুতস্থাব্যয়াত্মনঃ।
তমারাধয় গোবিনদং স্থানমগ্র্যাং ষদীচ্ছসি॥ পুলস্ত্যঃ
(কুঞ্চায়তমগার্থ ২৬ খ্লাক)

অব্যয়াত্মা অচুতে এই নিখিল বিশ্ব বর্ত্তমান আছে, তুমি যদি শ্রেষ্ঠ স্থান লাভ করিতে ইচ্ছা কর, তবে গোবিন্দের আরাধনা কর।

> ষথা পাদোদকং পুণ্যং নির্দ্মাল্যং চামুলেপনম্। নৈবেত্যং ধূপশেষশ্চ আরার্ত্তিশ্চ তথা হরেঃ॥
> (কৃষ্ণ মৃতমহার্ণ ১০৪ লোক)

বিষ্ণুর চরণামৃত যেরূপ পবিত্র, তদীয় নির্মাল্য, অন্থলেপন, নৈবেদ্য, ধূপাবশেষ এবং আরাত্তিকও সেইরূপ পবিত্র জানিবে।

একাদশীর ত্রতবিচার—

ক্ষয়ে বাপ্যথবা হক্ষো সম্প্রাপ্তে বা দিনক্ষয়ে। উপোষ্যা দ্বাদশী পুণ্যা পূর্ববিদ্ধাং পরিত্যক্তেৎ ॥ (কৃক্ষামৃত্যহার্ব ১২৬ লোক)

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

একাদশীর ক্ষয়ে বা বৃদ্ধিতে অথবা একাহে তিথিত্রয়ের স্পর্শে (ত্যহস্পর্শে) দাদশী তিথিতে উপবাস কর্ত্তব্য। দশমী বিদ্ধা একাদশী পরিত্যাগ করিবে।

বহবাগমবিরোধেষু ব্রাক্ষণেষু বিবাদিষু। উপোষ্যা দ্বাদশী তত্র ত্রয়োদশ্যান্ত পারণম্॥ (কৃষ্ণায়তমগর্ণ ১০০ শ্লোক)

যেন্থলে উপবাসবিষয়ে বহুশাস্ত্রের বিরোধ এবং ব্রাহ্মণগণের মধ্যে বিবাদ উপস্থিত হয়, সে-ক্ষেত্রে দ্বাদশীতে উপবাস এবং ত্রয়োদশীতে পারণ কর্ত্ব্য।

অথবা মোহনার্থায় মোহিন্তা ভগবান্ হরিঃ।
অথিতঃ কারয়ামাস ব্যাসরূপী জনার্দ্দনঃ॥
ধনদার্চাবিবৃদ্ধ্যর্থং মহাবিত্তলয়স্ত চ।
অস্করাণাং মোহনার্থং পাষণ্ডানাং বিবৃদ্ধয়ে॥
আত্মস্বরূপাবিজ্ঞপ্ত্যৈ স্বলোকাপ্রাপ্তয়ে তথা।
এবং বিদ্ধাং পরিত্যজ্য দাদশ্যামুপবাসয়েৎ॥

(कुकामुखमहार्वि ১৫०-১৫२ (क्षांक)

মথবা ব্যাসরূপী জনার্দন ভগবান্ হরি মোহিনী কর্তৃক যাচিত হইয়া
(কামিগণের) মোহনার্থ ধনাধিপতির অর্চ্চনার বৃদ্ধি হেতু, পরম্বিত্তের
লয়সাধন-নিমিত্ত, অস্তরগণকে মোহন করিতে এবং পাষওগণের বৃদ্ধির জন্ত আত্মস্বরূপ না জানাইবার অভিপ্রায়ে এবং বিষ্ণুলোকের যাহাতে প্রাপ্তি না হয়, তরিমিত্ত ঐরূপ বিধান করাইয়াছিলেন। অতএব এইরূপ বিদ্ধান

ভনত্রিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

ব্রহ্মচারী গৃহস্থো বা বানপ্রস্থো ষতিস্তথা।
বাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শৃদ্রো ভর্তৃমতী তথা॥
অভর্তৃকা তথান্যে চ সূত্বৈদেহিকাদয়ঃ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরভয়োরপি॥

(কৃষণমৃতমহার্ণব ১৫৬-১৫৭ শ্লোক)

ব্রন্ধচারী, গৃহস্থ, বানপ্রস্থ, সন্ন্যাসী, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশু, শুদ্র, সধবা ও বিধবা স্ত্রী এবং স্থত, বৈদেহিক প্রভৃতি জাতীয় ব্যক্তিগণ উভয়পক্ষীয় একাদশীতেই ভোজন করিবে না।

> বিবেচয়তি যো মোহাচ্ছুক্লা কৃষ্ণেতি পাপক্ৎ। একাদশীং স বৈ যাতি নিরয়ং নাত্র সংশয়ঃ॥ (কৃষ্ণায়তমহার্ণব ১০০ লোক)

যে উপবাসবিষয়ে শুক্লা ও ক্বঞা একাদশীর পার্থক্য চিন্তা করে, সেই পাপাচারী নরকগামী হইয়া থাকে, ইহাতে কোন সংশয় নাই।

যথা গোঁটেন্ব হস্তব্যা শুক্লা কৃষ্ণেতি ভামিনি।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরভয়োরপি॥
(কুন্ধান্তমহার্থর ১৬০ শ্লোক)

যেরপ শুক্লা কিম্বা রুষণা কোন গাভীই বধযোগ্যা নহে, হে প্রিয়ে! সেইরপ শুক্লা ও রুষণা কোন একাদশীই পরিত্যাজ্যা নহে। অতএব উভয় একাদশীতেই উপবাস করিবে।

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

यानि कानि ह वाकग्रानि कृत्यकाननीवर्ड्डान। ভরণ্যাদিনিষেধে ह তানি কাম্যকলার্থিনাম্॥

(কৃষ্ণামৃতমহার্থব ১৬১ শ্লোক)

কৃষ্ণা একাদশী এবং ভরণী প্রভৃতি নক্ষত্রযুক্তা একাদশী-বর্জন-সম্বন্ধে যে-সকল বচন শুনা যায়, ঐ সমস্ত কাম্যফল-প্রাথিগণের পক্ষে জানিবে।

> বরং স্বমাতৃগমনং বরং গোমাংস-ভক্ষণম্। বরং হত্যা স্করাপানমেকাদশ্যমভক্ষণাৎ॥

> > (কৃষ্ণমূলমহার্থব ১৮০ লোক) '

স্বমাতৃগমন, গোমাংসভক্ষণ, স্থরাপান প্রভৃতি কার্য্য হইতেও একাদশী তিথিতে অরভোজন পাপজনক জানিবে।

> রটন্তীহ পুরাণানি ভূয়ো ভূয়ো বরাননে। ন ভোক্তব্যং ন ভোক্তব্যং সংপ্রাপ্তে হরিবাসরে॥ ক্ষামৃতমহার্ব ১৮৬ শ্লোক)

অয়ি বরাননে! একাদশা তিথি সমাগতা হইলে কোন মতেই 'ভোজন করিবে না' ভোজন করিবে না' একথা পুরাণসকল ঘোষণা করিতেছেন।

দ্বাদশা-ত্রত-বিচার---

একাদশীমূপোষ্যাথ দ্বাদশীমপ্যুপোষ্টের ।
ন তত্র বিধিলোপঃ স্থাত্ত্তয়োদে বতা হরিঃ॥
(কুঞামূত্মহার্ব ১৬৮ শ্লোক)

একাদশীতে উপবাস করিয়াও তাদৃশী দ্বাদশী তিথিতে উপবাস করিবে, তাহাতে পারণবিধিলোপের আশঙ্কা নাই, কারণ শ্রীহরি এই উভয় তিথিরই অধিপতি।

উনত্রিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

অল্লায়ামপি বিপ্রেন্দ্র পারণন্ত কথং ভবেৎ। পারয়িকোদকেনাপি ভুঞ্জানো নৈব তুষ্যতি। অশিতানশিতা যম্মাদাপো বিদ্বন্ধিরীরিতাঃ॥

(কুঝামৃতমহার্শব ১৬৯ শ্লোক)

হে বিপ্রবর! অল্লকণ তিথি থাকিলে কি প্রকারে পারণ হইবে? তাহাতে উদকদারা পারণ করিয়া পশ্চাৎ ভোজন করিলে কোন দোষ হয় না, যেহেতু শাস্ত্রকারগণের মতে জল পান করিলে ভোজন ও অভোজন হয়।

অন্তসা কেবলেনৈব করিয়ো ব্রতপারণম্। তদ্বিশিষ্টং মুনিপ্রোক্তমশিতানশিতঞ্চ যৎ॥

(কুফামুতমহার্ণব, ১৭০ লোক)

কেবল জলদারাই পারণ সমাপন করিবে, যেহেতু মুনিগণের মতে ঐ জল ভক্ষিত হইলেও অভক্ষিত-তুল্য জানিবে।

> ঘাদশী ন প্রমোক্তব্যা যাবদায়ুঃ প্রবর্ততে। অর্চনীয়ো হুয়াকেশো বিশুদ্ধেনান্তরাত্মনা॥

> > (কুফামুভমহার্ণব ১৮৭ শ্লোক)

থে পর্যান্ত আয়ুং বর্ত্তমান থাকে, ততদিন দ্বাদশী তিথিতে উপবাস পরিত্যাগ করিবে না এবং বিশুদ্ধচিত্তে শ্রীহ্রির অর্চনা করিবে।

ইন্দ্রিয়ের কৃত্য—

সা জিহবা যা হরিং স্তোতি তচ্চিত্তং যত্তদর্পণম্। তাবেব কেবলো শ্লায্যো যো তৎপূজা-করো করো॥

। ক্লাম্ভমহার্ণব ৭৪ শ্লোক)

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

সেই জিহ্বাই জিহ্বা, যে জিহ্বা হরির স্তব করে; সেই চিত্তই চিত্ত, যে চিত্ত হরিতে অপিত হইয়াছে; সেই হস্তদ্বয়ই কেবল শ্লাঘ্য, যে হস্তদ্বয় তাঁহার পূজা করিতেছে

রোগো নাম, ন সা জিহ্বা যয়া ন স্ত্য়তে হরিঃ। গর্ত্তো নাম, ন তো কর্ণো যাভ্যাং তৎকর্ম্ম ন শ্রুতম্ ॥ (কুঞ্চাম্ভমহার্ণব, ৭১ লোক)

যে জিহ্বা হরির স্তব না করে, সে জিহ্বা জিহ্বা নহে, রোগমাত্র এবং যে কর্ণ-দারা হরির কর্ম্ম শ্রুত হয় নাই, সে কর্ণ কর্ণ ই নহে, গর্তুমাত্র।

নূনং তৎ কণ্ঠশালুকমথবাপ্যুপজিহ্বিকা।
বোগো নাম ন সা জিহ্বা যা ন বক্তি হরেগুণান্॥
(কৃষ্ণামৃত্যহার্ণব ৮০ লোক)

নিশ্চয়ই তাহা কণ্ঠশালুক অথবা উপজিহ্বা এবং সেই জিহ্বার নাম রোগ, যে জিহ্বা হরির গুণ বলিতে পারে না।

> ভারভূতিঃ করৈঃ কার্য্যং কিং তস্তা নৃপশোর্দ্ধি। বৈর্ছি ন ক্রিয়তে বিষ্ণোগৃহসম্মার্চ্জনাদিকম্॥
> (কুঞ্চায়তমহার্থি ৮১ লোক)

হে দিজ ! সেই নরপশুর ভারভূত হস্তাদি-দারা কোন্ কার্য্য হইবে ? কারণ, সেই হস্তাদি বিষ্ণুর গৃহ সম্মাজ্জন করে না।

> চরণো তো তু সকলো কেশবালয়গামিনো। তে চ নেত্রে মহাভাগ যাভ্যাং সংদৃশ্যতে হরিঃ॥
> (কুঞ্চামূভমহার্থ ৮২ লোক)

ভনত্রিংশ-অধ্যায়—শ্রীমন্যধ্বাচার্য্যের উপদেশ

হে মহাভাগ। সেই চরণদ্বরই সফল, যে চরণদ্বর কেশবালয়ে গমন করিয়া থাকে এবং তাহাই চক্ষু, যে চক্ষুদ্ব হরিকে সম্যগ্রূপে দশন করিয়া থাকে।

রে রে মনুষ্যাঃ পুরুষোত্তমশু করে । কন্মান্মকুলীকুরুধ্বম্। ক্রিয়াজুষাং কো ভবতাং প্রয়াসঃ ফলং হি যত্তৎপদমচ্যুতশু॥ (কুঞামূভমহার্ব ৮৭ শ্লোক)

• রে রে মনুষ্যগণ! পুরুষোত্তমের সমীপে তোমরা কি জন্ম করদ্বর ক্বভাঞ্জলি করিতেছ না? ক্রিয়ানুষ্ঠানকারী তোমাদের প্রয়াস কি? অচ্যুত্তের পরমপদ-প্রাপ্তিই তাহার ফল।

> যাবৎ স্থামিদং পিণ্ডং নিরুজং করণান্বিতম্। তাবৎ কুরুমাত্মহিতং পশ্চাত্তাপেন তপ্যসে।

> > (কৃষ্ণামৃভমহার্ণব ১২০ লোক)

যে পর্যাস্ত এই শরীর নীরোগ, কর্মক্ষম এবং ইন্দ্রিয়সকল শক্তিসম্পন্ন থাকে, তন্মধ্যে নিজের হিত চেষ্টা কর, অন্তথা পরে অনুতাপগ্রস্ত হইতে হইবে।

> যাবৎ প্রলপতে জন্তলোকবার্তাদিভিঃ সদা। তাবচ্চেদ্বতে বিষ্ণুং কো ন মুচ্যতে বন্ধনাৎ॥ শ্রীসূতঃ (কৃঞায়তমহার্ণ ১২৪ লোক)

জীব যতকাল পর্যান্ত গ্রাম্যবার্ন্তাদির প্রলাপে রত থাকে, ততকাল বিষ্ণুকীর্ত্তন করিলে কোন্ ব্যক্তি বন্ধন-বিমুক্ত না হয় ?

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

কর্মাসক্তি ও ভগবদ্বহিদ্মখভার গর্হণ—

জীবংশ্চতুর্দ্দশাদৃদ্ধং পুরুষো নিয়মেন তু।
দশাবরাণাং দেহানাং কারণানি করোত্যয়ম্॥
স্ত্রী বাপ্যন্যুনদশকং দেহং মানুষমর্জ্জয়েৎ।
চতুর্দ্দশোদ্ধ-জাবিনা সংসারশ্চাদিবর্জ্জিতঃ॥

। কৃষ্ণামৃত্যহার্থব ২১৩-২১৪ ল্লোক)

চতুর্দিশ বর্ষের অধিককাল জীবিত থাকিয়া পুরুষ অথবা দ্রী দশটি নির্মন্ত দেহধারণ-যোগ্য জন্মের কারণ প্রস্তুত করে এবং অন্যুন দশ জন্ম মানুষ-দেহ-ধারণেব কারণ অর্জন করে। ক্রমে অনাদি সংসার প্রবর্তিত হয়।

> দশাবরাণাং দেহানাং কারণানি করোত্যয়ম্। অতঃ কর্মাক্ষয়ান্মুক্তিঃ কুত এব ভবিশ্বতি॥

> > (কৃষ্ণামৃতমহার্ণব ২১৬ শ্লোক)

চতুর্দশবৎসরের পর হইতে পুরুষ নিয়তভাবে অবর দশজন্ম ধারণের কারণস্বরূপ কর্মসমূহ সঞ্চয় করিয়া থাকে। অতএব কর্মক্ষয় হইতে মুক্তি অসম্ভব।

> সমানাং বিষমা পূজা বিষমানাং সমা তথা। ক্রিয়তে যেন দেবোহপি স্বপদান্ত শ্যতে হি সঃ॥
> (কুখামুভমহার্ব ২১৭ লোক)

খিনি সমব্যক্তির বিষম পূজা এবং বিষম ব্যক্তির সমান পূজা করেন, তিনি দেবতা হইলেও স্বপদন্রপ্ত হইয়া থাকেন।

ঊনত্রিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ

ন হাপুণ্যবতাং লোকে মূঢ়ানাং কুটিলাত্মনাম্। ভক্তিৰ্ভবতি গোবিন্দে স্মরণং কীর্ত্তনং তথা॥

(কুফাম্ভমহার্ণ ৩৭ শ্লোক)

এই পাপপূর্ণ সংসারে কুটিলান্তঃকরণ মূঢ়ব্যক্তিরা গোবিন্দে ভক্তি প্রাপ্ত হয় না এবং তন্নাম স্মরণ ও কীর্ত্তন করিতে পারে না।

নামকার্ত্তন—

যদভার্চ্চ্য হরিং ভক্ত্যা কুতে বর্ষশতৈরপি। ফলং প্রাপ্নোতি বিপুলং কলো সঙ্কীর্ত্ত্য কেশবম্॥ কুঞ্চায়তমহার্থর ৬২ শ্লোক)

মানব সত্য যুগে শত-শত বর্ষ হরিকে ভক্তিপূর্কক অর্জন করিয়। যে বিপুল ফল প্রাপ্ত হয়, কলিযুগে 'কেশব'-নাম-কীর্ত্তন-দারা সেই ফল প্রাপ্ত হইয়া থাকে।

হে জিহেব! মম নিঃস্নেহে হরিং কিং নামুভাষসে।
হরিং বদস্ব কল্যাণি সংসারোদ্ধিনোর্হরিঃ॥
(কৃষণমূত্মহার্ব ৭০ লোক)

হে আমার রসশৃত্য জিহেব! কেন তুমি হরিনান করিতেছ না? হে কল্যাণি! হরিনাম কর; কারণ, সংসার-সমুদ্র পার হইবার নৌকা-স্বরূপ একমাত্র হরিই আছেন।

বাঁহার জিহ্বাত্রে "হরি" এই অক্ষরদম বর্ত্তমান আছে, তাঁহার কুরুক্ষেত্র, কাশী এবং পুন্ধর প্রভৃতি তীর্থস্থানের দারা কি লাভ হইবে ?

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

ভক্তিমানের জন্মসাফল্য-

স নাম স্থকৃতী লোকে কুলং তেনাভ্যলঙ্কতন্। আধারঃ সর্ববভূতানাং যেন বিষ্ণুঃ প্রসাদিতঃ॥

(কুঞামৃতমহার্ণব (লোক)

এই সংসারে যিনি ভগবান্ বিষ্ণুকে প্রসন্ন করিয়াহেন, তিনিই স্থান্থতী (বিদ্বান্) এবং তৎকর্ত্ত্বই কুল অলম্বত হইয়া থাকে ও তিনিই নিখিল প্রাণিগণের আশ্রয়স্বরূপ।

হৃদি রূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরে:।
পাদোদকঞ্চ নির্মাল্যং মস্তকে যস্ত সোহচ্যুতঃ॥
(কুঞ্চামূভমহার্থ ৪৪ শ্লোক)

ু থাঁহার হৃদরে হরির রূপ, মুথে হরিনাম, উদরে হরির নৈবেদ্য, মস্তকে হরির পাদোদক এবং নির্দ্যাল্য বর্ত্তমান, তিনি বিষ্ণুর অভিন্ন-স্বরূপ।

> অসারে খলু সংসারে সারমেকং নিরূপিতম্। সমস্তলোকনাথস্থ সারমারাধনং হরেঃ॥

> > (কুফামুভমহার্ব ৭৩ লোক)

এই অসার সংসারে ইহাই একমাত্র সার নিরূপিত হইয়াছে যে, সকল-লোকনাথ হরির আরাধনাই শ্রেষ্ঠ কার্য্য।

ষস্ত বিষ্ণুপরে। নিত্যং দৃঢ়ভক্তিজিতেন্দ্রিয়:।
স্বগৃহেহপি বসন্যাতি তদিফোঃ পরমং পদম্॥ শঙ্করঃ
(কুঞামূভমহার্ণব ৭৫ লোক)

্র ব্যক্তি নিত্য বিষ্ণুপরায়ণ এবং বিষ্ণুতে দৃঢ়ভক্তি ও জিতেন্দ্রিয়, তিনি গৃহে বাস করিয়াও বিষ্ণুর পরমপদ প্রাপ্ত হইয়া থাকেন।

উনত্রিংশ-অধ্যায়—শ্রীমন্মধ্বাচার্য্যের উপদেশ আম্ফোটয়স্তি পিতরঃ প্রনৃত্যন্তি পিতামহাঃ। বৈফবোহস্মৎকুলে জাতঃ স নঃ সন্তারয়িষ্মতি॥ (কৃষামৃতমহার্থব ২২৮ শ্লোক)

"আমাদের বংশে বৈষ্ণব জন্মগ্রহণ করিয়াছেন, তিনি আমাদিগকে উদ্ধার করিবেন" পরদোকে বৈষ্ণবের পিতৃপুরুষ এই বলিয়া আক্ষোটন এবং পিতামহগণ নৃত্য করিতে থাকেন।

হরি-স্মরণ—

কৃতে পাপেহনুতাপো বৈ যস্ত পুংসঃ প্রজায়তে। প্রায়শ্চিত্তম্ভ তস্তোক্তং হরিসংস্মরণং পরম্। ব্রহ্মা (কুফামূভমহার্ণব ৩৬ শোক)

কৃত পাপের অনুতাপ যাহার উপস্থিত হইয়াছে, এই প্রকার পুরুষের সম্যগ্রূপে (প্রবণকীর্ত্তনমুখে) হরির শ্বরণ করাই সেই পাপের প্রায়শ্চিত্তরূপে বিহিত হইয়াছে।

মন্ত্রের দ্বারা সংস্কৃত হবিঃ যে-প্রকার হুতাশনে প্রবিষ্ট হয়, তদ্ধপ হাঁহার।
ক্বিষ্টামূরক্ত ও অমুক্ষণ ক্বফচিন্তাপরায়ণ এবং তদ ভাবে ভাবিত ও তদ্গতচিত্তে অবস্থান করেন; তাঁহাদের দেহ ক্বঞ্চ হইতে ভিন্ন হইলেও তাঁহারা
ক্বিষ্ণ প্রবিষ্ট হইয়া থাকেন।

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

সা হানিস্তন্মহচ্ছিদ্রং সা চান্ধ-জড়মূকতা। যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাস্থদেবো ন চিস্ত্যতে॥

(কৃষ্ণামৃতমহার্ব ৪৮ ল্লোক)

যে মুহূর্ত্ত অথবা যে ক্ষণে বাস্থদেব-চিন্তা না করা হয়, সেই মুহূর্ত্ত ও সেই ক্ষণই অনিষ্টকর এবং সেইটাই মহচ্ছিদ্রস্বরূপ ও তাহাই অন্ধতা, জড়তা এবং মূকতা।

মুক্তের গতি—

যথাসক্ষল্ল-ভোগাশ্চ চিদানন্দশরীরিণঃ।
জগৎস্ফ্যাদিবিষয়ে মহাসামর্থ্যমপ্যতে।
যথেফশক্তিমন্তশ্চ বিনা স্বাভাবিকোত্তমান্॥
অনন্যবশগাশ্চৈব বৃদ্ধিহ্লাসবিবর্জ্জিতাঃ।
দুঃখাদিরহিতা নিত্যং মোদন্তেহবিরতং স্থখম্।।
(অণুভাষ্য, ৪র্থ জঃ ৪র্থ পাঃ, ৬-৭ শ্লোক)

শ্রেষ্ঠ মানব ও উত্তম দেবগণ মুক্তদশার চিদানন্দশরীরযুক্ত হইয়া (জনাদ্র্নির সহিতই) যথাভিল্বিত ভোগ-বিশিষ্ট হন; জগৎপৃষ্টি প্রভৃতি ব্যাপারে মহা-সামর্থ্য থাকিলেও তাঁহারা নিজেরাই স্বয়ং যথেষ্ট শক্তিশালীও বটেন; স্বভাবতঃই উত্তম মুক্ত পুরুষগণ ব্যতীত তাঁহারা অস্তান্ত নিরুষ্ট বা কনিষ্ঠ পুরুষগণের বশগামী নহেন এবং আনন্দ্রনিষয়ক-হ্রাস-বৃদ্ধি-বিহীন ও প্রাক্কত ছঃখ-স্থখ-রহিত হইয়া নিত্যকাল নিরব-চিছর স্থখ অনুভব করেন।

মীত্রীগুরুগোরাকো জয়তঃ

প্রিশিষ্ট শ্রীমদদ্বাদশ-স্থোত্রম

প্রথমাধ্যায়ঃ

বন্দে বন্দ্যং সদানন্দং বাস্তুদেবং নিরঞ্জনম্।
ইন্দিরাপতিমাতাদি-বরদেশ-বরপ্রদম্॥ ১॥
নমামি নিখিলাধীশ-কিরীটাস্বফ্ট-পীঠবং।
হত্তমঃশমনেহর্কাভং শ্রীপতেঃ পাদপঙ্কজম্॥ ২॥
জাসুনদাস্বরাধারং নিতন্তং চিন্ত্যমীশিতুঃ।
স্বর্ণমঞ্জরী-সংবীতমারুচ্ং জগদস্বয়া॥ ৩॥

যিনি ব্রহ্মপ্রমুখ বরদেশ্বরগণের প্রতিও বরপ্রদ এবং নিখিল লোকের বন্দনীয়, সেই কমলাপতি স্দানন্দময় পরব্রহ্ম শ্রীবাস্থদেবকে বন্দনা করি॥ ১॥

স্নামি ভক্তগণের হৃদয়-তিমির-বিনাশনে স্থ্যপ্রতিম শ্রীহরিপাদপদ্মযুগলকে প্রণাম করি। নিখিল-লোকপালগণ প্রণামকালে নিজ নিজ
কিরীটের অগ্রভাগদারা উক্ত শ্রীপাদপদ্মযুগলের পীঠ বা আসনকে সম্যগ্ভাবে ঘর্ষণ করেন॥ ২॥

জগদীশ্বর শ্রীহরির নিতম্বদেশ সৌবর্ণবসনাবৃত, স্বর্ণমঞ্জরী-পরিবেষ্টিত এবং জগজ্জননী লক্ষ্মীদেবী-কর্তৃক আরুঢ়রূপে চিন্তনীয়॥ ৩॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

উদরং চিন্তামীশস্থ তমুত্বেহপ্যথিলস্তরম্।
বলিজ্রাঙ্কিতং নিত্যমুপ্যুঢ়ং শ্রিইয়েকয়া॥৪॥
স্মরণীয়মুরো বিফোরিন্দিরাবাসমীশিতুঃ।
অনস্তমস্তবদিব ভুজয়োরস্তরং গতম্॥৫॥
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-ধরাশ্চিন্ত্যা হরের্ভুজাঃ।
পীনবৃত্তা জগদ্রক্ষা-কেবলোদ্যোগিনোহনিশম্॥৬॥
সন্ততং চিন্তয়েৎ কণ্ঠং ভাশ্বৎকৌস্তভভাসকম্।
বৈকুণ্ঠস্থাখিলা বেদা উদ্গীর্যুন্তেহনিশং যকঃ॥৭॥
স্মরেচ্চ যামিনীনাথ-সহস্রামিতকান্তিমৎ।
ভবতাপাপনোদীড্যং শ্রীপতের্ম্মুখপঙ্কজম্॥৮॥

তাঁহার উদরভাগ তমু (স্কু), অথচ বিশ্বস্তর, ত্রিবলিচিহ্নযুক্ত এবং একমাত্র শ্রীদেবীকর্ত্ব আলিঙ্গিতরূপে ধ্যেয়॥ ৪॥

শ্রীবিষ্ণুর বক্ষোদেশ ইন্দিরাদেবীর আবাসস্থলীরূপে চিন্তনীয়। উহা স্বরূপতঃ অনন্ত বা অসীম হইলেও ভুজযুগলের মধ্যবতী হইয়া সসীমের স্থায় প্রতীয়মান। ৫॥

শীহরির ভূজ-চতুষ্টয় শভাচক্রগদাপদা-বিভূষিত, পীন (সূল) ও স্থগোলাকার এবং জগতের রক্ষারূপ একমাত্র ক্তো নিরস্তর নিযুক্তরূপে স্থরণীয়॥ ৬॥

শ্রীহরির কণ্ঠদেশ সমুজ্জল কৌস্তভমণিরও সমুদ্রাসক এবং উহা হইতে নিরস্তর নিথিল বেদরাশি উচ্চারিত হইতেছে, ইহা সর্বাণ চিস্তা করিবে॥ १॥

কমলাপতির শ্রীমুথকমল সহস্রতক্তর অতু নকান্তিযুক্ত ও ভবসন্তাপ-বিনাশন এবং নিথিল-লোক-প্রশংসনীয়রূপে ধ্যান করিবে॥৮॥

শ্রীমদ্দাদশ-স্থোত্রম্ — প্রথমাধ্যায়ঃ

পূর্ণনিন্য-স্থথোস্তাসি মন্দস্মিত্রমধীশিতুঃ।

গোবিন্দস্য সদা চিন্ত্যং নিত্যানন্দপদপ্রদম্॥ ৯॥
স্মরামি ভবসন্তাপহানিদামূতসাগরম্।
পূর্ণানন্দস্য রামস্য সামুরাগাবলোকনম্॥ ১০॥
ধ্যায়েদজন্রমীশস্য পদ্মজাদি-প্রতীক্ষিত্রম্।
ক্রভঙ্গং পারমেষ্ঠ্যাদি-পদদায়ি বিমুক্তিদম্॥ ১১॥
সন্ততং চিন্তয়েহনস্তমন্তকালে বিশেষতঃ।
নৈবোদাপুগূর্ণন্ডোহন্তং যদ্গুণানামজাদয়ঃ॥ ১২॥
ইতি প্রথমাধ্যায়ঃ সমাপ্তঃ

্ ভগবান্ শ্রীগোবিন্দের মন্দহাস্ত অদ্বিতীয় পূর্ণস্থথের উদ্ভাসক এবং নিত্যানন্দ-ধামপ্রদ, ইহা সর্বাদা চিন্তা করিবে॥ ১॥

পূর্ণানন্দ-স্বরূপ জগদভিরাম শ্রীহরির অনুরাগময় অবলোকনভঙ্গী আমি স্মরণ করিতেছি। উহা ভবসস্তাপনাশন অমৃতসিন্ধুস্বরূপ॥ ১০॥

শ্রীহরির ভ্রন্থ পারমেঠ্যাদি ভোগ ও মোক্ষ উভয়ই প্রদান করে বলিয়া ব্রন্ধাদি লোকপালগণও তাহার প্রতীক্ষা করেন। ঈদৃশ ভ্রন্তঙ্গ নিরস্তর ধ্যান করিবে॥ ১১॥

ব্রহ্মাদি দেবগণও ঘাঁহার গুণরাশি কীর্ত্তন করিয়া শেষ করিতে পারেন নাই, আমি সেই অনন্তকে নিরম্ভর, বিশেষতঃ অন্তকালে চিন্তা করি॥ ১২॥

অথ দিতীয়োহধ্যায়ঃ

স্থজনোদধি-সংবৃদ্ধিপূর্ণচন্দ্রো গুণার্ণরঃ।

অমন্দানন্দসান্দ্রো নঃ প্রীয়তামিন্দিরাপতিঃ॥ ১॥
রমাচকোরীবিধবে ছফ্ট-দপে দিবহুরে।
সৎপাস্থজন-গেহায় নমো নারায়ণায় তে॥ ২॥
চিদচিস্তেদমখিলং বিধায়াধায় ভুপ্পতে।
অব্যাকৃত-গৃহস্থায় রমাপ্রণয়িনে নমঃ॥ ৩॥
অমন্দগুণসারোহপি মন্দহাসেন বীক্ষিতঃ।
নিত্যমিন্দিরয়ানন্দসান্দ্রো যো নৌমি তং হরিম্॥ ৪॥
বশী বৃশে ন কস্থাপি যোহজিতো বিজিতাখিলঃ।
সর্ববিকর্তা ন ক্রিয়তে তং নমামি রমাপতিম্॥ ৫॥

মান্ কমলাপতি আমাদের প্রতি প্রীত হউন। তিনি সজ্জন-সমুদ্রের সম্বর্জনে পূর্ণচক্র, পরমানন্দ-ঘন এবং নিখিল-সদ্গুণসিকু॥ ১॥

হে দেব! নারায়ণরূপী আপনাকে নমস্কার। আপনি কমলারূপিণী চকোরীর পূর্ণচন্দ্র, ত্রন্তদর্পবিনাশনে বাড়বানল এবং সজ্জনরূপ পথিকগণের বিশ্রামনিলয়॥ ২॥

যিনি চিদচিদ্রূপী নিখিল ভেদের স্থাষ্ট করিয়া তাহা ভোগ করিতেছেন, সেই কমলা প্রণয়ী অব্যক্ত গৃহস্থকে নমস্কার॥৩॥

যিনি পরমোত্তমগুণোৎকর্ষসমন্বিত ও আনন্দঘন এবং ইন্দিরাদেবী মন্দহাস্তসহকারে নিরস্তর যাঁহার প্রতি দৃষ্টিপাত করিতেছেন, সেই শ্রীহরিকে স্তুতি করি॥ ৪॥

যিনি সর্বজগতের বশীকর্তা, সর্বলোকবিজেতা, সর্বকর্তা, স্বয়ং কাহারও দ্বারা বশীভূত, বিজিত বা কৃত নহেন, সেই রমাকান্তকে প্রণাম করি॥ ৫॥

মিদ্দ্বাদশ-স্তোত্ৰম্—দ্বিতীয়োহধ্যায়ঃ

অগুণায় গুণোদ্রেক-স্বরূপায়াদিকারিণে।
বিদারিতারিসজ্থায় বাস্থদেবায় তে নমঃ ॥ ৬॥
আদিদেবায় দেবানাং পতয়ে সাদিতারয়ে।
অনাগুজ্ঞানপারায় নমো বরবরায় তে ॥ ৭॥
অজায় জনয়িত্রেহস্থ বিজিতাখিল-দানব।
অজাদিপূজ্যপাদায় নমস্তে গরুড়ধ্বজ॥ ৮॥
ইন্দিরামন্দদান্দ্রাগ্র্যকটাক্ষপ্রেক্ষিতাত্মনে।
অস্মদিষ্টেক-কার্য্যায় পূর্ণায় হরয়ে নমঃ॥ ৯॥

ইতি দিতীয়োহধ্যায়ঃ সমাপ্তঃ

হে প্রভো! বাস্থদেবরূপী আপনাকে নমস্কার। আপনি স্বয়ং প্রাকৃতগুণসম্পর্কশৃত্য হইলেও আপনার ঈক্ষণহেতুই প্রাকৃত গুণসমূহের বিক্ষোভ অর্থাৎ জগৎস্ষ্টের উদ্দেশে প্রবৃত্তি ঘটিতেছে। আর, আপনি দৈত্যপ্রমুথ রিপুগণের বিদারণ করিয়াছেন॥ ৬॥

দেবগণেরও অধিপতি, আদিদেব, অনাদিঅজ্ঞান বা অবিন্তার পরপারে "অবস্থিত, শত্রুকুলনিস্থদন এবং পরমোত্তম আপনাকে নমস্কার॥ १॥

হে অথিল দানববিজয়িন্! গরুড়ধ্বজ! আপনি স্বয়ং অজ, অথচ এই বিশ্বের জনক এবং ব্রহ্মাদিদেবগণের পূজ্যপাদ। আপনাকে নমস্কার॥৮॥

যাঁহার শ্রীবিগ্রহ ইন্দিরাদেবী মনোহর পরমোত্তম নিবিড় কটাক্ষদ্বারা সর্বাদা নিরীক্ষণ করিতেছেন এবং যাঁহার চরিত আমাদের অভীপ্ত ও অতুলনীয়, সেই পরিপূর্ণস্বরূপ শ্রীহরিকে নমস্কার॥ ১॥

অথ তৃতীয়োহধ্যায়ঃ

কুরু ভুংক্ষ্ব চ কর্ম্ম নিজং নিয়তং হরিপাদবিনম্রধিয়া সত্তম্।
হরিরেব পরো হরিরেব গুরুর্হরিরেব জগৎপিতৃমাতৃগতিঃ॥ ১॥
ন ততোহস্ত্যপরং জগতীডাতমং পরমাৎ পরতঃ পুরুহোত্তমতঃ।
তদলং বহুলোক বিচিন্তনয়া প্রবণং কুরু মানসনীশপদে॥ ২॥
যততোহপি হরেঃ পদসংস্মরণে সকলং হুঘমাশু লয়ং ব্রজতি।
স্মরতস্ত বিমুক্তিপদং পরমং স্ফুটমেষ্যতি তৎ কিমপাক্রিয়তে॥ ৩॥
শৃণুতামলস্ত্যবচঃ পরমং শপথেরিত্মুচ্ছ্রিত-বাহুযুগ্ম্।
ন হরেঃ পরমো ন হরেঃ সদৃশঃ পর্যঃ স তু স্ব্বিচিদাত্মগণাৎ॥ ৪॥

হে জীব! শ্রীহরি-পাদপদ্মে প্রণত-চিত্ত হইয়া সর্বাদা স্থীয় নিয়ত কর্ম্মের অনুষ্ঠান এবং তছচিত ফল ভোগ কর। শ্রীহরিই পরম পুরুষ, শ্রীহরিই গুরু এবং শ্রীহরিই জগতের পিতা, মাতা ও একমাত্র গতি ॥ ১॥

পরাৎপর পুরুষোত্তম শ্রীহরি অপেক্ষা পরমস্তত্য আর কেহ নাই। অতএব বহু পুরুষের ধ্যানে প্রয়োজন নাই, পরস্ত ঈশ শ্রীহরির পদেই চিত্ত আসক্ত কর॥২॥

শ্রীহরির পাদপদ্মরণে যত্ন করিলেও সকল পাপ সত্তর নষ্ট হয়, আর স্মরণ করিলে পরম মুক্তিপদ নিশ্চিতরূপে লব্ধ হইয়া থাকে; অতএব কি জন্ম তাহা পরিহার করিবে ? ৩॥

আমি বাহুযুগল উন্নত করিয়া শপথ-সহকারে এই পরম বিশুদ্ধ সূত্যবাক্য উচ্চারণ করিতেছি, শ্রবণ কর যে—এইরি অপেক্ষা উত্তম বা তাঁহার সমান অপর কেহ নাই; পরস্তু তিনি নিখিল জীবগণ হইতে উত্তম ॥ ৪ ॥

শ্রীমদ্দ্বাদশ-স্তোত্রম্—তৃতীয়োহধ্যায়ঃ

যদিনাম পরো ন ভবেৎ স হরিঃ কথমস্থ বশে জগদেতদভূৎ।
যদিনাম ন তস্থ বশে সকলং কথমেব তু নিত্যস্থাং ন ভবেৎ ॥ ৫॥
ন চ কর্ম্ম বিমা-মল-কালগুণ-প্রভৃতীশমচিত্তন্ম তদ্ধি যতঃ।
চিদচিত্তন্ম সর্ববমসো তু হরি র্যময়েদিতি বৈদিকমস্তি বচঃ॥ ৬॥
ব্যবহারভিদাপি গুরোর্জগতাং ন তু চিত্তগতা স হি চোল্পরম্।
বহবঃ পুরুষাঃ পুরুষপ্রবরো হরিরিত্যবদৎ স্বয়মেব হরিঃ॥ ৭॥
চতুরানন-পূর্ববিমুক্তগণা হরিমেত্য তু পূর্ববদেব সদা।
নিয়তোচ্চ-বিনীচতবৈর নিজাং স্থিতিমাপুরিতি স্ম পরং বচনম্॥ ৮॥

যদি সেই শ্রীহরি সর্বোত্তম না হন, তাহা হইলে এই জগৎ কিরুপে তাঁহার অধীন হইল ? আর ্যদি এই জগৎ তাঁহার বণীভূত না হয়, তাহা হইলে (স্বতন্ত্রতাবশতঃ) নিতা স্থী হয় না কেন ? ৫॥

কর্মা, অবিতা, রাগাদি দোষসমূহ, কাল বা সন্তাদিগুণসমূহ—ইহারা কেহই জগতের নিয়ন্তা নহে; যেহেতু ইহারা জড় পদার্থ। অতএব শ্রীহরিই চিৎ ও অচিৎ সর্ম্বপদার্থের নিয়ন্তা, ইহাই বেদের বচন ॥ ৬॥

জগৎ বা জীবের সহিত ঈশ্বরের ভেদ ব্যবহারিক মাত্র, ইহা জগদ্-গুরু শ্রীব্যাসদেবের চিত্তের অভিপ্রায় নহে। পরস্ক শ্রুতিতে কোনস্থলে অভেদ-প্রায় যে উক্তি রহিয়াছে, তাহা আক্ষেপ মাত্র (পরস্ক সমাধান নহে)। বস্তুতঃ স্বয়ং শ্রীহরি (বেদব্যাস)ই বলিয়াছেন—জীব অনেক এবং শ্রীহরি পরম পুরুষ ॥ ৭॥

চতুমুর্থ প্রম্থ মুক্তপুরুষগণ শ্রীহরিকে প্রাপ্ত হইয়াও সর্বাদা পূর্বের ন্থায় উচ্চ নীচ বিভাগামুযায়ী নিজ নিজ স্থিতিই লাভ করিয়াছেন; ইহাই শাস্ত্রের পরম বাক্য॥৮॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

আনন্দতীর্থ-সন্নান্না পূর্ণপ্রজ্ঞাভিধাযুজা। কৃতং হর্যাষ্টকং ভক্ত্যা পঠতঃ প্রীয়তে হরিঃ॥ ৯॥

ইতি তৃতীয়োহধ্যায়ঃ সমাপ্তঃ

যিনি 'পূর্ণপ্রজ্ঞ'রূপে অভিহিত শ্রীআনন্দতীর্থ-মুনি-বিরচিত শ্রীহরির এই অষ্টক ভক্তি-সহকারে পাঠ করেন, শ্রীহরি তাঁহার প্রতি সম্ভষ্ট হন॥ ৯॥

অথ চতুর্থো২ধ্যায়ঃ

নিজপূর্ণস্থামিত-বোধতমুং পরশক্তিরনন্তগুণঃ পরমঃ।
অজরামরণঃ সকলার্তিহরঃ কমলাপতিরাজ্যতমোহবতু নঃ॥ ১॥
যদস্থপ্তিগতোহপি হরিঃ স্থথবান্ স্থারূপিণমাহুরতো নিগমাঃ।
স্থমতিপ্রভবং জগদস্য যতঃ পরবোধতনুঞ্চ ততঃ স্থপতিম্॥ ২॥
বহুচিত্রজগদ্বহুধা-করণাৎ পরশক্তিরনন্তগুণঃ পরমঃ।
স্থারূপমমুষ্য পদং পরমং স্মরতস্ত ভবিষ্যতি তৎ সততম্॥ ৩॥
সারণেহপি পরেশিতুরস্থ বিভোম লিনানি মনাংসি কুতঃ করণম্।
বিমলং হি পদং পরমং স্মর তং তরুণার্ক-সবর্ণমঙ্গস্থ হরেঃ॥ ৪॥

পরমপুরুষ কমলাপতি পরিপূর্ণজ্ঞানানদ্বিগ্রহ, পরশক্তিবিশিষ্ট, অনস্তগুণ, অজরামর, সকলছঃথহর এবং বন্যপ্রবর। তিনি আমাদিগকে রক্ষা করুন॥ ১॥

যেহেতু শ্রীহরি নিরস্তর বিনিদ্র হইয়াও স্থখালী, অতএব বেদসমূহ তাঁহাকে স্থস্বরূপ বলেন এবং যেহেতু এই জগৎ শ্রীহরির বৃদ্ধিপ্রস্ত, অতএব শ্রুতিগণ নিজপতি:শ্রীহরিকে পরমজ্ঞানমূত্তিরূপে বর্ণন করেন ॥ ২ ॥

বিবিধবৈচিত্যশালী এই জগতের নানাভাবে রচনানিবন্ধন পরমপুরুষ শ্রীহরি অনস্তগুণ ও পরমশক্তিসম্পন্ন। আর তাঁহার ধাম পরম স্থখ-স্বরূপ। যিনি সর্বাদা তাহা স্মরণ করেন, তাঁহার উক্ত ধামপ্রাপ্তি ঘটিয়া থাকে॥ ৩॥

পরমেশ্বর বিভূ শ্রীহরির স্মরণবিষয়ে মলিন চিত্তসমূহ করণ অর্থাৎ সাধনোপকরণ হইতে পারে না। অজ শ্রীহরির পরমপদ বিশুদ্ধ ও তরুণার্কসমন্থাতিরূপেই স্মরণ করিবে॥ ৪॥

į,

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

বিমলৈঃ শ্রুতিশান-নিশাততমৈঃ স্থমনোহসিভিরাশু নিহত্য দৃঢ়ম্।
বলিনং নিজবৈরিণমাত্মতমোভিদমীশমনন্তমুপাস্থ হরিম্॥ ৫॥
স হি বিশ্বস্থজো বিভূশস্তুপুরন্দর-সূর্য্যমুখানপরানপরান্।
স্বজতীডাতমোহবতি হন্তি নিজং পদমাপয়তি প্রণতান্ স্থাবিয়া॥ ৬॥
পরমোহপি রমেশিতুরস্থ সমো ন হি কশ্চিদভূল ভবিষ্যতি চ।
কাচিদগ্রতনোহপি ন পূর্ণ-সদা-গণিতেড্য-গুণামুভবৈকতনোঃ॥ ৭॥
ইতি দেববরস্থ হরেঃ স্তবনং কৃতবান্ মুনিকত সমাদরতঃ।
স্থাতীর্থ-পদাভিহিতঃ পঠত-স্তদিদং ভবতি প্রব্মুচ্চস্থখম্॥ ৮॥
ইতি চতুর্থাধাায়ঃ সমাপ্তঃ

শ্রতি অর্থাৎ শাস্ত্রশ্রবণরূপ শান-প্রয়োগে স্থতীক্ষীকৃত ও নির্মাণতাপ্রাপ্ত উত্তম চিত্তরূপ অসিসমূহদারা সত্তর দৃঢ়রূপে নিজ প্রবল শক্রকে (রাগ-দ্বোদি) সংহার করিয়া আত্মতমোবিনাশক অনন্তস্বরূপ ঈশ্বর শ্রীহ্রির উপাসনা কর॥ ৫॥

তিনি বিশ্বস্থা ব্রহ্মা, শঙ্কর, ইন্দ্র, সূর্য্য প্রভৃতি তদধীন অপর দেবগণকে সৃষ্টি, পালন ও সংহার করেন এবং তাঁহারা উত্তমবৃদ্ধিযোগে প্রণত হুইলে বন্দ্যপ্রবর শ্রীহরি নিজপদ প্রদান করেন॥ ৬॥

এই রমাপতির সম বা তদপেক্ষা উত্তম কেহ হন নাই এবং হইবেন, না। আর বর্ত্তমানকালেও পরিপূর্ণানস্তগুণশালী ও জ্ঞানময়বিগ্রহ শ্রীহরির সমান বা তদধিক কেহ নাই॥ ৭॥

্শ্রীমদাননতীর্থসংজ্ঞক মুনি এইরূপ সমাদরসহকারে পরমদেব শ্রীহরির স্তব রচনা করিয়াছেন। যিনি ইহা পাঠ করেন, তাঁহার নিশ্চিতরূপে পরম স্থ্যশাভ হয়॥৮॥

অথ পঞ্চমাহধ্যায়ঃ

বাস্থদেবাপরিমেয়-স্থধামন্ শুদ্ধ সদোদিত স্থন্দরীকান্ত।
ধরাধরধারণ বেধুর ধর্তঃ সোধৃতি-দীধিতি-বেধুবিধাতঃ ॥ ১ ॥
অধিক বন্ধং রন্ধায় বোধাচ্ছিন্ধি পিধানং বন্ধুরমন্ধা।
কেশব কেশব শাসক বন্দে পাশধরার্চ্চিত্ত শূরবরেশ ॥ ২ ॥
নারায়ণামলকারণ বন্দে কারণ-কারণ পূর্ণ বরেণ্য।
মাধব মাধব সাধক বন্দে বাধক বোধক শুদ্ধসমাধে ॥ ৩ ॥
গোবিন্দ গোবিন্দ পুরন্দর বন্দে ক্ষন্ধ-স্থনন্দন-বন্দিতপাদ।
বিষ্ণো স্থজিষ্ণো গ্রসিষ্ণো বিবন্দে কৃষ্ণ সন্থ্যু-বিধিষ্ণা স্থধুষ্ণো ॥ ৪ ॥

হে বাস্থানেব! হে অপরিমেয়দিব্যপ্রভাব! হে বিশুদ্ধস্বরূপ! হে নিত্যপ্রকাশ! হে স্থন্দরীকান্ত! হে গিরিধর! হে অস্করবিদারক! হে জগদ্ধারণ! হে পর্ম্যস্তোষ্পর ব্রহ্মার মূলপুরুষ॥১॥

হে কেশব! কেশব! শাসক! বরুণ-পূজিত। শূরবরেশ্বর! আপনাকে বন্দনা করি। আপনি জ্ঞানপ্রদানদ্বারা আমাদের প্রবল সংসার-বন্ধন নাশ করুন এবং বিচিত্র মায়িক আবরণ ছেদন করুন॥ ২॥

্হে নারায়ণ! হে বিশুদ্ধ কারণ! হে কারণ-কারণ! হে পূর্ণ!
•হে বরেণ্য! আপনাকে বন্দনা করি। হে মাধব! মাধব! হে সাধক!
হে জগৎপ্রলয়ঙ্কর! হে জ্ঞানপ্রদ! হে শুদ্ধ্যানশীল! আপনাকে বন্দনা করি॥৩॥

হে গোবিন্দ! গোবিন্দ! হে পুরন্দর! হে স্কন্দন-বন্দিত-চরণ! হে বিষ্ণো! হে স্প্রদীল! হে প্রন্যনীল! হে ক্বষণ! হে সজ্জনপীড়ক-বিঘাতক! হে উত্তমধৃতিশীল! আপনাকে বন্দনা করি॥৪॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

মধুসূদন দানবসাদন বন্দে দৈবতমোদিত বেদিত-পাদ।
ত্রিবিক্রম নিজ্রম বিক্রম বন্দে স্থক্রম সংক্রম হুংকৃতবক্ত্র ॥ ৫ ॥
বামন বামন ভামন বন্দে সামন সীমন শামন সানো।
শ্রীধর শ্রীধর শন্ধর বন্দে ভূধর বার্দ্ধর কন্ধর-ধারিন্ ॥ ৬ ॥
হৃষীক্রেশ স্থকেশ পরেশ বিবন্দে শরণেশ কলেশ বলেশ স্থখেশ।
পদ্মনাভ শুভোদ্ধব বন্দে সম্ভূতলোক-ভরাভর ভূরে ॥ ৭ ॥

হে মধুস্বন! হে দৈতাবিনাশন! হে দেবগণানন্দিত! হে স্থপদ-জ্ঞাপক! আপনাকে বন্দনা করি। হে ত্রিবিক্রম! হে নিজ্রমণণীল! হে কিক্রমণীল! হে উত্তমক্রমণীল! হে সংক্রমণণীল! হে হুংক্রতবদন! আপনাকে বন্দনা করি॥ ৫॥

হে বামন! (সজ্জনগণের শুভ ও অসজ্জনগণের অশুভপ্রদ!) হে বামনদেব! হে ভামন! (জ্ঞানাদিপ্রকাশ-প্রাপক!) হে সামন! (সামাভাবপ্রাপক!) হে সামন! (মায়াদারক্ষক!) হে শামন! (শমভাবপ্রাপক!) হে সানো! (সর্বাধার!) আপনাকে বন্দনা করি। হে ত্রীধর! হে মঙ্গলাধার! হে ভূমিধর! হে জ্লধর! হে মুক্তগণের, আপ্রয়! আপনাকে বন্দনা করি॥ ৬॥

হে স্বীকেশ। হে স্থকেশ। হে পরেশ। হে বন্ধাদি শরণা-দেবগণের অধীশ্বর। হে চতুঃষষ্টিকলাধিপতে। হে বলাধিপতে। হে উত্তমস্থপ্রদ। আপনাকে বন্দনা করি। হে পদ্মনাভ। হে কল্যাণাকর। হে লোকভারধারক। হে সর্বধারক। হে বহুরূপ। আপনাকে বন্দনা করি॥ ৭॥

শ্রীমদ্দাদশ-স্থোত্রম্—পঞ্চমোহধ্যায়ঃ

দামোদর দূরতরান্তর বন্দে দারিতপারগ-পার পরস্মাৎ ॥ ৮॥ আনন্দতীর্থমুনীন্দ্রকৃতা হরিগীতিরিয়ং পরমাদরতঃ। পরলোক-বিলোকন-সূর্য্যনিভা হরিভক্তি-বিবর্দ্ধন-শোগুতমা॥ ৯॥ ইতি পঞ্চমোহধ্যায়ঃ সমাপ্তঃ

হে দামোদর! হে অসজ্জনগুর্লভ! হে ভবার্ণবপারগামি-মুক্তগণের আশ্রয়! আপনাকে বন্দনা করি॥৮॥

আনন্দতীর্থমূনি বিরচিতা শ্রীহরির এই স্তুতি পরম আদরে পঠিতা হইলে ইহা বৈকুণ্ঠ-লোক-প্রদর্শনে স্থ্যসদৃশ এবং হরিভক্তিবর্দ্ধনে স্থনিপুণ॥ ৯॥

অথ ষষ্ঠোহধ্যায়ঃ

মৎস্থাকরপ লয়োদবিহারিন্ বেদবিনেতৃ-চতুমু খবন্দ্য
কূর্মস্বরূপক মন্দরধারিন্ লোকবিধারক দেববরেণ্য ॥ ১ ॥
সূকররূপক দানবশত্রো ভূমি-বিধারক যজ্ঞ বরাঙ্গ ।
দেবনৃসিংহ হিরণ্যকশত্রো সর্বভয়ান্তক দৈবতবন্ধো ॥ ২ ॥
বামন বামন মানববেষ দৈত্যবরান্তক কারণরূপ ।
রাম ভৃগুদ্বহ সূর্জ্জিতদীপ্তে ক্ষত্রকুলান্তক শস্তুবরেণ্য ॥ ৩ ॥
রাঘব রাঘব রাক্ষসশত্রো মারুতিবল্লভ জানকীকান্ত ।
দেবকিনন্দন স্থন্দররূপ রুক্মবিনাঞ্চন গোকুলচন্দ্র ।
দেবকিনন্দন স্থন্দররূপ নন্দিতগোকুল বন্দিতপাদ ॥ ৫ ॥
কন্দফলাশন স্থন্দররূপ নন্দিতগোকুল বন্দিতপাদ ॥ ৫ ॥

হে বেদোপদেশক, চতুর্ম্ববন্দা, প্রলয়সলিলবিহারিন্! মৎস্থাদেব ! হে মন্দরধারিন্! লোকধারক। দেববরেণা ! কুর্মদেব ॥ ১॥

হে ভূমি-উদ্ধারক! দানবরিপো! যজ্ঞমূর্ত্তে! বরাহদেব! হে হিরণ্য-কশিপুবিনাশন! দেবগণবন্ধো। সর্বভয়াস্তক! নৃসিংহদেব॥২॥

হে দৈত্যবররিপো! কারণরূপিন্! ব্রন্ধচারিবেশ! বামনদেব! হে শস্ত্বরেণা। প্রবলপ্রতাপ। ক্ষত্রকুলান্তক ভৃগুবংশধর। পরগুরাম॥৩॥ হে মারুতিপ্রাণবল্লভ! রক্ষঃকুল্রিপো! জানকীকান্ত! রাঘবদেব!

হে পাগুববান্ধব, রুক্মিণীবল্লভ, স্থন্দরমূর্ত্তে! দেবকিনন্দন॥ ৪॥

হে রুন্দাবনবিহারিন্! গোকুলানন্দন! পূজিতচরণ! কন্দফল-ভোজিন্! স্থাবিহারিন্! গোকুলচন্দ্র! নন্দকুমার! দেবকিনন্দন॥ ৫॥

শ্ৰীমদ্দাদশ-স্তোত্ৰম্—যঠোহধ্যায়ঃ

ইন্দ্রস্থাবক নন্দকহস্ত চন্দনচর্চিত স্থন্দরীনাথ।
ইন্দীবরোদর-দল-নয়ন মন্দরধারিন্ গোবিন্দ বন্দে॥৬॥
চন্দ্রশতানন কুন্দস্থহাস নন্দিতদৈবতানন্দ স্থপূর্ণ।
দৈত্যবিমোহক নিত্যস্থাদে দেবস্থবোধক বুদ্ধস্বরূপ॥৭॥
ছফ্টকুলান্তক কল্ফিস্বরূপ ধর্ম্মবিবর্দ্ধন-মূল যুগাদে।
নারায়ণামল কারণমূর্ত্তে পূর্বগুণার্ণব নিত্যবিবোধ॥৮॥
স্থ্রতীর্থ-মুনীন্দকৃতা হরিগাথা পাপহরা শুভ-নিত্যস্থার্থা॥৯॥

ইতি ষষ্ঠোহধ্যায়ঃ সমাপ্তঃ

হে ইক্সত্তপালক (অর্জুনের রক্ষক), নন্দকহস্ত, চন্দনচর্চিত, স্নদরীগণনাথ, কমলদলবিলোচন, মন্দরধারিন্! গোবিন্দ! (আপনাকে) বন্দনা করি॥ ৬॥

হে চক্র-শত-স্থবদন! কুন্দ-স্থহাস! দেবগণানন্দন! আনন্দপরিপূর্ণ! দৈত্যবিমোহন! নিত্যস্থাদিসম্পন্ন! দেবগণজ্ঞানপ্রদ! বুদ্ধদেব ॥ १॥

হে তুষ্ঠকুলবিনাশন, ধর্মবর্দ্ধন, সত্যযুগপ্রবর্ত্তক, কন্ধিদেব ! হে নিত্যজ্ঞান, পূর্ণগুণীসিন্ধো ! কারণরূপ ! বিশুদ্ধস্বরূপ ! নারায়ণ॥৮॥

শ্রীমদানন্দতীর্থমুনিবিরচিত এই শ্রীহরিস্তোত্র পাপনাশন-ও নিত্যশুভ-স্থজনক ॥ ৯॥

অথ সপ্তমোহধ্যায়ঃ

বিশ্বস্থিতি-প্রলয়-সর্গ-মহাবিভূতিবৃত্তি-প্রকাশনিয়মাবৃতি-বন্ধ-মোক্ষাঃ।
যস্তা অপাঙ্গলবমাত্রত উর্জ্জিতা সা শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং
নমামি॥১॥

ব্রক্ষেশ-শত্র-রবি-ধর্ম্ম-শশাঙ্কপূর্বব-গীর্বাণ-সন্ততিরিয়ং যদপাঙ্গলেশম্। আশ্রিত্য বিশ্ববিজয়ং বিস্ফলত্যচিন্ত্যা শ্রীর্যৎকটাক্ষবলবত্যজিতং

ধর্মার্থকাম-স্থমতিপ্রচয়ান্তশেষ-সন্মঙ্গলং বিদধতে যদপাঙ্গলেশন্। আশ্রিত্য তৎপ্রণত-সৎপ্রণতা অপীড্যা শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং নমামি॥ ৩॥

যাহার অপাঙ্গভঙ্গীহেতু এই বিশ্বের সৃষ্টি, স্থিতি, প্রলয়, মহা-বিভূতি, বুত্তিসমূহের প্রকাশ, নিয়মন ও আবরণ এবং বন্ধ-মোক্ষ সাধিত হয়, সেই প্রবলা শ্রীদেবী যাহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্বার ॥ ১॥

ব্রন্ধা, শস্তু, ইন্দ্র, সূর্য্য, যম, চন্দ্র প্রভৃতি দেবগণ থাহার অপাঙ্গদৃষ্টির লেশমাত্র আশ্রয় করিয়া এই বিখে উৎকৃষ্টরূপে বিরাজমান, সেই
অচিন্ত্যস্বরূপা শ্রীদেবী থাহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে
নমস্বার॥ ২॥

যাহার অপাঙ্গভঙ্গী আশ্রমপূর্বাক তাঁহার প্রতি প্রণত এবং সজ্জনগণ-কর্ত্ত্বি সম্মানিত পূর্বগণ ধর্মা, অর্থ, কাম ও উত্তম জ্ঞানরূপ অশেব পর্ম-মঙ্গল বিধান করেন, সেই শ্রীদেবী যাহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্কার॥ ৩॥

মিদ্**ৰাদশ-স্তোত্ৰম্—সপ্তমো**হধ্যায়ঃ

ষড়্বর্গনিগ্রহ-নিরস্ত-সমস্তদোষা ধ্যায়ন্তি বিষ্ণুমূষয়ো যদপাঙ্গলেশম্। আশ্রিত্য যানপি সমেত্য ন যাতি তুঃখং শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং নমামি॥ ৪॥

শেষাহিবৈরি-শিব-শত্র-মনুপ্রধান-চিত্রোরু-কর্ম্মরচনং যদপাঙ্গলেশম্। আশ্রিত্য বিশ্বমখিলং বিদধাতি ধাতা শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং নমামি॥ ৫

শক্রোগ্রদীধিতি-হিমাকর-সূর্য্যসূন্যু-পূর্ববং নিহত্য নিখিলং যদপাঙ্গলেশম্ আশ্রিত্য নৃত্যতি শিবঃ প্রকটোরুশক্তিঃ শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং নমামি॥৬॥

কামাদি ষড়্বর্গ-বিজয়হেতু যাঁহাদের সমস্ত দোষ নিরস্ত হইয়াছে এবং যাঁহাদের সঙ্গবশতঃ অপর লোকও তঃথভাগী হয় না, তাদৃশ ঋষিগণ যাঁহার অপাঙ্গভঙ্গী আশ্রয় পূর্বক শ্রীবিষ্ণুর ধ্যানে নিরত, সেই শ্রীদেবী যাঁহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্কার ॥ ৪ ॥

• যে শ্রীদেবীর অপাঙ্গভঙ্গী শেব, গরুড়, শিব, ইন্দ্র ও মর্প্রমুখ পুরুষগণের বিচিত্র মহৎকর্মানুষ্ঠানে প্রেরণা দান করে এবং যে অপাঞ্গভঙ্গী আশ্রয়পূর্বক বন্ধা নিখিল ব্রন্ধাণ্ডের সৃষ্টি করেন, সেই শ্রীদেবী যাঁহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্কার ॥ ৫॥

গাঁহার অপাঙ্গভঙ্গী আশ্রয়পূর্বক প্রকট-মহাশক্তিশালী শিব, ইক্র, স্থা, চক্র ও শনিপ্রমুখ নিখিল বিশ্বের সংহার করিয়া তাণ্ডবরত, সেই শ্রী গাঁহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্বার ॥ ৬॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

তৎপাদপঙ্কজ-মহাসনতামবাপ শর্বাদি-বন্দ্যচরণো যদপাঙ্গলেশম্। আশ্রিত্য নাগপতিরশ্রস্থবৈত্র রাপাং শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং ন্যামি॥ ৭॥

নাগারিরুগ্র-বলপৌরুষ আপ বিষ্ণোর্ব্বাহত্বমুক্তমজবো যদপাঙ্গলেশম্। আশ্রিত্য শক্রমুখদেবগণৈরচিন্ত্যং শ্রীর্যৎকটাক্ষ-বলবত্যজিতং নমামি॥৮॥

আনন্দতীর্থমুনি-সন্মুখ-পঙ্কজোঞ্ সাক্ষাদ্রমাহরিমনঃপ্রিয়মুত্তমার্থম্। ভক্ত্যা পঠত্যজিতমাত্মনি সন্নিধায় যঃ স্তোত্রমেতদভিযাতি তয়োর-ভীষ্টম্॥ ৯॥

ইতি সপ্তমোহ্ধাায়ঃ সমাপ্তঃ

শস্তু প্রমুথ দেবগণেরও পূজাপাদ নাগরাজ হাঁহার অপাঙ্গভঙ্গী আশ্রয়-পূর্বক অপর দেবগণের হল্লভ, শ্রীহরিপাদপন্মযুগলের উত্তম আসন-স্বরূপ হইয়াছেন, সেই শ্রীদেবী ঘাঁহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্বার॥ ৭॥

প্রবল-পৌরুষশালী মহাবেগবান্ শ্রীগরুড় গাঁহার অপাঙ্গভঙ্গী আঁশ্রন-পূর্ব্বক বিষ্ণুর বাহনত্ব লাভ করিয়াছেন, সেই শ্রীদেবী গাঁহার কটাক্ষপাতে বলবতী, সেই অজিতকে নমস্বার ॥ ৮॥

যিনি হৃদয়ে অজিত শ্রীহরির ধানপূর্ব্বক আনন্দতীর্থ মুনিবরের শ্রীমুথবিনির্গত এবং শ্রীদেবী ও শ্রীহরির প্রীতিপ্রদ এই উত্তম-অর্থবিশিষ্ট স্থব পাঠ করেন, তিনি নিজ অভীষ্ট লাভ করেন॥ ১॥

অথ অষ্টমোহধ্যায়ঃ

নন্দিতাশেষ-বন্দ্যোর্য়-বৃন্দারকং চন্দ্রনাচর্চিতোদার-পীনাংসকম্।
ইন্দিরার্চঞ্চলাপাঙ্গ-নীরাজিতং মন্দরোদ্ধারি-বৃত্তোন্ত জ্বাভোগিনম্॥ ১॥
স্প্রি-সংহার-লীলাবিলাস।ততং পুষ্টধাড় গুণ্য-সদ্বিগ্রহোল্লাসিনম্।
গ্রুটনিংশেষ-সংহার-কর্ম্মোগ্রতং হৃষ্টপুষ্টানুশিষ্ট-প্রজাসংশ্রুষম্॥ ২॥
উন্নতপ্রার্থিতাশেষসংসাধকং সন্নতালোকিকানন্দদ-শ্রীপদম্।
ভিন্ন-কর্ম্মাশর-প্রাণিসংপ্রেরকং তন্নকিন্নেতি বিদ্বৎস্থমীমাংসিতম্॥ ৩॥
বিপ্রমুখ্যেঃ সদা বেদবাদোন্মুখৈঃ স্থপ্রতাপেঃক্ষিতীন্দ্রেখরৈশ্চার্চিতম্।
অপ্রতর্ক্যোর্য়-সন্থিদ্ গুণং নির্ম্মলং স্থপ্রকাশাজরানন্দ-রূপং পরম্॥৪॥

থিনি সর্কলোকমান্ত উত্তম দেবগণকেও আনন্দ প্রদান করেন, যাঁহার প্রশস্ত ও স্থূল বাহুমূলদম চন্দন-চর্চিত, যিনি ইন্দিরাদেবীর চঞ্চল-কটাক্ষ-দ্বারা নীরাজিত এবং যাঁহার স্থগোল, পরিপুষ্ট ও উদ্ধীকৃত ভুজ মন্দরগিরির উদ্ধারক॥ ১॥

যিনি স্ষ্টি ও প্রলয়রূপ লীলাবিলাসে ব্যাপৃত, ঐশ্বর্যাদি ষাড্গুণ্যপরিপুষ্ঠ সদ্বিগ্রহের প্রকাশক, ছষ্টগণের নিঃশেষরূপে সংহার-করণে উন্নত এবং ফ্ট-পুষ্ঠ ও অনুগত প্রজাগণের আশ্রয়॥ ২॥

থিনি অশেষ শুভকামনার পরিপূরক, প্রণতগণের অলৌকিক-আনন্দ-প্রদায়ক শ্রীপদশালী, ভিন্নকর্মাশয় অর্থাৎ কর্ম্মবাসনানির্মুক্ত প্রাণিগণের উত্তমগতি-প্রাপক এবং বেদান্তশাস্ত্রে "তন্ন কিং ন" ইত্যাদি বিচারক্রমে বিন্দৃগণকর্ত্বক স্থমীমাংসিত॥ ৩॥

যিনি বেনবিচারে স্থানিপুণ উত্তম-বিপ্রগণ ও মহাপ্রতাপশালী রাজরাজেশ্বরগণ-কর্তৃক অর্চিত, অচিস্ত্য-মহাজ্ঞানগুণ-সম্পন্ন, পরম-বিশুদ্ধ এবং পরম-প্রকাশনীল বৈকুণ্ঠানন্দস্বরূপ পরম-পুরুষ ॥ ৪ ॥

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

অত্যয়ো যস্ত কেনাপি ন কাপি হি প্রত্যয়ো যদ্ গুণেষ ত্রমানাং পরঃ
সত্যসম্বল্প একো বরেণ্যো বশী সত্যসুন্ধঃ সদা বেদবাদোদিতঃ ॥ ৫ ॥
পশ্যতাং দুঃখসন্তান-নির্ম্মূলনং দৃশ্যতাং দৃশ্যতামিত্যজেশার্চিত্র নশ্যতাং দূরগং সর্বদাপ্যাত্মগং বশ্যতাং স্বেচ্ছয়া সজ্জনেষাগতম্ ॥৬॥
অগ্রজং যঃ সসজ্জাজমগ্র্যাকৃতিং বিগ্রহে যস্ত্য সর্বের গুণা এব হি ।
উগ্র আত্যোহপি যস্তাত্মজাগ্রাত্মজঃ সদ্গৃহীতঃ সদা যঃ পরং দৈবতম্ ॥
অচ্যতো যো গুণৈনিত্যমেবাখিলৈঃ প্রচ্যুতোহশেষদোধেঃ সদা পূর্ত্তিতঃ
উচ্যতে সর্ববেদোরুবাদেরজঃ স্বার্চিতো ব্রহ্মরুদ্রেন্দ্রপূর্বিরঃ সদা ॥৮॥

গাঁহার কোনকালেই কোনরূপেই বিনাশ নাই, গাঁহার গুণসমূহে উত্তম পুরুষগণের পরম বিশ্বাস, যিনি সত্যসঙ্কল্ল, অদ্বিতীয়, বরেণ্য ও স্বতন্ত্র এবং সত্যপ্রেরিত পুরুষগণ-কর্ত্তৃক সর্বাদা বেদবিচারমুথে পরিকীর্ত্তিত ॥ ৫॥

থিনি দর্শনকারিগণের সর্বাহ্ণথ বিনাশ করেন, যিনি ব্রহ্মা ও শঙ্কর-কর্তৃক পরমদর্শনোৎকণ্ঠাভরে অর্চিত হ'ন এবং যিনি আত্মবিনাশনীল জনগণের অগোচর, নিত্যকাল স্বপ্রতিষ্ঠ ও স্বেচ্ছাক্রমে সজ্জনগণের বশ্যতাপ্রাপ্ত ॥ ৬॥

যিনি ব্রহ্মাণ্ডের অগ্রজাত উত্তমাক্বতি ব্রহ্মাকে স্পষ্ট করিয়াছেন, বাঁহার শ্রীবিগ্রহে দর্বাগুণই বিরাজমান, আদিদেব শ্রীকৃত্তও বাঁহার পুত্রের জ্যেষ্ঠপুত্র এবং যিনি নিরস্তর সজ্জনগণের জ্ঞাত বা লব্ধ পরমদেব ॥ ৭॥

অশেষদোষনির্দ্দুক্ত যিনি নিথিশগুণসমূহ-দারা নিতাকাল পরিপূর্তি-নিবন্ধন দর্ম্বদা অচ্যুতস্বরূপ, যিনি নিথিশবেদগণের উত্তমবিচারে 'অজ' নামে কীর্ত্তিত এবং ব্রহ্মা, রুদ্র ও ইক্রপ্রমূথ দেবগণ-কর্তৃক নিতা পূজিত ॥৮॥

শ্ৰীমদ্দাদশ-স্তোত্ৰম্—অফ্ৰমোহধ্যায়ঃ

ধার্যতে যেন বিশ্বং সদাজাদিকং বার্য্যতেহশেষত্বঃখং নিজধ্যায়িনাম্ পার্য্যতে সর্বমনৈত্যর্থদাহপার্য্যতে কার্য্যতে চাখিলং সর্ববভূতিঃ সদা ॥৯॥ সর্ববপাপানি যৎসংস্মৃতেঃ সংক্ষয়ং সর্ববদা যান্তি ভক্ত্যা বিশুদ্ধাত্মনাম্ ॥ শর্বব-গুর্বাদি-গীর্বাণ-সংস্থানদঃ কুর্বতে কর্ম্ম যৎপ্রীতয়ে সজ্জনাঃ ॥ অক্ষয়ং কর্ম্ম যম্মিন্ পরে স্বর্পিতং প্রক্ষয়ং যান্তি ত্বঃখানি যমামতঃ। অক্ষরো যোহজরঃ সর্ববদৈবামৃতঃ কুক্ষিগং যস্ম বিশ্বং সদাজাদিকম্ ॥ নক্ষতীর্থোক্র-সমামিনো নন্দিনঃ সন্দধানাঃ সদানন্দদেবে মতিম্ । মন্দহাসাক্রণাপাঙ্গ-দত্তোম্বতিং নন্দতাশেষ-দেবাদির্নদং সদা ॥ ১২ ॥

ইতি অষ্টমোহধ্যায়ঃ দমাপ্তঃ

খিনি চতুর্শা খ-প্রমুখ সকলকে চিরকাল ধারণ করেন, নিজ্ধ্যানরতগণের অশেষ তৃঃথ বারণ করেন, অপরের পরিত্যক্ত অসাধ্য কর্মের সাধন করেন এবং ভূতগণদ্বারা সর্বাদা বিশ্বস্থি করেন॥ ৯॥

ভজনশুদ্ধচিত্ত পুরুষগণের সর্কবিধ পাপরাশি থাহার স্মরণে সর্কাদা বিনষ্ট হয়, যিনি শিব-বৃহস্পতি-প্রমুথ দেবগণের স্থিতিপ্রদ এবং যাঁহার প্রীতির জন্ম সজ্জনগণ সর্কাকর্মের অমুষ্ঠান করেন॥ ১০॥

• যে পরমপুরুষে সম্যগ্ভাবে অর্পিত হইলে কর্মসমূহ অক্ষয় হয়, গাঁহার নামোচ্চারণে তঃখরাশি বিনষ্ট হয়, যিনি নিত্যকাল অজর অমৃত অক্ষয়বস্তু এবং চতুর্ম্মুখাদি এই বিশ্ব সর্বাদা গাঁহার কুক্ষিগত॥ ১১॥

হে মানবগণ! আপনারা 'আনন্দতীর্থ' এই উত্তমনামধারী ব্যক্তির আনন্দদায়ক হইয়া (সেই) সদানন্দময় দেব শ্রীহরির প্রতি মতি ধারণপূর্বক তদীয় মৃত্হাশুবিমিশ্রিত অরুণ-কটাক্ষপাতদ্বারা প্রদন্ত উন্নতির অধিকারী দেবাদি অশেষ জীবগণকে সর্বাদা আনন্দিত করুন॥ ১২॥

অথ নবমোহধ্যায়ঃ

অতিমত তমোগিরি-সমিতিবিভেদন পিতামহভূতিদ গুণগণনিলয়।
শুভত্তম-কথাশ্রায় পরম সদোদিত জগদেক-কারণ রাম রমারমণ॥১॥
বিধি-ভবমুখ-স্থর-সতত-স্থবন্দিত রমামনোবল্লভ ভব মম শরণম্॥ ২॥
অগণিতগুণগণময়-শরীর হে বিগত-গুণেতর ভব মম শরণম্॥ ৩॥
অপরিমিতস্থনিধি-বিমলস্থাদেহ হে বিগতস্থাখেতর ভব মম শরণম্॥৪॥
প্রচলিত-লয়জলবিহরণ শাশত স্থাময় মীন হে ভব মম শরণম্॥ ৫॥
স্থার-দিতিজ-স্থালবিলুলিত-মন্দরধর পর কূর্ম্ম হে ভব মম শরণম্॥৬॥

হে অতিপূজিত! অজ্ঞানগিরিপক্ষ-ভেদন! চতুর্মু থৈশ্বর্যা প্রদ! গুণগণনিলয়! প্রম্মঙ্গলকথাশ্রয়! নিতাপ্রকাশ! জগদেককারণ! র্মাকান্ত! প্রম্পুর্ষ! রাম ॥ ১॥

হে ব্রহ্মশঙ্করাদিস্করগণ-নিত'-বন্দিত! রমাহ্নদয়বল্লভ! আপনি আমার আশ্রয় হউন॥ ২॥

হে অগণিতগুণগণময়বিগ্রহ! সর্বদোষবিনির্ম্মুক্ত! আপনি আমার আশ্রয় হউন॥ ৩॥

হে অপরিমিত স্থাশ্র-বিশুদ্ধবিগ্রহ! সর্বহঃথবিনিশ্মুক্ত! আপনি আমার আশ্রয় হউন॥ ৪॥

হে তরঙ্গিত-প্রলয়সলিল-বিহারিন্! নিত্যস্থময়! মীনবর! আপনি আমার আশ্রয় হউন॥ ৫॥

হে স্থরাস্থর-সৈত্য-কশ্পিত-মন্দর-গিরিধর ! পরমপুরুষ ! কুর্মা ! আপনি আমার আশ্রয় হউন ॥ ৬॥

শ্রীমদ্দ্বাদশ-স্তোত্রম্—নবমোহধ্যায়ঃ

সগিরিবর-ধরাতলবহ স্থাস্কর পরমবিবাধ হে ভব মম শরণম্॥ ৭॥ অতিবল-দিতিস্তত-ক্রদয়-বিভেদন জয় নৃহরে ভব মম শরণম্॥ ৮॥ বিলিমুখ-দিতিস্থতবিজয়-বিনাশন জগদবনাজিত ভব মম শরণম্॥ ৯॥ অবিজিত কুনৃপতিসমিতি-বিখণ্ডন রমাবর বীরপ ভব মম শরণম্॥ ১০॥ খরতর-নিশিচর-দহন পরামৃত রঘুবর মানদ ভব মম শরণম্॥ ১১॥ স্থললিত-তন্তুবর বরদ মহাবল যতুবর পার্থপ ভব মম শরণম্॥ ১২॥ দিতিস্থতমোহন বিমলবিবোধন পরগুণ বুদ্ধ হে ভব মম শরণম্॥ ১০॥

হে পর্বত-ধরাতলোদ্ধারক! পরমজ্ঞানময়! মহাবরাহ! আপনি আমার আশ্রয় হউন॥ १॥

হে মহাবল-দৈত্যরাজ-হৃদয়বিদারক! নৃসিংহ! আপনার জয় হউক। আপনি আমার আশ্রয় হউন॥৮॥

হে বলি-প্রমুথ দানববিজয়বিনাশন! জগৎপালক! অজিত! ব্যামন!) আপনি আমার আশ্রয় হউন।। ১॥

হে অপরাজিত! গুষ্টক্ষত্রমণ্ডল-বিনাশন! রমাকান্ত! বীরপালক! (ভিগুরাম!) আপনি আমার আশ্রয় হউন॥ ১০॥

হে প্রবলনিশাচর-বিনাশন! পরমামৃতস্বরূপ! মানদ! রযুবর! আপনি আমার আশ্রয় হউন॥ ১১॥

হে স্থললিত-পরমবিগ্রহ! বর্দ! মহাবল! পার্থপালক! যহ্বর!

﴿ জ্রীকৃষ্ণ) আপনি আমার আশ্রয় হউন॥ ১২॥

হে অসুরবিমোহন! বিমলবিজ্ঞানময়! প্রমগুণ! বৃদ্ধ! আপনি আমার আশ্রয় হউন॥ ১৩॥

বৈষ্ণবাচার্য্য শ্রীমধ্ব

কলিমল-হুত্বহ স্থুভগ-মহোৎসব শরণদ কল্কীশ হে ভব মম শরণম্ ॥
অখিলজনি-বিলয় পরস্থুখকারণ পরপুরুষোত্তম ভব মম শরণম্ ॥১৫॥
ইতি তব মুতিবর-সত্তরতের্ভব স্থশরণমুরুস্থুভীর্থমুনের্ভগবন্ ॥১৬॥
ইতি নবমোহধ্যায়ঃ সমাপ্তঃ

হে কলিপাপদহন! সজ্জনানন্দন! শরণদায়ক! কলিদেব! আপনি আমার আশ্রয় হউন॥ ১৪॥

হে সর্বাস্থারকর ! পরমস্থাকারণ ! পরমপুরুষোত্ম ! আপনি আমার আশ্রয় হউন ॥ ১৫॥

হে ভগবন্! আপনি আপনার ঈদৃশ উত্তমস্তৃতিবিষয়ে নিত্যামুরক্ত আনন্দতীর্থমুনির পরমাশ্রয় হউন॥ ১৬॥

অথ দশমোহধ্যায়ঃ

অবন শ্রীপতিরপ্রতিরধি কেশাদিভবাদে।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১॥
স্থরবন্দ্যাধিপ সদ্বর ভরিতাশেষগুণালম্।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ২॥
সকলধ্বান্তবিনাশক পরমানন্দস্থধাহো।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৩॥
ক্রিজগৎপোত সদার্চিত-চরণাশাপতিধাতো।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৪॥

হে জগৎপালন! শঙ্করপ্রমুথ সৃষ্টির আদিকারণ! করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি শ্রীপতি, আপনার প্রতিযোদ্ধা কেহ নাই। আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥১॥

হে স্থরগণ-বন্দনীয় ! অধীশ্বর ! সহত্তম ! পরিপূর্ণ-সকল-গুণালক্কত !
, কর্মণাপূর্ণ ! বরপ্রদ ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন
কর্মন ॥ ২ ॥

° হে নিখিলধ্বাস্তবিনাশন! পরমস্থামৃতহবনকারিন্! করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ৩॥

হে ত্রিলোকপোত (ত্রিলোকের উদ্ধারক নৌকাস্বরূপ)! নিত্যপূজিত-পদ! দিক্পালগণধারক! করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবনীয় চরিত জ্ঞাপন করুন॥ ৪॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

ত্রিগুণাতীত বিধারক পরিতো দেহি স্থৃভক্তিম্।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৫॥
শরণং কারণ-ভাবন ভব মে তাত সদালম্।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৬॥
মরণ প্রাণদ পালক জগদীশাব স্থৃভক্তিম্।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৭॥
তরুণাদিত্য-সবর্ণক-চরণাজ্ঞামলকীর্তে।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৮॥
সলিল-প্রোণ্থ সরাগক-মণিবর্ণোচ্চ-নখাদে।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ৯॥

হে ত্রিগুণাতীত। হে পরমধারক। আপনি সর্বতোভাবে উত্তমভক্তি প্রদান কঞ্চন। তে করুণাপূর্ণ। বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ৫॥

হে প্রভো! সর্বকারণকারণ! আপনি সর্বাদা আমার স্থারণ হউন। হে করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ৬॥

হে মৃত্যুরূপ! হে প্রাণদ! হে পালক! হে জগদীশ! আমার' উত্তমভক্তি রক্ষা করন। হে করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥৭॥

হে নবস্থ্যারুণচরণকমল! বিমলকীর্ত্তে! করুণাপূর্ণ! বর প্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥৮॥

হে সলিল-ধৌত উত্তম রক্তিমাবিশিষ্ট মণির স্থায় সমুজ্জল উন্নত-নথাগ্রযুক্ত! করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ৯॥

শ্রীমদ্দাদশ-স্থোত্তম্—দশমোহধ্যায়ঃ

কজতৃণীনিভ-পাবন বরজ্ঞামিতশক্তে।
করণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১০॥
ইভহস্তপ্রভ-শোভন-পরমোরুস্থলমালে।
করণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১১॥
অসনোৎফুল্ল-স্থপুপ্পক-সমবর্ণাবরণাত্তে।
করণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১২॥
শতমোদোদ্ভব স্থলর বরপদ্মোথিতনাতে।
করণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১০॥
জগদস্বামলস্থলরগৃহবক্ষোবর যোগিন্।
করণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১৪॥

হে অমিতবল! প্রভে।! আপনার উত্তম জঙ্ঘাযুগল পদ্মপুষ্পের তূণযুগলাকার (আধারযুগলসদৃশ) ও পরমপাবন। হে করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১০॥

ত্ করিশুগুসম-পরমমনোহর-উরুযুগল্যুক্ত। করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবনীয় চরিত জ্ঞাপন করুন॥ ১১॥

ুহে প্রভা! আপনার পরিহিত বদন পীতশালতরুর প্রস্টুত • কুস্থমের ভায় বর্ণবিশিষ্ট। হে করুণাপূর্ণ! বর প্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১২॥

হৈ প্রভো! আপনার নাভিদেশে ব্রহ্মার উৎপত্তিস্থানস্বরূপ পর্ম মনোহর পদ্মের উদ্ভব হইয়াছে। হে করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১৩॥

হে প্রভো! আপনার বক্ষো: দশ জগজজননী নক্ষীদেবীর পরমমনোহর বাসগৃহ। হে করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১৪॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

জগদাগৃহক-পল্লবসম কুঞ্জে শরণাদে।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১৫॥
দিতিজান্তপ্রদ চক্র-দরগদাযুগ্বরবাহো।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১৬॥
পরমজ্ঞান-মহানিধিবদন শ্রীরমণেন্দো।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১৭॥
নিখিলাঘোঘ-বিনাশক পরসোখ্যপ্রদদ্ষৌ।
করুণাপূর্ণ বরপ্রদ চরিতং জ্ঞাপয় মে তে॥ ১৭॥
পরমানন্দ-স্থতীর্থ-মুনিরাজো হরিগাথাঃ।
কৃতবান্নিত্যস্থপূর্ণক-পরমানন্দপ্রদেষী॥ ১৯॥
ইতি দশমোহ্যায়ঃ সমাপ্তঃ

হে জগদাবরণপল্লব-সদৃশ। কুঞ্জে আদিশরণ। করুণাপূর্ণ। বরপ্রদ। আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১৫।

হে দৈত্যবিনাশন! চক্রশঙ্খাসদাযুক্ত-ভুজশালিন্! করুণাপূর্ণ! বরপ্রদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১৬॥

হে প্রভা! আপনার শ্রীমুথ পরমজ্ঞানের উত্তম আধার (অর্থাৎ বেদ-' রাশির প্রকাশক), আপনি লক্ষীদেবীর আনন্দ-বর্দ্ধন-চক্রমা। হে করুণাপূর্ণ! বরদ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন॥ ১৭॥

হে নিথিলপাপরাশিবিনাশন ! পরমস্থপ্রদ-দূষ্টে ! করুণাপূর্ণ ! বরপ্রদ ! আপনি আমাকে ভবদীয় চরিত জ্ঞাপন করুন ॥ ১৮॥

নিত্য-স্বপূর্ণ-অদিতীয়-পরমানন্দ-পদপ্রাপ্তির অভিলাষী শ্রীআনন্দতীর্থ মুনিবর এই শ্রীহরিস্ততিগাথা প্রণয়ন করিয়াছেন॥ ১৯॥

অথ একাদশোহধ্যায়ঃ

উদীর্ণমঙ্গরং দিব্যমমৃতস্থান্যধীশিতৃঃ।
আনন্দস্থ পদং বন্দে ব্রেক্ষেন্দ্রাগ্যভিবন্দিতম্॥ ১॥
সর্ববেদপদোদ্গীতমিন্দিরাবাসমৃত্তমম্।
আনন্দস্থ পদং বন্দে ব্রক্ষেন্দ্রাগ্যভিবন্দিতম্॥ ২॥
সর্ববেদবাদিদেবস্থা বিদারিতমহত্তমঃ।
আনন্দস্থ পদং বন্দে ব্রক্ষেন্দ্রাগ্যভিবন্দিতম্॥ ৩॥
উদারমাদরান্নিত্যমনিন্দ্যং স্থন্দরীপতেঃ।
আনন্দস্থা পদং বন্দে ব্রক্ষেন্দ্রাগ্যভিবন্দিতম্॥ ৪॥

জগদধীশ্বর আনন্দময়ের পাদপন্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণকর্তৃক সর্বতোভাবে বন্দিত এবং অজর, দিব্য ও অমৃত-নিয়ান্দিরূপে প্রকাশমান। আমি তাহা বন্দনা করি॥ ১॥

আনন্দময়ের পাদপদ্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণ-কর্ত্বক সর্বত্যোভাবে বন্দিন্ত এবং সমস্ত বৈদিক পদসমূহকর্ত্বক উদ্ঘোষিত ও ইন্দিরাদেবীর উত্তম আবাসস্থল। আমি তাহা বন্দনা করি॥২॥

• সর্বাদেবাদিদেব আনন্দময়ের পাদপদ্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণকর্ত্ত্ব সর্বতোভাবে বন্দিত এবং প্রবলতমোরাশির বিঘাতক।, আমি তাহা বন্দনা করি॥ ৩॥

স্থানিকান্ত আনন্দময়ের পাদপন্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণকর্তৃক সর্বতোভাবে বন্দিত এবং উদার ও অনিন্দনীয়। আমি আদরপূর্ব্ধক সর্বদা তাহা বন্দনা করি॥ ৪॥

বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীমধ্ব

ইন্দীবরোদরনিভং স্তপূর্ণং বাদিমোহদম্।
আনন্দস্ত পদং বন্দে ব্রেক্ষেলাভিত্রন্দিতম্॥ ৫॥
দাতৃ সর্বামরৈশর্য্য বিম্ক্র্যাদেরহো বরম্।
আনন্দস্ত পদং বন্দে ব্রক্ষেলাভিত্রন্দিতম্॥ ৬॥
দূরাদ্যুরতরং যতু তদেবাত্তিকমন্তিকাৎ।
আনন্দস্ত পদং বন্দে ব্রক্ষেলাভভিত্রন্দিতম্॥ ৭॥
পূর্ণসর্ববিত্তশৈকার্ণমনাভন্তং স্থরেশিতঃ।
আনন্দস্ত পদং বন্দে ব্রক্ষেলাভভিত্রন্দিতম্॥ ৮॥
আনন্দতীর্থম্নিনা হরেরানন্দরাপিণঃ।
কৃতং স্তোত্রমিদং পুণাং পঠনানন্দতামিয়াৎ॥ ৯॥
ইতি একাদ্শোহধ্যায়ঃ সমাপ্তঃ

আনন্দময়ের পাদপন্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণ-কর্তৃক সর্কতোভাবে বন্দিত এবং নীলকমল-গর্ভদদৃশ মনোরম, পরিপূর্ণ ও বাদিগণের মোহপ্রদ। আমি তাহা বন্দনা করি॥ ৫॥

আনন্দময়ের উত্তম পাদপন্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণক র্ভৃক সর্বতোভাবে বন্দিত এবং নিথিল দেবগণের ঐশ্বর্যা ও বিমুক্তিপ্রদ। আমি তাহা বন্দনা করি॥ ৬॥

আনন্দময়ের পাদপদ্ম ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণকর্তৃক সর্কতোভাবে বন্দিত এবং দুর হইতেও দূরতর ও নিকট হইতেও নিকটতর। আমি তাহা বন্দনা করি॥ ৭॥

সুরেশ্বর আনন্দময়ের পাদপরা ব্রহ্ম-পুরন্দরাদি দেবগণ-কর্ত্তক সর্বতো-ভাবে বন্দিত এবং পরিপূর্ণ-সর্বান্তণের অদ্বিতীয় সিন্ধু, অনাদি ও অনস্ত॥ ৮॥ আনন্দতীর্থমুনিকর্তৃক বিরচিত আনন্দময় শ্রীহরির এই পবিত্র স্তোত্র পাঠ করিয়া মানব আনন্দরূপতা লাভ করেন॥ ৯॥

অথ দাদশোহধ্যায়ঃ

আনন্দ মুকুন্দারবিন্দনয়ন। ञ्चन्द्रतोमन्द्रित (१)विन्द्र वर्द्य । চন্দ্র-স্থ্রেন্দ্র-স্থ্রন্দিত বন্দে। বৃন্দারকর্ন্দ-স্থবন্দিত বন্দে। মন্দার-সূন-স্থচর্চিত বন্দে। ইন্দিরানন্দক স্থন্দর বন্দে।

আনন্দতীর্থ-পরানন্দ-বরদ ॥ ১॥ আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥ ২॥ আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥ ৩॥ চন্দ্রকমন্দির নন্দক বন্দে। আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥৪॥ আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥ ৫॥ আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥ ৬॥ আনন্দতীর্থ-পরানন্দ-বরদ ॥ १॥

হে আনন্দময়! মৃকুন্দ! কমলনয়ন! হে আনন্দ্তীর্থের পর্মানন্দ-वद्ग थ्राप ॥ > ॥

তে স্থলরীগণাশ্রয়! গোবিল! হে আনন্দতীর্থের প্রমানন্দ্বরপ্রদ! আপনাকে বন্দনা করি॥ ২॥

হে ইন্দ্রন্ত্র-বন্দিত ! হে আনন্দ্রীর্থের প্রমানন্দ্বরপ্রদ ৷ আপনাকে वनना कित्र॥०॥

হে কোটিচক্র-নিবাদ! হে আনন্দর। হে আনন্দর্তীর্থের পর্মানন্দ-বরপ্রদ! আপনাকে বন্দনা করি॥ ৪॥

হে দেবরুন্দবন্দিত! হে আনন্দতীর্থের প্রমানন্দবরপ্রদ! আপনাকে वननां क्रि ॥ ६॥

হে মন্দার-কুস্থম-স্কর্চিত ! হে আনন্দতীর্থের পরমানন্দবরপ্রদ! অপিনাকে বন্দনা করি॥ ७॥

ट् टेन्नित्रानन्मपात्रक! द् यमत्र! द यानम् जीर्थित श्रिभानमः বরপ্রদ! আপনাকে বন্দনা করি॥ १॥

বৈষ্ণবাচার্য্য-শ্রীমধ্ব

মন্দির-স্থান্দক বন্দে। আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥৮॥ আনন্দচন্দ্রিকা-স্থান্দক বন্দে। আনন্দতীর্থ-পরানন্দ-বরদ॥৯॥

ইতি শ্রীমদানন্দতীর্থ-ভগবৎপাদাচার্য্য-বিরচিতে দ্বাদশস্তোত্তে দ্বাদশোহধ্যায়ঃ। গ্রন্থঃ সমাপ্তঃ॥ শ্রীমন্মধ্বান্তর্গতো বাদরায়ণঃ প্রীয়তাম্। ওঁ তৎসৎ

হে হৃদয়মন্দিররথচালক! হে আনন্দতীর্থের পর্মানন্দবরপ্রদ। আপনাকে বন্দনা করি॥৮॥

হৈ আনন্চক্রিকাব্যিন্! হে আনন্দ্তীর্থের প্রমানন্দ্বরপ্রদ! আপনাকে বন্দনা করি॥ ৯॥

ইতি শ্রীমদানন্দতীর্থ ভগবংপাদাচার্য্যবিরচিত শ্রীমদ্'দাদশস্তোত্রে'র গৌড়ীয়ভাষান্তবাদ সমাপ্ত।

বর্ণাত্বক্রমে শ্লোক-সূচী

অ

অকর্ত্তা হৈব কর্ত্তা ২৮।২৪৪। অগ্নিং মাণবকং বদন্তি ২৮।২৬০। অগ্নির্বৈ দেবানাম্ ২৭।২০৫। অগ্নির্বিথেকো ভূবনং ২৭।২০৪। অজ্ঞাত্ম ধ্যায়িনঃ ই৭।২০৮। অতথ্যানি বিতথ্যানি ১১।৭৬। অতঃ পূর্ব্বমিপি স এব ২৮।২৫৪। অতো জলে জলৈকীভাব ২৮।২৫৬। অতোহন্ত্বর্ত্তিনে নিত্যং ২৭।২০৫। অতো বিজ্ঞান-ভক্তিভাাং ২৭।২০৮। অতো বিষ্ণোঃ সর্ব্বোত্তমত্ম ২৮।২৫০। অথেনমাহুঃ সত্যকর্ম্মেতি ২৭।২০০। অনস্তানবত্তকল্যাণগুল ২৭।২০৭। অনন্দা নাম তে লোকা ২৭।২০০। অনাগতা অতীতাশ্চ ২৭।২২১। অনাদিসিদ্ধ-সর্বপুরুষ ২৮।২৪২। অস্ত্যজা অপি যে ভক্তা ২৮।২৬৪। অন্ধং তমঃ প্রবিশন্তি ২৭।২০০। অপরোক্ষ-দৃশের্হেতুঃ ২৮।২৬৫। অবয়ব্যবানাং চ ২৮।২৬১। অভেদঃ সর্ব্বরূপেরু ২৮।২৫৭। অমলা ভক্তিশ্চ তৎসাধনং ২৮।২৬৭। অর্থবিহঃ ব্রহ্মস্ত্রোণাং ২৮।২৭০। অর্থমেশং গবর্ণজ্ঞঃ ২৭।২১০। অন্তবর্ষং ব্রহ্মস্ত্রাণাং ২৮।২৭০। অস্ত্রাম্বর্গনেশং হল।২৬। অস্ত্রাম্বর্গনা ৫।০৪। অস্ত্রাম্বর্গদেভা ২৭।২৬। অস্ত্রাদেভ্রথণ দোষা ২৭।২১৯। অম্বভ্রামিন্দ ৪।১৭। অস্ত্র

আ

আজ্ঞরৈব হরে: ২৭।২২৪। আত্মন্তেব পরং দেবম্ ২৭।২২৫। আনন্দতীর্থনামা স্থময় ১৪।১০২। আনন্দতীর্থ-বিজয়তীর্থে । ২৬।১৮৪। আ-ব্রন্ধ-পর্যান্তম্ ২৮।২৬৩। আরুছ কচ্ছে, ৭ ১১।৮১। আর্জবং ব্রান্ধণে ৯।৬১। আশ্বিজ-শুক্রদশমী ৫।৩০।

ই

ইখং বিচিন্ত্য পরমঃ ২৭।১৯৭। ইদং তে পাত্রং ৪।২২। ইহৈব সম্ভোহথ ২৭।২৩৩।

উ

উৎসন্নামায়ং পুননিরপিয়িতুং ৫।৩৩। উত্তমা মুক্তিযোগ্যাস্ত ২৭।২৩৫ উদকস্তৃদকে সিক্তং ২৮।২৫৪। উন্মধ্ব উর্ম্মির্বননা ৪।১৯।

D

উৰ্দ্ধং বৈকুণ্ঠতোহগম্যং ৩।১৪।

4

ঋগ্যজুঃ সামাথর্কাশ্চ ২৮।২৬৯। ঋগাদয়শ্চ চন্থারঃ ২৮।২৬৯।

এ

একরপঃ পরো বিষ্ণু: ২৮।২৭২। একাদশে পরোক্তে তু ২৮।২৬৪
একো নারায়ণ আসীৎ ২৭।২০৩। একোনাশীতিবর্ষাণি ৫।৩০।
এতসাজ্জায়তে প্রাণো ২৭।২০৪। এতাং সমাস্থায় ১১।৮১। এনং মোহং
স্কাম্যাশু ১১।৭৬। এবমেনঃ শমং ৯।৬২। এবমেব হি জীবোহপি
২৮।২৫৫। এবং প্রকৃতি-বৈচিত্র্যাৎ ২৮।২৪২।

13

ওঁ॥ পঞ্চবৃত্তিঃ ৪।১৫। 'ওঁ সহকারিত্বেন চ ওঁ' ২৮।২৬৬।

ক

কর্মণা বধ্যতে জন্তঃ ২৮।২৬৪। কলো প্রবৃত্তে বৌদ্ধাদি ৫।৩৩। কবির্মনীয়া পরিভূঃ ২৭।২১০। কার্য্যকারণয়োশ্চাপি ২৮।২৬২। কার্য্যতে হবশঃ কর্ম ২৭।২৩৫। কালাচ্চ দেশগুণতোহস্ত ২৭।১৯৩। কালেন নষ্টা প্রলয়ে ২৮।২৪১। কৃষ্ণরামাদিরপেষু ২৭।২০১। কৃষ্ণং সংপূজয়ামাস ৪।২৭। কৃষ্ণো মুক্তৈরিজ্যতে ২৮।২৫৭। কেচিং স্বর্গে মহর্লোকে ২৭।২২৫। কৌমার আচরেৎ ৭।৪৭। ক্রিয়াদেরপি নিত্যস্বং ২৮।২৬২।

গ

গতস্বার্থমিমং দেহং ১১৮২। গর্ভান্তমেষু ব্রাহ্মণমুপনয়েৎ ৯।৫৬। গুরুপরম্পরাগত-সত্পদেশঃ ২৮।২৪১। গুরুপরাগত-সত্পদেশঃ ২৮।২৪১। গুরুপরাগতি-সত্পদেশঃ ২৮।২৪১। গুরুপরাগতি-সত্পদেশঃ ২৮।২৪১। গুরুপরাগতি-সত্পদেশঃ ২৮।২৪১। গুরুপরাগতি-সত্পদেশঃ ২৮।২৪১। গুরুপরাগতি কর্মণা হিলাল বলবান্ ২৮।২৫০। গৃহাশ্রমো জঘনতো ১১।৭৯। গৃহোক্তকর্মণা যেন ৯।৫৭। গোপিকা-প্রণয়িনঃ ২৮।২৭১। গ্রন্থেইটাদশ-সাহস্রঃ ২৮।২৭০।

Б

চতুঃসহূস্রে ত্রিশতোত্তরে ৫।২৯, ৩২। চরণনলিনে দৈতাারাতেঃ ২৬।১৮৪। চিৎস্থবর্ণময়ং দিব্যং ২৭।২০৮। চিদ্রূপায়ামতোহনংশ। ২৮।২৬১।

জ

জাতো মধ্যাহ্ন-বেলায়াং ৫।৩০। জীবানাং গ্লপনান্দুর্গা ২৭।২০৭। জীবেশয়োর্ভিদা চৈব ২৭।২১৩। জীবেশ্বরভিদা চৈব ২৭।২১৫। জ্ঞানপূর্বাঃ পরম্বেহো ২৮।২৬৫। জ্ঞান-সন্ন্যাসিনঃ ১১।৮০।

ত

ভচ্ছক্তৈয়ব তু জীবেষু ২৮।২৬২। তৎপ্রীত্যৈব চ মোকঃ ২৮।২৬৫।

তৎ সাধু মত্যে ৭।৪৬। ততঃ ক লিযুগে প্রাপ্তে ৪।২৭। ততোহপি ভূয়সীং ভক্তিং ২৭।২০৮। ততোহপানস্কগুণিতা ২৭।২২১। 'তত্ত্বমসি' ২৮।২৬০। তত্ত্ব বিক্ষোঃ পুরং ২৭।২০৮। তত্ত্বাপি ক্রমবোণেন ২৭।২২৫। তথাস্তেহপাস্থরাঃ সর্বে ২৭।২২৬। তদশ্য প্রিমন্ ৪।২৪। তদিজ্ঞানার্থং সঃ ১২।৮৯; ২৮।২৬৪। তদ্বিক্ষোঃ পরমং পদং ২৭।২০০। তমেব বিদিছা ২৮।২৬৪। তত্মাদ্বা এতত্মাং ২৭।২০৪। তত্মিন্ তৃষ্টে ১৩।৯৬। তত্মিন্ ত্ম আশ্রমে ১৬।১১১। তম্ম হ বা এতত্ম ২৭।২০৫। তম্ম হৈতত্ম হৃদয়স্থাগ্রং ২৭।২০২। তম্মান্ত ত্মীনি রূপাণি ২৭।২০৭। তৃতীয়মস্থ ঋষভস্থ ৪।২৬। তেন প্রোক্তা স্বপুত্রায় ২৮।২৪২। তেষাং মদন্ত্রথা দৃশ্যং ২৭।২১৯। তে হ ব্রহ্মাণমভিসংপত্ম ২৭।২২৪। ত্রিবিধা জীবসজ্যান্ত ২৭।২১৮। ত্রিশতাব্দের ৫।৩০।

म

দিব্যং জ্ঞানং যতো ৯।৬৪। তৃঃথেহপি তেষামিহ ২৭।২২৬। দৃষ্ট্রা স চেতনগণান্ ২৭।২১৭। দেবকীনন্দন! নন্দকুমার! ২৮।২৭১। দেবর্ষিভূতাপ্ত ১৩।৯৭। দ্বা স্থপর্ণা সযুজা ২৭।২১৫; ২৮।২৬০। দ্বিরূপাবংশকৌ তম্ম ২৭।১৯৬। দ্বে নামী নন্দভার্য্যায়াঃ ২৮।২৭২।

ধ

ধর্মস্ক সাক্ষাৎ ২৮।২৪৪। ধর্মো জগন্নাথাৎ ২৮।২৪৪। ধর্মো ভবত্যধর্মোহপি ২৮।২৬৫।

न

ন কর্মণা বর্দ্ধতে ২৭।২০৫। ন কারয়েৎ পুণ্যম্ ২৭।১৯৯। ন চ জীবে সমন্বয়: ১২৮।২৫৭। ন চ নাশং প্রযাত্যের ২৭;২১৫। ন তত্র সূর্ব্যো ভাতি ২৭।২০০। নমো বাচে নমো ২৭।২০০। ন যত্র মারা কিমুতাপরে ২৮।২৫৭। ন বর্ণনীরং ৩।১৪। ন হি পাপফলং ২৭।২২২। 'নাদেবো দেবমর্চ্চরেৎ ১২।৮৮। নায়মাস্মা প্রবচনেন ২৭।২৩৮। নারায়ণঃ পরঃ ২৭।২০৩। নাস্করাণাং তথা মুক্তিঃ ২৭।২১৮। নাস্তি নারায়ণসমং ২৮।২৫৪। 'নাস্তাক্তঃ ক্তেন'' ২৮।২৬৪। নিত্যানন্দ জ্ঞানবলা ২৭।২১৯। নিত্যো নিত্যানাং ২৮।২৬০। নিংশেষ-ধর্ম-কর্ত্তা ২৮।২৬৫। নিরাক্তর্থুং মুখ্য বায়ুঃ ৫।৩৩। নির্দেহকান্ স ভগবান্ ২৭।২২১। নির্দেহপূর্ণ-গুণবিগ্রহ আত্মন্তন্ত্র ২৭।১৯৩। নেখন্তাবেন হি পরং ২৮।২৪৪।

2

পঞ্চভেদা ইমে নিত্যাঃ ২৭।২১৩। পঞ্চরাত্রং ভারতঞ্চ ২৮।২৬৯।
পরব্যোমেশ্বরস্থ ২৮।২৪২। পরং জ্যোতিরুপসম্পত্ত ২৭।২৩৩। পরাস্থ
শক্তিঃ ২৭।২০৩। পরীক্ষ্য লোকান্ ২৮।২৬৪। পরো মাত্রয়া তয়া
২৭।২০২। পরমানশ্চ বায়ুরিতি ৪।১৭। পূণ্যপাপাদিকং রিফুঃ ২৭।১৯৯।
পূরাণানাং সাররূপঃ ২৮।২৭০। পূর্ণমদঃ পূর্ণমিদং ২৭।২০৫। পূর্ত্ত্যভাবেন
সর্কেরাম্ ২৭।২০৫। পূথগ্ গুণাত্যভাবাচ্চ ২৮।২৬২। পৃৎক্ষো বপুঃ
৪।২৫। প্রকৃতিন্তেন চাবিষ্টা ২৭।২০৬। প্রতি দৃশমিব নৈকধার্কম্
২৮।২৭২। প্রতিবিষাংশকা জীবাঃ ২৭।১৯৬। প্রধ ম্বস্ত মহানে
২৭।২১০। প্রধারা মধ্বো ৪।১৭। প্রাণো ব্রহ্ম কং ২৭।২০৫। প্রায়শো
রাক্ষসাশ্চিব ৫।৩১। প্রারন্ধকর্মনাশে হি ২৭।২২২।

ব

বলিখা তদ্বপুষে ৪।২৪। বায়ুনা ধার্য্যমাণক্ষ ৩।১৪। বায়েদ্বিয়ানি ৪।২৭। বাস্থদেবঃ সংকর্ষণঃ ২৭।২০৫। বাস্থদেবো বা ইদমগ্র ,২৭।২০৩। বাহুভোগান্ ভূঞ্জতে চ ২৭।২০০। বিশ্বস্তে হি তদা ২৭।২২২।
প্রেসবস্তত্যে ২৭।২১১। বিমৃক্তিকালে প্রবিশস্ত্যভীক্ষং ২৭।২০০। বিবিচ্য ব্যলিখৎ ২৮।২৫১। বিশেষস্ত বিশিষ্টস্ত ২৮।২৬২। বিশ্বং সত্যং বশে ২৭।২১১। বিষ্টন্তো দিবো ধরুণঃ ৪।২১। বিক্ষোর্য্য-কং বীর্য্যাণি ২৭।২০২। বিক্ষোর্যশাশ্চ তে সর্ব্বে ২৭।২০০। বৈকুষ্ঠং পরমং ধাম ৩।১৪। ব্রহ্মণা সহ তে সর্ব্বে ২৭।২২৪। ব্রহ্মনস্তাং সরস্বত্যাম্ ১৬।১১১। ব্রহ্ম-মহাভারত ২৮।২৭০। ব্রহ্মা দেবানাং প্রথমঃ ২৮।২৪১। ব্রহ্মাপরোক্ষেহপি ২৭।২২১। ব্রক্ষেশানাদিভির্দৈবিঃ ২৮।২৫৫।

ভ

ভক্তিযোগেন মনসি ১৬।১১১। ভক্তিরেবৈনং নয়তি ২৭।২৩৭; ২৮।২৬৪। ভক্তির্বিষ্ঠো গুরৌ চৈব ২৮।২৬৪। ভক্তিস্থ: পরমোবিষ্ণুং ২৭।২৩৮; (পাঠাস্তর) ২৮।২৬৪। ভক্তার্থান্তথিলান্তোব ২৮।২৬৫। ভক্তার্প্তানং ততা ২৭।২৩৭। ভক্তার্প্তার্প্তান্তর ২৭।২৩৮। ভক্তার্প্তার্প্তান্তর ২৭।২৩৮। ভক্তার্প্তার্প্তান্তর ২৭।২৩৯। ভক্তির তুষ্টিমভ্যেতি ২৮।২৬৫। ভক্তিরব তুষ্টিব ২৮।২৬৫। ভারাক্তারণ পরেরে ভিন্নং ২৮।২৬৫। ভীষাম্মান্বাতঃ পবতে ২৭।২০০। ভুক্ততে পুরুষং প্রাপ্য ২৭।২২৯। ভেদ-ব্যপদেশাচ্চ ২৮।২৫৮ ভেদাভেদৌ চ যঃ ২৭।১৯০। ভোগার্থং স্কৃষ্টিরিত্তান্তো ২৭।২১১।

ম

মংশ্রক্সাদিরপাণাং ২৭।১৯০। মধ্যমা মান্তবা যে তু ২৭।২১৮
মধ্বাচার্য্য-চরগৈরিতি অত্যাদর ২৮।২৫১। মধ্বো বো নাম ৪।২০
মনোমরঃ প্রাণ ২৭।২০৪। মন্দহাস-মৃত্ত্বন্দরাননং ২৮।২৭১। মহা
বুদ্ধিভক্তিস্ত ২৭।২০৮। মহাকুলপ্রহতোহিপি ১৮।১২২। মারাবাদমসজ্যার
১১।৭৭। মাহাত্ম্যজ্ঞানপূর্বস্ত ২৭।২০৬। মিথশ্চ জড়ভেদোহরং ২৭।২১৫
মুক্তস্তোপাসনা কর্ত্ব্যা ২৮।২৫৭। মুক্তা অপি হি কুর্বস্তি ২৮।২৫৭

সুক্তাবানন্দো বিশিষ্যতে ২৮।২৫৯। সুক্তির্নিত্যা তমশ্চৈব ২৭।২১৮।
মুক্তিহিত্বা হি ২৮।২৫৮। মুক্তোহপি জ্বশ: ২৭।২৩৭। মোকং বিষ্ণৃ জিয়ুলাভং ২৮।২৫৮।

যচ্চ কিঞ্চিজ্ঞগৎ সর্বাং ২৭।২০০। যচানুক্লমেত হা ২৮।২৬৯।

যচ্চিকেত স্ত্যমিত্তন্ ২৭।২০০। যতো নারায়ণ ২৮।২৬৪। যতো বা

ইমালি ২৭।২০৪। যত্র ধর্মায় কর্ম ২৮।২৬৭। বত্রানলাক মোলাক

২৭।২০৪। যত্রাম্থহতীরাপস্তত্র ২৭।২০৪। যথা তরোম্ল ১০।৯৬। যথা
রাজ্ঞঃ সহকার্য্যে মন্ত্রী ২৮।২৬৬। যথা শৌক্লাদিকং রূপং ২৮।২৬৫।

যথা সমুদ্রে বহবস্তরঙ্গাঃ ২৮।২৫৬। যথোদকং শুদ্ধে ২৮।২৫৪। যদহরেব

বিরজেৎ ১০।৯৬। যদা পশ্যঃ পশ্যতে ২৭।২০০। যমেবৈষ বৃগুতে তেন

২৮।২৬৪। যশোদাহপি দেবকীত্যুচ্যতে ২৮।২৭২। যশ্য দেবে পরা ভক্তিঃ

১২।৮৯; ২৮।২৬৪। যঃ সর্বাজ্ঞঃ যঃ ২৭।২০০। যঃ স্বকাৎ পরতো ১১।৮২।

যাভিভূতানি ভিন্তত্তে ২৮।২৪২। যো বেদ নিহিতং ২৭।২০৪। যো বৈ
ভূমা ২৭।২০৫।

র

রজো রঞ্জনকর্তৃত্বাদ্রু: ২৭।২০৭। রূপং রূপং প্রতিবিশো ২৭।২০৪।

লোকে ব্যবায়ামিষ ১১।৮০। লৌকিকী বৈদিকী ২৮।২৬৩।

*

শৃথে বীর উগ্রমুগ্রং ২৭।২০৫। শ্রীব্রহ্মরুদ্রসনকা ২৮।২৪৯। শ্রীভাগবত-সম্প্রদায়-প্রবর্ত্তকরূপেণ ২৮।২৪২। শ্রীমধ্বঃ প্রাহ বিষ্ণুং ২৭।১৯১। মধ্বাচার্য্যেরেক ২২।১৫৫। শ্রীমন্মধ্বমতে হরিঃ পরতমঃ ২৭।১৯০। শ্রীভূর্গান্ত্রণী ব্লীশ্চ ২৭।২০৬। শ্রীগত্ত রূপিণু ২৭।২০৮। শ্রীশ্চ ড়ে লক্ষ্মীশ্চ ২৭।২০৫। শ্রোক্রস্থান্তং,মনসঃ ১৩।৯৫।

স

সক্ষ্ণশ্চ স বভূব ২৭।১৯৭। 'সত্যং জ্ঞানম্' ২১।১৪৭। সত্যং সত্যং পুনঃ সত্যং ২৮।২৫৩। স পূর্ব্যঃ পবতে ৪।১৮। সপ্ত স্বস রক্ষীঃ ৪।২০। সমানে বুকে পুরুষো ২৭।২১৫। সম্প্রদায়বিহীনা যে ২৮।২৪৮। সম্প্রদায়ানুরোধেন ২৮।২৪১। সমাগ্ জানম্ভ দেবানাং ২৭।২২০। স ৰথা শকুনিঃ স্তত্ত্বেণ ১৩।৯৪। স যো হ বৈ তৎপর্মং ২৮।২৫৪। মর্বজ্ঞ ঈশ্বরতমঃ স চ ২৭।১৯৪। সর্ব্যোথিল-সচ্ছক্তিঃ ২৭।১৯২। সর্বান্থালিতাদেশঃ ২০।১৩২। সর্বান্থ তদধীনত্বং ২৭।২৩৮। সর্বাং খলিদং ব্রহ্ম ২৮।২৬০। সর্কান্ বধৃন্তি সর্কাশ্চ ২৭।২০৭। 'সর্কে একীভবন্তি' ২৭।২১৪। সর্বে নন্দন্তি যশসাগতেন ২৭।২৩৪। সর্বে বা এতে ৪।১৫। সহস্রশীর্ষং দেবং ২৭।২০৩। স হোবাচ যাজ্ঞবন্ধ্যঃ ১১।৭৮। সাংখ্যং যোগং পাঞ্চপতম্ ২৮।২৬৯। সিংহং নদস্ত ৪।২২। স্থিত্যৈ পুনঃ স ২৭।১৯৮। স্থর্মে বিহিতা শাস্ত্রে ২৮।২৬৩। সৃষ্টি: স্থিভিক্ত ২৭।১৯৪। সোপাধিরত্বপাধিশ্চ ২৭।১৯৬। 'সোহরোদীৎ' ২১।১৪৬। সৌম্যে জগ্রাহ ভগৰান্ ৫।৩০। স্লেহানুবন্ধো যন্তাম্বিন্ ২৭।২৩৯। স্লেহো ভক্তিরিতি প্রোক্ত: ২৭।২৩৮; ২৮।২৬৫। স্বতন্ত্রং পরতন্ত্রঞ্চ ২৭।১৯২। স্বভাবাখ্যা যোগ্যতায়া হঠাখ্যা ২৭।২২২। স্বরূপাংশাংশিনোকৈব ২৮।২৬১। স্বাগমেঃ কল্লিতৈঃ ১১।৭৬। স্বাদিষ্টরামদিষ্টরা ৪।১৬। স্বাভাবিকা গুণাঃ ২৭।২৩৫

শ্ৰীশ্ৰীগুৰুগৌরাঙ্গৌ জয়তঃ

শব্দসূচী

[প্রথম সংখ্যাটি 'অধ্যায়' ও দ্বিতীয় সংখ্যাটি গ্রন্থের পত্রান্ধ-জ্ঞাপক]

ष

ब्यक्क्षांखा १।७६, ७६ ; २६।५१८ অক্ষোভ্যতীর্থ ৫।৩৭; ২৫।১৭৯ অকোভ্যতীর্থ মঠ ২৫।১৭৯ व्यक्तिस्त्राटसम्बद्धम् २४।२४७, २४४, २७३ অচিন্তাভেদাভেদবাদ ২৮।২৫৯ অচিন্ত্যভেদাভেদ-সিদ্ধান্ত ১১।৮৩ ; २७।७६१ : २४।२८४ অচিন্মাত্র-শৃস্থবাদ ১১।৭৫ অটাত গাল? : ১১/৮৮ ৯. অচ্যুতকুল ১।৬১ অচ্যত-গোত্র ১১৮০; ২০।১৩২ अधिक्राक्र कार्य १११२ : १०१३० 24, 24, 200; 281202, 204, 200, ۶۰۴ ، ۵۰۴ ، ۵۰۹ ؛ ۵۴۱۶۶۶ ، ۵۲۵, 248; 4e1298, 29% অচ্যতপ্রেকাচার্য ১৮।১২৫; ২৪।১৬১ पक्षना ७।১১ षान्छायम् ३४।३२६ ; २८।३७३, ३७२ অভ্যন্তাভাব ২৭।২১৬, ২১৭

ज्यशस्त्र ४:२১

অধর্বণোপনিযদ্ভাক্ত ২৪।১৬৯ ष्यनमात्र (१७५ ; ३३।३२७ व्यनमात्र मर्ठ २०।३१७, ३१०, ३४० अप्तिकि शाप व्यदेषञ्चानी २७।३৮६ অদ্বৈতসিদ্ধি ২৬।১৮৫ ष्यदेषञ्जीवर्षा २৮।२४৯, २००, २०२ অধমাধমা (ভক্তি) ২৭৷২৩৫ अधिक व्रवनामां विशः २७।১৮৮ व्यथिटेषव २८।३७४ व्यक्षिरेषवं २४।२८६ অধিপ্ৰজ্ঞা ২৪।১৬৮ অধিভূত ২৪।১৬৮ वार्याक्क ३७।३३२ অধোক্ষ তীর্থ ২১।১৫२ ; २६।১৭৪, 394, 340 व्याचा २८।३७৮ बन्छ २১।১७৯ व्यनखरापर ३७।১১४ ; २১।১७৯ গোস্বামী পরবিত্তাভূবণ অনন্তবাহ্ণেব 595185

चनख-मर्छ ३७।३३२, ३३७; ३१।३३४; खलान ४।३६ 241252

व्यवस्थानन २१।२०२, २२৮

व्यनरस्वत (विक्) ১।७, ६ ; ०।১० ; ७।७४, 0%, 8. 80; pies; 25/pp, pp; 241765 : 291769

व्यनिक्क ३२।४४; २४।२७१; २१।२৯१, 38b, 388, 220, 223

অসুপ্রক্ত ২৫।১৭৯

वायुगांथान १।३७; ३४।३२६; २३।३६०, 302 ; 281242

অনুভাষ্য ১৮।১২৪, ১২৫; ২১।১৫০; २८।४५

অমুমধ্বচরিত (গ্রন্থ) ২।৭; ৫।২৯,৩০

व्यञ्गक्षविक्रयः २७।३৮৪

व्ययूमान २६। ১५७ ; २१। ३३, २७৯, २४०

অমুমানতীর্থ ১৪।১০৩

অমুষ্টুপ্ ২৪।১৬৬

व्यस्त्रीक २१।२२३

व्यष्टः दिन्न ।।२

व्यक्तजीयम २१।२०३

व्यक्तांभिय २१।२३३

অরুময় প্রকরণ ২৪।১৬৮

অস্থেতিভাৰ ২৭/২১৬, ২১৭

অপরাজিত ২৭।২০৮

व्यथरत्रोक २१।२७१

विशक्तिक-छान २४।३७० ; २१।२७२, २७८, २०७; २४।२७७

व्यश्रक्ता २१।२८०

অপ্রাংগুনীত্ব (স্থান) ১৪।১০৬

অবস্তী-দেশ ১১/৮১

व्यवमञ्जूषा ১৯।১००

অব্দারণ্য ১।৪

অভ্যাস ২৭।২৪০

व्ययद्भाव ११३१

व्यमद्राक्त २०१३१४

व्यमला एकि २१।२०५

व्यम्ङ इनि २१।२०२

षञ्जी २१।२०७

অরিভোড়ু ১৷৩

व्यक्तितामि मार्ग २८।১५७ : २१।२७১

षार्क्त्न ३७।३०० ; २०।३७६

व्यर्थवाम २१।२८०

অলকানন্দা ১৬।১১১

অলকার-পূজা ১৯।১৩০

व्यवस्थ ३३।४३

व्यवस्थ-युक्त २८ ১१७

অখিনী ১াত

खाष्ट्र मर्ठ धारक, ७०

অমুদেব ৬।০৯

षाहकात २११२०४, २३०

অহিছত ২।৬

व्यश्चित तम)।२

मक सूठी

আ

व्यक्ति २४।२७४, २१।२७४, २८०
व्यक्तित्रम २।२
व्यक्तित्रम २।२
व्यक्तित्रम् २।२०
व्यक्तित्रमञ्ज्ञ २८।२७
व्यक्तिमञ्ज्ञ २८।२७
व्यक्तिमञ्ज्ञ १८।२४
व्यक्तिमञ्जे १।२० ; ४।०४ ; ३।४८ ;

আল্লাকার্ডীর্থ ৫।৩০; ৬।৩৮; ৯।৬৪; ১৪। ১০২, ১৪।১০৩, ১০৫, ১০৬; ২১।১৪১, ১৪২, ১৪৫; ২৯।১৫৮; ২৮।২৫৯

আনন্দনিধি ২৫।১৭৭
আরার ২৮।২৪১, ২৪২, ২৫২
আরারস্ত্র ২৮।২৬৭
আরবসমূল ১।১
আরবসমূল ১।১
আরব,সাগর ১।২
আরিরলজি ৫।০০
আর্থামী ১১।৮০

আত্রয়-ভত্ত ২৮।২৪৫

ই

ইতারা দেবী ২৪।১৬৬ ইতিহাস ২৭।২৪• ইক্স ১•।৬৯; ১৮|১১৯; ২১।১৩৯, ১৫• ২৭।২০২, ২১৭ ইন্দ্রপত্ত ১১/৮২
ইন্দ্রপথ ২৭/২১১
ইন্দ্রপথ ২৭/১৯৭
ইন্দ্রপথ ২৭/১৯৭
ইন্দ্রপথ ২৪/১৭৩
ইর্পাত (স্থান) ২০/১৩৭
ইন্তরিক (গ্রন্থ) ১৪/১০১

ञ्

ঈশ-প্রত্যক্ষ ২৭।২৩৯
ঈশাবাস্ত-টীকা ২৬।১৮৩
ঈশাবাস্তোপনিষদ্ভাস্ত ২৪।১৬৮
ঈশ্বর ৪।১৯; ২১।১৪৮, ১৪৯; ২৪।১৬৫,
১৬৯; ২৭।১৯০, ১৯২, ১৯৭, ২১২,
২১৩, ২১৪, ২১৬, ২৩১
ঈশ্বরদেব ২০।১৩১
ঈশ্বরপুরী ২৮।২৪৭, ২৪৯, ২৫০, ২৫২

উ

উগ্রায় ৪।২৪
উড়ুপ ১।৪
উড়ুপী ১।২, ৩, ৪, ৫; ৫৩১, ৩২;
১৯।১২৬, ১২৭, ১২৮; ২৫।১৭৬,
১৭৯, ১৮০; ২৮।২৭১, ২৭৩
উড়ুপীকেত্র ১।৩; ২।৬; ১৯।১২৯;
২৫।১৭৪; ২৬ ১৮২; ২৮।২৬৭
উত্তরকর্ণাট ১।২

উত্তরাঢ়ী ৫।৩১

উত্তরাদি মঠ ২৫।১৭৪, ১৭৫, ১৭৯, ১৮০; ২৬।১৮২, ১৮৩

উৎক্রান্তি (পাদ) ২৪।১৬১

छमान 813@

উদ্ধব ১১।৭৯, ৮০

উদ্ধৰ-গীতা ২৮।২৪১

উদ্ধবাচার্য্য ৫।৩৩

উवर्खन-পূका २२।১७०

উন্নতোজ্জলরস ২৮।২৪৫

উপক্রম ২৭।২৪০

উপনিষৎ ১৪।১०७; २१।२८०

উপনিষদ্ভাশ্ত ২১।১৫० ; २৮।२१०

উপপত্তি ২৭।২৪০

উপসংহার ২৭।২৪০

छ्लामान-कांत्रव २१।२०२

উপाधि-थखन २८।১७७

উপেন্দ্রতীর্থ ২১।১৫২ ; ২৫।১৭৪, ১৭৭

উক্লক্ৰম ৪।২৪

छेकिक २८।५७७

B

উৰ্জাৱত ৬।৩৮
উৰ্প্তু ২৪/১৭১
উৰঃকাল-পূজা ১৯/১৩০
উবাহরণ (কাব্য) ২১/১৪৩
উবাহরণকাব্যম্,২৬/১৮৩

N

খক্ ৪।১৭, ১৯, ২১, ২২, ২৬; ২৪।১৬৫ ১৬৭, ১৬৯ : ২৭।২৪০

सर्विष ४।३७

ঋগ্ভাক্ত ২৪।১৬৬

খগ্ভান্থ-টীকা ২৬।১৮৩

अधिक् 8128

খবভ ২৭।২০১

श्विक्ल गाउँ

अधिशंका ३७।३३३

ঋষিপ্রস্থাগ ১৬।১১১

9

একদণ্ড (मन्नाम) ১১।৮२

একদণ্ড-সন্ন্যাস ১১/৮৩,৮৪

একল-বিষ্ণু ১১1৮৪

वकामनी २८।३१३

একোনপঞ্চাশৎ বায়ু ৪।১৫

3

ঐতরের ১৬।১১৩

ঐতরেয়-উপনিষ্ৎ ১০।৭২, ৭৩; ১৫।১৮৮;

201264

ঐভরেম-ভাষ্য ৪।১৬; ২৪।১৬৬

ক

कनुष्ठीव १२।१७० ; २१।१८२

क्षा-लक्ष २५।५० ; २८।५७

कनकषात्र ३२।३२२ ; २७ ३४२

শব্দসূচী

क्रम् (क्रम् छावा) २।१: ১৯।১२৯; २७।১৮२ ক্সাকুমারিকা ১৷১ क्रभाग २१।२०२ कि शिन २१।२०,> কবিকর্ণপুর গোস্বামী ২৮।২৪৩, ২৫১ কবিরাজ গোস্বামী ১৯৷১২৭ ; ২৮৷২৫১ कदीत्म २८। ५१८, ५११ कमलाक २०।५१४ कमारमक्न २०१३१७ कर्न २८।७५, ७१७ কর্ণাট ৩।১১ कर्नां हेक ३२। ३२१ ; २७।३४१, ३४४ कर्षम २।४ কর্মকাণ্ড ১১/৮১, ৮২ কর্মজড়-সিদ্ধান্ত ১৮।১২৩ कर्त्राप्तृह २१।२२७ কর্মনাশ ২৪।১৬১ कुर्त्रनिर्वेत्र ४।२४ ; २४।১७४ কৰ্মফলবাদ ৩।১৩ কর্ম-সন্ন্যাস ১১/৮০, ৮১ কৰ্মী ২৮।২৬৩ কৰ্মি-ত্ৰিদণ্ডী ১১/৮২ कनन-अधिका-विधि २४।>१२ किन ८१७ : ३११३३१ : ३४१३२८ : देश २३४, २२७, २२१ ; २४।२८१ कनिकान ১১।৮১ कनिन त्रांजा ८।००

किविश्र धारम ; बारक ; २०१० ७ किक २८।১१७ ; २१।२०১ कन्नत्राजिकान २१।२२৮ कमाम ९।७०, ७२, ७७ क्णिम राष्ट्र ३३।४७ कश्म २८।३१७ ; २१।२७७ কাকতীৰ্থ ৮/৫৩ कांकि २०।ऽ७२ কঠিকোপনিষদ্ভাষ্য ২৪।১৬৮ कांगृक्तमर्थ २०। २१४, २१२, २४० कानाजा वाण्य কানাড়ি (ভাষা) ৫।৩১ कार्शालिक २१।२०२ काम २१।२•२ कांग्रमख ७ ३ १ ४ २ कार्डिक २১।১৫० কার্ত্তিকেয় ৯।৬৫ कानारकंग्र २१।२३४ कांगानिम २१।२३४, २२७, २२१ कामीधाम २०।১७१ কাষারগড় ১।৫ किमर्ग (अधापक) वाण्ण কুম্ভী ৩৷১১ কুম্ব্লা ১।৫ क्ष्मा ३।६ কুরুকেত্র ২০।১৩৭ কুর্দ্ম (অব্যচার) ২৭।১৯৩, ১৯৯. ২০১ কুর্মাচল ৫।৩৩
কৃতি ২৭।১৯৭, ১৯৮, ২০৬
কৃত্তিকা ১।৩
কৃষ্ণ ৪।২৮; ১১।৭৯, ৮১; ১২।৮৭; ১৩।

\$2, \$0, \$6, \$00: \$6|\$\$2; \$\$| \$2\tau; \quad \quad

কৃষ্ণকৈৰ্ণামৃত-মহাৰ্ণৰ ২২।১৫৬ ; ২৪।১৭১ কৃষ্ণচৈত্ৰক্ত ১১।৮৪ ; ২৭।১৯১ ; ২৮।২৪৩, ২৪৬

কৃষ্ণইচভন্ত-সম্প্রবায় ২৮।২৪৫
কৃষ্ণজন্মথন্ড ৩।১৩; ১১।৫১
কৃষ্ণজন্মপ্রিমী ২৪।১৭৩
কৃষ্ণজনিব ২৬।১৮৮
কৃষ্ণদেবালয় ২৬।১৮৭, ১৮৮
কৃষ্ণদেবালয় ২৬।১৮৭, ১৮৮
কৃষ্ণদেবালয় ২৬।১৮৭, ১৮৮
কৃষ্ণদেবালয় ২৯।১৮৭, ১৮৮
কৃষ্ণদেবালয় ২৯।১২৭, ১৬৯
কৃষ্ণমূর্ত্তি ১৯।১২৭, ১৩০; ২৮।২৭১
কৃষ্ণমূর্ব্য ১৯।১২৭, ১৩০; ২৮।২৭১
কৃষ্ণমূর্ব্য ৩;৯

বৃক্ষামী আয়ার ৫।৩২ গঙ্গা ১৮।১১ কুক্ষাপুর মঠ ২৫।১৭৬, ১৭৭, ১৭৯ গণ্ডবাট্ ২২।

কেনারিজ্ ১া২ • গতকলির গণ ২৭।২২৬

क्वितारिष्ठवान ১১ ৮७; ১२।৮७; २७। ১৫१; २৮।२८१, २८৮

क्वादिकवाषी ३२।৮৮

কেবলাবৈত্তবাদি-সম্প্রদায় ২৬।১৮৫

(कर्नादेवज-मज ১२।৮७, ৮१

क्विवनारेष्ठ ३२।৮१

क्वलां अपनि २४।२०%

(कत्रमारम् ३६।३०२

কেশরী ৩।১১

(क्नेंव २८।३१३ ; २१।३৯३

কেশবভারতী ২৮।২৪৫, ২৪৬, ২৫২

देकदकशी ১०।৯৫

देकत्वा-व्यवश्च २४।२६७

देकवनाजीर्थ २०।১१८

कान्कान् ১।८

কোলপর্বত ১৷১

ক্যানারি (ভাষা) ১I¢

कीत्रमागत २१।२२०

थ

থট্বাঙ্গ রাজা ১৩।৯৫ থণ্ডন-ত্রয়সন্দারমঞ্জরী ২৬।১৮৪ খ্রীষ্টাব্দ ৫।৩৩

গ

गका २४।२२२ ; २०।२७७, २७७ गकानमी ८।२१ ; २०।२०४ गखबाऐ २२।२८८, २८७

াৰুসূচী

গদ (ভক্ত) ১৩।১০০ গদাভীৰ্থ ২।৬ शर्मण ३४।३२३ গলমাদন পর্বত ২২।১৫৪ পরুড় ১৬।১১১, ১১৪ ; ২১।১৩৯ ; २११२०२, २२३, २२१ গরুড় মুর্ত্তি ১৯।১২৮ গরুড়বাহন তীর্থ ২৫।১৭৪ গরিড় ২৮।২৭• গায়ত্রী ২৮।২৬৯, ২৭০ গীতা ১৫।১১০ গীতা-তাৎপর্য ২১৷১৫ • গীতা-ভাৎপৰ্য্য-নিৰ্ণয়-টীকা ২৬৷১৮৩ গীতাবিবৃতিঃ ২৬।১৮৯ গীতা-ভাষ্য ১৬।১১২ ; ২৩।১৫৭ ; ২৪।১৬০, ১१०; २४/२७२, २१० গীতা-ভাষ্ম-টীকা ২৬৷১৮৩ खनिषि २०।১११ গৃহস্থাত্রম ১১।৭৯ গৃহাত্রম ১১।৮০ মুহ্ম জান • গৃহাস্ত্র ৯।৫৬, ৫৭, ৫৯ গো (স্থান) ২ - 15 ৩৮ গোকর্ণকেত্র ১।১ शीक्त २८।३१७; २४।२१२ গোকুলচন্দ্রমা ২৮।২৭২ भागवत्री अमात्ररतः २०१२०३

भागान ३३।३२१ গোপালগুরু গোস্বামী ২৮।২৫১ গোপালভট্ট গোষামী ২৮।২৫১ গোপीচन्मन ७।১১; ১৯।১२७, ১२१, ১२৮; **२५|२°**5 लांशीनाथ २०१५ ११ গোপীনাথরাও এতং গোপীমৃত্তিকা ৩৷১১ গোপীসরোবর ১৯।১২৬ গো-পূজা ১৯।১৩০ গোপেশ ২৭।২০১ গোবর্দ্ধন-মঠ ১১।৮৩ গোবা (স্থান) ২০।১৩৭ (भौविन्म) । १७ ; २४।२०० (गोविनाखांच २०।२৫১, २६४ গোভিল ৯৷৫৬ গোমতী ২২।১৫৩ গোমেধ ১১।৮১ গোলোক ৩1১৪ গোলোকধাম ৩।১৪ लाक्षानको २७।३४२ र्शीएँ य देवस्व वर्ध्य २४।२४४ গৌড়ীয়-বৈঞ্চব-সম্প্রদায় ২৮।২৬৮ গৌতম ৯।৬০; ২৮।২৫৫ (भीत्र २५।२६) গৌরকিশোর ১৮।১২৩ ली द्रशाला प्याप्त की शिका २४।३४७, २४३

[4]

গৌরচন্দ্র ২৮।২৪৬ গৌরনাগরী ২৮।২৬৮ গৌরস্কার ২৮।২৪৫, ২৪৭, ২৫৯, ২৬১

য

ঘূতবলী (গ্রাম) ৮/৫২,৫৪

Б

চক্র (মুদ্রা) ৩।১১; ২৪।১৭১
চতুঃসন-সম্প্রদায় ২৮।২৪৪
চতুর্বেদিশিখা ২৭।১৯৯
চতুর্ভু ক কালিয়মর্দন শ্রীকৃষ্ণ ২৫।১৮০
চতুর্দ্র্যু ২৪।১৬৬, ১৭২; ২৭।২২৭, ২৩২
চতুর্দ্র্যু ব্রহ্মা ১২।৮৬; ২৫।১৭৪; ২৭।১৯৮, ২২৫, ২২৭, ২২৯

চতুশ্চহারিংশ কলি । ৩২

हत्य २१७, ८

हलागिति (नमी) अब

हम्भूषा २८।३१७

हल्यर्भ २८। ३१७

চল্রমোলীশ্বর ১৯।১২৯

চल्राभोगायत्र भिव ३।८

চন্দ্রশেশর আচার্যা ২৮।২৪৬

চরিভাষ্ট ২দাহ৬৭

-চাতুর্মাস্ত-ব্রত ২০।১৩৬; ২১।১৮২

ठाकीक् २९।३७२

हिकांटकांन बाउउ

চিত্রাপুর মঠ ২৫।১৮০

চিন্তাবৈতাবৈত-সিদ্ধান্ত ২৮।২৪৪

চিন্মাত্রবাদ ১১।৭৫

ियाज-निर्वित्राम्यवाम >> ११७

চৈত্তপ্ত ২০।১৩২ ; ২৮।২৪৭

চৈত্তভাচরিতামৃত ২৮।২৫০

टेंडिक्स स्व ३३।११ ; ३२।३२१ ; २४।२७३

চৈত্ত**শুভাগবত** ২৮।২৪৫, ২৫•

रेठख (वाखि) २२।১८७

क्रांनरम्म ७।১১

চাক-গোত্র ১১৮৩

Q

ছলারি নৃসিংহস্মৃতি । ৩২

ছात्माना ১৮।১১৯ ; २८।১७०

ছोल्मां शृष्टीय २८। ১৬१

ছाम्मारगामित्रम् २।७०

5

अगढ्या २८। ১१७

জগরাপ ১৮/১২৩

শ্বড়ত্বত ৯/৫৭

खनक ১১।१२ ; ১৩।১৪

जनत्नांक २१।२२८, २२२

कर्नाकन २१।२०३ ; २४।२७२

खनार्फन छीर्थ २०१० १२ १ २०१० १८, ১१७

कत्र २१।२०२

जब्रडीर्थ ८।७८ ; २८।५१८ ; २७।५৮२, ५৮७ ;

२१।১৯०, २७१

कप्रकीर्थे-विकास ६।७८

व्यव्यो २१।२०७

শবসূচী

व्यक्ती-निर्गत्र २८,১१७

জন্ন-বিজন্ন (পর্বেড) ১৬ ১১১

खग्निश्ह २১।১৪२, ১৪७

क्या २१।३२१, ३२४, २०७

· अत्रामक २८।১१० : २१।२১৮, २२१ २७७

कां वर २८।३७२ : २१।३२२

জাতি-গোস্বামী ২৮।২৬৮

कारातार्गनियर ১১।१२

জিভামিত ২৫।১৭৫

जीवाशीयांभी २४।२८२, २८०, २८०,

२७६

खोव-मध ३३।४२, ४८

कीवावद्रम २११२७५, २७२

देवन ७१३8 : २०१७६१

रेजनमञ २७।১৮७

किनम् - थलम् २७ ১৮৮

क्राननिधिडीश २०,५१८

खान-मन्त्राम ১১।৮०

জারাবভার ২৭।২০১

क्रानि-मञ्जानात्र ১১।४२

क्षात्नकीर्थ २०१५ १८

ख्यांचे (त्रज्ञांनीत नाम) >8।>०७; >৫।>>०;

>>1>6 ; 3>1>82

জ্যোতির্মাঠ ১১।৮৩

লোভিক ১০।৭৩

र्च

টীকাচার্য্য ২৬।১৮৩

£

ঠাকুর বৃন্দাবন ২৮।২৪৭

ড

ডাক্তার বুকানন্ ৫।৩২

0

তত্ত্বপ্ৰকাশিকা ২৬।১৮৩

তত্ত্বপ্ৰকাশিকা-টিপ্পনী ২৬/১৮৮

তত্ত্পকাশিকা-ভাবদীপঃ ২৬।১৮৯

তৰপ্ৰদীপঃ ২৬।১৮৩

छष्कांप २४।२८१, २८०

उद्योमी (।२२, ७० : ১৯।১२৮

ভত্তবাদি-পঞ্জিকা ৫।৩০

ভত্বাদি-সম্প্রদায় ৪।১৬; २৫।১৭৮; २७।

247 : 5412% .

खब्दिक २८।১७८

ভব্বিবেক-মন্দারমঞ্লরী ২৬।১৮৪

ভত্বংখ্যান ২৪।১৬৪

छङ्गमर्छ २४।२८२, २৫১

ভব্বোত্তাত ২৪।১৬৪

ভদ্রদীপিকা २७।১৮৯

उज्जनांत २ऽ।ऽद• ; २८।ऽ१ऽ

ভন্তসার-সংগ্রহ ২৪।১৭১

छमन्डीश २९। ১१७

ज्राभिषि २९। २१

তপোলোক ২৭৷২২৫

ভদঃ ২৭।২০৭

[06].

दिकवाहार्या जीमध्य

ভরকিণী ২৬।১৮৫

ভৰ্কভান্তবঃ ২৬।১৮৪

छर्गनिधि २८। ३१२

ভলবকারোপনিবদ্ভাক্ত ২৪।১৬৯

ভাকোড়ু ১৷৩

তাৎপৰ্যাচন্দ্ৰিকা ২৬।১৮৪

ভাৎপর্য্য-নির্ণয় (গ্রন্থ) হাত৬

ভীৰ্থপুৰা ১৯৷১৩০

ठीर्थश्वक २७। २४१, ३४४

डीर्थश्रवकृतिका २७। ১৮२

জীৰ্থস্বামী এ৩১

তুক্তকা ২২।১৫৪

कुत्रक २०१०००

তুরস্করাজ ২০।১৩৪

जूबीय (व्यवश्) २१। ३००

जूम् अर

जून २१६ ; ७१३३, ३२, ३८

তৈজ্ঞস (অবস্থা) ২৭।১৯৯

ভৈত্তিবীৰভাষ্য ৪৷১৬

তৈভিরীরটীকা ২৬।১৮৯

ভৈত্তিরীয়োপনিষদ্ভাষা ২৪।১৬৮

जिम्ख ३३।४८

জিদগু-সন্থ্যাস ১১৮২

ত্রিপুর ২ণা২১৮

ত্রিবিক্রম (পণ্ডিভাচার্যা) ২১।১৪৩, ১৪৪, ১৪৫ ; ২৪।১৭১ ; ২৬।১৮৩ ; ২৮।২৭১

306; 401313; 401300; 401

जिविक्य (मर्वांगर २७।১৮७, ১৮१

जिविक्य विक् 8/28

जिविक्यां होर्या ३२।५७ ; २३।५८०, ३००,

३९२: २८।३७२; २१।३३०

ত্ৰেতাৰুগ ৪।১৫, ২৭

ত্ৰৈলোকাপাবন ২৫।১৭৭

¥

甲季 シック ; シン198

मिकिश-कर्गां ।

पक्षिण कानाड़ा १।७२

मिक्रगाम । । ७२

मिकिना २१।२०७

मिक्किगावर्ख-महा ३५।३२३

76 2912 03

দত্তাত্ত্বের ২৭।২০১

मिथमस्न-म् >२।>२१

मखबक २१।२०७

मन-धकत्र-शिका २७।১৮७

मन-व्यक्त्रन-गिका-गिन्ननी २७।১৮२

मनव्रथ-नम्मन २१।२०১

मणाक्त्र-मञ्ज २४।२८१

দশোপনিষ্ৎথপ্তার্থ : ২৬।১৮৯

দাক্ষিণাত্য ২৮৷২৫১

मार्त्राम्त्र २०१३११, ३१३

मामकृष्ठे २७।२৮३, २৮৮

দাসকুট-সম্প্রদার ২৬।১৮২

क्रुर्गा हार७ ; २१।२०७, २०१

इसीमा ३२।४७; २०१३१८

ছ्र्यांश्न धारम ; वा०० ছঃশাসন ১৫।১১০ (प्रवकी २৮।२१२ দেবীধাস ৩।১৪ टेमका वारक देवन-वर्गाध्यम-विधि ना७६ দৈববাণী ৬।৩৯ प्दोभनी >२1४१ ; selsso : २८।১१७ चन्य-मर्ठ २२। २२०, २००; २०। २१ षांत्रन-त्छाख्य ३२। ३२१; २८। ३१३; रार्धर षामणी-जिथि २४। २२६, २२८ षांश्रत 8150, २१; ১१155७ षात्रका ३२। ३२७ : २८। २० : २४। २१७ দারকাপতি ২৮।২৭২ षात्रकाशूत्री २१।১১७ 396; 361266 देवजन्छानात्र २०।১৮० देवजिष्कांख ३२।४७, ४१ ; ३८।३०१ ; २३। 388 : 201264 বৈতাবৈত্ৰত ২৮।২৪৩

सन्त्रेश रा७: ७।७৮ **धवछ**त्रि २१।२०১ धवखित्रक्क २२।১०७ सर्व शका २७।১৮१

धत्रनीधत्र २६।५१७, ५११ भन्नाधन २०।১१७ ধারবাড ৫।৩১ ष्टब्राष्ट्र २८।১१७

निहिक्छा २८।১७৮ নডডন্তিলা ২।৭ नम २१।२०२ ; २४।२१२ नन्तनम् २४।२१४, २१२ निन्धांम ১२।৮५ नवद्यीय २०१७०२ नवनोज-পূজा ১৯।১৩• नव्रव्या २७।১৮८ नत्र २१।२०১ নরনারায়ণ পিরি ১৬।১১১ नत्रदिकीर्थ ४।७७, ७४, ७१; २४।১१४, ১१৫, ১१७, ১१% : २७/১৮२ नत्रष्टतिकीशं मर्छ २०१३१३ नर्त्राख्य ३३।४२ न(त्रांखय-मञ्जाम ১১।৮১ नत्रिश्ह २८। ১१১ ; २१।२०১ नद्रिश्रह्णीर्थ २५।५৫२ नत्रिश्रह-नथर्खाख २८।১१५ নৰ্ভকপোপাল ১৯৷১২৮ नांत्रप ५७।५५२ ; ३.१।२७२ ; २४।२८७

नांत्रतीय वांका २৮।२৫8

नात्रांत्रव २१४; ७१३३, ३२, ३८; ८१३०; ११८७; २१७०; ३२१४७; ३७१३ २, ३५७, ३३८; ३११३७, ३३१ ३३४; ३४१३२३; २०१३७७, ३७१; २३१३८७, ३८४; २११३२३; २४१२८८

নারারণ-তত্র ২৮।২৬৪

नात्रात्रण পভিতাচার্য্য २७।১৮७ ; २৮।२१३ नात्रात्रण ভট্ট २।१ ; ७।১०, ১১ ; ৫।৩० :

कालक : र्राम्म

নারায়ণ-সম্প্রদায় ২৮।২৪৪
নারায়ণীয় উপনিষৎ ১০।৭২
নারিকেল-দেবালয় ৭।৪৯
নারিকেলী (দেবালয়) ৭।৪৭
নারিকা বায় ৪।১৫
নাস্তিকাবাদ ১০।৭৩
নাস্তিকামত ১১।৭৪

निणानम अञ् २४।२४৯, २४२ निमारे २०।১७२

Frent Dulage

निश्चार्क २४।२८७

निमिख-कांत्रप २१।२०२

নিরূপাধিক (প্রতিবিম্ব) ২৭।১৯৭

नियार्क २५।२८८

निर्वित्मव-छान २१।२७७

निर्दिर्दाय-छान-मन्नाम >>।৮>

निर्वित्यववानी ७। २७ ; ১১। ৮२

निर्माला-विमर्वान-श्वा ३२।३७०

नीमांठम ३३।११ .

নৃসিংহদেব ৪।২২; ২৫।১৮•
নৃসিংহদদির ৫।৩৪
নৃসিংহছিটি: ২৬।১৮৪
নৃসিংহাচার্যা ৫।৩৩
নূহরিতীর্থ ২৩।১৫৮
স্থার-বিবরণ ২৪।১৭০
স্থার-বিবরণ-টীকা ২৬।১৮৩
স্থারম্থা ২৬।১৮৩
স্থারামৃতন্ ২৬।১৮৪, ১৮৫
স্থারামৃত-টিপ্লনী ২৬।১৮৯

স্থারামৃত-টীকা-তরস্থিনী ২৬।১৮৯

P

शक जनांज २१।२३०

পঞ্চ পাশ্বৰ ৫।২৯

পঞ্চ ভঙ্গী ২৬।১৮৫

१क महाजूड २१।२১०

भक्तांख ७१२२, २२; ८१२३; २१६२, ७०, ७०, ७३; २०१८२६; २०१८२६;

२८।७७६ : २१।२८० : २५।२७० २७०

शक्खिल-गिका २७।১৮৯

পঞ্চামৃত পূজা ১৯।১৩০

भावपायको २७।১৮৪

नक्छिडिश्रनी २७।১৮२

भग्नजी**व** २১।১৪०, ১৪२

পদ্মনাভ ১৪।১.৬

शयनाङ्गीप २३।३९२ ; २७।३९४ ; २४।

३१८, ३१६; २७।३४२

শব্দসূচী

পদ্মনাভাচারী ২৮।২৭৩

পন্মনাভাচার্য্য ৫।৩১

श्राभाष ३३।४७; ३२।४७

পদ্মপুরাণ ১১।৮০

পবনদেব ७।১० ; ১১।৭৮ ; ১৬।১১৪

প্ৰমান স্কু ৪।১৬, ১৭

शत्रियो (मरी) ১৪।১०७ ; ১৫।১०२

পয়োবত ২া৮

পরতন্ত্র (তত্ত্ব) ২৭।১৯২

পরতীর্থ (যতি) ১২।৮৬ ; ২৫।১৭৪

পরবিতা ১১।৭৪

পরব্রদা ৪।২১

পরম-ব্রহ্ম ৪।২০ ; ২৮।২৫৫

পরমাত্মা ডাত্ত

भन्नमानन्भभूतो २५।२००

পরমা-ভক্তি ২৭।২৩৫-২৩৭

भद्रायद्व २५।२७२

পরগুতীর্থ ২।৬

পात्रखन्नाम २।२, २,७; २।७; २०। ७१;

२८।३१२ ; २१।२०३

পরগুরীমক্ষেত্র ১।১, ২, ৪; ২।৬

शत्रखद्राय-शिठं २।१

পরাবরণ २१।२७১, २७२

भेत्रामंत्र राष्ट

शतिबिंह-जाश २१।२८०

भटत्रम २९१३ १४

পরোক-প্রমাণ ২৪।১৬৩

भनमात्र ए।२२

भनमात्र मर्छ २०।३१०, ३१७, ३१०, ३४०

शांकत्राजिकश्चल २५।३२७

शिक्षांनरम्भ ३।२

পাজকা ৬।৩৮

शिक्कांक्कित २।७, १, ४; ७।১১; ६।७०;

PIES : 22/26 : 25/24 : 20/92

भाखर २८।১१७

भीख्र राष ; ७१३३

পাপनाणिनी (नणी) ১।२ ; २।७ ; ७।७৮

পাत्रछो (त्वांलग्न) २२।১९७

भाष - मात्रशि २१।२०১

পাৰ্বতী ১১।৭৭

পাশুপতান্ত্র ২৬।১৮৪

পাৰগুৰতখণ্ডনম্ ২৬।১৮৮

পিতৃশাদ্ধ ১১/৮১

পুঙরীকপুরী २১।১৪०, ১৪२; २८।১५८

পুত্তিকা মঠ ২৫।১৮০

পুজিগে মঠ ২৫।১৭৭, ১৭৯, ১৮০

পুরামক নরক ১৩।৯৬

পুরাণ ৪।२১; ১১।৮०; ১৪।১०२; ১৮।

३२६ ; २११२४० ; २४१२५२

পুরাণার্ক ৩১৯

भूक्षवरम २८।३१७

পুরুষ-কেশরী ১১।৮৫

पूक्ष-युक्किका २७।३४२

পুরুষোত্তম (विकू) ४।२५ ; ১৩।৯৬ ; २৮।

244

পুরুষোত্তম (ভীর্থ') ২৫।১৭৫ পুরুষোত্তম তীর্থ ৫।৩৩ शुक्रवाक २०१३१४ शुष्भवाषिका ३१८ शृशंदन २।१ পুগবন-বংশ २।१ পুর্প্রান্ত ৪।১৫,২৭; ৫।৩৩; ১৩।১০০; 381303-509; 361304, 308; ١٥١١١٥ : ١٩١١١٥ . ١١١١١٥ : ١١١١١٥٨ . ३२०, ३२२, ३२७, ३२६; २०।५७७; 23|380, 384, 387, 340, 343, ७७२ ; २२।७६७, ७८७ ; २४।२७७, २७७ পृथ् २०।५७२ (शक्रांतत्र कर्र २०१३१४-३४०; २७। ३४४, পৈশীশ্রুতিঃ ২৭।১৯৬ (भोनमा २१।२३७ अकाणानम अवच्छी २৮।२८७ প্রকৃতি ২৭।২০৯ थाक्त (वोक् २३।३८७ প্ৰচছন্ন বৌদ্ধবাদ ১০।৭৩ श्रकान २०१३१७ थळान-मूर्खि २०।১११ व्यवं ३४।३२० প্রতিবিশ্ব-অংশ २१।३৯৭ व्यटाक रहा १००; २१।३३३, र७३ व्यक्तम ३३१४४; २८१४५; २११४२, 384, 388 श्रुधान वांब्रु 81२८, २१ व्यक्ष्रमांखांच २१।२३७, २३१

वार्यक रगाउनक

প্রপঞ্চ মিধ্যাতাতুমান-খণ্ডন ২৪।১৬৪ প্রভাকর ২১।১৪১ প্রমাণ-পদ্ধতিঃ ২৬।১৮৩ श्रमान-लक्षन २२।२००, २५० व्याप्तरत्रप्रावनी ५८।५०२; २१।५०५, रपारक्त्र, रक्ष প্রযোজক কর্ত্তা ২৭।১৯৯ थायांका २१।५৯२ প্রথারফলক ৫।৩৫-৩৭ প্রস্থাকলকতার ৫।৩৩, ৩৪ व्यञ्जोष १।८७ ; ३०।२० ; २०।५७२ প্রেমামরতক ২৮।২৫১ প্রাকৃতসহজিয়া ২৮।২৬৮ প্রাগভাব ২৭।২১৬, ২১৭ প্রাজ্ঞ (অবস্থা) ২৭।১৯৯ शाख्या है (शाम) २२। २८२ व्यान ८।३० थान-प्रवालग्न २७।১৮१ প্রাণনাথ ৩।১৪ व्यागांच्य वांयू २१।२२> कल २१।२८० कल-मोत्रङ ४।३७ रजा८८ छार्क বজ্রাক্ট্রা ৩১১

বড়ভতেশ্বর ১৯/১২৭

विष्युर्खि) २ । ३ २ १

338; 391334-334; 4·1306, 306

वनतीनांत्राय ১७।১১১ ; २०।১७৫ वषत्रोट्त्रिनात्रायु २७।२२२ चनमानामिनीय २७।১৮৫ वज्रमञ्राक २०१३१४ पत्राष्ट्र २०१२ १ २११२०३ न्त्रांक्रान्य २०१३४० ; २७१३४७ वर्डमानक मित्र गंग २१।२२७ न्मदन्य २८।১१७; २४।२०১ वमुद्रप्तव विकाक्षिण ১८।১०२ ; २१।১৯১ यनावजात २१।२०२ विन ३७।२६ বসন্তের অবভার ৩৷১৩ वस् २८। ३७१ वर्षक ३३।४२ बाँडेन रमारयम वाग्मख ३३।४२ वातीम २०१३१८ ३१७, ३१४ বাগীশঙীর্থ যতি ২৬।১৮৬ বাণতীর্থ ২।৬ वामावली २७।२৮७ वाणिवाक २०१३१४; २७१३४७ वापित्राक्कडोर्थ २७।১৮৫, ১৮७ ; २१।১৯• বাদিরাজ-যতি ২৬।১৮৮ वामित्राक्यांभी ४।२७; २०।२२४, ३२०; 201242, 246, 244 वानिमिश्ह ३८।३०७, ३०८ वाषील २०१२१७, ३१२ वानवाष्ट्र >>।४० वानश्राध्यम ३३।१४, १४ वांत्रव २६। २१४ ; २१।२०) षामनडीर्थ २३।३९२; २९।५१८, ३११

ষায়ু ৩।৯ ; ৪।২৩, ২৬, ২৭ वांश्राप्तव ७१३० ; ८१२६ ; ७१७४, ८२ ; २१५७ चांत्र्भूत्रांव हार ; १।७১ বায়ুলোক ৪।১৫ বায়ু-স্তুতি ২৬।১৮৩ वाबार २४।२७8 वात्रिकांक २०१४१४ . . বাইক্ষেত্ৰ ১ ৩৩ বাৰ্হস্পত্য বৰ্ষ ৫।৩১, ৩২ वानकृष्णमृखि २०।১৮० बानारभागान ३२।३२१ वामाठांवा ६।७७ नामनामग्न-(कांच २१।२२७ विञ्चित ६।७०; ७।७४-८८; १।८६-६०; b|@>-@@; \$|&\$, \$0, \$5, \$8, \$@; 30169-90; 33198, 9b, bo-be; 2812.2, 2.8; 241224; 281249, २९।३११-३१२ ; 36F, 399; दत्र १५८ ११ ধাহ্মদেব ভট্ট ১১।৭৮ বাস্থদেব-সম্প্রদায় ২৮।২৪৪ विक्य २६। २१४ ; २१।२०२ विजयभवा २०१३१०, ३१४; २४१२६७ विजयभाजां विजयभाजां বিজয়নগর-রাজ ৫।৩৪ विख्या-मनमो ६।७०, ७३ विकासमा २०।১१० विश्ंव २०१३१४ विश्वंतराय २०१३४० विकाधितांक २०१३,१८, ১११, ४१४ विकाधिताक ठीर्थ २०१३१०,

[36]

विषायीम २०१३१८-३१४ विकानिधि २०१३ १६, ३१५-३१৮ विष्णांशिक २०१९७ ; २०१३१७, ১०৮ विकार्य् २०१३११ বিতাবিল্লভ ২৫।১৭৭ विषाज्या २४।२४७, २६३ विकामूर्वि २०।১१७ विकातना ८।७४, ७६, ७१ বিজারণাতীর্থ ৫।৩৪ বিভারণা ভারতী ৫।৩৪ विछात्राक २०।३१७ विकाममूख २०।১११, ১१৮ विजामानद २०। २१४ विद्याद्वांक 8120 विष्णम २०१३१७ विषद-मन्नाम >১।৮১ विधिक्कि २५।२८६ विनायक २३।३८७ विश्विष्ठिख २१।२२७ विविৎमा-मन्नाम >>।७३ বিবৃধপত্তি ২৫।১৭৬ विवृष्धिय २०।३१४ विवृष्धित्रडीर्थ २७।३१५ विवृधवन्ता २०१३१७, ३१४ विव्धवर्षा २०१५१७ विवृधवल्ल २०१३१७ विवृधाधिवाक २०।১१७ विवृद्धमः २०१३१०, ३१५, ३११ विवृश्यम २०।३१४ বিভীষণ ১৩।৯৫ বিষানপিরি ২া৬ বিমাপ-পর্বত ৭।৫ • वित्राष्ट्र- शर्व २६। ५१०

वित्राष्ट्रे शुक्रव नाउर

বিরিঞ্চি ৩।১৪ विद्रांहन ১৮।১১৯ বিলম্বি বৎসর ৫।৩০ विविधि वर्ष ६।७५, ७२, ७६, ७६, ७७, ७९ विभिष्ठोदिष्ठ-সম্প্রদায় २৮।२४० विश्व (खवन्ना) २१। ३२ विश्वखं २८।১१२ विश्वडोर्थ २८।১१৮ विश्वनांध २०।১१৮ विश्वनिधि २०। २१४, ३१% विवशिक २०१३१७, ३१४, ३१३ ; २७१३४% विष्यूक्त २०१३१७ विश्वश्रक्त २०१५१२ विष्शिष्ठ २०१५१२ विश्वशित्र-वृन्गावनाठार्था २०।১१৮ विश्वतन्त्रा २०१२ १७, २१४, २१२ विश्ववर्धा २०१५ १२ विश्ववहास २०१४५७, ১१२ विषयां २०।১१৮ वियरेवक्षवत्राज-मङा २४।১१२ विश्ववाध २०१३१२ विष्कृष्य २०।১१७, ১११, ১१२ विषयमानाञ्ज २०१५१२ वियमां २०।১१२ विश्वमृर्खि २०१५१४, ১१२ विश्रवाक २०। २१७, ३१४, ३१४ विश्वासित्रोक २०। २१७, ३१७, ३१० विश्वाधीम २०।১१७, ১१४, ১१२ विष्युक्त २०।১१৮ वित्यम २९। २१७, ३१४ विष्यंत्र २०।১१२ विषय-छन् २४।२४৫ বিবৃষ সংক্রান্তি ৩া১০ २१४ ; ७१२—२४१२१२

বি শৃতত্ববি নিৰ্ণয়	38[346	বৃহদারণ্যকো	পনিষৎ ২ণা২২ণ
বিকৃতী ৰ্ব	23/363, 362;	বৃহস্পতি	3-149; 2613-4
	241798, 299, 292	বেকাল	· >} c
বিকু প্রিয়া	916.	বেকট ভট্ট	. २४ २৫১
'বিশ্নস্তল	38 3.4	বেত্ৰবতী নদ	र १०१३ म
বিক্ষলল (গ্ৰাম)	25 >8¢	त्वन	८।२७, २७, २१ ; २।८७, ८१,
্মঙ্গল কেত্ৰ	571780		ea, 42-4e; 30/49,
विक्रमञ्जल (भव)लग्न	42i28¢		هه ۱۰٫ ۹۰ ; ۵۵۱۹۶۹۹٫
বিকুমস্ত	CP (185		١٥, ٤٥; ١٤١٥ ; ١١١٥٠٤,
বিষ্ণুলোক	२ ८ <i>७७</i> ८		١٠٠٠; ١٠١١١٥ ; ١١١١٥٠,
বিঞ্ সহল্ৰ- নাম	>e1>.A		>>> ; < • (> ७० ; २ > (> ७० ;
বিষ্ণুসহস্ৰনাম-স্তোত	28 3%。		382, 384, 389, 38a;
বিষ্ণু-স্তুতি:	२७।১৮७		२२।১৫७; २७।১৫१;
বিষ্ণুন্তোত্ৰ	581747		२८।७७०, ७७८—५७४, ७१२,
বিঞ্সামী	२৮ २८७		३१७ ; २१।२३०, २७ ७ , २८० ;
বিষ্ণুস্বামি-সম্প্রদার	221ro; 5r1588		२४/२८२, २७৯, २१०
विषक्रमन	२१।२०२	বেদগম্য	201399
বুজ ,	33198, 9e, 9b;	বেদগৰ্ভ	२०१३१७, ३१४, ३१३
•	२८।३७२ ; २१।२०३	द्यमिनि	२०१३१८, ३१७, ३११, ३१४
• বুদ্ধাবভার	२८।३१७	বেদপতি	201294
বুজিদাগর	2812.0, 2.8	বেদনতী	રા૧; બા>+, >> ; હા8+,
বুত্র	२ ११२ > ৮		८० ; ११८० ; ४१८२
वृन्गायन	२८।১१७ ; २৮।२१७	(यम्यमः)	२०१७१७, ३१५
वृन्गां द्रगा	२৮ २१२	বেদবল্লভ	२८। ५ १७
বৃশ্চিক-ডাণ্ড্লীয়ক	স্থায় ৯/৬১	বেদবাণী	२१ २०२
বৃষ ভ	७।६२	বেদ বিন্তা	२११ ; ७१३४ ; ३७१३००
বৃহদারণ্যকভাষ	28 349	বেদবেপ্ত	201299, 396

বেদ্রাাস	७।३३ ; ८।२४ ;	>6 >>¢ :	বৈকু ঠরা জ		२०१५ १५
	١٩١٥٥, ٥١٢;		বৈশ্বব-প্রকা	4	₹ 158€
•	₹• >୯€;	23 385;	বৈভব-প্ৰকাৰ্	লকা (গ্ৰন্থ)	e 08
	98120. 248;		বৈভ্ৰ-বিলাস	7	441584
• ′	399, 395;	२१।२०३	বৈয়াসকি-সং	প্রদায়	3915591
বেদভূষণ	, ,	201399	टेवक्षवमार्कार	ছাম	241250
বেদরাজ	२ ०	1396, 396	বৈক্ষব সিদ্ধা ত	য়মালা	241563
বেদ-শাস্ত্র		; 58 5-9	ৈ ফবস্মৃতি		, २०१७६२
বেদত্রী		361224	टेरखवी मीक	1	>२।४ ७
বেদ-সন্ন্য:স		22/40	বৌদ্ধ	33198, 90;	231383;
বেদাক		२० ३१४		२०। २१ ; २१। ५७	8; २१ २०%.
বেদাস্ত	١١٩٣ ; ١٦	(166° py ;	বৌদ্ধ-নান্তি	ক ্যবাদ	22199
	2812 . 4 . 29125		বৌদ্ধবাদ		প্র
(दमाञ्च-(मनि		৩৪, ৩৫, ৩৭	ব্যাক		8176
বেদান্ত-ভাষ		२ ; २৮।२ ० ३	ব্য:স	8129,20 ; 41	00; 2100;
বেদান্ত শা ন্ত				2617.2 ; 74	1225, 220:
বেদান্ত স্ত্ৰ		·; 25/99•		241224 ; 24	1250, 222,
বেদাস্থস্ত্রভ		२४।२६७		३२६ ; २४।	۱۹۵, ۱۹۵ <i>;</i>
হেদান্তী		5:1284	·	२१।२०५ ;	रु।२८७,०२९०
বেদার্থ-সংগ্র	₹ .	२৮।२ १ ७	বাাসকৃট		<i>२</i> ७।১৮১
বেধাচল পর	ৰ্মত	215	ব্যাস্কূট-স'	ल्लाना	३ ७।५८
বৈকুণ্ঠ ৩	22, 20, 28; 8 21	r; 34 33e;	ব্যাসতীর্থ	431363; 3°	P 7 P8' 7 P6 ;
	२५।५७३ ; २०।	3e9, 3er;			५ म १८८७
•	5817AA : 541;	»e, २•२,	ব্যাসদেব	2812.2, 20	s; 50 558,
	२०४, ६२४, २२३	•			24122# ;
বৈকু ঠধাম	ঙাঃ	8 ; 23 24.		١ * ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴿ ﴾ ﴿ ﴿ ﴿ ﴿	
रेवकू र्थ पात्रव		6178	ব্যা স্পী ঠ		24/728

শৰ্কসূচী

ন্যা সরায়	. २०१३१०	ব্ৰহ্ম-সন্ত্ৰাপ	, · ۶۶۱۶۵
ন্যাসরার মঠ	२०१३१३ ; २७१३४८	ব্ৰহ্মসম্প্ৰদায় ২৮।	283—288, 203
ব্যাসসংহিতা	२४ २७8	<u>ৰ</u> ক্ষ∙সাযু <i>∌</i> }	२१ २२४
.ব্ৰহ্ম	>> 2 2 2 3 4 5 5 5 5 5 5 5 5 5	বৃদ্ধ ৪।১৫ ;	; 6.5 (30.6)
	, ১৪।১•७, ১०५ ; ১७।১১२ ;	>61>>c ;	391356, 359;
	२১ ১८५ ১৪৯; २६ ১५८;	: b > 2	, >28; >20;
	२१।७३२, ७४, २०२, २७२,	25128¢, 58	32 ; 28 262,
•	२७०, २२० ; २४।२६६,	३७२ ; २१ २८	• ; २ ४।२७२, २१०
•	२६७, २६५, २७०, २७১	ব্ৰহ্মস্ত্ৰভাষ ১৮।১২৪,	ऽ२ ० ; २७ ऽ ०१ ;
ব্ৰহ্মচৰ্য্য	>>195, b.	· 2815%•,	३१० ; २४ २७३,
ব্ৰহ্মচয্যাশ্ৰম	33 96	२१ <i>०</i> , २१३	2
ব্ৰহ্মচারী	&P C C	ব্ৰহ্মা ৩ ৯ ; ৪ ২৪	; 3 66; 26 225,
ব্ৰহ্মজ্ঞান	२८।७७ ;े२१।२∙३	>>8, > >€;	١ (١٤٥ - ١٤٧)
ব্ৰহ্মণ্য ্ৰ	२৮ २८७	; ४०८।८ इ	281260, 266-
ব্ৰ শত ৰ্ক	२৮।२७১	७७१ ; २ १।	38, 38¢, 3°b,
বন্দণণ্ড	22/25	२১१, २२১,	३ २७–२२७, २२ ৮ ;
ব্ৰহ্মনদী	३ <i>७</i> ।३३३	२४ २८५, २	8७ _, २8৫, २ ৫8
ব্ৰহ্ম শ্স্ত	₹\$¦১৬৩	ব্ৰহ্মাণ্ড	२१ २०२, २०४
. ব্ৰহ্মবাণী	२१।२•२	ব্ৰহ্মাদি-যোগি-প্ৰত্যক	३१ २७৯
ন্ত্ৰহ্মবিদ্যা	३०११७ ; २४१२८३	ব্ৰহ্মানন্দ ভারতী	221750
ব্ৰ ন্দ বৈবৰ্ত্ত	ومارد : 84 ، 12/0	ব্ৰহ্মাননীয়	२७।३৮৫
.বন্দ-মাধ্ব-৫	शिक्रीज्ञ-मञ्जनात्र ১৮। ३२० ;	ব্ৰাহ্মণ	२१ २८३
	स्व।३३३ ; २४।२८९	ব্ৰাহ্মণখণ্ডাৰ্থ (দৰ্শন)	8128
বন্দমাধ্বদশু	यमांच २४।२०३	বা ন্সমূহ্ ৰ্ত	281292
<u>ৰক্ষমাধ্বায়</u>	रंब ३२१४८	e	;
ব্ৰহ্ময়ত	२८/३१२		22125
ব্ৰন্দান্ত	२८।३७२	. ভক্তিবিনোদ ১ ৮।	३२४ ; २५।२८७, २८२

•				
ভ ক্তিযোগ	-#IG	ভারতী ৪০১	1 ; 481749 ; 4A1484	
ভক্তিরসামৃতসিক্	521540	ভাৰ্গৰ-গোত্ৰ	221ma	
ভক্তিনিদ্বান্তসর্বর্	টা গোসামী ঠাকুর	ভাষর ভট্ট	. २४।२६७	
•	२७।२४७ ; २४।२१७	ভীৰ ১০।৭০ ;	4-1700 : 4417e8 :	
ভগ বদগী ত ।	2813%	5812	43	
ভগবদগীভাতাৎপ	য়ি নি ৰ্ণয় ২৪।১৭০	ভীমরাও	६।७३	
ভট্ট	55/1285	ভীমদেতু মঠ	erciss	
ভণ্ডারিকে মঠ	20129	खीगरमन ७। ३३ ; ८	36, 20, 29; 6128	
ভবিশ্বপুর ৭	२१।२३३ ; २४।२७•	9. ;	>0 >; >6 >>-;	
ভরণী	>10	2415	३६ ; २८।३१२	
ভরত	३७ २६ ; २४ २८३	ভীমাবভার	₹•12€9;	
ভর ভ বংশ	586185	ভীম	als : 48170	
ভাগবভ ৩	122; 22162; 20186;	ত্ বদে <u>জ</u>	२८ ३११	
	२४ २८७, २०४, २७७	ष्ट्र । ३११२०७, २०१		
ভাগৰত-তাৎপৰ্য্য	23 360; 28 392;	ভূ-বৈকৃপ্ঠ	201277	
२७। ১৮	o, 268; 261242, 29.	ভেদোজীবন ম্	₹ ● [5 ► 8.	
ভাগবত-সম্প্রদার	৩ ১২, ১৪			
ভাগীর থী	>> 1>65 ; 3 + 1>66	मिक्का भर्य	201292	
ভাগীরথা-তীর্থ	26/270	মণিমঞ্জরী	२७(१४)	
ভাট্ট (সিদ্বান্ত)	2rl 252	মণিমঞ্জরী টাকা	₹ ७, 2৮৯.	
ভাণ্ডারকার	८) ७ ३, ७२	মণিমান্	8142	
ভাষাৰ্থ-দীপিকা	₹₽ २ 8₹	মংস্ত (অবভার)	२८।४१२ ; २१।४७,	
ভাবি-কলির গণ	२११२२७	. 4 % ¢	2.52 652	
ভারত	२७।३৮ १	মদনাধিপতি (বি	য় হ ্ট ২১।১৪ <i>৯</i> -	
ভারত-ভাৎপর্য্য-বি	नेर्गय १।२२	म ধ्रेक्ठेङ	£9152A	
ভারতবর্ষ -	«ا» ; داد _.	মধুবিত্যা	२ 8 >७क	
ভারত-ধুক	281290	মধুস্দৰ	9\8 3, ¢ •	
•				

नयम्ही

মধুস্দৰ গোস্বামী	२४।२१७	মন্ত্ৰালয় মঠ	201293; 2012FA
मधुर्मन मदय्छी	२७।३৮६	মশন্ত পর্বত	२११२०৮
मर्पश्री च छ	२।१	মন্থন-দণ্ডস্ত্র	
मशु (कंत्रम	३१२	মরুৎস্কু	ह ं२७
मबारमङ २।७,	٩ ; ٥ ٥ ٠ , ١٥ ; ١٥	মক্নভাখ্য দেব	9 (3 8
8•	; 9182, 60; 5162,	মৰ্ত্ত্য	8/28
48	, 68; 3164, 48, 46;	মলমুগিরি	212
>>	be; 50 29 -	মহৎ	२११२०४
2	; 2812.0	মহন্তত্ত্ব	२११२३०
মধ্যগেহ-বংশ	२।१	মহর্লোক	२ १ २२¢
মধ্যগেহ ভট্ট	२११ ; ७ ६८ ; ४ ६८, ६६	মহাদেব	>> 199; २० २७१; २२ २८७
মধ্ববিজয় (গ্ৰন্থ)	२।१ ; २১ ১८० ; २७ ১৮७	মহাপুঞা	• • ¢ « ¢
মধ্ববিধায়-টীকা	२७।১৮७, ১৮৯	মহাপ্রভু ১	माऽ२७ ; २०।ऽ७३ ; २ म २८७,
মধ্ব-ভাষ্য ১৮।১	२२ ; २१ २२१ ; २৮ २७७		२8 ७—२৫ २, २৫৯, २७७—२ ७ ৮
মধ্বমত :	रामार एक, २६१, २७১, २७०	'মহাপ্রভুর বি	ৰকা' (গ্ৰন্থ) ২৮।২৪৩
মধ্বমূলি	١١٥٥ : ١٤١٦٠٨	মহাপ্রকার	२१ २२৫
মধ্ব-সম্প্রদার	२७।२२८ ; ३३।२२৯ ; २०।	মহাবীর	201222
) ۱۹ ۳	501247-240' 246-	মহাভারত	8155; वारक; ३वा४० ४ ;
, * 3b9;	२१।३৯० ;२৮।२४७, २४१,		७७।७७६ ; ७४।७२७ ; २०।
	२ ८० — २ ०२. २००		১८८ ; २७१७६१ ; २८१७७,
मध्यभ टत्रा नत	٩۶٥١٩٥		১৬¢, ১৭•—১৭७; २४।
মধ্বসিদ্ধান্ত	२१।১৯०, २ ১७ , २७৯		२७৯, २१०
ম্বায়ায়	29125	মহাভারত-গ	চাৎপণ্য-নির্ম ৪।১৬ ; ধা২৯,٠
মনুদংহিতা	22140		७১, ७२ ; १२।२६०; २८।२१२; २७।२৮৮ ; २१।२४७, २२७ ;
মনোদগু	22/45		२४/२७८, २७३
মস্ত	ર ૧ ૨ 8 •	মহার ঢ়ি	÷8 >9•
মস্তার্থমঞ্জনী	२७।১৮৯	মহালক্ষী	• २१ २०७

•			
মহীদাস	₹817## ; ₹91₹•2	মায়াবাদ-খণ্ডন	4817 00
মহীশ	. 201599	মারাবাদ-ভাষ	25/PA
মহীশুর	৫। ७२	মায়াবাদ <u>শাগ্র</u>	२३ ३८७
बरङ्ख	२व1७१४	माग्रावान-निकाल ১৮	(१२२, ३२७, ३२४
ম ্	२११३३	মায়াবাদি-সম্প্রদায় ২১ । ১৪	3 •, >8¢ ; २७ >४8
মাঙ্গো ড়্	5;0	मायावाणी ১১।११;	३२ ४५, ४१;
মাঠর শ্রুতি	· + 1 2 % 8	७८।३३० ; ३४। ३२२	, >२8 ; २১ >8२,
মাভূকোপনিষৰ্ছ	াৰ ২৪।১৬৯	388, 38%, 389	1, 38%, 302;
মাৎশ্ৰ	२৮/२ १२	२८।३७७, ३७८,	३७७; २१।३३०,
মাধবভীর্থ ২০৷১৫৷	r; 201398, 390, 398	२००; २৮।२८१	
মাধবেন্দ্রপুরী ২	७।১৮८ ; २৮।२८१, २८৯,	মায়াবৈভ ৰ	२৮।२७8
	e • —	মায়ারা 🦭	७।১७
মাধ্যমিক বৌদ্ধ	. 371786	মারীচ	२०१५७१
মাধ্ব-গৌড়ীয়	29122	মার্গ পাদ)	581747
্মাধ্ব-গোড়ীয়-থেদ		মাল্পী-বন্দর	७५८।८८
মাধ্বগোড়ীয়-সম্প্রদ	ांग २€।ऽ৮8	मुक्नर ১১।৮১ ; ১२	י הפוהר : פת-6תו
মাধ্ব গেড়ীয়ামায়	• < < P	२४;२८७	
মাধ্বভীর্থ .	261390	মুক্তস্থান	२१ २०२
नांश्र-साध	२ ७ ।५४७	নুখ্যপ্রাণ	814e; ३३१३२,৮
মাধ্ববাক্ষণ	510	মুখ্যধায়	৩;১১
মাধ্বভাগ	45 2 <i>9</i>	মাঘা-ভক্লা নবমী ভিথি	২৩1১৫৮
मा श् रित्थानाम	२८। ३५) ; २७।३४६	মৃ চ্চিলকো ড়ূ	319
্মানস-সরোধর	4160	মূ ওক	25/49
मात्रा २११३४१	।, ১৯৮, २०७ ; २४।२८१	মূল গ্ৰামী	371327
***); 33199, 68, 64;	মেক্ল পর্বত	रंगा२ • ৮
•	5; 25 58+, 585, 589;	মোক	566165
	1;	মোক্দণা	२ 8 ५ ७৮
4- g-4	, , , , , , , , , , , , , , , , , , , ,	9-11 1 11	•

ম্যাকালোর	210	বোগীন্ত্র ২০১৭৭
ম্যালেবার	e ७२	র 💮
য		द्वयूनमन २०१५ १ १ १ १ १ १ १ १ १ १ १ १ १ १ १ १ १ १
য ক্ষ ২	८७: । ह	ब्रयूनाथ २०१५१, ১५७-३१४
যজুঃ	8152	রঘুপতি ২৫।১৭৬, ১৭৮
य ख	११।२०५	त्रग्भूक्रव २०१४ १७
যজ্ঞ-সীক্ষা	27120.	রঘুপ্রবীর ২০।১৭৬
যভেষর ৯।৬৫ :	8=164	क्रयू विश्व २०।১१७
যতি-প্রণবকল্প	७०८। १९	রঘুবর ২০।১৭৬
यष्ट्र बन्द ब	161246	द्रघृवर्य) ·
ব হুপত্তি ২	७। ऽ१৮	রবুবব্যতীর্থ ২৮/২৫০, ২৬৮
যত্রপত্যাচার্য্য (গৃহস্থ)	दचदार	৽ ঘুভূষণ ২৫ ১৭৬ [,]
য ূবংশ ২	8 >90	র্যুমাশ্য ২৫।১৭৬
যম ২	812७৮	রঘুরত্র ২৫ ১৭৬
যমক-ভারত ২:।১৫০ ; ২	281393	त्रगृक्षम २६।১१৪, ১१७:
यम् ना नहीं २	११।२०४	রঙ্গকেত্র ১৪ ১ • ৭
यत्रमल्टमभ >	a।:२७	त्रक्रमाथ ३८।२०५ ; २८।১१५
যশোগা ২১ ১৪৯ ; ২	१५।२१२	রক্ষক ৩ ১•
युट्नामाननन २		রক্তপীঠ ১০০
राख्यका ॥ ॥ १ ; १०११ ॥ ; २	१८१८	র সতপীঠকেত্র ১৷৪
যাতনাদৈহ	११।२२८	রজতপাচপুর ১।২,৩,৫;২৮;৩১০;
যাদক্ -	८८।४९७	9184, e.o.; 1168; 32,40, bb,
যাদৰকৃষ্ণ ২	११२०३	ьа; solss, so; selses;
যাদেশেন্দ্র	161299	261220: 201255: 521280
युक्तिमिका 8126; २	19/200	262 : 501240-344
यूधिछित्र । ७० ; र	281290	-भूबन्दत
যোগমায়া ২।৬ ;	9100	त्रजः २१/२०१

বৈষ্ণবাচার্য্য ামধ্ব

রুষা	२१।३२१, ३२४ वर्ष	মাসুল-সম্প্রবাদ	22129
त्रपा इ मानाथ		মা সুজা চাৰ্য্য	७।১১ ; २४।२८७
রমাপত <u>ি</u>	२१।५३२ 🔻	ামাসুজী য়	७।३२ ; २१।२२४
রাগ ্ড জি		† ম ায়ণ	5817 4 6
মাণ্ডাড বাগমার্গ	২৮ ২৪৫ র	াহ	3-199
	२०१२११ ब	শক্র ী	२८।३१७ ; २१।२०७
রাঘৰ		₱ব্দ্বি শবিজয়কা বাম্	561722
রাঘব ঘট্ট		ক্ষ্ণিশবিজয়টাক।	२७।२४
- বাঘবে ত্র			१७ ; २११३३४, २०२
রাঘবেক্সভীর্থ		কু ত্র কপ	>> 99
ৰাঘ্যোত্তৰ		क्रजन्छन् य	54/588
द्राज्ञकि	5)178¢	রুড়ি	281390
-ब्रांकनिং इ	201390	রূপগো ষামী	२ ४ १ १ ७ ७
न्त्रारकस			210
রাত্তিপূ ৰ া	22/200	রোহিণী — কিলেক	કાર
রাধারমণ্যেরা	२५।२१७	রে পাপীঠপুর	
রাবপ	36/06		म
	१ ; २८।५१७ ; २१।२०५	नमूर्	201200
	6 ; alon ; 2012 ;		->4x ; 541>95 >9h,
	२०१ ५१, ५५, ५५, २०१५१०	२०२, २०	٠ ; ২৮!২৪ ৫
রামচন্দ্রতীর্থ		লক্ <u></u> ষীকান্ত	२ ०१८११
	۱) وع زاعه چه داه عداعه		201276 : 5415.A
রামবিএহ	201294		201299
্রামভজ		9bombonst	२८।५१
রামতোজ	११२, ७ ; राष	•	241299
রামসন্দেশ ীকা	501724	2.0-24	२०१७११ ; २७१४४४
রামাচার্য্য (গৃহস্থ)	56 2F;		२४।२६०, २४
<u>ঝামাচার্য্য ভীর্থ</u>	まずり	16	

দন্দ্রী-প্রত্যক	दःइ।१५	শক্তরাযভার	७।५७
मन्त्रीखिय	२०१३ ११	শহা (মূদ্রা)	७।১১ ; २४।५२১
नको रद छ	201399	শব্দ (প্রমাণ)	`
লক্ষীমোহন	२৫ ১११	শকাবভার	'33 9e
লক্ষীরমণ	२०१५ १ १	শস্ত্	२ं•।১७१
लन्द्री ममू प्र	२०१५ ११	শম্যাপ্রাস	३७।३ ३३
লিক্চ	· ৮1 c 8	শাস্বভাষ্য	42 288
लिक्ठक्न	521265	শান্তি	२१।३२१, ३३४, २०७
লিক্চবন	२।१	শান্তিপ ৰ্ক	, 6159
লিক্চবন-বংশ	२११ ; ३८।२०७ ; २२।১८७	শিব (মহেশ)	81२ १
क्षित्र (भक्	२१।२२७, २७১	শিব (পুরাণকণক)	४ ৫२, ৫8
লে'কনাপ	२०१४१७, ४११	শিবস্তু:তিঃ	. २७ ১৮8
(लादक म	201295	শিৰালী	১१८, ० ; ७१५२ ; ४१२৮
	×l	मिला निभ	ं ६। ७७
मक	८ १७५, ७२, ७८	শিশুপাল	२ १।२७७
नकाय	e =>====	শিশুমার	२१।२०১
শ ক্নি	43128¢	শিশুরাজ	७० । ७
শ ক্তিসিদ্ধান্ত	२৮।२८७	শী,রুরু	२०१८११
मकत (पिरापत)	२৮।२०८, २०७	শীরুকু মঠ	२०१३१२, ३४०
শঙ্কর (আচার্যা)	७।১১, ১२, ১८ ; ১১।१৫,	***	४।९७ ; २१।२७ २
, ४७;) २	160; 28120¢; 421280;	७ क रम व	२३।३७৯ ; २४।२८७
ं २৮ २८१	•	শুক্তাচাৰ্য্য	20/26
শক্তর (ব্যক্তি)	२०१५७१ ; २५१५८२, ५८२	শুকুপক	218
भक्त व-भागावान	२৮।२८१	एक देव छ	251256
भन्न त-मण्डानां र	>>140; 241286-289	শুদ্ধ হৈ ত্যাদ	२०१५७४ ; २०१५६१ ;
শঙ্করাচার্য্য ও	١٥٥ : ١٥٥ : ١١٩٥ ، ١٥٥		२४।२८४, २८४, २८३
७२।४७; ७७।३	> ;3812.6, 2.9; 34124.	७ क टेब ळ वानी	_ २৮।२४७

শুদ্ধবৈত্তমত	२७।७४५	শীমচ্ছলা বিশ্বতি	६।७२
उक्टबंड-मञ्जाम		শ্রীমন্তাগবন্ধ ১১।৭৯, ৮	۶; ۱۵۱۶۰۵, ۱۰۶،
শুদ্ধ হৈত সিদ্ধান্ত	२४।२६७		; 451709, 280;
			३१२ ; २१।२८० ;
७६ मःशान	هوا ه	२४१२८७, २६३,	२७৯, २१•
ওড়াবৈ তসি ছা স্ত	2 1/288	बी टम् व	.२५।२६८
শূক্তবাদ	>>196; 2>1>89	শ্ৰী-সম্প্ৰৰায়	२४।२८८, २०३
শৃক্ষেরিমঠ	७।७ ८	শ্রুতি ৯;৬১;১১	
শেষ (প্রভিষা) ১।৩ ;	२१ २०२, २२১, २२१		, 359; SMISEE.,
শেষদেব	221209		; 24(28), 200,
(मरणाग्री २।१,	P; 25 PF; 28 200	209, 200, 200,	२७४, २७०, २१४
লৈ গ	8 દાહ	শ্ৰুতি-ভাষ	
		শ্রো ভপথ	२१।२७६
শৈবসিদ্ধান্ত	२७ ३७७	ষ	२७।১৮७
শেভিন্ ভ ট্ট	. 24125	ষট্প্রশাসীক।	wa.
ৰেত দ্বীপ	२१।२०२, २२४	ষট্প্ৰশোপনিষদ্ভায়	₹81 24≯
ৰেতাৰতর	25/49	त्र	
<u>a</u>	हार ७ ; २११२०७, २०१	সংগ্ৰহ্যামায়ণ্য্	5 pl 2 p. 8
এক্ড-মন্দির	218	দং গ্ৰহরামায়ণটীকা	२७। ३४३
শ্ৰীকৃষ্ণ-স্তুতি	281240	प्रश्री 😎 की	२४।२७४, २१७
শ্ৰীধন	201299	সন্ধর্যণ (বিষ্ণু) ৪ ।১৭	; >> ৮8 ; 28 >%9 ;
শ্রীধরস্বাসী	२४।२४२		२११३२, ३३%, ३३%
ज्ञान का पात्र ज्ञानिधि	241296, 299	नकर्षन-नन्धानांग्र	२ ५।२८६
		সভাকৰা	२११२३२
শ্ৰীনিবাস (তার্থ)	201299	সভ্যকাম '	भाक्त ; दरावनद
শীনিবাসতীর্থ (সূহস্থ)	501722	সভ্যতী র্থ	>41220 ; 241252 ;
শ্ৰীবৎসাম্ব	२०।३१७		201206, 209
<u> এবংসাক</u>	201299	সভ্যধৰ্ম	२०१४१६
শ্ৰী বন্ধভ	201296, 299	সভ্যধীর	\$41294
হীক্ষাৰ্য	रम्।२६७	সভ্যৰাধ	२०१३१६

শব্দসূচা

স্ত্যনিধি	201290	সন্ন্যাস	>>١৮٠, ৮১ ; 281590
সভ্যপরাক্রম	२०। ५ १	সন্ত্রাশাশ্রম ১১/৭৮, ৭	
সভাপরায়ণ	201290	সমগ্র মহাভারতটীকা	. २७ ३५५
মত্যপূ ৰ্ণ	201290	সমান	9618
সভাপ্রজ	३२१४७ : २०१३१८	সম্বর	२११२२৮
সভ্যপ্রিয়	241296	मस्रोपिनी	२৮ २७०
সভাবর	₹€ >9€	সরসভারতীবিলাসঃ	२७।১৮৮
म ट) विकास	201290	_	، همراره ; عرد , در
সভ্যবীর	201290	13491 1911	२१।२२१
সভ্যবোধ	241296	7 (3'5)	22/264
সভ্যব্ৰত	201290	সরিদন্ত (গ্র'ম) সর্ব্বজ্ঞযতি	>61>>-
সতালোক	२१।२२६, २२৮		৫।৩৩
সত্যসন্ধন্ন	201290	मर्काभूल (श्रेष्ट्) महत्त्रनीर्व	द > । ८०
সভ্যসন্তঃ	₹@ >9@	সহস্রাধিদৈবত সহস্রাধিদৈবত	' २৮ २8¢
দত্য পদ্ধ	201290	সহ্র।।বনেশ্ভ সহ্-গিরিরাজ	218
সভ্যা	२१ २०७		\$3 28
সত্যাভিনব	₹€ \$9€	স হা-প্রদেশ সহাত্তি	١١٥ ; ١١٥٥, ١٥٥
শত্যে ষ্ট	201290	সহাত্রি গণ্ড	३ २
সন্ত	२१ २०१		২ ১ ১৪৬
সুনচোর-শ্বৃতি	₹8;59₹	সাংখ্যমত	- 2F1560
त्रन्क	521209	স'বত-শাস্ত্র	रमारहम
A 0 40	201298	সাত্ত-সম্প্রদায়	२१ २७६
সূন্ক মূনি	•	সাধারণী ভক্তি	२ १।२७७, २७१
স্ৰংক্ষার	201298	সাধ্যভন্তি	२१।२२३
সন্ৎস্থাত	201298	সান্থানিকা (লোক)	8152
म्बन	201248	সাম	ماره
मन्म र्छ	२५१२७६	সামসংহিতা	
मन्नायसङ्गिवनी	२२।२६२ ; २७।२४२	সামী প্য	२८।७७ ; २१।२२८

[২৮]

সামীপ্য-মোক	२ १ २२৮	স্মৃতি	दक्षा ; देश ; देश इं
সাযু ক্য	२८।२७७ ; २१।२२८, २२१.	শ্ৰত	· 2@1222
	२०० ; २४।२६२, २६७	স্ত্ৰহান	28;5%5
मायूका-मूखि	२१ २७১	প্ৰভাগ	8170 ; उम्राउदद; द्वेश्वरू,
শার স্থত	318		>6. : 481292
<u> শ্র</u> প্য	२८।२७७ ; २१।२२६, २२৮	প্ৰভাগটীকা	२७ ১৮०
নাৰ্কভোম ভট্টাচ	!ব্য ১১।৭৭	স্বি	, 81२७
সালোক্য	२८।२५० : २१।२२६	সূৰ্য্য	>16; >0190
मिर् हाहल	@ 08	শৃতি	2165; 25160; 291254;
শীতা	81२¢ ; २११२०७		३४।३२६ ; २४।२६१, २७३
হুজ্ঞানেন্ত্ৰ 🕛	२०।३११	শ্বতিশাস্ত্র	221255
ञ् षर्भन	२०११७ ; २७ । २৮८	শ্বতার্থসাগর	८१७२, ७ ७
स्मर्गनहक ४। ३३	, २० ; अमा ३२६ ; २७। अमर	সোদাগ্রাম	२७।১৮७
ম্ থাটিপ্লনী	<i>२७</i> ।७४४, ७४३	'দোদে'-মঠ	३२।३२४ ; २०।३११, ३१४,
স্থাপরিমল	२७ ५ २		392, 200; 20126¢, 200
र् थी स	२०१२१०, ३११	সোপাধিক (প্র	ভিবিম্ব) ২৭।১৯৭
ञ्बन	२१।२०२	গোমর স	81२७
হ্ৰৰ্কলস-পূজা	291700	দৌপর্ণশ্রুতি	२१।२२७
क्वनी (मेमी)	ગાર	কলপুরাণ) ।२ ; स्टार्ट
কুব্রহ্মণ্য ২	अधिक ; २०।३१ ० ; २७ ३৮৮	শুন্ত নগর	२३।১८र
হবক্ষণ্য ষঠ।	, २०१३ १३	স্বগত ভেদ	रना दून
হুমতীন্ত্ৰ	241299	ৰতন্ত্ৰ (তৰ্)	291222
नू मध्य विस्तर	२३।३८० ; २४।२१३	স্থ	eecles ; eaclas
স্মূৰ (বা য়ু)	લાહ	चत्रः वत्र- वृ ख	२८१३१७
. स्टाइस	201290, 299	चराष्ट्र	२१।२३२
হুরেশ	201296, 299	শ্বরা পদেহ	२ १ २२८
হুরেখর	२४।ऽ१७	স্বরূপভক্তি	ू २१;२७८, २७७, २७१

স্বরূপাংশ স্বর্গ স্বর্গথণ্ড স্বর্গলোক	२१ ১৯१ । । । । । । । । । । । । । । । । । । ।	হরিদাস ঠাকুর হরিদাম-সংকীর্ত্তন-সম্প্রদ হরিভক্তিসার (গ্রন্থ) হরিহর	591780 १४१ - १४१०४
হতুমদ্রপ হতুমদ্বিগ্রহ হতুমান্ হয়থীব হরি	201200 201200 201200 201200; 2012000; 201200; 201200; 201200; 201200; 201200; 201200; 2012000; 201200; 201200; 201200; 201200; 201200; 201200; 2012000; 201200; 201200; 201200; 201200; 201200; 201200; 2012000; 201200; 201200; 201200; 201200; 201200; 201200; 2012000; 201200; 201200; 201200; 201200; 201200; 201200; 20120000; 20120	হতিনাপুর হিমালয় (পর্বত) হিরণ্যকশিপু হিরণ্যগর্ভ হবিনক হসেনশাহ	\$01208 \$01208 \$01208 \$01208 \$01208 \$01208
,	vice; 30/00, 90; 33/00; v8; 30/02; 38/300; 30/32; 30/32, 338; 30/32; 30/32, 338, 380, 300, 300, 300, 300, 300, 301, 300, 300, 300, 300, 300, 300, 300,	হাবীকেশ হাবীকেশতীর্থ ২১।১৪৩, হোমবিধি হংস (অবভার) হংসরূপীবিষ্ণু হারিক্রমত গোত্তম	२० ১७१ २११; ११२२, ७०; ३०२; २० ১१८, ১१३ २१ २०३ २१ २०३ २० ७०,७३